CENTRAL LIBRARY

পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

ভীষ্মপর্ব —:০:— দ্বিতীয় ভাগ

সঞ্জয় উবাচ।

কৃতেঽবহারে সৈন্যানাং প্রথমে ভরতর্ষভ!।
ভীষ্মে চ যুদ্ধসংরব্ধে হৃষ্টে দুর্য্যোধনে তথা ॥১॥
ধর্ম্মরাজস্ততস্তূর্ণমভিগম্য জনার্দ্দনম্।
ভ্রাতৃভিঃ সহিতঃ সর্বৈঃ সর্বৈশ্চৈব জনেশ্বরৈঃ ॥২॥
শুচা পরময়া যুক্তশ্চিন্তয়ানঃ পরাজয়ম্।
বার্ষ্ণেয়মব্রবীদ্রাজন্! দৃষ্ট্বা ভীষ্মস্য বিক্রমম্ ॥৩॥ (বিশেষকম্)
কৃষ্ণ! পশ্য মহেষ্বাসং ভীষ্মং ভীমপরাক্রমম্।
শরৈর্দহন্তং সৈন্যং মে গ্রীষ্মে কক্ষমিবানলম্ ॥৪॥
কথমেনং মহাত্মানং শক্ষ্যামঃ প্রতিবীক্ষিতুম্।
লেলিহ্যমানং সৈন্যং মে হবিষ্মন্তমিবানলম্ ॥৫॥

ভারতকৌমুদী

কৃত ইতি। অবহারে যুদ্ধবিরামে, প্রথমে দিবসে। যুদ্ধায় সংরব্ধে মহোৎসাহিনি। জনেশ্বরৈ রাজভিঃ। চিন্তয়ানশ্চিন্তয়মানঃ। বার্ষ্ণেয়ং কৃষ্ণম্ ॥১—৩॥
কৃষ্ণেতি। মহেষ্বাসং মহাধনুর্দ্ধরম্। কক্ষং তৃণরাশিং দহন্তম্ ॥৪॥
কথমিতি। লেলিহ্যমানং পুনঃ পুনর্গ্রসন্তম্। হবিষ্মন্তং ঘৃতযুক্তম্ ॥৫॥

সঞ্জয় বলিলেন—'ভরতশ্রেষ্ঠ রাজা! সেই প্রথম দিনে সৈন্যগণকে যুদ্ধ হইতে বিরত করিলে, অথ চ ভীষ্ম যুদ্ধের জন্য বিশেষ উৎসাহী থাকিলে এবং দুর্য্যোধন আনন্দিত হইলে, ধর্ম্মরাজ যুধিষ্ঠির নিজের পরাজয় ভাবিয়া অত্যন্ত শোকার্ত্ত হইয়া সকল ভ্রাতা ও সকল রাজার সহিত সত্বর কৃষ্ণের নিকট যাইয়া ভীষ্মের বিক্রমের বিষয় স্মরণ করিয়া কৃষ্ণকে বলিলেন—॥১—৩॥

'কৃষ্ণ! দেখ—গ্রীষ্মকালে অগ্নি যেমন তৃণরাশি দগ্ধ করে, সেইরূপ মহাধনুর্দ্ধর ও ভয়ঙ্কর পরাক্রমশালী ভীষ্ম বাণদ্বারা আমার সৈন্যগণকে দগ্ধ করিতেছেন ॥৪॥

ঘৃতাহুতিযুক্ত অগ্নির ন্যায় মহাবল ভীষ্ম আমার সৈন্যগণকে গ্রাস করিতেছেন, এ অবস্থায় আমরা কি করিয়া উঁহার প্রতি দৃষ্টিপাত করিতে সমর্থ হইব? ॥৫॥

CALCUTTA UNIVERSITY LIBRARY

BCU 8556

এনং হি পুরুষব্যাঘ্রং ধনুষ্মন্তং মহাবলম্ ।
দৃষ্ট্বা বিপ্রদ্রুতং সৈন্যং সমরে মার্গণাহতম্ ॥৬॥
শক্যো জেতুং যমঃ ক্রুদ্ধো বজ্রপাণিশ্চ সংযুগে ।
বরুণঃ পাশভৃদ্বাপি কুবেরো বা গদাধরঃ ॥৭॥
ন তু ভীষ্মো মহাতেজাঃ শক্যো জেতুং মহাবলঃ ।
সোঽহমেবং গতে মগ্নো ভীষ্মাগাধজলেঽপ্লবে ॥৮॥
আত্মনো বুদ্ধিদৌর্বল্যাদ্ভীষ্মমাসাদ্য কেশব ! ।
বনং যাস্যামি বার্ষ্ণেয় ! শ্রেয়ো মে তত্র জীবিতুম্ ॥৯॥
ন ত্বিমান্ পৃথিবীপালান্ দাতুং ভীষ্মায় মৃত্যবে ।
ক্ষপয়িষ্যতি সেনাং মে কৃষ্ণ ! ভীষ্মো মহাস্ত্রবিৎ ॥১০॥

ভারতকৌমুদী

এনমিতি। বিপ্রদ্রুতং পলায়িতম্। মার্গণৈর্ভীষ্মস্যৈব শরৈরাহতম্ ॥৬॥
শক্য ইতি। বজ্রপাণিরিন্দ্রঃ, সংযুগে যুদ্ধে। পাশভৃৎ পাশধারী ॥৭॥
নেতি। ভীষ্ম এব অগাধজলং তস্মিন্, অপ্লবে ভেলকরহিতে ॥৮॥
আত্মন ইতি। বুদ্ধেদৌর্বল্যাদল্পত্বাৎ, আসাদ্য যুদ্ধে প্রাপ্য তত্র পরাজয়াৎ ॥৯॥
নেতি। মৃত্যবে যমস্বরূপায়, দাতুং ন শ্রেয় ইত্যনুবৃত্তিঃ ॥১০॥

আমার অনেক সৈন্য যুদ্ধে ধনুর্দ্ধারী ও মহাবল এই পুরুষশ্রেষ্ঠকে দেখিয়া এবং উঁহার বাণে আহত হইয়া পলায়ন করিয়াছিল ॥৬॥

দেখ, যুদ্ধে ক্রুদ্ধ যমকে, বজ্রপাণি ইন্দ্রকে, পাশহস্ত বরুণকে এবং গদাধারী কুবেরকেও জয় করিতে পারা যায় ॥৭॥

কিন্তু মহাতেজা ও মহাবল ভীষ্মকে জয় করিতে পারা যায় না। সুতরাং এই অবস্থায় আমি ভেলাশূন্য ভীষ্মরূপ অগাধজলে মগ্ন হইলাম ॥৮॥

বৃষ্ণিনন্দন কৃষ্ণ! আমি নিজের বুদ্ধির দোষে যুদ্ধে ভীষ্মের সহিত মিলিত হইয়া তাহাতে প্রথমেই পরাজিত হওয়ায় বনেই যাইব, সেখানে জীবন ধারণ করা বরং ভাল ॥৯॥

কিন্তু সাক্ষাৎ যমস্বরূপ ভীষ্মের হস্তে এই রাজগণকে সমর্পণ করা ভাল নহে। কেন না, কৃষ্ণ! মহাস্ত্রবিৎ ভীষ্ম আমার সৈন্যগণকে একেবারে ক্ষয় করিয়া ফেলিবেন ॥১০॥

(৬) এতং হি পুরুষব্যাঘ্রম্···রা নি। (৯)···শ্রেয়ো বা মে ন জীবিতম্—পি। (১০) ন ত্বেতান্···রা নি।

G 19255

CENTRAL LIBRARY

যথাঽনলং প্রজ্বলিতং পতঙ্গাঃ সমভিদ্রুতাঃ।
বিনাশায়োপগচ্ছন্তি তথা মে সৈনিকো জনঃ ॥১১॥
ক্ষয়ং নীতোঽস্মি বার্ষ্ণেয়! রাজ্যহেতোঃ পরাক্রমী।
ভ্রাতরশ্চৈব মে বীরাঃ কর্শিতাঃ শরপীড়িতাঃ ॥১২॥
মৎকৃতে ভ্রাতৃহার্দ্দেন রাজ্যাদ্‌ভ্রষ্টাস্তথা সুখাৎ।
জীবিতং বহু মন্যেঽহং জীবিতং হ্যদ্য দুর্লভম্ ॥১৩॥
জীবিতস্য চ শেষেণ তপস্তপ্স্যামি দুশ্চরম্।
ন ঘাতয়িষ্যামি রণে মিত্রাণীমানি কেশব! ॥১৪॥
রথান্ মে বহুসাহস্রান্ দিব্যৈরস্ত্রৈর্মহাবলঃ।
ঘাতয়ত্যনিশং ভীষ্মঃ প্রবরাণাং প্রহারিণাম্ ॥১৫॥
কিন্নু কৃত্বা হিতং মে স্যাদ্‌ব্রূহি মাধব! মা চিরম্।
মধ্যস্থমিব পশ্যামি সমরে সব্যসাচিনম্ ॥১৬॥

ভারতকৌমুদী

যথেতি। পতঙ্গাঃ শলভাঃ, সমভিদ্রুতা অতিসত্বরাঃ সন্তঃ ॥১১॥
ক্ষয়মিতি। নীতোঽস্মি ভীষ্মেণ। পরাক্রমী সন্নপ্যহম্ ॥১২॥
মদিতি। মৎকৃতে মন্নিমিত্তে, ভ্রাতৃহার্দ্দেন ভ্রাতৃস্নেহেন, ভ্রষ্টা ভ্রাতরঃ ॥১৩॥
জীবিতস্যেতি। শেষেণ অবশিষ্টকালেন। ন ঘাতয়িষ্যামি ভীষ্মেণ ॥১৪॥
রথানিতি। প্রবরাণাং মে প্রহারিণাং যোধানাং রথান্। ঘাতয়তীতি স্বার্থে ইন্ ॥১৫॥

পতঙ্গসমূহ (ফড়িংগুলি) যেমন বিনাশের জন্যই প্রজ্বলিত অগ্নির মধ্যে যাইয়া দ্রুত পতিত হয়, সেইরূপ আমার সৈন্যেরা ভীষ্মের নিকটে যাইবে ॥১১॥

হায়! কৃষ্ণ! আমি পরাক্রমশালী হইয়াও রাজ্যের জন্য ক্ষয় প্রাপ্ত হইলাম এবং আমার বীর ভ্রাতারাও ভীষ্মের বাণে পীড়িত হইয়া কৃশ হইয়া গিয়াছেন ॥১২॥

আমার ভ্রাতারা ভ্রাতৃস্নেহবশতঃ আমার জন্যই রাজ্য ও সুখ হইতে ভ্রষ্ট হইয়াছেন। কিন্তু আমি উহাদের জীবনই বহু মনে করি, অথ চ যুদ্ধে উহাদের জীবন দুর্লভ ॥১৩॥

কেশব! আমি জীবনের অবশিষ্ট সময়ে দুষ্কর তপস্যাই করিব, কিন্তু যুদ্ধে এই মিত্রগণকে বিনাশ করাইব না ॥১৪॥

কারণ, মহাবল ভীষ্ম দিব্য অস্ত্রদ্বারা আমার প্রধান যোদ্ধৃগণের বহুসহস্র রথ সর্বদা বিনষ্ট করিবেন ॥১৫॥

(১১)···বিনাশায়ৈব···রা নি। (১৪) জীবিতস্য তু···পি।

CENTRAL LIBRARY

একো ভীমঃ পরং শক্ত্যা যুধ্যত্যেষ মহাভুজঃ।
কেবলং বাহুবীর্য্যেণ ক্ষত্রধর্ম্মমনুস্মরন্ ॥১৭॥
গদয়া বীরঘাতিন্যা যথোৎসাহং মহামনাঃ।
করোত্যসুকরং কর্ম্ম রথাশ্বনরদন্তিষু ॥১৮॥
নালমেষ ক্ষয়ং কর্ত্তুং পরসৈন্যস্য মারিষ!।
আর্জবেনৈব যুদ্ধেন বীর! বর্ষশতৈরপি ॥১৯॥
একোঽস্ত্রবিৎ সখা তেঽয়ং সোঽপ্যস্মান্ সমুপেক্ষতে।
নির্দহমানান্ ভীষ্মেণ দ্রোণেন চ মহাত্মনা ॥২০॥
দিব্যান্যস্ত্রাণি ভীষ্মস্য দ্রোণস্য চ মহাত্মনঃ।
ধক্ষ্যন্তি ক্ষত্রিয়ান্ সর্বান্ প্রযুক্তানি পুনঃ পুনঃ ॥২১॥

ভারতকৌমুদী

কিমিতি। মধ্যস্থমুদাসীনমিব পশ্যামি অকিঞ্চিৎকরণাৎ। সব্যসাচিনমর্জ্জুনম্ ॥১৬॥
এক ইতি। পরমুত্তমম্। কেবলং বাহুবীর্য্যেণ ন তু ধনুরাদিনা ॥১৭॥
গদয়েতি। অসুকরং দুষ্করং বহুবীরবধাদিকং কর্ম্ম ॥১৮॥
নেতি। নালং ন সমর্থঃ। হে মারিষ! আর্য্য!। আর্জবেনৈব সরলভাবেনৈব ॥১৯॥
এক ইতি। অস্ত্রবিৎ দেবাদীনাম্, সখা অর্জ্জুনঃ ॥২০॥
দিব্যানীতি। ধক্ষ্যন্তি দগ্ধান্ করিষ্যন্তি। প্রযুক্তানি নিক্ষিপ্তানি ॥২১॥

কৃষ্ণ! কি করিলে আমার মঙ্গল হইবে, তাহা তুমি সত্বর বল, বিলম্ব করিও না। আমি যুদ্ধে অর্জ্জুনকে উদাসীনের ন্যায় দেখিতেছি ॥১৬॥

একমাত্র এই মহাবাহু ভীমসেনই ক্ষত্রিয়ধর্ম্ম স্মরণ করিয়া কেবল বাহুবলে আপন শক্তি অনুসারে উত্তম যুদ্ধ করিতেছেন ॥১৭॥

এই মহাত্মা আপন উৎসাহ অনুসারে বীরঘাতিনী গদাদ্বারা বিপক্ষের হস্তী, অশ্ব, রথ ও পদাতিবিষয়ে দুষ্কর কার্য্য করিতেছেন ॥১৮॥

কিন্তু মাননীয় বীর! কেবল একাকী ইনি সরলভাবে যুদ্ধ করিয়া বহুশত বৎসরেও বিপক্ষসৈন্যের ক্ষয় করিতে সমর্থ হইবেন না ॥১৯॥

একমাত্র অস্ত্রজ্ঞ তোমার এই যে সখা (অর্জ্জুন) রহিয়াছেন, ইনিও আমাদিগকে উপেক্ষাই করিতেছেন; এদিকে মহাত্মা ভীষ্ম ও দ্রোণ নিঃশেষে দগ্ধ করিবার উপক্রম করিয়াছেন ॥২০॥

মহাত্মা ভীষ্ম ও দ্রোণকর্ত্তৃক বার বার নিক্ষিপ্ত দিব্য অস্ত্র সকল আমার পক্ষের সমস্ত ক্ষত্রিয়কে দগ্ধ করিয়া ফেলিবে ॥২১॥

(১৭)…যুধ্যত্যেব…রা নি। (১৮)…রথাশ্চ নরপঙ্‌ক্তিষু—নি।

কৃষ্ণ ! ভীষ্মঃ সুসংরব্ধঃ সহিতঃ সর্বপার্থিবৈঃ।
ক্ষপয়িষ্যতি নো নূনং যাদৃশোঽস্য পরাক্রমঃ ॥২২॥
স ত্বং পশ্য মহাভাগ ! যোগীশ্বর ! মহারথম্।
ভীষ্মং যঃ শময়েৎ সংখ্যে দাবাগ্নিং জলদো যথা ॥২৩॥
তব প্রসাদাদ্‌গোবিন্দ ! পাণ্ডবা নিহতদ্বিষঃ।
স্বরাজ্যমনুসম্প্রাপ্তা মোদিষ্যন্তে সবান্ধবাঃ ॥২৪॥
এবমুক্ত্বা ততঃ পার্থো ধ্যায়ন্নাস্তে মহামনাঃ।
চিরমন্তর্মনা ভূত্বা শোকোপহতচেতনঃ ॥২৫॥
শোকার্ত্তং তমথো জ্ঞাত্বা দুঃখোপহতচেতসম্।
অব্রবীত্তত্র গোবিন্দো হর্ষয়ন্ সর্বপাণ্ডবান্ ॥২৬॥
মা শুচো ভরতশ্রেষ্ঠ ! ন ত্বং শোচিতুমর্হসি।
যস্য তে ভ্রাতরঃ শূরাঃ সর্বলোকেষু ধন্বিনঃ ॥২৭॥

ভারতকৌমুদী

কৃষ্ণেতি। সুসংরব্ধঃ অতীবক্রুদ্ধঃ। নঃ অস্মান্ ॥২২॥
স ইতি। পশ্য অনুসন্ধেহি। শময়েৎ নিবারয়েৎ সংখ্যে যুদ্ধে ॥২৩॥
তবেতি। অনুসম্প্রাপ্তাঃ সন্তঃ ॥২৪॥
এবমিতি। পার্থো যুধিষ্ঠিরঃ। অন্তরন্তরস্থে বিষাদে মনো যস্য সঃ ॥২৫॥
শোকেতি। দুঃখোপহতচেতসং দুঃখাক্রান্তচিত্তম্ ॥২৬॥

কৃষ্ণ ! ভীষ্মের যেরূপ পরাক্রম রহিয়াছে, তাহাতে উনি অত্যন্ত ক্রুদ্ধ ও সকল রাজার সহিত মিলিত হইয়া নিশ্চয়ই আমাদিগকে ধ্বংস করিবেন ॥২২॥

অতএব মহাভাগ যোগীশ্বর কৃষ্ণ ! মেঘ যেমন দাবাগ্নিকে নিবারণ করে, সেইরূপ যিনি যুদ্ধে ভীষ্মকে নিবারণ করিতে পারিবেন, এমন মহারথের অনুসন্ধান কর ॥২৩॥

কৃষ্ণ ! তোমার অনুগ্রহে পাণ্ডবেরা শত্রুসংহার ও আপন রাজ্য লাভ করিয়া বন্ধুবর্গের সহিত আমোদ অনুভব করিবেন' ॥২৪॥

এইরূপ বলিয়া মহামনা যুধিষ্ঠির বিষণ্ণমনা ও শোকার্ত্তচিত্ত হইয়া দীর্ঘকাল উপবেশন করিয়া রহিলেন ॥২৫॥

তৎপরে কৃষ্ণ তাঁহাকে শোকার্ত্ত ও দুঃখিতচিত্ত জানিয়া সকল পাণ্ডবকে আনন্দিত করিতে থাকিয়া বলিতে লাগিলেন—॥২৬॥

(২৬) শোকার্ত্তং পাণ্ডবং দৃষ্ট্বা দুঃখেনাবৃতচেতসম্…পি।

CENTRAL LIBRARY

অহঞ্চ প্রিয়কৃদ্রাজন্ ! সাত্যকিশ্চ মহারথঃ।
বিরাটদ্রুপদৌ চেমৌ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ ॥২৮॥
তথৈব সবলাশ্চেমে রাজানো রাজসত্তম ! ।
ত্বৎপ্রসাদং প্রতীক্ষন্তে ত্বদ্ভক্তাশ্চ বিশাংপতে ! ॥২৯॥
এষ তে পার্ষতো নিত্যং হিতকামঃ প্রিয়ে রতঃ।
সৈনাপত্যমনুপ্রাপ্তো ধৃষ্টদ্যুম্নো মহাবলঃ ॥৩০॥
শিখণ্ডী চ মহাবাহো ! ভীষ্মস্য নিধনং কিল।
এতচ্ছ্রুত্বা ততো রাজা ধৃষ্টদ্যুম্নং মহারথম্ ॥৩১॥
অব্রবীৎ সমিতৌ তস্যাং বাসুদেবস্য শৃণ্বতঃ।
ধৃষ্টদ্যুম্ন ! নিবোধেদং যত্ত্বাং বক্ষ্যামি মারিষ ! ॥৩২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

মেতি। মা শুচঃ শোকং ন কুরু। শোকাভাবে কারণমাহ যস্যেতি ॥২৭॥
অহমিতি। প্রিয়কৃদিতি বচনবিপরিণামেন সর্বত্রান্বয়ঃ ॥২৮॥
তথেতি। সবলাঃ সসৈন্যাঃ। তব প্রসাদমনুগ্রহম্ ॥২৯॥
এষ ইতি। পার্ষতঃ পৃষতপৌত্রঃ। সৈনাপত্যং সেনাপতিত্বম্ ॥৩০॥
শিখণ্ডীতি। নিধনং মরণকারণম্, কিলেত্যৈতিহ্যে। সমিতৌ সভায়াম্। হে মারিষ ! আর্য্য ! পত্যা জ্যেষ্ঠত্বাদীদৃশং সম্বোধনম্ ॥৩১—৩২॥

'ভরতশ্রেষ্ঠ ! যাঁহার ভ্রাতারা বীর ও সমগ্র জগতে ধনুর্দ্ধর বলিয়া প্রসিদ্ধ, সেই আপনি শোক করিতে পারেন না। সুতরাং শোক করিবেন না ॥২৭॥

রাজা ! আমি, মহারথ সাত্যকি, এই বিরাট ও দ্রুপদ এবং পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন, আমরা সকলেই আপনার প্রিয়কারী ॥২৮॥

নরনাথ রাজশ্রেষ্ঠ ! সৈন্যগণের সহিত এই রাজারাও আপনার ভক্ত এবং আপনার অনুগ্রহের প্রতীক্ষা করেন ॥২৯॥

এই পৃষতনন্দন মহাবল ধৃষ্টদ্যুম্নও সর্ব্বদাই আপনার হিতৈষী ও প্রিয়কার্য্যে নিরত ; অথ চ ইনিই আপনার সেনাপতির পদ পাইয়াছেন ॥৩০॥

তা'র পর মহাবাহু ! আমরা শুনিয়াছি যে, শিখণ্ডীও ভীষ্মের মৃত্যুর কারণ হইবেন'। এই কথা শুনিয়া তাহার পর রাজা যুধিষ্ঠির সেই সভায় কৃষ্ণের সমক্ষে মহারথ ধৃষ্টদ্যুম্নকে বলিলেন—'আর্য্য ধৃষ্টদ্যুম্ন ! আমি আপনাকে যাহা বলিব, তাহা আপনি শ্রবণ করুন ॥৩১—৩২॥

(২৮)···সাত্যকিশ্চ মহাবলঃ···পি। (২৯)···ত্বদ্ভক্তাশ্চ বিশেষতঃ—পি। (৩০) অয়ং তে···পি।

নাতিক্রম্যং ভবেত্তচ্চ বচনং মম ভাষিতম্।
ভবান্ সেনাপতির্মহ্যং বাসুদেবেন সম্মিতঃ ॥৩৩॥
কার্ত্তিকেয়ো যথা নিত্যং দেবানামভবৎ পুরা।
তথা ত্বমপি পাণ্ডূনাং সেনানীঃ পুরুষর্ষভ! ॥৩৪॥
স ত্বং পুরুষশার্দ্দূল! বিক্রম্য জহি কৌরবান্।
অহঞ্চ তেঽনুযাস্যামি ভীমঃ কৃষ্ণশ্চ মারিষ! ॥৩৫॥
মাদ্রীপুত্রৌ চ সহিতৌ দ্রৌপদেয়াশ্চ দংশিতাঃ।
যে চান্যে পৃথিবীপালাঃ প্রধানাঃ পুরুষর্ষভ! ॥৩৬॥
তত উদ্ধর্ষয়ন্ সর্বান্ ধৃষ্টদ্যুম্নোঽভ্যভাষত।
অহং দ্রোণান্তকঃ পার্থ! বিহিতঃ শম্ভুনা পুরা ॥৩৭॥
রণে ভীষ্মং কৃপং দ্রোণং তথা শল্যং জয়দ্রথম্।
সর্বানদ্য রণে দৃপ্তান্ প্রতিযোৎস্যামি পার্থিব! ॥৩৮॥

ভারতকৌমুদী

নেতি। মহ্যং মম, সম্মিতঃ সমানঃ ॥৩৩॥
কার্ত্তিকেয় ইতি। পাণ্ডূনাং পাণ্ডবানাম্, সেনানীঃ সেনাপতিঃ ॥৩৪॥
স ইতি। পূর্ব্বযুদ্ধে অর্জ্জুনস্যৌদাসীন্যাদাক্ষেপেণ তদনুল্লেখঃ ॥৩৫॥
মাদ্রীতি। দংশিতাঃ সন্নদ্ধাঃ। অনুযাস্যন্তীতি বিপরিণামেনানুবৃত্তিঃ ॥৩৬॥
তত ইতি। উদ্ধর্ষয়ন্ অধিকমানন্দয়ন্। হে পার্থ! যুধিষ্ঠির! ॥৩৭॥
রণ ইতি। রণে সর্বস্মিন্নেব যুদ্ধ ইত্যপুনরুক্তিঃ, দৃপ্তান্ দর্পযুক্তান্ ॥৩৮॥

আমার সে বাক্য আপনি লঙ্ঘন করিবেন না। আপনি কৃষ্ণের তুল্য এবং আমার সেনাপতি হইয়াছেন ॥৩৩॥

পুরুষশ্রেষ্ঠ! পূর্বকালে কার্ত্তিক যেমন সর্ব্বদা দেবগণের সেনাপতি হইতেন, সেইরূপ আপনিও বর্ত্তমানে আমার সেনাপতি হইয়াছেন ॥৩৪॥

অতএব পুরুষশ্রেষ্ঠ! সেই আপনি কৌরবগণকে সংহার করুন। আর্য্য! আমি, ভীম ও কৃষ্ণ আমরা আপনার অনুগমন করিব ॥৩৫॥

পুরুষশ্রেষ্ঠ! সম্মিলিত নকুল ও সহদেব, যুদ্ধসজ্জায় সজ্জিত দ্রৌপদীর পুত্রগণ এবং অন্য যে সকল প্রধান প্রধান রাজা আছেন, তাঁহারা আপনার অনুসরণ করিবেন' ॥৩৬॥

তাহার পর ধৃষ্টদ্যুম্ন সকলকে আনন্দিত করতঃ বলিলেন—'পৃথানন্দন! পূর্ব্বকালে মহাদেব আমাকে দ্রোণহন্তা করিয়া সৃষ্টি করিয়াছেন ॥৩৭॥

(৩৮)···সর্ব্বানদ্য রণে দৃষ্ট্বা···পি।

অথোৎক্রুষ্টং মহেষ্বাসৈঃ পাণ্ডবৈর্যুদ্ধদুর্ম্মদৈঃ ।
সমুদ্যতে পার্থিবেন্দ্রে পার্ষতে শত্রুসূদনে ॥৩৯॥
তমব্রবীৎ পুনঃ পার্থঃ পার্ষতং পৃতনাপতিম্ ।
ব্যূহঃ ক্রৌঞ্চারুণো নাম সর্বশত্রুনিবর্হণঃ ॥৪০॥
যং বৃহস্পতিরিন্দ্রায় তদা দেবাসুরেঽব্রবীৎ ।
তং যথাবৎ প্রতিব্যূহ পরানীকবিনাশনম্ ॥৪১॥
অদৃষ্টপূর্বং রাজানঃ পশ্যন্তু কুরুভিঃ সহ ।
তথোক্তঃ স নৃদেবেন বিষ্ণুর্বজ্রভৃতা যথা ॥৪২॥
প্রভাতে সর্ব্বসৈন্যানামগ্রে চক্রে ধনঞ্জয়ম্ ।
আদিত্যপথগঃ কেতুস্তস্যাদ্ভুতমনোরমঃ ॥৪৩॥

ভারতকৌমুদী

অথেতি। উৎক্রুষ্টম্ আনন্দধ্বনিঃ কৃতঃ। সমুদ্যতে যুদ্ধায়, পার্ষতে ধৃষ্টদ্যুম্নে ॥৩৯॥
তমিতি। পার্থো যুধিষ্ঠিরঃ, পার্ষতং ধৃষ্টদ্যুম্নম্। ব্যূহঃ অস্তি ॥৪০॥
যমিতি। দেবাসুরে যুদ্ধে। প্রতিব্যূহ প্রতিব্যূহভাবেন রচয় ॥৪১॥
অদৃষ্টেতি। অদৃষ্টপূর্ব্বং ব্যূহম্। নৃদেবেন যুধিষ্ঠিরেণ ॥৪২॥
প্রভাত ইতি। চক্রে ধৃষ্টদ্যুম্নঃ স্থাপিতবান্। আদিত্যপথগঃ অত্যুচ্চ ইত্যর্থঃ ॥৪৩॥

ভারতভাবদীপঃ

কৃতেঽবহারে ইতি ॥১—৩॥ কক্ষং তৃণম্ ॥৪—৭॥ অপ্লবে উড়ুপশূন্যে ॥৮—১৮॥ আর্জ্জবেন অকুটিলেন দিব্যাস্ত্রমায়াহীনেন ॥১৯—২৪॥ অন্তর্মনাঃ বিমনাঃ ॥২৫—২৯॥ নিধনং

অতএব রাজা! যুদ্ধদর্পিত ভীষ্ম, দ্রোণ, কৃপ, শল্য ও জয়দ্রথ ইঁহাদের সকলের সহিতই আজ আমি সমরাঙ্গনে প্রতিপক্ষভাবে যুদ্ধ করিব ॥৩৮॥

তাহার পর ক্ষত্রিয়শ্রেষ্ঠ ও শত্রুদমন ধৃষ্টদ্যুম্ন যুদ্ধের জন্য উদ্যত হইলে মহাধনুর্দ্ধর ও যুদ্ধদুর্দ্ধর্ষ পাণ্ডবেরা উচ্চ আনন্দধ্বনি করিলেন ॥৩৯॥

পরে যুধিষ্ঠির পুনরায় সেনাপতি ধৃষ্টদ্যুম্নকে বলিলেন—'সমস্ত শত্রুর পরাজয়কারী ক্রৌঞ্চারুণনামে একপ্রকার ব্যূহ আছে ॥৪০॥

দেবাসুরযুদ্ধের সময়ে বৃহস্পতি ইন্দ্রের নিকট যে ব্যূহের বিবরণ বলিয়াছিলেন, বিপক্ষসৈন্যবিনাশক সেই ব্যূহ যথানিয়মে রচনা করুন ॥৪১॥

কৌরবগণের সহিত আমাদের পক্ষীয় রাজারা সেই অদৃষ্টপূর্ব্ব ব্যূহ দর্শন করুন'। ইহার পরে ইন্দ্র যেমন বিষ্ণুর নিকট বলিয়াছিলেন, সেইরূপ রাজা যুধিষ্ঠির ক্রৌঞ্চারুণব্যূহের বিবরণ ধৃষ্টদ্যুম্নের নিকট বলিলেন ॥৪২॥

(৩৯)…শত্রুতাপনে—পি। (৪০)…ততঃ পার্থঃ…রা নি। (৪১)…প্রতিব্যূহম্…রা নি।

শাসনাৎ পুরুহূতস্য নির্ম্মিতো বিশ্বকর্ম্মণা।
ইন্দ্রায়ুধসবর্ণাভিঃ পতাকাভিরলঙ্কৃতঃ ॥৪৪॥
আকাশগ ইবাকাশে গন্ধর্বনগরোপমঃ।
নৃত্যমান ইবাভাতি রথচর্য্যাসু মারিষ ! ॥৪৫॥
তেন রত্নবতা পার্থঃ স চ গাণ্ডীবধন্বনা।
বভূব পরমোপেতঃ সুমেরুরিব ভানুনা ॥৪৬॥
শিরোঽভূদ্দ্রুপদো রাজা মহত্যা সেনয়া বৃতঃ।
কুন্তিভোজশ্চ চৈদ্যশ্চ চক্ষুরাস্তাং নরেশ্বর ! ॥৪৭॥

ভারতকৌমুদী

শাসনাদিতি। শাসনাদাদেশাৎ, পুরুহূতস্য ইন্দ্রস্য ॥৪৪॥

আকাশেতি। আকাশগ ইব স কেতুঃ। রথস্য চর্য্যাসু বিচরণকালেষু ॥৪৫॥

তেনেতি। তেন কেতুনা, পার্থোঽর্জ্জুনঃ, স কেতুশ্চ। পরমং সুন্দরং যথা স্যাত্তথা উপেতো যুক্তঃ। ভানুঃ সুমেরুণেব চেত্যর্থঃ ॥৪৬॥

শির ইতি। শিরঃ ক্রৌঞ্চব্যূহস্য। এবমন্যত্র। চক্ষুশ্চক্ষুর্দ্বয়ম্ ॥৪৭॥

ভারতভাবদীপঃ

নিধনহেতুঃ ॥৩০—৩১॥ ভাবিতমুক্তম্ ॥৩২॥ মহ্যং মম ॥৩৩—৪৩॥ আকাশগ ইব পক্ষীব ॥৪৪॥ রথচর্য্যাসু রথবর্ত্মসু ॥৪৫॥ পরমোপেতঃ পরাঃ উৎকৃষ্টা চাসৌ মা লক্ষ্মীশ্চেতি পরমা তয়া উপেতঃ ॥৪৬—৫৯॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫০॥

তাহার পর প্রভাতকালে ধৃষ্টদ্যুম্ন সমস্ত সৈন্যের অগ্রে অর্জ্জুনকে স্থাপন করিলেন। আশ্চর্য্য ও মনোহর তাঁহার ধ্বজটা সূর্য্যের পথপর্য্যন্ত উঠিল ॥৪৩॥

বিশ্বকর্ম্মা ইন্দ্রের আদেশে সেই ধ্বজটা নির্ম্মাণ করিয়াছিলেন এবং ইন্দ্রধনুর ন্যায় নানাবর্ণের পতাকাসমূহদ্বারা সেই ধ্বজটাকে শোভিত করিয়াছিলেন ॥৪৪॥

আর্য্য ! রথখানা চলিবার সময়ে সেই ধ্বজটা আকাশগামীর ন্যায়, গন্ধর্বনগরের ধ্বজের ন্যায়, নৃত্যশীলের ন্যায় শোভা পাইত ॥৪৫॥

এবং সুমেরুপর্ব্বত যেমন সূর্য্যদ্বারা শোভা পায়, আবার সূর্য্যও যেমন সুমেরুপর্ব্বতদ্বারা শোভা পান, সেইরূপ অর্জ্জুন সেই রত্নখচিত ধ্বজদ্বারা শোভা পাইতে লাগিলেন, আবার সেই রত্নখচিত ধ্বজও অর্জ্জুনদ্বারা শোভা পাইতে লাগিল ॥৪৬॥

(৪৭)···চক্ষুর্ভ্যাং তৌ জনেশ্বরৌ—রা নি।

দাশার্ণকাঃ প্রভদ্রাশ্চ দাশেরকগণৈঃ সহ।
অনূপকাঃ কিরাতাশ্চ গ্রীবায়াং ভরতর্ষভ! ॥৪৮॥
পটচ্চরৈশ্চ পৌণ্ড্রৈশ্চ রাজন্! পৌরবকৈস্তথা।
নিষাদৈঃ সহিতশ্চাপি পৃষ্ঠমাসীদ্‌যুধিষ্ঠিরঃ ॥৪৯॥
পক্ষৌ তু ভীমসেনশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ।
দ্রৌপদেয়াভিমন্যুশ্চ সাত্যকিশ্চ মহারথঃ ॥৫০॥
পিশাচা দারদাশ্চৈব পুণ্ড্রাঃ কুণ্ডীবিষৈঃ সহ।
মারুতা ধেনুকাশ্চৈব তঙ্গণাঃ পরতঙ্গণাঃ ॥৫১॥
বাহ্লিকাস্তিত্তিরাশ্চৈব চোলাঃ পাণ্ড্যাশ্চ ভারত!।
এতে জনপদা রাজন্! দক্ষিণং পক্ষমাশ্রিতাঃ ॥৫২॥ (বিশেষকম্)
অগ্নিবেশাস্তুহুণ্ডাশ্চ মালবা দানভারয়ঃ।
শবরা উদ্রসাশ্চৈব বৎসাশ্চ সহ নাকুলৈঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

দাশেতি। দাশার্ণাদয়স্তদ্দেশবাসিনঃ। গ্রীবায়ামাসন্নিতি শেষঃ ॥৪৮॥

পটচ্চরৈরিতি। পৃষ্ঠং ব্যূহস্য পৃষ্ঠবর্ত্তী ॥৪৯॥

পক্ষাবিতি। ভীমসেনো ধৃষ্টদ্যুম্নশ্চ উভয়োঃ পক্ষয়োঃ প্রধানাবাস্তামিত্যর্থঃ। দ্রৌপদেয়ৈ-র্দ্রৌপদীপুত্রৈর্যুক্তঃ অভিমন্যুরিতি দ্রৌপদেয়াভিমন্যুঃ। মধ্যপদলোপী সমাসঃ। জনপদাঃ পিশাচাদিজনপদবাসিন ইতি তাৎপর্য্যম্ ॥৫০—৫২॥

নরনাথ! দ্রুপদরাজা বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া সেই ব্যূহের মস্তক হইলেন এবং কুন্তিভোজ ও চেদিরাজ তাহার নয়নযুগলস্থানে রহিলেন ॥৪৭॥

ভরতশ্রেষ্ঠ! দশার্ণ, প্রভদ্র, দাশের, অনূপ ও কিরাতদেশবাসী যোদ্ধারা সেই ক্রৌঞ্চব্যূহের গ্রীবাদেশে থাকিল ॥৪৮॥

রাজা! পটচ্চর, পৌণ্ড্র, পৌরব ও নিষাদদেশবাসী যোদ্ধাদের সহিত যুধিষ্ঠির ঐ ব্যূহের পৃষ্ঠবর্ত্তী হইলেন ॥৪৯॥

ভরতনন্দন রাজা! ভীমসেন ও পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন ইঁহারা দুই জন দক্ষিণ ও বামপক্ষবর্ত্তী যোদ্ধাদের মধ্যে প্রধান রহিলেন; আর দ্রৌপদীর পুত্রগণ, অভিমন্যু, মহারথ সাত্যকি, এবং পিশাচ, দারদ, পুণ্ড্র, কুণ্ডীবিষ, মারুত, ধেনুক, তঙ্গণ, পরতঙ্গণ, বাহ্লিক, তিত্তির, চোল ও পাণ্ড্যদেশবাসী সৈন্যেরা সেই ক্রৌঞ্চব্যূহের দক্ষিণপক্ষদেশে রহিলেন ॥৫০—৫২॥

(৪৮) এষু শ্লোকেষু পুস্তকভেদেষ্বেব পাঠভেদাঃ পরিলক্ষ্যন্তে।

নকুলঃ সহদেবশ্চ বামং পক্ষং সমাশ্রিতাঃ।
রথানামযুতং পক্ষৌ শিরস্তু নিযুতং তথা ॥৫৪॥ (যুগ্মকম্)
পৃষ্ঠমর্বুদমেবাসীৎ সহস্রাণি চ বিংশতিঃ।
গ্রীবায়াং নিযুতঞ্চাপি সহস্রাণি চ সপ্ততিঃ ॥৫৫॥
পক্ষকোটিপ্রপক্ষেষু পক্ষান্তেষু চ বারণাঃ।
জগ্মুঃ পরিবৃতা রাজন্! চলন্ত ইব পর্বতাঃ ॥৫৬॥
জঘনং পালয়ামাস বিরাটঃ সহ কেকয়ৈঃ।
কাশিরাজশ্চ শৈব্যশ্চ রথানামযুতৈস্ত্রিভিঃ ॥৫৭॥
এবমেনং মহাব্যূহং ব্যূহ্য ভারত! পাণ্ডবাঃ।
সূর্য্যোদয়ং ত ইচ্ছন্তঃ স্থিতা যুদ্ধায় দংশিতাঃ ॥৫৮॥

ভারতকৌমুদী

অগ্নীতি। দেশবাচিভিরগ্নিবেশাদিশব্দৈরপি তত্তদ্বাসিনো লক্ষ্যন্তে। অত্রাযুতাদিপদানি বহুসংখ্যাবিশেষপরাণি, অন্যথা পাণ্ডবপক্ষে সপ্তাক্ষৌহিণ্যুক্তিবিরোধঃ স্যাৎ ॥৫৩—৫৪॥

পৃষ্ঠমিতি। অর্বুদং সৈন্যানাম্। অন্যত্রাপ্যেবম্ ॥৫৫॥

পক্ষেতি। পক্ষৌ ক্রৌঞ্চপক্ষিতুল্যব্যূহস্য পক্ষদ্বয়ম্, কোটী তয়োরগ্রদেশদ্বয়ম্, প্রপক্ষাঃ পক্ষান্তর্গতদেশাশ্চ তেষু, পক্ষান্তেষু পক্ষসন্নিহিতদেশেষু চ, বারণা হস্তিনঃ, পরিবৃতাঃ সৈন্যৈঃ পরিবেষ্টিতাঃ সন্তঃ ॥৫৬॥

জঘনমিতি। কেকয়ৈঃ কেকয়দেশীয়সৈন্যৈঃ ॥৫৭॥

এবমিতি। ব্যূহ্য রচয়িত্বা। দংশিতাঃ সন্নদ্ধাঃ ॥৫৮॥

অগ্নিবেশ, তুহুণ্ড, মালব, দানভারি, শবর, উদ্ভস, বৎস এবং নাকুলদেশবাসী যোদ্ধাদের সহিত নকুল ও সহদেব সেই ব্যূহের বামপক্ষদেশে থাকিলেন। সেই ক্রৌঞ্চব্যূহের দুই পক্ষদেশে অযুত ও মস্তকদেশে নিযুত রথিসৈন্য রহিল ॥৫৩—৫৪॥

অর্বুদ ও বিংশতি সহস্র সৈন্যদ্বারা তাহার পৃষ্ঠদেশ রচিত হইল এবং গ্রীবাদেশে নিযুত ও সপ্ততি সহস্র সৈন্য রহিল ॥৫৫॥

রাজা! সেই ক্রৌঞ্চব্যূহের দুইটা পাখায়, তাহার অগ্রদেশে ও মধ্যদেশে এবং তাহার নিকটবর্ত্তী স্থানে সৈন্যে পরিবেষ্টিত বহুসংখ্যক হস্তী, গমনশীল পর্বতসমূহের ন্যায় গমন করিতে লাগিল ॥৫৬॥

কেকয়দেশীয় সৈন্যের সহিত বিরাট এবং ত্রিংশৎসহস্র রথারোহী সৈন্যের সহিত কাশিরাজ ও শৈব্য সেই ব্যূহের জঘনদেশ রক্ষা করিতে লাগিলেন ॥৫৭॥

তেষামাদিত্যবর্ণানি বিমলানি মহান্তি চ।
শ্বেতচ্ছত্রাণ্যশোভন্ত বারণেষু রথেষু চ ॥৫৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে দ্বিতীয়দিবসযুদ্ধে ক্রৌঞ্চব্যূহনির্ম্মাণে পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

ক্রৌঞ্চং দৃষ্ট্বা ততো ব্যূহমভেদ্যং তনয়স্তব।
রক্ষ্যমাণং মহাঘোরং পার্থেনামিততেজসা ॥১॥
আচার্য্যমুপসংগম্য কৃপং শল্যঞ্চ পার্থিব!।
সৌমদত্তিং বিকর্ণঞ্চ সোঽশ্বত্থামানমেব চ ॥২॥
দুঃশাসনাদীন্ ভ্রাতৄংশ্চ সর্বানেব চ ভারত!।
অন্যাংশ্চ সুবহূন্ শূরান্ যুদ্ধায় সমুপাগতান্ ॥৩॥

ভারতকৌমুদী

তেষামিতি। আদিত্যবর্ণানি সূর্য্যবদুজ্জ্বলানি। বারণেষু হস্তিষু।৫৯॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

ভরতনন্দন! যুদ্ধসজ্জায় সজ্জিত পাণ্ডবেরা এইভাবে এই মহাব্যূহ রচনা করিয়া সূর্য্যোদয়ের প্রতীক্ষা করিতে থাকিয়া যুদ্ধের জন্য অবস্থান করিতে থাকিলেন ॥৫৮॥

তাঁহাদের সূর্য্যতুল্য উজ্জ্বল, নির্ম্মল ও বিশাল শ্বেতচ্ছত্র সকল হস্তীর উপরে ও রথের উপরে শোভা পাইতে লাগিল' ॥৫৯॥

সঞ্জয় বলিলেন—'ভরতনন্দন রাজা! তাহার পর আপনার পুত্রের মত পুত্র দুর্য্যোধন—দ্রোণ, কৃপ, শল্য, ভূরিশ্রবা, বিকর্ণ, অশ্বত্থামা, দুঃশাসনপ্রভৃতি

(৫৯)…শ্বেতচ্ছত্রাণ্যদৃশ্যন্ত…পি। (১) ক্রৌঞ্চং ততো মহাব্যূহম্…ব্যূহং দৃষ্ট্বা মহাঘোরং পার্থেনাদিত্যতেজসা—পি। (২) শল্যঞ্চ মারিষ!…পি বা।

প্রাহেদং বচনং কালে হর্ষয়ংস্তনয়স্তব।
নানাশস্ত্রপ্রহরণাঃ সর্বে যুদ্ধবিশারদাঃ ॥৪॥ (কলাপকম্)
একৈকশঃ সমর্থা হি যূয়ং সর্বে মহারথাঃ।
পাণ্ডুপুত্রান্ রণে হন্তুং সসৈন্যান্ কিমু সংহতাঃ ॥৫॥
অপর্য্যাপ্তং তদস্মাকং বলং ভীষ্মাভিরক্ষিতম্।
পর্য্যাপ্তং ত্বিদমেতেষাং বলং ভীমাভিরক্ষিতম্ ॥৬॥
সংস্থানাঃ শূরসেনাশ্চ বেত্রিকাঃ কুকুরাস্তথা।
আরোচকাস্ত্রিগর্ত্তাশ্চ মদ্রকা যবনাস্তথা ॥৭॥
শত্রুঞ্জয়েন সহিতাস্তথা দুঃশাসনেন চ।
বিকর্ণেন চ বীরেণ তথা নন্দোপনন্দকৈঃ ॥৮॥
চিত্রসেনেন সহিতাঃ সহিতাঃ পারিভদ্রকৈঃ।
ভীষ্মমেবাভিরক্ষন্তু সহ সৈন্যপুরস্কৃতাঃ ॥৯॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ক্রৌঞ্চমিতি। তব তনয় ইব স তব তনয়ো ভবতো যোগ্যঃ পুত্রো দুর্য্যোধন ইত্যর্থঃ। অতো ন পুনরুক্তিঃ। পার্থেনার্জ্জুনেন। আচার্য্যং দ্রোণম্। সৌমদত্তিং ভূরিশ্রবসম্। অন্যান্ জয়দ্রথাদীন্। নানা শস্ত্রাণ্যেব প্রহরণানি প্রহারসাধনানি যেষাং তে ॥১—৪॥

একৈকশ ইতি। একৈকশো হি প্রত্যেকমেব। সংহতা মিলিতাঃ সন্তঃ ॥৫॥

অপর্য্যাপ্তমিতি। অপর্য্যাপ্তম্ আধিক্যাদপরিমিতম্। পর্য্যাপ্তমল্পত্বাৎ পরিমিতম্ ॥৬॥

সংস্থানা ইতি। সংস্থানাদয়ো দেশবাচিনঃ শব্দাস্তদ্দেশবাসিসৈন্যেষু লক্ষ্যন্তে। শত্রুঞ্জয়েন তদাখ্যেন বীরেণ। সহ যুগপৎ, সৈন্যৈঃ পুরস্কৃতা অগ্রেসরীকৃতাঃ ॥৭—৯॥

সকল ভ্রাতা এবং যুদ্ধের জন্য উপস্থিত অন্যান্য বহুতর বীরগণের নিকট উপস্থিত হইয়া তাঁহাদিগকে আনন্দিত করিতে থাকিয়া উপযুক্ত সময়ে এই কথা বলিলেন—'বীরগণ! আপনারা সকলেই নানাবিধ অস্ত্রধারী ও যুদ্ধে বিশারদ ॥১—৪॥

বিশেষতঃ আপনারা সকলেই মহারথ। সুতরাং আপনারা প্রত্যেকেই যুদ্ধে সৈন্যগণের সহিত পাণ্ডবগণকে বিনাশ করিতে পারেন; এ অবস্থায় আপনারা মিলিত হইয়া যে পারিবেন, এ বিষয়ে আর বক্তব্য আছে কি ॥৫॥

তা'র পর ভীষ্মরক্ষিত আমাদের সৈন্য অপরিমিত, আর ভীমরক্ষিত পাণ্ডব-সৈন্য পরিমিত ॥৬॥

(৪)···সর্বে সর্ব্বশাস্ত্রার্থকোবিদাঃ—পি বা। (৬)···পর্য্যাপ্তমিদমেতেষাম্···রা নি। (৭)···রেচকাশ্চ ত্রিগর্ত্তাশ্চ···পি বা। (৮)···বিকর্ণেন সুবীরেণ···পি বা। (৯)···মণিভদ্রকৈঃ ··· সৈন্যপুরঃসরাঃ—পি বা।

CENTRAL LIBRARY

ততো ভীষ্মশ্চ দ্রোণশ্চ তব পুত্রাশ্চ মারিষ ! ।
অব্যূহন্ত মহাব্যূহং পাণ্ডূনাং প্রতিবাধকম্ ॥১০॥
ভীষ্মঃ সৈন্যেন মহতা সমন্তাৎ পরিবারিতঃ ।
যযৌ প্রকর্ষন্ মহতীং বাহিনীং সুররাড়িব ॥১১॥
তমন্বয়ান্মহেষ্বাসো ভারদ্বাজঃ প্রতাপবান্ ।
কুন্তলৈশ্চ দশার্ণৈশ্চ মাগধৈশ্চ বিশাংপতে ! ॥১২॥
বিদর্ভৈর্মেকলৈশ্চৈব কর্ণপ্রাবরণৈরপি ।
সহিতৈঃ সর্বসৈন্যেন ভীষ্মমাহবশোভিনম্ ॥১৩॥ (যুগ্মকম্)
গান্ধারাঃ সিন্ধুসৌবীরাঃ শিবয়োঽথ বসাতয়ঃ ।
শকুনিশ্চ স্বসৈন্যেন ভারদ্বাজমপালয়ৎ ॥১৪॥

ভারতকৌমুদী

তত ইতি। হে মারিষ ! আর্য্য ! । অব্যূহন্ত অরচয়ন্ত ॥১০॥
ভীষ্ম ইতি। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ। সুররাট্ ইন্দ্রঃ ॥১১॥
তমিতি। অন্বয়াৎ অন্বগচ্ছৎ। সহিতৈর্মিলিতৈঃ ॥১২—১৩॥
গান্ধারা ইতি। ভারদ্বাজং দ্রোণম্, অপালয়ৎ অনুগমনেন ॥১৪॥

এখন সংস্থান, শূরসেন, বেত্রিক, কুকুর, আরোচক, ত্রিগর্ত্ত, মদ্রক ও যবন-দেশীয় বীরেরা আপন আপন সৈন্যগণকে লইয়া এবং শত্রুঞ্জয়, দুঃশাসন, বিকর্ণ, নন্দ, উপনন্দ, চিত্রসেন ও পারিভদ্রকগণের সহিত মিলিত হইয়া যুগপৎ ভীষ্মকে রক্ষা করিতে থাকুন' ॥৭—৯॥

মাননীয় রাজা ! তাহার পর ভীষ্ম, দ্রোণ ও আপনার পুত্রেরা পাণ্ডবগণের নিবারক একটা মহাব্যূহ রচনা করিলেন ॥১০॥

তৎপরে ভীষ্ম দেবরাজের ন্যায় সেই বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া এবং তাহা আকর্ষণ করিতে থাকিয়া গমন করিতে লাগিলেন ॥১১॥

নরনাথ ! তদনন্তর মহাধনুর্দ্ধর ও প্রতাপশালী দ্রোণাচার্য্য—কুন্তল, দশার্ণ, মগধ, বিদর্ভ, মেকল ও কর্ণপ্রাবরণদেশীয় বীরগণ এবং সমস্ত সৈন্যের সহিত মিলিত হইয়া যুদ্ধশোভী ভীষ্মের অনুগমন করিতে থাকিলেন ॥১২—১৩॥

গান্ধার, সিন্ধুসৌবীর, শিবি ও বসাতিদেশীয় বীরগণ এবং শকুনি ইহারা আপন আপন সৈন্যের সহিত মিলিত হইয়া দ্রোণাচার্য্যকে রক্ষা করিতে লাগিলেন ॥১৪॥

(১০)···পার্থানাং প্রতিবারণে—পি,···পার্থানাং প্রতিবাধনে—বা। (১৩)···সহিতাঃ সর্ব্বসৈন্যেন···রা নি।

ততো দুর্য্যোধনো রাজা সহিতঃ সর্বসোদরৈঃ।
অশ্বাতকৈর্বিকর্ণৈশ্চ তথা চাম্বষ্ঠকোশলৈঃ ॥১৫॥
দরদৈশ্চ শকৈশ্চৈব তথা ক্ষুদ্রকমালবৈঃ।
অভ্যরক্ষত সংহৃষ্টঃ সৌবলেয়স্য বাহিনীম্ ॥১৬॥ (যুগ্মকম্)
ভূরিশ্রবাঃ শলঃ শল্যো ভগদত্তশ্চ মারিষ!।
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ বামং পার্শ্বমপালয়ন্ ॥১৭॥
সৌমদত্তিঃ সুশর্ম্মা চ কাম্বোজশ্চ সুদক্ষিণঃ।
শ্রুতায়ুশ্চাচ্যুতায়ুশ্চ দক্ষিণং পার্শ্বমাস্থিতাঃ ॥১৮॥
অশ্বত্থামা কৃপশ্চৈব কৃতবর্ম্মা চ সাত্বতঃ।
মহত্যা সেনয়া সার্দ্ধং সেনাপৃষ্ঠে ব্যবস্থিতাঃ ॥১৯॥
পৃষ্ঠগোপাস্তু তস্যাসন্ নানাদেশ্যা জনেশ্বরাঃ।
কেতুমান্ বসুদানশ্চ পুত্রঃ কাশ্যস্য মারিষ! ॥২০॥

ভারতকৌমুদী

তত ইতি। বিকর্ণৈস্তদ্দেশীয়ৈঃ। সৌবলেয়স্য শকুনেঃ ॥১৫—১৬॥
ভূরীতি। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ। বামং পার্শ্বং ব্যূহস্য ॥১৭॥
সৌমেতি। সৌমদত্তিঃ ভূরিশ্রবোভিন্নঃ সোমদত্তস্য পুত্রঃ ভূরিশ্রবসঃ প্রাগুক্তত্বাৎ ॥১৮॥
অশ্বেতি। সাত্বতস্তদ্বংশীয়ঃ কৃতবর্ম্মা। সেনায়া ব্যূহস্য পৃষ্ঠে পশ্চাৎ ॥১৯॥

ভারতভাবদীপঃ

ক্রৌঞ্চমিতি ॥১—৫॥ অপর্য্যাপ্তমপরিমেয়ম্ ॥৬—১৯॥ অভিভবত্যভিভূঃ ক্বিপ্ ॥২০—৩০॥
ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫১॥

তাহার পর রাজা দুর্য্যোধন—সমস্ত সহোদর এবং অশ্বাতক, বিকর্ণ, অম্বষ্ঠ, কোশল, দরদ, শক, ক্ষুদ্রক ও মালবদেশীয় যোদ্ধাদের সহিত মিলিত হইয়া আনন্দিত চিত্তে শকুনির সৈন্য রক্ষা করিতে থাকিলেন ॥১৫—১৬॥

মাননীয় রাজা! ভূরিশ্রবা, শল, শল্য, ভগদত্ত এবং অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ ইহারা ব্যূহের বামপার্শ্বরক্ষক হইলেন ॥১৭॥

সোমদত্তের অপর পুত্র, সুশর্ম্মা, কাম্বোজরাজ সুদক্ষিণ, শ্রুতায়ু ও অচ্যুতায়ু ইহারা ব্যূহের দক্ষিণপার্শ্বে রহিলেন ॥১৮॥

অশ্বত্থামা, কৃপাচার্য্য ও সাত্বত কৃতবর্ম্মা ইহারা বিশাল সৈন্যের সহিত ব্যূহের পূর্ব্বভাগে থাকিলেন ॥১৯॥

(১৭)…ভগদত্তশ্চ মারিষঃ…রা নি। (১৮)…পক্ষমাস্থিতাঃ—রা নি। (২০)…পুত্রঃ কাশ্যস্য চাভিভূঃ—রা নি।

ততস্তে তাবকাঃ সর্বে হৃষ্টা যুদ্ধায় ভারত ! ।
দধ্মুঃ শঙ্খান্ মুদা যুক্তাঃ সিংহনাদাংস্তথাঽনদন্ ॥২১॥
তেষাং শ্রুত্বা তু হৃষ্টানাং বৃদ্ধঃ কুরুপিতামহঃ ।
সিংহনাদং বিনদ্যোচ্চৈঃ শঙ্খং দধ্মৌ প্রতাপবান্ ॥২২॥
ততঃ শঙ্খাশ্চ ভের্য্যশ্চ পণবা বিবিধাঃ পরৈঃ ।
আনকাশ্চাভ্যহন্যন্ত স শব্দস্তুমুলোঽভবৎ ॥২৩॥
ততঃ শ্বেতৈর্হয়ৈর্যুক্তে মহতি স্যন্দনে স্থিতৌ ।
প্রদধ্মতুঃ শঙ্খবরৌ হেমরত্নপরিষ্কৃতৌ ॥২৪॥
পাঞ্চজন্যং হৃষীকেশো দেবদত্তং ধনঞ্জয়ঃ ।
পৌণ্ড্রং দধ্মৌ মহাশঙ্খং ভীমকর্ম্মা বৃকোদরঃ ॥২৫॥

ভারতকৌমুদী

পৃষ্ঠেতি। পৃষ্ঠগোপাঃ পৃষ্ঠরক্ষকাঃ, তস্য অশ্বত্থামাদিবীরগণস্য ॥২০॥
তত ইতি। তাবকাস্ত্বৎপক্ষীয়াঃ। মুদা আনন্দেন। অনদন্ অকুর্বন্ ॥২১॥
তেষামিতি। কুরূণাং দুর্য্যোধনাদীনাং পিতামহো ভীষ্মঃ। বিনদ্য কৃত্বা ॥২২॥
তত ইতি। পণবানকাবপি বাদ্যবিশেষৌ। পরৈর্বিপক্ষৈঃ পাণ্ডবৈরপি ॥২৩॥
তত ইতি। স্যন্দনে রথে। হেমভিঃ রত্নৈশ্চ পরিষ্কৃতৌ শোভিতৌ ॥২৪॥
শঙ্খবরৌ নাম্না বিবৃণোতি পাঞ্চেতি। পৌণ্ড্রং নাম ॥২৫॥

আর মাননীয় রাজা ! কেতুমান্, বসুদান ও কাশ্যপুত্রপ্রভৃতি নানাদেশীয় রাজারা অশ্বত্থামাপ্রভৃতির পৃষ্ঠরক্ষক হইলেন ॥২০॥

ভরতনন্দন ! তাহার পর আপনার পক্ষীয় যোদ্ধারা সকলে যুদ্ধের জন্য উৎফুল্ল ও আনন্দিত হইয়া শঙ্খধ্বনি ও সিংহনাদ করিলেন ॥২১॥

সেই আনন্দিত বীরগণের শঙ্খধ্বনিপ্রভৃতি শুনিয়া বৃদ্ধ ও প্রতাপশালী ভীষ্মও উচ্চস্বরে সিংহনাদ করিয়া শঙ্খধ্বনি করিলেন ॥২২॥

তাহার পর পাণ্ডবপক্ষেও শঙ্খ, ভেরী, নানাবিধ পণব ও আনকের ধ্বনি হইতে লাগিল ; তাহাতে সেই ধ্বনি তুমুল হইয়া পড়িল ॥২৩॥

তাহার পর কৃষ্ণ ও অর্জ্জুন শ্বেতাশ্বযুক্ত বিশাল রথে থাকিয়া স্বর্ণ ও রত্নখচিত উত্তম দুইটা শঙ্খের ধ্বনি করিলেন ॥২৪॥

কৃষ্ণ পাঞ্চজন্যশঙ্খের এবং অর্জ্জুন দেবদত্তনামক শঙ্খের ধ্বনি করিলেন, আর ভয়ঙ্করকর্ম্মা ভীমসেন পৌণ্ড্রনামক শঙ্খ বাজাইলেন ॥২৫॥

(২১)···তথোন্নদন্—রা নি। (২৩)···পেশ্চশ্চ বিবিধাঃ পরৈঃ ·রা নি।

অনন্তবিজয়ং রাজা কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
নকুলঃ সহদেবশ্চ সুঘোষমণিপুষ্পকৌ ॥২৬॥
কাশীরাজশ্চ শৈব্যশ্চ শিখণ্ডী চ মহারথঃ।
ধৃষ্টদ্যুম্নো বিরাটশ্চ সাত্যকিশ্চ মহারথঃ ॥২৭॥
পাঞ্চাল্যশ্চ মহেষ্বাসো দ্রৌপদেয়াশ্চ পঞ্চ যে।
সর্বে দধ্মুর্মহাশঙ্খান্ সিংহনাদাংশ্চ নেদিরে ॥২৮॥ (যুগ্মকম্)
স ঘোষঃ সুমহাংস্তত্র বীরৈস্তৈঃ সমুদীরিতঃ।
নভশ্চ পৃথিবীঞ্চৈব তুমুলো ব্যনুনাদয়ন্ ॥২৯॥
এবমেতে মহারাজ! প্রহৃষ্টাঃ কুরুপাণ্ডবাঃ।
পুনর্যুদ্ধায় সংজগ্মুস্তাপয়ানাঃ পরস্পরম্ ॥৩০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে দ্বিতীয়দিবসযুদ্ধে কৌরবব্যূহরচনায়ামেক-পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

অনন্তেতি। যথাসম্ভবং দধ্মৌ দধ্মতুরিতি শেষঃ ॥২৬॥
কাশীতি। শৈব্যঃ শিবিবংশীয়ঃ কশ্চিদ্রাজা। পাঞ্চাল্যো দ্রুপদঃ ॥২৭—২৮॥
স ইতি। সমুদীরিতঃ শঙ্খৈঃ কৃতঃ। ব্যনুনাদয়ন্নাসীৎ ॥২৯॥
এবমিতি। তাপয়ানা উদ্বেজয়ন্তঃ। মকারাগমাভাব আর্ষঃ ॥৩০॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে একপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

কুন্তীনন্দন রাজা যুধিষ্ঠির অনন্তবিজয়নামক শঙ্খ এবং নকুল ও সহদেব যথাক্রমে সুঘোষ ও মণিপুষ্পনামক শঙ্খ বাদিত করিলেন ॥২৬॥

তা'র পর কাশীরাজ, শৈব্য, মহারথ শিখণ্ডী, ধৃষ্টদ্যুম্ন, বিরাট, মহারথ সাত্যকি, মহাধনুর্দ্ধর দ্রুপদ এবং দ্রৌপদীর পঞ্চ পুত্র ইঁহারা সকলে মহাশঙ্খ সকল বাজাইলেন এবং সিংহনাদ করিলেন ॥২৭—২৮॥

তৎকালে সেই বীরগণকৃত সেই তুমুল ও বিশাল শব্দ আকাশ ও পৃথিবী নিনাদিত করিয়া বিস্তৃত হইল ॥২৯॥

মহারাজ! এইভাবে সেই প্রহৃষ্ট কুরুপাণ্ডবেরা পরস্পর সন্তপ্ত করিয়া যুদ্ধের জন্য পুনরায় সমরাঙ্গনে গমন করিলেন' ॥৩০॥

(২৮) পাঞ্চাল্যাশ্চ মহেষ্বাসাঃ…রা নি। (২৯)…তুমুলোঽভ্যনুনাদয়ন্—পি। (৩০)…ত্রাসয়ানাঃ পরস্পরম্—পি।

CENTRAL LIBRARY

দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ।

——:*:——

ধৃতরাষ্ট্র উবাচ ।

এবং ব্যূঢ়েষ্বনীকেষু মামকেষ্বিতরেষু চ ।
কথং প্রহরতাং শ্রেষ্ঠাঃ সম্প্রহারং প্রচক্রিরে ॥১॥

সঞ্জয় উবাচ ।

সমং ব্যূঢ়েষ্বনীকেষু সন্নদ্ধরুচিরধ্বজম্ ।
অপারমিব সংদৃশ্য সাগরপ্রতিমং বলম্ ॥২॥
তেষাং মধ্যে স্থিতো রাজন্ ! পুত্রো দুর্য্যোধনস্তব ।
অব্রবীত্তাবকান্ সর্ব্বান্ যুধ্যধ্বমিতি দংশিতাঃ ॥৩॥ (যুগ্মকম্)
তে মনঃ ক্রূরমাধায় সমভিত্যক্তজীবিতাঃ ।
পাণ্ডবানভ্যবর্ত্তন্ত সর্ব এবোচ্ছ্রিতধ্বজাঃ ॥৪॥

ভারতকৌমুদী

এবমিতি। ব্যূঢ়েষু ব্যূহরূপেণ সন্নিবেশিতেষু, অনীকেষু সৈন্যেষু ॥১॥

সমমিতি। সমং সমানম্। সন্নদ্ধা রথাদিষু বদ্ধা রুচিরা ধ্বজা যস্য তৎ। তেষাং স্বপক্ষীয়সৈন্যানাম্। দংশিতা যুদ্ধায় সন্নদ্ধা যূয়ম্ ॥২—৩॥

ত ইতি। আধায় বিধায়, সমভিত্যক্তজীবিতা জীবনত্যাগায়োদ্যতাঃ ॥৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয় ! আমার পক্ষের সৈন্য ও বিপক্ষের সৈন্য এই-রূপে ব্যূহভাবে সন্নিবেশিত করিলে বীরশ্রেষ্ঠেরা কিরূপ যুদ্ধ করিলেন ?' ॥১॥

সঞ্জয় বলিলেন—'রাজা ! উভয়পক্ষের সৈন্য সমানভাবে ব্যূহরূপে সন্নি-বেশিত করিলে, আপনার পুত্র দুর্য্যোধন আপন সৈন্যমধ্যে থাকিয়া আপনার সকল সৈন্যকে বলিলেন—'আপনারা যুদ্ধসজ্জায় সজ্জিত হইয়াছেন। সুতরাং এখন যুদ্ধারম্ভ করুন' ॥২—৩॥

তখন আপনার পক্ষীয় বীরেরা সকলেই জীবনত্যাগে উদ্যত হইয়া মনকে কঠিন করিয়া ধ্বজ উত্তোলনপূর্ব্বক পাণ্ডবগণের প্রতি ধাবিত হইলেন ॥৪॥

---

(২) এবং ব্যূঢ়েষ্বনীকেষু সন্নদ্ধা রুচিরধ্বজাঃ···পি, সমং ব্যূঢ়েষ্বনীকেষু সন্নদ্ধা রুচিরধ্বজাঃ ···বা ব, তথা ব্যূঢ়েষ্বনীকেষু সন্নদ্ধরুচিরধ্বজাঃ···নি ।

CENTRAL LIBRARY

ততো যুদ্ধং সমভবত্তুমুলং রোমহর্ষণম্।
তাবকানাং পরেষাঞ্চ ব্যতিষক্তরথদ্বিপম্ ॥৫॥
মুক্তাস্তু রথিভির্বাণা রুক্মপুঙ্খাঃ সুতেজিতাঃ।
সন্নিপেতুরকুণ্ঠাগ্রা নাগেষু চ হয়েষু চ ॥৬॥
তথা প্রবৃত্তে সংগ্রামে ধনুরুদ্যম্য দংশিতঃ।
অভিপত্য মহাবাহুর্ভীষ্মো ভীমপরাক্রমঃ ॥৭॥
সৌভদ্রে ভীমসেনে চ সাত্যকৌ চ মহারথে।
কৈকেয়ে চ বিরাটে চ ধৃষ্টদ্যুম্নে চ পার্ষতে ॥৮॥
এতেষু নরবীরেষু চেদিমৎস্যেষু চাভিভূঃ।
ববর্ষ শরবর্ষাণি বৃদ্ধঃ কুরুপিতামহঃ ॥৯॥ (বিশেষকম্)
প্রাকম্পত মহাব্যূহস্তস্মিন্ বীরসমাগমে।
সর্বেষামেব সৈন্যানামাসীদ্ব্যতিকরো মহান্ ॥১০॥

ভারতকৌমুদী

তত ইতি। ব্যতিষক্তাঃ পরস্পরং লগ্না রথা দ্বিপা হস্তিনশ্চ যত্র তৎ ॥৫॥

মুক্তা ইতি। মুক্তাঃ ক্ষিপ্তাঃ। অকুণ্ঠাগ্রা অব্যর্থফলকাঃ, নাগেষু হস্তিষু ॥৬॥

তথেতি। দংশিতঃ কৃতসন্নাহঃ। সৌভদ্রে অভিমন্যৌ। পার্ষতে পৃষতপৌত্রে। অভিভবতি শত্রূন্ পরাজয়ত ইতি অভিভূঃ। কুরূণাং যুধিষ্ঠিরাদীনাং পিতামহঃ ॥৭—৯॥

প্রেতি। ব্যতিকরঃ পরস্পরসম্মেলনম্ ॥১০॥

তাহার পর আপনার পক্ষের ও বিপক্ষের রথ ও হস্তী সকল পরস্পর মিলিত হইল এবং তুমুল ও লোমহর্ষণ যুদ্ধ হইতে লাগিল ॥৫॥

ক্রমে রথারোহীরা যে সকল স্বর্ণপুঙ্খ, সুশাণিত ও সুতীক্ষ্ণ বাণ নিক্ষেপ করিতে লাগিলেন, সেগুলি যাইয়া বিপক্ষের হস্তী ও অশ্বগণের উপরে পতিত হইতে লাগিল ॥৬॥

সেইরূপ যুদ্ধারম্ভ হইলে যুদ্ধসজ্জায় সজ্জিত, মহাবাহু, ভয়ঙ্করপরাক্রমশালী, শত্রুবিজয়ী, বৃদ্ধ ও কৌরবপিতামহ ভীষ্ম ধনু উত্তোলনপূর্ব্বক অগ্রবর্ত্তী হইয়া অভিমন্যু, ভীমসেন, মহারথ সাত্যকি, কেকয়রাজ, বিরাট ও পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন এই সকল নরবীরগণের উপরে এবং চেদিদেশীয় ও মৎস্যদেশীয় সৈন্যগণের গাত্রে বাণ বর্ষণ করিতে লাগিলেন ॥৭—৯॥

(৮)···অর্জ্জুনে চ মহারথে···পি। (৯)··মৎস্যেষু বা বিভুঃ···পি বা। (১০) অভিষ্ঠত ততো ব্যূহঃ···রা নি।

CENTRAL LIBRARY

সাদিনো ধ্বজিনশ্চৈব হতাঃ প্রবরবাজিনঃ।
বিপ্রযাতরথানীকাঃ সমপদ্যন্ত পাণ্ডবাঃ ॥১১॥
অর্জ্জুনস্তু নরব্যাঘ্রো দৃষ্ট্বা ভীষ্মং মহারথম্।
বার্ষ্ণেয়মব্রবীৎ ক্রুদ্ধো যাহি যত্র পিতামহঃ ॥১২॥
এষ ভীষ্মঃ সুসংক্রুদ্ধো বার্ষ্ণেয়! মম বাহিনীম্।
নাশয়িষ্যতি সুব্যক্তং দুর্য্যোধনহিতে রতঃ ॥১৩॥
এষ দ্রোণঃ কৃপঃ শল্যো বিকর্ণশ্চ জনার্দ্দন!।
ধার্ত্তরাষ্ট্রাশ্চ সহিতা দুর্য্যোধনপুরোগমাঃ ॥১৪॥
পাঞ্চালান্ নিহনিষ্যন্তি রক্ষিতা দৃঢ়ধন্বনা।
সোঽহং ভীষ্মং বধিষ্যামি সৈন্যহেতোর্জনার্দ্দন! ॥১৫॥ (যুগ্মকম্)
তমব্রবীদ্বাসুদেবো যত্তো ভব ধনঞ্জয়!।
এষ ত্বাং প্রাপয়ে বীর! পিতামহরথং প্রতি ॥১৬॥

ভারতকৌমুদী

সাদিন ইতি। সাদিনো হস্ত্যারোহিণঃ। বিপ্রযাতং পলায়িতং রথানীকং যেষাং তে ॥১১॥
অর্জ্জুন ইতি। ভীষ্মং যুদ্ধপ্রবৃত্তমিত্যাশয়ঃ। বার্ষ্ণেয়ং কৃষ্ণম্ ॥১২॥
এষ ইতি। সুব্যক্তং ধ্রুবমিত্যর্থঃ ॥১৩॥
এষ ইতি। সহিতা মিলিতাঃ। দৃঢ়ধন্বনা ভীষ্মেণ। সৈন্যহেতোঃ স্বসৈন্যরক্ষার্থম্ ॥১৪—১৫॥

বীরগণের সেই সম্মেলনের সময়ে উভয়পক্ষের বিশাল ব্যূহই বিচলিত হইল এবং সকল সৈন্যেরই অত্যন্ত সংঘর্ষ চলিতে লাগিল ॥১০॥

ক্রমে পাণ্ডবপক্ষের হস্ত্যারোহী, ধ্বজধারী ও উত্তম অশ্বারোহী সৈন্যেরা নিহত হইতে থাকিল এবং রথারোহী সৈন্যেরা পলায়ন করিতে লাগিল ॥১১॥

তখন নরশ্রেষ্ঠ অর্জুন মহারথ ভীষ্মকে দেখিয়া ক্রুদ্ধ হইয়া কৃষ্ণকে বলিলেন—'কৃষ্ণ! ভীষ্ম যেখানে রহিয়াছেন, সেইখানে যাও ॥১২॥

দুর্য্যোধনের হিতে নিরত এই ভীষ্ম অত্যন্তক্রুদ্ধ হইয়া নিশ্চয়ই আমাদের সৈন্য বিনাশ করিবেন ॥১৩॥

আর, কৃষ্ণ! এই দ্রোণ, কৃপ, শল্য, বিকর্ণ এবং দুর্য্যোধনপ্রভৃতি সম্মিলিত ধার্ত্তরাষ্ট্রগণ দৃঢ়কার্ম্মুক ভীষ্মকর্ত্তৃক রক্ষিত থাকিয়া আমাদের পাঞ্চালসৈন্য সংহার করিবেন। অতএব কৃষ্ণ! আমি আপন সৈন্যগণের রক্ষার জন্য ভীষ্মকে বধ করিব' ॥১৪—১৫॥

(১১)···হতপ্রবরবাজিনঃ···বিপ্রক্ষতরথানীকাঃ···রা নি। (১৬)···এষ ত্বাং প্রাপয়িষ্যামি···রা নি।

BCU 3556

এবমুক্ত্বা ততঃ শৌরী রথং তং লোকবিশ্রুতম্।
প্রাপয়ামাস ভীষ্মস্য রথং প্রতি জনেশ্বর! ॥১৭॥
চলদ্বহুপতাকেন বলাকাবর্ণবাজিনা।
সমুচ্ছ্রিতমহাভীমনদদ্বানরকেতুনা।
মহতা মেঘনাদেন রথেনাদিত্যবর্চ্চসা ॥১৮॥
বিনিঘ্নন্ কৌরবানীকং শূরসেনাংশ্চ পাণ্ডবঃ।
প্রায়াচ্ছরণদঃ শীঘ্রং সুহৃদাং হর্ষবর্দ্ধনঃ ॥১৯॥ (যুগ্মকম্)
তমাপতন্তং বেগেন প্রভিন্নমিব বারণম্।
ত্রাসয়ন্তং রণে শূরান্ মর্দ্দয়ন্তঞ্চ সায়কৈঃ ॥২০॥

ভারতকৌমুদী

তমিতি। তমর্জ্জুনম্। যত্তো যুদ্ধায় যত্নবান্। প্রাপয়ে নয়ামি ॥১৬॥

এবমিতি। শৌরিঃ কৃষ্ণঃ। লোকে জগতি বিশ্রুতং বিখ্যাতম্ ॥১৭॥

চলদিতি। চলন্ত্যো বহ্ব্যঃ পতাকা যত্র তেন, বলাকাবর্ণা বকপক্ষিবৎ শুভ্রবর্ণা বাজিনো ঘোটকা যস্য তেন, মহাভীমং নদন্ বানরো যত্র সঃ সমুচ্ছ্রিতঃ অত্যুচ্চো মহাভীমনদদ্বানরঃ কেতুর্ধ্বজো যস্য তেন, মেঘস্যেব নাদো যস্য তেন। ষট্পাদোঽয়ং শ্লোকঃ। পাণ্ডবোঽর্জ্জুনঃ। শরণদঃ স্বসৈন্যরক্ষকঃ ॥১৮—১৯॥

তখন কৃষ্ণ অর্জুনকে বলিলেন—'বীর অর্জুন! তুমি যুদ্ধের জন্য প্রস্তুত হও; এই আমি তোমাকে ভীষ্মের রথের দিকে লইয়া যাইতেছি' ॥১৬॥

নরনাথ! এইরূপ বলিয়া তাহার পর কৃষ্ণ সেই জগদ্বিখ্যাত রথখানাকে ভীষ্মের রথের সম্মুখে লইয়া গেলেন ॥১৭॥

সেই রথে বহুতর পতাকা দুলিতেছিল, বকপক্ষীর ন্যায় শুভ্রবর্ণ চারিটা অশ্ব যোজিত ছিল, তাহার অত্যুচ্চ ধ্বজের উপরে থাকিয়া একটা বানর ভয়ঙ্কর শব্দ করিতেছিল এবং তাহার চক্রের শব্দ মেঘগর্জনের ন্যায় গম্ভীর ছিল, আর তাহার বর্ণ সূর্য্যের ন্যায় উজ্জ্বল ছিল; এহেন বিশাল রথে আরোহণ করিয়া স্বসৈন্যরক্ষক ও বন্ধুবর্গের আনন্দবর্দ্ধক অর্জুন কৌরবসৈন্য ও শূরসেনদেশীয় সৈন্যগণকে সংহার করিতে থাকিয়া সত্বর ভীষ্মের রথের সম্মুখে গমন করিলেন ॥১৮—১৯॥

অর্জুন—মদস্রাবী হস্তীর ন্যায় বেগে আসিতে লাগিলে, বীরগণকে সন্ত্রস্ত করিয়া তুলিলে এবং বাণদ্বারা কৌরবসৈন্যগণকে মর্দ্দন করিতে থাকিলে,

(১৮)·· রথেনামিততেজসা—রা নি।

CENTRAL LIBRARY

সৈন্ধবপ্রমুখৈর্গুপ্তঃ প্রাচ্যসৌবীরকেকয়ৈঃ।
সহসা প্রত্যুদীয়ায় ভীষ্মঃ শান্তনবোঽর্জ্জুনম্ ॥২১॥ (যুগ্মকম্)
কো হি গাণ্ডীবধন্বানমন্যঃ কুরুপিতামহাৎ।
দ্রোণবৈকর্ত্তনাভ্যাং বা রথী সংযাতুমর্হতি ॥২২॥
ততো ভীষ্মো মহাবাহুঃ কৌরবাণাং পিতামহঃ।
অর্জ্জুনং সপ্তসপ্তত্যা নারাচানাং সমার্পয়ৎ ॥২৩॥
দ্রোণশ্চ পঞ্চবিংশত্যা কৃপঃ পঞ্চাশতা শরৈঃ।
দুর্য্যোধনশ্চতুঃষষ্ট্যা শল্যশ্চ নবভিঃ শরৈঃ ॥২৪॥
সৈন্ধবো নবভিশ্চৈব শকুনিশ্চাপি পঞ্চভিঃ।
বিকর্ণো দশভির্ভল্লৈ রাজন্! বিব্যাধ পাণ্ডবম্ ॥২৫॥ (যুগ্মকম্)
স তৈর্বিদ্ধো মহাবাহুঃ সমন্তান্নিশিতৈঃ শরৈঃ।
ন বিব্যথে মহেষ্বাসো ভিদ্যমান ইবাচলঃ ॥২৬॥

ভারতকৌমুদী

তমিতি। প্রভিন্নং মদস্রাবিণম্, বারণং হস্তিনম্। সৈন্ধবপ্রমুখৈর্জয়দ্রথপ্রভৃতিভিঃ, গুপ্তো রক্ষিতঃ। তমর্জ্জুনমিতি সম্বন্ধঃ ॥২০—২১॥

ক ইতি। দ্রোণবৈকর্ত্তনাভ্যাঞ্চান্য ইতি সম্বন্ধঃ। বৈকর্ত্তনশ্চ কর্ণঃ ॥২২॥

তত ইতি। নারাচানাং বাণবিশেষাণাম্, সমার্পয়ৎ অপীড়য়ৎ ॥২৩॥

দ্রোণ ইতি। পঞ্চবিংশত্যা শরৈঃ। সৈন্ধবো জয়দ্রথঃ। পাণ্ডবমর্জ্জুনম্ ॥২৪—২৫॥

শান্তনুনন্দন ভীষ্ম তৎক্ষণাৎ তাঁহার সম্মুখে উপস্থিত হইলেন; সেই সময়ে জয়দ্রথপ্রভৃতি বীরগণ এবং প্রাচ্যদেশীয়, সৌবীরদেশীয় ও কেকয়দেশীয় বীরেরা তাঁহাকে রক্ষা করিতে থাকিলেন ॥২০—২১॥

ভীষ্ম, দ্রোণ ও কর্ণ ভিন্ন অন্য কোন্ রথী যুদ্ধে গাণ্ডীবধনুর্দ্ধারী অর্জ্জুনের সম্মুখে গমন করিতে সমর্থ হয়? ॥২২॥

তাহার পরে যুধিষ্ঠিরপ্রভৃতি কৌরবগণের পিতামহ মহাবাহু ভীষ্ম সপ্তসপ্ততি নারাচদ্বারা অর্জ্জুনকে তাড়ন করিলেন ॥২৩॥

রাজা! তৎপরে দ্রোণ পঁচিশটা, কৃপ পঞ্চাশটা, দুর্য্যোধন চৌষট্টিটা, শল্য নয়টা, জয়দ্রথ নয়টা এবং শকুনি পাঁচটা বাণদ্বারা, আর বিকর্ণ দশটা ভল্লদ্বারা অর্জ্জুনকে বিদ্ধ করিলেন ॥২৪—২৫॥

(২৩) ততো ভীষ্মো মহারাজ!…সমার্দ্দয়ৎ—বা, ততো ভীষ্মো মহারাজ!…সমাচিনোৎ রা নি। (২৫) দ্রৌণিঃ ষষ্ঠ্যা নরব্যাঘ্র! বিকর্ণশ্চ ত্রিভিঃ শরৈঃ। আর্ত্তায়নিস্ত্রিভির্ভল্লৈঃ… পি বা।

CENTRAL LIBRARY

স ভীষ্মং পঞ্চবিংশত্যা কৃপঞ্চ নবভিঃ শরৈঃ।
দ্রোণং ষষ্ট্যা নরব্যাঘ্রো বিকর্ণঞ্চ ত্রিভিঃ শরৈঃ ॥২৭॥
শল্যঞ্চৈব ত্রিভির্বাণৈ রাজানঞ্চৈব পঞ্চভিঃ।
প্রত্যবিধ্যদমেয়াত্মা কিরীটী ভরতর্ষভ! ॥২৮॥ (যুগ্মকম্)
তং সাত্যকির্বিরাটশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ।
সৌভদ্রো দ্রৌপদেয়াশ্চ পরিবব্রুর্ধনঞ্জয়ম্ ॥২৯॥
ততো দ্রোণং মহেষ্বাসং গাঙ্গেয়স্য প্রিয়ে রতম্।
অভ্যবর্ত্তত পাঞ্চাল্যঃ সংযুক্তঃ সহ সোমকৈঃ ॥৩০॥
ভীষ্মস্তু রথিনাং শ্রেষ্ঠো রাজন্! বিব্যাধ পাণ্ডবম্।
অশীত্যা নিশিতৈর্বাণৈস্ততোঽক্রোশন্ত তাবকাঃ ॥৩১॥

ভারতকৌমুদী

স ইতি। সঃ অর্জ্জুনঃ। সমন্তাদ্দেহস্য সর্ব্বাসু দিক্ষু ॥২৬॥

স ইতি। স কিরীটী। রাজানং দুর্য্যোধনম্। অমেয়াত্মা অজ্ঞেয়স্বভাবঃ ॥২৭—২৮॥

তমিতি। সৌভদ্রঃ অভিমন্যুঃ, দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ, পরিবব্রুঃ পরিবেষ্টিতবন্তঃ ॥২৯॥

তত ইতি। গাঙ্গেয়স্য ভীষ্মস্য। পাঞ্চাল্যো ধৃষ্টদ্যুম্নঃ ॥৩০॥

ভীষ্ম ইতি। পাণ্ডবমর্জ্জুনম্। অক্রোশন্ত আনন্দকোলাহলমকুর্ব্বন্ ॥৩১॥

তখন মহাবাহু ও মহাধনুর্দ্ধর অর্জুন দেহের সকল দিকে সেই নিশিত বাণসমূহদ্বারা বিদ্ধ হইয়াও ভিদ্যমান পর্ব্বতের ন্যায় ব্যথিত হইলেন না ॥২৬॥

ভরতশ্রেষ্ঠ! ক্রমে নরশ্রেষ্ঠ ও অজ্ঞেয়স্বভাব অর্জুন পঁচিশটাদ্বারা ভীষ্মকে, নয়টাদ্বারা কৃপকে, ষাটটাদ্বারা দ্রোণকে, তিনটাদ্বারা বিকর্ণকে, তিনটাদ্বারা শল্যকে এবং পাঁচটা বাণদ্বারা দুর্য্যোধনকে প্রতিবিদ্ধ করিলেন ॥২৭—২৮॥

এই সময়ে সাত্যকি, বিরাট, পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন, অভিমন্যু এবং দ্রৌপদীর পুত্রগণ ইঁহারা সাহায্য করিবার জন্য অর্জুনকে পরিবেষ্টন করিলেন ॥২৯॥

তাহার পর ধৃষ্টদ্যুম্ন সোমকগণের সহিত মিলিত হইয়া ভীষ্মের প্রিয়কার্য্যে নিরত ও মহাধনুর্দ্ধর দ্রোণের প্রতি ধাবিত হইলেন ॥৩০॥

রাজা! এদিকে রথিশ্রেষ্ঠ ভীষ্ম অশীতিসংখ্যক নিশিত বাণদ্বারা অর্জুনকে বিদ্ধ করিলেন; তাহাতে আপনার পক্ষীয় যোদ্ধারা আনন্দে কোলাহল করিয়া উঠিলেন ॥৩১॥

(২৯)…দ্রৌপদেয়াভিমন্যুশ্চ পরিবব্রুঃ…পি বা। (৩১)…অক্রোশন্ত পাণ্ডবাঃ—নি।

G19255

তেষান্তু নিনদং শ্রুত্বা প্রহৃষ্টানাং প্রহৃষ্টবৎ।
প্রবিবেশ ততো মধ্যং নরসিংহঃ প্রতাপবান্ ॥৩২॥
তেষান্তু রথসিংহানাং মধ্যং প্রাপ্য ধনঞ্জয়ঃ।
চিক্রীড় ধনুষা রাজন্! লক্ষং কৃত্বা মহারথান্ ॥৩৩॥
ক্ষত্রিয়াণাং শিরাংস্যুগ্রৈঃ কৃন্তন্ শস্ত্রৈর্মহারথঃ।
শূন্যান্ কৃত্বা রথোপস্থান্ ব্যচরৎ ফাল্গুনস্তদা ॥৩৪॥
ততো দুর্য্যোধনো রাজা ভীষ্মমাহ জনেশ্বরঃ।
পীড্যমানং স্বকং সৈন্যং দৃষ্ট্বা পার্থেন সংযুগে ॥৩৫॥
এষ পাণ্ডুসুতস্তাত! কৃষ্ণেন সহিতো বলী।
পাতয়ন্ সর্বসৈন্যানি মূলং নঃ পরিকৃন্ততি ॥৩৬॥
ত্বয়ি জীবতি গাঙ্গেয়! দ্রোণে চ রথিনাং বরে।
ত্বৎকৃতে চৈব কর্ণোঽপি ন্যস্তশস্ত্রো বিশাংপতে! ॥৩৭॥

ভারতকৌমুদী

তেষামিতি। প্রহৃষ্টবৎ আনন্দিত ইব। নরসিংহোঽর্জ্জুনঃ ॥৩২॥
তেষামিতি। রথসিংহানাং রথিশ্রেষ্ঠানাম্। লক্ষং শস্ত্রাঘাতবিষয়ান্ ॥৩৩॥
ক্ষত্রিয়াণামিতি। কৃন্তন্ ছিন্দন্। রথস্য উপস্থান্ উপরিতনদেশান্ ॥৩৪॥
তত ইতি। স্বকং স্বকীয়ম্। পার্থেন অর্জ্জুনেন ॥৩৫॥

আনন্দিত কৌরবগণের কোলাহল শুনিয়া প্রতাপশালী ও নরশ্রেষ্ঠ অর্জ্জুন আনন্দিত হইয়াই যেন বিপক্ষসৈন্যমধ্যে প্রবেশ করিলেন ॥৩২॥

এবং রাজা! অর্জ্জুন সেই রথিশ্রেষ্ঠগণের মধ্যে প্রবেশপূর্ব্বক মহারথগণকে লক্ষ্য করিয়া ধনুদ্বারা যেন ক্রীড়া করিতে লাগিলেন ॥৩৩॥

কেন না, তখন মহারথ অর্জ্জুন ভয়ঙ্কর অস্ত্রসমূহদ্বারা ক্ষত্রিয়গণের মস্তক ছেদন করতঃ রথের উপরিভাগ শূন্য করিয়া করিয়া বিচরণ করিতে থাকিলেন ॥৩৪॥

তদনন্তর নরনাথ রাজা দুর্য্যোধন যুদ্ধে অর্জ্জুনকর্ত্তৃক আপন সৈন্য বিনষ্ট হইতে দেখিয়া ভীষ্মকে বলিলেন—॥৩৫॥

'পিতামহ! আপনি ও রথিশ্রেষ্ঠ দ্রোণ জীবিত থাকিতে এই বলবান্ পাণ্ডব কৃষ্ণের সহিত মিলিত হইয়া সমস্ত সৈন্য নিপাত করিতে থাকিয়া

(৩২)···সহিতানাং প্রহৃষ্টবৎ···রা নি। (৩৩) তেষাং মহারথানাং স মধ্যম্···রা নি। (৩৪) অয়ং শ্লোকঃ পি বা রা নাস্তি।

ন যুধ্যতে রণে পার্থান্ হিতকামঃ সদা মম।
স তথা কুরু গাঙ্গেয়! যথা হন্যেত ফাল্গুনঃ ॥৩৮॥ (বিশেষকম্)
এবমুক্তস্ততো রাজন্! পিতা দেবব্রতস্তব।
ধিক্ ক্ষত্রধর্ম্মমিত্যুক্ত্বা প্রায়াৎ পার্থরথং প্রতি ॥৩৯॥
উভৌ শ্বেতহয়ৌ রাজন্! সংযুক্তৌ প্রেক্ষ্য পার্থিবাঃ।
সিংহনাদান্ ভৃশং চক্রুঃ শঙ্খান্ দধ্মুশ্চ মারিষ! ॥৪০॥
দ্রৌণির্দুর্য্যোধনশ্চৈব বিকর্ণশ্চ তবাত্মজঃ।
পরিবার্য্য রণে ভীষ্মং স্থিতা যুদ্ধায় মারিষ! ॥৪১॥
তথৈব পাণ্ডবাঃ সর্ব্বে পরিবার্য্য ধনঞ্জয়ম্।
স্থিতা যুদ্ধায় মহতে ততো যুদ্ধমবর্ত্তত ॥৪২॥

ভারতকৌমুদী

এষ ইতি। মূলং জয়নিদানম্, নঃ অস্মাকম্, পরিক্লৃপ্তমিতি নাশয়তি। ত্বংকৃতে ত্বন্নিমিত্তে। যোগ্যত্বাদ্বিশাংপত ইতি সম্বোধনম্। ফাল্গুনোঽর্জ্জুনঃ ॥৩৬—৩৮॥

এবমিতি। ধিক্ ক্ষত্রধর্ম্মম্, পরমস্নেহপাত্রেণার্জ্জুনেনাপি সহ যোদ্ধব্যত্বাৎ ॥৩৯॥

উভাবিতি। উভৌ শ্বেতহয়ৌ ভীষ্মার্জ্জুনৌ, ভীষ্মস্যাপি শ্বেতহয়ত্বাৎ ॥৪০॥

দ্রৌণিরিতি। দ্রৌণিরশ্বত্থামা। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥৪১॥

তথেতি। মহতে যুদ্ধায়, ভীষ্মার্জ্জুনাভ্যামারভ্যমানত্বাৎ ॥৪২॥

আমাদের জয়ের মূলই ছেদন করিতেছে। এদিকে সর্ব্বদা আমার হিতকামী কর্ণও আপনার জন্যই অস্ত্রত্যাগ করিয়াছেন। সুতরাং তিনি সমরাঙ্গনে পাণ্ডবদের সহিত যুদ্ধ করিতেছেন না। অতএব নরনাথ গঙ্গানন্দন! আপনি তেমন কাজ করুন, যাহাতে অর্জ্জুনকে বধ করা যায়' ॥৩৬—৩৮॥

রাজা! দুর্য্যোধন এইরূপ বলিলে, আপনার জ্যেষ্ঠতাত ভীষ্ম 'ক্ষত্রিয়-ধর্ম্মকে ধিক্' এই কথা বলিয়া অর্জ্জুনের রথের দিকে গমন করিলেন ॥৩৯॥

মাননীয় রাজা! তৎকালে উভয়পক্ষের রাজারাই শ্বেতাশ্বযুক্ত ভীষ্ম ও অর্জ্জুনকে যুদ্ধার্থ সম্মিলিত দেখিয়া বিশাল সিংহনাদ ও শঙ্খধ্বনি করিলেন ॥৪০॥

আর্য্য! তখন অশ্বত্থামা এবং আপনার পুত্র দুর্য্যোধন ও বিকর্ণ ইঁহারা যুদ্ধের জন্য ভীষ্মকে পরিবেষ্টন করিয়া রহিলেন ॥৪১॥

আবার ও দিকেও পাণ্ডবেরা সকলে মহাযুদ্ধের জন্য অর্জ্জুনকে পরিবেষ্টন করিয়া অবস্থান করিতে লাগিলেন। তাহার পর যুদ্ধারম্ভ হইল ॥৪২॥

(৩৮) ন যুধ্যতি…রা নি। (৩৯)…ধিক্ ক্ষাত্রং ধর্ম্মম্…রা নি। (৪০)…সংসক্তৌ প্রেক্ষ্য…রা নি।

গাঙ্গেয়স্তু রণে পার্থমানর্চ্ছ নবভিঃ শরৈঃ।
তমর্জ্জুনঃ প্রত্যবিধ্যদ্দশভির্মর্ম্মভেদিভিঃ ॥৪৩॥
ততঃ শরসহস্রেণ সুপ্রযুক্তেন পাণ্ডবঃ।
অর্জ্জুনঃ সমরশ্লাঘী ভীষ্মস্যাবারয়দ্দিশঃ ॥৪৪॥
শরজালং ততস্তত্তু শরজালেন পার্থিব!।
বারয়ামাস পার্থস্য ভীষ্মঃ শান্তনবস্তদা ॥৪৫॥
উভৌ পরমসংহৃষ্টাবুভৌ যুদ্ধাভিনন্দিনৌ।
নির্বিশেষমযুধ্যেতাং কৃতপ্রতিকৃতৈষিণৌ ॥৪৬॥
ভীষ্মচাপবিমুক্তানি শরজালানি সংঘশঃ।
শীর্য্যমাণান্যদৃশ্যন্ত ভিন্নান্যর্জ্জুনসায়কৈঃ ॥৪৭॥
তথৈবার্জ্জুনমুক্তানি শরজালানি সর্বশঃ।
গাঙ্গেয়শরনুন্নানি প্রাপতন্ত মহীতলে ॥৪৮॥

ভারতকৌমুদী

গাঙ্গেয় ইতি। গাঙ্গেয়ো ভীষ্মঃ। আনর্চ্ছং আবৃণোৎ। দশভিঃ শরৈরেব ॥৪৩॥
তত ইতি। সুপ্রযুক্তেন সম্যঙ্‌নিক্ষিপ্তেন। অবারয়ৎ আচ্ছাদয়ৎ ॥৪৪॥
শরেতি। শান্তনবপদং ভীষ্মান্তরব্যাবৃত্ত্যর্থম্। এবমন্যত্রাপি ॥৪৫॥
উভাবিতি। কৃতস্য পরকৃতপ্রহারস্য প্রতিকৃতং প্রতীকারমিচ্ছত ইতি তৌ ॥৪৬॥
ভীষ্মেতি। শীর্য্যমাণানি ব্যর্থীভূতানি, ভিন্নানি ছিন্নানি ॥৪৭॥

প্রথমে ভীষ্ম সমরাঙ্গনে নয়টা বাণদ্বারা অর্জ্জুনকে আবৃত করিলেন; আবার অর্জ্জুনও মর্ম্মভেদী দশটা বাণদ্বারা ভীষ্মকে বিদ্ধ করিলেন ॥৪৩॥

তাহার পর সমরশ্লাঘী পাণ্ডুনন্দন অর্জ্জুন সমীচীনভাবে নিক্ষিপ্ত বহুতর বাণদ্বারা ভীষ্মের সমস্ত দিক্ আবৃত করিয়া ফেলিলেন ॥৪৪॥

রাজা! তদনন্তর শান্তনুনন্দন ভীষ্ম আপন বাণসমূহদ্বারা অর্জ্জুনের বাণসমূহকে বারণ করিলেন ॥৪৫॥

ভীষ্ম ও অর্জ্জুন উভয়েই পরম আনন্দিত, উভয়েই সমরশ্লাঘী এবং উভয়েই পরকৃত প্রহারের প্রতীকারাভিলাষী হইয়া সমানভাবে যুদ্ধ করিতে লাগিলেন ॥৪৬॥

তৎকালে দেখা গেল—ভীষ্মের ধনু হইতে নির্গত বাণসমূহ অর্জ্জুনের বাণসমূহে ছিন্ন হইয়া ব্যর্থ হইতে লাগিল ॥৪৭॥

(৪৫)…শরজালেন মারিষ!…রা নি। (৪৮)…শরজালানি ভাগশঃ…পি।

অর্জ্জুনঃ পঞ্চবিংশত্যা ভীষ্মমার্চ্ছচ্ছিতৈঃ শরৈঃ।
ভীষ্মোঽপি সমরে পার্থং বিব্যাধ নিশিতৈঃ শরৈঃ ॥৪৯॥
অন্যোন্যস্য হয়ান্ বিদ্ধা ধ্বজৌ চ সুমহাবলৌ।
রথেশাং রথচক্রঞ্চ চিক্রীড়তুররিন্দমৌ ॥৫০॥
ততঃ ক্রুদ্ধো মহারাজ! ভীষ্মঃ প্রহরতাং বরঃ।
বাসুদেবং ত্রিভির্বাণৈরাজঘান স্তনান্তরে ॥৫১॥
ভীষ্মচাপচ্যুতৈস্তৈস্তু নির্বিদ্ধো মধুসূদনঃ।
বিররাজ রণে রাজন্! সপুষ্প ইব কিংশুকঃ ॥৫২॥
ততোঽর্জ্জুনো ভৃশং ক্রুদ্ধো নির্বিদ্ধং প্রেক্ষ্য মাধবম্।
গাঙ্গেয়সারথিং সংখ্যে নির্বিভেদ ত্রিভিঃ শরৈঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

তথেতি। গাঙ্গেয়স্য ভীষ্মস্য শরৈর্ঘ্নানি অপসারিতানি ॥৪৮॥
অর্জ্জুন ইতি। আর্চ্ছৎ আবৃণোৎ, শিতৈঃ সুতীক্ষ্ণীকৃতৈঃ ॥৪৯॥
অন্যোন্যস্যেতি। রথস্য ঈশাং দারুবিশেষম্, চিক্রীড়তুরিব ॥৫০॥
তত ইতি। প্রহরতাং যোদ্ধৃণাম্। স্তনান্তরে বক্ষসো মধ্যদেশে ॥৫১॥
ভীষ্মেতি। সপুষ্প ইব, ভীষ্মশরাঘাতেন রক্তরঞ্জীকৃতদেহত্বান্মধুসূদনস্য ॥৫২॥
তত ইতি। গাঙ্গেয়স্য ভীষ্মস্য সারথিম্, সংখ্যে যুদ্ধে ॥৫৩॥

সেইরূপই অর্জ্জুননিক্ষিপ্ত সমস্ত বাণসমূহও ভীষ্মের বাণে ছিন্ন হইয়া ভূতলে পতিত হইতে থাকিল ॥৪৮॥

ক্রমে অর্জ্জুন পঁচিশটা নিশিত বাণদ্বারা ভীষ্মকে তাড়ন করিলেন, আবার ভীষ্মও বহুতর নিশিত বাণদ্বারা যুদ্ধে অর্জ্জুনকে বিদ্ধ করিলেন ॥৪৯॥

অতিমহাবল ও শত্রুদমনকারী ভীষ্ম ও অর্জ্জুন পরস্পরের অশ্ব, ধ্বজ এবং রথের দীর্ঘদারু ও চক্র বিদ্ধ করিয়া যেন খেলা করিতে লাগিলেন ॥৫০॥

মহারাজ! তাহার পর বীরশ্রেষ্ঠ ভীষ্ম ক্রুদ্ধ হইয়া তিনটা বাণদ্বারা কৃষ্ণের বক্ষস্থলে আঘাত করিলেন ॥৫১॥

রাজা! কৃষ্ণ সেই ভীষ্মকার্ম্মুকনির্গত বাণদ্বারা বিদ্ধ হইয়া সমরাঙ্গনে পুষ্পসমন্বিত কিংশুকবৃক্ষের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৫২॥

তদনন্তর অর্জ্জুন কৃষ্ণকে বিদ্ধ দেখিয়া অত্যন্তক্রুদ্ধ হইয়া তিনটা বাণদ্বারা ভীষ্মের সারথিকেও বিদ্ধ করিলেন ॥৫৩॥

---

(৫০) অন্যোন্যং তৌ হয়ান্…পি বা। (৫৩)…সারথিং কুরুবৃদ্ধস্য নির্বিভেদ…রা নি।

CENTRAL LIBRARY

যতমানৌ তু তৌ বীরাবন্যোন্যস্য বধং প্রতি।
নাশক্নুতাং তদান্যোন্যমভিসন্ধাতুমাহবে ॥৫৪॥
তৌ মণ্ডলানি চিত্রাণি গতপ্রত্যাগতানি চ।
অদর্শয়েতাং বহুধা সূতসামর্থ্যলাঘবাৎ ॥৫৫॥
অন্তরঞ্চ প্রহারেষু তর্কয়ন্তৌ পরস্পরম্।
রাজন্নন্তরমার্গস্থৌ স্থিতাবাস্তাং মুহুর্মুহুঃ ॥৫৬॥
উভৌ সিংহরবোন্মিশ্রং শঙ্খশব্দঞ্চ চক্রতুঃ।
তথৈব চাপনির্ঘোষং চক্রতুস্তৌ মহারথৌ ॥৫৭॥
তয়োঃ শঙ্খনিনাদেন রথনেমিস্বনেন চ।
দারিতা সহসা ভূমিশ্চকম্পে চ ননাদ চ ॥৫৮॥
ন তয়োরন্তরং কশ্চিদ্দদৃশে ভরতর্ষভ!।
বলিনৌ যুদ্ধদুর্দ্ধর্ষাবন্যোন্যসদৃশাবুভৌ ॥৫৯॥

ভারতকৌমুদী

যতেতি। অভিসন্ধাতুং নাশক্নুতাং ছিদ্রাভাবাৎ, আহবে যুদ্ধে ॥৫৪॥
তাবিতি। সূতয়োঃ সারথ্যোঃ সামর্থ্যস্য রথচালনশক্তের্লাঘবাৎ নৈপুণ্যাৎ ॥৫৫॥
অন্তরমিতি। অন্তরং ছিদ্রম্। অন্তরমার্গস্থৌ ছিদ্রান্বেষণপরায়ণৌ ॥৫৬॥
উভাবিতি। সিংহরবোন্মিশ্রং সিংহনাদযুক্তম্ ॥৫৭॥
তয়োরিতি। রথনেমে রথচক্রপ্রান্তস্য স্বনেন শব্দেন ॥৫৮॥

সেই বীরেরা দুই জনই পরস্পরের বধের জন্য যত্নবান্ হইয়াও তৎকালে যুদ্ধে পরস্পরের প্রতি অস্ত্রসন্ধান করিতে সমর্থ হইলেন না ॥৫৪॥

তাঁহারা দুই জনই আপন আপন সারথির শক্তিনৈপুণ্যবশতঃ বহুবিধ বিচিত্র মণ্ডলাকারে গতি এবং গমন ও প্রত্যাগমন দেখাইতে লাগিলেন ॥৫৫॥

রাজা! তাঁহারা দুই জনই পরস্পরের ছিদ্রান্বেষণে প্রবৃত্ত থাকিয়া বার বার প্রহারের ছিদ্রানুসন্ধান করিতে লাগিলেন ॥৫৬॥

সেই মহারথেরা উভয়েই সিংহনাদ, শঙ্খধ্বনি এবং ধনুষ্টঙ্কার করিতে থাকিলেন ॥৫৭॥

তাঁহাদের শঙ্খের শব্দে ও রথচক্রের শব্দে তত্রত্য ভূমি তৎক্ষণাৎ বিদীর্ণ, কম্পিত, শব্দিত হইতে লাগিল ॥৫৮॥

(৫৪)…ন শক্নুতাম্…রা নি। (৫৫) মণ্ডলানি বিচিত্রাণি…পি বা। (৫৬)…তর্কয়ন্তৌ বিশাংপতে!…পি বা। (৫৮) তয়োঃ শঙ্খপ্রসাদেন…পি বা। (৫৯) নোভয়োরন্তরং…রা নি।

চিহ্নমাত্রেণ ভীষ্মঞ্চ প্রজজ্ঞুস্তত্র কৌরবাঃ।
তথা পাণ্ডুসুতাঃ পার্থং চিহ্নমাত্রেণ জজ্ঞিরে ॥৬০॥
তয়োর্নৃবরয়োর্দৃষ্ট্বা তাদৃশং তং পরাক্রমম্।
বিস্ময়ং সর্বভূতানি জগ্মুর্ভারতসংযুগে ॥৬১॥
ন তয়োরন্তরং কশ্চিদ্রণে পশ্যতি ভারত!।
ধর্ম্মে স্থিতস্য হি যথা ন কশ্চিদ্বৃজিনং ক্বচিৎ ॥৬২॥
উভৌ হি শরজালেন তাবদৃশ্যৌ বভূবতুঃ।
প্রকাশৌ চ পুনস্তূর্ণং বভূবতুরুভৌ রণে ॥৬৩॥
তত্র দেবাঃ সগন্ধর্বাশ্চারণাশ্চর্ষিভিঃ সহ।
অন্যোন্যং প্রত্যভাষন্ত তয়োর্দৃষ্ট্বা পরাক্রমম্ ॥৬৪॥

ভারতকৌমুদী

নেতি। অন্তরং ছিদ্রম্। দর্শনাভাবে হেতুমাহ বলিনাবিতি ॥৫৯॥
চিহ্নেতি। চিহ্নমাত্রেণ কৌরবপক্ষীয়চিহ্নমাত্রদর্শনেন। পার্থমর্জ্জুনম্ ॥৬০॥
তয়োরিতি। নৃবরয়োর্নরশ্রেষ্ঠয়োঃ। ভারতসংযুগে ভরতবংশীয়ানাং যুদ্ধে ॥৬১॥
নেতি। অন্তরং ছিদ্রম্। ধর্ম্মে স্থিতস্য ধার্ম্মিকজনস্য। বৃজিনং পাপম্ ॥৬২॥
উভাবিতি। অদৃশ্যৌ আবৃতত্বাৎ। প্রকাশৌ, শরজালয়োরপসারণাৎ ॥৬৩॥
তত্রেতি। চারণা অপি দেবযোনিবিশেষাঃ ॥৬৪॥

ভরতশ্রেষ্ঠ! কেহই তাঁহাদের ছিদ্র দেখিতে পাইল না। কারণ, তাঁহারা উভয়েই বলবান্, যুদ্ধদুর্দ্ধর্ষ ও পরস্পর সমান বলিয়া প্রতীত হইতেছিলেন ॥৫৯॥

তখন কেবল কৌরবপক্ষীয় চিহ্ন দেখিয়াই কৌরবেরা ভীষ্মকে চিনিতে লাগিলেন, আবার পাণ্ডবেরাও পাণ্ডবপক্ষীয় চিহ্নমাত্র দেখিয়াই অর্জ্জুনকে চিনিতে থাকিলেন ॥৬০॥

সেই ভারতযুদ্ধে নরশ্রেষ্ঠ ভীষ্ম ও অর্জ্জুনের তাদৃশ পরাক্রম দেখিয়া সমস্ত লোকই বিস্ময়াপন্ন হইল ॥৬১॥

ভরতনন্দন! ধার্ম্মিকলোকের যেমন কখনও কেহ পাপ দেখিতে পায় না, সেইরূপ যুদ্ধে কেহই ভীষ্ম ও অর্জ্জুনের ছিদ্র দেখিতে পাইল না ॥৬২॥

তাঁহারা উভয়েই পরস্পরের শরজালে কখনও অদৃশ্য হইতে লাগিলেন, আবার উভয়েই সত্বর প্রকাশিত হইতে থাকিলেন ॥৬৩॥

(৬০)···ভীষ্মস্ত · রা নি। (৬১) তয়োর্নৃবরয়ো রাজন্! দৃষ্ট্বা তাদৃক্পরাক্রমম্।··· ভরতসংযুগে—পি বা। (৬২) ন তয়োর্বিবরং কশ্চিৎ···রা নি। (৬৪) ততো দেবাঃ··· চারণাশ্চ মহর্ষিভিঃ···পি।

CENTRAL LIBRARY

ন শক্যৌ যুধি সংরব্ধৌ জেতুমেতৌ মহারথৌ।
সদেবাসুরগন্ধর্বৈর্লোকৈরপি কথঞ্চন ॥৬৫॥
আশ্চর্য্যভূতং লোকেষু যুদ্ধমেতন্মহাদ্ভুতম্।
নৈব চৈতাদৃশং যুদ্ধং ভবিষ্যতি কদাচন ॥৬৬॥
নহি শক্যো রণে জেতুং ভীষ্মঃ পার্থেন ধীমতা।
সধনুঃ সরথঃ সাশ্বঃ প্রবপন্ সায়কান্ রণে ॥৬৭॥
তথৈব পাণ্ডবং যুদ্ধে দেবৈরপি দুরাসদম্।
ন বিজেতুং রণে ভীষ্ম উৎসহেত ধনুর্দ্ধরম্ ॥৬৮॥

ভারতকৌমুদী

নেতি। সংরব্ধৌ ক্রুদ্ধৌ। লোকৈস্ত্রিভির্ভুবনৈঃ ॥৬৫॥
আশ্চর্য্যেতি। আশ্চর্য্যভূতং মহাদ্ভুতমিত্যর্থপুনরুক্তির্বিস্ময়াতিরেকাৎ ॥৬৬॥
নহীতি। পার্থেনার্জ্জুনেন। প্রবপন্ নিক্ষিপন্। ধনুরাদ্যভাবে তু জেতুং শক্যোঽপি ॥৬৭॥
তথেতি। পাণ্ডবমর্জ্জুনম্। দুরাসদং দুর্জ্জয়ম্। উৎসহেত শক্নুয়াৎ ॥৬৮॥

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১—৯॥ ব্যতিকরো মেলকঃ সমাগম ইত্যর্থঃ ॥১০—১৪॥ দৃঢ়ধন্বনা ভীষ্মেণ ॥১৫॥ যত্তঃ যত্নবান্ ॥১৬—৫৪॥ অন্তরং ছিদ্রং তর্কয়ন্তৌ চিন্তয়ন্তৌ ॥৫৫॥ অন্তরমার্গস্থৌ ছিদ্রান্বেষণপরৌ ॥৫৬—৫৮॥ চিহ্নং ধ্বজঃ ॥৫৯—৬৭॥ আলোকাৎ আ সংসারস্থিতেঃ ॥৬৮—৭৩॥
ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫২॥

তখন গন্ধর্ব্ব, চারণ ও ঋষিগণের সহিত দেবতারা ভীষ্ম ও অর্জ্জুনের পরাক্রম দেখিয়া পরস্পর বলাবলি করিতে লাগিলেন—॥৬৪॥

'দেবতা, অসুর ও গন্ধর্ব্বগণের সহিত সমগ্র ত্রিভুবনও কোন প্রকারেই যুদ্ধে ক্রুদ্ধ এই মহারথ দুই জনকে জয় করিতে সমর্থ হয় না ॥৬৫॥

ত্রিজগতের মধ্যেই এই যুদ্ধ অত্যন্ত আশ্চর্য্য। এরূপ যুদ্ধ আর কখনও হইবে না ॥৬৬॥

ভীষ্ম ধনু লইয়া অশ্বসংযুক্ত রথে আরোহণ করিয়া যে যুদ্ধে বাণক্ষেপ করিতে থাকিবেন, সে যুদ্ধে বুদ্ধিমান্ অর্জ্জুন কখনও উহাকে জয় করিতে সমর্থ হইবেন না ॥৬৭॥

সেইরূপ যুদ্ধে দেবগণেরও দুর্জ্জয় ধনুর্দ্ধর অর্জ্জুনকে ভীষ্ম কখনও যুদ্ধে জয় করিতে সমর্থ হইবেন না ॥৬৮॥

---

(৬৬)· ·নৈতাদৃশানি যুদ্ধানি ভবিষ্যন্তি···রা নি।

আলোকাদপি যুদ্ধং হি সমমেতদ্ভবিষ্যতি।
ইতি স্ম বাচঃ শ্রূয়ন্তে প্রোচ্চরন্ত্যস্ততস্ততঃ ॥৬৯॥
গাঙ্গেয়ার্জ্জুনয়োঃ সংখ্যে স্তবযুক্তা বিশাংপতে!।
ত্বদীয়াস্তু তদা যোধাঃ পাণ্ডবেয়াশ্চ ভারত! ॥৭০॥
অন্যোন্যং সমরে জঘ্নুস্তয়োস্তত্র সমাগমে।
শিতধারৈস্তথা খড়্গৈর্বিমলৈশ্চ পরশ্বধৈঃ ॥৭১॥ (বিশেষকম্)
শরৈরন্যৈশ্চ বহুভিঃ শস্ত্রৈর্নানাবিধৈরপি।
উভয়োঃ সেনয়োঃ শূরা ন্যকৃন্তন্ত পরস্পরম্ ॥৭২॥
বর্ত্তমানে তথা ঘোরে তস্মিন্ যুদ্ধে সুদারুণে।
দ্রোণপাঞ্চাল্যয়ো রাজন্! মহানাসীৎ সমাগমঃ ॥৭৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে দ্বিতীয়দিবসযুদ্ধে ভীষ্মার্জ্জুনযুদ্ধে দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

আলোকাদিতি। এতদ্ভীষ্মার্জ্জুনয়োর্যুদ্ধম্, আলোকাৎ লোকস্থিতিপর্য্যন্তং প্রলয়পর্য্যন্তমিতি যাবৎ, সমং সমানং জয়পরাজয়রহিতমেব ভবিষ্যতি, এতয়োঃ সমানবীরত্বাৎ। প্রোচ্চরন্ত্য উত্তিষ্ঠন্ত্যঃ। সংখ্যে যুদ্ধে। সমাগমে যুদ্ধসম্মেলনকালে ॥৬৯—৭১॥

শরৈরিতি। ন্যকৃন্তন্ত অচ্ছিন্দন্ ॥৭২॥

বর্ত্তমান ইতি। ঘোরে মহতি, "ঘোরং লোকে বিততমযশঃ" ইত্যাদ্যুত্তররামচরিতাদিবৎ। পাঞ্চাল্যো ধৃষ্টদ্যুম্নঃ। সমাগমো যুদ্ধসম্মেলনম্ ॥৭৩॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে দ্বিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

সুতরাং ইঁহাদের এই যুদ্ধ প্রলয়কালপর্য্যন্ত সমানভাবেই চলিবে'। নরনাথ! যুদ্ধবিষয়ে ভীষ্ম ও অর্জ্জুনের প্রশংসাসূচক এইরূপ বহুতর বাক্য নানাস্থান হইতে উচ্চারিত হইতে শুনা যাইতে লাগিল। আর ভরতনন্দন! ভীষ্ম ও অর্জ্জুনের সেই যুদ্ধের সময়ে আপনার পক্ষীয় ও পাণ্ডবপক্ষীয় যোদ্ধারা সুধার তরবারি ও নির্ম্মল পরশুদ্বারা যুদ্ধে পরস্পরকে সংহার করিতে লাগিলেন ॥৬৯—৭১॥

এবং উভয় সেনার বীরেরাই বাণ ও অন্যান্য নানাবিধ বহুতর অস্ত্রদ্বারা পরস্পর কাটাকাটি করিতে থাকিলেন ॥৭২॥

রাজা! অতিদারুণ সেই মহাযুদ্ধ চলিতে লাগিলে দ্রোণ এবং ধৃষ্টদ্যুম্নেরও মহাযুদ্ধ চলিতে লাগিল' ॥৭৩॥

(৬৯)···ইতি স্ম বাচোঽশ্রূয়ন্ত···রা নি।

CALCUTTA UNIVERSITY CENTRAL LIBRARY

CENTRAL LIBRARY

ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ।

ধৃতরাষ্ট্র উবাচ ।

কথং দ্রোণো মহেষ্বাসঃ পাঞ্চাল্যশ্চাপি পার্ষতঃ ।
উভৌ সমীয়তুর্যত্তৌ তন্মমাচক্ষ্ব সঞ্জয় ! ॥১॥
দিষ্টমেব পরং মন্যে পৌরুষাদপি সঞ্জয় ! ।
যত্র শান্তনবো ভীষ্মো নাতরদ্‌যুধি পাণ্ডবম্ ॥২॥
ভীষ্মো হি সমরে ক্রুদ্ধো হন্যাল্লোকাংশ্চরাচরান্ ।
স কথং পাণ্ডবং যুদ্ধে নাতরৎ সঞ্জয়োজসা ॥৩॥

সঞ্জয় উবাচ ।

শৃণু রাজন্ ! স্থিরো ভূত্বা যুদ্ধমেতৎ সুদারুণম্ ।
ন শক্যাঃ পাণ্ডবা জেতুং দেবৈরপি সবাসবৈঃ ॥৪॥

ভারতকৌমুদী

কথমিতি । সমীয়তুঃ সম্মিলিতৌ বভূবতুঃ, যত্তৌ যুদ্ধে যত্নবন্তৌ সন্তৌ ॥১॥
দিষ্টমিতি । দিষ্টং দৈবম্, পরং প্রধানম্ । নাতরৎ নাত্যক্রামৎ ॥২॥
ভীষ্ম ইতি । লোকান্ ভুবনানি, চরাচরান্ জঙ্গমস্থাবরান্ । ওজসা বলেন ॥৩॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয় ! মহাধনুর্দ্ধর দ্রোণ এবং পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন ইঁহারা দুই জনে যত্নবান্ হইয়া কি ভাবে যুদ্ধে মিলিত হইলেন, তাহা তুমি আমার নিকট বল ॥১॥

আর হস্তী, অশ্ব, রথ, মহাযোদ্ধা ও বীরসৈন্যগণে পরিপূর্ণ কলিঙ্গদেশীয় মহাব্যূহটাকে আপনি একাকীই আপন বাহুবলে বিধ্বস্ত করিয়াছেন' ॥১২০॥

অরিন্দম রাজা! এই কথা বলিয়া দীর্ঘবাহু সাত্যকি আপন রথ হইতে ভীমের রথে লাফাইয়া পড়িয়া তাঁহাকে আলিঙ্গন করিলেন ॥১২১॥

তাহার পর সাত্যকি পুনরায় আপন রথে আসিয়া ক্রুদ্ধ হইয়া ভীমের শক্তিবৃদ্ধি করিতে থাকিয়া আপনার পক্ষীয় সৈন্যগণকে বধ করিতে প্রবৃত্ত হইলেন' ॥১২২॥

---

(১১৯) দিষ্ট্যা কালিঙ্গরাজশ্চ···রা নি। (১২০) বীরযোধ···সূদিতস্ত্বয়া—রা নি। (১২১)···অরিন্দমঃ। রথস্থং তমভিক্রুত্য···পি বা।

CENTRAL LIBRARY

পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ।

সঞ্জয় উবাচ ।

ততোঽপরাহ্ণভূয়িষ্ঠে তস্মিন্নহনি ভারত ! ।
রথনাগাশ্বপত্তীনাং সাদিনাঞ্চ মহাক্ষয়ে ॥১॥
দ্রোণপুত্রেণ শল্যেন কৃপেণ চ মহাত্মনা ।
সমসজ্জত পাঞ্চাল্যস্ত্রিভিরেতৈর্মহারথৈঃ ॥২॥ (যুগ্মকম্)
স লোকবিদিতানশ্বান্ নিজঘান মহাবলঃ ।
দ্রৌণেঃ পাঞ্চালদায়াদঃ শিতৈর্দশভিরাশুগৈঃ ॥৩॥
ততঃ শল্যরথং তূর্ণমাস্থায় হতবাহনঃ ।
দ্রৌণিঃ পাঞ্চালদায়াদমভ্যবর্ষদথেষুভিঃ ॥৪॥
ধৃষ্টদ্যুম্নস্তু সংযুক্তং দ্রৌণিনা বীক্ষ্য ভারত ! ।
সৌভদ্রোঽভ্যপতত্তূর্ণং বিকিরন্ নিশিতান্ শরান্ ॥৫॥

ভারতকৌমুদী

তত ইতি। অপরাহ্ণস্য ভূয়িষ্ঠং বাহুল্যং যত্র তস্মিন্ সময়ে। নাগা হস্তিনঃ, পত্তয়ঃ পদাতয়ঃ, সাদিনঃ তত্তদারোহিণঃ। সমসজ্জত মিলিতঃ, পাঞ্চাল্যো ধৃষ্টদ্যুম্নঃ ॥১—২॥

স ইতি। দ্রৌণেরশ্বত্থাম্নঃ, পাঞ্চালদায়াদো ধৃষ্টদ্যুম্নঃ, আশুগৈর্ব্বাণৈঃ ॥৩॥

তত ইতি। আস্থায় আরুহ্য। ইষুভির্ব্বাণৈঃ ॥৪॥

ধৃষ্টেতি। সংযুক্তং যুদ্ধে মিলিতম্। সৌভদ্রঃ অভিমন্যুঃ ॥৫॥

সঞ্জয় বলিলেন—'ভরতনন্দন ! তাহার পর সেই দিন অপরাহ্ণের অনেক সময় অতীত হইলে রথ, হস্তী, অশ্ব ও পদাতিগণের এবং আরোহিগণের অত্যন্ত ক্ষয় হইতে থাকিলে মহাত্মা অশ্বত্থামা, শল্য ও কৃপ এই তিন জন মহারথীর সহিত ধৃষ্টদ্যুম্ন মিলিত হইলেন ॥১—২॥

তখন মহাবল ধৃষ্টদ্যুম্ন দশটা শিলাশাণিত বাণদ্বারা অশ্বত্থামার লোকবিখ্যাত অশ্বগুলিকে সংহার করিলেন ॥৩॥

তৎপরে হতবাহন অশ্বত্থামা দ্রুত যাইয়া শল্যের রথে আরোহণ করিয়া ধৃষ্টদ্যুম্নের উপরে বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৪॥

(১) গতপূর্ব্বাহ্ণভূয়িষ্ঠে···রথাশ্বনরনাগানাম্···পি, গতে পূর্ব্বাহ্ণসময়ে···রথাশ্বনরনাগানাম্ ···বা, গতপূর্ব্বাহ্ণভূয়িষ্ঠে···রা। (৫)···দ্রৌণিনা দৃশ্য ভারত !···পি বা।

CENTRAL LIBRARY

স শল্যং পঞ্চবিংশত্যা কৃপঞ্চ নবভিঃ শরৈঃ।
অশ্বত্থামানমষ্টাভির্বিব্যাধ পুরুষর্ষভঃ ॥৬॥
আর্জ্জুনিস্তু ততস্তূর্ণং দ্রৌণির্বিব্যাধ পত্রিণা।
শল্যো দ্বাদশভিশ্চাপি কৃপশ্চ নিশিতৈস্ত্রিভিঃ ॥৭॥
লক্ষ্মণস্তব পৌত্রস্তু সৌভদ্রং সমবস্থিতম্।
অভ্যবর্ত্তত সংহৃষ্টস্ততো যুদ্ধমবর্ত্তত ॥৮॥
দৌর্য্যোধনিস্তু সংক্রুদ্ধঃ সৌভদ্রং নিশিতৈঃ শরৈঃ।
বিব্যাধ সমরে রাজন্! তদদ্ভুতমিবাভবৎ ॥৯॥
অভিমন্যুঃ সুসংক্রুদ্ধো ভ্রাতরং ভরতর্ষভ!।
শরৈঃ পঞ্চাশতা ক্ষিপ্রং ক্ষিপ্রহস্তো ন্যবিধ্যত ॥১০॥

ভারতকৌমুদী

স ইতি। স পুরুষর্ষভঃ সৌভদ্রঃ ॥৬॥
আর্জ্জুনিমিতি। আর্জ্জুনিমভিমন্যুম্। পত্রিণা একেন বাণেন ॥৭॥
লক্ষ্মণ ইতি। পৌত্রো দুর্য্যোধনপুত্রত্বাৎ। সংহৃষ্টঃ অভিমন্যুনা সহ যুদ্ধলাভাৎ ॥৮॥
দৌর্য্যোধনিরিতি। স চ লক্ষ্মণঃ। তদদ্ভুতমিবাভবৎ, অভিমন্যোরপি তাড়নাৎ ॥৯॥
অভীতি। ভ্রাতরং লক্ষ্মণম্। ক্ষিপ্রহস্তঃ সত্বরাস্ত্রক্ষেপযোগ্যহস্তঃ ॥১০॥

ভরতনন্দন! এই সময়ে অশ্বত্থামার সহিত ধৃষ্টদ্যুম্নকে যুদ্ধে সম্মিলিত দেখিয়া অভিমন্যু সুতীক্ষ্ণ বাণ বর্ষণ করিতে করিতে সত্বর সে স্থানে উপস্থিত হইলেন ॥৫॥

এবং পুরুষশ্রেষ্ঠ অভিমন্যু পঞ্চবিংশতি শরদ্বারা শল্যকে, নবসংখ্যক শরদ্বারা কৃপকে, আর অষ্টসংখ্যক শরদ্বারা অশ্বত্থামাকে বিদ্ধ করিলেন ॥৬॥

তাহার পর অশ্বত্থামা একটা বাণদ্বারা, শল্য বারটা বাণদ্বারা এবং কৃপ তিনটা তীক্ষ্ণ বাণদ্বারা অভিমন্যুকে বিদ্ধ করিলেন ॥৭॥

এই সময়ে আপনার পৌত্র লক্ষ্মণ আনন্দিত হইয়া সমরাবস্থিত অভিমন্যুর নিকটে উপস্থিত হইলেন; তাহার পর তাঁহাদের যুদ্ধারম্ভ হইল ॥৮॥

রাজা! দুর্য্যোধনপুত্র লক্ষ্মণ অত্যন্তক্রুদ্ধ হইয়া যুদ্ধে বহুতর তীক্ষ্ণ বাণদ্বারা অভিমন্যুকে বিদ্ধ করিলেন; তাহা যেন অদ্ভুতের ন্যায় হইল ॥৯॥

(৬)…বিব্যাধ ভরতর্ষভ!—পি বা। (৭)…শল্যোঽথ দশভিশ্চৈব…রা নি। (৮)…পর্য্যবস্থিতম্…সক্রুদ্ধঃ…পি বা। (৯) দৌর্য্যোধনিঃ সুসংক্রুদ্ধঃ…রা নি। (১০)…শরৈঃ পঞ্চাশতৈ রাজন্!…রা নি।

CENTRAL LIBRARY

লক্ষ্মণোঽপি ততস্তস্য ধনুশ্চিচ্ছেদ পত্রিণা।
মুষ্টিদেশে মহারাজ! তত উচ্চুক্রুশুর্জনাঃ ॥১১॥
তদ্বিহায় ধনুশ্ছিন্নং সৌভদ্রঃ পরবীরহা।
অন্যদাদত্তবাংশ্চিত্রং কার্ম্মুকং বেগবত্তরম্ ॥১২॥
তৌ তত্র সমরে যুক্তৌ কৃতপ্রতিকৃতৈষিণৌ।
অন্যোন্যং বিশিখৈস্তীক্ষ্ণৈর্জঘ্নতুঃ পুরুষর্ষভৌ ॥১৩॥
ততো দুর্য্যোধনো রাজা দৃষ্ট্বা পুত্রং মহাবলম্।
পীড়িতং তব পৌত্রেণ প্রায়াত্তত্র জনেশ্বরঃ ॥১৪॥
সন্নিবৃত্তে তব সুতে সর্ব এব জনাধিপাঃ।
আর্জ্জুনিং রথবংশেন সমন্তাৎ পর্য্যবারয়ন্ ॥১৫॥

ভারতকৌমুদী

লক্ষ্মণ ইতি। জনাঃ কুরুপক্ষীয়াঃ, উচ্চুক্রুশুঃ উচ্চৈরানন্দকোলাহলং চক্রুঃ ॥১১॥
তদিতি। বেগবত্তরং গুরুতরবেগেনাপ্যাকর্ষণসহম্ ॥১২॥
তাবিতি। কৃতস্য পরকৃতপ্রহারস্য প্রতিকৃতৈষিণৌ প্রতীকারাভিলাষিণৌ ॥১৩॥
তত ইতি। পৌত্রেণ পৌত্রপর্য্যায়েণ অভিমন্যুনা, তত্র পুত্রান্তিকে ॥১৪॥
সন্নিবৃত্ত ইতি। আর্জ্জুনিমভিমন্যুম্, রথানাং বংশেন সমূহেন ॥১৫॥

ভরতশ্রেষ্ঠ! তখন লঘুহস্ত অভিমন্যুও অতিশয় ক্রুদ্ধ হইয়া সত্বরই পঞ্চাশটা বাণদ্বারা লক্ষ্মণকে বিদ্ধ করিলেন ॥১০॥

মহারাজ! তৎপরে লক্ষ্মণও একটা বাণদ্বারা অভিমন্যুর ধনুখানাকে মুষ্টি-দেশে ছেদন করিলেন; তাহাতে কৌরবপক্ষীয় লোকেরা উচ্চস্বরে আনন্দ-কোলাহল করিয়া উঠিল ॥১১॥

তখন বিপক্ষবীরহন্তা অভিমন্যু সেই ছিন্ন ধনু পরিত্যাগ করিয়া অন্য এক-খানা বিচিত্র ও সুদৃঢ় ধনু গ্রহণ করিলেন ॥১২॥

তখন সেই পুরুষশ্রেষ্ঠেরা দুই জনে যুদ্ধে মিলিত এবং পরকৃত প্রহারের প্রতীকারাভিলাষী হইয়া তীক্ষ্ণবাণদ্বারা পরস্পর আঘাত করিতে লাগিলেন ॥১৩॥

তাহার পর নরনাথ রাজা দুর্য্যোধন মহাবল পুত্র লক্ষ্মণকে অভিমন্যুকর্ত্তৃক পীড়িত দেখিয়া সেই দিকে ধাবিত হইলেন ॥১৪॥

আপনার পুত্র দুর্য্যোধন অভিমন্যুর দিকে ধাবিত হইলে কৌরবপক্ষীয় রাজারা সকলেই যাইয়া রথসমূহদ্বারা সকল দিকে অভিমন্যুকে বেষ্টন করি-লেন ॥১৫॥

(১৪)…পুত্রং মহারথম্…তত্র প্রজেশ্বরঃ—রা নি।

স তৈঃ পরিবৃতঃ শূরৈঃ শূরো যুধি সুদুর্জয়ৈঃ।
ন স্ম প্রব্যথতে রাজন্! কৃষ্ণতুল্যপরাক্রমঃ ॥১৬॥
সৌভদ্রমথ সংযুক্তং দৃষ্ট্বা তত্র ধনঞ্জয়ঃ।
অভিদুদ্রাব সংক্রুদ্ধস্ত্রাতুকামঃ স্বমাত্মজম্ ॥১৭॥
ততঃ সরথনাগাশ্বা ভীষ্মদ্রোণপুরোগমাঃ।
অভ্যবর্ত্তন্ত রাজানঃ সহিতাঃ সব্যসাচিনম্ ॥১৮॥
উদ্ধূতং সহসা ভৌমং নাগাশ্বরথপত্তিভিঃ।
দিবাকররথং প্রাপ্য রজস্তীব্রমদৃশ্যত ॥১৯॥
তানি নাগসহস্রাণি ভূমিপালশতানি চ।
তস্য বাণপথং প্রাপ্য নাভ্যবর্ত্তন্ত সর্ব্বশঃ ॥২০॥
প্রণেদুঃ সর্বভূতানি বভূবুস্তিমিরা দিশঃ।
কুরূণাঞ্চানয়স্তীব্রঃ সমদৃশ্যত দারুণঃ ॥২১॥

ভারতকৌমুদী

স ইতি। স আর্জ্জুনিঃ। ন প্রব্যথতে স্ম ন বিভেতি স্ম ॥১৬॥
সৌভদ্রমিতি। সৌভদ্রমভিমন্যুম্, সংযুক্তং বিপক্ষবীরৈর্মিলিতম্ ॥১৭॥
তত ইতি। অভ্যবর্ত্তন্ত অভ্যধাবন্ত। সব্যসাচিনমর্জ্জুনম্ ॥১৮॥
উদিতি। উদ্ধূতমুত্তোলিতম্। প্রাপ্য স্থিতম্, রজো ধূলিঃ ॥১৯॥
তানীতি। নাগা হস্তিনঃ। তস্য সব্যসাচিনঃ। নাভ্যবর্ত্তন্ত অভিগন্তুং নাশক্নুবন্ ॥২০॥

রাজা! মহাবীর ও কৃষ্ণের তুল্য পরাক্রমশালী অভিমন্যু বীর ও অতি-দুর্জ্জয় রাজগণকর্ত্তৃক পরিবেষ্টিত হইয়াও ভীত হইলেন না ॥১৬॥

তাহার পর অর্জ্জুন অভিমন্যুকে রাজাদের সহিত মিলিত দেখিয়া অত্যন্ত ক্রুদ্ধ হইয়া আপন পুত্রকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া সেই দিকে ধাবিত হইলেন ॥১৭॥

তদনন্তর কুরুপক্ষীয় রাজারা সম্মিলিত হইয়া ভীষ্ম ও দ্রোণকে অগ্রবর্ত্তী করিয়া হস্তী, অশ্ব ও রথের সহিত অর্জ্জুনের দিকে দ্রুত যাইতে লাগিলেন ॥১৮॥

এই সময়ে দেখা গেল—হস্তী, অশ্ব, রথ ও পদাতিসমূহের চরণাঘাতে উৎপন্ন ভূতলের ধূলিরাশি সূর্য্যের রথপর্য্যন্ত যাইয়া উঠিতেছে ॥১৯॥

ওদিকে সেই সহস্র সহস্র হস্তী ও শত শত রাজা অর্জ্জুনের বাণপথে যাইয়া আর অগ্রসর হইতে পারিলেন না ॥২০॥

---

(১৬)···সুদুর্জ্জয়ঃ ; পি বা। (১৭)···সংসক্তং দৃষ্ট্বা···অভিদুদ্রাব বেগেন···রা নি।

CENTRAL LIBRARY

নাপ্যন্তরীক্ষং ন দিশো ন ভূমির্ন চ ভাস্করঃ।
প্রাজ্ঞায়ত নরশ্রেষ্ঠ! শরসংঘৈঃ কিরীটিনঃ ॥২২॥
সাদিতা রথনাগাশ্চ হতাশ্বা রথিনো রণে।
বিপ্রদ্রুতরথাঃ কেচিদ্দৃশ্যন্তে রথযূথপাঃ ॥২৩॥
বিরথা রথিনশ্চান্যে ধাবমানাস্ততস্ততঃ।
তত্র তত্রৈব দৃশ্যন্তে সায়ুধাঃ সাঙ্গদৈর্ভুজৈঃ ॥২৪॥
হয়ারোহা হয়াংস্ত্যক্ত্বা গজারোহাশ্চ দন্তিনঃ।
অর্জ্জুনস্য ভয়াদ্রাজন্! সমন্তাদ্বিপ্রদুদ্রুবুঃ ॥২৫॥
রথেভ্যশ্চ গজেভ্যশ্চ হয়েভ্যশ্চ নরাধিপাঃ।
পাতিতাঃ পাত্যমানাশ্চ দৃশ্যন্তেঽর্জ্জুনসায়কৈঃ ॥২৬॥

ভারতকৌমুদী

প্রণেদুরিতি। তিমিরা রজোভিস্তিমিরাবৃতাঃ। অনয়ো দুর্নীতিফলম্ ॥২১॥
নেতি। শরসংঘৈরাবৃতত্বাদেবেতি সর্বত্র ভাবঃ ॥২২॥
সাদিতা ইতি। বিপ্রদ্রুতাঃ পলায়িতা রথা যেষাং তে, রথযূথপা রথিশ্রেষ্ঠাঃ ॥২৩॥
বিরথা ইতি। তত্র তত্রৈব দৃশ্যন্তে ন পুনরগ্রেসরাঃ, অর্জ্জুনশরৈর্বারণাৎ ॥২৪॥
হয়েতি। দন্তিনস্ত্যক্ত্বেতি সম্বন্ধঃ। বিপ্রদুদ্রুবুঃ পলায়াঞ্চক্রিরে ॥২৫॥
রথেভ্য ইতি। নরাধিপা যোদ্ধারঃ। দৃশ্যন্তে স্ম অস্মদাদিভিঃ ॥২৬॥

সকল প্রাণী অর্ত্তনাদ করিতে লাগিল এবং সমস্ত দিক্ অন্ধকারাবৃত হইল। সুতরাং কৌরবগণের সাতিশয় ও ভয়ঙ্কর দুর্নীতির ফল তখন দেখা যাইতে লাগিল ॥২১॥

নরনাথ! অর্জ্জুনের বাণসমূহে আকাশ, দিক্, ভূতল ও সূর্য্য—এগুলির কোনটাকেই দেখা গেল না ॥২২॥

তখন আমরা দেখিলাম—রথ ভগ্ন, হস্তী বিনষ্ট ও রথিগণের অশ্বসকল নিহত হইয়াছে এবং রথিশ্রেষ্ঠগণের রথগুলি পলায়ন করিতেছে ॥২৩॥

আর দেখিলাম—অন্য রথীরা নানা দিক্ হইতে দ্রুত আসিয়া রথবিহীন হইতেছেন এবং কেয়ূরভূষিতবাহু ও অস্ত্রধারী যোদ্ধারা সেই সেই স্থানেই থাকিতেছেন (কিন্তু মোটেই অগ্রসর হইতে পারিতেছেন না) ॥২৪॥

রাজা! অর্জুনের ভয়ে অশ্বারোহীরা অশ্বগুলিকে এবং গজারোহীরা গজসমূহকে ত্যাগ করিয়া সকল দিকে পলায়ন করিতে লাগিল ॥২৫॥

(২২)…প্রজজ্ঞে ভরতশ্রেষ্ঠ! শস্ত্রসংঘৈঃ…রা নি। (২৩) পাতিতধ্বজনাগাস্ত হতাশ্বা রথিনো ভৃশম্—পি বা। (২৬)…অর্জ্জুনতাড়িতাঃ—পি, পতিতাঃ পাত্যমানাশ্চ…রা নি।

সগদান্নুদ্যতান্ বাহূন্ সখড়্গাংশ্চ বিশাংপতে !।
সপ্রাসাংশ্চ সতূণীরান্ সশরান্ সশরাসনান্ ॥২৭॥
সাঙ্কুশান্ সপতাকাংশ্চ তত্র তত্রার্জ্জুনো নৃণাম্।
নিচকর্ত্ত শরৈরুগ্রৈ রৌদ্রং বপুরধারয়ৎ ॥২৮॥ (যুগ্মকম্)
পরিঘাণাং বিদীর্ণানাং মুদ্গরাণাঞ্চ মারিষ !।
প্রাসানাং ভিন্দিপালানাং নিস্ত্রিংশানাঞ্চ সংযুগে ॥২৯॥
পরশ্বধানাং তীক্ষ্ণানাং তোমরাণাঞ্চ ভারত !।
বর্ম্মণাং চাপবিদ্ধানাং কাঞ্চনানাঞ্চ ভূমিপ ! ॥৩০॥
ধ্বজানাং চর্ম্মণাঞ্চৈব ব্যজনানাঞ্চ সর্ব্বশঃ।
ছত্রাণাং হেমদণ্ডানাং তোমরাণাঞ্চ ভারত ! ॥৩১॥
প্রতোদানাঞ্চ যোক্ত্রাণাং কশানাঞ্চৈব মারিষ !।
রাশয়ঃ স্মাত্র দৃশ্যন্তে বিনিকীর্ণা রণক্ষিতৌ ॥৩২॥ (কলাপকম্)
নাসীত্তত্র পুমান্ কশ্চিত্তব সৈন্যস্য ভারত !।
যোঽর্জ্জুনং সমরে শূরং প্রত্যুদ্যায়াৎ কথঞ্চন ॥৩৩॥

ভারতকৌমুদী

সগদানিতি। সশরাসনান্ সকার্ম্মুকান্। নিচকর্ত্ত চিচ্ছেদ ॥২৭—২৮॥

পরিঘাণামিতি। বিদীর্ণানাম্ অর্জ্জুনেনৈব। অপবিদ্ধানাম্ অর্জ্জুনেন ছিত্বা পাতিতানাম্। বিভিন্নজাতীয়তয়া তোমরাণাং দ্বিরুক্তিঃ। বিনিকীর্ণাঃ ক্ষিপ্তাঃ ॥২৯—৩২॥

নেতি। প্রত্যুদ্যায়াৎ যোদ্ধুমভিগচ্ছেৎ ॥৩৩॥

আমরা ইহাও দেখিলাম—অর্জুনের বাণ সকল যাইয়া যোদ্ধাদিগকে রথ, হস্তী ও অশ্ব হইতে নিপাতিত করিয়াছে ও করিতেছে ॥২৬॥

নরনাথ! ক্রমে অর্জুন রৌদ্র মূর্ত্তি ধারণ করিলেন এবং ভীষণ বাণসমূহদ্বারা গদা, তরবারি, প্রাস, তূণ, বাণ, ধনু, অঙ্কুশ ও পতাকাধারী যোদ্ধৃগণের বাহুগুলিকে ছেদন করিতে লাগিলেন ॥২৭—২৮॥

মাননীয় ভরতনন্দন! বিদীর্ণ পরিঘ, মুদ্গর, প্রাস, ভিন্দিপাল, তরবারি, পরশু, তীক্ষ্ণ তোমর, দেহচ্যুত স্বর্ণময় বর্ম্ম, ধ্বজ, চর্ম্ম, ব্যজন, স্বর্ণদণ্ড ছত্র, তোমর, প্রতোদ (বৃহৎ চাবুক) যোৎ ও কশা (ক্ষুদ্র চাবুক), রাশি রাশি এই পদার্থগুলি সমরাঙ্গনে বিক্ষিপ্ত অবস্থায় দেখা গেল ॥২৯—৩২॥

(২৮)…রৌদ্রং রূপমধারয়ৎ—পি বা। (২৯) পরিঘাণাং প্রদীপ্তানাম্…বা নি। (৩৩)…প্রত্যুদীয়াৎ কথঞ্চন—পি বা।

CENTRAL LIBRARY

যো যো হি সমরে পার্থং প্রত্যুদ্‌যাতি বিশাংপতে ! ।
স সংখ্যে বিশিখৈস্তীক্ষ্ণৈঃ পরলোকায় নীয়তে ॥৩৪॥
তেষু বিদ্রবমাণেষু তব যোধেষু সর্বশঃ ।
অর্জ্জুনো বাসুদেবশ্চ দধ্মতুর্বারিজোত্তমৌ ॥৩৫॥
তৎ প্রভগ্নং বলং দৃষ্ট্বা পিতা দেবব্রতস্তব ।
অব্রবীৎ সমরে শূরং ভারদ্বাজং স্ময়ন্নিব ॥৩৬॥
এষ পাণ্ডুসুতো বীরঃ কৃষ্ণেন সহিতো বলী ।
তথা করোতি সৈন্যানি যথা কুর্য্যান্ন কশ্চন ॥৩৭॥
ন হ্যেষ সমরে শক্যো জেতুমদ্য কথঞ্চন ।
যথাঽস্য দৃশ্যতে রূপং কালান্তকযমোপমম্ ॥৩৮॥

ভারতকৌমুদী

য ইতি। সংখ্যে যুদ্ধে, বিশিখৈর্বাণৈঃ। নীয়তে অর্জ্জুনেন ॥৩৪॥
তেষ্বিতি। বিদ্রবমাণেষু পলায়মানেষু। বারিজোত্তমৌ শঙ্খশ্রেষ্ঠৌ ॥৩৫॥
তদিতি। প্রভগ্নং বিচ্ছিন্নম্। ভারদ্বাজং দ্রোণম্, স্ময়ন্ বিস্ময়ং প্রাপ্নুবন্ ॥৩৬॥
এষ ইতি। সৈন্যানি কৌরববলানি, কুর্য্যাৎ কর্ত্তুং শক্নুয়াৎ ॥৩৭॥
নেতি। যথা যতঃ, অস্য পাণ্ডুসুতস্য ॥৩৮॥

ভরতনন্দন ! আপনার সৈন্যের মধ্যে এমন কোন লোক ছিল না, যে, সমরাঙ্গনে কোন প্রকারে মহাবীর অর্জুনের সম্মুখে যাইতে পারে ॥৩৩॥

নরনাথ ! যে যে লোক যুদ্ধে অর্জুনের সম্মুখে যাইতে লাগিল, অর্জুন যুদ্ধে তীক্ষ্ণ বাণদ্বারা সেই সেই লোককেই যমালয়ে প্রেরণ করিতে লাগিলেন ॥৩৪॥

মহারাজ ! আপনার সেই সকল যোদ্ধা পলায়ন করিতে লাগিলে, কৃষ্ণ ও অর্জুন উত্তম শঙ্খধ্বনি করিলেন ॥৩৫॥

সেই সৈন্য বিচ্ছিন্ন হইয়াছে দেখিয়া আপনার জ্যেষ্ঠতাত ভীষ্ম বিস্ময়াপন্ন হইয়াই যেন সমরাঙ্গনে বীর দ্রোণকে বলিলেন—॥৩৬॥

'বীর ও বলবান্ এই অর্জুন কৃষ্ণের সহিত মিলিত হইয়া আমাদের সৈন্যগুলিকে সেইরূপ করিতেছেন, যেরূপ কেহ করিতে পারে না ॥৩৭॥

অথ চ আজ কোন প্রকারেই ইঁহাকে যুদ্ধে জয় করিতে পারা যাইবে না। যে হেতু কালান্তকযমের ন্যায় ইঁহার রূপ দেখা যাইতেছে ॥৩৮॥

(৩৫)···শঙ্খং দধ্মতুরুত্তমৌ—পি বা। (৩৭)···বীর !···যথা কুর্য্যাদ্ধনঞ্জয়ঃ—বা রা নি। (৩৮)···বিজেতুং হি কথঞ্চন—রা নি।

ন নিবর্ত্তয়িতুঞ্চাপি শক্যেয়ং মহতী চমূঃ।
অন্যোন্যপ্রেক্ষয়া পশ্য দ্রবতীয়ং বরূথিনী ॥৩৯॥
এষ চাস্তং গিরিশ্রেষ্ঠং ভানুমান্ প্রতিপদ্যতে।
চক্ষূংষি সর্বলোকস্য সংহরন্নিব সর্বথা ॥৪০॥
তত্রাবহারং সংপ্রাপ্তং মন্যেঽহং পুরুষর্ষভ!।
শ্রান্তা ভীতাশ্চ নো যোধা ন যোৎস্যন্তি কথঞ্চন ॥৪১॥
এবমুক্ত্বা ততো ভীষ্মো দ্রোণমাচার্য্যসত্তমম্।
অবহারমথো চক্রে তাবকানাং মহারথঃ ॥৪২॥
ততঃ সরথনাগাশ্বা জয়ং প্রাপ্য সসোমকাঃ।
পাঞ্চালাঃ পাণ্ডবাশ্চৈব প্রণেদুশ্চ পুনঃ পুনঃ ॥৪৩॥
প্রযযুঃ শিবিরায়ৈব ধনঞ্জয়পুরস্কৃতাঃ।
বাদিত্রঘোষৈঃ সংহৃষ্টাঃ প্রণদন্তো মহারথাঃ ॥৪৪॥

ভারতকৌমুদী

নেতি। অন্যোন্যপ্রেক্ষয়া পরস্পরপলায়নদর্শনেন। বরূথিনী সেনা ॥৩৯॥
এষ ইতি। ভানুমান্ সূর্য্যঃ, প্রতিপদ্যতে গচ্ছতি ॥৪০॥
তত্রেতি। তত্র তেন হেতুনেত্যর্থঃ, অবহারং যুদ্ধবিরামম্, সংপ্রাপ্তমুচিতম্ ॥৪১॥
এবমিতি। অবহারং যুদ্ধবিরামম্, তাবকানাং তব সৈন্যানাম্ ॥৪২॥
তত ইতি। নাগা হস্তিনঃ। প্রণেদুঃ প্রকর্ষেণ সিংহনাদং চক্রুঃ ॥৪৩॥

আবার এই বিশাল সেনাকে ফিরাইতেও পারা যাইবে না। দেখুন—এই সেনা পরস্পরের পলায়ন দর্শন করিয়া পলায়ন করিতেছে ॥৩৯॥

এদিকে এই সূর্য্যও সমস্ত লোকের দৃষ্টিশক্তি হরণ করতই যেন অস্তাচলে গমন করিতেছেন ॥৪০॥

অতএব পুরুষশ্রেষ্ঠ! আমি মনে করি—এখন যুদ্ধের বিরাম করাই উচিত। কারণ, আমাদের যোদ্ধারা পরিশ্রান্ত ও ভীত হইয়া পড়িয়াছে বলিয়া কোন প্রকারেই আজ আর যুদ্ধ করিতে পারিবে না' ॥৪১॥

তাহার পর মহারথ ভীষ্ম আচার্য্যশ্রেষ্ঠ দ্রোণকে এইরূপ বলিয়া তৎপরে আপনার সৈন্যগণের অবহার করিলেন ॥৪২॥

তদনন্তর হস্তী, অশ্ব, রথ ও সোমকগণের সহিত সম্মিলিত পাঞ্চালগণ ও পাণ্ডবগণ জয়লাভ করিয়া বার বার সিংহনাদ করিলেন ॥৪৩॥

(৪৩)···দ্রোণাচার্য্যমনুত্তমম্···পি বা। (৪৩) (৪৪) ইদং শ্লোকদ্বয়ং পি বা ব রা নাস্তি।

ততোঽবহারঃ সৈন্যানাং তব তেষাঞ্চ ভারত ! ।
অস্তং গচ্ছতি সূর্য্যেঽভূৎ সন্ধ্যাকালে চ বর্ত্ততি ॥৪৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভীষ্মবধে দ্বিতীয়দিবসযুদ্ধং নাম পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

ষট্পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ।

সঞ্জয় উবাচ ।

প্রভাতায়াস্তু শর্ব্বর্য্যাং ভীষ্মঃ শান্তনবস্ততঃ ।
অনীকান্যথ সংযানে ব্যাদিদেশ পরন্তপঃ ॥১॥

ভারতকৌমুদী

প্রযযুরিতি। বাদিত্রঘোষৈর্বাদ্যধ্বনিভিঃ, প্রণদন্তঃ শব্দং কুর্ব্বন্তঃ ॥৪৪॥

তত ইতি। অবহারো যুদ্ধবিরামঃ। তেষাং পাণ্ডবানাম্। বর্ত্ততি বর্ত্তমানে ॥৪৫॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

প্রভাতায়ামিতি। শর্ব্বর্য্যাং রাত্রৌ। অনীকানি সৈন্যানি, সংযানে যুদ্ধপ্রয়াণে ॥১॥

ভারতভাবদীপঃ

গতেতি ॥১—৩৬॥ যথা কুর্য্যাদ্ধনঞ্জয়ঃ—ধনঞ্জয়োঽগ্নিরর্জ্জুনো বা স যথা কুর্য্যাদিত্যসাধারণ্যোক্তিঃ ॥৩৭—৩৮॥ অন্যোন্যপ্রেক্ষয়া পরস্পরভঙ্গদর্শনেন ॥৩৯—৪৪॥ বর্ত্ততি বর্ত্তমানে ॥৪৫॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৫॥

ক্রমে পাণ্ডবপক্ষীয় মহারথেরা আনন্দিত হইয়া বাদ্যধ্বনি সহকারে কোলাহল করিতে থাকিয়া অর্জ্জুনকে অগ্রবর্ত্তী করিয়া শিবিরের দিকেই প্রস্থান করিলেন ॥৪৪॥

ভরতনন্দন ! তৎপরে সূর্য্য অস্তগত এবং সন্ধ্যাকাল উপস্থিত হইলে, আপনার পক্ষের ও পাণ্ডবপক্ষের সৈন্যগণের অবহার হইল' ॥৪৫॥

---

(৪৪)···প্রণদন্তঃ ··নি। (১) প্রভাতায়াঞ্চ···শান্তনবস্তদা। অনীকান্যনুসংযানে ব্যাদিদেশাথ ভারত !—রা নি।

গারুড়ঞ্চ মহাব্যূহং চক্রে শান্তনবস্তদা।
পুত্রাণাং তে জয়াকাঙ্ক্ষী বৃদ্ধঃ কুরুপিতামহঃ ॥২॥
গরুড়স্য স্বয়ং তুণ্ডে পিতা দেবব্রতস্তব।
চক্ষুষী চ ভরদ্বাজঃ কৃতবর্ম্মা চ সাত্বতঃ ॥৩॥
অশ্বত্থামা কৃপশ্চৈব শির আস্তাং যশস্বিনৌ।
ত্রৈগর্ত্তৈর্মৎস্যকৈকেয়ৈর্বাটধানৈশ্চ সংযুতৌ ॥৪॥
ভূরিশ্রবাঃ শলঃ শল্যো ভগদত্তশ্চ মারিষ!।
মদ্রকাঃ সিন্ধুসৌবীরাস্তথা পাঞ্চনদাশ্চ যে ॥৫॥
জয়দ্রথেন সহিতা গ্রীবায়াং সন্নিবেশিতাঃ।
পৃষ্ঠে দুর্য্যোধনো রাজা সোদর্য্যৈঃ সানুগৈর্বৃতঃ ॥৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

গারুড়মিতি। গারুড়ং গরুড়াকৃতিতুল্যং তদাখ্যম্ ॥২॥

গরুড়স্যেতি। তুণ্ডে মুখে। ভরদ্বাজো দ্রোণঃ, সাত্বতো যদুবংশীয়ঃ ॥৩॥

অশ্বেতি। শিরো মস্তকম্, আস্তাম্ অভবতাম্। বিধেয়প্রাধান্যেঽপি "উদ্দেশ্যবিধেয়য়োরুদ্দেশ্যবচনত্বমাখ্যাতস্য" ইতি নিয়মাদুদ্দেশ্যানুসারেণ দ্বিবচনম্ ॥৪॥

ভূরীতি। হে মারিষ! আর্য্য!। বৃতঃ পরিবেষ্টিতঃ ॥৫—৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তাহার পর রাত্রি প্রভাত হইলে, শত্রু-সন্তাপকারী শান্তনুনন্দন ভীষ্ম যুদ্ধে যাইবার জন্য সৈন্যগণকে আদেশ করিলেন ॥১॥

এবং কুরুপিতামহ ও বৃদ্ধ ভীষ্ম আপনার পুত্রগণের জয়াকাঙ্ক্ষী হইয়া তখন গারুড়নামক মহাব্যূহ রচনা করিলেন ॥২॥

আপনার জ্যেষ্ঠতাত ভীষ্ম নিজে সেই গরুড়ব্যূহের মুখস্থানে থাকিলেন এবং দ্রোণ ও যদুবংশীয় কৃতবর্ম্মা তাহার নয়নযুগল হইলেন ॥৩॥

ত্রিগর্ত্ত, মৎস্য, কেকয় ও বাটধানদেশীয় সৈন্যগণে পরিবেষ্টিত হইয়া অশ্বত্থামা ও কৃপাচার্য্য তাহার মস্তক হইলেন ॥৪॥

মাননীয় রাজা! ভূরিশ্রবা, শল, শল্য ও ভগদত্তকে এবং মদ্র, সিন্ধু, সৌবীর ও পঞ্চনদদেশের যে সকল সৈন্য ছিল তাহাদিগকে জয়দ্রথের সহিত ব্যূহের গ্রীবাদেশে সন্নিবেশিত করিলেন এবং অনুচরগণের সহিত সহোদরগণে পরিবেষ্টিত করিয়া রাজা দুর্য্যোধনকে ব্যূহের পৃষ্ঠদেশে রাখিলেন ॥৫—৬॥

(২)···ভীষ্মঃ কুরুপিতামহঃ—রা নি। (৩)··চক্ষুষী তু···পি বা। (৪)···সংযুতৈঃ···পি,··· সংযুগে—ব রা নি।

বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ কাম্বোজাশ্চ শকৈঃ সহ।
পুচ্ছমাসন্ মহারাজ! শূরসেনাশ্চ মারিষ! ॥৭॥
মাগধাশ্চ কলিঙ্গাশ্চ দাসেরকগণৈঃ সহ।
দক্ষিণং পক্ষমাসাদ্য স্থিতা ব্যূহস্য দংশিতাঃ ॥৮॥
কারূষাশ্চ বিকুঞ্জাশ্চ মুণ্ডাঃ কুণ্ডীবৃষাস্তথা।
বৃহদ্বলেন সহিতা বামপার্শ্বে সমাস্থিতাঃ ॥৯॥
ব্যূঢ়ং দৃষ্ট্বা তু তৎ সৈন্যং সব্যসাচী পরন্তপঃ।
ধৃষ্টদ্যুম্নেন সহিতঃ প্রত্যব্যূহত সংযুগে ॥১০॥
তাবকানান্তু তং ব্যূহং প্রত্যব্যূহন্ত পাণ্ডবাঃ।
অর্দ্ধচন্দ্রেণ ব্যূহেন ব্যূহং তমতিদারুণম্ ॥১১॥

ভারতকৌমুদী

বিন্দেতি। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ, কাম্বোজাদয়স্তদ্দেশীয়াঃ সৈন্যাঃ ॥৭॥
মাগধা ইতি। কলিঙ্গা ভীমসেনহতাবশিষ্টাঃ। দংশিতাঃ সন্নদ্ধাঃ ॥৮॥
কারূষা ইতি। বামপার্শ্বে ব্যূহস্য, সমাস্থিতা অবস্থিতাঃ ॥৯॥
ব্যূঢ়মিতি। ব্যূঢ়ং ব্যূহরূপেণ নিবেশিতম্। সংযুগে সমরাঙ্গনে ॥১০॥
তাবকানামিতি। তং গারুড়ং ব্যূহং প্রতি লক্ষীকৃত্য অতিদারুণং তং ব্যূহমব্যূহন্ত ॥১১॥

মাননীয় মহারাজ! অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ এবং কম্বোজদেশীয় ও শূরসেনদেশীয় যোদ্ধারা শকদেশীয় যোদ্ধাদের সহিত সেই ব্যূহের পুচ্ছ হইলেন ॥৭॥

দাসেরকগণের সহিত মাগধগণ ও কালিঙ্গগণ যুদ্ধসজ্জায় সজ্জিত হইয়া সেই গরুড়ব্যূহের দক্ষিণ পক্ষস্থানে যাইয়া অবস্থান করিতে লাগিল ॥৮॥

এবং কারূষ, বিকুঞ্জ, মুণ্ড ও কুণ্ডীবৃষদেশীয় সৈন্যেরা বৃহদ্বলের সহিত মিলিত হইয়া সেই ব্যূহের বামপার্শ্বে থাকিল ॥৯॥

এদিকেও শত্রুসন্তাপকারী অর্জ্জুন সেই কৌরবসৈন্যকে ব্যূহরূপে সন্নিবেশিত দেখিয়া ধৃষ্টদ্যুম্নের সহিত মিলিত হইয়া সমরাঙ্গনে প্রতিব্যূহ রচনা করিতে লাগিলেন ॥১০॥

আপনার পক্ষীয় সৈন্যগণের সেই গরুড়ব্যূহ দেখিয়া পাণ্ডবেরা অতিভয়ঙ্কর ও সুপ্রসিদ্ধ অর্দ্ধচন্দ্রব্যূহ রচনা করিলেন ॥১১॥

(৭)…কাম্বোজশ্চ…শূরসেনাশ্চ সর্ব্বশঃ—রা নি। (৯) অত্র বিবিধা এব পাঠভেদা বর্ত্তন্তে। (১১) পূর্ব্বার্দ্ধং রা নি নাস্তি।

CENTRAL LIBRARY

দক্ষিণং শৃঙ্গমাস্থায় ভীমসেনো ব্যরোচত।
নানাশস্ত্রৌঘসম্পন্নৈর্নানাদেশ্যৈর্নৃপৈর্বৃতঃ ॥১২॥
তমন্বেব বিরাটশ্চ দ্রুপদশ্চ মহাবলঃ।
তদনন্তরমেবাথ নীলো নীলায়ুধৈঃ সহ ॥১৩॥
নীলাদনন্তরঞ্চৈব ধৃষ্টকেতুর্মহাবলঃ।
চেদিকাশিকরূষৈশ্চ পৌরবৈশ্চাভিসংবৃতঃ ॥১৪॥
ধৃষ্টদ্যুম্নঃ শিখণ্ডী চ পাঞ্চালাশ্চ প্রভদ্রকাঃ।
মধ্যে সৈন্যস্য মহতঃ স্থিতা যুদ্ধায় ভারত! ॥১৫॥
তত্রৈব ধর্ম্মরাজোঽপি গজানীকেন সংবৃতঃ।
ততস্তু সাত্যকী রাজন্! দ্রৌপদ্যাঃ পঞ্চ চাত্মজাঃ ॥১৬॥
অভিমন্যুস্ততঃ শূর ইরাবাংশ্চ ততঃ পরম্।
ভৈমসেনিস্ততো রাজন্! কেকয়াশ্চ মহারথাঃ ॥১৭॥

ভারতকৌমুদী

দক্ষিণমিতি। শৃঙ্গং ভাগম্, আস্থায় আশ্রিত্য। বৃতো বেষ্টিতঃ ॥১২॥
তমিতি। তং ভীমসেনম্, অনু পশ্চাদ্ভাগে, "কর্ম্মপ্রবচনীয়ৈশ্চ" ইতি দ্বিতীয়া ॥১৩॥
নীলাদিতি। অনন্তরং পশ্চাৎ, স্থিত ইতি শেষঃ। অভিসংবৃতঃ পরিবেষ্টিতঃ ॥১৪॥
ধৃষ্টেতি। প্রভদ্রকাঃ প্রভদ্রকদেশীয়া যোদ্ধারঃ ॥১৫॥
তত্রেতি। তত্রৈব মহতঃ সৈন্যস্য মধ্য এব, গজানীকেন হস্তিসৈন্যেন ॥১৬॥
অভীতি। ভৈমসেনির্ঘটোৎকচঃ ॥১৭॥

ভীমসেন—নানাবিধশস্ত্রধারী ও নানাদেশীয় রাজগণে পরিবেষ্টিত হইয়া সেই অর্দ্ধচন্দ্রব্যূহের দক্ষিণপার্শ্বে যাইয়া শোভা পাইতে লাগিলেন ॥১২॥

ভীমসেনের পিছনেই মহাবল বিরাট ও দ্রুপদ রহিলেন এবং তাহার পরেই নীলাস্ত্রধারী সৈন্যগণের সহিত নীলরাজা থাকিলেন ॥১৩॥

নীলরাজার পরে চেদি, কাশী, করূষ ও পৌরবসৈন্যে পরিবেষ্টিত হইয়া মহাবল ধৃষ্টকেতু রহিলেন ॥১৪॥

ভরতনন্দন! ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী এবং পাঞ্চালসৈন্য ও প্রভদ্রকসৈন্যেরা যুদ্ধ করিবার জন্য সেই মহাসৈন্যের মধ্যস্থানে থাকিলেন ॥১৫॥

রাজা! ধর্ম্মরাজ যুধিষ্ঠিরও হস্তিসৈন্যে পরিবেষ্টিত হইয়া সেই মধ্যস্থানেই রহিলেন; তাহার পরে সাত্যকি ও দ্রৌপদীর পঞ্চপুত্র থাকিলেন ॥১৬॥

(১৩) তদন্বেব···রা নি। (১৪) নীলাদনন্তরঞ্চৈব···পৌরবৈরপি সংবৃতঃ—রা নি। (১৫)···সৈন্যেন মহতা··· পি বা। (১৭) অভিমন্যুস্ততস্তূর্ণম্···পি বা।

CENTRAL LIBRARY

ততোঽভূদ্দ্বিপদাং শ্রেষ্ঠো বামং পার্শ্বমুপাশ্রিতঃ।
সর্বস্য জগতো গোপ্তা যস্য গোপ্তা জনার্দ্দনঃ ॥১৮॥
এবমেতং মহাব্যূহং প্রত্যব্যূহন্ত পাণ্ডবাঃ।
বধার্থং তব পুত্রাণাং তৎপক্ষে যে চ সঙ্গতাঃ ॥১৯॥
ততঃ প্রববৃতে যুদ্ধং ব্যতিষক্তরথদ্বিপম্।
তাবকানাং পরেষাঞ্চ নিঘ্নতামিতরেতরম্ ॥২০॥
হস্ত্যোঘাশ্চ রথৌঘাশ্চ তত্র তত্র বিশাংপতে!।
সংপতন্তো ব্যদৃশ্যন্ত নিঘ্নন্তস্তে পরস্পরম্ ॥২১॥
ধাবতাঞ্চ রথৌঘানাং যুধ্যতাঞ্চ পৃথক্ পৃথক্।
বভূব তুমুলঃ শব্দো বিমিশ্রো দুন্দুভিস্বনৈঃ ॥২২॥

ভারতকৌমুদী

তত ইতি। দ্বিপদাং নরাণাং শ্রেষ্ঠঃ অর্জ্জুনঃ। গোপ্তা রক্ষিতা ॥১৮॥
এবমিতি। প্রত্যব্যূহন্ত কৌরবব্যূহস্য প্রতিব্যূহভাবেন কৃতবন্তঃ ॥১৯॥
তত ইতি। ব্যতিষক্তাঃ পরস্পরং লগ্না রথা দ্বিপা হস্তিনশ্চ যত্র তৎ ॥২০॥
হস্তীতি। হস্তিনাম্ ওঘাঃ সমূহাঃ। সংপতন্ত উপর্য্যুপরি পতন্তঃ ॥২১॥

রাজা! তাহার পর বীর অভিমন্যু, তৎপরে ইরাবান্, তাহার পশ্চাতে ঘটোৎকচ ও তৎপৃষ্ঠে কেকয়দেশীয় মহারথেরা রহিলেন ॥১৭॥

আর সমগ্র জগতের রক্ষক স্বয়ং নারায়ণ যাঁহার রক্ষক হইয়াছেন, সেই নরশ্রেষ্ঠ অর্জুন অর্দ্ধচন্দ্রব্যূহের বামপার্শ্ব অবলম্বন করিয়া অবস্থান করিতে লাগিলেন ॥১৮॥

মহারাজ! পাণ্ডবেরা আপনার পুত্রগণের এবং যাঁহারা তাঁহাদের পক্ষে আগমন করিয়াছেন তাঁহাদের বধের জন্য এইভাবে এই মহাব্যূহ রচনা করিলেন ॥১৯॥

তাহার পর পরস্পর আঘাতকারী আপনার সৈন্য ও পাণ্ডবসৈন্যের যুদ্ধ আরম্ভ হইল; তখন রথ ও হস্তী সকল পরস্পর মিশিয়া গেল ॥২০॥

নরনাথ! তখন দেখা গেল—সেই হস্তিসমূহ ও রথসমূহ নানাস্থানে পরস্পর ঘাতপ্রতিঘাতে প্রবৃত্ত হইয়া একটার উপরে আর একটা যাইয়া পতিত হইতে থাকিল ॥২১॥

---

(২১) হয়ৌঘাশ্চ রথৌঘাশ্চ··· বা নি।

দিবস্পৃঙ্ নরবীরাণাং নিম্নতামিতরেতরম্।
সংপ্রহারে সুতুমুলে তব তেষাঞ্চ ভারত! ॥২৩॥ (যুগ্মকম্)
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভীষ্মবধে তৃতীয়দিবসযুদ্ধে পরস্পরব্যূহরচনায়াং
ষট্পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

ততো ব্যূঢ়েষ্বনীকেষু তাবকেষ্বিতরেষু চ।
ধনঞ্জয়ো রথানীকমবধীত্তব ভারত! ॥১॥
শরৈরতিরথো যুদ্ধে পাতয়ন্ রথযূথপান্।
তে বধ্যমানাঃ পার্থেন কালেনেব যুগক্ষয়ে ॥২॥

ভারতকৌমুদী

ধাবতামিতি। শব্দঃ কোলাহলঃ। দিবস্পৃক্ গগনস্পর্শী। সম্প্রহারে যুদ্ধে ॥২২—২৩॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ষট্পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

তত ইতি। হে ভারত! তাবকেষু স্বদীয়েষু, ইতরেষু পাণ্ডবীয়েষু চ, অনীকেষু সৈন্যেষু, ব্যূঢ়েষু ব্যূহরূপেণ সন্নিবেশিতেষু সৎসু, ততঃ প্রাগুক্তযুদ্ধাৎ পরম্, অতিরথো ধনঞ্জয়ো যুদ্ধে শরৈঃ রথযূথপান্ রথিশ্রেষ্ঠান্ পাতয়ন্ তব রথানীকমবধীৎ। ইত্থঞ্চ প্রাগুক্তৈঃ সহ নাসামঞ্জস্যম্।

ভরতনন্দন! তৎপরে আপনার পক্ষীয় ও পাণ্ডবপক্ষীয় যোদ্ধারা পরস্পর আঘাত করিতে লাগিলেন, রথ সকল ছুটাছুটি করিতে থাকিল এবং পৃথক্ পৃথক্ ভাবে যুদ্ধ হইতে লাগিল। এইভাবে অতিতুমুল যুদ্ধ হইতে লাগিলে, দুন্দুভি-ধ্বনির সহিত নরবীরগণের গগনস্পর্শী কোলাহল হইতে লাগিল' ॥২২—২৩॥

সঞ্জয় বলিলেন—'ভরতনন্দন! আপনার সৈন্য ও পাণ্ডবগণের সৈন্য ব্যূহ-রূপে সন্নিবেশিত হইলে এবং পূর্ব্বোক্তরূপ যুদ্ধ হওয়ার পরে অতিরথ অর্জুন বাণদ্বারা যুদ্ধে রথিশ্রেষ্ঠদিগকে নিপাতিত করিতে থাকিয়া আপনার রথিসৈন্য

---

(২২)···নিম্নতাঞ্চ পৃথক্ পৃথক্···রা নি। (২)···দারয়ন্ রথযূথপান্···রা নি।

CENTRAL LIBRARY

ধার্ত্তরাষ্ট্রা রণে যত্তাঃ পাণ্ডবান্ প্রত্যযোধয়ন্।
প্রার্থয়ানা যশো দীপ্তং মৃত্যুং কৃত্বা নিবর্ত্তনম্ ॥৩॥ (বিশেষকম্)
একাগ্রমনসো ভূত্বা পাণ্ডবানাং বরূথিনীম্।
বভঞ্জুর্বহুশো রাজংস্তে চাসজ্জন্ত সংযুগে ॥৪॥
দ্রবদ্ভিরথ ভগ্নৈশ্চ পরিবর্ত্তদ্ভিরেব চ।
পাণ্ডবৈঃ কৌরবেয়ৈশ্চ ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥৫॥
উদতিষ্ঠদ্রজো ভৌমং ছাদয়ানং দিবাকরম্।
ন দিশঃ প্রদিশো বাপি জজ্ঞিরেঽত্র সমাগতাঃ ॥৬॥
অনুমানেন সংজ্ঞাভির্নামগোত্রৈশ্চ সংযুগে।
বর্ত্ততে স্ম তদা যুদ্ধং তত্র তত্র বিশাংপতে! ॥৭॥

ভারতকৌমুদী

পার্থেনার্জ্জুনেন, কালেন যমেন। যত্তা যত্নবন্তঃ। প্রার্থয়ানাঃ প্রার্থয়মানাঃ। নিবর্ত্তন্তে অনেনেতি নিবর্ত্তনং নিবৃত্তিকারণম্ ॥১—৩॥

একেতি। বরূথিনীং সেনাম্। তে ধার্ত্তরাষ্ট্রাঃ, অসজ্জন্ত মিলিতাঃ ॥৪॥

দ্রবদ্ভিরিতি। দ্রবদ্ভির্ধাবদ্ভিঃ, ভগ্নৈঃ পরাজিতৈঃ। কিঞ্চন জয়ঃ পরাজয়ো বা ॥৫॥

উদিতি। রজো ধূলিঃ, ছাদয়ানং ছাদয়মানম্। জজ্ঞিরে জ্ঞাতবন্তঃ ॥৬॥

অন্বিতি। অনুমানেন বিপক্ষচিহ্নদর্শননিবন্ধনেন, সংজ্ঞাভিঃ সঙ্কেতৈঃ ॥৭॥

বধ করিতে লাগিলেন। তখন প্রলয়কালীন যমের ন্যায় অর্জুন বধ করিতে থাকিলে, ধার্ত্তরাষ্ট্র সৈন্যেরা যুদ্ধে যত্নবান্ হইয়া উজ্জ্বল যশ কামনা করিতে থাকিয়া মৃত্যুকেই যুদ্ধনিবৃত্তির কারণ করিয়া পাণ্ডবসৈন্যের সহিত প্রতিযুদ্ধ করিতে লাগিল ॥১—৩॥

রাজা! ধার্ত্তরাষ্ট্র সৈন্যেরা একাগ্রচিত্ত হইয়া যুদ্ধে মিলিত হইল এবং বহুবার পাণ্ডবসেনাকে পরাভূত করিল ॥৪॥

ক্রমে ধাবিত, পরাজিত ও পরিবর্ত্তিত পাণ্ডবসৈন্য ও কৌরবসৈন্যেরা জয় ও পরাজয়ের কিছুই বুঝিতে পারিল না ॥৫॥

এই সময়ে সূর্য্যমণ্ডল আবৃত করিয়া ভূতলের ধূলি উঠিতে লাগিল। তাহাতে যুদ্ধে সমাগত লোকেরা দিক্ বিদিক্ বুঝিতে পারিল না ॥৬॥

নরনাথ! তখন সমরাঙ্গনে ভিন্ন ভিন্নস্থানে অনুমান করিয়া, সঙ্কেত দেখিয়া এবং নাম ও গোত্র শুনিয়া যুদ্ধ চলিতে লাগিল ॥৭॥

(৩)···রণে যত্তাং···রা নি। (৪)···তে চাভজ্জন্ত সংযুগে—পি বা। (৬) প্রদিশশ্চাপি জজ্ঞু তত্রঃ কথঞ্চন—পি বা। (৭)···অবর্ত্তত তদা যুদ্ধম্··রা নি।

ন ব্যূহো ভিদ্যতে তত্র কৌরবাণাং কথঞ্চন।
রক্ষিতঃ সত্যসন্ধেন ভারদ্বাজেন সংযুগে ॥৮॥
তথৈব পাণ্ডবেয়ানাং রক্ষিতঃ সব্যসাচিনা।
নাভিদ্যত মহাব্যূহো ভীমেন চ সুরক্ষিতঃ ॥৯॥
সেনাগ্রাদভিনিষ্পত্য প্রাযুধ্যংস্তত্রমানবাঃ।
উভয়োঃ সেনয়ো রাজন্! ব্যতিষক্তরথদ্বিপাঃ ॥১০॥
হয়ারোহৈর্হয়ারোহাঃ পাত্যন্তে স্ম মহাহবে।
যষ্টিভির্বিমলাগ্রাভিঃ প্রাসৈরপি চ সংযুগে ॥১১॥
রথী রথিনমাসাদ্য বাণৈঃ কনকভূষণৈঃ।
পাতয়ামাস সমরে তস্মিন্নতিভয়ঙ্করে ॥১২॥
গজারোহা গজারোহান্ নারাচশরতোমরৈঃ।
সংযুক্তান্ পাতয়ামাসুস্তব তেষাঞ্চ ভারত! ॥১৩॥

ভারতকৌমুদী

নেতি। সত্যসন্ধেন যথার্থপ্রতিজ্ঞেন, ভারদ্বাজেন দ্রোণেন ॥৮॥
তথেতি। তথৈব কৌরবব্যূহবদেব। সব্যসাচিনা অর্জ্জুনেন ॥৯॥
সেনেতি। ব্যতিষক্তাঃ পরস্পরং লগ্না রথা দ্বিপা হস্তিনশ্চ যেষাং তে ॥১০॥
হয়েতি। হয়া অশ্বাঃ। মহান্ হব আহ্বানং যত্র তস্মিন্, সংযুগে যুদ্ধে ॥১১॥
রথীতি। আসাদ্য সম্মুখে প্রাপ্য, কনকভূষণৈঃ স্বর্ণালঙ্কৃতৈঃ ॥১২॥

সেই যুদ্ধে সত্যপ্রতিজ্ঞ দ্রোণাচার্য্য রক্ষা করিতেছিলেন বলিয়া কোন প্রকারেই কৌরবগণের ব্যূহ বিচ্ছিন্ন হইল না ॥৮॥

আবার সেইরূপই ভীম ও অর্জুন রক্ষা করিতেছিলেন বলিয়া পাণ্ডবগণের মহাব্যূহও বিশ্লিষ্ট হয় নাই ॥৯॥

রাজা! তথাপি সৈন্যেরা সেনার সম্মুখ হইতে নির্গত হইয়া যুদ্ধ করিতে লাগিল এবং উভয় সেনারই রথ ও হস্তী সকল পরস্পর মিলিত হইল ॥১০॥

যুদ্ধে উচ্চস্বরে আহ্বান চলিতে লাগিল এবং অশ্বারোহীরা নির্ম্মল যষ্টি ও প্রাসদ্বারা বিপক্ষের অশ্বারোহিগণকে নিপাতিত করিতে থাকিল ॥১১॥

সেই অতিভয়ঙ্কর যুদ্ধে রথীরা রথিগণকে পাইয়া স্বর্ণভূষিত বাণদ্বারা বিনাশ করিতে লাগিল ॥১২॥

---

(৮)···কৌরবাণাং বিশাংপতে!···ভারদ্বাজেন মারিষ!—পি বা। (৯) তথৈব পাণ্ডবানাঞ্চ···রা নি। (১০) সেনাগ্রাদপি নিষ্পত্য···রা নি। (১১)···ঋষ্টিভিঃ···রা নি। (১৩)···তেষাঞ্চ সর্ব্বশঃ···রা নি।

কশ্চিদুৎপত্য সমরে বরবারণমাস্থিতঃ।
কেশপক্ষে পরামৃশ্য জহার সমরে শিরঃ ॥১৪॥
অন্যে দ্বিরদদন্তাগ্রনির্ভিন্নহৃদয়া রণে।
বেমুশ্চ রুধিরং বীরা নিশ্বসন্তঃ সমন্ততঃ ॥১৫॥
কশ্চিৎ করিবিষাণস্থো বীরো রণবিশারদঃ।
প্রাবেপচ্ছক্তিনির্ভিন্নো গজশিক্ষাস্ত্রবেদিনা ॥১৬॥
পত্তিসংঘা রণে পত্তীন্ ভিন্দিপালপরশ্বধৈঃ।
ন্যপাতয়ন্ত সংহৃষ্টাঃ পরস্পরকৃতাগসঃ ॥১৭॥
রথী চ সমরে রাজন্নাসাদ্য গজযোধিনম্।
সগজং পাতয়ামাস স গজী রথিনং তথা ॥১৮॥

ভারতকৌমুদী

গজেতি। সংযুক্তান্ স্বযুদ্ধে মিলিতান্ ॥১৩॥
কশ্চিদিতি। বরবারণং মহাহস্তিনম্। কেশপক্ষে কেশপাশে, পরামৃশ্য ধৃত্বা ॥১৪॥
অন্য ইতি। দ্বিরদানাং হস্তিনাং দন্তাগ্রৈর্নির্ভিন্নানি হৃদয়ানি যেষাং তে ॥১৫॥
কশ্চিদিতি। করিবিষাণস্থো হস্তিদন্তস্থিতঃ। প্রাবেপৎ প্রাকম্পত ॥১৬॥
পত্তীতি। পরস্পরং কৃতানি আগাংসি প্রহারাপরাধা যৈস্তে ॥১৭॥
রথীতি। গজেন সহেতি সগজম্। গজী গজযোধী ॥১৮॥

এবং ভরতনন্দন! আপনার পক্ষের ও পাণ্ডবপক্ষের গজারোহীরা নারাচ, বাণ ও তোমরদ্বারা গজারোহিগণকে সংহার করিতে থাকিল ॥১৩॥

কোন যোদ্ধা লাফ দিয়া যাইয়া বিপক্ষের বিশাল হস্তীর উপরে উঠিয়া তাহার কেশাকর্ষণ করিয়া মস্তকচ্ছেদন করিল ॥১৪॥

বিপক্ষের হস্তীগুলি আসিয়া দন্তাগ্রদ্বারা অপর কতকগুলি বীরের হৃদয় বিদীর্ণ করিলে তাহারা নিশ্বাস ত্যাগ করিতে থাকিয়া রক্তবমন করিতে লাগিল ॥১৫॥

পরপক্ষের হস্তী আসিয়া যুদ্ধবিশারদ অন্য কোন বীরকে দন্তাগ্রে করিয়া তুলিল, তখন হস্তিশিক্ষায় নিপুণ ও অস্ত্রজ্ঞ সেই বিপক্ষ শক্তিদ্বারা তাহার হৃদয় বিদারণ করিলে সে কাঁপিতে লাগিল ॥১৬॥

পরস্পর অপরাধকারী পদাতিরা হৃষ্টচিত্তে ভিন্দিপাল ও পরশুদ্বারা যুদ্ধে বিপক্ষপদাতিগণকে নিপাত করিতে লাগিল ॥১৭॥

(১৪) ইত্যাদয়স্ত্রয়ঃ শ্লোকাঃ পি বা ন সন্তি। (১৮)···গজযূথপম্···গজী চ রথিনাং বরম্—রা নি।

রথিনঞ্চ হয়ারোহঃ প্রাসেন ভরতর্ষভ !।
পাতয়ামাস সমরে রথী চ হয়সাদিনম্ ॥১৯॥
পদাতী রথিনঞ্চৈব রথী চাপি পদাতিনম্।
ন্যপাতয়চ্ছিতৈঃ শস্ত্রৈঃ সেনয়োরুভয়োরপি ॥২০॥
গজারোহা হয়ারোহান্ পাতয়াঞ্চক্রিরে তদা।
হয়ারোহা গজস্থাংশ্চ তদদ্ভুতমিবাভবৎ ॥২১॥
গজারোহবরৈশ্চাপি তত্র তত্র পদাতয়ঃ।
পাতিতাঃ সমদৃশ্যন্ত তৈশ্চাপি গজযোধিনঃ ॥২২॥
পত্তিসংঘা হয়ারোহৈঃ সাদিসংঘাশ্চ পত্তিভিঃ।
পাত্যমানা ব্যদৃশ্যন্ত শতশোঽথ সহস্রশঃ ॥২৩॥

ভারতকৌমুদী

রথিনমিতি। হয়ারোহঃ অশ্বারোহী। হয়সাদিনম্ অশ্বারোহিণম্ ॥১৯॥
পদাতীতি। এভিঃ সমরবিনিয়মো দর্শিতঃ ॥২০॥
গজেতি। হয়ারোহেণ ঊর্দ্ধগতগজস্থহননস্য প্রায়েণাসম্ভবাদদ্ভুতত্বম্ ॥২১॥
গজেতি। তৈঃ পদাতিভিরপি গজযোধিনঃ পাতিতা ইতি সম্বন্ধঃ ॥২২॥
পত্তীতি। সাদিসংঘা হয়ারোহসমূহাঃ ॥২৩॥

রাজা ! কোন রথী যুদ্ধে হস্তিযোধীকে পাইয়া হস্তীর সহিতই তাহাকে নিপাতিত করিল ; আবার কোন হস্তিযোধী রথীকে সংহার করিল ॥১৮॥

ভরতশ্রেষ্ঠ ! কোন অশ্বারোহী কুন্তদ্বারা রথারোহীকে বিনাশ করিল ; আবার কোন রথী অশ্বারোহীকে বধ করিল ॥১৯॥

আর উভয় সৈন্যেরই পদাতি রথীকে এবং রথী পদাতিকে সুতীক্ষ্ণ অস্ত্রদ্বারা সংহার করিতে লাগিল ॥২০॥

তখন গজারোহীরা অশ্বারোহীদিগকে এবং অশ্বারোহীরা গজারোহীদিগকে নিপাত করিতে লাগিল ; তাহার মধ্যে অশ্বারোহীরা যে গজারোহীদিগকে নিপাত করিতে লাগিল, তাহা যেন অদ্ভুতের ন্যায় হইতে থাকিল ॥২১॥

ক্রমে দেখা গেল—ভিন্ন ভিন্ন স্থানে গজারোহীরা পদাতিগণকে এবং পদাতিরাও গজারোহিগণকে নিপাত করিতে লাগিল ॥২২॥

আবার দেখিলাম—পদাতিরা শত শত ও সহস্র সহস্র অশ্বারোহীকে এবং অশ্বারোহীরাও শত শত ও সহস্র সহস্র পদাতিকে সংহার করিতেছে ॥২৩॥

(২০) পদাতী রথিনং সংখ্যে…রা নি।

ধ্বজৈস্তত্রাপবিদ্ধৈশ্চ কার্ম্মুকৈস্তোমরৈস্তথা।
প্রাসৈস্তথা গদাভিশ্চ পরিঘৈঃ কম্পনৈস্তথা ॥২৪॥
শক্তিভিঃ কবচৈশ্চিত্রৈঃ কণপৈরঙ্কুশৈরপি।
নিস্ত্রিংশৈর্বিমলৈশ্চাপি স্বর্ণপুঙ্খৈঃ শরৈস্তথা ॥২৫॥
পরিস্তোমৈঃ কুথৈশ্চাপি কম্বলৈশ্চ মহাধনৈঃ।
ভূর্ভাতি ভরতশ্রেষ্ঠ! স্রগ্দামৈরিব চিত্রিতা ॥২৬॥ (বিশেষকম্)
নরাশ্বকায়ৈঃ পতিতৈর্দন্তিভিশ্চ মহাহবে।
অগম্যরূপা পৃথিবী মাংসশোণিতকর্দ্দমা ॥২৭॥
প্রশশাম রজো ভৌমং ব্যুক্ষিতং নরশোণিতৈঃ।
দিশশ্চ বিমলাঃ সর্বাঃ সংবভূবুর্জনেশ্বর! ॥২৮॥
উত্থিতান্যগণেয়ানি কবন্ধানি সমন্ততঃ।
চিহ্নভূতানি জগতো বিনাশার্থায় ভারত! ॥২৯॥

ভারতকৌমুদী

ধ্বজৈরিতি। অপবিদ্ধৈঃ পাতিতৈরিতি যথাসম্ভবং সর্বত্র সম্বধ্যতে। কম্পনৈঃ কণপৈশ্চাস্ত্রবিশেষৈঃ। পরিস্তোমৈর্বৃহদাস্তরণৈঃ, কুথৈঃ ক্ষুদ্রাস্তরণৈঃ। মহাধনৈর্মহামূল্যৈঃ। স্রজঃ কুসুমমালাশ্চ দামা মুক্তাহারাদয়শ্চ তৈঃ ॥২৪—২৬॥

নরেতি। পৃথিবী তৎসমরভূমিঃ অগম্যরূপা, মাংসশোণিতকর্দ্দমত্বাদেব ॥২৭॥

প্রেতি। ব্যুক্ষিতং বিশেষভাবেন সিক্তম্, অতএব প্রশশামেতি ভাবঃ ॥২৮॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—২॥ মৃত্যুং কৃত্বা নিবর্ত্তনং মৃত্যুরেব নিবর্ত্তনহেতুর্নান্য ইত্যর্থঃ ॥৩—৬॥ অনুমানেন ধ্বজাদিচিহ্নেন, সংজ্ঞাভিঃ সঙ্কেতৈশ্চ ॥৭—২৫॥ পরিস্তোমৈশ্চিত্রকম্বলৈঃ, কুথাভি-

ভরতশ্রেষ্ঠ! নিপতিত ধ্বজ, ধনু, তোমর, প্রাস, গদা, পরিঘ, কম্পন, শক্তি, বিচিত্র কবচ, কণপ, অঙ্কুশ, নির্ম্মল তরবারি, স্বর্ণপুঙ্খ বাণ, বৃহৎ আস্তরণ, ক্ষুদ্র আস্তরণ এবং পুষ্পমালা ও মুক্তাহারপ্রভৃতির ন্যায় মহামূল্য কম্বলদ্বারা বিচিত্র হইয়া সেই সমরভূমি শোভা পাইতে লাগিল ॥২৪—২৬॥

মহাযুদ্ধে নিপতিত হস্তী, অশ্ব ও মনুষ্যের শরীরে এবং তাহাদের মাংস ও রক্তের কর্দ্দমে সেই সমরভূমিটা ক্রমে অগম্য হইয়া উঠিল ॥২৭॥

নরনাথ! ক্রমে মানুষের রক্তে সিক্ত হওয়ায় ভূতলের ধূলিসমূহ নিবৃত্তি পাইল এবং সমস্ত দিক্ নির্ম্মল হইল ॥২৮॥

(২৬) পরিস্তোমৈঃ কুথাভিশ্চ…পি বা। (২৮)…রণশোণিতৈঃ…রা নি,…সমপদ্যন্ত ভারত!—পি বা।

তস্মিন্ যুদ্ধে মহারৌদ্রে বর্ত্তমানে সুদারুণে।
প্রত্যদৃশ্যন্ত রথিনো ধাবমানাঃ সমন্ততঃ ॥৩০॥
ততো ভীষ্মশ্চ দ্রোণশ্চ সৈন্ধবশ্চ জয়দ্রথঃ।
পুরুমিত্রো বিকর্ণশ্চ শকুনিশ্চাপি সৌবলঃ ॥৩১॥
এতে সমরদুর্দ্ধর্ষাঃ সিংহতুল্যপরাক্রমাঃ।
পাণ্ডবানামনীকানি বভঞ্জুঃ স্ম পুনঃ পুনঃ ॥৩২॥ (যুগ্মকম্)
তথৈব ভীমসেনোঽপি রাক্ষসশ্চ ঘটোৎকচঃ।
সাত্যকিশ্চেকিতানশ্চ দ্রৌপদেয়াশ্চ ভারত! ॥৩৩॥
তাবকাংস্তব পুত্রাংশ্চ সহিতান্ সর্বরাজভিঃ।
দ্রাবয়ামাসুরাজৌ তে ত্রিদশা দানবানিব ॥৩৪॥ (যুগ্মকম্)
তথা তে সমরেঽন্যোন্যং নিঘ্নন্তঃ ক্ষত্রিয়র্ষভাঃ।
রক্তোক্ষিতা ঘোররূপা বিরেজুর্দানবা ইব ॥৩৫॥

ভারতকৌমুদী

উত্থিতানীতি। অগণেয়ানি অসংখ্যেয়ানি, কবন্ধানি শিরোহীনশরীরাণি ॥২৯॥
তস্মিন্নিতি। ধাবমানা ধাবন্তঃ, সমন্ততঃ সর্ব্বাসু দিক্ষু ॥৩০॥
তত ইতি। সৈন্ধবঃ সিন্ধুরাজঃ। সৌবলঃ সুবলপুত্রঃ। অনীকানি সৈন্যানি ॥৩১—৩২॥
তথেতি। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ। দ্রাবয়ামাসুর্মর্দ্দয়ামাসুঃ, আজৌ যুদ্ধে ॥৩৩—৩৪॥

ভরতনন্দন! তৎকালে জগতের বিনাশসূচক অসংখ্য কবন্ধ, সকল দিকে উঠিতে লাগিল ॥২৯॥

সেই অতিরৌদ্র ও অতিদারুণ যুদ্ধ চলিতে লাগিলে, রথীদিগকে সকল দিকে ধাবিত হইতে দেখা গেল ॥৩০॥

তাহার পর ভীষ্ম, দ্রোণ, সিন্ধুরাজ জয়দ্রথ, পুরুমিত্র, বিকর্ণ এবং সুবলপুত্র শকুনি, এই সকল সিংহতুল্যপরাক্রম ও সমরদুর্দ্ধর্ষ বীরেরা বার বার পাণ্ডব-সৈন্যকে ছিন্ন বিচ্ছিন্ন করিলেন ॥৩১—৩২॥

ভরতনন্দন! ওদিকেও সেইরূপই ভীমসেন, রাক্ষস ঘটোৎকচ, সাত্যকি, চেকিতান এবং দ্রৌপদীর পুত্রেরা—দেবতারা যেমন দানবগণকে মর্দ্দন করিতেন, সেইরূপ যুদ্ধে আপনার সৈন্যগণকে এবং সকল রাজার সহিত আপনার পুত্র-গণকে মর্দ্দন করিতে লাগিলেন ॥৩৩—৩৪॥

(৩১)···পুরুমিত্রো জয়ো ভোজঃ শল্যশ্চাপি সসৌবলঃ—বা নি। (৩২)···বভঞ্জুঃ সমরে স্থিতাঃ—পি বা। (৩৪)···সহিতাঃ··· ত্রাসয়ামাসুরাজিস্থান্···পি বা।

CENTRAL LIBRARY

বিনির্জ্জিত্য রিপূন্ বীরাঃ সেনয়োরুভয়োরপি।
ব্যদৃশ্যন্ত মহামাত্রা গ্রহা ইব নভস্তলে ॥৩৬॥
ততো রথসহস্রেণ পুত্রো দুর্য্যোধনস্তব।
অভ্যয়াৎ পাণ্ডবান্ যুদ্ধে রাক্ষসঞ্চ ঘটোৎকচম্ ॥৩৭॥
তথৈব পাণ্ডবাঃ সর্বে মহত্যা সেনয়া সহ।
ভীষ্মদ্রোণৌ রণে শূরৌ প্রত্যুদ্যযুররিন্দমৌ ॥৩৮॥
কিরীটী চ যযৌ ক্রুদ্ধঃ সমন্তাৎ পার্থিবোত্তমান্।
আর্জ্জুনিঃ সাত্যকিশ্চৈব যযতুঃ সৌবলং বলম্ ॥৩৯॥

ভারতকৌমুদী

তথেতি। নিম্নস্থঃ প্রহরস্থঃ। রক্তোক্ষিতাঃ শোণিতসিক্তগাত্রাঃ ॥৩৫॥
বিনির্জ্জিত্যেতি। মহামাত্রা বিশালপ্রমাণাঃ ॥৩৬॥
তত ইতি। রথসহস্রেণ সহ। অভ্যয়াৎ অভ্যধাবৎ ॥৩৭॥
তথেতি। সর্বে অর্জ্জুনভিন্নাঃ, পরত্র তস্য পৃথগুপাদানাৎ ॥৩৮॥
কিরীটীতি। আর্জ্জুনিরভিমন্যুঃ। সৌবলং শকুনিসম্বন্ধি ॥৩৯॥

ভারতভাবদীপঃ

তৈস্তৈরেব স্থূলৈঃ, বহুলৈঃ রাম্বরৈঃ, মহাংনৈর্মহামূল্যৈঃ, স্রগ্দামৈঃ স্রগ্রচিতৈর্দামভিঃ অনেন স্রজাং বাহুল্যং দৈর্ঘ্যঞ্চ দর্শিতম্ ॥২৬—৩৫॥ মহামাত্রাঃ প্রধানাঃ ॥৩৬—৪০॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৭॥

এবং সেই ক্ষত্রিয়শ্রেষ্ঠেরা যুদ্ধে পরস্পর প্রহার করিতে থাকিয়া রক্তাক্তদেহ হইয়া ভয়ঙ্করমূর্ত্তি দানবগণের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥৩৫॥

ক্রমে উভয় সৈন্যের বীরেরাই শত্রুদিগকে জয় করিয়া আকাশে বিশাল-প্রমাণ গ্রহগণের ন্যায় দৃষ্টিগোচর হইতে থাকিলেন ॥৩৬॥

রাজা! তাহার পর আপনার পুত্র দুর্য্যোধন বহুসংখ্যক রথীর সহিত যুদ্ধে পাণ্ডবগণ ও রাক্ষস ঘটোৎকচের দিকে ধাবিত হইলেন ॥৩৭॥

এবং অর্জ্জুনভিন্ন অপর পাণ্ডবেরা সকলে বিশাল সৈন্যের সহিত মহাবীর ও শত্রুদমনকারী ভীষ্ম ও দ্রোণের দিকে গমন করিলেন ॥৩৮॥

অর্জ্জুনও ক্রুদ্ধ হইয়া সকল দিকের প্রধান প্রধান রাজাদের প্রতি যাইতে লাগিলেন এবং অভিমন্যু ও সাত্যকি শকুনির সৈন্যের দিকে গমন করিলেন ॥৩৯॥

(৩৬) বিজিত্য চ রিপূন্ সর্ব্বান্…পি বা। (৩৭)…অভ্যয়াৎ পাণ্ডবং…রা নি। (৩৮)…রণে যত্তৌ…রা নি।

ততঃ প্রববৃতে ভূয়ঃ সংগ্রামো লোমহর্ষণঃ।
তাবকানাং পরেষাঞ্চ জিগীষূণাং পরস্পরম্ ॥৪০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভীষ্মবধে তৃতীয়দিবসযুদ্ধে সঙ্কুলযুদ্ধে সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

ততস্তে পার্থিবাঃ ক্রুদ্ধাঃ ফাল্গুনং বীক্ষ্য সংযুগে।
রথৈরনেকসাহস্রৈঃ সমন্তাৎ পর্য্যবারয়ন্ ॥১॥
অথৈনং রথবংশেন কোষ্ঠকীকৃত্য ভারত!।
শরৈঃ সুবহুসাহস্রৈঃ সমন্তাৎ পর্য্যবাকিরন্ ॥২॥
শক্তীশ্চ বিমলাস্তীক্ষ্ণা গদাশ্চ পরিঘৈঃ সহ।
প্রাসান্ পরশ্বধাংশ্চৈব মুদ্গরান্ মুষলানপি ॥৩॥

ভারতকৌমুদী

তত ইতি। ভূয়ঃ পুনরপি। জিগীষূণাং জেতুমিচ্ছূনাম্ ॥৪০॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

তত ইতি। পার্থিবাঃ কৌরবপক্ষীয়া রাজানঃ, ফাল্গুনমর্জ্জুনম্ ॥১॥
অথেতি। রথানাং বংশেন সমূহেন, কোষ্ঠকীকৃত্য পরিবেষ্ট্য ॥২॥

মহারাজ! তাহার পর পরস্পর জিগীষু আপনার সৈন্য এবং পাণ্ডবসৈন্যের পুনরায় লোমহর্ষণ যুদ্ধারম্ভ হইল' ॥৪০॥

সঞ্জয় বলিলেন—'রাজা! তাহার পর সেই কৌরবপক্ষীয় রাজারা যুদ্ধে অর্জ্জুনকে দেখিয়া ক্রুদ্ধ হইয়া বহুসহস্র রথদ্বারা সকল দিকে তাঁহাকে বেষ্টন করিলেন ॥১॥

ভরতনন্দন! তৎপরে তাঁহারা রথসমূহদ্বারা অর্জ্জুনকে বেষ্টন করিয়া সকল দিক্ হইতে তাঁহার উপরে বহুসহস্র শরবর্ষণ করিতে লাগিলেন ॥২॥

---

(৪০)···লোমহর্ষণঃ···সমরে বিজয়ৈষিণাম্···বা নি। (২)···রথবৃন্দেন···পর্য্যবারয়ন্—বা নি।

CENTRAL LIBRARY

চিক্ষিপুঃ সমরে ক্রুদ্ধাঃ ফাল্গুনস্য রথং প্রতি।
শস্ত্রাণামথ তাং বৃষ্টিং শলভানামিবায়তিম্ ॥৪॥
রুরোধ সর্বতঃ পার্থঃ শরৈঃ কনকভূষণৈঃ।
তত্র তল্লাঘবং দৃষ্ট্বা বীভৎসোরতিমানুষম্ ॥৫॥
দেবদানবগন্ধর্বাঃ পিশাচোরগরাক্ষসাঃ।
সাধু সাধ্বিতি রাজেন্দ্র! ফাল্গুনং প্রত্যপূজয়ন্ ॥৬॥ (কলাপকম্)
সাত্যকিশ্চাভিমন্যুশ্চ মহত্যা সেনয়া বৃতৌ।
গান্ধারান্ সমরে শূরান্ জগ্মতুঃ সহসৌবলান্ ॥৭॥
ততঃ সৌবলকাঃ শূরা বার্ষ্ণেয়স্য রথোত্তমম্।
তিলশশ্চিচ্ছিদুঃ ক্রোধাচ্ছস্ত্রৈর্নানাবিধৈর্যুধি ॥৮॥
সাত্যকিস্তু রথং ত্যক্ত্বা বর্ত্তমানে মহাহবে।
অভিমন্যো রথং তূর্ণমারুরোহ পরন্তপঃ ॥৯॥

ভারতকৌমুদী

শক্তীরিতি। প্রাসান্ কুন্তান্। আয়তিং শ্রেণীম্। লাঘবং শীঘ্রাস্ত্রক্ষেপযোগ্যতাম্, বীভৎসোরর্জ্জুনস্য। প্রত্যপূজয়ন্ প্রাশংসন্ ॥৩—৬॥

সাত্যকিরিতি। সৌবলেন সেনাপতিনা শকুনিনা সহেতি সহসৌবলাস্তান্ ॥৭॥

তত ইতি। সৌবলকা গান্ধারসৈন্যাঃ, বার্ষ্ণেয়স্য বৃষ্ণিবংশস্য সাত্যকেঃ ॥৮॥

সাত্যকিরিতি। রথং স্বকীয়ম্। মহাহবে মহাযুদ্ধে ॥৯॥

ক্রমে তাঁহারা ক্রুদ্ধ হইয়া অর্জ্জুনের রথের দিকে নির্ম্মল ও তীক্ষ্ণ শক্তি, গদা, পরিঘ, প্রাস, পরশু, মুদ্গর ও মুষল ক্ষেপ করিতে থাকিলেন। তখন পতঙ্গশ্রেণীর ন্যায় সেই শস্ত্রবৃষ্টি আসিতে লাগিলে, অর্জ্জুন স্বর্ণালঙ্কৃত শরসমূহ-দ্বারা সকল দিকেই তাহাকে রুদ্ধ করিলেন। রাজশ্রেষ্ঠ! তৎকালে অর্জ্জুনের সেই অলৌকিক লঘুহস্ততা দেখিয়া দেব, দানব, গন্ধর্ব্ব, পিশাচ, নাগ ও রাক্ষসেরা 'সাধু সাধু' বলিয়া তাঁহার প্রশংসা করিতে লাগিলেন ॥৩—৬॥

সাত্যকি ও অভিমন্যু বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া সমরাঙ্গনে শকুনির সহিত অবস্থিত বীর গান্ধারসৈন্যের দিকে গমন করিলেন ॥৭॥

তাহার পর বীর গান্ধারসৈন্যেরা ক্রোধবশতঃ নানাবিধ অস্ত্রদ্বারা যুদ্ধে সাত্যকির উত্তম রথখানাকে তিল তিল করিয়া ছেদন করিল ॥৮॥

---

(৫) রুরুধে সর্বতঃ···তল্লাঘবং জ্ঞাত্বা···পি বা। (৭)···সেনয়া সহ···পি বা। (৮) তত্র সৌবলকাঃ ক্রুদ্ধাঃ···বা নি। (৯) বর্ত্তমানে ভয়াবহে···বা নি।

তাবেকরথসংযুক্তৌ সৌবলেয়স্য বাহিনীম্।
ব্যধমেতাং শিতৈস্তূর্ণং শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥১০॥
দ্রোণভীষ্মৌ রণে যত্তৌ ধর্ম্মরাজস্য বাহিনীম্।
নাশয়েতাং শরৈস্তীক্ষ্ণৈঃ কঙ্কপত্রপরিচ্ছদৈঃ ॥১১॥
ততো ধর্ম্মসুতো রাজন্! মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ।
মিষতাং সর্ব্বসৈন্যানাং দ্রোণানীকমুপাদ্রবন্ ॥১২॥
তত্রাসীৎ সুমহদ্‌যুদ্ধং তুমুলং লোমহর্ষণম্।
যথা দেবাসুরং যুদ্ধং পূর্ব্বমাসীৎ সুদারুণম্ ॥১৩॥
কুর্ব্বাণৌ সুমহৎ কর্ম্ম ভীমসেনঘটোৎকচৌ।
দুর্য্যোধনস্ততোঽভ্যেত্য তাবুভাবপ্যবারয়ৎ ॥১৪॥

ভারতকৌমুদী

তাবিতি। ব্যধমেতাম্ অপীড়য়তাম্ ॥১০॥
দ্রোণেতি। যত্তৌ যত্নবন্তৌ সন্তৌ। নাশয়েতামিত্যড়াগমাভাব আর্ষঃ ॥১১॥
তত ইতি। মিষতাং পশ্যতাম্। উপাদ্রবন্ অপীড়য়ন্ ॥১২॥
তত্রেতি। দেবাসুরয়োরিদমিতি দেবাসুরম্, অণি অসুরপদাদের্বৃদ্ধিঃ ॥১৩॥
কুর্ব্বাণাবিতি। কুর্ব্বাণাবাস্তামিতি শেষঃ, সুমহৎ কর্ম্ম বিপক্ষসৈন্যসংহারম্ ॥১৪॥

সেইরূপ মহাযুদ্ধ চলিতে লাগিলে পরন্তপ সাত্যকি আপন রথ ত্যাগ করিয়া সত্বর যাইয়া অভিমন্যুর রথে আরোহণ করিলেন ॥৯॥

তাঁহারা দুই জনে একরথে মিলিত হইয়া সুতীক্ষ্ণ ও নতপর্ব্ব বাণদ্বারা শকুনির সৈন্য সংহার করিতে লাগিলেন ॥১০॥

ওদিকে দ্রোণ ও ভীষ্ম যুদ্ধে যত্নবান্ হইয়া তীক্ষ্ণ ও কঙ্কপক্ষযুক্ত বাণদ্বারা যুধিষ্ঠিরের সৈন্য বিনাশ করিতে প্রবৃত্ত হইলেন ॥১১॥

রাজা! তাহার পর যুধিষ্ঠির, নকুল ও সহদেব সমস্ত সৈন্যের সমক্ষে দ্রোণের সৈন্য পীড়ন করিতে লাগিলেন ॥১২॥

পূর্ব্বকালে দেবগণ ও অসুরগণের যেমন অতিদারুণ যুদ্ধ হইয়াছিল, সেইরূপ সেইখানে তুমুল ও লোমহর্ষণ মহাযুদ্ধ হইতে লাগিল ॥১৩॥

ওদিকে ভীম ও ঘটোৎকচ গুরুতর কার্য্য (বিপক্ষসৈন্যসংহার) করিতে লাগিলেন। তখন দুর্য্যোধন যাইয়া তাঁহাদের দুই জনকেই বারণ করিতে থাকিলেন ॥১৪॥

(১০)…জম্বতুর্নিশিতৈস্তূর্ণম্…পি বা। (১২)…ধর্ম্মসুতো রাজা… রা নি। (১৩)… রোমহর্ষণম্—রা নি।

তত্রাদ্ভুতমপশ্যাম হৈড়িম্বস্য পরাক্রমম্ ।
অতীত্য পিতরং যুদ্ধে যদযুধ্যত ভারত ! ॥১৫॥
ভীমসেনস্তু সংক্রুদ্ধো দুর্য্যোধনমমর্ষণম্ ।
হৃদ্যবিধ্যৎ পৃষৎকেন প্রহসন্নিব পাণ্ডবঃ ॥১৬॥
ততো দুর্য্যোধনো রাজা প্রহারবরপীড়িতঃ ।
নিষসাদ রথোপস্থে কশ্মলঞ্চ জগাম হ ॥১৭॥
তং বিসংজ্ঞং বিদিত্বা তু ত্বরমাণোঽস্য সারথিঃ ।
অপোবাহ রণাদ্রাজংস্ততঃ সৈন্যমভজ্যত ॥১৮॥
ততস্তাং কৌরবীং সেনাং দ্রবমাণাং সমন্ততঃ ।
নিঘ্নন্ ভীমঃ শরৈস্তীক্ষ্ণৈরনুবব্রাজ পৃষ্ঠতঃ ॥১৯॥

ভারতকৌমুদী

তত্রেতি। হৈড়িম্বস্য হিড়িম্বাপুত্রস্য ঘটোৎকচস্য। পিতরং ভীমসেনম্ ॥১৫॥
ভীমেতি। পর্ষতি রক্তেন সিঞ্চতীতি পৃষৎ শস্ত্রং তস্মাৎ কঃ। পৃষৎকেন বাণেন ॥১৬॥
তত ইতি। নিষসাদ উপবিবেশ, রথস্য উপস্থে উপরি, কশ্মলং মোহম্ ॥১৭॥
তমিতি। অপোবাহ অপসারয়ামাস। অভজ্যত ভগ্নং পলায়িতম্ ॥১৮॥
তত ইতি। দ্রবমাণাং পলায়মানাম্। অনুবব্রাজ জগাম ॥১৯॥

ভরতনন্দন ! সেই সময়ে আমরা ঘটোৎকচের অদ্ভুত পরাক্রম দেখিলাম। যে হেতু ঘটোৎকচ পিতা ভীমকে অতিক্রম করিয়া যুদ্ধ করিতে লাগিল ॥১৫॥

এদিকে পাণ্ডুনন্দন ভীমসেন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া হাসিতে হাসিতেই যেন একটা বাণদ্বারা অসহিষ্ণু দুর্য্যোধনের হৃদয় বিদ্ধ করিলেন ॥১৬॥

তখন রাজা দুর্য্যোধন গুরুতর প্রহারে পীড়িত হইয়া রথের উপরে উপবেশন করিলেন ও মূর্চ্ছিত হইলেন ॥১৭॥

সেই সময়ে তাঁহার সারথি তাঁহাকে অচৈতন্য জানিয়া সত্বর সমরাঙ্গন হইতে সরাইয়া লইয়া গেল। রাজা ! তাহার পর তাঁহার সৈন্যেরা পলায়ন করিতে লাগিল ॥১৮॥

সেই কৌরবসৈন্য সকল দিকে পলায়ন করিতে লাগিলে, ভীমসেন তীক্ষ্ণ বাণদ্বারা তাহাদিগকে সংহার করিতে করিতে তাহাদের পিছনে গমন করিতে লাগিলেন ॥১৯॥

(১৮) তং বিসংজ্ঞমথো জ্ঞাত্বা…পি,…অথো দৃষ্ট্বা…বা। (১৯)…দ্রবমাণাং ততস্ততঃ …রা নি।

পার্ষতশ্চ রথশ্রেষ্ঠো ধর্ম্মপুত্রশ্চ পাণ্ডবঃ।
দ্রোণস্য পশ্যতঃ সৈন্যং গাঙ্গেয়স্য চ পশ্যতঃ ॥২০॥
জঘ্নতুর্বিশিখৈস্তীক্ষ্ণৈঃ পরানীকবিনাশনৈঃ।
দ্রবমাণঞ্চ তৎ সৈন্যং তব পুত্রস্য সংযুগে ॥২১॥
নাশক্নুতাং বারয়িতুং ভীষ্মদ্রোণৌ মহারথৌ।
বার্য্যমাণঞ্চ ভীষ্মেণ দ্রোণেন চ মহাত্মনা ॥২২॥
বিদ্রবত্যেব তৎ সৈন্যং পশ্যতোর্দ্রোণভীষ্ময়োঃ।
ততো রথসহস্রেষু বিদ্রবৎসু ততস্ততঃ ॥২৩॥
তাবাস্থিতাবেকরথং সৌভদ্রশিনিপুঙ্গবৌ।
সৌবলীং সমরে সেনাং নাশয়েতাং সমন্ততঃ ॥২৪॥ (কুলকম্)
শুশুভাতে তদা তৌ তু শৈনেয়কুরুপুঙ্গবৌ।
অমাবস্যাং গতৌ যদ্বৎ সোমসূর্য্যৌ নভস্তলে ॥২৫॥

ভারতকৌমুদী

পার্ষত ইতি। পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ। গাঙ্গেয়স্য ভীষ্মস্য। বিশিখৈর্বাণৈঃ। দ্রবমাণং পলায়মানম্, তৎ সৈন্যঞ্চ, বারয়িতুং নিবর্ত্তয়িতুমিতি সম্বন্ধঃ। বিদ্রবত্যেব পলায়তে স্মৈব। আস্থিতৌ আরূঢ়ৌ, সৌভদ্রশিনিপুঙ্গবৌ অভিমন্যুসাত্যকী ॥২০—২৪॥

শুশুভাতে ইতি। "সূর্য্যাচন্দ্রমসোর্যঃ পরঃ সন্নিকর্ষঃ সামাবাস্যা" ইতি গোভিলবচনে-নামাবাস্যায়াং সূর্য্যাচন্দ্রমসোরেকরাশ্যবস্থাননিয়মাদিতি ভাবঃ ॥২৫॥

ওদিকে রথিশ্রেষ্ঠ ধৃষ্টদ্যুম্ন ও পাণ্ডুনন্দন যুধিষ্ঠির শত্রুসৈন্যবিনাশক তীক্ষ্ণ বাণসমূহদ্বারা ভীষ্ম ও দ্রোণের সমক্ষেই তাঁহাদের সৈন্য বিনাশ করিতে থাকিলেন। আপনার পুত্রের সেই সৈন্য পলায়ন করিতে লাগিলে, মহারথ ভীষ্ম ও দ্রোণ তাহাদিগকে বারণ করিতে পারিলেন না। কারণ, মহাত্মা ভীষ্ম ও দ্রোণ বারণ করিতে থাকিলেও তাঁহাদের সমক্ষেই সে সৈন্য পলায়ন করিতেই থাকিল। সহস্র সহস্র রথী পলায়ন করিতে থাকিলে, একরথারূঢ় অভিমন্যু ও সাত্যকি যুদ্ধে সকল দিকেরই গান্ধারসৈন্য বিনাশ করিতে লাগিলেন ॥২০—২৪॥

অমাবস্যাতিথিতে একরাশিস্থিত চন্দ্র ও সূর্য্য যেমন আকাশে শোভা পান, সেইরূপ তখন একরথারূঢ় সাত্যকি ও অভিমন্যু শোভা পাইতে লাগিলেন ॥২৫॥

---

(২৪)···শাতয়েতাং সমন্ততঃ—রা নি।

অর্জ্জুনশ্চ ততঃ ক্রুদ্ধস্তব সৈন্যং বিশাংপতে ! ।
ববর্ষ শরবর্ষেণ ধারাভিরিব তোয়দঃ ॥২৬॥
বধ্যমানং ততস্তত্র শরৈঃ পার্থস্য সংযুগে ।
দুদ্রাব কৌরবং সৈন্যং বিষাদভয়কম্পিতম্ ॥২৭॥
দ্রবতস্তান্ সমালোক্য ভীষ্মদ্রোণৌ মহারথৌ ।
ন্যবারয়েতাং সংরব্ধৌ দুর্য্যোধনহিতৈষিণৌ ॥২৮॥
ততো দুর্য্যোধনো রাজা সমাশ্বস্য বিশাংপতে ! ।
ন্যবর্ত্তয়ত তৎ সৈন্যং দ্রবমাণং সমন্ততঃ ॥২৯॥
যত্র যত্র হি পুত্রং তে যে যে পশ্যন্তি ভারত ! ।
তত্র তত্র ন্যবর্ত্তন্ত ক্ষত্রিয়াণাং মহারথাঃ ॥৩০॥
তান্ নিবৃত্তান্ সমীক্ষ্যৈব ততোঽন্যেঽপীতরে জনাঃ ।
অন্যোন্যস্পর্দ্ধয়া রাজন্ ! লজ্জয়া চাবতস্থিরে ॥৩১॥

ভারতকৌমুদী

অর্জ্জুন ইতি। ধারাভির্বারিধারাভিঃ, তোয়দো মেঘো বনমিবেত্যর্থঃ ॥২৬॥
বধ্যমানমিতি। সংযুগে যুদ্ধে। দুদ্রাব পলায়াঞ্চক্রে ॥২৭॥
দ্রবত ইতি। ন্যবারয়েতাং নিবারয়িতুমচেষ্টেতাম্, পূর্ব্বত্র নাশক্নুতামিত্যভিধানাৎ ॥২৮॥
তত ইতি। সমাশ্বস্য সংজ্ঞাং লব্ধ্বা। দ্রবমাণং পলায়মানম্ ॥২৯॥
যত্রেতি। পুত্রং দুর্য্যোধনম্। মহারথাস্তে তে ইত্যর্থঃ ॥৩০॥

নরনাথ ! মেঘ যেমন বনের উপরে বৃষ্টিধারা বর্ষণ করে, সেইরূপ আবার অর্জ্জুনও ক্রুদ্ধ হইয়া আপনার সৈন্যের উপরে শরবর্ষণ করিতে থাকিলেন ॥২৬॥

তখন সেই যুদ্ধে অর্জ্জুনের শরে বধ্যমান কৌরবসৈন্য বিষাদে ও ভয়ে কম্পিত হইয়া পলায়ন করিতে লাগিল ॥২৭॥

মহারথ ও দুর্য্যোধনের হিতৈষী ভীষ্ম ও দ্রোণ সেই সৈন্যগণকে পলায়ন করিতে দেখিয়া ক্রুদ্ধ হইয়া তাহাদিগকে নিবারণ করিবার চেষ্টা করিলেন ॥২৮॥

নরনাথ ! তাহার পর রাজা দুর্য্যোধন চৈতন্য লাভ করিয়া সকল দিকে পলায়মান সেই সৈন্যগণকে ফিরাইতে লাগিলেন ॥২৯॥

ভরতনন্দন ! তখন যে যে সৈন্য যেখানে যেখানে আপনার পুত্রকে দেখিতে লাগিল, সেই সেই মহারথ ক্ষত্রিয়সৈন্য সেইখানে সেইখানেই ফিরিতে থাকিল ॥৩০॥

(২৮)···তান্ সমালক্ষ্য···রা নি। (৩০)···সুতং তুভ্যং যো যঃ পশ্যতি···পি বা।

পুনরাবর্ত্ততাং তেষাং বেগ আসীদ্বিশাংপতে!।
পূর্য্যতঃ সাগরস্যেব চন্দ্রস্যোদয়নং প্রতি ॥৩২॥
সন্নিবৃত্তাংস্ততস্তাংস্তু দৃষ্ট্বা রাজা সুযোধনঃ।
অব্রবীত্ত্বরিতো গত্বা ভীষ্মং শান্তনবং বচঃ ॥৩৩॥
পিতামহ! নিবোধেদং যত্ত্বাং বক্ষ্যামি ভারত!।
নানুরূপমহং মন্যে ত্বয়ি জীবতি কৌরব! ॥৩৪॥
দ্রোণে চাস্ত্রবিদাং শ্রেষ্ঠে সপুত্রে সসুহৃজ্জনে।
কৃপে চৈব মহেষ্বাসে দ্রবতে যদ্বরূথিনী ॥৩৫॥
ন পাণ্ডবান্ প্রতিবলাংস্তব মন্যে কথঞ্চন।
তথা দ্রোণস্য সংগ্রামে দ্রৌণেশ্চৈব কৃপস্য চ ॥৩৬॥

ভারতকৌমুদী

তানিতি। অন্যে পলায়মানাঃ। লজ্জয়া পলায়ননিবন্ধনয়া ॥৩১॥
পুনরিতি। আবর্ত্ততাম্ আবর্ত্তমানানাম্। পূর্য্যতঃ পূর্য্যমাণস্য ॥৩২॥
সন্নিবৃত্তানিতি। তান্ ক্ষত্রিয়ান্। শান্তনবপদং ভীষ্মান্তরব্যাবৃত্ত্যর্থম্ ॥৩৩॥
পিতামহেতি। নিবোধ শৃণু। নানুরূপং নোচিতম্ ॥৩৪॥
দ্রোণ ইতি। দ্রবতে পলায়তে, বরূথিনী সেনা ॥৩৫॥
নেতি। প্রতিবলান্ সমশক্তীন্। দ্রৌণেরশ্বত্থাম্নঃ ॥৩৬॥

রাজা! তদ্ভিন্ন অন্য সৈন্যেরাও তাহাদিগকে নিবৃত্ত দেখিয়াই পরস্পর স্পর্দ্ধা ও লজ্জাবশতঃ দাঁড়াইতে লাগিল ॥৩১॥

নরনাথ! চন্দ্রের উদয়ের সময়ে সমুদ্রের পূরের (জোয়ারের) ন্যায় সেই নিবর্ত্তমান সৈন্যগণের গুরুতর বেগ হইয়াছিল ॥৩২॥

তাহার পর রাজা দুর্য্যোধন সেই সৈন্যগণকে নিবৃত্ত দেখিয়া সত্বর যাইয়া শান্তনুনন্দন ভীষ্মকে এই কথা বলিলেন—॥৩৩॥

'পিতামহ! ভরতনন্দন! কুরুবংশশ্রেষ্ঠ! আমি আপনাকে যাহা বলিব, তাহা আপনি শ্রবণ করুন। আপনি জীবিত থাকিতে এই ঘটনাটাকে আমি সঙ্গত মনে করি না ॥৩৪॥

আর, পুত্র ও বন্ধুবর্গের সহিত দ্রোণ এবং মহাধনুর্দ্ধর কৃপ জীবিত থাকিতে আমার সৈন্য যে পলায়ন করিতেছে, ইহাও উচিত মনে করি না ॥৩৫॥

আমি কোন প্রকারেই পাণ্ডবগণকে যুদ্ধে আপনার, দ্রোণের, অশ্বত্থামার এবং কৃপের সমকক্ষ যোদ্ধা বলিয়া মনে করি না ॥৩৬॥

(৩৬)…অথ দ্রোণস্য…পি।

CENTRAL LIBRARY

অনুগ্রাহ্যাঃ পাণ্ডুসুতা নূনং তব পিতামহ ! ।
যথেমাং ক্ষমসে বীর ! বধ্যমানাং বরূথিনীম্ ॥৩৭॥
সোঽস্মি বাচ্যস্ত্বয়া রাজন্ ! পূর্বমেব সমাগমে ।
ন যোৎস্যে পাণ্ডবান্ সংখ্যে নাপি সাত্যকিপার্ষতৌ ॥৩৮॥
শ্রুত্বাহং বচনং তুভ্যমাচার্য্যস্য কৃপস্য চ ।
কর্ণেন সহিতঃ কৃত্যমকরিষ্যং তদৈব হি ॥৩৯॥
যদি নাহং পরিত্যাজ্যো যুবাভ্যামিহ সংযুগে ।
বিক্রমেণানুরূপেণ যুধ্যেতাং পুরুষর্ষভৌ ॥৪০॥
এতচ্ছ্রুত্বা বচো ভীষ্মঃ প্রহসন্ বৈ মুহুর্মুহুঃ ।
অব্রবীত্তনয়ং তুভ্যং ক্রোধাদুদ্বৃত্য চক্ষুষী ॥৪১॥

ভারতকৌমুদী

অন্বিতি। নূনং নিশ্চিতমেব। ক্ষমসে উপেক্ষসে ॥৩৭॥
স ইতি। বাচ্যো বক্তব্যঃ। সমাগমে যুদ্ধালোচনাসভায়াম্ ॥৩৮॥
শ্রুত্বেতি। তুভ্যং তব, আচার্য্যস্য দ্রোণস্য। কৃত্যং কর্ত্তব্যং কর্ম্ম ॥৩৯॥
যদীতি। সংযুগে যুদ্ধে। যুধ্যেতাং ভবন্তৌ যুদ্ধং কুরুতাম্ ॥৪০॥
এতদিতি। তুভ্যং তব, তনয়ং দুর্য্যোধনম্, উদ্বৃত্য উত্তোল্য ।৪১॥

ভারতভাবদীপঃ

ততস্তে ইতি ।১। কোষ্ঠকীকৃত্য বেষ্টয়িত্বা ।২—৩৮। চিন্তয়ানঃ অভবিষ্যমিতি শেষঃ ।৩৯—৪৬॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৮॥

অতএব বীর পিতামহ ! নিশ্চয়ই পাণ্ডবেরা আপনার অনুগ্রাহ্য। যে হেতু আপনি বধ্যমানা এই কৌরবসেনাকে উপেক্ষা করিতেছেন ॥৩৭॥

ক্ষত্রিয় ! যদি তাহাই হয়, তবে পূর্ব্বেই যুদ্ধের আলোচনার সময় আমাকে আপনার বলা উচিত ছিল যে, আমি সমরাঙ্গনে পাণ্ডবগণ, সাত্যকি বা ধৃষ্টদ্যুম্নের সহিত যুদ্ধ করিব না ॥৩৮॥

তাহা হইলে আমি আপনার দ্রোণের ও কৃপের সেই কথা শুনিয়া তখনই কর্ণের সহিত মিলিত হইয়া কর্ত্তব্য কার্য্য করিতাম ॥৩৯॥

সে যাহা হউক, এই যুদ্ধে আমি যদি আপনাদের পরিত্যাজ্য না হই, তবে আপনারা অনুরূপ বিক্রম সহকারে যুদ্ধ করুন' ॥৪০॥

এই কথা শুনিয়া ভীষ্ম মুহুর্মুহু হাস্য করিয়া নয়নযুগল উত্তোলনপূর্ব্বক ক্রোধবশতঃ আপনার পুত্রকে বলিলেন—॥৪১॥

(৩৭)···তব নূনম্··রা নি। (৩৯) শ্রুত্বা তু· কৃত্যং চিন্তয়ানঃ··রা নি।

বহুশোঽসি ময়া রাজন্! তথ্যমুক্তো হিতং বচঃ।
অজেয়াঃ পাণ্ডবা যুদ্ধে দেবৈরপি সবাসবৈঃ ॥৪২॥
যত্তু কর্ত্তুং ময়া শক্যং বৃদ্ধেনাত্র নৃপোত্তম!।
করিষ্যামি যথাশক্তি পশ্যেদানীং সবান্ধবঃ ॥৪৩॥
অদ্য পাণ্ডুসুতানেকঃ সসৈন্যান্ সহ বন্ধুভিঃ।
সোঽহং নিবারয়িষ্যামি সর্বলোকস্য পশ্যতঃ ॥৪৪॥
এবমুক্তে তু ভীষ্মেণ পুত্রাস্তব জনেশ্বর!।
দধ্মুঃ শঙ্খান্ মুদা যুক্তা ভেরীশ্চ সমতাড়য়ন্ ॥৪৫॥
পাণ্ডবা হি ততো রাজন্! শ্রুত্বা তং নিনদং মহৎ।
দধ্মুঃ শঙ্খাংশ্চ ভেরীশ্চ মুরজাংশ্চাপ্যনাদয়ন্ ॥৪৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভীষ্মবধে তৃতীয়দিবসযুদ্ধে ভীষ্মদুর্য্যোধনসংবাদে
অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

বহুশ ইতি। তথ্যং সত্যম্। সবাসবৈঃ সেন্দ্রৈঃ ॥৪২॥
যদিতি। করিষ্যামি তদিতি শেষঃ ॥৪৩॥
অদ্যেতি। একঃ অনন্যসহায় এব ॥৪৪॥
এবমিতি। মুদা আনন্দেন। সমতাড়য়ন্ অবাদয়ন্ ॥৪৫॥

'রাজা! আমি ত বহুবার তোমার নিকট সত্য ও হিতকর বাক্য বলিয়াছি। ইন্দ্রের সহিত দেবতারাও পাণ্ডবগণকে জয় করিতে পারেন না ॥৪২॥

তা'র পর আমি বৃদ্ধ হইয়াছি। সুতরাং রাজশ্রেষ্ঠ! আমি যাহা করিতে পারিব, তাহা শক্তি অনুসারে অবশ্যই করিব; তুমি বন্ধুগণের সহিত মিলিত হইয়া দর্শন কর ॥৪৩॥

আজ আমি সমস্ত লোকের সমক্ষে সৈন্য ও বন্ধুগণের সহিত পাণ্ডবগণকে একাকীই বারণ করিব' ॥৪৪॥

নরনাথ! ভীষ্ম এইরূপ বলিলে আপনার পুত্রেরা আনন্দিত হইয়া শঙ্খ ও ভেরীধ্বনি করিলেন ॥৪৫॥

(৪২)…পথ্যমুক্তঃ…পি বা। (৪৩)…বৃদ্ধেনাত্র গতায়ুষা…রা নি…প্রেক্ষেদানীম্…পি বা। (৪৪) অদ্য পাণ্ডুসুতান্ সর্ব্বান্…মিষতো বারয়িষ্যামি…পি বা। (৪৫) এবমুক্তস্তু ভীষ্মেণ পুত্রস্তব নরেশ্বরঃ। দধ্মৌ শঙ্খং মুদা যুক্তো ভেরীশ্চ সমতাড়য়ৎ—বা।

CENTRAL LIBRARY

ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ।

——:*:——

ধৃতরাষ্ট্র উবাচ।

প্রতিজ্ঞাতে ততস্তস্মিন্ যুদ্ধে ভীষ্মেণ দারুণে।
ক্রোধিতো মম পুত্রেণ দুঃখিতেন বিশেষতঃ ॥১॥
ভীষ্মঃ কিমকরোত্তত্র পাণ্ডবেয়েষু সঞ্জয়!।
পিতামহে বা পাঞ্চালাস্তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥২॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ।

গতপূর্বাহ্ণভূয়িষ্ঠে তস্মিন্নহনি ভারত!।
পশ্চিমাং দিশমাস্থায় স্থিতে চাপি দিবাকরে ॥৩॥
জয়ং প্রাপ্তেষু হৃষ্টেষু পাণ্ডবেষু মহাত্মসু।
সর্বধর্ম্মবিশেষজ্ঞঃ পিতা দেবব্রতস্তব ॥৪॥

ভারতকৌমুদী

পাণ্ডবা ইতি। মহদিতি দধ্মুরিতি ক্রিয়ায়া বিশেষণম্ ।৪৬॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

——(::)——

প্রতীতি। দুঃখিতেন সৈন্যপলায়নাৎ পিতামহে পাণ্ডবাদীনাং পিতামহতয়া তদ্রূপেণ প্রসিদ্ধে ভীষ্মে, পাঞ্চালা বা কিমকুর্ব্বন্নিতি বচনবিপরিণামেনানুবৃত্তিঃ ॥১—২॥

রাজা! তাহার পর পাণ্ডবেরাও সেই শব্দ শুনিয়া শঙ্খ, ভেরী ও মৃদঙ্গের বিশাল ধ্বনি করিলেন' ॥৪৬॥

——:::——

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! ভীষ্ম সেইরূপ দারুণ যুদ্ধের প্রতিজ্ঞা করিলে এবং অত্যন্তদুঃখিত দুর্য্যোধন তাঁহার ক্রোধ জন্মাইলে, তখন তিনি পাণ্ডবগণের প্রতি কি করিলেন এবং পাঞ্চালেরাই বা তাঁহার প্রতি কি করিল? সঞ্জয়! তাহা তুমি আমার নিকট বল' ॥১—২॥

(১) প্রতিজ্ঞাতে তু ভীষ্মেণ তস্মিন্ যুদ্ধে সুদারুণে। মম পুত্রস্য বাক্যৈস্তু ক্রোধিতেন বিশেষতঃ—পি,…মম পুত্রস্য বাক্যৈস্তু ক্রোধিতেন বিশাংপতে!—বা। (২)…পাণ্ডবেয়েষু ভারত!…রা নি। (৩)…কিঞ্চিদ্যাতে দিবাকরে—পি বা।

অভ্যয়াজ্জবনৈরশ্বৈঃ পাণ্ডবানামনীকিনীম্।
মহত্যা সেনয়া গুপ্তস্তব পুত্রৈশ্চ সর্বশঃ ॥৫॥ (বিশেষকম্)
প্রাবর্ত্তত ততো যুদ্ধং তুমুলং লোমহর্ষণম্।
অস্মাকং পাণ্ডবৈঃ সার্দ্ধমনয়াত্তব ভারত! ॥৬॥
ধনুষাং কূজতাং তত্র তলানাঞ্চাভিহন্যতাম্।
মহান্ সমভবচ্ছব্দো গিরীণামিব দীর্য্যতাম্ ॥৭॥
তিষ্ঠ স্থিতোঽস্মি বিধ্যৈনং নিবর্ত্তস্ব স্থিরো ভব।
স্থিরোঽস্মি প্রহরস্বেতি শব্দোঽশ্রূয়ত সর্ব্বশঃ ॥৮॥

ভারতকৌমুদী

গতেতি। গতঃ পূর্ব্বাহ্ণাৎ দ্বিধাবিভক্তদিনপূর্ব্বার্দ্ধাৎ ভূয়িষ্ঠঃ অধিকঃ কালো যস্য তস্মিন্। পশ্চিমাং কিয়তীম্, আস্থায় আশ্রিত্য। দেবব্রতো ভীষ্মঃ। অভ্যয়াদভ্যগচ্ছৎ, জবনৈর্বেগবদ্ভিঃ। অনীকিনীং সেনাম্। গুপ্তো রক্ষিতঃ ॥৩—৫॥

প্রাবর্ত্তেতি। তব অনয়াৎ দুর্নীতেঃ। অন্যথা ন যুদ্ধসম্ভাবনেতি ভাবঃ ॥৬॥

ধনুষামিতি। কূজতাম্ অস্ত্রক্ষেপকালে অব্যক্তং শব্দং কুর্ব্বতাম্, তলানাং হস্তাবাপানাম্, অভিহন্যতাং ধনুর্গুণেনাভিহন্যমানানাম্। দীর্য্যতাং বিদীর্য্যমাণানাম্ ॥৭॥

তিষ্ঠেতি। শব্দো যোদ্ধৃভিঃ পরস্পরমুচ্চারিতঃ, সর্ব্বশঃ সর্ব্বত্র ॥৮॥

সঞ্জয় বলিলেন—'ভরতনন্দন! সেই দিনের পূর্ব্বার্দ্ধ অতীত হইলে এবং সূর্য্য কিছু পশ্চিম দিকে গমন করিলে, আর মহাত্মা পাণ্ডবেরা জয় লাভ করিয়া আনন্দিত থাকিলে, সর্ব্বধর্ম্মের বিশেষজ্ঞ আপনার জ্যেষ্ঠতাত ভীষ্ম বিশাল সৈন্য এবং আপনার পুত্রগণকর্ত্তৃক সকল দিকে রক্ষিত হইয়া বেগযুক্ত ঘোটকচালিত রথে আরোহণ করিয়া পাণ্ডবসৈন্যের দিকে ধাবিত হইলেন ॥৩—৫॥

ভরতনন্দন! তাহার পর আপনারই দুর্নীতিনিবন্ধন পাণ্ডবগণের সহিত আমাদের তুমুল ও লোমহর্ষণ যুদ্ধ আরম্ভ হইল ॥৬॥

তৎকালে ধনুষ্টঙ্কার ও হস্তাবাপের উপরে ধনুর গুণের আঘাত হইতে লাগিলে, পর্ব্বত বিদীর্ণ হইতে থাকিলে যেরূপ গুরুতর শব্দ হয়, সেইরূপ গুরুতর শব্দ হইতে লাগিল (হস্তাবাপ—ধনুর গুণের আঘাত নিবারণের জন্য হস্তধৃত চর্ম্মাবরণ) ॥৭॥

'থাক, রহিয়াছি, ইহাকে বিদ্ধ কর, ফের, স্থির হও, স্থির হইয়াছি এবং প্রহার কর' এইরূপ শব্দ সকল দিকে শুনা যাইতে থাকিল ॥৮॥

(৫)…রোমহর্ষণম্…রা নি। (৭)…বভূব তুমুলঃ শব্দঃ…পি বা। (৮)…বিদ্ধ্যেনম্ …রা নি।

কাঞ্চনেষু তনুত্রেষু কিরীটেষু ধ্বজেষু চ।
শিলানামিব শৈলেষু পতন্তীনামভূৎ স্বনঃ ॥৯॥
ব্যূহং মহামেঘসমং মহাত্মা দদর্শ দূরাৎ কপিরাজকেতুঃ ॥৭॥
বিনির্যযৌ কেতুমতা রথেন নরর্ষভঃ শ্বেতহয়েন কালে।
জয়ে ধৃতঃ শক্রবরূথিনীনাং যথা সুরেন্দ্রোঽসুরবাহিনীনাম্ ॥৮॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। বিষক্তাঃ সংলগ্নাঃ, দোধূয়মানা বায়ুনা ভৃশং কম্পমানাঃ ॥৪॥

সেতি। গুপ্তা রক্ষিতা। সবিদ্যুতো যে স্তনয়িত্নবো মেঘাস্তৎকল্পা ॥৫॥

তত ইতি। আপগায়া নদ্যাঃ, বেগো যথা তথা। ইবশব্দঃ সম্ভাবনায়াম্ ॥৬॥

তমিতি। মহাত্মা, কপিরাজো বানরশ্রেষ্ঠঃ কেতৌ ধ্বজে যস্য সঃ অর্জ্জুনঃ, দূরাৎ, ব্যালাঃ শঠাঃ কূটযোদ্ধারস্তৈর্নানাবিধং যথা স্যাত্তথা গূঢ়ানি গোপনেন রক্ষিতানি সারাণি প্রধানাস্ত্রাণি যস্মিন্ তম্, "ব্যালো দুষ্টগজে সর্পে শঠে শ্বাপদসিংহয়োঃ" ইতি হেমচন্দ্রঃ। গজা অশ্বাঃ পাদাতং পদাতিসমূহো রথৌঘশ্চ পক্ষাঃ সহায়া যস্য তম্, মহামেঘসমঞ্চ তং ব্যূহং দদর্শ ॥৭॥

বিনিরিতি। নরর্ষভঃ অর্জ্জুনঃ। ধৃত আগ্রহবান্, শক্রবরূথিনীনাং শক্রসেনানাম্ ॥৮॥

ভীষ্মরক্ষিত সেই কৌরবসৈন্য মহারথগণ, হস্তিগণ ও অশ্বগণদ্বারা বর্ষাকালে বিদ্যুৎসমন্বিত মেঘের ন্যায় কিংবা মেঘসমন্বিত আকাশের ন্যায় শোভা ধারণ করিল ॥৫॥

তাহার পর ভীষ্মরক্ষিত অতিভয়ঙ্কর সেই কৌরবসৈন্য যুদ্ধ করিবার জন্য, ভয়ঙ্কর নদীবেগের ন্যায় অর্জুনের অভিমুখে দ্রুত গমন করিতে লাগিল ॥৬॥

কূটযোদ্ধারা প্রধান প্রধান অস্ত্র সেই ব্যূহের মধ্যে গোপনে নানাবিধভাবে স্থাপন করিয়াছিলেন এবং হস্তী, অশ্ব, পদাতি ও রথিসমূহ তাহার যথাস্থানে সন্নিবেশিত ছিল, আর সে ব্যূহ মহামেঘের ন্যায় প্রকাশ পাইতেছিল; এহেন সেই কৌরবব্যূহ দূর হইতে মহাত্মা অর্জুন দর্শন করিলেন ॥৭॥

তাহার পর ইন্দ্র যেমন অসুরসেনা জয় করিবার জন্য উৎসাহী হইয়া শিবির হইতে নির্গত হইতেন, সেইরূপ নরশ্রেষ্ঠ অর্জুন শত্রুসৈন্য জয় করিবার জন্য

(৫)···শান্তনবেন রাজ্ঞা···পি,··শান্তনবেন রাজ্ঞাম্···বা। (৬)··· অভিমুখা···সসারসেনা সহসা···পি বা। (৮) স নির্যযৌ···শ্বেতহয়েন বীরঃ। বরূথিনীনাং প্রমুখে মহাত্মা বলৈর্বৃতঃ সর্ব্বসপত্নসেনাম্—পি বা।

CENTRAL LIBRARY

নারায়ণেনেন্দ্র ইবাভিগুপ্তঃ শশীব সূর্য্যেণ সমেযিবান্ যথা।
তথা মহাত্মা সহ কেশবেন বরূথিনীনাং প্রমুখে ররাজ ॥৯॥
সোপস্করং সোত্তরবন্ধুরেষং যত্তং যদূনামৃষভেণ সংখ্যে।
কপিধ্বজং প্রেক্ষ্য রথং বিষেদুঃ সহৈব পুত্রৈস্তব কৌরবেয়াঃ ॥১০॥
প্রকর্ষতা গুপ্তমুদায়ুধেন কিরীটিনা লোকমহারথেন।
তং ব্যূহরাজং দদৃশুস্ত্বদীয়াশ্চতুশ্চতুর্ব্যালসহস্রকীর্ণম্ ॥১১॥
যথৈব পূর্ব্বেঽহনি ধর্ম্মরাজ্ঞা ব্যূহঃ কৃতঃ কৌরবসত্তমেন।
তথা ন ভূতো ভুবি মানুষেষু ন দৃষ্টপূর্ব্বো ন চ বিশ্রুতশ্চ ॥১২॥

ভারতকৌমুদী

নারেতি। অভিগুপ্তো রক্ষিতঃ, ইবশব্দঃ সম্ভাবনায়াম্, সমেযিবান্ সম্মিলিতঃ ॥৯॥

সোপেতি। উপস্করৈরস্ত্রাদ্যুপকরণৈঃ সহেতি সোপস্করম্, উত্তরেণ উপর্য্যাবরণেন বন্ধুরা মনোহরা ঈষা দীর্ঘদণ্ডা যস্য তম্, "বন্ধুরং রমানম্রয়োঃ" ইতি ত্রিকাণ্ডশেষঃ। যদূনামৃষভেণ কৃষ্ণেন, যত্তং যত্নেন চালিতম্। বিষেদুর্বিষণ্ণা বভূবুঃ ॥১০॥

প্রেতি। ত্বদীয়াঃ, প্রকর্ষতা তং ব্যূহমেবাকৃষ্য নয়তা, উদায়ুধেন উত্তোলিতাস্ত্রেণ, লোকমহারথেন কিরীটিনা অর্জ্জুনেন, গুপ্তং রক্ষিতম্, চতুর্ভিশ্চতুর্ভির্ব্যালসহস্রৈর্বিভিন্নস্থানস্থানাং দুষ্টহস্তিনাং সহস্রৈঃ কীর্ণং ব্যাপ্তম্, তং পাণ্ডবপক্ষীয়ং ব্যূহরাজং দদৃশুঃ ॥১১॥

যথেতি। ধর্ম্মরাজ্ঞা যুধিষ্ঠিরেণ। তদ্দিবসব্যূহোঽপি তাদৃশ এবেতি ভাবঃ ॥১২॥

উৎসাহী হইয়া উত্তমধ্বজযুক্ত ও শ্বেতবর্ণ ঘোটকসমন্বিত রথে আরোহণ করিয়া যথাসময়ে শিবির হইতে নির্গত হইলেন ॥৮॥

তখন নারায়ণরক্ষিত ইন্দ্রের ন্যায় এবং সূর্য্যসম্মিলিত চন্দ্রের তুল্য, কৃষ্ণের সহিত মিলিত মহাত্মা অর্জুন পাণ্ডবসৈন্যের সম্মুখে বিরাজ করিতে লাগিলেন ॥৯॥

যাহাতে অস্ত্রশস্ত্রপ্রভৃতি উপকরণ (আসবাব) ছিল, উপরে আবরণ থাকায় যাহার স্তম্ভগুলি সুন্দর দেখাইতেছিল এবং কৃষ্ণ যত্ন সহকারে যাহা চালাইতেছিলেন, সেই কপিধ্বজ রথ দেখিয়া আপনার পুত্রদের সহিতই কুরুপক্ষীয়েরা বিষণ্ণ হইল ॥১০॥

জগতে অদ্বিতীয় মহারথ অর্জুন অস্ত্রধারণপূর্ব্বক রক্ষা করতঃ আকর্ষণ করিয়া আনয়ন করিতেছেন এবং যথাস্থানে চারি চারি হাজার করিয়া দুষ্টহস্তী রহিয়াছে, এহেন পাণ্ডবসৈন্যব্যূহ আপনার সৈন্যেরা দর্শন করিল ॥১১॥

(৯) অয়ং শ্লোকঃ পি বা ব রা নাস্তি। (১০)…যত্তা যদূনাম্…পি বা। (১১) প্রকম্পিতং গুপ্তম্…নি। (১২) যথাহি…পি বা।

ততো যথাদেশমুপেত্য তস্থুঃ পাঞ্চালমুখ্যাঃ সহ চেদিমুখ্যৈঃ।
ততঃ সমাদেশসমাহতানি ভেরীসহস্রাণি বিনেদুরাজৌ।
শঙ্খস্বনা দুন্দুভিনিস্বনাশ্চ সর্ব্বেস্বনীকেষু সসিংহনাদাঃ ॥১৩॥
ততঃ সবাণানি মহাস্বনানি বিস্ফার্য্যমাণানি ধনূংষি বীরৈঃ।
ক্ষণেন ভেরীপণবপ্রণাদানন্তর্দধুঃ শঙ্খমহাস্বনাংশ্চ ॥১৪॥
তচ্ছঙ্খশব্দাবৃতমন্তরীক্ষমুদ্ভূতভৌমদ্রুতরেণুজালম্।
মহানুভাবাশ্চ ততঃ প্রকাশমালোক্য বীরাঃ সহসাভিপেতুঃ ॥১৫॥
রথী রথেনাভিহতঃ সসূতঃ পপাত সাশ্বঃ সরথঃ সকেতুঃ।
গজো গজেনাভিহতঃ পপাত পদাতিনা চাভিহতঃ পদাতিঃ ॥১৬॥

ভারতকৌমুদী

তত ইতি। সমাদেশেন নায়কাজ্ঞয়া সমাহতানি তাড়িতানি। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩॥
তত ইতি। বিস্ফার্য্যমাণানি আকৃষ্যমাণানি। অন্তর্দধুস্তিরশ্চক্রুঃ ॥১৪॥
তদিতি। উদ্ভূতং ভৌমং ভূমিসম্বন্ধি দ্রুতং দ্রুতগামি রেণুজালং যত্র তৎ ॥১৫॥
রথীতি। অভিহতঃ সংঘর্ষাৎ, পপাত সমরাঙ্গনং জগাম ॥১৬॥

কৌরবশ্রেষ্ঠ যুধিষ্ঠির পূর্ব্বদিন যেরূপ ব্যূহ রচনা করিয়াছিলেন, পৃথিবীতে মানুষের মধ্যে সেরূপ ব্যূহ কখনও হয় নাই, আমরা পূর্বে দেখি নাই, বা শুনিও নাই। (এদিনেও সেইরূপ ব্যূহই হইয়াছিল) ॥১২॥

তাহার পর পাঞ্চালদেশীয় প্রধান যোদ্ধারা চেদিদেশীয় প্রধান যোদ্ধাদের সহিত আসিয়া যথাস্থানে অবস্থান করিতে লাগিলেন। তৎপরে নায়কগণের আদেশক্রমে যুদ্ধে সহস্র সহস্র ভেরী বাজিতে লাগিল এবং সমস্ত সৈন্যের মধ্যেই শঙ্খ ও দুন্দুভিধ্বনি এবং সিংহনাদ হইতে থাকিল ॥১৩॥

তদনন্তর বাণধারী বীরগণের বিশাল ধনুষ্টঙ্কার ভেরী, পণব ও শঙ্খের ধ্বনিকে তিরোহিত করিল ॥১৪॥

ক্রমে শঙ্খপ্রভৃতির শব্দ যাইয়া আকাশকে ব্যাপ্ত করিল এবং ভূতলের ধূলি-রাশি দ্রুত উঠিতে লাগিল, তৎপরে মহাপ্রভাবশালী বীরেরা সূর্য্যালোক দেখিয়া বিপক্ষগণের প্রতি বেগে ধাবিত হইতে লাগিলেন ॥১৫॥

সারথি, অশ্ব, রথ ও ধ্বজের সহিত রথীরা অপরাপর রথের সঙ্গে ঠেসাঠেসি-ভাবে আসিতে থাকিল এবং হস্তী অন্যান্য হস্তীর সহিত ও পদাতি অপরাপর পদাতির সঙ্গে সংঘৃষ্ট হইয়া আগমন করিতে লাগিল ॥১৬॥

(১৩)…ততো মহাবেগসমাহতানি…পি বা,…শঙ্খস্বনাস্তূর্য্যরবাঃ প্রণেদুঃ…রা নি।
(১৫)…মহাবিতানাবততপ্রকাশম্…পি বা।

আবর্ত্তমানান্যভিবর্ত্তমানৈর্ঘোরীকৃতান্যদ্ভুতদর্শনানি ।
প্রাসৈশ্চ খড়্গৈশ্চ সমাহতানি সদশ্ববৃন্দানি সদশ্ববৃন্দৈঃ ॥১৭॥
সুবর্ণতারাগণভূষিতানি সূর্য্যপ্রভাভানি শরাবরাণি ।
বিদার্য্যমাণানি পরশ্বধৈশ্চ প্রাসৈশ্চ খড়্গৈশ্চ নিপেতুরুর্ব্যাম্ ॥১৮॥
গজৈর্বিশালৈর্বহবস্তু রুগ্নাঃ কেচিৎ সসূতা রথিনঃ প্রপেতুঃ ।
গজর্ষভাশ্চাপি রথর্ষভেণ প্রপেতিরে বাণহতাঃ পৃথিব্যাম্ ॥১৯॥
গজৌঘবেগোদ্ধতসাদিতানাং শ্রুত্বা বিনেদুর্বহুধা মনুষ্যাঃ ।
আর্ত্তস্বরং সাদিপদাতিযূনাং বিষাণগাত্রাবরতাড়িতানাম্ ॥২০॥

ভারতকৌমুদী

আবর্ত্তেতি। আবর্ত্তমানানি আগমনপ্রবৃত্তানি, ঘোরীকৃতানি অস্ত্রাদিভিঃ ॥১৭॥
সুবর্ণেতি। সূর্য্যপ্রভেব ভা দীপ্তির্যেষাং তানি, শরা আব্রিয়ন্তে যৈস্তানি বর্ম্মাণি ॥১৮॥
গজৈরিতি। রুগ্না ভগ্নদেহাঃ, সসূতাঃ সারথিসহিতাঃ। রথর্ষভেণ রথিশ্রেষ্ঠেন ॥১৯॥
গজেতি। মনুষ্যাঃ, গজৌঘবেগেন উদ্ধতসাদিতানামতিশয়মর্দ্দিতানাম্, বিষাণৈর্দন্তৈঃ গাত্রাবরৈর্দেহনিম্নভাগৈশ্চ তাড়িতানাঞ্চ, সাদিনঃ অশ্বারোহিণঃ পদাতয়শ্চ তে যুবানশ্চেতি তেষাম্, বহুধা আর্ত্তস্বরং শ্রুত্বা, বিনেদুঃ হাহেত্যার্ত্তনাদং চক্রুঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

ব্যুষ্টামিতি। ব্যুষ্টাং প্রভাতাম্ ॥১—৬॥ ব্যালো ব্যূহবিশেষস্তেন নানাবিধং গূঢ়সারঞ্চ ॥৭—৯॥ সুপঙ্করং সুচক্রম্, সোত্তরবন্ধুরেষম্ উত্তরেণাচ্ছাদনেন বন্ধুরা রম্যা ঈষা তৎসহিতম্ ॥১০॥ চতুশ্চতুরাবৃত্তং ব্যালানাং গজানাং সহস্রং কর্ণেষু বিদিগ্‌ভাগেষু যস্য তম্ ॥১১—১৭॥ শরাবরাণি কবচানি ॥১৮—৩০॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬০॥

ক্রমে উত্তম অশ্বারোহীরা অভিমুখে যাইয়া প্রাস ও তরবারিদ্বারা ভয়ঙ্কর-মূর্ত্তি ও অদ্ভুতদর্শন বিপক্ষ অশ্বারোহীদিগকে আঘাত করিতে থাকিল ॥১৭॥

তখন স্বর্ণতারাভূষিত ও সূর্য্যের ন্যায় উজ্জ্বল বর্ম্ম সকল পরশু, প্রাস ও তরবারির আঘাতে স্খলিত হইয়া ভূতলে পতিত হইতে লাগিল ॥১৮॥

বহুতর পদাতি এবং সারথির সহিত কতকগুলি রথী বিশাল হস্তিগণের দন্তাঘাতে ভগ্নদেহ হইয়া পতিত হইল ; আবার রথিশ্রেষ্ঠগণের বাণে আহত হইয়া হস্তিশ্রেষ্ঠগুলিও ভূতলে পতিত হইতে লাগিল ॥১৯॥

(১৭)…ঘনীকৃতানি…পি বা। (১৯) গজৈর্বিষাণাপরগাত্ররুগ্নাঃ…গজর্ষভেণ…রা নি। (২০)…শ্রুত্বা বিনেদুঃ…আর্ত্তস্বনম্…রা নি।

সংভ্রান্তনাগাশ্বরথে মুহূর্ত্তে মহাক্ষয়ে সাদিপদাতিযূনাম্।
মহারথৈঃ সংপরিবার্য্যমাণো দদর্শ ভীষ্মঃ কপিরাজকেতুম্ ॥২১॥
তং পঞ্চতালোচ্ছ্রিততালকেতুঃ সদশ্ববেগাদ্ভুতবীর্য্যযানঃ।
মহাস্ত্রবাণাশনিদীপ্তিমন্তং কিরীটিনং শান্তনবোঽভ্যধাবৎ ॥২২॥
তথৈব শক্রপ্রতিমপ্রভাবমিন্দ্রাত্মজং দ্রোণমুখা বিসস্রুঃ।
কৃপশ্চ শল্যশ্চ বিবিংশতিশ্চ দুর্য্যোধনঃ সৌমদত্তিশ্চ রাজন্! ॥২৩॥
ততো রথানাং প্রমুখাদুপেত্য সর্বাস্ত্রবিৎ কাঞ্চনচিত্রবর্ম্মা।
জবেন শূরোঽভিসসার সর্বাংস্তানর্জ্জুনস্যাত্মভবোঽভিমন্যুঃ ॥২৪॥

ভারতকৌমুদী

সমিতি। সংভ্রান্তা ব্যস্তা নাগা হস্তিনঃ অশ্বা রথাশ্চ যত্র তস্মিন্ ।২১॥

তমিতি। পঞ্চ তালান্ পঞ্চকরতলধ্বনিগমনপর্য্যন্তম্ উচ্ছ্রিত উন্নতঃ তালকেতুস্তালতরুধ্বজো যস্য সঃ, সদশ্বানাং বেগেন অদ্ভুতং বীর্য্যং যস্য তত্তাদৃশং যানং রথো যস্য স তাদৃশঃ শান্তনবো ভীষ্মঃ, মহাস্ত্রবাণা এবাশনয়ো বজ্রাস্তৈর্দীপ্তিমন্তং কিরীটিনমর্জ্জুনমভ্যধাবৎ ॥২২॥

তথেতি। শক্রপ্রতিমপ্রভাবম্ ইন্দ্রতুল্যশক্তিম্, ইন্দ্রাত্মজমর্জ্জুনম্। বিসস্রুরভিজগ্মুঃ ॥২৩॥

হস্তিসমূহের বেগে আহত এবং দন্ত ও দেহনিম্নভাগদ্বারা তাড়িত অশ্বারোহী ও পদাতিগণের নানাপ্রকার আর্ত্তনাদ শুনিয়া অন্যান্য মানুষেরাও আর্ত্তনাদ করিতে লাগিল ॥২০॥

যে সময়ে হস্তী, অশ্ব ও রথীরা ব্যতিব্যস্ত ছিল এবং অশ্বারোহী ও পদাতিগণের মহাক্ষয় হইতেছিল, সেই সময়ে মহারথগণে পরিবেষ্টিত ভীষ্ম অর্জ্জুনকে দেখিতে পাইলেন ॥২১॥

তখন ভীষ্ম অত্যুচ্চধ্বজযুক্ত এবং মহাবেগশালী রথে আরোহণ করিয়া, বজ্রতুল্য বাণ ও অন্যান্য দারুণ অস্ত্রের তেজে তেজীয়ান্ অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥২২॥

রাজা! সেইরূপই কৃপ, শল্য, বিবিংশতি, দুর্য্যোধন ও ভূরিশ্রবা ইহারা দ্রোণকে অগ্রবর্ত্তী করিয়া ইন্দ্রের তুল্য প্রভাবশালী অর্জ্জুনের প্রতি বেগে গমন করিতে লাগিলেন ॥২৩॥

তাহার পর সর্ব্বাস্ত্রবিৎ, স্বর্ণময়বিচিত্রবর্ম্মধারী ও মহাবীর অর্জ্জুনপুত্র অভিমন্যু রথিসৈন্যের সম্মুখ হইতে নির্গত হইয়া বেগে তাঁহাদের সকলের প্রতি ধাবিত হইলেন ॥২৪॥

(২১)···সংপরিবার্য্যমাণম্···রা নি। (২৩)···শক্রপ্রতিমানকল্পঃ···পি বা। (২৪)···অর্জ্জুনস্যাত্মজঃ···পি বা।

তেষাং মহাস্ত্রাণি মহারথানামসহ্যকর্ম্মা বিনিহত্য কার্ষ্ণিঃ।
বভৌ মহামন্ত্রহুতার্চ্চিমালী সদোগতঃ সন্ ভগবানিবাগ্নিঃ ॥২৫॥
ততঃ স তূর্ণং রুধিরোদফেনাং কৃত্বা নদীমাশু রণে রিপূণাম্।
জগাম সৌভদ্রমতীত্য ভীষ্মো মহারথং পার্থমদীনসত্ত্বঃ ॥২৬॥
ততঃ প্রহস্যাদ্ভুতবিক্রমেণ গাণ্ডীবমুক্তেন শিলাশিতেন।
বিপাঠজালেন মহাস্ত্রজালং বিনাশয়ামাস কিরীটমালী ॥২৭॥
তমুত্তমং সর্ব্বধনুর্দ্ধরাণামশক্তকর্ম্মা কপিরাজকেতুঃ।
ভীষ্মং মহাত্মাভিববর্ষ তূর্ণং শরৈঃ সুতীক্ষ্ণৈর্বিমলৈশ্চ ভল্লৈঃ ॥২৮॥
তথৈব ভীষ্মাহতমন্তরীক্ষে মহাস্ত্রজালং কপিরাজকেতোঃ।
বিশীর্য্যমাণং দদৃশুস্ত্বদীয়া দিবাকরেণেব তমোঽভিভূতম্ ॥২৯॥

ভারতকৌমুদী

তত ইতি। কাঞ্চনং স্বর্ণময়ং চিত্রঞ্চ বর্ম্ম যস্য সঃ। জবেন বেগেন ॥২৪॥
তেষামিতি। কৃষ্ণস্যার্জ্জুনস্যাপত্যমিতি কার্ষ্ণিরভিমন্যুঃ। সদোগতো হোমসভাস্থঃ ॥২৫॥
তত ইতি। রুধিরাণ্যেব উদকফেনা যস্যাস্তাম্। অদীনসত্ত্বঃ অকাতরস্বভাবঃ ॥২৬॥
তত ইতি। বিপাঠজালেন বাণবিশেষসমূহেন। কিরীটমালী অর্জ্জুনঃ ॥২৭॥
তমিতি। অন্যৈরশক্তং কর্ম্ম যুদ্ধং যস্য সঃ, কপিরাজকেতুরর্জ্জুনঃ ॥২৮॥
তথেতি। ভীষ্মেণ আহতং নাশিতম্। তমঃ অন্ধকারম্ ॥২৯॥

ক্রমে শত্রুবিজয়ী অভিমন্যু সেই মহারথগণের দারুণ অস্ত্র সকল নিবারণ করিয়া মহামন্ত্রদ্বারা আহুত হোমস্থানস্থিত মাহাত্ম্যশালী অগ্নির ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥২৫॥

তাহার পর অকাতরস্বভাব ভীষ্ম সত্বর সমরাঙ্গনে শত্রুগণের রক্তরূপ জল ও ফেনযুক্তা একটা নদী প্রবর্ত্তিত করিয়া অভিমন্যুকে অতিক্রমপূর্ব্বক মহারথ অর্জ্জুনের সম্মুখে উপস্থিত হইলেন ॥২৬॥

তদনন্তর অর্জ্জুন হাস্য করিয়া আপন অদ্ভুত বিক্রমদ্বারা গাণ্ডীবনিক্ষিপ্ত শিলাশাণিত বিপাঠসমূহে ভীষ্মের মহাস্ত্রসমূহকে বিনষ্ট করিলেন ॥২৭॥

তৎপরে অন্যের অসাধ্যকর্ম্মা মহাত্মা অর্জ্জুন সত্বর সর্ব্বধনুর্দ্ধরশ্রেষ্ঠ ভীষ্মের উপরে সুতীক্ষ্ণ বাণ ও নির্ম্মল ভল্ল সকল বর্ষণ করিতে লাগিলেন ॥২৮॥

(২৫)···মহাস্ত্রাণি মহাবলানাম্···পি বা। (২৬)···নদীং তাং সমরে···পি বা। (২৭) ততঃ প্রগৃহ্যাদ্ভুতদর্শনেন গাণ্ডীবনির্হ্রাদমহাস্বনেন···পি বা। (২৮)···অসক্তকর্ম্মা···শরৌঘজালৈর্বিমলৈশ্চ ভল্লৈঃ—রা নি।

এবংবিধং কার্ম্মুকভীমনাদমদানবৎ সৎপুরুষোত্তমাভ্যাম্।
দদর্শ লোকঃ কুরুসৃঞ্জয়াশ্চ তদ্দ্বৈরথং ভীষ্মধনঞ্জয়াভ্যাম্ ॥৩০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভীষ্মবধে চতুর্থদিবসযুদ্ধে ভীষ্মার্জ্জুনদ্বৈরথে ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

একষষ্টিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

দ্রৌণির্ভূরিশ্রবাঃ শল্যশ্চিত্রসেনশ্চ মারিষ!।
পুত্রঃ সাংযমনেশ্চৈব সৌভদ্রং সমযোধয়ন্ ॥১॥

ভারতকৌমুদী

এবমিতি। অদীনবৎ অকাতরমিব। তদ্যুদ্ধম্। উভয়ত্রাপি ষষ্ঠ্যর্থে চতুর্থী ॥৩০॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

দ্রৌণিরিতি। দ্রৌণিরশ্বত্থামা। হে মারিষ! আর্য্য!। সাংযমনেঃ শল্যস্য, তথৈব পরত্রাভিধানাৎ ॥১॥

ভারতভাবদীপঃ

দ্রৌণিরিতি। সাংযমনেঃ শল্যস্য পুত্রঃ ॥১—১০১॥
ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬১॥

তখন সূর্য্য যেমন অন্ধকার বিনষ্ট করেন, সেইরূপই ভীষ্ম অর্জ্জুনের মহাস্ত্র সকল আকাশে থাকাকালেই বিনষ্ট করিতে লাগিলেন। তৎকালে আপনার পক্ষের লোকেরা দেখিল—সে অস্ত্র সকল ব্যর্থ হইয়া যাইতে লাগিল ॥২৯॥

সৎপুরুষশ্রেষ্ঠ ভীষ্ম ও অর্জ্জুনের সেই দ্বৈরথযুদ্ধ এইরূপে অকাতরভাবে চলিতে লগিল এবং দুই জনেরই দুইখানা ধনুর ভয়ঙ্কর টঙ্কার হইতে থাকিল; এই ঘটনা কৌরবেরা, সৃঞ্জয়েরা ও অন্যান্য লোকেরা দেখিতে লাগিল' ॥৩০॥

সঞ্জয় বলিলেন—'মাননীয় মহারাজ! অশ্বত্থামা, ভূরিশ্রবা, শল্য, চিত্রসেন ও শল্যের পুত্র ইঁহারা পাঁচ জন অভিমন্যুর সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥১॥

(১)···মারিষঃ···সৌভদ্রং পর্য্যবারয়ন্—খা নি।

CENTRAL LIBRARY

সংসক্তমতিতেজোভিস্তমেকং দদৃশুর্জনাঃ।
পঞ্চভির্মনুজব্যাঘ্রৈর্গজৈঃ সিংহশিশুং যথা ॥২॥
নাতিলক্ষ্যতয়া কশ্চিন্ন শৌর্য্যে ন পরাক্রমে।
বভূব সদৃশঃ কার্ষ্ণের্নাস্ত্রে নাপি চ লাঘবে ॥৩॥
তথা তমাত্মজং যুদ্ধে বিক্রমন্তমরিন্দমম্।
দৃষ্ট্বা পার্থঃ সুসংযত্তং সিংহনাদমথানদৎ ॥৪॥
পীড়য়ানঞ্চ তৎ সৈন্যং পৌত্রং তব বিশাংপতে!।
দৃষ্ট্বা ত্বদীয়া রাজেন্দ্র! সমন্তাৎ পর্য্যবারয়ন্ ॥৫॥
ধ্বজিনীং ধার্ত্তরাষ্ট্রাণাং দীনশত্রুরদীনবৎ।
প্রত্যুদ্যযৌ স সৌভদ্রস্তেজসা চ বলেন চ ॥৬॥
তস্য লাঘবমার্গস্থমাদিত্যসদৃশপ্রভম্।
ব্যদৃশ্যত মহচ্চাপং সমরে যুধ্যতঃ পরৈঃ ॥৭॥

ভারতকৌমুদী

সমিতি। সংসক্তং যুদ্ধে সম্মিলিতম্। তং সৌভদ্রম্। পঞ্চভির্দ্রৌণ্যাদিভিঃ ॥২॥
নেতি। অতিলক্ষ্যতয়া অতিশয়েন লক্ষ্যভেদিতয়া। কার্ষ্ণেরভিমন্যোঃ ॥৩॥
তথেতি। তং সৌভদ্রম্। পার্থঃ অর্জ্জুনঃ, সুসংযত্তং যুদ্ধে অতীবযত্নবন্তং সতর্কম্ ॥৪॥
পীড়েতি। পীড়য়ানং পীড়য়ন্তম্। পৌত্রমভিমন্যুম্। পর্য্যবারয়ন্ অবেষ্টন্ত ॥৫॥
ধ্বজিনীমিতি। ধ্বজিনীং সেনাম্, দীনশত্রুর্বালকতয়া ক্ষুদ্রশত্রুরপি, অদীনবৎ অক্ষুদ্রবৎ ॥৬॥

তখন তত্রত্য লোকেরা দেখিতে লাগিল—একটী সিংহশাবক যেমন পাঁচটা বিশাল হস্তীর সহিত যুদ্ধে মিলিত হয়, সেইরূপ এক অভিমন্যু পাঁচ জন নরশ্রেষ্ঠ মহাবীরের সহিত যুদ্ধে মিলিত হইয়াছেন ॥২॥

তথাপি লক্ষ্যভেদে, বীরত্বে, পরাক্রমে, অস্ত্রক্ষেপে ও লঘুহস্ততায় কেহই অভিমন্যুর সমকক্ষ হইতে পারিলেন না ॥৩॥

তাহার পর শত্রুদমনকারী পুত্র সতর্ক হইয়া যুদ্ধে সেইরূপ বিক্রম প্রকাশ করিতেছে দেখিয়া অর্জুন সিংহনাদ করিয়া উঠিলেন ॥৪॥

নরনাথ রাজশ্রেষ্ঠ! আপনার পৌত্র (অভিমন্যু) সেই সৈন্য পীড়ন করিতেছেন দেখিয়া আপনার পক্ষীয় যোদ্ধারা সকল দিকে তাঁহাকে বেষ্টন করিলেন ॥৫॥

তখন অভিমন্যু বালক হইয়াও তেজে এবং বলে অবালকের ন্যায় মহা-বিক্রমে ধার্ত্তরাষ্ট্রসৈন্যের প্রতি ধাবিত হইলেন ॥৬॥

(৭)···নাদৃশ্যত মহচ্চাপম্···পি বা।

স দ্রৌণিমিষুণৈকেন বিদ্ধা শল্যঞ্চ পঞ্চভিঃ।
ধ্বজং সাংযমনেশ্চাপি সোঽষ্টাভিঃ পর্য্যপাতয়ৎ ॥৮॥
রুক্মদণ্ডাং মহাশক্তিং প্রেষিতাং সৌমদত্তিনা।
শিতেনোরগসঙ্কাশাং পত্রিণাভিজঘান তাম্ ॥৯॥
শল্যস্য চ মহাঘোরানস্যতঃ শতশঃ শরান্।
নিবার্য্যার্জ্জুনদায়াদো জঘান চতুরো হয়ান্ ॥১০॥
ভূরিশ্রবাশ্চ শল্যশ্চ দ্রৌণিঃ সাংযমনিঃ শলঃ।
নাত্যবর্ত্তন্ত সংরব্ধাঃ কার্ষ্ণের্বাহুবলোদয়ম্ ॥১১॥
ততস্ত্রিগর্ত্তা রাজেন্দ্র! মদ্রাশ্চ সহ কেকয়ৈঃ।
পঞ্চবিংশতিসাহস্রাস্তব পুত্রেণ চোদিতাঃ ॥১২॥

ভারতকৌমুদী

তস্যেতি। লাঘবমার্গস্থং লঘুহস্ততাপ্রদর্শনবিষয়গতম্। যুধ্যতো যুধ্যমানস্য ॥৭॥
স ইতি। দ্রৌণিমশ্বত্থামানম্, ইষুণা বাণেন। সাংযমনেঃ শল্যপুত্রস্য ॥৮॥
রুক্মেতি। রুক্মদণ্ডাং স্বর্ণদণ্ডাম্। সৌমদত্তিনা ভূরিশ্রবসা। পত্রিণা বাণেন ॥৯॥
শল্যস্যেতি। অস্যতঃ ক্ষিপতঃ। অর্জ্জুনস্য দায়াদঃ পুত্রঃ। হয়ান্ অশ্বান্ ॥১০॥
ভূরীতি। নাত্যবর্ত্তন্ত নাত্যক্রামন্, সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ, কার্ষ্ণের্ভিমন্যোঃ ॥১১॥

তিনি সমরাঙ্গনে বিপক্ষদের সহিত যুদ্ধ করিতে লাগিলে, তাঁহার লঘুহস্ততা দেখাইবার স্থান বিশাল ধনুখানাকে সূর্য্যমণ্ডলের ন্যায় দেখা যাইতে লাগিল ॥৭॥

পরে অভিমন্যু একটা বাণদ্বারা অশ্বত্থামাকে এবং পাঁচটা বাণদ্বারা শল্যকে বিদ্ধ করিয়া আটটা বাণদ্বারা শল্যপুত্রের ধ্বজটাকে নিপাতিত করিলেন ॥৮॥

এবং তিনি একটা শিলাশাণিত বাণদ্বারা ভূরিশ্রবার নিক্ষিপ্ত সর্পসদৃশ স্বর্ণদণ্ড মহাশক্তিটাকে প্রতিহত করিলেন ॥৯॥

এই সময়ে শল্য অতিভয়ঙ্কর শত শত বাণ নিক্ষেপ করিতেছিলেন, কিন্তু অভিমন্যু সেগুলিকেও নিবারণ করিয়া শল্যের চারিটা অশ্বকে বধ করিলেন ॥১০॥

অতএব ভূরিশ্রবা, শল্য, শল্যের পুত্র অশ্বত্থামা ও শল ইঁহারা ক্রুদ্ধ হইয়াও অভিমন্যুর বাহুবল অতিক্রম করিতে পারিলেন না ॥১১॥

(৮)…সোঽষ্টাভিরপবর্জয়ৎ—পি,…সোঽষ্টাভিশ্চিচ্ছিদে ততঃ—রা নি। (৯)…পত্রিণা প্রজহার তাম্—পি বা। (১০)…জঘানার্জ্জুনদায়াদঃ…রা নি। (১১)…নাভ্যবর্ত্তন্ত সংরব্ধাঃ কার্ষ্ণের্বাহুবলোদয়াৎ—রা নি।

CENTRAL LIBRARY

ধনুর্বেদবিদো মুখ্যা অজেয়াঃ শত্রুভির্যুধি ।
সহপুত্রং জিঘাংসন্তং পরিবব্রুঃ কিরীটিনম্ ॥১৩॥ (যুগ্মকম্)
তৌ তু তত্র পিতাপুত্রৌ পরিক্ষিপ্তৌ মহারথৌ ।
দদর্শ রাজন্ ! পাঞ্চাল্যঃ সেনাপতিররিন্দম ! ॥১৪॥
স বারণরথৌঘানাং সহস্রৈর্বহুভির্বৃতঃ ।
বাজিভিঃ পত্তিভিশ্চৈব বৃতঃ শতসহস্রশঃ ॥১৫॥
ধনুর্বিস্ফার্য্য সংক্রুদ্ধশ্চোদয়িত্বা চ বাহিনীম্ ।
যযৌ তং মদ্রকানীকং কৈকেয়াংশ্চ পরন্তপঃ ॥১৬॥ (যুগ্মকম্)
তেন কীর্ত্তিমতা গুপ্তমনীকং দৃঢ়ধন্বনা ।
সংরব্ধরথনাগাশ্বং যোৎস্যমানমশোভত ॥১৭॥
সোঽর্জ্জুনপ্রমুখে যান্তং পাঞ্চালকুলবর্দ্ধনঃ ।
ত্রিভিঃ শারদ্বতং বাণৈর্জত্রুদেশে সমার্পয়ৎ ॥১৮॥

ভারতকৌমুদী

তত ইতি। পুত্রেণ দুর্য্যোধনেন, চোদিতাঃ প্রেরিতাঃ। সহপুত্রং সাভিমন্যুম্ ॥১২—১৩॥
তাবিতি। পরিক্ষিপ্তৌ শত্রুপরিবেষ্টিতৌ। পাঞ্চাল্যো ধৃষ্টদ্যুম্নঃ ॥১৪॥
স ইতি। স ধৃষ্টদ্যুম্নঃ, বারণা হস্তিনঃ। চোদয়িত্বা সঞ্চাল্য ॥১৫—১৬॥
তেনেতি। গুপ্তং রক্ষিতম্। সংরব্ধাঃ ক্রুদ্ধা রথা নাগা হস্তিনঃ অশ্বাশ্চ যত্র তৎ ॥১৭॥

রাজশ্রেষ্ঠ ! তাহার পর প্রধান ধনুর্ব্বেদবিৎ এবং যুদ্ধে শত্রুগণের অজেয় ত্রিগর্ত্ত, মদ্র ও কেকয়দেশীয় পঞ্চবিংশতিসহস্র যোদ্ধা আপনার পুত্রের আদেশ-ক্রমে আসিয়া জিঘাংসু অভিমন্যুর সহিত অর্জুনকে পরিবেষ্টন করিল ॥১২—১৩॥

অরিন্দম রাজা ! তখন সেনাপতি ধৃষ্টদ্যুম্ন দূর হইতে মহারথ পিতা ও পুত্র অর্জুন ও অভিমন্যুকে পরিবেষ্টিত অবস্থায় দর্শন করিলেন ॥১৪॥

সেই শত্রুসন্তাপকারী ধৃষ্টদ্যুম্ন বহুসহস্র হস্তী ও রথী সৈন্যে এবং শত শত ও সহস্র সহস্র অশ্বারোহী ও পদাতি সৈন্যে পরিবেষ্টিত হইয়া ধনু আকর্ষণ ও সৈন্য সঞ্চালন করিয়া অত্যন্ত ক্রুদ্ধ অবস্থায় সেই মদ্র ও কেকয়দেশীয় সৈন্য-গণের প্রতি গমন করিলেন ॥১৫—১৬॥

সেই যশস্বী ও দৃঢ়ধন্বা ধৃষ্টদ্যুম্ন যাহার নায়ক ছিলেন এবং যাহার মধ্যে বহুতর ক্রুদ্ধ রথী, গজারোহী ও অশ্বারোহী ছিল, সেই যুদ্ধার্থী সৈন্য তখন শোভা পাইতে লাগিল ॥১৭॥

(১৪)···পরিক্ষিপ্তৌ রথর্ষভৌ···রাজা পাঞ্চাল্যঃ···পি বা। (১৬)···নোদয়িত্বা চ বাহিনীম্ ···কেকয়াংশ্চ পরন্তপ !—রা নি। (১৭)···প্রমুক্তরথনাগাশ্বম্···পি বা।

ততঃ স মদ্রকান্ হত্বা দশৈব দশভিঃ শরৈঃ।
পৃষ্ঠরক্ষং জঘানাশু ভল্লেন কৃতবর্ম্মণঃ ॥১৯॥
দমনঞ্চাপি দায়াদং পৌরবস্য মহাত্মনঃ।
জঘান বিমলাগ্রেণ নারাচেন পরন্তপঃ ॥২০॥
ততঃ সাংযমনেঃ পুত্রঃ পাঞ্চাল্যং যুদ্ধদুর্ম্মদম্।
অবিধ্যত্রিংশতা বাণৈর্দশভিশ্চাস্য সারথিম্ ॥২১॥
সোঽতিবিদ্ধো মহেষ্বাসঃ সৃক্কিণী পরিসংলিহন্।
ভল্লেন ভৃশতীক্ষ্ণেন নিচকর্ত্তাস্য কার্ম্মুকম্ ॥২২॥
অথৈনং পঞ্চবিংশত্যা ক্ষিপ্রমেব সমার্পয়ৎ।
অশ্বাংশ্চাস্যাবধীদ্রাজন্! উভৌ চ পার্ষ্ণিসারথী ॥২৩॥

ভারতকৌমুদী

স ইতি। শারদ্বতং কৃপম্। অক্রূদেশে স্কন্ধসন্ধৌ, সমার্পয়দপীড়য়ৎ ॥১৮॥
তত ইতি। পৃষ্ঠং রক্ষতীতি পৃষ্ঠরক্ষস্তম্ ॥১৯॥
দমনমিতি। দমনং নাম, দায়াদং পুত্রম্ ॥২০॥
তত ইতি। সাংযমনেঃ শল্যস্য, পাঞ্চাল্যং ধৃষ্টদ্যুম্নম্ ॥২১॥
স ইতি। স ধৃষ্টদ্যুম্নঃ সৃক্কিণী ওষ্ঠপ্রান্তৌ। নিচকর্ত্ত চিচ্ছেদ ॥২২॥
অথেতি। এনং শল্যপুত্রম্। সমার্পয়দপীড়য়ৎ। পার্ষ্ণিসারথী পৃষ্ঠসারথী ॥২৩॥

ক্রমে পাঞ্চালকুলবর্দ্ধন ধৃষ্টদ্যুম্ন, অর্জ্জুনের দিকে ধাবিত কৃপাচার্য্যের স্কন্ধদেশে তিনটা বাণদ্বারা আঘাত করিলেন ॥১৮॥

তাহার পর তিনি দশটা বাণদ্বারা দশজন মদ্রক সৈন্যকেই বধ করিয়া একটা ভল্লদ্বারা কৃতবর্ম্মার পৃষ্ঠরক্ষককে বধ করিলেন ॥১৯॥

পরে শত্রুসন্তাপক ধৃষ্টদ্যুম্ন একটা সুতীক্ষ্ণ নারাচদ্বারা মহাত্মা পৌরবের পুত্র দমনকে বধ করিলেন ॥২০॥

তদনন্তর শল্যের পুত্র ত্রিশটা বাণদ্বারা যুদ্ধদুর্দ্ধর্ষ ধৃষ্টদ্যুম্নকে এবং দশটা বাণদ্বারা উঁহার সারথিকে বিদ্ধ করিলেন ॥২১॥

তখন মহাধনুর্দ্ধর ধৃষ্টদ্যুম্ন অত্যন্তবিদ্ধ হইয়া ওষ্ঠপ্রান্ত লেহন করিতে থাকিয়া একটা সুতীক্ষ্ণ ভল্লদ্বারা শল্যপুত্রের ধনু ছেদন করিলেন ॥২২॥

রাজা! তাহার পর ধৃষ্টদ্যুম্ন পঁচিশটা বাণদ্বারা সত্বরই শল্যপুত্রকে পীড়ন করিলেন এবং উঁহার চারিটা অশ্ব ও দুই জন পৃষ্ঠসারথিকে বধ করিলেন ॥২৩॥

(১৯) ততঃ প্রভদ্রকান্ বিদ্ধা দশভির্নিশিতৈঃ শরৈঃ…পি, ততঃ স মদ্রকান্ ভিত্বা দশভির্নিশিতৈঃ শরৈঃ…বা। (২২)…সৃক্কণী…চকর্ত্তাস্য চ…পি বা। (২৩)…উভৌ তৌ…রা নি।

স হতাশ্বে রথে তিষ্ঠন্ দদর্শ ভরতর্ষভ ! ।
পুত্রঃ সাংযমনেঃ পুত্রং পাঞ্চাল্যস্য মহাত্মনঃ ॥২৪॥
স প্রগৃহ্য মহাঘোরং নিস্ত্রিংশবরমায়সম্ ।
পদাতিস্তূর্ণমানচ্ছ্র্দ্রথস্থং পুরুষর্ষভঃ ॥২৫॥
তং মহৌঘমিবায়ান্তং খাৎ পতন্তমিবোরগম্ ।
ভ্রান্তাবরণনিস্ত্রিংশং কালোৎসৃষ্টমিবান্তকম্ ॥২৬॥
দীপ্যমানমিবাদিত্যং মত্তবারণবিক্রমম্ ।
অপশ্যন্ পাণ্ডবাস্তত্র ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ ॥২৭॥ (যুগ্মকম্)
তস্য পাঞ্চালদায়াদঃ প্রতীপমভিধাবতঃ ।
শিতনিস্ত্রিংশহস্তস্য শরাবরণধারিণঃ ॥২৮॥
বাণবেগমতীতস্য তথাভ্যাসমুপেয়ুষঃ ।
ত্বরন্ সেনাপতিঃ ক্রুদ্ধো বিভেদ গদয়া শিরঃ ॥২৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। সাংযমনেঃ শল্যস্য পুত্রঃ, পাঞ্চাল্যস্য পুত্রং ধৃষ্টদ্যুম্নম্ ॥২৪॥

স ইতি। নিস্ত্রিংশবরং মহান্তমসিম্, আয়সং লৌহময়ম্। আনর্চ্ছ্রাগচ্ছৎ ॥২৫॥

তমিতি। মহৌঘং মহাজলবেগম্। খাদাকাশাৎ। ভ্রান্তং চালিতম্ আবরণং কোষো যস্য স তাদৃশো নিস্ত্রিংশো যস্য তম্, কালোৎসৃষ্টং দৈবপ্রেরিতম্। দীপ্যমানমাদিত্যমিব অস্ত্রদীপ্তেরিত্যাশয়ঃ, বারণো হস্তী। অপশ্যন্ সাকূতমিতি ভাবঃ ॥২৬—২৭॥

তস্যেতি। পাঞ্চালদায়াদো ধৃষ্টদ্যুম্নঃ, প্রতীপং প্রতিকূলম্। শরা আব্রিয়ন্তে নিবার্য্যন্তে অনেনেতি শরাবরণং বর্ম্ম। অভ্যাসং সান্নিধ্যম্, উপেয়ুষঃ প্রাপ্তবতঃ, অতএব বাণবেগং বেগেন বাণক্ষেপস্থানম্ অতীতস্য, দূরমন্তরেণ বাণক্ষেপাসম্ভবাদিতি ভাবঃ ॥২৮—২৯॥

ভরতশ্রেষ্ঠ। তখন শল্যের পুত্র হতাশ্ব রথে থাকিয়াই মহাত্মা পাঞ্চাল-রাজপুত্র ধৃষ্টদ্যুম্নের প্রতি একবার সক্রোধ দৃষ্টিপাত করিলেন ॥২৪॥

পরে পুরুষশ্রেষ্ঠ শল্যপুত্র একখানা মহাভয়ঙ্কর লৌহময় তরবারি ধারণ করিয়া লাফাইয়া পড়িয়া পাদচারে সত্বর রথস্থিত ধৃষ্টদ্যুম্নের প্রতি ধাবিত হইলেন ॥২৫॥

কোষনিষ্কাশিততরবারিধারী ও মত্তহস্তীর ন্যায় বিক্রমশালী সেই শল্যপুত্র জলের মহাবেগের ন্যায়, আকাশ হইতে পতনশীল মহাসর্পের তুল্য, দৈবপ্রেরিত যমের সদৃশ এবং উজ্জ্বল সূর্য্যের সমান আসিতে লাগিলে, পাণ্ডবগণ ও পৃষত-নন্দন ধৃষ্টদ্যুম্ন তাঁহার প্রতি বধাভিপ্রায়ের সহিত দৃষ্টিপাত করিতে লাগি-লেন ॥২৬—২৭॥

(২৪)···শাঞ্চাল্যস্য যশস্বিনঃ—পি বা। (২৫)··রথস্থং দ্রুপদাত্মজম্—পি বা।

তস্য রাজন্! সনিস্ত্রিংশং সুপ্রভঞ্চ শরাবরম্।
হতস্য পততো হস্তাদ্বেগেন ন্যপতদ্ভুবি ॥৩০॥
তং নিহত্য গদাগ্রেণ স লেভে পরমাং মুদম্।
পুত্রঃ পাঞ্চালরাজস্য মহাত্মা ভীমবিক্রমঃ ॥৩১॥
তস্মিন্ হতে মহেষ্বাসে শল্যপুত্রে মহারথে।
হাহাকারো মহানাসীত্তব সৈন্যস্য মারিষ! ॥৩২॥
ততঃ সাংযমনিঃ ক্রুদ্ধো দৃষ্ট্বা নিহতমাত্মজম্।
অভিদুদ্রাব বেগেন পাঞ্চাল্যং যুদ্ধদুর্ম্মদম্ ॥৩৩॥
তৌ তত্র সমরে বীরৌ সমেতৌ রথিনাং বরৌ।
দদৃশুঃ সর্ব্বরাজানঃ কুরবঃ পাণ্ডবাস্তথা ॥৩৪॥

ভারতকৌমুদী

তস্যেতি। তস্য শল্যপুত্রস্য। শরাবরং হস্তবর্ম্ম ॥৩০॥
তমিতি। স ধৃষ্টদ্যুম্নঃ। মুদমানন্দম্ ॥৩১॥
তস্মিন্নিতি। হে মারিষ! আর্য্য! মাননীয়! "আর্য্যস্তু মারিষঃ" ইত্যমরঃ ॥৩২॥
তত ইতি। সংযমনস্যাপত্যমিতি সাংযমনিঃ শল্যঃ। পাঞ্চাল্যং ধৃষ্টদ্যুম্নম্ ॥৩৩॥
তাবিতি। তৌ শল্যধৃষ্টদ্যুম্নৌ, সমেতৌ মিলিতৌ ॥৩৪॥

ক্রমে তীক্ষ্ণ তরবারি ও বর্ম্মধারী শল্যপুত্র সেইরূপ নিকটে আসিয়া পড়িলেন, যাহাতে আর বাণক্ষেপের সম্ভাবনা থাকিল না; তাই পাণ্ডবসেনাপতি ধৃষ্টদ্যুম্ন ক্রুদ্ধ ও ত্বরান্বিত হইয়া গদাদ্বারা তাঁহার মস্তক চূর্ণ করিলেন ॥২৮—২৯॥

রাজা! সেই শল্যপুত্র নিহত হইয়া পতিত হইতে থাকিলে তাঁহার হস্ত হইতে উজ্জ্বল তরবারি ও বর্ম্ম বেগে ভূতলে নিপতিত হইল ॥৩০॥

ভয়ঙ্করবিক্রমশালী ও মহাত্মা পাঞ্চালরাজনন্দন ধৃষ্টদ্যুম্ন গদাদ্বারা সেই শল্যপুত্রকে বধ করিয়া পরম আনন্দ লাভ করিলেন ॥৩১॥

মাননীয় মহারাজ! মহাধনুর্দ্ধর ও মহারথ সেই শল্যের পুত্র নিহত হইলে আপনার সৈন্যগণের মধ্যে অত্যন্ত হাহাকার উপস্থিত হইল ॥৩২॥

তাহার পর শল্যরাজা আপন পুত্রকে নিহত দেখিয়া অত্যন্তক্রুদ্ধ হইয়া বেগে যুদ্ধদুর্দ্ধর্ষ ধৃষ্টদ্যুম্নের প্রতি ধাবিত হইলেন ॥৩৩॥

(৩০)…হতস্যাপতিতং হস্তাৎ সোৎসেধমপতদ্ভুবি—পি,…হতস্য পতিতং হস্তাৎ সোঽধমোঽপ্যপতদ্ভুবি—বা। (৩২)…রাজপুত্রে মহারথে…পি বা ব রা। (৩৪)…সমরে শূরৌ সমেতৌ যুদ্ধদুর্ম্মদৌ…রা নি।

ততঃ সাংযমনিঃ ক্রুদ্ধঃ পার্ষতং পরবীরহা।
আজঘান ত্রিভির্বাণৈস্তোত্রৈরিব মহাদ্বিপম্ ॥৩৫॥
তথৈব পার্ষতং শূরঃ শল্যঃ সমিতিশোভনম্।
আজঘানোরসি ক্রুদ্ধস্ততো যুদ্ধমবর্ত্তত ॥৩৬॥

ধৃতরাষ্ট্র উবাচ।

দৈবমেব পরং মন্যে পৌরুষাদপি সঞ্জয়!।
যৎ সৈন্যং মম পুত্রস্য পাণ্ডুসৈন্যেন বধ্যতে ॥৩৭॥
নিত্যং হি মামকান্ সূত! হতানেব হি শংসসি।
অহতাংশ্চ প্রহৃষ্টাংশ্চ নিত্যং শংসসি পাণ্ডবান্ ॥৩৮॥
হীনান্ পুরুষকারেণ মামকানস্য সঞ্জয়!।
পতিতান্ পাত্যমানাংশ্চ হতানেব চ শংসসি ॥৩৯॥

ভারতকৌমুদী

তত ইতি। পার্ষতং পৃষতপৌত্রং ধৃষ্টদ্যুম্নম্। তোত্রৈরঙ্কুশবিশেষৈঃ ॥৩৫॥
তথেতি। পার্ষতং ধৃষ্টদ্যুম্নম্। সমিতিশোভনং বীরশ্রিয়া যুদ্ধে শোভমানম্ ॥৩৬॥
দৈবমিতি। পরং প্রধানম্। পাণ্ডুসৈন্যেন পাণ্ডবসৈন্যেন ধৃষ্টদ্যুম্নাদিনা ॥৩৭॥
নিত্যমিতি। মামকান্ মৎপক্ষীয়ান্। শংসসি ব্রবীষি ॥৩৮॥
হীনানিতি। পুরুষকারেণ হীনান্, শল্যপুত্রেণাগত্যাপি প্রহারকরণাশক্তেঃ ॥৩৯॥

ক্রমে বীর ও রথিশ্রেষ্ঠ তাঁহারা দুই জন যুদ্ধে সম্মিলিত হইলেন, এই সময়ে কৌরব ও পাণ্ডবপক্ষীয় রাজারা সকলে তাঁহাদিগকে দেখিতে লাগিলেন ॥৩৪॥

তদনন্তর বিপক্ষবীরহন্তা শল্য ক্রুদ্ধ হইয়া—অঙ্কুশদ্বারা মহাহস্তীর ন্যায় তিনটা বাণদ্বারা ধৃষ্টদ্যুম্নকে আঘাত করিলেন ॥৩৫॥

বীর শল্য ক্রুদ্ধ হইয়া সেইরূপই আবার যুদ্ধশোভী ধৃষ্টদ্যুম্নের বক্ষস্থলে আঘাত করিলেন। তাহার পর তাঁহাদের যুদ্ধ হইতে লাগিল ॥৩৬॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! আমি পুরুষকার অপেক্ষা দৈবকেই প্রধান মনে করি। যে হেতু পাণ্ডবসৈন্যেরা আমার পুত্রের সৈন্যদিগকে বধ করিতেছে ॥৩৭॥

সঞ্জয়! তুমিও সর্ব্বদাই আমার সৈন্যদিগের বধের কথা এবং পাণ্ডবদের অবধ ও আনন্দের বিষয় বলিতেছ ॥৩৮॥

(৩৬)…পার্ষতং শূরং শল্যঃ সমিতিশোভনঃ—রা নি। ইতঃ পরং প্রস্তাবমধ্যেঽপি 'একষষ্টিতমোঽধ্যায়ঃ' ইতি বা ব রা নি। (৩৭)…পাণ্ডুপুত্রেণ বধ্যতে—রা নি। (৩৮)… অত্যগ্রাংশ্চ প্রহৃষ্টাংশ্চ…পি,…মামকাংস্তাত!…অব্যগ্রাংশ্চ প্রহৃষ্টাংশ্চ…রা নি।

CENTRAL LIBRARY

যুধ্যমানান্ যথাশক্তি ঘটমানান্ জয়ং প্রতি।
পাণ্ডবা হি জয়ন্ত্যেব জীয়ন্তে চৈব মামকাঃ ॥৪০॥
সোঽহং তীব্রাণি দুঃখানি দুর্য্যোধনকৃতানি চ।
শ্রোষ্যামি সততং তাত! দুঃসহানি বহূনি চ ॥৪১॥
তমুপায়ং ন পশ্যামি হীয়েরন্ যেন পাণ্ডবাঃ।
মামকা বা জয়ং যুদ্ধে প্রাপ্নুয়ুর্যেন সঞ্জয়! ॥৪২॥

সঞ্জয় উবাচ।

ক্ষয়ং মনুষ্যদেহানাং গজবাজিরথক্ষয়ম্।
শৃণু রাজন্! স্থিরো ভূত্বা তবৈবাপনয়ো মহান্ ॥৪৩॥
ধৃষ্টদ্যুম্নস্তু শল্যেন পীড়িতো নবভিঃ শরৈঃ।
পীড়য়ামাস সংক্রুদ্ধো মদ্রাধিপতিমায়সৈঃ ॥৪৪॥

ভারতকৌমুদী

যুধ্যেতি। ঘটমানান্ চেষ্টমানান্, "ঘট চেষ্টায়াম্" ইতি ধাত্বর্থানুসারাৎ ॥৪০॥
সম্ভাবয়ন্নাহ স ইতি। দুঃখানি দুঃখবৃত্তান্তান্। হে তাত! বৎস! ॥৪১॥
তমিতি। হীয়েরন্ হীনা দুর্বলা ভবেয়ুঃ। অহীনত্বেঽপি মামকা বেত্যাদি ॥৪২॥
ক্ষয়মিতি। অপনয়ো দুর্নীতিঃ, এতৎ সর্বমেব তব দুর্নীতেঃ ফলমিত্যর্থঃ ॥৪৩॥
ধৃষ্টেতি। আয়সৈর্লৌহময়ৈঃ শরৈরিত্যনুবৃত্তিঃ ॥৪৪॥

সঞ্জয়! আমার পক্ষের যোদ্ধারা পুরুষকারবিহীন, পতিত, পাত্যমান এবং নিহত হইয়াছেন, একথা এখনও বলিলে ॥৩৯॥

হায়! আমার যোদ্ধারা শক্তি অনুসারে যুদ্ধ ও জয়ের জন্য চেষ্টা করিতেছেন, তথাপি পাণ্ডবেরাই জয় করিতেছে এবং আমার পক্ষ পরাজিত হইতেছে ॥৪০॥

অতএব বৎস! নিশ্চয়ই আমি দুর্য্যোধনঘটিত দুঃসহ বহুতর তীব্র দুঃখের কথাই সর্ব্বদা শুনিতে থাকিব ॥৪১॥

সঞ্জয়! আমি সেরূপ উপায় দেখিতে পাই না, যাহাতে পাণ্ডবেরা দুর্বল হয়, কিংবা তাহারা সবল থাকিলেও যাহাতে আমার পক্ষ যুদ্ধে জয় লাভ করে' ॥৪২॥

সঞ্জয় বলিলেন—'রাজা! আপনি স্থির হইয়া হস্তী, অশ্ব, রথ ও পদাতির ক্ষয় শুনিতে থাকুন; এ সমস্তই আপনার গুরুতর দুর্নীতির ফল ॥৪৩॥

(৪০)··· জয়ন্তোতে হীয়ন্তে···পি বা। (৪১)···অশ্রৌষং সততম্···পি বা। (৪২)··· জীয়েন্ যেন···পি বা নি। (৪৪) ধৃষ্টদ্যুম্নশ্চ···পি বা।

CENTRAL LIBRARY

তত্রাদ্ভুতমপশ্যাম পার্ষতস্য পরাক্রমম্ ।
ন্যবারয়ত যত্তূর্ণং শল্যং সমিতিশোভনম্ ॥৪৫॥
নান্তরং দদৃশুঃ কেচিত্তয়োঃ সংরব্ধয়ো রণে ।
মুহূর্ত্তমিব তদ্‌যুদ্ধং তয়োঃ সমভবত্তদা ॥৪৬॥
ততঃ শল্যো মহারাজ ! ধৃষ্টদ্যুম্নস্য সংযুগে ।
ধনুশ্চিচ্ছেদ ভল্লেন পীতেন নিশিতেন চ ॥৪৭॥
অথৈনং শরবর্ষেণ চ্ছাদয়ামাস সংযুগে ।
গিরিং জলাগমে যদ্বজ্জলদা জলবৃষ্টিভিঃ ॥৪৮॥
অভিমন্যুস্ততঃ ক্রুদ্ধো ধৃষ্টদ্যুম্নে চ পীড়িতে ।
অভিদুদ্রাব বেগেন মদ্ররাজরথং প্রতি ॥৪৯॥

ভারতকৌমুদী

তত্রেতি। পার্ষতস্য ধৃষ্টদ্যুম্নস্য। শ্রান্তাবস্থায়াং নিবারণমেবাদ্ভুতমিতি ভাবঃ ।৪৫॥
নেতি। অন্তরং ভেদম্। সংরব্ধয়োঃ ক্রুদ্ধয়োঃ ।৪৬॥
তত ইতি। পীতেন প্রাক্‌শত্রূণাং পীতরক্তেনেত্যর্থঃ পীতবর্ণেন বা ॥৪৭॥
অথেতি। এনং ধৃষ্টদ্যুম্নম্, ছাদয়ামাস শল্য ইতি সম্ভবাৎ ।৪৮॥
অভীতি। পীড়িতে শল্যেনেতি শেষঃ ।৪৯॥

শল্য নয়টা বাণদ্বারা ধৃষ্টদ্যুম্নকে পীড়ন করিলে, ধৃষ্টদ্যুম্নও ক্রুদ্ধ হইয়া লৌহময় বাণসমূহদ্বারা শল্যকে পীড়ন করিলেন ॥৪৪॥

তখন আমরা ধৃষ্টদ্যুম্নের অদ্ভুত পরাক্রম দেখিলাম। যে হেতু তিনি যুদ্ধশোভী শল্যকে সত্বরই নিবারণ করিলেন ॥৪৫॥

তৎকালে যুদ্ধে কেহই ক্রুদ্ধ শল্য ও ধৃষ্টদ্যুম্নের কোন বৈষম্য দেখিতে পাইল না। তখন তাঁহাদের সেইরূপ যুদ্ধ মুহূর্ত্তকালমাত্র হইল ॥৪৬॥

মহারাজ! তাহার পর শল্য একটা পীতবর্ণ ও সুতীক্ষ্ণ ভল্লদ্বারা যুদ্ধে ধৃষ্টদ্যুম্নের ধনুখানা ছেদন করিলেন ॥৪৭॥

তাহার পর বর্ষাকালে মেঘ যেমন জলবর্ষণদ্বারা পর্বত আবৃত করে, সেইরূপ শল্য বাণবর্ষণদ্বারা ধৃষ্টদ্যুম্নকে আবৃত করিলেন ॥৪৮॥

শল্য ধৃষ্টদ্যুম্নকে পীড়ন করিলে, অভিমন্যু ক্রুদ্ধ হইয়া বেগে শল্যের রথের দিকে ধাবিত হইলেন ॥৪৯॥

(৪৬) নান্তরং দৃশ্যতে তত্র তয়োশ্চ রথিনোস্তদা।...তয়োঃ সমমিবাভবৎ—রা নি।
(৪৮)...জলদা জলধারিণঃ—পি বা।

CENTRAL LIBRARY

ততো মদ্রাধিপরথং কার্ষ্ণিঃ প্রাপ্যাতিকোপনঃ।
আর্ত্তায়নিমমেয়াত্মা বিব্যাধ বিশিখৈস্ত্রিভিঃ ॥৫০॥
ততস্তু তাবকা রাজন্! পরীপ্সন্তোঽর্জ্জুনং রণে।
মদ্ররাজরথং তূর্ণং পরিবার্য্যাবতস্থিরে ॥৫১॥
দুর্য্যোধনো বিকর্ণশ্চ দুঃশাসনবিবিংশতী।
দুর্মর্ষণো দুঃসহশ্চ চিত্রসেনশ্চ দুর্ম্মুখঃ ॥৫২॥
সত্যব্রতশ্চ ভদ্রং তে পুরুমিত্রশ্চ ভারত!।
এতে মদ্রাধিপরথং পালয়ন্তঃ স্থিতা রণে ॥৫৩॥ (যুগ্মকম্)
তান্ ভীমসেনঃ সংক্রুদ্ধো ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ।
দ্রৌপদেয়াভিমন্যুশ্চ মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ ॥৫৪॥
ধার্ত্তরাষ্ট্রান্ দশ রথান্ দশৈব প্রত্যবারয়ন্।
নানারূপাণি শস্ত্রাণি বিসৃজন্তো বিশাংপতে! ॥৫৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। কার্ষ্ণিরভিমন্যুঃ। আর্ত্তায়নিং শল্যম্, অমেয়াত্মা অজ্ঞেয়শক্তিঃ ॥৫০॥
তত ইতি। পরীপ্সন্তঃ প্রাপ্তুমিচ্ছন্তঃ, আর্জ্জুনিমভিমন্যুম্। সন্ধিরার্ষঃ ॥৫১॥
দুর্য্যোধন ইতি। চিত্রসেনোঽপি ধার্ত্তরাষ্ট্র এব। তে তব ভদ্রং মঙ্গলং ভবতু ॥৫২—৫৩॥
তানিতি। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পঞ্চ পুত্রাস্তৈর্যুক্তোঽভিমন্যুরিতি দ্রৌপদেয়াভিমন্যুঃ মধ্যপদলোপী সমাসঃ। ধার্ত্তরাষ্ট্রান্ প্রাগুক্তান্ দুর্য্যোধনাদীন্ ॥৫৪—৫৫॥

তাহার পর অত্যন্তক্রুদ্ধ ও অমিতশক্তি অভিমন্যু শল্যের রথের সম্মুখে উপস্থিত হইয়া তিনটা বাণদ্বারা শল্যকে বিদ্ধ করিলেন ॥৫০॥

রাজা! তদনন্তর আপনার পক্ষের যোদ্ধারা অভিমন্যুর সহিত যুদ্ধ করিবার জন্য সত্বর যাইয়া শল্যের রথ পরিবেষ্টন করিয়া রহিলেন ॥৫১॥

দুর্য্যোধন, দুঃশাসন, বিকর্ণ, বিবিংশতি, দুর্মর্ষণ, দুঃসহ, চিত্রসেন, দুর্ম্মুখ, সত্যব্রত ও মহারথ পুরুমিত্র এই দশজন শল্যের রথ রক্ষা করিতে থাকিয়া অবস্থান করিতে লাগিলেন। ভরতনন্দন! আপনার মঙ্গল হউক ॥৫২—৫৩॥

নরনাথ! আবার ওদিকেও ক্রুদ্ধ ভীমসেন, পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন, দ্রৌপদীর পঞ্চ পুত্র, অভিমন্যু, নকুল ও সহদেব ইঁহারা দশ জন নানাবিধ অস্ত্রক্ষেপ করিতে থাকিয়া উক্ত দশ জন ধার্ত্তরাষ্ট্রকে বারণ করিতে লাগিলেন ॥৫৪—৫৫॥

---

(৫০)…বিব্যাধ নিশিতৈঃ শরৈঃ—রা নি। (৫৩) সত্যব্রতঃ পুরুমিত্রো দুষ্কর্ণশ্চ মহারথঃ …পি বা।

CENTRAL LIBRARY

অভ্যবর্ত্তন্ত সংক্রুদ্ধাঃ পরসৈন্যবধৈষিণঃ।
তে বৈ সমীয়ুঃ সংগ্রামে রাজন্! দুর্ম্মন্ত্রিতে তব ॥৫৬॥
তস্মিন্ দশরথে যুদ্ধে বর্ত্তমানে মহাভয়ে।
তাবকানাং পরেষাঞ্চ প্রেক্ষকা রথিনোঽভবন্ ॥৫৭॥
শস্ত্রাণ্যনেকরূপাণি বিসৃজন্তো মহারথাঃ।
অন্যোন্যমভিনর্দ্দন্তঃ সম্প্রহারং প্রচক্রিরে ॥৫৮॥
তে তদা জাতসংরম্ভাঃ সর্বেঽন্যোন্যং জিঘাংসবঃ।
অন্যোন্যমভিমর্দ্দন্তঃ স্পর্দ্ধমানাঃ পরস্পরম্ ॥৫৯॥
অন্যোন্যস্পর্দ্ধয়া রাজন্! জ্ঞাতয়ঃ সঙ্গতা মিথঃ।
মহাস্ত্রাণি বিমুঞ্চন্তঃ সমাপেতুরমর্ষিণঃ ॥৬০॥ (যুগ্মকম্)
দুর্য্যোধনস্তু সংক্রুদ্ধো ধৃষ্টদ্যুম্নং মহারণে।
বিব্যাধ নিশিতৈর্বাণৈশ্চতুর্ভিঃ সমরে দ্রুতম্ ॥৬১॥

ভারতকৌমুদী

অভ্যবর্ত্তন্তেতি। সমীয়ুঃ সম্মিলিতা বভূবুঃ ॥৫৬॥
তস্মিন্নিতি। একৈকপক্ষে দশ দশ রথা যত্র তস্মিন্। অপরে রথিনঃ ॥৫৭॥
শস্ত্রাণীতি। বিসৃজন্তো নিক্ষিপন্তঃ। অভিনর্দ্দন্তো গর্জ্জন্তঃ ॥৫৮॥
ত ইতি। জাতসংরম্ভা উৎপন্নক্রোধাঃ। মিথঃ পরস্পরম্ ॥৫৯—৬০॥

ইঁহারা অত্যন্তক্রুদ্ধ ও বিপক্ষসৈন্যবধাভিলাষী হইয়া পরস্পর অভিমুখবর্ত্তী হইলেন। রাজা! আপনার কুমন্ত্রণার ফলেই তাঁহারা যুদ্ধে সম্মিলিত হইয়াছিলেন ॥৫৬॥

তখন প্রত্যেক পক্ষে দশ জন করিয়া রথী হইলেন, সেইরূপ মহাভয়ঙ্কর যুদ্ধ চলিতে লাগিলে, আপনার পক্ষের ও বিপক্ষের অন্যান্য রথীরা দর্শক হইলেন ॥৫৭॥

সেই মহারথেরা নানাবিধ অস্ত্রক্ষেপ ও পরস্পর গর্জ্জন করিতে থাকিয়া প্রহার করিতে লাগিলেন ॥৫৮॥

রাজা! তখন সেই জ্ঞাতিরা সকলেই জাতক্রোধ ও পরস্পর জিঘাংসু হইয়া পরস্পর প্রহার ও পরস্পর স্পর্দ্ধা করিতে থাকিয়া পরস্পর মিলিত হইলেন এবং অসহিষ্ণু হইয়া অস্ত্রনিক্ষেপ করিতে থাকিয়া অগ্রসর হইতে লাগিলেন ॥৫৯—৬০॥

(৫৬) অভ্যবর্ত্তন্তং সংহৃষ্টাঃ পরস্পরবধৈষিণঃ…রা নি। (৫৭)…দশরথে ক্রুদ্ধে…বা রা নি। (৫৮) অত্র বিবিধা এব পাঠভেদাঃ পরিলক্ষ্যন্তে। (৬০)…সমাপেতুরমর্ষণাঃ—পি বা।

দুর্ম্মর্ষণশ্চ বিংশত্যা চিত্রসেনশ্চ পঞ্চভিঃ।
দুর্ম্মুখো নবভির্বাণৈর্দুঃসহশ্চাপি সপ্তভিঃ ॥৬২॥
বিবিংশতিঃ পঞ্চভিশ্চ ত্রিভির্দুঃশাসনস্তথা।
তান্ প্রত্যবিধ্যদ্রাজেন্দ্র! পার্ষতঃ শত্রুতাপনঃ ॥৬৩॥
একৈকং পঞ্চবিংশত্যা দর্শয়ন্ হস্তলাঘবম্।
সত্যব্রতঞ্চ সমরে পুরুমিত্রঞ্চ ভারত! ॥৬৪॥
অভিমন্যুরবিধ্যত্তু দশভির্দশভিঃ শরৈঃ।
মাদ্রীপুত্রৌ তু সমরে মাতুলং মাতৃনন্দনৌ ॥৬৫॥
অবিধ্যেতাং শরৈস্তীক্ষ্ণৈস্তদদ্ভুতমিবাভবৎ।
ততঃ শল্যো মহারাজ! স্বস্রীয়ৌ রথিনাং বরৌ ॥৬৬॥
শরৈর্বহুভিরানর্চ্ছৎ কৃতপ্রতিকৃতৈষিণৌ।
ছাদ্যমানৌ ততস্তৌ তু মাদ্রীপুত্রৌ ন চেলতুঃ ॥৬৭॥ (কুলকম্)

ভারতকৌমুদী

দুর্য্যোধন ইতি। বিব্যাধ তাড়য়ামাস, নিশিতৈঃ শিলাশাণিতৈঃ ॥৬১॥

ষড়্ভিঃ কুলকেনাহ দুর্ম্মর্ষণ ইতি। বিংশত্যা বাণৈর্বিব্যাধেত্যনুবৃত্তিঃ। পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ। হস্তলাঘবং দ্রুতাস্ত্রক্ষেপযোগ্যতাম্। মাতুলং শল্যম্। অদ্ভুতত্বঞ্চ বীরধর্ম্মানুসরণেন সম্পর্কাতিক্রমাৎ। স্বস্রীয়ৌ ভাগিনেয়ৌ। আনর্চ্ছৎ আচ্ছাদয়ৎ, কৃতস্য প্রহারস্য প্রতিকৃতৈষিণৌ প্রতিপ্রহারকরণাভিলাষিণৌ। ন চেলতুর্বীরধর্ম্মাদ্বিচ্যুতৌ ন বভূবতুঃ ॥৬২—৬৭॥

ক্রমে দুর্য্যোধন অত্যন্তক্রুদ্ধ হইয়া চারিটা শিলাশাণিত বাণদ্বারা সত্বর সেই মহাযুদ্ধে ধৃষ্টদ্যুম্নকে বিদ্ধ করিলেন ॥৬১॥

পরে দুর্ম্মর্ষণ কুড়িটা, চিত্রসেন পাঁচটা, দুর্ম্মুখ নয়টা, দুঃসহ সাতটা, বিবিংশতি পাঁচটা ও দুঃশাসন তিনটা বাণদ্বারা ধৃষ্টদ্যুম্নকে তাড়ন করিলেন। রাজশ্রেষ্ঠ! তখন শত্রুতাপন ধৃষ্টদ্যুম্নও লঘুহস্ততা দেখাইতে থাকিয়া পঁচিশ পঁচিশটা বাণদ্বারা তাঁহাদের প্রত্যেককে প্রতিবিদ্ধ করিলেন। ভরতনন্দন! ক্রমে অভিমন্যু দশ দশটা বাণদ্বারা সত্যব্রত ও পুরুমিত্রকে তাড়ন করিলেন এবং মাতার আনন্দজনক নকুল ও সহদেব বহুতর তীক্ষ্ণ বাণদ্বারা শল্যকে পীড়ন করিলেন; সেটা যেন অদ্ভুত ঘটনা বলিয়া বোধ হইল। মহারাজ! তাহার পর শল্যও বহুতর বাণদ্বারা কৃতদোষের প্রতিশোধদানার্থী ও রথিশ্রেষ্ঠ নকুল

(৬৬) ছাদয়েতাং শরৈস্তীক্ষ্ণৈঃ…পি বা।

অথ দুর্য্যোধনং দৃষ্ট্বা ভীমসেনো মহাবলঃ।
বিধিৎসুঃ কলহস্যান্তং গদাং জগ্রাহ পাণ্ডবঃ ॥৬৮॥
তমুদ্যতগদং দৃষ্ট্বা কৈলাসমিব শৃঙ্গিণম্।
ভীমসেনং মহাবাহুং পুত্রাস্তে প্রাদ্রবন্ ভয়াৎ ॥৬৯॥
দুর্য্যোধনস্তু সংক্রুদ্ধো মাগধং সমচোদয়ৎ।
অনীকং দশসাহস্রং কুঞ্জরাণাং তরস্বিনাম্ ॥৭০॥
গজানীকেন সহিতস্তেন রাজা সুযোধনঃ।
মাগধং পুরতঃ কৃত্বা ভীমসেনং সমভ্যয়াৎ ॥৭১॥
আপতন্তঞ্চ তং দৃষ্ট্বা গজানীকং বৃকোদরঃ।
গদাপাণিরবারোহদ্রথাৎ সিংহ ইবোন্নদন্ ॥৭২॥
অদ্রিসারময়ীং গুর্বীং প্রগৃহ্য মহতীং গদাম্।
অভ্যধাবদ্গজানীকং ব্যাদিতাস্য ইবান্তকঃ ॥৭৩॥

ভারতকৌমুদী

অথেতি। কলহস্যান্তং বিধিৎসুঃ দুর্য্যোধনবধেনৈব যুদ্ধনিবৃত্তিং কর্ত্তুমিচ্ছুঃ ॥৬৮॥
তমিতি। কৈলাসমিবেতি ভীমস্য শ্বেতবর্ণত্বাৎ। শৃঙ্গিণমিতি গদাসাম্যার্থমুক্তম্ ॥৬৯॥
দুর্য্যোধন ইতি। মাগধং মগধদেশীয়ম্, সমচোদয়ৎ প্রৈরয়ৎ ॥৭০॥
গজেতি। মাগধং মগধরাজম্, পুরতঃ সম্মুখে, সমভ্যয়াৎ অভ্যগচ্ছৎ ॥৭১॥
আপতন্তমিতি। গজানীকং হস্তিসৈন্যম্। অবারোহৎ অবাতরৎ ॥৭২॥
অদ্রীতি। অদ্রিসারময়ীং লৌহময়ীম্, লৌহস্য পর্বতসাররূপত্বাদেব ॥৭৩॥

এবং সহদেবকে আবৃত করিয়া ফেলিলেন। কিন্তু নকুল ও সহদেব শল্যের বাণে আবৃত হইয়াও বিচলিত হইলেন না ॥৬২—৬৭॥

তদনন্তর মহাবল পাণ্ডুনন্দন ভীমসেন দুর্য্যোধনকে দেখিয়া যুদ্ধশেষ করিবার ইচ্ছা করিয়া গদা ধারণ করিলেন ॥৬৮॥

মহারাজ! শৃঙ্গযুক্ত কৈলাসপর্ব্বতের ন্যায় গদাসমন্বিত মহাবাহু ভীমসেনকে দেখিয়া আপনার পুত্রেরা ভয়ে পলায়ন করিতে লাগিলেন ॥৬৯॥

কিন্তু দুর্য্যোধন ক্রুদ্ধ হইয়া (ভীমকে আক্রমণ করিবার জন্য) মগধদেশীয় দশসহস্র প্রবল হস্তিসৈন্যকে প্রেরণ করিলেন ॥৭০॥

রাজা দুর্য্যোধন সেই হস্তিসৈন্যের সহিত মিলিত হইয়া মগধরাজকে সম্মুখে রাখিয়া ভীমসেনের দিকে ধাবিত হইলেন ॥৭১॥

তখন ভীমসেন সেই হস্তিসৈন্যকে আসিতে দেখিয়া গদা ধারণ করিয়া সিংহের ন্যায় গর্জন করিতে থাকিয়া রথ হইতে অবতরণ করিলেন ॥৭২॥

স গজান্ গদয়া নিঘ্নন্ সমরে ব্যচরদ্বলী।
ভীমসেনো মহাবাহুর্বৃত্রহা দানবেষ্বিব ॥৭৪॥
তস্য নাদেন মহতা মনোহৃদয়কম্পিনা।
ব্যত্যচেষ্টন্ত সংহত্য গজা ভীমস্য গর্জ্জতঃ ॥৭৫॥
ততস্তু দ্রৌপদীপুত্রাঃ সৌভদ্রশ্চ মহারথঃ।
নকুলঃ সহদেবশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ ॥৭৬॥
পৃষ্ঠং ভীমস্য রক্ষন্তঃ শরবর্ষেণ বারণান্।
অভ্যবর্ষন্ত ধাবন্তো মেঘা ইব গিরিব্রজান্ ॥৭৭॥ (যুগ্মকম্)
ক্ষুরৈঃ ক্ষুরপ্রৈর্ভল্লৈশ্চ পীতৈরঞ্জলিকৈঃ শিতৈঃ।
ব্যাহনন্নুত্তমাঙ্গানি পাণ্ডবা গজযোধিনাম্ ॥৭৮॥

ভারতকৌমুদী

স ইতি। নিঘ্নন্ বিনাশয়ন্। বৃত্রহা ইন্দ্রঃ ॥৭৪॥
তস্যেতি। ব্যতি সংহত্য পরস্পরং মিলিত্বা, অচেষ্টন্ত পলায়িতুমারভন্ত ॥৭৫॥
তত ইতি। সৌভদ্রঃ অভিমন্যুঃ। পার্ষতঃ পৃষতপৌত্রঃ। বারণান্ হস্তিনঃ ॥৭৬—৭৭॥

ক্রমে তিনি সেই লৌহময়ী, ভারবতী ও বিশালাকৃতি গদা উত্তোলন করিয়া প্রকটিতবদন যমের ন্যায় হস্তিসৈন্যের প্রতি ধাবিত হইলেন ॥৭৩॥

পূর্ব্বকালে ইন্দ্র যেমন দানবসৈন্যমধ্যে বিচরণ করিতেন, সেইরূপ বলবান্ ও মহাবাহু ভীমসেন গদাদ্বারা হস্তীগুলিকে সংহার করিতে থাকিয়া যুদ্ধে বিচরণ করিতে লাগিলেন ॥৭৪॥

তখন গর্জ্জনকারী ভীমসেনের বিশাল শব্দে মন ও বক্ষ কম্পিত হইতে থাকায় হস্তীগুলি পরস্পর মিলিত হইয়া পলায়ন করিতে আরম্ভ করিল ॥৭৫॥

তাহার পর দ্রৌপদীর পুত্রেরা, মহারথ অভিমন্যু, নকুল, সহদেব ও পৃষত-নন্দন ধৃষ্টদ্যুম্ন ইঁহারা ভীমসেনের পৃষ্ঠ রক্ষা করিতে থাকিয়া—মেঘসমূহ যেমন পর্ব্বতসমূহের উপরে জলবর্ষণ করে, সেইরূপ বাণ বর্ষণ করতঃ সেই হস্তিসৈন্যের দিকে ধাবিত হইলেন ॥৭৬—৭৭॥

ক্রমে পাণ্ডবপক্ষীয়েরা শিলাশাণিত ক্ষুর, ক্ষুরপ্র, ভল্ল, পীত ও অঞ্জলিক অস্ত্রদ্বারা কৌরবপক্ষীয় হস্তিযোধিগণের মস্তক ছেদন করিতে লাগিলেন ॥৭৮॥

(৭৪)…মহাবাহুঃ সবজ্র ইব বাসবঃ—রা নি। (৭৫)…ভীমস্য নর্দ্দতঃ—পি বা। (৭৭)…মেঘা ইব যথা গিরীন্—পি,…মেঘা ইব গিরীনথ—বা। (৭৮)…ব্যাহরন্নুত্তমাঙ্গানি…বা, ন্যহনচ্চোত্তমাঙ্গানি পাণ্ডবঃ…রা নি।

শিরোভিঃ প্রপতদ্ভিশ্চ বাহুভিশ্চ বিভূষিতৈঃ।
অশ্মবৃষ্টিরিবাভাতি পাণিভিশ্চ সহাঙ্কুশৈঃ ॥৭৯॥
কৃত্তোত্তমাঙ্গাঃ স্কন্ধেষু গজানাং গজযোধিনঃ।
অদৃশ্যন্তাচলাগ্রেষু দ্রুমা ভগ্নশিখা ইব ॥৮০॥
ধৃষ্টদ্যুম্নহতানন্যানপশ্যাম মহাগজান্।
পততঃ পাত্যমানাংশ্চ পার্ষতেন মহাত্মনা ॥৮১॥
মাগধোঽথ মহীপালো গজমৈরাবতোপমম্।
প্রেষয়ামাস সমরে সৌভদ্রস্য রথং প্রতি ॥৮২॥
তমাপতন্তং সংপ্রেক্ষ্য মাগধস্য মহাগজম্।
জঘানৈকেষুণা বীরঃ সৌভদ্রঃ পরবীরহা ॥৮৩॥
তস্যাবর্জিতনাগস্য কার্ষ্ণিঃ পরপুরঞ্জয়ঃ।
রাজ্ঞো রজতপুঙ্খেন ভল্লেনাপাহরচ্ছিরঃ ॥৮৪॥

ভারতকৌমুদী

ক্ষুরৈরিতি। ক্ষুরাদীনি তদানীন্তনাস্ত্রাণি। উত্তমাঙ্গানি শিরাংসি ॥৭৮॥
শিরোভিরিতি। অশ্মবৃষ্টিঃ পাষাণবৃষ্টিঃ, আভাতি স্ম ॥৭৯॥
কৃত্তেতি। কৃত্তোত্তমাঙ্গাশ্ছিন্নমস্তকাঃ। অচলাগ্রেষু পর্বতোপরিদেশেষু ॥৮০॥
ধৃষ্টেতি। পার্ষতেন ধৃষ্টদ্যুম্নেন পাত্যমানান্, অতএব পততঃ ॥৮১॥
মাগধ ইতি। মাগধো মগধদেশীয়ো জয়ৎসেনো নাম তথৈব পূর্ব্বোক্তঃ ॥৮২॥
তমিতি। আপতন্তমাগচ্ছন্তম্। একেষুণা একেনৈব বাণেন ॥৮৩॥
তস্যেতি। ন বর্জিতো মৃতত্বেঽপি ন ত্যক্তো নাগো হস্তী যেন তস্য, কার্ষ্ণিরভিমন্যুঃ ॥৮৪॥

তখন অলঙ্কৃত মস্তক ও বাহু এবং অঙ্কুশযুক্ত হস্ত সকল পতিত হইতে থাকায় প্রস্তরবৃষ্টির ন্যায় বোধ হইতে লাগিল ॥৭৯॥

এবং হস্তিস্কন্ধবর্ত্তী ছিন্নমস্তক হস্তিযোধিগণ, পর্ব্বতাগ্রে ভগ্নশিখ বৃক্ষসমূহের ন্যায় দৃষ্টিগোচর হইতে থাকিল ॥৮০॥

মহাত্মা ধৃষ্টদ্যুম্ন অপর মহাহস্তীগুলিকে বধ করিয়াছেন এবং তিনি যে হস্তীগুলিকে নিপাতিত করিতেছেন, সেগুলিও পতিত হইতেছে দেখিলাম ॥৮১॥

তাহার পর মগধরাজ জয়ৎসেন সমরাঙ্গনে অভিমন্যুর রথের দিকে ঐরাবতহস্তীর তুল্য আপন হস্তীটাকে প্রেরণ করিলেন ॥৮২॥

মগধরাজের সেই মহাহস্তীটা আসিতেছে দেখিয়া বিপক্ষবীরহন্তা বীর অভিমন্যু একটা বাণদ্বারাই সেটাকে বধ করিলেন ॥৮৩॥

(৮০) হৃতোত্তমাঙ্গাঃ…রা নি। (৮১)…পশ্যাম মহতো গজান্…পি বা।

বিগাহ্য তদ্‌গজানীকং ভীমসেনোঽপি পাণ্ডবঃ।
ব্যচরৎ সমরে মৃদ্নন্ গজানিন্দ্রো গিরীনিব ॥৮৫॥
একপ্রহারনিহতান্ ভীমসেনেন দন্তিনঃ।
অপশ্যাম রণে তস্মিন্ গিরীন্ বজ্রহতানিব ॥৮৬॥
ভগ্নদন্তান্ ভগ্নকরান্ ভগ্নসক্‌থীংশ্চ বারণান্।
ভগ্নপৃষ্ঠত্রিকানন্যান্ নিহতান্ পর্বতোপমান্ ॥৮৭॥
নদতঃ সীদতশ্চান্যান্ বিমুখান্ সমরে গতান্।
বিদ্রুতান্ ভয়সংবিগ্নাংস্তথা বিশকৃতোঽপরান্ ॥৮৮॥ (বিশেষকম্)
ভীমসেনস্য মার্গেষু পতিতান্ পর্বতোপমান্।
অপশ্যং নিহতান্ নাগান্ রাজন্! নিষ্ঠীবতোঽপরান্ ॥৮৯॥

ভারতকৌমুদী

বিগাহ্যেতি। বিগাহ্য প্রবিশ্য। মৃদ্নন্ গদয়া মর্দ্দয়ন্ ॥৮৫॥

একেতি। দন্তিনো গজান্। নন্বেকপ্রহারেণ কথং বহবো দন্তিনো নিহতা ভবিতুমর্হন্তি গদায়াস্তাদৃশদীর্ঘত্বাভাবাদিত্যাহ ভগ্নেত্যাদি। ভগ্নকরান্ মর্দ্দিতশুণ্ডান্, ভগ্নসক্‌থীন্ ভগ্নোরুদেশান্, ভগ্নপৃষ্ঠত্রিকান্ ভগ্নমেরুদণ্ডান্। বিগতং নির্গতং শকৃদ্বিষ্ঠা যেষাং তান্ ॥৮৬—৮৮॥

মগধরাজ তখনও সে হস্তীটাকে ত্যাগ করেন নাই; সেই অবস্থাতেই বিপক্ষনগরবিজয়ী অভিমন্যু একটা রৌপ্যপুঙ্খ ভল্লদ্বারা তাঁহার মস্তক ছেদন করিলেন ॥৮৪॥

পূর্বকালে ইন্দ্র যেমন বজ্রদ্বারা পর্ব্বত মর্দ্দন করিতেন, সেইরূপ পাণ্ডুনন্দন ভীমসেনও সেই হস্তিসৈন্যের মধ্যে প্রবেশ করিয়া গদাদ্বারা হস্তিগণকে মর্দ্দন করিতে থাকিয়া সমরাঙ্গনে বিচরণ করিতে লাগিলেন ॥৮৫॥

তখন আমরা দেখিলাম—এক বজ্রাঘাতে যেমন অনেক পর্ব্বত বিদীর্ণ হয়, সেইরূপ সেই যুদ্ধে ভীমসেনের এক গদাঘাতে অনেক হস্তী নিহত হইয়াছে। কোন হস্তীর দন্ত, কোনটার শুণ্ড, কোনটার উরু এবং কোনটার মেরুদণ্ড ভাঙ্গিয়া গিয়াছে, আর ভীমের গদাঘাতে পর্বতপ্রমাণ অন্য অনেক হস্তী নিহতই হইয়াছে। তা'র পর ভীমের গদার আঘাতে কতকগুলি হস্তী আর্ত্তনাদ করিতেছে, কতকগুলি অবসন্ন হইয়া পড়িয়াছে, অপরগুলি যুদ্ধে পরাঙ্মুখ হইয়াছে, কতকগুলি পলায়ন করিতেছে, কতকগুলি ভয়ে অস্থির হইয়াছে এবং অনেকগুলি বিষ্ঠা-মূত্র ত্যাগ করিতেছে ॥৮৬—৮৮॥

(৮৭)···ভগ্নকটান্ ভগ্নশঙ্খাংশ্চ বারণান্···পি বা।

CENTRAL LIBRARY

বমন্তো রুধিরঞ্চান্যে ভিন্নকুম্ভা মহাগজাঃ।
বিহ্বলন্তো গতা ভূমিং শৈলা ইব ধরাতলে ॥৯০॥
মেদোরুধিরদিগ্ধাঙ্গো বসামজ্জসমুক্ষিতঃ।
ব্যচরৎ সমরে ভীমো দণ্ডপাণিরিবান্তকঃ ॥৯১॥
গজানাং রুধিরক্লিন্নাং গদাং বিভ্রদ্বৃকোদরঃ।
ঘোরঃ প্রতিভয়শ্চাসীৎ পিনাকীব পিনাকভৃৎ ॥৯২॥
সম্মথ্যমানাঃ ক্রুদ্ধেন ভীমসেনেন দন্তিনঃ।
সহসা প্রাদ্রবন্ ক্লিষ্টা মৃদ্নন্তস্তব বাহিনীম্ ॥৯৩॥
তং হি বীরং মহেষ্বাসাঃ সৌভদ্রপ্রমুখা রথাঃ।
পর্য্যরক্ষন্ত যুধ্যন্তং বজ্রায়ুধমিবামরাঃ ॥৯৪॥

ভারতকৌমুদী

ভীমেতি। মার্গেষু অতীতপথেষু। নিষ্ঠীবতঃ ফেনান্ বমতঃ ॥৮৯॥

বমন্ত ইতি। ভিন্নকুম্ভা গদাঘাতেন। বিহ্বলন্তো বিহ্বলীভূতাঃ ॥৯০॥

মেদ ইতি। মেদোরুধিরৈর্দিগ্ধাঙ্গো লিপ্তগাত্রঃ, বসামজ্জভ্যাং সমুক্ষিতঃ সিক্তঃ ॥৯১॥

গজানামিতি। ঘোরো মহান্, প্রতিভয়ো ভয়ঙ্কর, পিনাকী শিবঃ, পিনাকভৃৎ পিনাকধনুর্দ্ধরঃ ॥৯২॥

সম্মথ্যেতি। দন্তিনো হস্তিনঃ। প্রাদ্রবন্ পলায়ন্ত, মৃদ্নন্তো মর্দ্দয়ন্তঃ ॥৯৩॥

রাজা! আরও দেখিলাম—ভীমসেন যে পথ দিয়া গিয়াছেন, সে পথে অনেক হস্তী নিহত হইয়া পতিত রহিয়াছে এবং অপর কতকগুলি হস্তী মুখ হইতে ফেন উদ্গার করিতেছে ॥৮৯॥

বিদীর্ণকুম্ভ অন্য মহাহস্তী সকল রক্ত বমন করিতে থাকিয়া বিহ্বল হইয়া পর্বতের ন্যায় ভূতলে পতিত হইয়া রহিয়াছে ॥৯০॥

এইভাবে মেদ ও রক্তে লিপ্তদেহ এবং বসায় ও মজ্জায় সিক্তশরীর গদাধারী ভীমসেন দণ্ডধারী যমের ন্যায় সমরাঙ্গনে বিচরণ করিতে লাগিলেন ॥৯১॥

হস্তি-রক্ত-সিক্ত-গদাধারী ভীমসেন তৎকালে পিনাকধনুর্দ্ধারী মহাদেবের ন্যায় সকলেরই অত্যন্ত ভয়জনক হইয়াছিলেন ॥৯২॥

ভীমসেন ক্রুদ্ধ হইয়া যে সকল হস্তীর উপরে আঘাত করিতে লাগিলেন, সেগুলি অত্যন্তব্যথিত হইয়া আপনার সৈন্যগণকেই মর্দ্দন করিতে থাকিয়া দ্রুত পলায়ন করিতে লাগিল ॥৯৩॥

(৯১)···বসামজ্জাসমুক্ষিতঃ···রা নি। (৯২)···রুধিরাক্তাঙ্গাম্···পি বা। (৯৩) নির্ম্মথ্যমানাঃ···পি বা। (৯৪)···মহেষ্বাসম্ ···রা নি।

শোণিতাক্তাং গদাং বিভ্রদুক্ষিতাং গজশোণিতৈঃ।
কৃতান্ত ইব রৌদ্রাত্মা ভীমসেনো ব্যদৃশ্যত ॥৯৫॥
ব্যায়চ্ছমানং গদয়া দিক্ষু সর্বাসু ভারত!।
অপশ্যাম রণে ভীমং নৃত্যন্তমিব শঙ্করম্ ॥৯৬॥
যমদণ্ডোপমাং গুর্বীমিন্দ্রাশনিসমস্বনাম্।
অপশ্যাম মহারাজ! রৌদ্রাং বিশসনীং গদাম্ ॥৯৭॥
বিমিশ্রাং কেশমজ্জাভিঃ প্রদিগ্ধাং রুধিরেণ চ।
পিনাকমিব রুদ্রস্য ক্রুদ্ধস্যাভিঘ্নতঃ পশূন্ ॥৯৮॥ (যুগ্মকম্)
যথা পশূনাং সংঘাতং যষ্ট্যা পালঃ প্রকালয়েৎ।
তথা ভীমো গজানীকং গদয়া সমকালয়ৎ ॥৯৯॥

ভারতকৌমুদী

তমিতি। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ, সৌভদ্রপ্রমুখা অভিমন্যুপ্রভৃতয়ঃ ॥৯৪॥

শোণিতেতি। বিভ্রৎ ধারয়ন্, উক্ষিতাং সিক্তাম্। রৌদ্রাত্মা ভয়ঙ্করমূর্ত্তিঃ ॥৯৫॥

ব্যায়চ্ছেতি। ব্যায়চ্ছমানং ব্যায়ামং কুর্ব্বন্তম্। শঙ্করগ্রহণং শুভত্বে ভীমসাম্যার্থম্ ॥৯৬॥

যমেতি। গুর্বীং ভারবতীম্। বিশস্যতে হিংস্যতে অনয়েতি বিশসনী তাম্। প্রদিগ্ধাং লিপ্তাম্। পিনাকং নাম ধনুঃ, "পিনাকোঽজগবং ধনুঃ" ইত্যমরঃ। পশূন্ প্রাণিনঃ ॥৯৭—৯৮॥

যথেতি। যষ্ট্যা দণ্ডেন, পালঃ পশুরক্ষকঃ, প্রকালয়েৎ দময়েৎ ॥৯৯॥

পূর্বকালে দেবতারা যেমন ইন্দ্রকে রক্ষা করিতেন, সেইরূপ মহাধনুর্দ্ধর অভিমন্যুপ্রভৃতি রথীরা যুধ্যমান মহাবীর ভীমসেনকে রক্ষা করিতে লাগিলেন ॥৯৪॥

নরশোণিত ও গজশোণিতসিক্ত গদাধারী ভীষণমূর্ত্তি ভীমসেন তৎকালে দণ্ডধারী যমের ন্যায় দৃষ্টিগোচর হইতে থাকিলেন ॥৯৫॥

ভরতনন্দন! ক্রমে আমরা দেখিলাম—ভীমসেন গদা লইয়া ব্যায়াম করিতে থাকিয়া সমরাঙ্গনের সকল দিকেই যেন মহাদেবের ন্যায় নৃত্য করিতেছেন ॥৯৬॥

মহারাজ! আরও দেখিলাম—প্রলয়কালে জগতের সমস্ত-প্রাণি-সংহারে প্রবৃত্ত ক্রুদ্ধ মহাদেবের হস্তে পিনাকধনুর ন্যায় ভীমসেনের হস্তে যমদণ্ডের তুল্য ভারী, ইন্দ্রের বজ্রের সমান শব্দকারী, ভীষণমূর্ত্তি, হস্তিসংহারক, কেশ ও মজ্জা-সংযুক্ত এবং রুধিরলিপ্ত সেই গদাদণ্ড রহিয়াছে ॥৯৭—৯৮॥

---

(৯৮) ব্যামিশ্রাম্…পি, ব্যুন্মিশ্রাম্…বা। (৯৯)…গদয়া পর্য্যকালয়ৎ—পি বা।

CENTRAL LIBRARY

গদয়া বধ্যমানাস্তে মার্গণৈশ্চ সমন্ততঃ।
স্বান্যনীকানি মৃদ্নন্তঃ প্রাদ্রবন্ কুঞ্জরাস্তব ॥১০০॥
মহাবাত ইবাভ্রাণি বিধমিত্বা স বারণান্।
অতিষ্ঠৎ সমরে ভীমঃ শ্মশান ইব শূলভৃৎ ॥১০১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে চতুর্থদিবসযুদ্ধে ভীমযুদ্ধে একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

হতে তস্মিন্ গজানীকে পুত্রো দুর্য্যোধনস্তব।
ভীমসেনং ঘ্নতেত্যেবং সর্বসৈন্যান্যচোদয়ৎ ॥১॥

ভারতকৌমুদী

গদয়েতি। মার্গণৈর্বাণৈঃ। অনীকানি সৈন্যানি, মৃদ্নন্তো মর্দ্দয়ন্তঃ ॥১০০॥
মহেতি। অভ্রাণি মেঘান্, বিধমিত্বা বিলয়ং নীত্বা, বারণান্ হস্তিনঃ ॥১০১॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

পশুপালক যেমন যষ্টিদ্বারা পশুসমূহকে দমন করে, সেইরূপ ভীমসেন গদাদ্বারা আপনার হস্তিসৈন্যকে দমন করিলেন ॥৯৯॥

গদাদ্বারা এবং সকল দিক্ হইতে বাণদ্বারা বধ্যমান আপনার সেই হস্তিসমূহ আপন সৈন্যগণকেই মর্দ্দন করিতে থাকিয়া পলায়ন করিতে লাগিল ॥১০০॥

ক্রমে মহাবায়ু যেমন মেঘসমূহকে অপসারিত করে, সেইরূপ ভীমসেন হস্তিসমূহকে অপসারিত করিয়া, শ্মশানে শূলপাণি শিবের ন্যায় সমরাঙ্গনে অবস্থান করিতে লাগিলেন' ॥১০১॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! সেই হস্তিসৈন্য নিহত হইলে, 'ভীমটাকে বধ কর' এইরূপ আদেশ করিয়া আপনার পুত্র দুর্য্যোধন সকল সৈন্য প্রেরণ করিলেন ॥১॥

---

* 'দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ' বা ব রা নি।

ততঃ সর্বাণি সৈন্যানি তব পুত্রস্য শাসনাৎ।
অভ্যদ্রবন্ ভীমসেনং নদন্তং ভৈরবান্ রবান্ ॥২॥
তং বলৌঘমপর্য্যন্তং দেবৈরপি সুদুঃসহম্।
আপতন্তং সুদুষ্পারং সমুদ্রমিব পর্ব্বণি ॥৩॥
রথনাগাশ্বকলিলং শঙ্খদুন্দুভিনাদিতম্।
অনন্তরথপাদাতং রজসা সর্বতো বৃতম্ ॥৪॥
স ভীমসেনঃ সমরে মহোদধিমিবাপরম্।
সেনাসাগরমক্ষোভ্যং বেলেব সমবারয়ৎ ॥৫॥ (বিশেষকম্)
তদাশ্চর্য্যমপশ্যাম পাণ্ডবস্য মহাত্মনঃ।
ভীমসেনস্য সমরে রাজন্! কর্ম্মাতিমানুষম্ ॥৬॥
উদীর্ণান্ পার্থিবান্ সর্বান্ সাশ্বান্ সরথকুঞ্জরান্।
অসম্ভ্রমং ভীমসেনো গদয়া সমবারয়ৎ ॥৭॥

ভারতকৌমুদী

হত ইতি। হত যূয়ং মারয়ত। অচোদয়ৎ প্রৈরয়ৎ ॥১॥

তত ইতি। শাসনাদাদেশাৎ। অভ্যদ্রবন্ অভ্যধাবন্, নদন্তং কুর্ব্বন্তম্ ॥২॥

তমিতি। অপর্য্যন্তমসীমম্। পর্ব্বণি পূর্ণিমায়ামমাবস্যায়াং বা। রথৈর্নাগৈর্হস্তিভিঃ অশ্বৈশ্চ কলিলং ব্যাপ্তম্। পাদাতং পদাতিসমূহঃ, রজসা ধূলিজালেন। বেলা তীরম্ ॥৩—৫॥

তদেতি। আশ্চর্য্যম্ অতিমানুষং মানুষৈরসাধ্যঞ্চ কর্ম্ম অপশ্যাম ॥৬॥

উদীর্ণানিতি। উদীর্ণান্ যুদ্ধায়োদ্যতান্। অসম্ভ্রমং ব্যস্ততারহিতম্ ॥৭॥

তাহার পর আপনার পুত্রের আদেশে সমস্ত সৈন্য, ভয়ঙ্কর গর্জনকারী ভীমসেনের দিকে ধাবিত হইল ॥২॥

হস্তী, অশ্ব ও মহারথগণে পরিপূর্ণ, অসংখ্য রথী ও পদাতিসমূহযুক্ত, শঙ্খ ও দুন্দুভির শব্দে নিনাদিত, সকল দিকেই ধূলিতে পরিবৃত এবং দেবগণেরও অতিদুঃসহ সেই অসীম সৈন্যসমূহ দ্বিতীয় মহাসমুদ্রের ন্যায় আসিতে লাগিলে, তীর যেমন মহাসমুদ্রকে বারণ করে, সেইরূপ একক ভীমসেনই অক্ষোভ্য সেই সৈন্যসমুদ্রকে বারণ করিতে লাগিলেন ॥৩—৫॥

রাজা! তৎকালে যুদ্ধে মহাত্মা পাণ্ডুনন্দন ভীমসেনের অলৌকিক ও আশ্চর্য্য কার্য্য আমরা দেখিতে লাগিলাম ॥৬॥

যে হেতু একক ভীমসেনই গদাদ্বারা ধীরভাবে হস্তী, অশ্ব ও রথের সহিত যুদ্ধোদ্যত সকল রাজাকেই বারণ করিতে থাকিলেন ॥৭॥

(২) ততঃ সর্বাণ্যনীকানি…রা নি। (৫) তং ভীমসেনঃ—রা নি।

CENTRAL LIBRARY

স সংবার্য্য বলৌঘাংস্তান্ গদয়া বলিনাং বরঃ।
অতিষ্ঠত্তুমুলে ভীমো গিরির্মেরুরিবাচলঃ ॥৮॥
তস্মিন্ সুতুমুলে ঘোরে রণে পরমদারুণে।
ভ্রাতরশ্চৈব পুত্রাশ্চ ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ ॥৯॥
দ্রৌপদেয়াভিমন্যুশ্চ শিখণ্ডী চাপরাজিতঃ।
ন প্রাজহন্ ভীমসেনং ভয়ে জাতে মহাবলম্ ॥১০॥ (যুগ্মকম্)
ততঃ শৈক্যায়সীং গুর্বীং প্রগৃহ্য মহতীং গদাম্।
অধাবত্তাবকান্ যোধান্ দণ্ডপাণিরিবান্তকঃ ॥১১॥
পোথয়ন্ রথবৃন্দানি বাজিবৃন্দানি চাভিভূঃ।
ব্যচরৎ সমরে যোধান্ যুগান্তে পাবকো যথা ॥১২॥
বিনিঘ্নন্ সমরে যোধান্ যুগান্তে কালবদ্বিভুঃ।
ঊরুবেগেন সংকর্ষন্ রথজালানি পাণ্ডবঃ ॥১৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। তুমুলে যুদ্ধে ইতি শেষঃ। অচলো নিষ্কম্পঃ ॥৮॥

তস্মিন্নিতি। ঘোরে মহতি। ভ্রাতরো নকুলাদয়ঃ, পুত্রা ঘটোৎকচাদয়ঃ। দ্রৌপদেয়ৈঃ দ্রৌপদ্যাঃ পুত্রৈর্যুক্তোঽভিমন্যুরিতি দ্রৌপদেয়াভিমন্যুঃ, মধ্যপদলোপী সমাসঃ। প্রাজহন্ অত্যজন্ ॥৯—১০॥

তত ইতি। শৈক্যায়ো লৌহসারস্তেন কৃতেতি শৈক্যায়সী তাম্, গুর্বীং ভারবতীম্ ॥১১॥

পোথয়ন্নিতি। অভিভবতি শত্রূন্ পরাজয়ত ইতি অভিভূঃ। বিভুঃ শক্তিমান্ ॥১২—১৩॥

বলিশ্রেষ্ঠ ভীমসেন গদাদ্বারা সেই সৈন্যসমূহকে বারণ করিয়া সুমেরুপর্ব্বতের ন্যায় অচল হইয়া সমরাঙ্গনে অবস্থান করিতে লাগিলেন ॥৮॥

ভ্রাতারা, পুত্রেরা, পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন, দ্রৌপদীর পুত্রেরা, অভিমন্যু ও অপরাজিত শিখণ্ডী ইঁহারা সেই অতিতুমুল ও অতিভয়ঙ্কর মহাযুদ্ধে ভয়ের সম্ভাবনা থাকায় মহাবল ভীমসেনকে পরিত্যাগ করিলেন না ॥৯—১০॥

তাহার পর ভীমসেন লৌহসার-(ইস্পাত-) নির্ম্মিত, ভারবতী ও মহতী গদা ধারণ করিয়া দণ্ডপাণি যমের ন্যায় আপনার যোদ্ধাদের প্রতি ধাবিত হইলেন ॥১১॥

ক্রমে শক্তিশালী ও বিপক্ষবিজয়ী পাণ্ডুনন্দন ভীমসেন, প্রলয়কালে মহা-

(৮)···রথিনাং বরঃ···রা নি। (৯)···কালে পরমদারুণে···রা নি। (১২) ··বাজিবৃন্দানি বা বিভুঃ···পি বা,···কর্ষয়ন্ রথবৃন্দানি বাহুবেগেন পাণ্ডবঃ—রা নি। (১৩) বিনিঘ্নন্ ব্যচরৎ সংখ্যে···রা নি।

বলানি চ মমর্দ্দাশু নড্বলানীব কুঞ্জরঃ।
মৃদ্নন্ রথেভ্যো রথিনো গজেভ্যো গজযোধিনঃ ॥১৪॥
সাদিনশ্চাশ্বপৃষ্ঠেভ্যো ভূমৌ চাপি পদাতিনঃ।
গদয়া ব্যধমৎ সর্বান্ বাতো বৃক্ষানিবৌজসা ॥১৫॥
ভীমসেনো মহাবাহুস্তব পুত্রস্য বৈ বলে।
সাপি মজ্জাবসামাংসৈঃ প্রদিগ্ধা রুধিরেণ চ ॥১৬॥
অদৃশ্যত মহারৌদ্রা গদা নাগাশ্বপাতনী।
তত্র তত্র হতৈশ্চাপি মনুষ্যগজবাজিভিঃ ॥১৭॥
রণাঙ্গণং সমভবন্মৃত্যোরাবাসসন্নিভম্।
পিনাকমিব রুদ্রস্য ক্রুদ্ধস্যাভিস্মৃতঃ পশূন্ ॥১৮॥
যমদণ্ডোপমামুগ্রামিন্দ্রাশনিসমস্বনাম্।
দদৃশুর্ভীমসেনস্য রৌদ্রাং বিশসনীং গদাম্ ॥১৯॥ (কুলকম্)

ভারতকৌমুদী

বলানীতি। নড্বলানি নলবহুলানি স্থানানি, "নলপ্রায়ে নড়ান্ নড়্ল ইত্যপি" ইত্যমরঃ ॥১৪॥

সাদিন ইতি। সাদিন আরোহিণঃ। ব্যধমৎ ন্যপাতয়ৎ। প্রদিগ্ধা লিপ্তা। নাগা হস্তিনঃ অশ্বাশ্চ পাত্যন্তে অনয়েতি নাগাশ্বপাতনী। পিনাকং নাম ধনুঃ। পশূন্ প্রাণিনঃ। বিশস্যন্তে হিংস্যন্তে অনয়েতি বিশসনী তাম্ ॥১৫—১৯॥

কালের ন্যায় যুদ্ধে বিপক্ষসৈন্যসংহার, উরুবেগে রথসমূহাকর্ষণ এবং রথ ও অশ্বসমূহকে নিষ্পেষণ করিতে থাকিয়া যুগান্তকালীন অগ্নির ন্যায় যুদ্ধে বিচরণ করিতে লাগিলেন ॥১২—১৩॥

হস্তী যেমন নলযুক্ত স্থানকে নিষ্পেষণ করে, সেইরূপ ভীমসেন রথ হইতে রথীদিগকে এবং হস্তী হইতে হস্তিযোধিগণকে নিপাতিত করতঃ সত্বরই বিপক্ষসৈন্য নিষ্পেষণ করিতে থাকিলেন ॥১৪॥

বায়ু যেমন বৃক্ষসমূহকে নিপাতিত করে, সেইরূপ মহাবাহু ভীমসেন গদাদ্বারা বলপূর্ব্বক অশ্বপৃষ্ঠ হইতে সকল আরোহীকে এবং ভূতলে সমস্ত পদাতিকে নিপাতিত করিতে লাগিলেন। রাজা! তখন আপনার পুত্রের সৈন্যমধ্যে হস্তী ও অশ্বনাশিনী এবং মহাভীষণা ভীমসেনের সেই গদাটাকে রক্ত, মাংস, বসা ও মজ্জায় লিপ্ত দেখা যাইতে লাগিল। ভিন্ন ভিন্ন স্থানে মানুষ, হস্তী ও

(১৭)···মহারৌদ্রী গদা নাগাশ্বঘাতিনী—পি বা। (১৮)···আপানসন্নিভম্···পি, আঘাতসন্নিভম্···বা।

আবিধ্যতো গদাং তস্য কৌন্তেয়স্য মহাত্মনঃ।
বভৌ রূপং মহাঘোরং কালস্যেব যুগক্ষয়ে ॥২০॥
তং তথা মহতীং সেনাং দ্রাবয়ন্তং পুনঃ পুনঃ।
দৃষ্ট্বা মৃত্যুমিবায়ান্তং সর্বে বিমনসোঽভবন্ ॥২১॥
যতো যতঃ প্রেক্ষতে স্ম গদামুদ্যম্য পাণ্ডবঃ।
তেন তেন স্ম দীর্য্যন্তে সর্বসৈন্যানি ভারত! ॥২২॥
প্রদারয়ন্তং সৈন্যানি বলেনামিতবিক্রমম্।
গ্রসমানমনীকানি ব্যাদিতাস্যমিবান্তকম্ ॥২৩॥
তং তথা ভীমকর্ম্মাণং প্রগৃহীতমহাগদম্।
দৃষ্ট্বা বৃকোদরং ভীষ্মঃ সহসৈব সমভ্যয়াৎ ॥২৪॥
মহতা রথঘোষেণ রথেনাদিত্যবর্চ্চসা।
ছাদয়ন্ শরবর্ষেণ পর্জন্য ইব বৃষ্টিমান্ ॥২৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

আবিধ্যত ইতি। আবিধ্যতো লক্ষ্যেষু চালয়তঃ। কালস্য রুদ্রস্য ॥২০॥
তমিতি। দ্রাবয়ন্তং বিনাশয়ন্তম্। সর্বে কৌরবসৈন্যাঃ, বিমনসো বিষণ্ণচিত্তাঃ ॥২১॥
যত ইতি। যতো যতো যত্র যত্র। তেন তেন তত্র তত্র। দীর্য্যন্তে ভজ্যন্তে ॥২২॥
প্রেতি। ব্যাদিতাস্যং প্রকটিতমুখম্। সমভ্যয়াৎ সমভ্যধাবৎ। পর্জন্যো মেঘঃ ॥২৩—২৫॥

অশ্ব নিহত হওয়ায় সমরস্থলটা মৃত্যুর বাসস্থানের ন্যায় হইয়া পড়িল। আর ইন্দ্রের বজ্রের ন্যায় শব্দকারিণী, সর্ব্বসংহারিণী ও ভীষণাকৃতি ভীমের সেই গদাটাকে, প্রলয়কালে ক্রুদ্ধ ও প্রাণিসংহারে প্রবৃত্ত রুদ্রের পিনাকধনুর তুল্য এবং যমের দণ্ডের সমান সকলে দেখিতে লাগিল ॥১৫—১৯॥

গদাসঞ্চালনকারী মহাত্মা ভীমসেনের মহাভয়ঙ্কর মূর্ত্তিটা তখন প্রলয়কালীন মহাকালের মূর্ত্তির ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥২০॥

ভীমসেনকে সেইভাবে বার বার বিশাল সৈন্য সংহার করিতে করিতে মৃত্যুর ন্যায় আসিতে দেখিয়া কৌরবসৈন্যেরা সকলে বিষণ্ণচিত্ত হইয়া পড়িল ॥২১॥

ভরতনন্দন! ভীমসেন গদা উত্তোলন করিয়া যে যে দিকে দৃষ্টিপাত করিতে লাগিলেন, সেই সেই দিকেই আপনার সমস্ত সৈন্য বিচ্ছিন্ন হইতে লাগিল ॥২২॥

অসাধারণবিক্রমশালী ও ভীমকর্ম্মা ভীমসেন বিশাল গদা ধারণ করিয়া বলপূর্ব্বক কৌরবসৈন্য বিচ্ছিন্ন করিতেছেন এবং বিবৃতবদন যমের ন্যায় কৌরব-সৈন্য গ্রাস করিতেছেন ইহা দেখিয়া ভীষ্ম, বৃষ্টিকারী মেঘের ন্যায় বাণবর্ষণদ্বারা

তমায়ান্তং তথা দৃষ্ট্বা ব্যাত্তাননমিবান্তকম্।
ভীষ্মং ভীমো মহাবাহুঃ প্রত্যুদীয়াদমর্ষিতঃ ॥২৬॥
তস্মিন্ ক্ষণে সাত্যকিঃ সত্যসন্ধঃ শিনিপ্রবীরোঽভ্যপতৎ পিতামহম্।
নিঘ্নন্নমিত্রান্ ধনুষা দৃঢ়েন সংকম্পয়ংস্তব পুত্রস্য সেনাম্ ॥২৭॥
তং যান্তমশ্বৈরজতপ্রকাশৈঃ শরান্ বপন্তং নিশিতান্ সুপুঙ্খান্।
নাশক্নুবন্ বারয়িতুং তদানীং সর্বে গণা ভারত! যে ত্বদীয়াঃ ॥২৮॥
অবিধ্যদেনং দশভিঃ পৃষৎকৈরলম্বুষো রাক্ষসোঽসৌ তদানীম্।
শরৈশ্চতুর্ভিঃ প্রতিবিধ্য তঞ্চ নপ্তা শিনেরভ্যপতদ্রথেন ॥২৯॥

ভারতকৌমুদী

তমিতি। ব্যাত্তাননং বিবৃতবদনম্। প্রত্যুদীয়াৎ প্রত্যুদগচ্ছৎ ॥২৬॥
তস্মিন্নিতি। সত্যসন্ধো যথার্থপ্রতিজ্ঞঃ, শিনিপ্রবীরঃ শিনিবংশেষু শ্রেষ্ঠবীরঃ ॥২৭॥
তমিতি। রজতপ্রকাশৈ রৌপ্যতুল্যশুভ্রবর্ণৈঃ, বপন্তং নিক্ষিপন্তম্ ॥২৮॥
অবিধ্যদিতি। এনং সাত্যকিম্, পৃষৎকৈর্বাণৈঃ। শিনের্নপ্তা পৌত্রঃ সাত্যকিঃ ॥২৯॥

তাঁহাকে আবৃত করিতে থাকিয়া, সূর্য্যের ন্যায় উজ্জ্বল রথে আরোহণ করিয়া, সেই রথের বিশাল শব্দের সহিত সত্বর ভীমসেনের দিকে ধাবিত হইলেন ॥২৩—২৫॥

বিবৃতবদন যমের ন্যায় ভীষ্মকে আসিতে দেখিয়া ক্রুদ্ধ মহাবাহু ভীমসেনও সেই দিকে ধাবিত হইলেন ॥২৬॥

সেই সময়ে সত্যপ্রতিজ্ঞ ও শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকি দৃঢ় ধনুদ্বারা শত্রুসংহার করিতে থাকিয়া এবং আপনার পুত্রের সৈন্যগণকে কম্পিত করিয়া বেগে ভীষ্মের দিকে আসিতে লাগিলেন ॥২৭॥

ভরতনন্দন! সাত্যকি রৌপ্যের ন্যায় শুভ্রবর্ণ-ঘোটক-চালিত রথে আরোহণ করিয়া শিলাশাণিত ও সুন্দরপুঙ্খ বাণসমূহ নিক্ষেপ করিতে থাকিয়া আসিতে লাগিলে, আপনার পক্ষে যাঁহারা ছিলেন, সেই যোদ্ধারা তখন তাঁহাকে বারণ করিতে সমর্থ হইলেন না ॥২৮॥

তবে রাক্ষস অলম্বুষ তখন দশটা বাণদ্বারা সাত্যকিকে বিদ্ধ করিল; পরে সাত্যকিও চারিটা বাণদ্বারা অলম্বুষকে প্রতিবিদ্ধ করিয়া রথারোহণে গমন করিতেই লাগিলেন ॥২৯॥

(২৭)…তব পুত্রস্য সৈন্যম্—রা নি।

CENTRAL LIBRARY

অন্বাগতং বৃষ্ণিবরং নিশম্য তং শত্রুমধ্যে পরিবর্ত্তমানম্ ।
প্রদ্রাবয়ন্তং কুরুপুঙ্গবাংশ্চ পুনঃ পুনশ্চ প্রণদন্তমাজৌ ।
যোধাস্ত্বদীয়াঃ শরবর্ষৈরবর্ষন্ মেঘা যথা ভূধরমম্বুবেগৈঃ ॥৩০॥
তথাপি তং ধারয়িতুং ন শেকুর্মধ্যন্দিনে সূর্য্যমিবাপতন্তম্ ।
ন তত্র কশ্চিন্ন বিষণ্ণ আসীদৃতে রাজন্ ! সোমদত্তস্য পুত্রাৎ ॥৩১॥
স হ্যাদদানো ধনুরুগ্রবেগং ভূরিশ্রবা ভারত ! সৌমদত্তিঃ ।
দৃষ্ট্বা রথান্ স্বান্ ব্যপনীয়মানান্ প্রত্যুদ্যযৌ সাত্যকিং যোদ্ধুমিচ্ছন্ ॥৩২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভীষ্মবধে চতুর্থদিবসযুদ্ধে সাত্যকিভূরিশ্রবঃসমাগমে
দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অন্বিতি। অন্বাগতং ভীমাৎ পরমুপস্থিতম্, বৃষ্ণিবরং সাত্যকিম্, নিশম্য দৃষ্ট্বা। প্রদ্রাবয়ন্তং মর্দ্দয়ন্তম্। ভূধরং পর্বতম্, অম্বুবেগৈঃ বেগবদ্বৃষ্টিভিঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩০॥

তথেতি। ধারয়িতুং তত্রৈবাবস্থাপয়িতুম্। বিষণ্ণো নাসীদিতি ন। ঋতে বিনা ॥৩১॥

স ইতি। আদদানো গৃহ্ণন্। ব্যপনীয়মানান্ সাত্যকিনা অপসার্য্যমাণান্ ॥৩২॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভীমের পরে সাত্যকি আসিয়াছেন এবং তিনি শত্রুমধ্যে রহিয়াছেন, কুরু-পক্ষীয় প্রধান সৈন্যদিগকে পীড়ন করিতেছেন ও যুদ্ধমধ্যে বার বার সিংহনাদ করিতেছেন, ইহা দেখিয়া মেঘ যেমন পর্বতের উপরে বারি বর্ষণ করে সেইরূপ আপনার পক্ষের যোদ্ধারা তাঁহার উপরে বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৩০॥

রাজা ! তথাপি মধ্যাহ্নকালে সূর্য্যের ন্যায় আগমনপ্রবৃত্ত সাত্যকিকে তাঁহারা বারণ করিতে সমর্থ হইলেন না ; বরং একমাত্র ভূরিশ্রবা ব্যতীত অপর কেহ যে বিষণ্ণ হইল না, তাহা নহে ॥৩১॥

কারণ, ভরতনন্দন ! সোমদত্তপুত্র ভূরিশ্রবা তখন স্বপক্ষীয় রথীদিগকে পলায়ন করিতে দেখিয়া ভয়ঙ্করবেগশালী একখানা ধনু ধারণ করিয়া সাত্যকির সহিত যুদ্ধ করিবার জন্য তাঁহার প্রতি ধাবিত হইলেন' ॥৩২॥

(৩০)…বৃষ্ণিবীরং নিশম্য…পি বা। (৩১) নাশক্নুবন্ ধারয়িতুং বরিষ্ঠং মধ্যন্দিনে… পি বা। (৩২) স বৈ সমাদায় ধনুর্মহাত্মা…রা নি। * '…ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ' বা ব রা নি।

CENTRAL LIBRARY

ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

ততো ভূরিশ্রবা রাজন্! সাত্যকিং নবভিঃ শরৈঃ।
প্রাবিধ্যদ্ভৃশসংক্রুদ্ধস্তোত্রৈরিব মহাদ্বিপম্ ॥১॥
কৌরবং সাত্যকিশ্চাপি শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
অবারয়দমেয়াত্মা সর্ব্বলোকস্য পশ্যতঃ ॥২॥
ততো দুর্য্যোধনো রাজা সোদর্য্যৈঃ পরিবারিতঃ।
সৌমদত্তিং রণে যত্তং সমন্তাৎ পর্য্যবারয়ৎ ॥৩॥
তথৈব পাণ্ডবাঃ সর্ব্বে সাত্যকিং তরসা রণে।
পরিবার্য্য স্থিতাঃ সংখ্যে সমন্তাৎ সুমহৌজসঃ ॥৪॥
ভীমসেনস্তু সংক্রুদ্ধো গদামুদ্যম্য ভারত!।
দুর্য্যোধনমুখান্ সর্ব্বান্ পুত্রাংস্তে পর্য্যবারয়ৎ ॥৫॥

ভারতকৌমুদী

তত ইতি। তোত্রৈরঙ্কুশবিশেষৈঃ, মহাদ্বিপং মহাহস্তিনম্ ॥১॥
কৌরবমিতি। কৌরবং কুরুবংশোৎপন্নং ভূরিশ্রবসম্। অমেয়াত্মা অজ্ঞেয়শক্তিঃ ॥২॥
তত ইতি। সৌমদত্তিং ভূরিশ্রবসম্, যত্তং যত্নবন্তম্ ॥৩॥
তথেতি। তরসা বেগেন। সংখ্যায়তে মহত্তয়া কথ্যত ইতি সংখ্যস্তস্মিন্ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'রাজা! তাহার পর অত্যন্তক্রুদ্ধ ভূরিশ্রবা, অঙ্কুশদ্বারা মহাহস্তীর ন্যায় নয়টা বাণদ্বারা সাত্যকিকে বিদ্ধ করিলেন ॥১॥

অসাধারণশক্তিশালী সাত্যকিও সমস্ত লোকের সমক্ষে অবনতপর্ব্ব বহুতর বাণদ্বারা ভূরিশ্রবাকে বারণ করিলেন ॥২॥

তাহার পর রাজা দুর্য্যোধন সহোদরগণে পরিবেষ্টিত হইয়া সকল দিক্ হইতে যুদ্ধে যত্নবান্ ভূরিশ্রবাকে (রক্ষার জন্য) পরিবেষ্টন করিলেন ॥৩॥

সেইরূপই মহাবল পাণ্ডবেরা সকলেও বেগে যাইয়া সাত্যকিকে পরিবেষ্টন করিয়া মহাযুদ্ধভূমিতে অবস্থান করিতে লাগিলেন ॥৪॥

ভরতনন্দন! ক্রমে মহাক্রুদ্ধ ভীমসেন গদা উত্তোলন করিয়া দুর্য্যোধন-প্রভৃতি আপনার পুত্রগণকে বারণ করিতে থাকিলেন ॥৫॥

(১)···আবিধ্যৎ···রা নি। (২)···সাত্যকিশ্চৈব···রা নি। (৩)···রণে যত্তঃ··রা নি। (৪) তথৈব পাণ্ডবাঃ··রা নি।

CENTRAL LIBRARY

তথৈব তু সুতাস্তভ্যং ভীমসেনং মহারথম্ ।
দুর্য্যোধনমুখাঃ সর্বে সমন্তাৎ পর্য্যবারয়ন্ ॥৬॥
রথৈরনেকসাহস্রৈঃ ক্রোধামর্ষসমন্বিতঃ ।
নন্দকস্তব পুত্রস্তু ভীমসেনং মহাবলম্ ॥৭॥
বিব্যাধ বিশিখৈঃ ষড়্ভিঃ কঙ্কপত্রৈঃ শিলাশিতৈঃ ।
দুর্য্যোধনস্তদা রাজন্ ! ভীমসেনং মহারথম্ ॥৮॥
আজঘানোরসি ক্রুদ্ধো মার্গণৈর্নবভিঃ শিতৈঃ ।
ততো ভীমো মহাবাহুঃ স্বরথং সুমহাবলঃ ॥৯॥
আরুরোহ রথশ্রেষ্ঠং বিশোকঞ্চেদমব্রবীৎ ।
এতে মহারথাঃ শূরা ধার্ত্তরাষ্ট্রাঃ সমাগতাঃ ॥১০॥
মামেব ভৃশসংক্রুদ্ধা হন্তুমভ্যুদ্যতা যুধি ।
মনোরথদ্রুমোঽস্মাকং চিন্তিতো বহুবার্ষিকঃ ॥১১॥
সফলঃ সূত ! চাদ্যেহ যোঽহং পশ্যামি সোদরান্ ।
যত্রাশোক ! সমুৎক্ষিপ্তা রেণবো রথনেমিভিঃ ॥১২॥
প্রযান্ত্যন্ত্যন্তরিক্ষং হি শরবৃন্দৈর্দিগন্তরে ।
তত্র তিষ্ঠতি সন্নদ্ধঃ স্বয়ং রাজা সুযোধনঃ ॥১৩॥ (কুলকম্)

ভারতকৌমুদী

ভীমেতি। দুর্য্যোধনমুখান্ দুর্য্যোধনপ্রভৃতীন্ ॥৫॥

তথেতি। তুভ্যং তব। সর্ব্বে তব পুত্রাঃ ॥৬॥

রথৈরিতি। ক্রোধশ্চিত্তস্য জ্বলনম্, অমর্ষশ্চাসহিষ্ণুতা। নন্দকো নাম। উরসি বক্ষসি, মার্গণৈর্বাণৈঃ। বিশোকং নাম সারথিম্, পরন্তু সূতেতি সম্বোধনাৎ। বহুবার্ষিকো বহুবর্ষব্যাপী। সোদরান্ জ্যেষ্ঠতাতপুত্ররূপান্ ভ্রাতৃন্। যত্র রথনেমিভিঃ রথচক্রপ্রান্তৈঃ, সমুৎক্ষিপ্তা উত্তোলিতাঃ, রেণবো ধূলয়ঃ, শরবৃন্দৈঃ সহ, অন্তরিক্ষং দিগন্তরে চ, প্রযান্তি, তত্র স্থানে, সন্নদ্ধঃ কৃতযুদ্ধসজ্জঃ স্বয়ং রাজা সুযোধনস্তিষ্ঠতি ॥৭—১৩॥

সেইরূপই দুর্য্যোধনপ্রভৃতি আপনার পুত্রেরা সকলেও সকল দিক্ হইতে মহারথ ভীমসেনকে বারণ করিতে লাগিলেন ॥৬॥

রাজা ! আপনার পুত্র নন্দক অনেকসহস্র রথে পরিবেষ্টিত এবং ক্রোধ ও অসহিষ্ণুতাযুক্ত হইয়া শিলাশাণিত ও কঙ্কপক্ষযুক্ত ছয়টা বাণদ্বারা মহাবল ভীমসেনকে বিদ্ধ করিলেন। তখন দুর্য্যোধনও ক্রুদ্ধ হইয়া নয়টা নিশিত বাণ-

(৬) অয়ং শ্লোকঃ বা ব রা নি নাস্তি। (৮)···ভীমসেনং মহাহবে—পি বা। (৯)··· মার্গণৈর্বহুভিঃ···পি বা।

ভ্রাতরশ্চাস্য সন্নদ্ধাঃ কুলপুত্রা মদোৎকটাঃ।
এতানদ্য হনিষ্যামি পশ্যতস্তে ন সংশয়ঃ ॥১৪॥
তস্মান্মমাশ্বান্ সংগ্রামে যত্তঃ সংযচ্ছ সারথে!।
এবমুক্ত্বা ততঃ পার্থস্তব পুত্রং বিশাংপতে! ॥১৫॥
বিব্যাধ দশভিস্তীক্ষ্ণৈঃ শরৈঃ কনকভূষণৈঃ।
নন্দকঞ্চ ত্রিভির্বাণৈঃ প্রত্যবিধ্যৎ স্তনান্তরে ॥১৬॥ (যুগ্মকম্)
তন্তু দুর্য্যোধনঃ ষষ্ট্যা বিদ্ধা ভীমং মহাবলম্।
ত্রিভিরন্যৈঃ সুনিশিতৈর্বিশোকং প্রত্যবিধ্যত ॥১৭॥

ভারতকৌমুদী

ভ্রাতর ইতি। কুলপুত্রাঃ সদ্বংশজাতাঃ। তিষ্ঠন্তীতি বচনবিপরিণামেনানুবৃত্তিঃ ॥১৪॥

তস্মাদিতি। যত্তো যত্নবান্ সাবধানঃ সন্, সংযচ্ছ চালয়। পার্থো ভীমসেনঃ, পুত্রং দুর্য্যোধনম্। নন্দকং তদাখ্যং তব পুত্রান্তরম্। স্তনান্তরে বক্ষসি ॥১৫—১৬॥

দ্বারা মহারথ ভীমসেনের বক্ষস্থলে আঘাত করিলেন। তাহার পর মহাবাহু ও অতিমহাবল ভীমসেন রথশ্রেষ্ঠ স্বকীয় রথে আরোহণ করিলেন এবং সারথি বিশোককে এই কথা বলিলেন—'বিশোক! মহারথ ও বীর এই ধৃতরাষ্ট্র পুত্রেরা আসিয়াছে এবং অত্যন্তক্রুদ্ধ হইয়া যুদ্ধে আমাকেই বধ করিতে উদ্যত হইয়াছে। অতএব সারথি! আমি বহুবৎসর যাবৎ যাহার চিন্তা করিয়া আসিতেছি, সেই মনোরথবৃক্ষ আজ সফল হইবে; যে হেতু আমি ভ্রাতৃগণকে দেখিতেছি। অশোক! রথচক্রের ঘর্ষণে ধূলি উঠিয়া যেখানে নিক্ষিপ্ত বাণসমূহের সহিত আকাশে দিগ্‌দিগন্তরে যাইবে, সেইখানে যুদ্ধসজ্জায় সজ্জিত স্বয়ং রাজা দুর্য্যোধন রহিয়াছেন ॥৭—১৩॥

এবং যুদ্ধসজ্জায় সজ্জিত, সদ্বংশজাত ও মদমত্ত উঁহার ভ্রাতারাও সেইখানেই রহিয়াছেন। আজ আমি তোমার সমক্ষে ইঁহাদিগকে বধ করিব; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥১৪॥

অতএব সারথি! তুমি সাবধান হইয়া আমার অশ্বগুলিকে সমরাঙ্গনে সঞ্চালন কর'। নরনাথ! এই কথা বলিয়া ভীমসেন তখন তীক্ষ্ণ ও স্বর্ণভূষিত দশটা বাণদ্বারা আপনার পুত্র দুর্য্যোধনকে বিদ্ধ করিলেন এবং তিনটা বাণদ্বারা নন্দকের বক্ষস্থলে আঘাত করিলেন ॥১৫—১৬॥

তৎপরে দুর্য্যোধন ষাট্‌টা বাণদ্বারা মহাবল ভীমসেনকে বিদ্ধ করিয়া অপর সুতীক্ষ্ণ তিনটা বাণদ্বারা বিশোককে তাড়ন করিলেন ॥১৭॥

(১৬)···নিশিতৈস্তীক্ষ্ণৈঃ···অভ্যবিধ্যৎ···রা নি।

ভীমস্য চ রণে রাজন্ ! ধনুশ্চিচ্ছেদ ভাস্বরম্ ।
মুষ্টিদেশে ভৃশং তীক্ষ্ণৈস্ত্রিভির্ভল্লৈর্হসন্নিব ॥১৮॥
ভীমস্তু প্রেক্ষ্য যন্তারং বিশোকং সংযুগে তদা ।
পীড়িতং বিশিখৈস্তীক্ষ্ণৈস্তব পুত্রেণ ধন্বিনা ॥১৯॥
অমৃষ্যমাণঃ সংরব্ধো ধনুর্দিব্যং পরামৃশৎ ।
পুত্রস্য তে মহারাজ ! বধার্থং ভরতর্ষভ ! ॥২০॥ (যুগ্মকম্)
সমধত্ত চ সংরব্ধঃ ক্ষুরপ্রং লোমবাহিনম্ ।
তেন চিচ্ছেদ নৃপতের্ভীমঃ কার্ম্মুকমুত্তমম্ ॥২১॥
অপাস্য তু ধনুশ্ছিন্নং পুত্রস্তে ক্রোধমূর্চ্ছিতঃ ।
অন্যৎ কার্ম্মুকমাদায় সত্বরং বেগবত্তরম্ ॥২২॥
সন্ধায় বিশিখং ঘোরং কালমৃত্যুসমপ্রভম্ ।
তেনাজঘ্নে সংক্রুদ্ধো ভীমসেনং স্তনান্তরে ॥২৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তমিতি। ষষ্ঠ্যা বাণৈঃ। অন্যৈর্বাণৈঃ, বিশোকং সারথিম্ ॥১৭॥
ভীমস্যেতি। ভাস্বরং স্বর্ণাদিখচিতত্বাদুজ্জ্বলম্। ভল্লৈর্বাণবিশেষৈঃ ॥১৮॥
ভীম ইতি। যন্তারং সারথিম্। অমৃষ্যমাণঃ অসহমানঃ, সংরব্ধঃ ক্রুদ্ধঃ ॥১৯—২০॥
সমিতি। সমধত্ত সন্ধানবিষয়ং কৃতবান্। নৃপতের্দুর্য্যোধনস্য ॥২১॥
অপাস্যেতি। অপাস্য বিহায়। কালোঽত্র প্রলয়কালীনো রুদ্রঃ ॥২২—২৩॥

এবং রাজা ! তিনি হাসিতে হাসিতেই যেন অত্যন্ততীক্ষ্ণ তিনটা ভল্লদ্বারা যুদ্ধে ভীমসেনের উজ্জ্বল ধনুখানার মুষ্টিদেশ ছেদন করিলেন ॥১৮॥

ভরতনন্দন মহারাজ ! পূর্ব্ব হইতেই অত্যন্তক্রুদ্ধ ভীমসেন তখন সারথি বিশোককে আপনার ধনুর্দ্ধর পুত্রের তীক্ষ্ণবাণে পীড়িত দেখিয়া, তাহা সহ্য করিতে না পারিয়া, আপনার পুত্রের বধের জন্য দিব্য ধনু ধারণ করিলেন ॥১৯—২০॥

পরে অত্যন্তক্রুদ্ধ ভীমসেন লোমবাহী একটা ক্ষুরপ্র (বাণবিশেষ) সন্ধান করিলেন এবং তাহাদ্বারা দুর্য্যোধনের উত্তম ধনুখানা ছেদন করিয়া ফেলিলেন ॥২১॥

(১৮)···চিচ্ছেদ ভাস্বরম্···ত্রিভিরাজ্ঞৌ···পি বা। (১৯) সমরে প্রেক্ষ্য যন্তারং বিশোকস্তু বৃকোদরঃ—রা নি। (২০) অমৃষ্যমাণঃ সংক্রুদ্ধঃ···পি বা। (২১) সমাদধৎ সুসংক্রুদ্ধঃ ক্ষুরপ্রং রোমবাহিনম্···রা নি। (২২) সোঽপবিধ্য ধনুঃ···রা নি,···সত্বনং বেগবত্তরম্—পি বা। (২৩) সন্দধে বিশিখম্···রা নি।

স গাঢ়বিদ্ধো ব্যথিতঃ স্যন্দনোপস্থ আবিশৎ।
নিষসাদ রথোপস্থে মূর্চ্ছাঞ্চাভিজগাম হ ॥২৪॥
তং দৃষ্ট্বা ব্যথিতং ভীমমভিমন্যুপুরোগমাঃ।
নামৃষ্যন্ত মহেষ্বাসাঃ পাণ্ডবানাং মহারথাঃ ॥২৫॥
ততঃ সুতুমুলাং বৃষ্টিং শরাণামুগ্রতেজসাম্।
পাতয়ামাসুরব্যগ্রাঃ পুত্রস্য তব মূর্দ্ধনি ॥২৬॥
প্রতিলভ্য ততঃ সংজ্ঞাং ভীমসেনো মহাবলঃ।
দুর্য্যোধনং ত্রিভির্বিদ্ধা পুনর্বিব্যাধ পঞ্চভিঃ ॥২৭॥
শল্যঞ্চ পঞ্চবিংশত্যা শরৈর্বিব্যাধ পাণ্ডবঃ।
রুক্মপুঙ্খৈর্মহেষ্বাসঃ স বিদ্ধো ব্যপয়াদ্রণাৎ ॥২৮॥

ভারতকৌমুদী

স ইতি। স্যন্দনোপস্থে রথোপরিদেশে, আবিশৎ ভ্রমং প্রাপৎ ॥২৪॥
তমিতি। নামৃষ্যন্ত নাসহন্ত, মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ ॥২৫॥
তত ইতি। অব্যগ্রা অনাকুলা ধীরাঃ স্থিতা এবেত্যর্থঃ ॥২৬॥
প্রতীতি। ত্রিভির্ব্বাণৈঃ, পুনর্বিব্যাধ তমেব, পঞ্চভির্ব্বাণৈঃ ॥২৭॥
শল্য ইতি। পাণ্ডবো ভীমঃ। ব্যপয়াৎ অপাসরৎ। অড়াগমাভাব আর্ষঃ ॥২৮॥

তখন আপনার পুত্র (দুর্য্যোধন) ক্রোধে অধীর হইয়া, সেই ছিন্ন ধনু ত্যাগ করিয়া, সত্বর অন্য একখানা উত্তম ধনু লইয়া, তাহাতে রুদ্র ও মৃত্যুর তুল্য ভয়ঙ্কর একটা বাণ সন্ধান করিয়া, তাহাদ্বারা ভীমের বক্ষস্থলে আঘাত করিলেন ॥২২—২৩॥

তাহাতে ভীমসেন গাঢ়বিদ্ধ ও ব্যথিত হইয়া রথের উপরে ভ্রমাবিষ্ট হইলেন, ক্রমে রথের উপরে উপবেশন করিলেন এবং মূর্চ্ছিত হইলেন ॥২৪॥

ভীমসেনকে ব্যথিত দেখিয়া অভিমন্যুপ্রভৃতি পাণ্ডবপক্ষীয় মহাধনুর্দ্ধর মহারথেরা সহ্য করিলেন না ॥২৫॥

তাহার পর তাঁহারা ধীর-স্থির থাকিয়াই আপনার পুত্রের মস্তকের উপরে অতিতুমুল ও উগ্র বাণ বর্ষণ করিতে লাগিলেন ॥২৬॥

তৎপরে মহাবল ভীমসেন চৈতন্য লাভ করিয়া তিনটা বাণদ্বারা দুর্য্যোধনকে বিদ্ধ করিয়া আবারও পাঁচটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥২৭॥

(২৪)…ব্যথিতঃ সর্ব্বগাত্রৈর্বিযোজিতঃ…পি। (২৫)…নামৃষ্যন্ত মহাভাগাঃ…পি বা। (২৬) ততস্তু তুমুলাং বৃষ্টিং শস্ত্রাণাং তিগ্মতেজসাম্…রা নি।

প্রত্যুদ্যযুস্ততো ভীমং তব পুত্রাশ্চতুর্দ্দশ।
সেনাপতিঃ সুষেণশ্চ জলসন্ধঃ সুলোচনঃ ॥২৯॥
উগ্রো ভীমরথো ভীমো বীরবাহুরলোলুপঃ।
দুর্ম্মুখো দুষ্প্রধর্ষশ্চ বিবিৎসুর্বিকটঃ সমঃ ॥৩০॥ (যুগ্মকম্)
বিসৃজন্তো বহূন্ বাণান্ ক্রোধসংরক্তলোচনাঃ।
ভীমসেনমভিদ্রুত্য বিব্যধুঃ সহিতা ভৃশম্ ॥৩১॥
পুত্রাংস্তু তব সংপ্রেক্ষ্য ভীমসেনো মহাবলঃ।
সৃক্কণী বিলিহন্ বীরঃ পশুমধ্যে বৃকো যথা ॥৩২॥
অভিপত্য মহাবাহুর্গরুত্মানিব বেগিতঃ।
সেনাপতেঃ ক্ষুরপ্রেণ শিরশ্চিচ্ছেদ পাণ্ডবঃ ॥৩৩॥ (যুগ্মকম্)
সংপ্রহস্য চ হৃষ্টাত্মা ত্রিভির্বাণৈর্মহাভুজঃ।
জলসন্ধং বিনির্ভিদ্য সোঽনয়দ্যমসাদনম্ ॥৩৪॥

ভারতকৌমুদী

প্রতীতি। সেনাপতির্নাম। এষামাদিপর্বোক্তনামবৈষম্যন্তু ইদানীমিব তদানীমপি প্রতিব্যক্তোব নামানেকত্বাৎ। সম ইত্যপি কস্যচিন্নাম ॥২৯—৩০॥

বিসৃজন্ত ইতি। বিব্যধুঃ তে তব চতুর্দ্দশ পুত্রাঃ ॥৩১॥

পুত্রানিতি। সৃক্কণী ওষ্ঠপ্রান্তৌ। বৃকো ব্যাঘ্রবিশেষঃ। গরুত্মান্ গরুড়ঃ ॥৩২—৩৩॥

সংপ্রহস্যেতি। বিনির্ভিদ্য বক্ষসি বিদার্য্য, স ভীমসেনঃ ॥৩৪॥

পরে মহাধনুর্দ্ধর ভীমসেন স্বর্ণপুঙ্খ পঁচিশটা বাণদ্বারা শল্যকে বিদ্ধ করিলেন। শল্য সেই ভাবে বিদ্ধ হইয়া সমরস্থল হইতে অপসৃত হইলেন ॥২৮॥

মহারাজ! তাহার পর সেনাপতি, সুষেণ, জলসন্ধ, সুলোচন, উগ্র, ভীমরথ, ভীম, বীরবাহু, অলোলুপ, দুর্ম্মুখ, দুষ্প্রধর্ষ, বিবিৎসু, বিকট ও সম, আপনার এই চৌদ্দজন পুত্র ভীমের সম্মুখে উপস্থিত হইলেন ॥২৯—৩০॥

এবং তাঁহারা ক্রোধে আরক্তনয়ন ও সম্মিলিত হইয়া বেগে যাইয়া বহুতর বাণ নিক্ষেপ করিয়া ভীমসেনকে অত্যন্তবিদ্ধ করিলেন ॥৩১॥

তখন মহাবল, মহাবীর ও মহাবাহু পাণ্ডুনন্দন ভীমসেন আপনার পুত্রগণকে দেখিয়া, পশুমধ্যে ব্যাঘ্রের ন্যায় ওষ্ঠপ্রান্ত লেহন করিতে থাকিয়া, গরুড়ের ন্যায় বেগে সম্মুখে যাইয়া, ক্ষুরপ্রদ্বারা সেনাপতির মস্তক ছেদন করিলেন ॥৩২—৩৩॥

(৩২)···সৃক্কিণী বিলিহন্···বা রা নি। (৩৩) অভিপত্য···পি।

সুষেণঞ্চ ততো হত্বা প্রেষয়ামাস মৃত্যবে।
উগ্রস্য সশিরস্ত্রাণং শিরশ্চন্দ্রোপমং ভুবি।
পাতয়ামাস ভল্লেন কুণ্ডলাভ্যাং বিভূষিতম্ ॥৩৫॥
বীরবাহুঞ্চ সপ্তত্যা সাশ্বকেতুং সসারথিম্।
নিনায় সমরে বীরঃ পরলোকায় পাণ্ডবঃ ॥৩৬॥
ভীমং ভীমরথঞ্চোভৌ ভীমসেনো হসন্নিব।
পুত্রৌ তে দুর্ম্মদৌ রাজন্নময়দ্যমসাদনম্ ॥৩৭॥
ততঃ সুলোচনং ভীমঃ ক্ষুরপ্রেণ মহামৃধে।
মিষতাং সর্ব্বসৈন্যানামময়দ্যমসাদনম্ ॥৩৮॥
পুত্রাস্তু তব তং দৃষ্ট্বা ভীমসেনপরাক্রমম্।
শেষা যেঽন্যেঽভবংস্তত্র তে ভীমস্য ভয়ার্দ্দিতাঃ।
বিপ্রদ্রুতা দিশো রাজন্! বধ্যমানা মহাত্মনা ॥৩৯॥

ভারতকৌমুদী

সুষেণমিতি। শিরসস্ত্রাণেন বর্ম্মণা সহেতি সশিরস্ত্রাণম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৫॥
বীরেতি। সপ্তত্যা বাণৈঃ, অশ্বৈঃ কেতুনা ধ্বজেন চ সহেতি সাশ্বকেতুম্ ॥৩৬॥
ভীমমিতি। দুর্ম্মদৌ যুদ্ধদুর্দ্ধর্ষৌ। যমস্য সাদনমালয়ম্ ॥৩৭॥
তত ইতি। মহামৃধে মহাযুদ্ধে। মিষতাং পশ্যতাম্ ॥৩৮॥
পুত্রা ইতি। অভবন্ আসন্। বিপ্রদ্রুতাঃ পলায়িতাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৯॥

পরে হৃষ্টচিত্ত মহাবাহু ভীমসেন হাস্য করিয়া তিনটা বাণদ্বারা জলসন্ধের হৃদয় বিদীর্ণ করিয়া তাঁহাকে যমালয়ে প্রেরণ করিলেন ॥৩৪॥

তদনন্তর সুষেণকে বধ করিয়া যমের নিকট পাঠাইলেন। পরে একটা ভল্লদ্বারা শিরস্ত্রাণযুক্ত, কুণ্ডলভূষিত এবং পৃথিবীতে চন্দ্রতুল্য উগ্রের মস্তকটা নিপাতিত করিলেন ॥৩৫॥

ক্রমে মহাবীর ভীমসেন সত্তরটা বাণদ্বারা অশ্ব ও ধ্বজ ছেদন করিয়া সারথির সহিত বীরবাহুকে পরলোকে প্রেরণ করিলেন ॥৩৬॥

রাজা! পরে ভীমসেন হাসিতে হাসিতেই যেন আপনার পুত্র যুদ্ধদুর্দ্ধর্ষ ভীম ও ভীমরথকে যমালয়ে পাঠাইলেন ॥৩৭॥

তাহার পর ভীম একটা ক্ষুরপ্রদ্বারা মহাযুদ্ধে সমস্ত সৈন্যের সমক্ষে সুলোচনকে যমভবনে প্রেরণ করিলেন ॥৩৮॥

(৩৫) সুষেণঞ্চ···পি বা। (৩৭) ভীমভীমরথৌ চোভৌ···ভ্রাতরৌ রভসৌ যুদ্ধে হনয়ৎ···পি বা।

CENTRAL LIBRARY

ততোঽব্রবীচ্ছান্তনবঃ সর্বানেব মহারথান্।
এষ ভীমো রণে ক্রুদ্ধো ধার্ত্তরাষ্ট্রান্ মহারথান্ ॥৪০॥
যথা প্রাগ্র্যান্ যথা জ্যেষ্ঠান্ যথা শূরাংশ্চ সঙ্গতান্।
নিপাতয়ত্যুগ্রধন্বা তং প্রমথ্নীত মা চিরম্ ॥৪১॥ (যুগ্মকম্)
এবমুক্তাস্ততঃ সর্বে ধার্ত্তরাষ্ট্রস্য সৈনিকাঃ।
অভ্যদ্রবন্ত সংক্রুদ্ধা ভীমসেনং মহাবলম্ ॥৪২॥
ভগদত্তঃ প্রভিন্নেন গজেন্দ্রেণ বিশাংপতে!।
আপতৎ সহসা তত্র যত্র ভীমো ব্যবস্থিতঃ ॥৪৩॥
আপতন্নেব চ রণে ভীমসেনং শিলীমুখৈঃ।
অদৃশ্যং সমরে চক্রে জীমূত ইব ভাস্করম্ ॥৪৪॥

ভারতকৌমুদী

তত ইতি। শান্তনবো ভীষ্মঃ। প্রাগ্র্যান্ কৌশলাদিনা শ্রেষ্ঠান্ ॥৪০—৪১॥
এবমিতি। ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য। অভ্যদ্রবন্ত অভ্যধাবন্ত ॥৪২॥
ভগেতি। প্রভিন্নেন মদস্রাবিণা। আপতৎ উপস্থিতোঽভবৎ ॥৪৩॥
আপতন্নিতি। শিলীমুখৈর্বাণৈঃ। অদৃশ্যং চক্রে আচ্ছাদনেন, জীমূতো মেঘঃ ॥৪৪॥

রাজা! পরে আপনার পুত্রদের মধ্যে যাঁহারা সেখানে অবশিষ্ট ছিলেন, তাঁহারা ভীমসেনের সেই পরাক্রম দেখিয়া ভীত হইয়া নানাদিকে পলায়ন করিলেন ॥৩৯॥

তাহার পর ভীষ্ম সমস্ত কৌরবপক্ষীয় মহারথকে বলিলেন—'এই ভীষণ ধনুর্দ্ধর ভীমসেন ক্রুদ্ধ হইয়া যুদ্ধে সম্মিলিত শ্রেষ্ঠ, জ্যেষ্ঠ ও বীর অনুসারে মহারথ ধার্ত্তরাষ্ট্রগণকে সংহার করিতেছে। সুতরাং আপনারা উহাকে সত্বর দমন করুন, বিলম্ব করিবেন না' ॥৪০—৪১॥

ভীষ্ম এইরূপ বলিলে, তাহার পর দুর্য্যোধনের সৈন্যেরা সকলে অত্যন্ত-ক্রুদ্ধ হইয়া মহাবল ভীমসেনের দিকে ধাবিত হইল ॥৪২॥

নরনাথ! ভগদত্ত মদস্রাবী একটা বিশাল হস্তীতে আরোহণ করিয়া—যেখানে ভীম ছিলেন, সেইখানে উপস্থিত হইলেন ॥৪৩॥

তিনি উপস্থিত হইতে থাকিয়াই—মেঘ যেমন সূর্য্যকে অদৃশ্য করে, সেই রূপ বাণদ্বারা ভীমকে সমরাঙ্গনে অদৃশ্য করিয়া ফেলিলেন ॥৪৪॥

(৪১)…যথা বীরান্ যথা শূরান্…পি বা,…তং প্রগৃহীত…রা নি। (৪৩)…কুঞ্জরেণ বিশাংপতে!। অভ্যয়াৎ সহসা…রা নি,…প্রাপতৎ সহসা…পি। (৪৪) প্রাপতন্নেব চ…পি।

অভিমন্যুমুখাস্তত্র নামৃষ্যন্ত মহারথাঃ।
ভীমস্যাচ্ছাদনং সংখ্যে স্ববাহুবলমাশ্রিতাঃ ॥৪৫॥
ত এনং শরবর্ষেণ সমন্তাৎ পর্য্যবারয়ন্।
গজঞ্চ শরবৃষ্ট্যা তু বিভিদুস্তে সমন্ততঃ ॥৪৬॥
স শস্ত্রবৃষ্ট্যাভিহতঃ সমস্তৈস্তৈর্মহারথৈঃ।
প্রাগ্‌জ্যোতিষগজো রাজন্! নানালিঙ্গৈঃ সুতেজনৈঃ ॥৪৭॥
সঞ্জাতরুধিরোৎপীড়ঃ প্রেক্ষণীয়োঽভবদ্রণে।
গভস্তিভিরিবার্কস্য সংস্যূতো জলদো মহান্ ॥৪৮॥
স চোদিতো মদস্রাবী ভগদত্তেন বারণঃ।
অভ্যধাবত তান্ সর্বান্ কালোৎসৃষ্ট ইবান্তকঃ।
দ্বিগুণং জবমাস্থায় কম্পয়ংশ্চরণৈর্মহীম্ ॥৪৯॥

ভারতকৌমুদী

অভীতি। নামৃষ্যন্ত নাসহন্ত। সংখ্যে যুদ্ধে ॥৪৫॥

ত ইতি। তে অভিমন্যুমুখাঃ। গজং ভগদত্তস্য ॥৪৬॥

স ইতি। নানা বিবিধানি লিঙ্গানি চিহ্নানি যেষাং তৈঃ, সুতেজনৈঃ সুশিতৈর্বাণৈঃ ॥৪৭॥

সঞ্জাতেতি। সঞ্জাতো রুধিরোৎপীড়ো রক্তশেখরো যস্য স তাদৃশো গজঃ, অর্কস্য গভস্তিভিঃ কিরণৈঃ, সংস্যূতঃ সংযুক্তো মহান্ জলদো মেঘ ইব রণে প্রেক্ষণীয়োঽভবৎ ॥৪৮॥

স ইতি। চোদিতঃ প্রেরিতঃ। বারণো হস্তী। কালোৎসৃষ্টো দৈবপ্রেরিতঃ। জবং বেগম্, আস্থায় অবলম্ব্য। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৯॥

কিন্তু আপন আপন বাহুবলমাত্রাবলম্বী অভিমন্যুপ্রভৃতি মহারথেরা যুদ্ধে সেই ভীমসেনের আচ্ছাদনটা সহ্য করিতে পারিলেন না ॥৪৫॥

তাই তাঁহারা সকল দিক্ হইতে শরবর্ষণ করিতে থাকিয়া ভগদত্তকে পরিবেষ্টন করিলেন এবং সকল দিক্ হইতেই শরবর্ষণদ্বারা ভগদত্তের হস্তীটাকেও বিদীর্ণ করিতে লাগিলেন ॥৪৬॥

রাজা! সেই মহারথেরা নানাবিধ-চিহ্ন-যুক্ত সুতীক্ষ্ণ বাণসমূহ ও অন্যান্য অস্ত্রদ্বারা ভগদত্তের সেই হস্তীটাকে সর্ব্বপ্রকারে আহত করিলেন ॥৪৭॥

তখন সেই হস্তীটার মস্তক হইতে রক্তের ধারা নির্গত হইতে থাকায় সূর্য্যকিরণযুক্ত মহামেঘের ন্যায় সেই হস্তীটাকে দেখা যাইতে লাগিল ॥৪৮॥

ভগদত্ত সঞ্চালন করিয়া দিলে, তাঁহার সেই মদস্রাবী হস্তীটা দ্বিগুণ বেগ

(৪৫) অভিমন্যুমুখাস্তত্র··· বলমাস্থিতাঃ—পি বা। (৪৯) সঞ্চোদিতঃ···রা নি।

CENTRAL LIBRARY

তস্য তৎ সুমহদ্রূপং দৃষ্ট্বা সর্বে মহারথাঃ।
অসহ্যং মন্যমানাশ্চ তে বিপ্রমনসোঽভবন্ ॥৫০॥
ততস্তু নৃপতিঃ ক্রুদ্ধো ভীমসেনং স্তনান্তরে।
আজঘান মহারাজ! শরেণানতপর্ব্বণা ॥৫১॥
সোঽতিবিদ্ধো মহেষ্বাসস্তেন রাজ্ঞা মহারথঃ।
মূর্চ্ছয়াভিপরীতাত্মা ধ্বজযষ্টিং সমাশ্রয়ৎ ॥৫২॥
তাংস্তু ভীতান্ সমালক্ষ্য ভীমসেনঞ্চ মূর্চ্ছিতম্।
ননাদ বলবন্নাদং ভগদত্তঃ প্রতাপবান্ ॥৫৩॥
ততো ঘটোৎকচো রাজন্! প্রেক্ষ্য ভীমং তথাগতম্।
সংক্রুদ্ধো রাক্ষসো ঘোরস্তত্রৈবান্তরধীয়ত ॥৫৪॥

ভারতকৌমুদী

তস্যেতি। তে পাণ্ডবপক্ষীয়াঃ, বিপ্রমনসঃ প্রকর্ষেণ বিষণ্ণচিত্তাঃ ॥৫০॥
তত ইতি। নৃপতির্ভগদত্তঃ। স্তনয়োরন্তরে মধ্যে বক্ষসি ॥৫১॥
স ইতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ। অভিপরীতাত্মা আক্রান্তদেহাদিসংঘাতঃ ॥৫২॥
তানিতি। ননাদ চকার, বলবৎ সাতিশয়ম্, নাদং সিংহনাদম্ ॥৫৩॥
তত ইতি। তথাগতং মূর্চ্ছাপ্রাপ্তম্ ॥৫৪॥

অবলম্বনপূর্ব্বক চরণবিন্যাসে ভূতল কম্পিত করিয়া দৈবপ্রেরিত যমের ন্যায় সমস্ত পাণ্ডবগণের প্রতি ধাবিত হইল ॥৪৯॥

তখন পাণ্ডবপক্ষীয় মহারথেরা সকলে সেই হাতীটার বিশাল রূপ দেখিয়া সেটাকে অসহ্য মনে করিয়া অত্যন্তবিষণ্ণচিত্ত হইলেন ॥৫০॥

মহারাজ! তাহার পর ভগদত্ত ক্রুদ্ধ হইয়া একটা অবনতপর্ব্ব বাণদ্বারা ভীমসেনের বক্ষস্থলে আঘাত করিলেন ॥৫১॥

মহাধনুর্দ্ধর ও মহারথ ভীমসেন ভগদত্তের সেই শরাঘাতে অত্যন্তবিদ্ধ হইয়া মূর্চ্ছা উপস্থিত হওয়ায় রথের ধ্বজদণ্ড ধারণ করিলেন ॥৫২॥

তখন প্রতাপশালী ভগদত্ত পাণ্ডবপক্ষীয় যোদ্ধাদিগকে ভীত এবং ভীমসেনকে মূর্চ্ছিত দেখিয়া বিশাল সিংহনাদ করিয়া উঠিলেন ॥৫৩॥

রাজা! তাহার পর ভয়ঙ্করমূর্ত্তি রাক্ষস ঘটোৎকচ ভীমসেনকে সেইরূপ দেখিয়া ক্রুদ্ধ হইয়া সেই স্থানেই অন্তর্হিত হইল ॥৫৪॥

(৫০)···নাতিপ্রমনসোঽভবন্—রা নি। (৫১) আজঘান নরব্যাঘ্র!···পি বা। (৫৪)··· দৃষ্টা ভীমম্···পি বা।

স কৃত্বা দারুণাং মায়াং ভীরূণাং ভয়বর্দ্ধিনীম্।
অদৃশ্যত নিমেষার্দ্ধাদ্ঘোররূপং সমাস্থিতঃ ॥৫৫॥
ঐরাবতং সমারূঢ়ঃ স বৈ মায়াকৃতং স্বয়ম্।
তস্য চান্যেঽপি দিগ্‌নাগা বভূবুরনুযায়িনঃ ॥৫৬॥
অঞ্জনো বামনশ্চৈব মহাপদ্মশ্চ সুপ্রভঃ।
ত্রয় এতে মহানাগা রাক্ষসৈঃ সমধিষ্ঠিতাঃ ॥৫৭॥
মহাকায়াস্ত্রিধা রাজন্! প্রস্রবন্তো মদান্ বহূন্।
তেজোবীর্য্যবলোপেতা মহাবলপরাক্রমাঃ ॥৫৮॥ (বিশেষকম্)
ঘটোৎকচস্তু স্বং নাগং চোদয়ামাস তং তদা।
সগজং ভগদত্তস্তু হন্তুকামঃ পরন্তপঃ ॥৫৯॥
তে চান্যে চোদিতা নাগা রাক্ষসৈস্তৈর্মহাবলৈঃ।
পরিপেতুঃ সুসংরব্ধাশ্চতুর্দংষ্ট্রাশ্চতুর্দ্দিশম্।
ভগদত্তস্য তং নাগং বিষাণৈরভ্যপীড়য়ন্ ॥৬০॥

ভারতকৌমুদী

স ইতি। স ঘটোৎকচঃ। সমাস্থিতঃ সমাশ্রিতঃ ॥৫৫॥

ঐরাবতমিতি। সমারূঢ় আসীদিতি শেষঃ। মহাপদ্মঃ পুণ্ডরীকনামা, সুপ্রভ ইতি চাস্য বিশেষণম্। ত্রিধা মুখগণ্ডোপস্থবর্ত্তিতয়া ত্রিপ্রকারান্, মদান্ মদজলানি ॥৫৬—৫৮॥

ঘটোৎকচ ইতি। নাগং হস্তিনম্, চোদয়ামাস প্রেরয়ামাস ॥৫৯॥

তৎপরে সে, নিমেষার্দ্ধমধ্যেই ভীরুব্যক্তিগণের ভয়বর্দ্ধিনী দারুণ মায়া করিয়া ভয়ঙ্কর মূর্ত্তিতে দৃষ্টিগোচর হইল ॥৫৫॥

রাজা! তৎকালে ঘটোৎকচ আপন মায়ানির্ম্মিত ঐরাবতহস্তীতে আরূঢ় ছিল। আর অঞ্জন, বামন ও সুন্দরমূর্ত্তি পুণ্ডরীক এই তিনটা দিগ্‌হস্তীও ঘটোৎকচের অনুগামী হইয়াছিল; উহার প্রত্যেক হস্তীর উপরেই রাক্ষসেরা আরোহণ করিয়াছিল এবং উহার প্রত্যেক হস্তীই দেহের তিনটা স্থান হইতে প্রচুর মদজল নিঃসারণ করিতেছিল; বিশেষতঃ ঐ হস্তীগুলির প্রত্যেকটারই বিশাল শরীর, তেজ, মানসিক বল, দৈহিক বল ও অত্যন্ত পরাক্রম ছিল ॥৫৬—৫৮॥

তখন শত্রুসন্তাপকারী ঘটোৎকচ ভগদত্তকে ও তাঁহার হস্তীটাকে বধ করিবার ইচ্ছা করিয়া নিজের সেই হস্তীটাকে চালাইয়া দিল ॥৫৯॥

(৫৬) ঐরাবতং সমারুহ্য স্বয়ং মায়াময়ং কৃতম্…পি বা। (৫৮)…মদং বহু…বা বা নি। (৫৯)…চোদয়ামাস সংযুগে…পি বা।

স পীড্যমানস্তৈর্নাগৈর্বেদনার্ত্তঃ শরাহতঃ।
অনদৎ সুমহানাদমিন্দ্রাশনিসমস্বনম্ ॥৬১॥
ব্যবর্ত্তত মহাঘোষো ভৈমসেনিশরার্দিতঃ।
মৃদিত্বা সর্বসৈন্যানি তব পুত্রস্য ভারত! ॥৬২॥
তস্য তং নদতো নাদং সুঘোরং ভীমনিস্বনম্।
শ্রুত্বা ভীষ্মোঽব্রবীদ্দ্রোণং রাজানঞ্চ সুযোধনম্ ॥৬৩॥
এষ যুধ্যতি সংগ্রামে হৈড়িম্বেন দুরাত্মনা।
ভগদত্তো মহেষ্বাসঃ কৃচ্ছ্রে চ পরিবর্ত্ততে ॥৬৪॥
রাক্ষসশ্চ মহামায়ঃ স চ রাজাতিকোপনঃ।
এতৌ সমেতৌ সমরে কালমৃত্যুসমাবুভৌ ॥৬৫॥

ভারতকৌমুদী

ত ইতি। চতুর্দন্তাঃ প্রত্যেকমেব। বিষাণৈর্দন্তৈঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬০॥
স ইতি। স ভগদত্তহস্তী। শরাহতঃ প্রাগেব পাণ্ডববাণৈস্তাড়িতঃ ॥৬১॥
ব্যবর্ত্ততেতি। ব্যবর্ত্তত অপাসরৎ, মহান্ ঘোষো যস্য সঃ, ভৈমসেনির্ঘটোৎকচঃ ॥৬২॥
তস্যেতি। তস্য ভগদত্তহস্তিনঃ। ভীমনিস্বনমীদৃশী পুনরুক্তিরার্ষত্বাৎ সোঢ়ব্যা ॥৬৩॥
এষ ইতি। হৈড়িম্বেন হিড়িম্বাপুত্রেণ ঘটোৎকচেন। কৃচ্ছ্রে বিপদি ॥৬৪॥
রাক্ষস ইতি। কালো রুদ্রঃ। অতএবৈকতরধ্বংসো ধ্রুব এবেতি ভাবঃ ॥৬৫॥

পরে সেই মহাবল রাক্ষসেরাও অপর তিনটা হস্তীকে প্রেরণ করিল। তখন চতুর্দন্তযুক্ত ও অত্যন্তক্রুদ্ধ সেই তিনটা হস্তী (এবং ঘটোৎকচের হস্তী) চতুর্দ্দিক্ হইতে যাইয়া দন্তদ্বারা ভগদত্তের সেই হস্তীটাকে পীড়ন করিতে লাগিল ॥৬০॥

ভগদত্তের সেই হস্তীটা পূর্বেই পাণ্ডবগণের বাণে আহত হইয়াছিল, এখন রাক্ষসগণের হস্তীগুলিও পীড়ন করিতে থাকায় অত্যন্ত বেদনার্ত্ত হইয়া ইন্দ্রের বজ্রের শব্দের ন্যায় গুরুতর কাতরধ্বনি করিতে থাকিল ॥৬১॥

এবং ভরতনন্দন! মহাকাতরধ্বনিকারী ভগদত্তের সেই হস্তীটা ঘটোৎকচের বাণেও তাড়িত হইয়া আপনার পুত্রের সমস্ত সৈন্যকে মর্দ্দন করিতে থাকিয়া পলায়ন করিতে লাগিল ॥৬২॥

ভীষ্ম সেই হাতীটার ভয়ঙ্কর আর্ত্তনাদ শুনিয়া দ্রোণাচার্য্য ও রাজা দুর্য্যোধনকে বলিলেন—॥৬৩॥

'এই মহাধনুর্দ্ধর ভগদত্ত সমরাঙ্গনে দুরাত্মা ঘটোৎকচের সহিত যুদ্ধ করিতেছেন। সুতরাং তিনি বিপদেই পড়িয়াছেন ॥৬৪॥

(৬২) অয়ং শ্লোকঃ পি বা রা নাস্তি। (৬৪)…হৈড়িম্বেন মহাত্মনা…কৃচ্ছ্রে…পি বা।

শ্রূয়তে চৈব হৃষ্টানাং পাণ্ডবানাং মহাস্বনঃ।
হস্তিনশ্চৈব সুমহান্ ভীতস্য রুদিতধ্বনিঃ ॥৬৬॥
তত্র গচ্ছাম ভদ্রং বো রাজানং পরিরক্ষিতুম্।
অরক্ষ্যমাণঃ সমরে ক্ষিপ্রং প্রাণান্ বিমোক্ষ্যতি ॥৬৭॥
তে ত্বরধ্বং মহাবীর্য্যাঃ! কিং চিরেণ প্রয়ামহে।
মহান্ হি বর্ত্ততে রৌদ্রঃ সংগ্রামো রোমহর্ষণঃ ॥৬৮॥
ভক্তশ্চ কুলপুত্রশ্চ শূরশ্চ পৃতনাপতিঃ।
যুক্তং তস্য পরিত্রাণং কর্ত্তুমস্মাভিরচ্যুতাঃ! ॥৬৯॥
ভীষ্মস্য তদ্বচঃ শ্রুত্বা ভারদ্বাজপুরোগমাঃ।
সহিতাঃ সর্বরাজানো ভগদত্তপরীপ্সয়া।
উত্তমং জবমাস্থায় প্রযযুর্যত্র সোঽভবৎ ॥৭০॥

ভারতকৌমুদী

তর্হি ঘটোৎকচধ্বংস এব সম্ভাব্যতামিত্যাহ শ্রূয়ত ইতি। হস্তিনো ভগদত্তসম্বন্ধিনঃ ॥৬৬॥
তত্রেতি। বো যুষ্মাকং ভদ্রং মঙ্গলং ভবত্বিত্যাশীঃ। রাজানং ভগদত্তম্ ॥৬৭॥
ত ইতি। তে যূয়ম্। রৌদ্রো ভয়ঙ্করঃ ॥৬৮॥
ভক্ত ইতি। পৃতনাপতিঃ সেনাংশবিশেষনেতা। হে অচ্যুতা বীরধর্ম্মাদভ্রষ্টাঃ! ॥৬৯॥
ভীষ্মস্যেতি। ভগদত্তস্য পরীপ্সয়া রক্ষণেচ্ছয়া। জবং বেগম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭০॥

রাক্ষসটাও মহামায়াবী এবং ভগদত্তও অত্যন্তকোপনস্বভাব। সুতরাং রুদ্র ও যমের তুল্য উঁহারা দুই জন সমরাঙ্গনে সম্মিলিত হইয়াছেন ॥৬৫॥

তা'র পর পাণ্ডবগণের আনন্দকোলাহল এবং ভীত হাতীটার আর্ত্তনাদ শুনা যাইতেছে ॥৬৬॥

অতএব ভগদত্তকে রক্ষা করিবার জন্য আমাদের সেখানে যাওয়া একান্ত উচিত। কেন না, উঁহাকে রক্ষা না করিলে, সত্বরই উনি যুদ্ধে প্রাণত্যাগ করিবেন। আপনাদের মঙ্গল হউক ॥৬৭॥

অতএব মহাবীরগণ! আপনারা সত্বর হউন, বিলম্ব করিবেন না, (চলুন) যাই। কারণ, মহাভয়ঙ্কর ও রোমহর্ষণ যুদ্ধ চলিতেছে ॥৬৮॥

হে বীরধর্ম্মপরিপালকগণ! ভগদত্ত আমাদের ভক্ত, সদ্বংশজাত ও সেনাপতি। অতএব উঁহাকে রক্ষা করা আমাদের অবশ্য কর্ত্তব্য' ॥৬৯॥

(৬৬)···শ্রূয়তে হ্যেষঃ···পি বা। (৬৮) তং ত্বরধ্বম্···মা চিরং কুরুতানঘাঃ!···পি। (৬৯)···অচ্যুত!—রা নি। (৭০)···শ্রুত্বা সর্ব এব মহারথাঃ। ভীষ্মদ্রোণৌ পুরস্কৃত্য···রা নি।

তান্ প্রয়াতান্ সমালোক্য যুধিষ্ঠিরপুরোগমাঃ।
পাঞ্চালাঃ পাণ্ডবৈঃ সার্দ্ধং পৃষ্ঠতোঽনুযযুঃ পরান্ ॥৭১॥
তান্যনীকান্যথালোক্য রাক্ষসেন্দ্রঃ প্রতাপবান্।
ননাদ সুমহানাদং বিস্ফোটমশনেরিব ॥৭২॥
তস্য তং নিনদং শ্রুত্বা দৃষ্ট্বা নাগাংশ্চ যুধ্যতঃ।
ভীষ্মঃ শান্তনবো ভূয়ো ভারদ্বাজমভাষত ॥৭৩॥
ন রোচতে মে সংগ্রামো হৈড়িম্বেন দুরাত্মনা।
বলবীর্য্যসমাবিষ্টঃ সসহায়শ্চ সাম্প্রতম্ ॥৭৪॥
নৈষ শক্যো যুধা জেতুমপি বজ্রভৃতা স্বয়ম্।
লব্ধলক্ষঃ প্রহারী চ বয়ঞ্চ শ্রান্তবাহনাঃ ॥৭৫॥
পাঞ্চালৈঃ পাণ্ডবেয়ৈশ্চ দিবসং ক্ষতবিক্ষতাঃ।
ইদানীং যুধি নির্জ্জেতুং ন শক্যোঽসৌ স রাক্ষসঃ ॥৭৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তানিতি। পরান্ শত্রূন্ কৌরবান্ ॥৭১॥
তানীতি। রাক্ষসেন্দ্রো ঘটোৎকচঃ। ননাদ চকার, বিস্ফোটঃ শব্দম্ ॥৭২॥
তস্যেতি। নাগান্ রাক্ষসমায়াকল্পিতান্ গজান্। ভারদ্বাজং দ্রোণম্ ॥৭৩॥
নেতি। বলং মানসিকী শক্তিঃ, বীর্য্যঞ্চ দৈহিকী শক্তিঃ ॥৭৪॥
নেতি। লব্ধলক্ষঃ প্রাপ্তসমকক্ষবোধঃ। দিবসং যাবৎ ॥৭৫—৭৬॥

ভীষ্মের সেই কথা শুনিয়া দ্রোণ ও সম্মিলিত রাজারা সকলে ভগদত্তকে রক্ষা করিবার জন্য অত্যন্ত বেগ অবলম্বন করিয়া—যেখানে ভগদত্ত ছিলেন, সেইখানে গমন করিলেন ॥৭০॥

তাঁহাদিগকে গমন করিতে দেখিয়া পাঞ্চালদেশীয় যোদ্ধারা যুধিষ্ঠিরকে অগ্রবর্ত্তী করিয়া অন্যান্য পাণ্ডবদের সহিত মিলিত হইয়া তাঁহাদের পিছনে যাইতে লাগিলেন ॥৭১॥

তদনন্তর প্রতাপশালী ঘটোৎকচ সেই কৌরবসৈন্যকে আসিতে দেখিয়া বজ্রধ্বনির ন্যায় বিশাল সিংহনাদ করিল ॥৭২॥

ঘটোৎকচের সেই সিংহনাদ শুনিয়া এবং তাহাদের সেই হাতীগুলিকে যুদ্ধ করিতে দেখিয়া শান্তনুনন্দন ভীষ্ম পুনরায় দ্রোণকে বলিলেন—॥৭৩॥

'দুরাত্মা ঘটোৎকচের সহিত আমি এখন যুদ্ধ করিতে ইচ্ছা করি না। কারণ, এখন-ও বল, বীর্য্য এবং সহায়সম্পন্ন রহিয়াছে ॥৭৪॥

(৭১)…প্রয়াতান্ সমালক্ষ্য…পি বা। (৭২)…নাদং নাদয়ানো নভস্তলম্—পি বা।

অস্তমভ্যেতি সবিতা রাত্রৌ যোদ্ধুং ন শক্যতে।
অবহারমতঃ কুর্ম্মঃ শ্বো যোৎস্যামঃ পরৈঃ সহ ॥৭৭॥
পিতামহবচঃ শ্রুত্বা তথা চক্রুঃ স্ম কৌরবাঃ।
উপায়েনাপযানং তে ঘটোৎকচভয়ার্দ্দিতাঃ ॥৭৮॥
কৌরবেষু নিবৃত্তেষু পাণ্ডবা জিতকাশিনঃ।
সিংহনাদান্ ভৃশং চক্রুঃ শঙ্খান্ দধ্মুশ্চ ভারত! ॥৭৯॥
এবং তদভবদ্‌যুদ্ধং দিবসং ভরতর্ষভ!।
পাণ্ডবানাং কুরূণাঞ্চ পুরস্কৃত্য ঘটোৎকচম্ ॥৮০॥
কৌরবাস্তু ততো রাজন্! প্রযযুঃ শিবিরং স্বকম্।
ব্রীড়ান্বিতা নিশাকালে পাণ্ডবেয়ৈঃ পরাজিতাঃ ॥৮১॥

ভারতকৌমুদী

অস্তমিতি। অবহারম্, অদ্যতনযুদ্ধবিরামম্, শ্বঃ পরদিনে ॥৭৭॥
পিতামহেতি। উপায়েন রাত্র্যাগমব্যপদেশেন, অপযানং শিবিরগমনম্ ॥৭৮॥
কৌরবেষ্বিতি। জিতমিতি ভাবে ক্তঃ। জিতেন জয়েন কাশন্তে শোভন্ত ইতি তে ॥৭৯॥
এবমিতি। দিবসং চতুর্থং দিনম্। অত্যন্তসংযোগে দ্বিতীয়া ॥৮০॥

সুতরাং এখন স্বয়ং ইন্দ্রও উহাকে যুদ্ধে জয় করিতে সমর্থ হন না। বিশেষতঃ ও এখন উপযুক্ত লক্ষ্য পাইয়াছে এবং প্রহারেও প্রবৃত্ত হইয়াছে; আর আমাদের বাহনগুলি পরিশ্রান্ত হইয়াছে এবং আমরাও সমস্ত দিন পাঞ্চালগণ ও পাণ্ডবগণের প্রহারে ক্ষত-বিক্ষত হইয়াছি। এ অবস্থায় আমরা এখন ঐ রাক্ষসটাকে জয় করিতে সমর্থ হইব না ॥৭৫—৭৬॥

এদিকে সূর্য্য অস্ত যাইতেছেন। সুতরাং রাত্রিতে আর যুদ্ধ করা যাইবে না। অতএব আমরা আজিকার মত যুদ্ধ সমাপ্ত করি, আগামী কাল আবার বিপক্ষদের সহিত যুদ্ধ করিব' ॥৭৭॥

ভীষ্মের সেইরূপ কথা শুনিয়া ঘটোৎকচের ভয়ে পীড়িত কৌরবেরা রাত্রি হইয়াছে বলিয়া শিবিরের দিকে প্রস্থান করিলেন ॥৭৮॥

ভরতনন্দন! কৌরবেরা নিবৃত্তি পাইলে, বিজয়শোভী পাণ্ডবেরা অত্যন্ত সিংহনাদ ও শঙ্খধ্বনি করিলেন ॥৭৯॥

ভরতশ্রেষ্ঠ! ঘটোৎকচকে সম্মুখে রাখিয়া সে দিন পাণ্ডব ও কৌরবগণের এইরূপ যুদ্ধ হইয়াছিল ॥৮০॥

(৭৮)···তথা চক্রুঃ প্রহর্ষিতাঃ। উপায়েনাপযাতাস্তে···পি বা। (৮১)···কৌরবাস্তু ততস্তু র্ণম্···পি বা,···ব্রীড়ানতাঃ···পি,···ব্রীড়মানাঃ···বা নি।

CENTRAL LIBRARY

শরবিক্ষতগাত্রাশ্চ পাণ্ডুপুত্রা মহারথাঃ।
যুদ্ধে প্রমনসো রাজন্! জগ্মুশ্চ শিবিরং প্রতি ॥৮২॥
পুরস্কৃত্য মহারাজ! ভীমসেনঘটোৎকচৌ।
পূজয়ন্তস্তদান্যোন্যং মুদা পরময়া যুতাঃ ॥৮৩॥
নদন্তো বিবিধান্ নাদাংস্তূর্য্যস্বনবিমিশ্রিতান্।
সিংহনাদাংশ্চ কুর্বন্তো বিমিশ্রান্ শঙ্খনিস্বনৈঃ ॥৮৪॥
বিনদন্তো মহাত্মানঃ কম্পয়ন্তশ্চ মেদিনীম্।
ঘট্টয়ন্তশ্চ মর্ম্মাণি তব পুত্রস্য মারিষ!।
প্রয়াতাঃ শিবিরায়ৈব নিশাকালে পরন্তপাঃ ॥৮৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

কৌরবা ইতি। স্বকং স্বকীয়ম্। ব্রীড়ান্বিতাঃ পরাজিতত্বাদেব লজ্জিতাঃ।৮১॥

শরেতি। প্রমনসো জয়লাভাৎ প্রসন্নচিত্তাঃ।৮২॥

অথ কেন প্রকারেণ জগ্মুরিত্যপেক্ষায়াং ত্রিভির্বিশেষকেণ তং প্রকারমেবাহ পুরস্কৃত্যেতি। পূজয়ন্তঃ প্রশংসয়া গৌরবং প্রকাশয়ন্তঃ। নদন্তঃ কুর্বন্তঃ। বিনদন্তঃ কোলাহলং কুর্বন্তঃ। ঘট্টয়ন্তঃ কম্পয়ন্তঃ, মর্ম্মাণি হৃদয়ানি, পুত্রস্য পুত্রগণস্য। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৮৩—৮৫॥

ভারতভাবদীপঃ

তত ইতি।১—৪৬॥ স্বতেজনৈর্বাণৈরিতি শেষঃ ॥৪৭—৮৪॥ ঘট্টয়ন্তঃ স্পৃশন্তঃ।৮৫—৮৭॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ।৬৩॥

রাজা! তাহার পর কৌরবেরা পাণ্ডবগণের নিকট পরাজিত হওয়ায় লজ্জিত হইয়া রাত্রিকালে আপন শিবিরে যাইয়া প্রবেশ করিলেন ॥৮১॥

রাজা! এদিকে যুদ্ধে বাণবিক্ষতগাত্র মহারথ পাণ্ডবেরাও জয়লাভ করায় প্রসন্নচিত্ত হইয়া শিবিরের দিকে প্রস্থান করিলেন ॥৮২॥

মাননীয় মহারাজ! শত্রুসন্তাপকারী মহাত্মা পাণ্ডবেরা জয়লাভ করায় পরম আনন্দিত হইয়া, পরস্পর প্রশংসা করিতে থাকিয়া, ভীমসেন ও ঘটোৎকচকে অগ্রবর্ত্তী করিয়া, তূর্য্যধ্বনির সহিত নানাবিধ বীরনাদ, শঙ্খধ্বনিমিশ্রিত সিংহনাদ, এবং বিশাল কোলাহল করতঃ, ভূতল ও আপনার পুত্রগণের হৃদয় কম্পিত করিতে থাকিয়া রাত্রিকালে শিবিরে যাইয়া প্রবেশ করিলেন ॥৮৩—৮৫॥

---

(৮২)…যুদ্ধে স্বমনসো রাজন্!…বা,…যুদ্ধে স্বমনসো ভূত্বা…রা নি। (৮৫)…নিশাকালে পরন্তপ!—রা নি।

দুর্য্যোধনস্তু নৃপতির্দীনো ভ্রাতৃবধেন চ।
মুহূর্ত্তং চিন্তয়ামাস বাষ্পশোকসমাকুলঃ ॥৮৬॥
ততঃ কৃত্বা বিধিং সর্বং শিবিরস্য যথাবিধি।
প্রদধ্যৌ শোকসন্তপ্তো ভ্রাতৃব্যসনকর্শিতঃ ॥৮৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে চতুর্থদিবসাবহারে ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

ভয়ং মে সুমহজ্জাতং বিস্ময়শ্চৈব সঞ্জয়!
শ্রুত্বা পাণ্ডুকুমারাণাং কর্ম্ম দেবৈঃ সুদুষ্করম্ ॥১॥

ভারতকৌমুদী

দুর্য্যোধন ইতি। দীনঃ কাতরঃ। চিন্তয়ামাস আত্মনঃ কর্ত্তব্যবিষয়ম্ ॥৮৬॥

তত ইতি। বিধিং রক্ষিপুরুষস্থাপনাদি কার্য্যম্। প্রদধ্যৌ জয়োপায়ং চিন্তয়ামাস। ভ্রাতৃণাং সেনাপতিপ্রভৃতীনামষ্টানাং সহোদরাণাং ব্যসনেন বিপদা বিনাশেন কর্শিতঃ পীড়িতঃ ॥৮৭॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভয়মিতি। ভয়ং স্বজনবধাৎ, বিস্ময়শ্চ পাণ্ডবানাং কেবলজয়লাভাৎ ॥১॥

কিন্তু রাজা দুর্য্যোধন ভ্রাতৃবধনিবন্ধন কাতর এবং বাষ্প ও শোকে বিশেষ আকুল হইয়া মুহূর্ত্তকাল কর্ত্তব্য বিষয়ের চিন্তা করিলেন ॥৮৬॥

তাহার পর তিনি যথাবিধানে শিবিরের সমস্ত কার্য্য করিয়া ভ্রাতৃবধনিবন্ধন শোকসন্তপ্ত ও পীড়িত হইয়া জয়ের উপায় চিন্তা করিতে লাগিলেন' ॥৮৭॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! পাণ্ডবগণের কার্য্যগুলি দেবগণের পক্ষেও অতিদুষ্কর, ইহা শুনিয়া আমার গুরুতর ভয় ও বিস্ময় জন্মিয়াছে ॥১॥

---

* '...চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ' বা ব রা নি।

CENTRAL LIBRARY

পুত্রাণাঞ্চ পরাভাবং শ্রুত্বা সঞ্জয় ! সর্বশঃ ।
চিন্তা মে মহতী সূত ! ভবিষ্যতি কথং স্বিতি ॥২॥
ধ্রুবং বিদুরবাক্যানি ধক্ষ্যন্তি হৃদয়ং মম ।
তথাহি দৃশ্যতে সর্বং দৈবযোগেন সঞ্জয় ! ॥৩॥
যত্র ভীষ্মমুখান্ সর্বান্ শস্ত্রজ্ঞান্ যোধসত্তমান্ ।
পাণ্ডবানামনীকেষু যোধয়ন্তি প্রহারিণঃ ॥৪॥
কেনাবধ্যা মহাত্মানঃ পাণ্ডুপুত্রা মহাবলাঃ ।
কেন দত্তবরাস্তাত ! কিং বা জ্ঞানং বিদন্তি তে ॥৫॥
যেন ক্ষয়ং ন গচ্ছন্তি দিবি তারাগণা ইব ।
পুনঃ পুনর্ন মৃষ্যামি হতং সৈন্যন্তু পাণ্ডবৈঃ ॥৬॥
ময্যেব দণ্ডঃ পততি দৈবাৎ পরমদারুণঃ ।
যথাঽবধ্যাঃ পাণ্ডুসুতা যথা বধ্যাশ্চ মে সুতাঃ ॥৭॥

ভারতকৌমুদী

পুত্রাণামিতি। পরাভাবং পরাভবম্। কথং ক্রমেণ কীদৃগবস্থা ॥২॥
ধ্রুবমিতি। বিদুরবাক্যানি উদ্যোগপর্বোক্তানি। দৃশ্যতে সম্ভাব্যতে ॥৩॥
যত্রেতি। যত্র হেতৌ। প্রহারিণঃ অভিমন্যুপ্রভৃতয়ো বালা অপি যোদ্ধারঃ ॥৪॥
কেনেতি। কেন হেতুনা। দত্তো বরো যেভ্যস্তে। জ্ঞানং ভোজবিদ্যাম্ ॥৫॥
যেনেতি। ন গচ্ছন্তি পাণ্ডবাঃ। পুনঃ পুনর্হতং ন মৃষ্যামি ন সহে ॥৬॥

সূত সঞ্জয় ! সর্ব্বপ্রকারে পুত্রগণের পরাজয় শুনিয়া আমার মহাচিন্তা জন্মিয়াছে যে, পরে কি হইবে ॥২॥

সঞ্জয় ! নিশ্চয়ই বিদুরের কথাগুলি আমার হৃদয় দগ্ধ করিবে। কারণ, সেইরূপই সমস্ত লক্ষণ দেখিতেছি ॥৩॥

যে হেতু পাণ্ডবপক্ষের সাধারণ যোদ্ধারাও আমাদের পক্ষের ভীষ্মপ্রভৃতি সর্ব্বশস্ত্রজ্ঞ প্রধান যোদ্ধাদের সহিত যুদ্ধ করিতেছে ! ॥৪॥

বৎস ! মহাত্মা ও মহাবল পাণ্ডবেরা কেন অবধ্য হইল ? কে তাহাদিগকে বর দিল ? কোন্ ভোজবিদ্যাই বা তাহারা জানিল ? ॥৫॥

যে হেতু আকাশের নক্ষত্রগণের ন্যায় পাণ্ডবেরা ক্ষয় পাইতেছে না ; কিন্তু তাহারাই বার বার আমাদের সৈন্য ক্ষয় করিতেছে ; ইহা ত সহ্য করিতে পারিতেছি না ॥৬॥

---

(২)…কথং স্বিতি—পি। (৪) যত্র ভীষ্মমুখান্ শূরানস্ত্রজ্ঞান্…পি বা। (৫) কিং ত্বেহবধ্যা মহাত্মানঃ পাণ্ডোঃ পুত্রাঃ…পি বা।

এতন্মে সর্বমাচক্ষ্ব যাথাতথ্যেন সঞ্জয়!।
নহি পারং প্রপশ্যামি দুঃখস্যাস্য কথঞ্চন ॥৮॥
সমুদ্রস্যেব মহতো ভুজাভ্যাং প্রতরন্ নরঃ।
পুত্রাণাং ব্যসনং মন্যে ধ্রুবং প্রাপ্তং সুদারুণম্ ॥৯॥ (যুগ্মকম্)
ঘাতয়িষ্যতি মে সর্বান্ পুত্রান্ ভীমো ন সংশয়ঃ।
ন হি পশ্যামি তং বীরং যো মে রক্ষেৎ সুতান্ রণে ॥১০॥
ধ্রুবং বিনাশঃ সম্প্রাপ্তঃ পুত্রাণাং মম সঞ্জয়!।
তস্মান্মে কারণং সূত! শক্তিঞ্চৈব বিশেষতঃ ॥১১॥
পৃচ্ছতো বৈ যথাতত্ত্বং সর্বমাখ্যাতুমর্হসি।
দুর্য্যোধনশ্চ যচ্চক্রে দৃষ্ট্বা স্বান্ বিমুখান্ রণে ॥১২॥
ভীষ্মদ্রোণৌ কৃপশ্চৈব সৌবলশ্চ জয়দ্রথঃ।
দ্রৌণির্বাপি মহেষ্বাসো বিকর্ণো বা মহাবলঃ ॥১৩॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ময়ীতি। পততি প্রাদুর্ভবতি। যথা যতঃ, অবধ্যা ইত্যকারো জ্ঞেয়ঃ ॥৭॥
এতদিতি। পারং শেষসীমাম্। ব্যসনং বিপৎ, প্রাপ্তমুপস্থিতম্ ॥৮—৯॥
ঘাতেতি। ঘাতয়িষ্যতীতি স্বার্থে ইন্। হি যস্মাৎ ॥১০॥
ধ্রুবমিতি। কারণং পাণ্ডবানাং জয়হেতুম্, শক্তিং তেষাং সামর্থ্যম্। স্বান্ স্বপক্ষবর্ত্তিনো ভীষ্মাদীন্। সৌবলঃ শকুনিঃ। দ্রৌণিরশ্বত্থামা। সর্ব্বত্র যচ্চক্র ইতি সম্বন্ধঃ ॥১১—১৩॥

হায়! দৈববশতঃ অতিদারুণ দণ্ড আমার উপরেই পতিত হইতেছে। যে হেতু পাণ্ডবেরা দৈবের বধ্য হইতেছে না, আমার পুত্রেরাই বধ্য হইতেছে ॥৭॥

সঞ্জয়! তুমি এই সমস্ত বিষয় আমার নিকট যথাযথভাবে বল। বাহু-যুগলদ্বারা সন্তরণকারী মানুষ যেমন মহাসমুদ্রের পার দেখিতে পায় না, আমিও সেইরূপ কোন প্রকারেই এই দুঃখের পার দেখিতে পাইতেছি না। আমি মনে করি—নিশ্চয়ই আমার পুত্রগণের অতিদারুণ বিপদ্ উপস্থিত হইয়াছে ॥৮—৯॥

ভীম আমার সমস্ত পুত্রকেই বিনাশ করিবে, এ বিষয়ে কোন সন্দেহ নাই। কারণ, তেমন বীর আমি দেখি না, যিনি যুদ্ধে আমার পুত্রদিগকে রক্ষা করিতে পারেন ॥১০॥

হায় সঞ্জয়! নিশ্চয়ই আমার পুত্রগণের বিনাশ উপস্থিত হইয়াছে। অতএব সঞ্জয়! আমি জিজ্ঞাসা করি, তুমিও যথাযথভাবে বল—পাণ্ডবগণের

(১১) ধ্রুবং বিনাশঃ সমরে···যুক্তঞ্চৈব বিশেষতঃ—পি বা। (১৩)···সৌবলেয়ো জয়দ্রথঃ···পি বা।

CENTRAL LIBRARY

নিশ্চয়ো বাপি কস্তেষাং তদা হ্যাসীন্মহাত্মনাম্ ।
বিমুখেষু মহাপ্রাজ্ঞ ! মম পুত্রেষু সঞ্জয় ! ॥১৪॥

সঞ্জয় উবাচ ।

শৃণু রাজন্নবহিতঃ শ্রুত্বা চৈবাবধারয় ।
নৈব মন্ত্রকৃতং কিঞ্চিন্নৈব মায়াং তথাবিধাম্ ॥১৫॥
ন বৈ বিভীষিকাং কাঞ্চিদ্রাজন্ ! কুর্বন্তি পাণ্ডবাঃ ।
যুধ্যন্তে তে যথান্যায়ং শক্তিমন্তশ্চ সংযুগে ॥১৬॥ (যুগ্মকম্)
ধর্ম্মেণ সর্বকার্য্যাণি জীবিতাদীনি ভারত ! ।
আরভন্তে সদা পার্থাঃ প্রার্থয়ানা মহদ্‌যশঃ ॥১৭॥
ন তে যুদ্ধান্নিবর্ত্তন্তে ধর্ম্মোপেতা মহাবলাঃ ।
শ্রিয়া পরময়া যুক্তা যতো ধর্ম্মস্ততো জয়ঃ ॥১৮॥

ভারতকৌমুদী

নিশ্চয় ইতি। তেষাং ভীষ্মাদীনাম্ ॥১৪॥

শৃণ্বিতি। অবধারয় কর্ত্তব্যং নির্ণয়। ইদানীমপি সন্ধিং বিধেহীত্যাশয়ঃ। "কেনাবধ্যা মহাত্মানঃ" ইত্যাদিধৃতরাষ্ট্রোক্তেরুত্তরমাহ নৈবেত্যাদি। তথাবিধাং স্বপক্ষজয়জনিকাম্। বিভীষিকাং ভোজবিদ্যাম্। তে পাণ্ডবাঃ। সংযুগে সমরাঙ্গনে ॥১৫—১৬॥

ধর্ম্মেণেতি। জীবিতাদীনি জীবনধারণাদীনি। আরভন্তে কুর্বন্তি ॥১৭॥

নেতি। তে পাণ্ডবাঃ। শ্রিয়া বীরশোভয়া। যতো যত্র, ততস্তত্র ॥১৮॥

জয়ের কারণ কি? এবং তাহাদের শক্তিই বা কতটুকু? দুর্য্যোধন, ভীষ্ম, দ্রোণ, কৃপ, শকুনি, জয়দ্রথ, মহাধনুর্দ্ধর অশ্বত্থামা এবং মহাবল বিকর্ণ ইহারা স্বপক্ষীয় যোদ্ধাদিগকে যুদ্ধে পরাঙ্মুখ দেখিয়া যাহা করিয়াছিলেন, তাহাও বল ॥১১—১৩॥

মহাপ্রাজ্ঞ সঞ্জয়! আমার পুত্রেরা যুদ্ধে পরাঙ্মুখ হইলে, তখন সেই মহাত্মারাই বা কি কর্ত্তব্য স্থির করিয়াছিলেন, (তাহাও বল)' ॥১৪॥

সঞ্জয় বলিলেন—'রাজা! আপনি অবহিত হইয়া শ্রবণ করুন এবং শ্রবণ করিয়া এখনও কর্ত্তব্য স্থির করুন। রাজা! পাণ্ডবেরা মন্ত্রবলে কিছু করেন না, কিংবা সেইরূপ কোন মায়া বা ভোজবিদ্যাও প্রকাশ করেন না; কিন্তু তাঁহারা শক্তিশালী, তাই ন্যায় অনুসারেই সমরাঙ্গনে যুদ্ধ করেন ॥১৫—১৬॥

ভরতনন্দন! পাণ্ডবেরা বিশেষ যশোলাভের আশা করিয়া জীবনধারণ-প্রভৃতি সমস্ত কার্য্য সর্বদা ধর্ম্মানুসারেই করিয়া থাকেন ॥১৭॥

(১৮) তে ন যুদ্ধান্নিবর্ত্তন্তে···পি বা।

তেনাবধ্যা রণে পার্থা জয়যুক্তাশ্চ পার্থিব ! ।
তব পুত্রা দুরাত্মানঃ পাপেষ্বভিরতাঃ সদা ॥১৯॥
নিষ্ঠুরা হীনকর্ম্মাণস্তেন হীয়ন্তি সংযুগে।
সুবহূনি নৃশংসানি পুত্রৈস্তব জনেশ্বর ! ॥২০॥
নিকৃতানীহ পাণ্ডূনাং নীচৈরিব যথা নরৈঃ।
সর্বঞ্চ তদনাদৃত্য পুত্রাণাং তব কিল্বিষম্ ॥২১॥ (বিশেষকম্)
সাপহ্নবাঃ সদৈবাসন্ পাণ্ডবাঃ পাণ্ডুপূর্ব্বজ ! ।
ন চৈনান্ বহু মন্যন্তে পুত্রাস্তব বিশাংপতে ! ॥২২॥
তস্য পাপস্য সততং ক্রিয়মাণস্য কর্ম্মণঃ।
সাম্প্রতং সুমহদ্‌ঘোরং ফলং প্রাপ্তং জনেশ্বর ! ॥২৩॥

ভারতকৌমুদী

তেনেতি। তেন ধর্ম্মেণৈব। হীনকর্ম্মাণো নিন্দিতকার্য্যকারিণঃ, হীয়ন্তি ক্ষীয়ন্তে। পরস্মৈপদমার্ষম্। নৃশংসানি বিষদানাদীনি নৃশংসকর্ম্মাণি। নিকৃতানি নিশ্চয়েন কৃতানি, পাণ্ডূনাং পাণ্ডবানাম্। পাণ্ডবাস্তু তব পুত্রাণাং তৎ সর্বং কিল্বিষমপরাধম্, অনাদৃত্য উপেক্ষা বর্ত্তন্ত ইতি শেষঃ। অতো ধর্ম্মাশ্রয়াদেব পাণ্ডবানাং জয় ইতি ভাবঃ ॥১৯—২১॥

সেতি। সাপহ্নবাঃ সগোপনাঃ ধার্ত্তরাষ্ট্রাণাং তত্তদপরাধগোপনকারিণঃ ॥২২॥

তস্যেতি। ক্রিয়মাণস্য ধার্ত্তরাষ্ট্রৈঃ, কর্ম্মণো বিষদানাদেঃ ॥২৩॥

পরম বীরশোভায় শোভিত, মহাবল ও ধার্ম্মিক পাণ্ডবেরা (আহূত হইয়া) যুদ্ধ হইতেও নিবৃত্তি পান না। তা'র পর যে পক্ষে ধর্ম্ম থাকে, সেই পক্ষেই জয় হয় ॥১৮॥

রাজা ! সেই কারণেই পাণ্ডবেরা যুদ্ধে অবধ্য ও জয়যুক্ত হইতেছেন। আর আপনার পুত্রেরা দুষ্টচিত্ত, সর্বদা পাপে নিরত, নিষ্ঠুরপ্রকৃতি ও হীনকার্য্যকারী ; সেই জন্যই তাহারা যুদ্ধে ক্ষয় পাইতেছে। নরনাথ ! আপনার পুত্রেরা নীচ লোকের ন্যায় পাণ্ডবদের সম্বন্ধে বহুতর নৃশংসকার্য্য করিয়াছে ; কিন্তু পাণ্ডবেরা আপনার পুত্রদের সে সমস্ত অপরাধই উপেক্ষা করিয়া চলিতেছেন ॥১৯—২১॥

পাণ্ডুজ্যেষ্ঠ নরনাথ ! এবং পাণ্ডবেরা ধার্ত্তরাষ্ট্রগণের সেই সকল অত্যাচার সর্ব্বদাই গোপন রাখিয়া আসিতেছেন। তথাপি আপনার পুত্রেরা তাঁহাদের আদর করে না ॥২২॥

(২২) ধর্ম্মমূলাঃ সদৈবাসন্…নি। (২৩)…সম্প্রাপ্তং সুমহদ্‌ঘোরং ফলং কিম্পাক-সন্নিভম্—পি বা।

স ত্বং ভুঙ্ক্ষ্ব মহারাজ ! সপুত্রঃ সসুহৃজ্জনঃ।
নাববুধ্যসি যদ্রাজন্ ! বার্য্যমাণঃ সুহৃজ্জনৈঃ ॥২৪॥
বিদুরেণাথ ভীষ্মেণ দ্রোণেন চ মহাত্মনা।
তথা ময়া চাপ্যসকৃদ্বার্য্যমাণো ন বুধ্যসে ॥২৫॥
বাক্যং হিতঞ্চ পথ্যঞ্চ মর্ত্যঃ পথ্যমিবৌষধম্।
পুত্রাণাং মতমাস্থায় জিতান্ পশ্যসি পাণ্ডবান্ ॥২৬॥ (যুগ্মকম্)
শৃণু ভূয়ো যথাতত্ত্বং যন্মাং ত্বং পরিপৃচ্ছসি।
কারণং ভরতশ্রেষ্ঠ ! পাণ্ডবানাং জয়ং প্রতি ॥২৭॥
তত্তেঽহং কথয়িষ্যামি যথাশ্রুতমরিন্দম ! ।
দুর্য্যোধনেন সংপৃষ্ট এতমর্থং পিতামহঃ ॥২৮॥

ভারতকৌমুদী

স ইতি। ভুঙ্ক্ষ্ব তৎফলমনুভব ॥২৪॥
বিদুরেণেতি। ময়া সঞ্জয়েন চাপি। পথ্যং সাধু, মর্ত্যা আসন্নমৃত্যুঃ ॥২৫—২৬॥
"তস্মান্মে কারণং ব্রূত !" ইত্যাদেরুত্তরমাহ শৃণ্বিতি। যথাতত্ত্বং যথার্থম্ ॥২৭॥
তদিতি। শ্রুতং ভীষ্মমুখাৎ। অর্থং বিষয়ম্, পিতামহো ভীষ্মঃ ॥২৮॥

নরনাথ ! সর্ব্বদা কৃত সেই পাপকর্ম্মের অতিভয়ঙ্কর ফল এখন উপস্থিত হইয়াছে ॥২৩॥

মহারাজ ! পুত্রগণ ও সুহৃদ্গণের সহিত আপনি এখন সেই ফল ভোগ করুন। রাজা ! যে হেতু বন্ধুবর্গেরা বারণ করিলেও আপনি তখন বুঝেন নাই ॥২৪॥

মহাত্মা বিদুর, ভীষ্ম, দ্রোণ এবং আমিও বার বার আপনাকে নিষেধ করিয়াছিলাম ; তথাপি মুমূর্ষু লোক যেমন ভাল পথ্য বা ঔষধ গ্রহণ করে না, আপনিও তেমন পুত্রগণের মত অবলম্বন করিয়া আমাদের হিতকর ও উত্তম বাক্যগুলি গ্রহণ করেন নাই, পাণ্ডবগণকে জয় করিয়াছেন বলিয়াই মনে করিয়াছেন ॥২৫—২৬॥

ভরতশ্রেষ্ঠ ! পাণ্ডবগণের জয়লাভের কারণ কি বলিয়া আপনি আমাকে যে জিজ্ঞাসা করিয়াছেন, সে বিষয়ে পুনরায় যথার্থ কথা শ্রবণ করুন ॥২৭॥

অরিন্দম রাজা ! আমি ভীষ্মের নিকট যাহা শুনিয়াছি, তাহা আপনাকে বলিব। দুর্য্যোধন এই বিষয়ই ভীষ্মের নিকট জিজ্ঞাসা করিয়াছিলেন ॥২৮॥

(২৪) স তদ্ভুঙ্ক্ষ্ব···পি বা। (২৫)···বার্য্যমাণো ময়া চাপি ন গৃহ্ণাসি মহীপতে !—পি বা। (২৬)···মন্যসে পাণ্ডবান্ জিতান্—পি,···জিতান্ মন্যসি পাণ্ডবান্—রা নি।

দৃষ্ট্বা ভ্রাতৄন্ রণে সর্বান্ নির্জ্জিতাংস্তু মহারথান্।
শোকসংমূঢ়হৃদয়ো নিশাকালে স্ম কৌরবঃ ॥২৯॥
পিতামহং মহাপ্রাজ্ঞং বিনয়েনোপগম্য হ।
যদব্রবীৎ সুতস্তেঽসৌ তন্মে শৃণু জনেশ্বর! ॥৩০॥ (যুগ্মকম্)

দুর্য্যোধন উবাচ।

দ্রোণশ্চ ত্বঞ্চ শল্যশ্চ কৃপো দ্রৌণিস্তথৈব চ।
কৃতবর্ম্মা চ হার্দ্দিক্যঃ কাম্বোজশ্চ সুদক্ষিণঃ ॥৩১॥
ভূরিশ্রবা বিকর্ণশ্চ ভগদত্তশ্চ বীর্য্যবান্।
মহারথাঃ সমাখ্যাতাঃ কুলপুত্রাস্তনুত্যজঃ ॥৩২॥ (যুগ্মকম্)
ত্রয়াণামপি লোকানাং পর্য্যাপ্তা ইতি মে মতিঃ।
পাণ্ডবানাং সমস্তাশ্চ ন তিষ্ঠন্তি পরাক্রমে ॥৩৩॥
তত্র মে সংশয়ো জাতস্ত্বং মমাচক্ষ্ব পৃচ্ছতঃ।
যং সমাশ্রিত্য কৌন্তেয়া জয়ন্ত্যস্মান্ পদে পদে ॥৩৪॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। শোকসংমূঢ়হৃদয়ো ভ্রাত্রষ্টকবিনাশাৎ। পিতামহং ভীষ্মম্।২৯—৩০॥
দ্রোণ ইতি। হার্দ্দিক্যো হৃদিকপুত্রঃ কৃতবর্ম্মা। তনুত্যজো দেহত্যাগোদ্যতাঃ ॥৩১—৩২॥
ত্রয়াণামিতি। পর্য্যাপ্তা বিনাশে সমর্থাঃ। ন তিষ্ঠন্তি একৈকস্যাপি ॥৩৩॥

'নরনাথ! আপনার পুত্র কৌরবরাজ দুর্য্যোধন যুদ্ধে মহারথ সকল ভ্রাতাকেই পরাজিত দেখিয়া, শোকাকুলচিত্ত হইয়া রাত্রিতে বিনয় সহকারে মহাপ্রাজ্ঞ ভীষ্মের নিকট যাইয়া, যাহা বলিয়াছিলেন, তাহা আপনি আমার নিকট শ্রবণ করুন' ॥২৯—৩০॥

দুর্য্যোধন বলিলেন—'পিতামহ! আপনি, দ্রোণ, শল্য, কৃপ, অশ্বত্থামা, হৃদিকনন্দন কৃতবর্ম্মা, কাম্বোজরাজ সুদক্ষিণ, ভূরিশ্রবা, বিকর্ণ, এবং বলবান্ ভগদত্ত, আপনারা সকলেই মহারথ বলিয়া বিখ্যাত, সদ্বংশজাত এবং যুদ্ধে দেহত্যাগে উদ্যত ॥৩১—৩২॥

অতএব আপনারা ত্রিভুবন জয় করিতেও সমর্থ। সুতরাং আপনাদের এক এক জনের পরাক্রমের সম্মুখে পাণ্ডবেরা সকলে মিলিয়াও অবস্থান করিতে পারে না, ইহাই আমার ধারণা ॥৩৩॥

(২৯)···নির্জ্জিতান্ সুমহারথান্···পি,···বিজিতান্ সুমহারথান্···বা। (৩০)···উপগম্য চ—পি। (৩১) ভবান্ দ্রোণশ্চ কর্ণশ্চ···নি। (৩৪)···তত্ত্বমাচক্ষ্ব···অস্মান্ ক্ষণে ক্ষণে—রা নি।

CENTRAL LIBRARY

ভীষ্ম উবাচ।

শৃণু রাজন্! বচো মহ্যং যথা বক্ষ্যামি কৌরব!।
বহুশশ্চ ময়োক্তোঽসি ন চ মে তত্ত্বয়া কৃতম্ ॥৩৫॥
ক্রিয়তাং পাণ্ডবৈঃ সার্দ্ধং শমো ভরতসত্তম!।
এতৎ ক্ষেমমহং মন্যে পৃথিব্যাস্তব বা বিভো! ॥৩৬॥
ভুঙ্ক্ষ্বেমাং পৃথিবীং রাজন্! ভ্রাতৃভিঃ সহিতঃ সুখী।
দুর্হৃদস্তাপয়ন্ সর্বান্ নন্দয়ংশ্চাপি বান্ধবান্ ॥৩৭॥
ন চ মে ক্রোশতস্তাত! শ্রুতবানপি বৈ পুরা।
তদিদং সমনুপ্রাপ্তং যৎ পাণ্ডূনবমন্যসে ॥৩৮॥

ভারতকৌমুদী

তত্রেতি। যমুপায়ম্, কৌন্তেয়াঃ পাণ্ডবাঃ, সপত্নীপুত্রেঽপি পুত্রত্বাতিদেশাৎ ॥৩৪॥
শৃণ্বিতি। মহ্যং মম। তৎ তদুক্ত্যনুরূপং কার্য্যম্ ॥৩৫॥
কিমুক্তোঽস্মীত্যাহ ক্রিয়তামিতি। শমঃ সন্ধিনিবন্ধনা শান্তিঃ। ক্ষেমং মঙ্গলম্ ॥৩৬॥
ভুঙ্ক্ষ্বেতি। ভ্রাতৃভিঃ পাণ্ডবাদিভিঃ। দুর্হৃদঃ পাণ্ডবেতরান্ শত্রূন্ ॥৩৭॥
নেতি। ক্রোশত উচ্চৈরুচ্চারয়তোঽপি। সমনুপ্রাপ্তমুপস্থিতম্, পাণ্ডূন্ পাণ্ডবান্ ॥৩৮॥

সেই বিষয়ে আমার সন্দেহ জন্মিয়াছে। পাণ্ডবেরা যে উপায় অবলম্বন করিয়া পদে পদে আমাদিগকে জয় করিতেছে, সেই বিষয়ই আমি জিজ্ঞাসা করিতেছি, আপনি তাহা আমার নিকট বলুন' ॥৩৪॥

ভীষ্ম বলিলেন—'কৌরবনন্দন রাজা! আমি যাহা বলিব, তাহা তুমি শ্রবণ কর। কিন্তু আমি এ বিষয় বহুবার তোমার নিকট বলিয়াছি, অথ চ তুমি তদনুরূপ কার্য্য কর নাই ॥৩৫॥

ভরতশ্রেষ্ঠ! তুমি পাণ্ডবগণের সহিত সন্ধি কর। রাজা! এটাকে আমি সমগ্র পৃথিবীর পক্ষে এবং তোমার পক্ষে মঙ্গল বলিয়া মনে করি ॥৩৬॥

রাজা! তাহার পর তুমি ভ্রাতাদের সহিত মিলিত হইয়া শত্রুগণের সন্তাপ এবং বন্ধুগণের আনন্দ জন্মাইতে থাকিয়া এই রাজত্ব ভোগ করিতে থাক' ॥৩৭॥

বৎস! আমি উচ্চস্বরে এই সকল কথা বলিয়াছি, কিন্তু পূর্ব্বে তাহা তুমি শোন নাই এবং পাণ্ডবগণকে যে অবজ্ঞা করিতে, এই তাহার ফল উপস্থিত হইয়াছে ॥৩৮॥

(৩৭)…সুহৃদস্তর্পয়ন্ সর্বান্ নন্দয়ংশ্চাপি পার্থিবান্—পি।

CENTRAL LIBRARY

যশ্চ হেতুরবধ্যত্বে তেষামক্লিষ্টকর্ম্মণাম্।
তং শৃণুষ্ব মহাবাহো! মম কীর্ত্তয়তঃ প্রভো! ॥৩৯॥
নাস্তি লোকেষু তদ্ভূতং ভবিতা নো ভবিষ্যতি।
যো জয়েৎ পাণ্ডবান্ সর্বান্ পালিতান্ শার্ঙ্গধন্বনা ॥৪০॥
যচ্চ মে কথিতং তাত! মুনিভির্ভাবিতাত্মভিঃ।
পুরাণগীতং ধর্ম্মজ্ঞ! তচ্ছৃণুষ্ব যথাতথম্ ॥৪১॥
পুরা কিল সুরাঃ সর্বে ঋষয়শ্চ সমাগতাঃ।
পিতামহমুপাসেদুঃ পর্বতে গন্ধমাদনে ॥৪২॥
তেষাং মধ্যে সমাসীনঃ প্রজাপতিরপশ্যত।
বিমানং প্রজ্বলদ্ভাসা স্থিতং প্রবরমম্বরে ॥৪৩॥
ধ্যানেনাবেদ্য তদ্ব্রহ্মা কৃত্বা চ নিয়তোঽঞ্জলিম্।
নমশ্চকার হৃষ্টাত্মা পুরুষং পরমেশ্বরম্ ॥৪৪॥

ভারতকৌমুদী

য ইতি। তেষাং পাণ্ডবানাম্, অক্লিষ্টকর্ম্মণাম্ অনায়াসেন সর্বকার্য্যকারিণাম্ ॥৩৯॥

নেতি। তদ্ভূতং তাদৃশঃ প্রাণী, ভবিতা পূর্ব্বং নাভবৎ, তৃজন্ততয়া অভবদিত্যধ্যাহারেণাতীতপ্রতীতিঃ। যঃ প্রাণী। পালিতান্ সর্বদা রক্ষিতান্, শার্ঙ্গধন্বনা কৃষ্ণেন ॥৪০॥

যদিতি। ভাবিতাত্মভিঃ মৈত্র্যাদিভাবনয়া শোধিতচিত্তৈঃ ॥৪১॥

পুরেতি। সমাগতাঃ সম্মিলিতাঃ। পিতামহং ব্রহ্মাণম্, উপাসেদুরুপগতা আসন্ ॥৪২॥

তেষামিতি। প্রজাপতির্ব্রহ্মা। প্রজ্বলৎ দীপ্যমানম্। প্রবরং শ্রেষ্ঠম্ ॥৪৩॥

মহাবাহু রাজা! তা'র পর অনায়াসে কার্য্যকারী পাণ্ডবগণের অবধ্যতার প্রতি যাহা কারণ, তাহা আমি বলিতেছি, তুমি শ্রবণ কর ॥৩৯॥

ত্রিভুবনে এমন প্রাণী ছিল না, বর্ত্তমানে নাই এবং ভবিষ্যতেও হইবে না, যে প্রাণী কৃষ্ণকর্ত্তৃক রক্ষিত পাণ্ডবগণকে জয় করিতে পারে ॥৪০॥

বৎস! ধর্ম্মজ্ঞ! বিশুদ্ধচিত্ত মুনিরা আমার নিকট যাহা বলিয়াছেন এবং প্রাচীন ব্যক্তিরা যাহা বলিয়া গিয়াছেন, সেই যথার্থ বৃত্তান্ত তুমি শ্রবণ কর ॥৪১॥

পূর্ব্বকালে একদা দেবতারা ও ঋষিরা সকলে সম্মিলিত হইয়া গন্ধমাদন-পর্বতে ব্রহ্মার নিকটে উপবিষ্ট ছিলেন ॥৪২॥

তাঁহাদের মধ্যে উপবিষ্ট ব্রহ্মা দর্শন করিলেন—তেজে উজ্জ্বল ও উৎকৃষ্ট একখানা বিমান আকাশে অবস্থান করিতেছে ॥৪৩॥

(৩৯)…তং শৃণুষ্ব মহারাজ!…পি বা। (৪১) যত্তু মে…রা নি।

CENTRAL LIBRARY

ঋষয়স্ত্বথ দেবাশ্চ দৃষ্ট্বা ব্রহ্মাণমুত্থিতম্ ।
স্থিতাঃ প্রাঞ্জলয়ঃ সর্বে পশ্যন্তো মহদদ্ভুতম্ ॥৪৫॥
যথাবচ্চ তমভ্যর্চ্চ্য ব্রহ্মা ব্রহ্মবিদাং বরঃ ।
জগাদ জগতঃ স্রষ্টা পরং পরমধর্ম্মবিৎ ॥৪৬॥
বিশ্বাবসুর্বিশ্বগো বিশ্বমূর্ত্তির্বিষ্বক্সেনো বিশ্বকর্ম্মা বশী চ ।
বিশ্বেশ্বরো বাসুদেবোঽসি তস্মাদযোগাত্মানং দৈবতং ত্বামুপৈমি ॥৪৭॥

ভারতকৌমুদী

ধ্যানেনেতি। আবেদ্য সম্যগবগম্য। নিয়তঃ সংযতচিত্তঃ ॥৪৪॥

ঋষয় ইতি। উত্থিতং দণ্ডায়মানম্। স্থিতা দণ্ডায়মানা আসন্ ॥৪৫॥

যথাবদিতি। অভ্যর্চ্চ্য নমস্কৃত্য। ব্রহ্মবিদাং বেদজ্ঞানাম্। পরং পরমপুরুষম্ ॥৪৬॥

বিশ্বেতি। হে ভগবন্! যস্মাত্ত্বম্, বিশ্বেষু সর্ব্বপদার্থেষু বসুস্তেজো যস্য সঃ, "তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতি" ইতি শ্রুতেঃ। "হ্রস্বস্য দীর্ঘতা" ইতি দীর্ঘঃ। বিশ্বং গচ্ছতীতি বিশ্বগঃ সর্ব্বব্যাপী, "ঈশা বাস্যমিদং সর্ব্বম্" ইতি শ্রুতেঃ। বিশ্বং জগৎ মূর্ত্তির্যস্য সঃ, "সর্বং খল্বিদং ব্রহ্ম" ইতি শ্রুতেঃ। বিষ্বক্ সমন্তাৎ সেনা সেনাবৎ অপ্রতিহতা শক্তির্যস্য সঃ, "তদ্ধ নাত্যেতি কশ্চন" ইতি শ্রুতেঃ। বিশ্বং জগৎ কর্ম্ম যস্য সঃ, "তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশৎ" ইতি শ্রুতেঃ। বশী সর্বদা সর্ব্বত্র চ স্বাধীনঃ, "একো বশী সর্ব্বভূতান্তরাত্মা" ইতি শ্রুতেঃ। বিশ্বেশ্বরো জগতাং নিয়ন্তা, "তস্যেশানঃ" ইতি শ্রুতেঃ। বাসুদেবো জগদুপকারায় বসুদেব-পুত্রশ্চাসি, তস্মাৎ, যোগো মায়াসম্বন্ধঃ আত্মনি যস্য তম্, "মায়াস্তু প্রকৃতিং বিদ্যান্মায়িনন্তু মহেশ্বরম্" ইতি স্মৃতেঃ, দৈবতং জগতাং সৃষ্টিস্থিতিপ্রলয়াদিনা ক্রীড়নশীলং ত্বাম্, উপৈমি শরণং ব্রজামি ॥৪৭॥

তখন ব্রহ্মা ধ্যানে তাহার বিষয় জানিয়া, সংযত ও হৃষ্টচিত্ত হইয়া এবং অঞ্জলি বন্ধন করিয়া আদিপুরুষ পরমেশ্বরকে নমস্কার করিলেন ॥৪৪॥

তাহার পর দেবতারা ও ঋষিরা ব্রহ্মাকে দণ্ডায়মান দেখিয়া এবং আকাশে অত্যাশ্চর্য্য বস্তু দেখিতে থাকিয়া সকলেই কৃতাঞ্জলি হইয়া দাঁড়াইলেন ॥৪৫॥

পরে বেদজ্ঞশ্রেষ্ঠ, জগতের সৃষ্টিকর্ত্তা ও পরমধর্ম্মবিৎ ব্রহ্মা যথানিয়মে সেই পরমদেবতাকে নমস্কার করিয়া বলিতে লাগিলেন—॥৪৬॥

'ভগবন্! যে হেতু আপনি বিশ্বাবসু, বিশ্বব্যাপী, বিশ্বমূর্ত্তি, বিষ্বক্সেন, বিশ্বকর্ম্মা, স্বাধীন, বিশ্বেশ্বর, বাসুদেব, মায়াশালী এবং নানাবিধ-ক্রীড়া-যুক্ত, সেই হেতু আমি আপনার শরণাপন্ন হইতেছি ॥৪৭॥

(৪৬) ইতঃ পরম্ 'ব্রহ্মোবাচ' পি। (৪৭)···বিশ্বমূর্ত্তির্বিশ্বেশঃ···বা রা,···বিশ্বমূর্ত্তির্হি বিশ্বে···নি।

জয় বিশ্বমহাদেব ! জয় লোকহিতে রত ! ।
জয় যোগীশ্বর ! বিভো ! জয় যোগপরাবর ! ॥৪৮॥
পদ্মনাভ ! বিশালাক্ষ ! জয় লোকেশ্বরেশ্বর ! ।
ভূতভব্যভবন্নাথ ! জয় সৌম্যাত্মজাত্মজ ! ॥৪৯॥
অসংখ্যেয়গুণাধার ! জয় সর্বপরায়ণ ! ।
নারায়ণ ! সুদুষ্পার ! জয় শার্ঙ্গধনুর্দ্ধর ! ॥৫০॥
জয় সর্বগুণোপেত ! বিশ্বমূর্ত্তে ! নিরাময় ! ।
বিশ্বেশ্বর ! মহাবাহো ! জয় লোকার্থতৎপর ! ॥৫১॥
মহোরগ ! বরাহাদ্য ! হরিকেশ ! বিভো ! জয় ।
হরিবাস ! দিশামীশ ! বিশ্ববাসামিতাব্যয় ! ॥৫২॥

ভারতকৌমুদী

জয়েতি। বিশ্বেষাং জগতাং মহাংশ্চাসৌ দেবশ্চেতি বিশ্বমহাদেবস্তৎসম্বোধনম্। জয় ত্বং সর্বোৎকর্ষেণ বর্ত্তস্ব ইত্যর্থঃ। এবং সর্বত্র। হে বিভো! বিশ্বব্যাপক!। যোগে চিত্তবৃত্তিনিরোধবিষয়ে পর উৎকৃষ্টঃ অবরো নিকৃষ্টশ্চ ব্রহ্মরূপতয়া সর্বরূপত্বাৎ ॥৪৮॥

পদ্মেতি। পদ্মং নাভৌ যস্য সঃ, বিশালে অক্ষিণী যস্য সঃ, লোকেশ্বরাণামিন্দ্রাদীনামপি ঈশ্বরঃ। ভূতানামতীতানাং ভব্যানাং ভবিষ্যতাং ভবতাং বর্ত্তমানানাঞ্চ নাথো নিয়ন্তা। সৌম্যঃ সুন্দরঃ, আত্মজো সংপুত্রোঽত্রিস্তস্যাত্মজো দত্তাত্রেয়াখ্যঃ, তস্যাপি নারায়ণাবতারতয়া "ষষ্ঠস্ত্রেরপত্যত্বং বৃতঃ প্রাপ্তোঽনসূয়য়া" ইতি শ্রীমদ্ভাগবতোক্তত্বাৎ ॥৪৯॥

অসংখ্যেয়েতি। সর্ব্বেষামেব পরায়ণঃ পরমাশ্রয়ঃ। সুদুষ্পারঃ অতিদুর্গমঃ ॥৫০॥

জয়েতি। নিরাময়ো নির্বিকারঃ। লোকার্থতৎপরো ভক্তানামিষ্টসাধকঃ ॥৫১॥

ত্রিভুবনের মহাদেব! আপনার জয় হউক, লোকহিতনিরত! আপনার জয় হউক, যোগীশ্বর! বিশ্বব্যাপক! আপনার জয় হউক, যোগশ্রেষ্ঠ! যোগনিকৃষ্ট! আপনার জয় হউক ॥৪৮॥

পদ্মনাভ! বিশালনয়ন! দিক্‌পালেশ্বর! আপনার জয় হউক; ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানের নাথ! সুন্দর! আমার পুত্রের পুত্র! (দত্তাত্রেয়!) আপনার জয় হউক ॥৪৯॥

অনন্তগুণের আধার! সকলের পরমাশ্রয়! আপনার জয় হউক, নারায়ণ! অতিদুর্গম! শার্ঙ্গধনুর্দ্ধর! আপনার জয় হউক ॥৫০॥

সর্ব্বগুণসম্পন্ন! বিশ্বমূর্ত্তি! নির্বিকার! আপনার জয় হউক, বিশ্বেশ্বর! মহাবাহু! ভক্তাভীষ্টসাধক! আপনার জয় হউক ॥৫১॥

(৪৯) পদ্মগর্ভ!···পি রা নি। (৫০) অসংখ্যেয়গুণাজ্ঞেয়!···পি। (৫২)···হরিরাত্মা দিশামীশ!।···পি।

ব্যক্তাব্যক্তামিতস্থান ! নিয়তেন্দ্রিয় ! সৎক্রিয় ! ।
অসংখ্যেয়াত্মভাবজ্ঞ ! জয় গম্ভীর ! কামদ ! ॥৫৩॥
অনন্তবিদিত ! ব্রহ্মন্ ! নিত্য ! ভূতবিভাবন ! ।
কৃতকার্য্য ! কৃতপ্রজ্ঞ ! ধর্ম্মজ্ঞ ! বিজয়াবহ ! ॥৫৪॥
গুহ্যাত্মন্ ! সর্ব্বযোগাত্মন্ ! স্ফুটসম্ভূতসম্ভব ! ।
ভূতাত্মতত্ত্ব ! লোকেশ ! জয় ভূত ! বিভাবন ! ॥৫৫॥

ভারতকৌমুদী

মহেতি। মহোরগঃ অনন্তনাগঃ, আদ্যশ্চাসৌ বরাহশ্চেতি বরাহাদ্যঃ আদিবরাহঃ, অগ্নিস্তোকাদিবৎ বিশেষণস্য পরনিপাতঃ। হরিকেশঃ কপিলকুন্তলঃ, "হরির্না কপিলে ত্রিষু" ইত্যমরঃ। হরিবাসঃ পীতবসনঃ, "স্বর্ণবর্ণো হরিঃ স্মৃতঃ" ইত্যনেকার্থধ্বনিমঞ্জরী। দিশামীশঃ সর্ব্বদিক্‌পতিস্বরূপঃ। বিশ্ববাসো বিশ্বাধারঃ, অমিতোঽসীমঃ, অব্যয়ো বিনাশহীনঃ॥৫২॥

ব্যক্তেতি। ব্যক্তং মহত্তত্ত্বাদি অব্যক্তং প্রকৃতিস্তদুভয়রূপমমিতমসংখ্যাতং স্থানমাশ্রয়ো যস্য সঃ, পুরুষরূপত্বাৎ। নিয়তেন্দ্রিয়ো জিতেন্দ্রিয়ঃ, সতী শিষ্টানুগ্রহদুষ্টনিগ্রহাদিরূপা ক্রিয়া যস্য সঃ। অসংখ্যেয়ানামাত্মনাং চিত্তানাং ভাবানভিপ্রায়ান্ জানাতীতি সঃ। গম্ভীরঃ অগাধো দুর্জ্ঞেয় ইত্যর্থঃ, কামদো ভক্তাভীষ্টদাতা ।৫৩॥

অনন্তেতি। অনন্তম্ অসীমং যথা স্যাত্তথা বিদিতো জ্ঞানিভির্জ্ঞাতঃ, ব্রহ্মন্ ! পরমাত্মন্ !, নিত্য ! ধ্বংসপ্রাগভাবরহিত ! ভূতানি উৎপত্তিযোগ্যান্ পদার্থান্ বিভাবয়তি বিশেষেণোৎপাদয়তীতি সঃ। কৃতকার্য্য ! নিত্যমুক্তত্বাৎ, কৃতপ্রজ্ঞ ! স্থিরজ্ঞানত্বাৎ, ধর্ম্মজ্ঞ ! সর্বজ্ঞত্বাৎ, বিজয়াবহ ! ভক্তানাং বৈশিষ্ট্যেন জয়জনক ! জয়েতি শেষঃ ॥৫৪॥

অনন্তনাগ ! আদিবরাহ ! পিঙ্গলকেশ ! বিশ্বব্যাপক ! আপনার জয় হউক, পীতাম্বর ! সর্বদিক্‌পাল ! বিশ্বাশ্রয় ! অসীম ! অবিনশ্বর ! আপনার জয় হউক ॥৫২॥

অনন্তপ্রকৃতি ও মহত্তত্ত্বস্থিত ! জিতেন্দ্রিয় ! সৎক্রিয় ! অনন্তচিত্তবৃত্তিজ্ঞ ! দুর্জ্ঞেয় ! অভীষ্টদ ! আপনার জয় হউক ॥৫৩॥

জ্ঞানীরা আপনাকে অনন্ত বলিয়া জানেন, আপনি পরব্রহ্ম, আপনার উৎপত্তি ও বিনাশ নাই, আপনি সমস্ত পদার্থ সৃষ্টি করেন, আপনি নিত্যমুক্ত বলিয়া সকল কার্য্যই আপনার করা হইয়াছে, আপনার জ্ঞান সর্ব্বদা রহিয়াছে বলিয়া আপনি কৃতপ্রজ্ঞ, আপনি সর্ব্বজ্ঞ বলিয়া ধর্ম্মজ্ঞ এবং আপনি ভক্তের বিজয়দাতা ; আপনার জয় হউক ॥৫৪॥

---

(৫৩) ব্যক্তাব্যক্তমিতস্থান ! ··পি। (৫৪) ··বিজয়াজয় !—পি বা। (৫৫)···ভূতাত্ম ! লোকতত্ত্বেশ।···রা নি।

আত্মযোনে! মহাভাগ! কল্পসংক্ষেপতৎপর!।
উদ্ভাবনমনোভাব! জয় ব্রহ্মজনপ্রিয়! ॥৫৬॥
নিসর্গসর্গনিরত! কামেশ! পরমেশ্বর!।
অমৃতোদ্ভবসদ্ভাব! মুক্তাত্মন্! বিজয়প্রদ! ॥৫৭॥
প্রজাপতিপতে! দেব! পদ্মনাভ! মহাবল!।
আত্মভূত! মহাভূত! সত্ত্বাত্মন্! জয় সর্বদা ॥৫৮॥

ভারতকৌমুদী

গুহেতি। হে গুহাত্মন্! অভক্তেষু গোপনীয়স্বভাব! সর্ব্বে সম্প্রজ্ঞাতাদয়ো যোগা আত্মনি যস্য সঃ, স্ফুটঃ স্পষ্টঃ সম্ভূতেষু প্রাণিষু সম্ভবো জীবরূপেণ স্থিতঃ, অতএব ভূতানাং প্রাণিনামাত্মতত্ত্ব! জীবরূপ!, লোকেশ! জগন্নিয়ামক!, ভূত! সত্য!, বিভাব্যতে বিশেষেণ যোগিভির্ধ্যায়ত ইতি সঃ ॥৫৫॥

আত্মেতি। আত্মৈব যোনিঃ কারণং যস্য সঃ হে তাদৃশ! স্বয়মুৎপন্নেত্যর্থঃ, মহান্ ভাগঃ যজ্ঞাংশো যস্য সঃ, কল্পস্য সংক্ষেপে সংক্ষয়ে তৎপর! রুদ্ররূপেণ ব্যাপৃত!। উদ্ভাবনানাম্ উত্তমভাবনাশীলানাং মহাযোগিনাং মনোভাবাঃ সর্বদা মনোবৃত্তয়ো যস্মিন্ সঃ, ব্রহ্মজনপ্রিয়! ব্রহ্মনিষ্ঠলোকপ্রিয়! ॥৫৬॥

নিসর্গেতি। নিসর্গেণ স্বভাবেন সর্গনিরত! বিরিঞ্চিরূপেণ সৃষ্টিব্যাপৃত!, কামেশ! কামনিয়ন্তঃ!, অমৃতস্য উদ্ভবে সমুদ্রমথনাদুৎপত্তিকালে সন্ বিদ্যমানো ভাবঃ স্থিতির্যস্য সঃ, মুক্তাত্মন্! চিরজীবন্মুক্ত! হে ভক্তানাং বিজয়প্রদ! ইতি ভক্ত্যা পুনরুক্তিঃ ॥৫৭॥

প্রজেতি। প্রজাপতীনামস্মদাদীনামপি পতিরীশ্বরঃ, হে দেব! সর্ব্বদা দ্যোতনশীল!।

আপনি অভক্তের নিকটে আত্মপ্রকাশ করেন না, সমস্ত যোগ আপনাতে আছে, আপনি প্রাণিদেহে স্পষ্টভাবে জীবরূপে থাকেন, আপনি প্রাণিগণের জীব, আপনি জগতের নিয়ন্তা, আপনি সত্যস্বরূপ এবং যোগীরা আপনারই ধ্যান করেন; আপনার জয় হউক ॥৫৫॥

অভবত্তুমুলঃ শব্দঃ সংস্পৃশন্ গগনং মহৎ ॥৩॥
নদদ্ভিশ্চ মহানাগৈর্হেষমাণৈশ্চ বাজিভিঃ।
ভেরীশঙ্খনিনাদৈশ্চ তুমুলং সমপদ্যত ॥৪॥

ভারতকৌমুদী

তদিতি। আকাঙ্ক্ষতাং কৌরবাণাং পাণ্ডবানাঞ্চ, সংখ্যে যুদ্ধে ॥৩৯॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

(::)

অকরোদিতি। পূর্ব্বদিন ইব ভীমো যথা ধার্ত্তরাষ্ট্রান্ ন হন্যাত্তদর্থমিত্যর্থঃ ॥১॥
পূর্বাহ্ণ ইতি। মুখ্যাঃ প্রধানাঃ শূরা বিনাশস্তেঽস্মিন্নিতি মুখ্যশূরবিনাশনম্ ॥২॥
তস্মিন্নিতি। আকুলসংগ্রামে সঙ্কুলযুদ্ধে। শব্দো বীরাণাং কোলাহলঃ ॥৩॥
নদদ্ভিরিতি। মহানাগৈর্মহাহস্তিভিঃ, হেষমাণৈর্গর্জ্জদ্ভিঃ। তুমুলং যুদ্ধম্ ॥৪॥

তখন যুদ্ধে জয় এবং গুরুতর ও অদ্ভুত যশের অভিলাষী কৌরব ও পাণ্ডবগণের সেই যুদ্ধ পূর্ব্বকালের দেব-দানবযুদ্ধের ন্যায় ভয়ঙ্করভাবে হইতে লাগিল ॥৩৯॥

সঞ্জয় বলিলেন—'রাজা! তখন শান্তনুনন্দন ভীষ্ম আপনার পুত্রগণকে ভীমের ভয় হইতে উদ্ধার করিবার ইচ্ছায় তুমুল যুদ্ধ করিতে লাগিলেন ॥১॥

কৌরবগণ, পাণ্ডবগণ এবং অন্যান্য রাজগণের সেই মহাভয়ঙ্কর যুদ্ধ পূর্ব্বাহ্ণে হইতে লাগিল; তাহাতে প্রধান প্রধান বীর বিনষ্ট হইলেন ॥২॥

সেই মহাভয়ঙ্কর সঙ্কুল যুদ্ধ চলিতে লাগিলে, বিশাল-গগনস্পর্শকারী তুমুল শব্দ হইতে লাগিল ॥৩॥

CENTRAL LIBRARY

যুযুৎসবস্তে বিক্রান্তা বিজয়ায় মহাবলাঃ।
অন্যোন্যমভিগর্জন্তো গোষ্ঠেষ্বিব মহর্ষভাঃ ॥৫॥
শিরসাং পাত্যমানানাং সমরে নিশিতৈঃ শরৈঃ।
অশ্মবৃষ্টিরিবাকাশে বভূব ভরতর্ষভ! ॥৬॥
কুণ্ডলোষ্ণীষধারীণি জাতরূপোজ্জ্বলানি চ।
পতিতানি স্ম দৃশ্যন্তে শিরাংসি ভরতর্ষভ! ॥৭॥
বিশিখোন্মথিতৈর্গাত্রৈর্বাহুভিশ্চ সকার্ম্মুকৈঃ।
সহস্তাভরণৈশ্চান্যৈরভবচ্ছাদিতা মহী ॥৮॥
কবচোপহিতৈর্গাত্রৈর্হস্তৈশ্চ সমলঙ্কৃতৈঃ।
মুখৈশ্চ চন্দ্রসঙ্কাশৈ রক্তান্তনয়নৈঃ শুভৈঃ ॥৯॥
গজবাজিমনুষ্যাণাং সর্বগাত্রৈশ্চ ভূপতে!।
আসীৎ সর্বা সমাস্তীর্ণা মুহূর্ত্তেন বসুন্ধরা ॥১০॥

ভারতকৌমুদী

যুযুৎসব ইতি। অভিগর্জন্ত আসন্নিতি শেষঃ। মহর্ষভা বিশালবৃষাঃ ॥৫॥
শিরসামিতি। অশ্মবৃষ্টিঃ পাষাণবৃষ্টিরিব বৃষ্টিরিত্যর্থঃ ॥৬॥
কুণ্ডলেতি। জাতরূপৈঃ স্বর্ণমুকুটৈরুজ্জ্বলানি। পতিতানি ভূমৌ ॥৭॥
বিশিখেতি। বিশিখোন্মথিতৈর্বাণবিক্ষতৈঃ। অন্যৈর্বাহুভিশ্চ, মহী সমরভূমিঃ ॥৮॥

মহাহস্তিগণের গর্জনে, অশ্বগণের হেষারবে এবং শঙ্খ ও ভেরীর নিনাদে যুদ্ধটা তুমুল হইয়া উঠিল ॥৪॥

মহাবল ও বিক্রমশালী যোদ্ধারা জয়লাভের জন্য যুদ্ধার্থী হইয়া গোষ্ঠে বিশাল বৃষগণের ন্যায় পরস্পর গর্জন করিতে লাগিলেন ॥৫॥

ভরতশ্রেষ্ঠ! আকাশে প্রস্তরবৃষ্টিপতনের যেমন শব্দ হয়, সেইরূপ তীক্ষ্ণ-বাণছিন্ন মস্তকগুলির পতনের শব্দ হইতে থাকিল ॥৬॥

রাজা! কুণ্ডল ও উষ্ণীষধারী এবং স্বর্ণমুকুটশোভিত মস্তকসমূহ ভূতলে পতিত দেখা যাইতে লাগিল ॥৭॥

বাণবিক্ষত দেহ, কার্ম্মুকযুক্ত বাহু এবং হস্তালঙ্কারে অলঙ্কৃত অন্য বাহুসমূহ-দ্বারা সমরভূমি আচ্ছাদিত হইয়া পড়িল ॥৮॥

আর রাজা! মুহূর্ত্তকালমধ্যে বর্ম্মাবৃত শরীর, অলঙ্কৃত হস্ত, রক্তনয়নযুক্ত সুলক্ষণসম্পন্ন ও চন্দ্রতুল্য মুখ এবং হস্তী, অশ্ব ও মনুষ্যগণের দেহদ্বারা সমগ্র

(৫)···গোষ্ঠেষু বৃষভা ইব—পি বা।

রজোমেঘৈশ্চ তুমুলৈঃ শস্ত্রবিদ্যুৎপ্রকাশিভিঃ।
আয়ুধানাঞ্চ নির্ঘোষঃ স্তনয়িত্নুসমোঽভবৎ ॥১১॥ (বিশেষকম্)
স সম্প্রহারস্তুমুলঃ কটুকঃ শোণিতোদকঃ।
প্রাবর্ত্তত কুরূণাঞ্চ পাণ্ডবানাঞ্চ ভারত! ॥১২॥
তস্মিন্ মহাভয়ে ঘোরে তুমুলে লোমহর্ষণে।
বর্ষুঃ শরবর্ষাণি ক্ষত্রিয়া যুদ্ধদুর্ম্মদাঃ ॥১৩॥
আক্রোশন্ কুঞ্জরাস্তত্র শরবর্ষপ্রতাপিতাঃ।
তাবকানাং পরেষাঞ্চ সংযুগে ভরতর্ষভ! ॥১৪॥
সংরব্ধানাঞ্চ বীরাণাং ধীরাণামমিতৌজসাম্।
ধনুর্জ্যাতলশব্দেন ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥১৫॥

ভারতকৌমুদী

কবচেতি। কবচোপহিতৈর্বর্ম্মাবৃতৈঃ। চন্দ্রসঙ্কাশৈশ্চন্দ্রতুল্যৈঃ, রক্তৌ অন্তৌ যয়োস্তে তাদৃশে নয়নে যেষাং তৈঃ, শুভৈঃ সুলক্ষণৈঃ। সর্ব্বা বসুন্ধরা সমরভূমিঃ। রজাংসি ধূলয়ো মেঘা ইব তৈঃ। স্তনয়িত্নুসমো মেঘগর্জ্জনতুল্যঃ ॥৯—১১॥

স ইতি। সম্প্রহারঃ সমরঃ, কটুকঃ প্রখরো দুর্দ্দর্শ ইতি যাবৎ ॥১২॥

তস্মিন্নিতি। ঘোরে মহতি, "ঘোরং লোকে বিততমযশঃ" ইত্যাদ্যুত্তররামচরিতবৎ ॥১৩॥

আক্রোশন্নিতি। আক্রোশন্ আর্ত্তনাদমকুর্বন্, কুঞ্জরা হস্তিনঃ। সংযুগে যুদ্ধে ॥১৪॥

সমিতি। সংরব্ধানাং ক্রুদ্ধানাম্, তথাত্বেঽপি ধীরাণাং ধৈর্য্যশালিনাম্ ॥১৫॥

সমরভূমি আবৃত হইয়া গেল। ক্রমে মেঘের ন্যায় নিবিড় এবং বিদ্যুতের তুল্য অস্ত্রদ্বারা প্রকাশিত ধূলিদ্বারাও সমরাঙ্গন ব্যাপ্ত হইল; আর মেঘগর্জ্জনের ন্যায় অস্ত্রের শব্দও হইতে লাগিল ॥৯—১১॥

ভরতনন্দন! ক্রমে কৌরব ও পাণ্ডবগণের সেই তুমুল ও দুর্দ্দর্শ যুদ্ধে রক্তের স্রোত বহিতে লাগিল ॥১২॥

তুমুল, লোমহর্ষণ ও অতিভয়ঙ্কর সেই মহাযুদ্ধে যুদ্ধদুর্দ্ধর্ষ ক্ষত্রিয়েরা অনবরত শরবর্ষণ করিতে থাকিলেন ॥১৩॥

ভরতশ্রেষ্ঠ! আপনার পক্ষের ও বিপক্ষের হস্তীগুলি সেই যুদ্ধে বাণবর্ষণে পীড়িত হইয়া আর্ত্তনাদ করিতে লাগিল ॥১৪॥

ক্রুদ্ধ অথ চ ধৈর্য্যশীল অমিততেজা বীরগণের ধনুষ্টঙ্কারে অন্য কোন শব্দই শুনা যাইতে লাগিল না ॥১৫॥

(১৪)· ·শরবর্ষপ্রপীড়িতাঃ···পি বা। (১৫) সংরব্ধানাং নৃবীরাণাং শূরাণামতিতেজসাম্—পি।

উত্থিতেষু কবন্ধেষু সর্বতঃ শোণিতোদকে।
অপরে পর্য্যধাবন্ত নৃপা রিপুবধোদ্যতাঃ ॥১৬॥
শরশক্তিগদাভিশ্চ খড়্গৈশ্চামিততেজসঃ।
নিজঘ্নুঃ সমরেঽন্যোন্যং শূরাঃ পরিঘবাহবঃ ॥১৭॥
বভ্রমুঃ কুঞ্জরাশ্চাত্র শরৈর্বিদ্ধা নিরঙ্কুশাঃ।
অশ্বাশ্চ পর্য্যধাবন্ত হতারোহা দিশো দশ ॥১৮॥
উৎপত্য নিপতন্ত্যন্যে শরঘাতপ্রপীড়িতাঃ।
তাবকানাং পরেষাঞ্চ যোধা ভরতসত্তম! ॥১৯॥
বাহূনামুত্তমাঙ্গানাং কার্ম্মুকাণাঞ্চ ভারত!।
গদানাং পরিঘাণাঞ্চ হস্তানাঞ্চোরুভিঃ সহ ॥২০॥
পাদানাং ভূষণানাঞ্চ কেয়ূরাণাঞ্চ সর্বশঃ।
রাশয়শ্চাত্র দৃশ্যন্তে ভীষ্মভীমসমাগমে ॥২১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

উত্থিতেষ্বিতি। কবন্ধেষু শিরোহীনদেহেষু। তেষ্বেব রিপুভ্রমাৎ পর্য্যধাবন্নিত্যাশয়ঃ ॥১৬॥
শরেতি। পরিঘা মুদ্গরবিশেষা ইব দীর্ঘা দৃঢ়াশ্চ বাহবো যেষাং তে ॥১৭॥
বভ্রমুরিতি। হতা আরোহা আরোহিণো যেষাং তে। ইত্যভয়ত্রাপ্যন্বীয়তে ॥১৮॥
উৎপত্যেতি। শস্ত্রাঘাতেন পতনানন্তরমুত্থায়েত্যর্থঃ। যোধা যোদ্ধারঃ ॥১৯॥
বাহূনামিতি। উত্তমাঙ্গানাং মস্তকানাম্। ভীষ্মভীময়োঃ সমাগমে যুদ্ধমেলনে ॥২০—২১॥

সকল দিকে রক্তপ্রবাহের মধ্যে কবন্ধ সকল উত্থিত হইলে অপর রাজারা সেই গুলিকেই শত্রু মনে করিয়া তাহাদের বধে উদ্যত হইয়া ধাবিত হইতে লাগিলেন ॥১৬॥

অমিততেজা ও পরিঘের ন্যায় বাহুযুক্ত বীরেরা বাণ, শক্তি, গদা ও তরবারি-দ্বারা যুদ্ধে পরস্পর নিহত করিতে থাকিলেন ॥১৭॥

আরোহীরা নিহত হইলে অঙ্কুশবিহীন হস্তীগুলি বাণবিদ্ধ হইয়া সমরাঙ্গনের দশ দিকে ভ্রমণ করিতে লাগিল এবং অশ্বগুলিও ধাবিত হইতে থাকিল ॥১৮॥

ভরতশ্রেষ্ঠ! আপনার পক্ষের ও বিপক্ষের অপর যোদ্ধারা উত্থিত হইয়া আবার শরাঘাতে পতিত হইতে লাগিল ॥১৯॥

ভরতনন্দন! সেই ভীষ্ম ও ভীমের যুদ্ধের সময়ে সমরাঙ্গনের সকল স্থানেই

(১৬)···সমরে পর্য্যধাবন্ত···রা নি। (১৯)···যোধানাং ভরতর্ষভ!—পি,···পর্য্যধাবন্···সমন্ততঃ—বা। (২১)···কেয়ূরাণাঞ্চ সংঘশঃ। রাশয়স্তত্র···রা নি।

CENTRAL LIBRARY

অশ্বানাং কুঞ্জরাণাঞ্চ রথানাঞ্চানিবর্ত্তিনাম্ ।
সংঘাতাঃ স্ম প্রদৃশ্যন্তে তত্র তত্র বিশাংপতে ! ॥২২॥
গদাভিরসিভিঃ প্রাসৈর্বাণৈশ্চ নতপর্ব্বভিঃ ।
জঘ্নুঃ পরস্পরং তত্র ক্ষত্রিয়াঃ কালচোদিতাঃ ॥২৩॥
অপরে বাহুভির্বীরা নিযুদ্ধকুশলা যুধি ।
বহুধা সমসজ্জন্ত আয়সৈঃ পরিঘৈরিব ॥২৪॥
মুষ্টিভির্জ্জানুভিশ্চৈব তলৈশ্চৈব বিশাংপতে ! ।
অন্যোন্যং জঘ্নিরে বীরাস্তাবকাঃ পাণ্ডবৈঃ সহ ॥২৫॥
পতিতৈঃ পাত্যমানৈশ্চ বিচেষ্টদ্ভিশ্চ ভূতলে ।
ঘোরমায়োধনং জজ্ঞে তত্র তত্র নরেশ্বর ! ॥২৬॥

ভারতকৌমুদী

অশ্বানামিতি। অনিবর্ত্তিনাং সমরাঙ্গনাদনপসারিণাম্। সংঘাতাঃ সমূহাঃ ॥২২॥
গদাভিরিতি। কালেন দৈবেন চোদিতাঃ প্রেরিতাঃ ॥২৩॥
অপর ইতি। নিযুদ্ধকুশলা বাহুযুদ্ধনিপুণাঃ। আয়সৈর্লৌহময়ৈঃ ॥২৪॥
মুষ্টিভিরিতি। তলৈঃ করতলৈশ্চপেটৈরিত্যর্থঃ। পাণ্ডবৈস্তৎপক্ষীয়বীরৈঃ ॥২৫॥
পতিতৈরিতি। বিচেষ্টদ্ভিঃ স্পন্দমানৈঃ। আয়োধনং যুদ্ধম্ ॥২৬॥

রাশি রাশি বাহু, মস্তক, ধনু, গদা, পরিঘ, হস্ত, উরু, চরণ, কেয়ূর ও অন্যান্য অলঙ্কার দেখা যাইতে থাকিল ॥২০—২১॥

এবং নরনাথ ! সমরভূমির নানাস্থানে অনিবর্ত্তী হস্তী, অশ্ব ও রথসমূহ দৃষ্টিগোচর হইতে লাগিল ॥২২॥

তখন ক্ষত্রিয়েরা দৈবপ্রেরিত হইয়া গদা, তরবারি, প্রাস ও নতপর্ব্ব বাণদ্বারা পরস্পর বধ করিতে থাকিলেন ॥২৩॥

বাহুযুদ্ধনিপুণ অপর বীরেরা লৌহপরিঘতুল্য বাহুদ্বারা বহুপ্রকারে যুদ্ধে ব্যাপৃত হইলেন ॥২৪॥

নরনাথ ! আপনার পক্ষের মল্লযোদ্ধারা পাণ্ডবপক্ষের মল্লযোদ্ধাদের সহিত মিলিত হইয়া মুষ্টি, জানু ও করতলদ্বারা পরস্পর আঘাত করিতে লাগিলেন ॥২৫॥

রাজা ! স্বয়ং ভূতলপতিত, পরকর্ত্তৃক ভূতলে পাতিত এবং অন্য বিবিধপ্রকারে চেষ্টিত মল্লযোদ্ধাদের ভিন্ন ভিন্ন স্থানে ভয়ঙ্কর যুদ্ধ হইতে লাগিল ॥২৬॥

(২৩)···ক্ষত্রিয়াঃ কাল আগতে—বা নি। (২৬)···তত্র তত্র জনেশ্বর !—পি বা।

বিরথা রথিনশ্চাত্র নিস্ত্রিংশবরধারিণঃ।
অন্যোন্যমভ্যধাবন্ত পরস্পরবধৈষিণঃ ॥২৭॥
ততো দুর্য্যোধনো রাজা কালিঙ্গৈর্বহুভির্বৃতঃ।
পুরস্কৃত্য রণে ভীষ্মং পাণ্ডবানভ্যবর্ত্তত ॥২৮॥
তথৈব পাণ্ডবাঃ সর্ব্বে পরিবার্য্য বৃকোদরম্।
ভীষ্মমভ্যদ্রবন্ ক্রুদ্ধাস্ততো যুদ্ধমবর্ত্তত ॥২৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে পঞ্চমদিবসযুদ্ধে সঙ্কুলযুদ্ধে ঊনসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

সপ্ততিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

দৃষ্ট্বা ভীষ্মেণ সংসক্তান্ ভ্রাতৄনন্যাংশ্চ পার্থিবান্।
সমভ্যধাবদ্গাঙ্গেয়মুদ্যতাস্ত্রো ধনঞ্জয়ঃ ॥১॥

ভারতকৌমুদী

বিরথা ইতি। নিস্ত্রিংশবরধারিণ উত্তমাসিধারিণঃ ॥২৭॥
তত ইতি। কালিঙ্গৈঃ কলিঙ্গদেশীয়সৈন্যৈঃ। পুরস্কৃত্য অগ্রেসরীকৃত্য ॥২৮॥
তথেতি। পরিবার্য্য পরিবেষ্ট্য। অভ্যদ্রবন্ অভ্যধাবন্ ॥২৯॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ঊনসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

দৃষ্ট্বেতি। সংসক্তান্ যুদ্ধে মিলিতান্। গাঙ্গেয়ং তং ভীষ্মম্ ॥১॥

রথীরা রথবিহীন ও পরস্পর বধৈষী হইয়া বিশাল তরবারি ধারণ করিয়া পরস্পরের অভিমুখে ধাবিত হইতে লাগিলেন ॥২৭॥

তাহার পর রাজা দুর্য্যোধন বহুতর কলিঙ্গসৈন্যে পরিবেষ্টিত হইয়া ভীষ্মকে অগ্রবর্ত্তী করিয়া পাণ্ডবগণের দিকে ধাবিত হইলেন ॥২৮॥

সেইরূপ পাণ্ডবেরা সকলেও ক্রুদ্ধ হইয়া ভীমকে পরিবেষ্টন করিয়া ভীষ্মের প্রতি ধাবিত হইলেন। তাহার পর তাঁহাদের যুদ্ধারম্ভ হইল' ॥২৯॥

(২৮)…কলিঙ্গৈর্বহুভির্বৃতঃ…রা নি। (২৯)…ক্রুদ্ধা রণে রভসবাহনাঃ…পি বা।

* '…সপ্ততিতমোঽধ্যায়ঃ' বা ব রা নি।

CENTRAL LIBRARY

পাঞ্চজন্যস্য নির্ঘোষং ধনুষো গাণ্ডিবস্য চ।
ধ্বজঞ্চ দৃষ্ট্বা পার্থস্য সর্বান্ নো ভয়মাবিশৎ ॥২॥
সিংহলাঙ্গূলমাকাশে জ্বলন্তমিব পর্বতম্।
অসজ্জমানং বৃক্ষেষু ধূমকেতুমিবোত্থিতম্ ॥৩॥
বহুবর্ণং বিচিত্রঞ্চ দিব্যং বানরলক্ষণম্।
অপশ্যাম মহারাজ! ধ্বজং গাণ্ডীবধন্বনঃ ॥৪॥ (যুগ্মকম্)
বিদ্যুতং মেঘমধ্যস্থাং ভ্রাজমানামিবাম্বরে।
দদৃশুর্গাণ্ডিবং যোধা রুক্মপৃষ্ঠং মহামৃধে ॥৫॥
আশুশ্রুম ভৃশঞ্চাস্য শক্রস্যেবাভিগর্জতঃ।
সুঘোরং তলয়োঃ শব্দং নিঘ্নতস্তব বাহিনীম্ ॥৬॥

ভারতকৌমুদী

পাঞ্চেতি। নির্ঘোষং শ্রুত্বেতি শেষঃ। নঃ অস্মান্, ভয়ং কর্ত্তৃ ॥২॥
সিংহেতি। সিংহলাঙ্গূলং সিংহতুল্যলাঙ্গূলযুক্তম্। বানরলক্ষণং কপিচিহ্নম্ ॥৩—৪॥
বিদ্যুতমিতি। যোধা যোদ্ধারঃ, রুক্মপৃষ্ঠং স্বর্ণখচিতপৃষ্ঠম্, মহামৃধে মহাযুদ্ধে ॥৫॥
আশুশ্রুমেতি। শক্রস্য শক্রচালিতমেঘস্য। তলয়োর্হস্তাবাপয়োঃ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'অর্জ্জুন ভ্রাতাদিগকে এবং অন্যান্য রাজগণকে ভীষ্মের সহিত মিলিত দেখিয়া অস্ত্র উত্তোলন করিয়া ভীষ্মের দিকে ধাবিত হইলেন ॥১॥

তখন কৃষ্ণের পাঞ্চজন্যশঙ্খের ও অর্জ্জুনের গাণ্ডীবধনুর শব্দ শুনিয়া এবং অর্জ্জুনের ধ্বজ দেখিয়া আমাদের সকলেরই ভয় উপস্থিত হইল ॥২॥

মহারাজ! সিংহের লাঙ্গূলের ন্যায় লাঙ্গূলযুক্ত, প্রজ্বলিত পর্ব্বতের ন্যায় উচ্চ, বৃক্ষে অসংলগ্ন, ধূমকেতুর ন্যায় উত্থিত, বহুবর্ণ, বিচিত্র, অলৌকিক ও বানরচিহ্নসমন্বিত অর্জ্জুনের ধ্বজটাকে আমরা আকাশে দেখিতে লাগিলাম ॥৩—৪॥

আর আকাশে শোভমানা মেঘমধ্যবর্ত্তিনী বিদ্যুতের ন্যায় অর্জ্জুনের স্বর্ণখচিত গাণ্ডীবধনুখানাকে দুই পক্ষের যোদ্ধারাই দেখিতে লাগিল ॥৫॥

এবং অর্জ্জুন যখন আপনার সৈন্য বিনাশ করিতে লাগিলেন, তখন মেঘগর্জনের ন্যায় সেই গাণ্ডীবধনুর শব্দ এবং ভয়ঙ্কর তলশব্দ আমরা শুনিতে থাকিলাম ॥৬॥

(৪) বহুবর্ণঞ্চ চিত্রঞ্চ…পি বা।

চণ্ডবাতো যথা মেঘঃ সবিদ্যুৎ স্তনয়িত্নুমান্।
দিশঃ সংপ্লাবয়ামাস শরবর্ষৈঃ সমন্ততঃ ॥৭॥
সমভ্যধাবদ্‌গাঙ্গেয়ং ভৈরবাস্ত্রো ধনঞ্জয়ঃ।
দিশং প্রাচীং প্রতীচীঞ্চ ন জানীমোঽস্ত্রমোহিতাঃ ॥৮॥
কান্দিগ্‌ভূতাঃ শ্রান্তপত্রা হতাশ্বা হতচেতসঃ।
অন্যোন্যমভিসংশ্লিষ্য যোধাস্তে ভরতর্ষভ! ॥৯॥
ভীষ্মমেবাভ্যলীয়ন্ত সহ সর্বৈস্তবাত্মজৈঃ।
তেষামার্ত্তায়নমভূদ্ভীষ্মঃ শান্তনবো রণে ॥১০॥ (যুগ্মকম্)
সমুৎপতন্তি বিত্রস্তা রথেভ্যো রথিনস্তথা।
সাদিনশ্চাশ্বপৃষ্ঠেভ্যো ভূমেশ্চাপি পদাতয়ঃ ॥১১॥

ভারতকৌমুদী

চণ্ডেতি। চণ্ডো বাতো যস্মিন্ সঃ। স্তনয়িত্নুমান্ গর্জনবান্ ॥৭॥

সমিতি। গাঙ্গেয়ং ভীষ্মম্, ভৈরবাণি ভীষণানি অস্ত্রাণি যস্য সঃ ॥৮॥

কান্দিগিতি। কাং দিশং গচ্ছাম ইতি বিভ্রান্তাঃ কান্দিগ্‌ভূতাঃ, শ্রান্তপত্রাঃ পরিশ্রান্তবাহনাঃ। অভ্যলীয়ন্ত পশ্চাদগচ্ছন্। আর্ত্তায়নম্ আর্ত্তাবস্থায়াং শরণম্ ॥৯—১০॥

সমিতি। সমুৎপতন্তি কিংবৃত্তমিতি দর্শনার্থং সমুত্তিষ্ঠন্তি স্ম, পদাতয়স্ত্বগ্রপাদাভ্যাম্ ॥১১॥

প্রচণ্ডবায়ুচালিত, বিদ্যুদ্‌যুক্ত ও গর্জনকারী মেঘ যেমন জলদ্বারা সকল দিক্ প্লাবিত করে, সেইরূপ অর্জ্জুন বাণবর্ষণদ্বারা সকল দিক্ প্লাবিত করিলেন ॥৭॥

ক্রমে ভীষণাস্ত্রধারী অর্জুন ভীষ্মের দিকে ধাবিত হইলেন। তখন আমরা অর্জুনের অস্ত্রে মোহিত হইয়া কোন্‌টা পূর্বদিক্ কোন্‌টা বা পশ্চিমদিক্ তাহা বুঝিতে পারিলাম না ॥৮॥

ভরতশ্রেষ্ঠ! সেই সময়ে আপনার অনেক যোদ্ধা দিগ্‌ভ্রান্ত, অনেকের বাহন পরিশ্রান্ত, অনেকের অশ্ব নিহত এবং অনেকে হতচৈতন্য হইল। তাই তাহারা পরস্পর মিলিত হইয়া আপনার সকল পুত্রের সহিত যাইয়া ভীষ্মের পিছনে লুকাইল। তখন শান্তনুনন্দন ভীষ্মই যুদ্ধে তাহাদের রক্ষক হইলেন ॥৯—১০॥

(কি হইয়াছে তাহা দেখিবার জন্য) ভীত রথীরা রথ হইতে, অশ্বারোহীরা অশ্বপৃষ্ঠ হইতে এবং পদাতিরা ভূতল হইতে উঠিয়া দাঁড়াইতে লাগিল ॥১১॥

(৭)··দিশঃ সংপ্লাবয়ন্ সর্বাঃ···রা নি। (৮) অভ্যধাবত গাঙ্গেয়ম্ ··পি বা। (১০) ভীষ্মমেবাভিলীয়ন্তে···বা।

শ্রুত্বা গাণ্ডীবনির্ঘোষং বিস্ফূর্জিতমিবাশনেঃ।
সর্বসৈন্যানি ভীতানি ব্যবালীয়ন্ত ভারত! ॥১২॥
অথ কাম্বোজজৈরশ্বৈর্মহদ্ভিঃ শীঘ্রগামিভিঃ।
গোপানাং বহুসাহস্রৈর্বলৈর্গোপায়নৈর্বৃতঃ ॥১৩॥
মদ্রসৌবীরগান্ধারৈস্ত্রৈগর্তৈশ্চ বিশাংপতে!।
সর্বকালিঙ্গমুখ্যৈশ্চ কলিঙ্গাধিপতির্বৃতঃ ॥১৪॥
নানানরগণৌঘৈশ্চ দুঃশাসনপুরঃসরঃ।
জয়দ্রথশ্চ নৃপতিঃ সহিতঃ সর্বরাজভিঃ ॥১৫॥
হয়ারোহবরাশ্চৈব তব পুত্রেণ চোদিতাঃ।
চতুর্দশ সহস্রাণি সৌবলং পর্য্যবারয়ন্ ॥১৬॥
ততস্তে সহিতাঃ সর্বে বিভক্তরথবাহনাঃ।
অর্জ্জুনং সমরে জগ্মুস্তাবকা ভরতর্ষভ! ॥১৭॥

ভারতকৌমুদী

শ্রুত্বেতি। বিস্ফূর্জিতং পতনশব্দম্। ব্যবালীয়ন্ত ভূমৌ লীনা অভবন্ ॥১২॥
অথেতি। কাম্বোজজৈঃ কাম্বোজদেশজাতৈঃ। গোপায়নৈস্তদাখ্যৈঃ, বৃতস্তদ্রাজঃ ॥১৩॥
মদ্রেতি। কলিঙ্গাধিপতির্বৃতকলিঙ্গরাজপুত্রঃ ॥১৪॥
নানেতি। দুঃশাসনঃ পুরঃসরো যস্য স তাদৃশোঽভবদিতি শেষঃ ॥১৫॥
হয়েতি। হয়ারোহবরা অশ্বারোহিশ্রেষ্ঠাঃ। চকারাৎ কাম্বোজরাজাদয়শ্চ ॥১৬॥
তত ইতি। বিভক্তানি রথবাহনানি যৈস্তে। তাবকাস্ত্বৎপক্ষীয়া যোদ্ধারঃ ॥১৭॥

ভরতনন্দন! সমস্ত কৌরবসৈন্যই বজ্রনির্ঘোষের ন্যায় গাণ্ডীবনির্ঘোষ শুনিয়া ভীত হইয়া লুক্কায়িত হইতে লাগিল ॥১২॥

তাহার পর কাম্বোজরাজ—কাম্বোজদেশীয় বিশালাকৃতি ও দ্রুতগামী অশ্বে সমারূঢ় গোপায়ননামক বহুসহস্র গোপসৈন্যে পরিবেষ্টিত হইলেন ॥১৩॥

নরনাথ! কলিঙ্গরাজ—মদ্র, সৌবীর, গান্ধার, ত্রিগর্ত্ত ও কলিঙ্গদেশীয় প্রধান সৈন্যগণে পরিবৃত হইলেন ॥১৪॥

আর রাজা জয়দ্রথ নানাবিধ পদাতিসৈন্য ও সমস্ত রাজগণের সহিত মিলিত হইলেন এবং দুঃশাসনকে অগ্রবর্ত্তী করিলেন ॥১৫॥

ইহাদিগকে এবং প্রধান অশ্বারোহিগণকে দুর্য্যোধন প্রেরণ করিলেন। তখন এই চৌদ্দ হাজার যোদ্ধা যাইয়া শকুনিকে পরিবেষ্টন করিল ॥১৬॥

(১৩)···বালৈর্গোপায়নৈর্বৃতঃ—রা নি।

পাণ্ডবাঃ সহিতাঃ সর্বে ধৃষ্টদ্যুম্নপুরোগমাঃ।
তাবকান্ সমরে জঘ্নুর্ধর্ম্মপুত্রেণ চোদিতাঃ ॥১৮॥
রথিভির্বারণৈরশ্বৈঃ পাদাতৈশ্চ সমীরিতম্।
ঘোরমায়োধনে জজ্ঞে মহাভ্রসদৃশং রজঃ ॥১৯॥
তোমরপ্রাসনারাচগজাশ্বরথযোধিনাম্।
বলেন মহতা ভীষ্মঃ সমসজ্জৎ কিরীটিনা ॥২০॥
আবন্ত্যঃ কাশিরাজেন ভীমসেনেন সৈন্ধবঃ।
অজাতশত্রুর্মদ্রাণামৃষভেণ যশস্বিনা ॥২১॥
সহপুত্রঃ সহামাত্যঃ শল্যেন সমসজ্জত।
বিকর্ণঃ সহদেবেন চিত্রসেনঃ শিখণ্ডিনা ॥২২॥ (যুগ্মকম্)
মৎস্যা দুর্য্যোধনং জগ্মুঃ শকুনিঞ্চ বিশাংপতে!।
দ্রুপদশ্চেকিতানশ্চ সাত্যকিশ্চ মহারথঃ ॥২৩॥

ভারতকৌমুদী

পাণ্ডবা ইতি। ধর্ম্মপুত্রেণ যুধিষ্ঠিরেণ, চোদিতাঃ প্রণোদিতাঃ ॥১৮॥

রথিভিরিতি। সমীরিতমুত্তোলিতম্। আয়োধনে রণাঙ্গনে, মহাভ্রং মহামেঘঃ ॥১৯॥

তোমরেতি। বলেন সৈন্যেন সহ। সমসজ্জৎ মিলিতোঽভবৎ ॥২০॥

আবন্ত্য ইতি। আবন্ত্যঃ অবন্তিরাজো বিন্দঃ। সৈন্ধবঃ সিন্ধুরাজো জয়দ্রথঃ। অজাতশত্রুর্যুধিষ্ঠিরঃ, ঋষভেণ শ্রেষ্ঠেন। সমসজ্জত যুদ্ধে সম্মিলিতোঽভবৎ ॥২১—২২॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর আপনার পক্ষের সেই যোদ্ধারা সকলে মিলিত হইয়া রথ ও বাহনগুলিকে বিভক্ত করিয়া যুদ্ধে অর্জুনকে আঘাত করিতে লাগিল ॥১৭॥

আবার যুধিষ্ঠিরের আদেশক্রমে পাণ্ডবেরা সকলেও মিলিত হইয়া ধৃষ্টদ্যুম্নকে অগ্রবর্ত্তী করিয়া যুদ্ধে আপনার যোদ্ধৃগণকে প্রহার করিতে থাকিলেন ॥১৮॥

এই সময়ে রথী, পদাতি, হস্তী ও অশ্বের চরণসংঘর্ষে সমরাঙ্গনে মহামেঘতুল্য ভয়ঙ্কর ধূলিজাল উত্থিত হইল ॥১৯॥

ক্রমে তোমর, প্রাস, নারাচ, হস্তী, অশ্ব ও রথযোধীদিগের বিশাল সৈন্যের সহিত যাইয়া ভীষ্ম অর্জুনের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥২০॥

পরে অবন্তিরাজ কাশীরাজের সহিত, জয়দ্রথ ভীমের সহিত, পুত্র ও অমাত্যবর্গযুক্ত যুধিষ্ঠির যশস্বী মদ্ররাজ শল্যের সহিত, বিকর্ণ সহদেবের সহিত এবং চিত্রসেন শিখণ্ডীর সহিত যুদ্ধে মিলিত হইলেন ॥২১—২২॥

(১৯)···ঘোরমায়োধনং চক্রে···রা নি।

CENTRAL LIBRARY

দ্রোণেন সমসজ্জন্ত সপুত্রেণ মহাত্মনা।
কৃপশ্চ কৃতবর্ম্মা চ ধৃষ্টদ্যুম্নমভিদ্রুতৌ ॥২৪॥ (যুগ্মকম্)
এবং প্রব্রাজিতাশ্বানি ভ্রান্তনাগরথানি চ।
সৈন্যানি সমসজ্জন্ত প্রযুদ্ধানি সমন্ততঃ ॥২৫॥
নিরভ্রে বিদ্যুতস্তীব্রা দিশশ্চ রজসা বৃতাঃ।
প্রাদুরাসন্ মহোল্কাশ্চ সনির্ঘাতা বিশাংপতে! ॥২৬॥
প্রাদুর্ভূতো মহাবাতঃ পাংশুবর্ষং পপাত চ।
নভস্যন্তর্দধে সূর্য্যঃ সৈন্যেন রজসা বৃতঃ ॥২৭॥
প্রমোহঃ সর্বভূতানামতীব সমপদ্যত।
রজসা চাভিভূতানামস্ত্রজালৈশ্চ তুদ্যতাম্ ॥২৮॥

ভারতকৌমুদী

মৎস্যা ইতি। মৎস্যা মৎস্যদেশীয়াঃ। সপুত্রেণ অশ্বত্থামসহিতেন ॥২৩—২৪॥

এবমিতি। প্রব্রাজিতাঃ সঞ্চালিতা অশ্বা যৈস্তানি, ভ্রান্তা ইতস্ততশ্চলিতা নাগা হস্তিনো রথাশ্চ যেষাং তানি, প্রকৃষ্টং যুদ্ধং যেষাং তানি চ সৈন্যানি, সমন্ততো যুদ্ধে সমসজ্জন্ত ॥২৫॥

নিরভ্র ইতি। নিরভ্রে নির্মেঘে আকাশে। বাতাহতবাতপাতো নির্ঘাতঃ ॥২৬॥

প্রাদুরিতি। পাংশুবর্ষং ধূলিবৃষ্টিঃ। নভসি গগনে। সৈন্যেন সৈন্যোত্তোলিতেন ॥২৭॥

প্রমোহ ইতি। তুদ্যতাং তুদ্যমানানাং ব্যথ্যমানানাম্ ॥২৮॥

মৎস্যদেশীয় যোদ্ধারা দুর্য্যোধন ও শকুনির দিকে গমন করিল এবং দ্রুপদ, চেকিতান ও মহারথ সাত্যকি ইঁহারা মহাত্মা দ্রোণ ও অশ্বত্থামার সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন। আর কৃপাচার্য্য ও কৃতবর্ম্মা ধৃষ্টদ্যুম্নের দিকে ধাবিত হইলেন ॥২৩—২৪॥

এইভাবে মহাযোদ্ধা সৈন্যেরা অশ্বগুলিকে চালাইয়া দিয়া এবং হস্তী ও রথগুলিকে প্রেরণ করিয়া সকল দিকেই যুদ্ধে প্রবৃত্ত হইল ॥২৫॥

নরনাথ! এই সময়ে মেঘবিহীন আকাশে তীব্র বিদ্যুৎ প্রকাশ পাইতে লাগিল, সকল দিক্ ধূলিতে আবৃত হইল এবং নির্ঘাতের সহিত বিশাল উল্কা সকল পড়িতে থাকিল ॥২৬॥

মহাবায়ু আবির্ভূত হইল, ধূলিবৃষ্টি পড়িতে লাগিল এবং সূর্য্য সৈন্যোত্তোলিত ধূলিজালে আবৃত হইয়া আকাশে অন্তর্হিত হইলেন ॥২৭॥

(২৫) এবং প্রজবিতাশ্বানি···সমসজ্জন্ত বৃন্দানি তত্র তত্র সমন্ততঃ—পি,···সমসজ্জন্ত যুদ্ধানি তত্র তত্র সমন্ততঃ—বা, এবং প্রব্রজিতাশ্বানি···রা নি।

বীরবাহুবিসৃষ্টানাং সর্বাবরণভেদিনাম্।
সংঘাতঃ শরজালানাং তুমুলঃ সমপদ্যত ॥২৯॥
প্রকাশং চক্রুরাকাশমুদ্যতানি ভুজোত্তমৈঃ।
নক্ষত্রবিমলাভানি শস্ত্রানি ভরতর্ষভ! ॥৩০॥
আর্ষভাণি বিচিত্রাণি রুক্মজালাবৃতানি চ।
সংপেতুর্দিক্ষু সর্বাসু চর্ম্মাণি ভরতর্ষভ! ॥৩১॥
সূর্য্যবর্ণৈশ্চ নিস্ত্রিংশৈঃ পাত্যমানানি সর্বশঃ।
দিক্ষু সর্বাস্বদৃশ্যন্ত শরীরাণি শিরাংসি চ ॥৩২॥
ভগ্নচক্রাক্ষনীড়াশ্চ নিপাতিতমহাধ্বজাঃ।
হতাশ্বাঃ পৃথিবীং জগ্মুস্তত্র তত্র মহারথাঃ ॥৩৩॥
পরিপেতুর্হয়াশ্চাত্র কেচিচ্ছস্ত্রকৃতব্রণাঃ।
রথান্ বিপরিকর্ষন্তো হতেষু রথযোধিষু ॥৩৪॥

ভারতকৌমুদী

বীরেতি। বীরবাহুভির্বিসৃষ্টানাং নিক্ষিপ্তানাম্। সংঘাতঃ সমূহঃ ॥২৯॥
প্রকাশমিতি। নক্ষত্রাণামিব বিমলা আভা যেষাং তানি ॥৩০॥
আর্ষভাণীতি। ঋষভাণাং বৃষাণামিমানীতি আর্ষভাণি। রুক্মজালং স্বর্ণসমূহঃ ॥৩১॥
সূর্য্যেতি। নিস্ত্রিংশৈরসিভিঃ, পাত্যমানানি ছিত্ত্বা ছিত্ত্বেতি শেষঃ ॥৩২॥
ভগ্নেতি। অক্ষনীড়ৌ রথাবয়ববিশেষৌ। পৃথিবীং ভূতলম, মহারথা যোদ্ধারঃ ॥৩৩॥

এবং ধূলিজালে সমাক্রান্ত ও অস্ত্রসমূহে নিপীড়িত তত্রত্য সকল প্রাণীরই গুরুতর মোহ উপস্থিত হইল ॥২৮॥

বীরবাহুনিক্ষিপ্ত সর্ব্বাবরণভেদী বাণসমূহ তুমুলভাবে পড়িতে লাগিল ॥২৯॥

ভরতশ্রেষ্ঠ! নক্ষত্রের ন্যায় নির্ম্মল দীপ্তিযুক্ত ও বীরবাহুকর্ত্তৃক উত্তোলিত অস্ত্র সকল আকাশটাকে আলোকিত করিতে থাকিল ॥৩০॥

ভরতবংশশ্রেষ্ঠ! স্বর্ণতারাসমন্বিত বৃষচর্ম্মনির্ম্মিত বিচিত্র চর্ম্ম-(ঢাল) সমূহ সকল দিকে পতিত হইতে থাকিল ॥৩১॥

সমরাঙ্গনের সকল দিকেই সূর্য্যের ন্যায় উজ্জ্বল তরবারিদ্বারা যোদ্ধাদের শরীর ও মস্তক সকল নিপাতিত করিতে দেখা গেল ॥৩২॥

রথগুলির চক্র, অক্ষ ও নীড় ভগ্ন হইলে, বিশাল ধ্বজ পড়িয়া গেলে এবং অশ্বগুলি নিহত হইলে, অগত্যা মহারথীরা সেই সেই স্থানে ভূতলেই অবস্থান করিতে লাগিলেন ॥৩৩॥

(২৯)…সংহ্লাদঃ…অতীব সমপদ্যত—পি বা।

শরাহতা ভিন্নদেহা বদ্ধযোক্ত্রা হয়োত্তমাঃ।
যুগানি পর্য্যকর্ষন্ত তত্র তত্র হি ভারত! ॥৩৫॥
অদৃশ্যন্ত সসূতাশ্চ সাশ্বাঃ সরথযোধিনঃ।
একেন বলিনা রাজন্! বারণেন হতা রণে ॥৩৬॥
গন্ধহস্তিমদস্রাবমাঘ্রায় বহবো রণে।
সন্নিপাতে বলৌঘানাং গজৈর্মমৃদিরে গজাঃ ॥৩৭॥
সতোমরৈর্মহামাত্রৈর্নিপতদ্ভির্গতাসুভিঃ।
বভূবায়োধনং ছন্নং নারাচাভিহতৈর্গজৈঃ ॥৩৮॥

ভারতকৌমুদী

পরীতি। হয়া অশ্বাঃ, শস্ত্রক্ষতব্রণাঃ শস্ত্রাঘাতেনাতীবক্ষতাঃ ॥৩৪॥
শরেতি। বদ্ধানি যোক্ত্রাণি মুখরজ্জবো যেষু তে। যুগানি রথদারুবিশেষান্ ॥৩৫॥
অদৃশ্যন্তেতি। রথা ইতি শেষঃ। বারণেন হস্তিনা ॥৩৬॥
গন্ধেতি। সন্নিপাতে সংঘর্ষে। মমৃদিরে মর্দ্দিতাঃ ॥৩৭॥
সতোমরৈরিতি। মহামাত্রৈর্হস্তিপকৈঃ, গতাসুভির্মৃতৈঃ। আয়োধনং রণাঙ্গনম্ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

দৃষ্টেতি ॥১—৬॥ স্তনয়িত্নুর্গর্জ্জিতম্ ॥৭—৩৬॥ বীতমাদদিরে মৃদুন্তো নির্বীর্য্যমপি গজং জগৃহুঃ, মত্তগজবুদ্ধ্যেতি ভাবঃ। "বীতমসারগজে" ইতি মেদিনী ॥৩৭—৪৪॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭০॥

রথীরা নিহত এবং অস্ত্রদ্বারা শরীর ক্ষতবিক্ষত হইলে অশ্ব সকল রথগুলিকে কিছু দূর লইয়া গিয়া পড়িয়া যাইতে থাকিল ॥৩৪॥

ভরতনন্দন! বাণে আহত, বিদীর্ণদেহ ও বদ্ধমুখরজ্জু উত্তম অশ্বগুলি ভিন্ন ভিন্ন স্থানে যুগকাষ্ঠগুলি আকর্ষণ করিয়া লইয়া যাইতে লাগিল ॥৩৫॥

রাজা! একটা বলবান্ হস্তীই—রথী, সারথি ও অশ্বগণের সহিত বহুতর রথকে বিধ্বস্ত করিল, দেখা গেল ॥৩৬॥

সৈন্যগণের সংঘর্ষ হইতে লাগিলে, বিশাল হস্তী সকল গন্ধহস্তীর মদগন্ধ পাইয়া যুদ্ধে বহুতর হস্তীকে মর্দ্দন করিতে লাগিল ॥৩৭॥

মৃত ও নিপতিত তোমরধারী হস্তিপকগণের দেহে এবং নারাচাহত হস্তিগণের শরীরে সমরাঙ্গন আচ্ছন্ন হইয়া গেল ॥৩৮॥

(৩৫)…তত্র তত্র স্ম ভারত!—রা নি। (৩৬)…বারণেন বিমর্দ্দিতাঃ—রা নি। (৩৭)…বাতমাদদিরে গজাঃ—পি বা,…বীতমাদদিরে গজাঃ—রা। (৩৮) সাধারণমহামাত্রৈঃ…পি, সতোরণমহামাত্রৈঃ…বা।

সন্নিপাতে বলৌঘানাং প্রেষিতৈর্বরবারণৈঃ।
নিপেতুর্যুধি সংভগ্নাঃ সযোধাঃ সধ্বজা গজাঃ ॥৩৯॥
নাগরাজোপমৈর্হস্তৈর্নাগৈরাক্ষিপ্য সংযুগে।
ব্যদৃশ্যন্ত মহারাজ! সংভগ্না রথকূবরাঃ ॥৪০॥
বিশীর্ণরথসংঘাশ্চ কেশেষ্বাক্ষিপ্য দন্তিভিঃ।
দ্রুমশাখা ইবাবিধ্য নিষ্পিষ্টা রথিনো রণে ॥৪১॥
রথেষু চ রথান্ যুদ্ধে সংসক্তান্ বরবারণাঃ।
বিকর্ষন্তো দিশঃ সর্বাঃ সংপেতুঃ সর্বশব্দগাঃ ॥৪২॥
তেষাং তথা কর্ষতাস্তু গজানাং রূপমাবভৌ।
সরঃস্থ নলিনীজালং বিষক্তমিব কর্ষতাম্ ॥৪৩॥

ভারতকৌমুদী

সন্নিপাত ইতি। প্রেষিতৈরারোহিভিঃ সঞ্চালিতৈঃ, বরবারণৈর্মহাহস্তিভিঃ ।৩৯॥

নাগেতি। নাগরাজোপমৈর্বৃহৎসর্পতুল্যৈঃ, হস্তৈঃ শুণ্ডাভিঃ করণৈঃ, নাগৈর্হস্তিভিঃ কর্ত্তৃভিঃ, আক্ষিপ্য আকৃষ্য। রথানাং কূবরা দারুবিশেষাঃ ।৪০॥

বিশীর্ণেতি। রণে দন্তিভিঃ, বিশীর্ণা ভগ্না রথসংঘা যেষাং তে তাদৃশা রথিনঃ, কেশেষু আক্ষিপ্য আকৃষ্য, দ্রুমশাখা ইব, আবিধ্য পদতলে নিপাত্য নিষ্পিষ্টাঃ ।৪১॥

রথেষ্বিতি। সংপেতুর্জগ্মুঃ, সর্বান্ শব্দান্ গচ্ছন্তি অনুসরন্তীতি তে ।৪২॥

সৈন্যগণের সংঘর্ষ চলিতে লাগিলে, আরোহীরা বিশাল হস্তীগুলিকে চালাইয়া দিতে লাগিল, তখন সেগুলি যাইয়া যুদ্ধে অপর হস্তীগুলিকে দারুণ আঘাত করিতে থাকিল, তাহাতে সেগুলি আরোহিগণ ও ধ্বজসমূহের সহিত পতিত হইতে লাগিল ॥৩৯॥

মহারাজ! ক্রমে দেখা গেল—হস্তী সকল বৃহৎসর্পতুল্য শুণ্ডদ্বারা আকর্ষণ করিয়া রথকূবর (রথের কাষ্ঠবিশেষ) সকল ভগ্ন করিতেছে ॥৪০॥

অনেক হস্তী রথসমূহ ভগ্ন করিয়া রথিগণের কেশাকর্ষণপূর্ব্বক তাহাদিগকে বৃক্ষশাখার ন্যায় পদতলে ফেলিয়া নিষ্পেষণ করিতে লাগিল ॥৪১॥

বিশাল হস্তী সকল রথসংলগ্ন অপর রথগুলিকে আকর্ষণ করতঃ সকল শব্দ অনুসারে সকল দিকে বিচরণ করিতে থাকিল ॥৪২॥

সেই হস্তীগুলি যখন সেইভাবে রথগুলিকে আকর্ষণ করিতে লাগিল, তখন সরোবরের পদ্মলতাসমূহ আকর্ষণকারী হস্তিসমূহের ন্যায় সেগুলির রূপ প্রকাশ পাইতে লাগিল ॥৪৩॥

(৩৯)···চোদিতৈর্বরবারণৈঃ···পি বা। (৪০)···সংভগ্নরথকূবরাঃ—পি।

এবং সংছাদিতং তত্র বভূবায়োধনং মহৎ।
সাদিভিশ্চ পদাতৈশ্চ সধ্বজৈশ্চ মহারথৈঃ ॥৪৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে পঞ্চমদিবসযুদ্ধে সঙ্কুলযুদ্ধে সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

একসপ্ততিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

শিখণ্ডী সহ মৎস্যেন বিরাটেন বিশাংপতে!।
ভীষ্মমাশু মহেষ্বাসমাসসাদ সুদুর্জ্জয়ম্ ॥১॥
দ্রোণং কৃপং বিকর্ণঞ্চ মহেষ্বাসং মহাবলম্।
রাজ্ঞশ্চান্যান্ রণে শূরান্ বহূনার্চ্ছদ্ধনঞ্জয়ঃ ॥২॥
সৈন্ধবঞ্চ মহেষ্বাসং সামাত্যং সহ বন্ধুভিঃ।
প্রাচ্যাংশ্চ দাক্ষিণাত্যাংশ্চ ভূমিপান্ ভূমিপর্ষভ! ॥৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তেষামিতি। তথা রথান্ কর্ষতাম্। নলিনীজালং পদ্মলতাসমূহম্, বিষক্তং শুণ্ডালগ্নম্ ॥৪৩॥
এবমিতি। আয়োধনং সমরাঙ্গনম্। সাদিভিরশ্বারোহিভিঃ ॥৪৪॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

(::)

ইত্থং সাধারণযুদ্ধমুক্ত্বা বিশেষযুদ্ধমাহ শিখণ্ডীতি। মহেষ্বাসং মহাধনুর্দ্ধরম্ ॥১॥
দ্রোণমিতি। আর্চ্ছৎ অপীড়য়ৎ। সৈন্ধবং সিন্ধুরাজং জয়দ্রথম্ ॥২—৩॥

এইভাবে তখন সেই বিশাল সমরাঙ্গন—অশ্বারোহী, পদাতি ও ধ্বজযুক্ত বিশাল রথসমূহে আচ্ছাদিত হইয়া গেল' ॥৪৪॥

সঞ্জয় বলিলেন—'নরনাথ! শিখণ্ডী, মৎস্যরাজ বিরাটের সহিত মিলিত হইয়া সত্বর মহাধনুর্দ্ধর ও অতিদুর্জ্জয় ভীষ্মের নিকট উপস্থিত হইলেন ॥১॥

রাজশ্রেষ্ঠ! মহাধনুর্দ্ধর ও মহাবল দ্রোণ, কৃপ, বিকর্ণ, অন্য বহুতর বীর

* '...একসপ্ততিতমোঽধ্যায়ঃ' বা ব রা নি। (২)...মহেষ্বাসান্ মহাবলান্...পি বা।

পুত্রঞ্চ তে মহেষ্বাসং দুর্য্যোধনমমর্ষণম্।
দুঃসহঞ্চৈব সমরে ভীমসেনোঽভ্যবর্ত্তত ॥৪॥
সহদেবস্তু শকুনিমুলূকঞ্চ মহারথম্।
পিতাপুত্রৌ মহেষ্বাসাবভ্যবর্ত্তত দুর্জ্জয়ৌ ॥৫॥
যুধিষ্ঠিরো মহারাজ! গজানীকং মহারথঃ।
সমবর্ত্তত সংগ্রামে পুত্রেণ নিকৃতস্তব ॥৬॥
মাদ্রীপুত্রস্তু নকুলঃ শূরসংক্রন্দনো যুধি।
ত্রিগর্ত্তানাং বলৈঃ সার্দ্ধং সমসজ্জত পাণ্ডবঃ ॥৭॥
অভ্যবর্ত্তন্ত দুর্দ্ধর্ষান্ সমরে শাল্বকেকয়ান্।
সাত্যকিশ্চেকিতানশ্চ সৌভদ্রশ্চ মহাবলঃ ॥৮॥

ভারতকৌমুদী

পুত্রমিতি। দুঃসহঞ্চৈব তে পুত্রমিতি সম্বন্ধঃ ॥৪॥
সহেতি। পিতাপুত্রৌ শকুন্যুলূকাবেব ॥৫॥
যুধীতি। গজানীকমাদায়েতি শেষঃ। নিকৃতঃ প্রতারিতঃ ॥৬॥
মাদ্রীতি। শূরসংক্রন্দনো বীরেন্দ্রঃ, "সংক্রন্দনো দুশ্চ্যবনঃ" ইত্যমরঃ ॥৭॥
অভীতি। অভ্যবর্ত্তন্ত এতে ত্রয়োঽভ্যধাবন্। সৌভদ্রঃ অভিমন্যুঃ ॥৮॥

রাজা, মন্ত্রী ও বন্ধুবর্গের সহিত জয়দ্রথ এবং পূর্ব্ব ও দক্ষিণদেশীয় অনেক রাজাকে যুদ্ধে এক অর্জ্জুনই পীড়ন করিতে লাগিলেন ॥২—৩॥

মহাধনুর্দ্ধর ও অসহিষ্ণু আপনার পুত্র দুর্য্যোধন ও দুঃসহের দিকে ভীমসেন ধাবিত হইলেন ॥৪॥

মহারথ, মহাধনুর্দ্ধর ও দুর্জ্জয় শকুনি এবং উলূক এই দুই পিতা-পুত্রের দিকে সহদেব চলিলেন ॥৫॥

মহারাজ! আপনার পুত্রকর্ত্তৃক প্রতারিত মহারথ যুধিষ্ঠির হস্তিসৈন্য লইয়া যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥৬॥

বীরশ্রেষ্ঠ মাদ্রীপুত্র নকুল ত্রিগর্ত্তদেশীয় সৈন্যগণের সহিত যুদ্ধে মিলিত হইলেন ॥৭॥

সাত্যকি, চেকিতান এবং মহাবল অভিমন্যু ইঁহারা তিন জন যুদ্ধে শাল্ব ও কেকয়দেশীয় বীরগণের দিকে ধাবিত হইলেন ॥৮॥

(৭)···ত্রিগর্ত্তানাং রথোদারৈঃ···পি বা। (৮)··· দুর্দ্ধর্ষাঃ···বা,···সৌভদ্রশ্চ মহারথঃ—রা নি।

CENTRAL LIBRARY

ধৃষ্টকেতুশ্চ সমরে রাক্ষসশ্চ ঘটোৎকচঃ।
পুত্রাণাং তে রথানীকং প্রত্যুদ্যযতুরাহবে ॥৯॥
সেনাপতিরমেয়াত্মা ধৃষ্টদ্যুম্নো মহারথঃ।
দ্রোণেন সমরে রাজন্! সমিয়ায়োগ্রকর্ম্মণা ॥১০॥
এবমেতে মহেষ্বাসাস্তাবকাঃ পাণ্ডবৈঃ সহ।
সমেত্য সমরে শূরাঃ সম্প্রহারং প্রচক্রিরে ॥১১॥
মধ্যন্দিনগতে সূর্য্যে নভস্যাকুলতাং গতে।
কুরবঃ পাণ্ডবেয়াশ্চ নিজঘ্নুরিতরেতরম্ ॥১২॥
ধ্বজিনো হেমচিত্রাঙ্গা বিচরন্তো রণাজিরে।
সপতাকা রথা রেজুর্বৈয়াঘ্রপরিবারণাঃ ॥১৩॥
সমেতানাঞ্চ সমরে জিগীষূণাং পরস্পরম্।
বভূব তুমুলঃ শব্দঃ সিংহানামিব গর্জতাম্ ॥১৪॥

ভারতকৌমুদী

ধৃষ্টেতি। আহূয়ন্তে যোদ্ধারঃ অস্মিন্নিত্যাহবস্তাদৃশে সমরে ॥৯॥
সেনেতি। অমেয়াত্মা অজ্ঞেয়শক্তিঃ। সমিয়ায় সম্মিলিতো বভূব ॥১০॥
এবমিতি। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ। সমেত্য মিলিত্বা। সম্প্রহারং যুদ্ধম্ ॥১১॥
মধ্যন্দিনেতি। নভসি আকাশে, আকুলতাং গতে অস্ত্রৈরাচ্ছন্নতাং প্রাপ্তে ॥১২॥
ধ্বজিন ইতি। বৈয়াঘ্রাণি ব্যাঘ্রচর্ম্মাণি পরিবারণানি পরিত আবরণানি যেষাং তে ॥১৩॥

চেদিরাজ ধৃষ্টকেতু ও রাক্ষস ঘটোৎকচ ইহারা দুই জন যুদ্ধে আপনার পুত্রগণের রথী সৈন্যের প্রতি গমন করিলেন ॥৯॥

রাজা! অজ্ঞেয়শক্তি ও মহারথ সেনাপতি ধৃষ্টদ্যুম্ন যুদ্ধে ভয়ঙ্করকর্ম্মা দ্রোণের সহিত মিলিত হইলেন ॥১০॥

এই নিয়মে আপনার পক্ষীয় এই মহাধনুর্দ্ধর বীরগণ পাণ্ডবগণের সহিত মিলিত হইয়া সমরাঙ্গনে যুদ্ধ করিতে লাগিলেন ॥১১॥

সূর্য্য মধ্যাহ্নকালে উপস্থিত হইলে এবং আকাশ অস্ত্রশস্ত্রে আকুল হইয়া উঠিলে, কুরুপক্ষীয় ও পাণ্ডবপক্ষীয় বীরেরা পরস্পর নিহত করিতে থাকিলেন ॥১২॥

ধ্বজ ও পতাকাযুক্ত, স্বর্ণবিচিত্র এবং ব্যাঘ্রচর্ম্মে পরিবেষ্টিত রথ সকল সমরাঙ্গনে বিচরণ করিতে থাকিয়া শোভা পাইতে লাগিল ॥১৩॥

(৯)…প্রত্যুদ্যাতাঃ· সুদুর্জ্জয়াঃ—রা নি। (১০)…ধৃষ্টদ্যুম্নো মহাবলঃ…রা নি।

তত্রাদ্ভুতমপশ্যাম সংপ্রহারং সুদারুণম্।
যদকুর্বন্ রণে শূরাঃ সৃঞ্জয়াঃ কুরুভিঃ সহ ॥১৫॥
নৈব খং ন দিশো রাজন্! ন সূর্য্যং শত্রুতাপন।।
বিদিশো বাপ্যপশ্যাম শরৈর্মুক্তৈঃ সমন্ততঃ ॥১৬॥
শক্তীনাং বিমলাগ্রাণাং তোমরাণাং তথাস্যতাম্।
নিস্ত্রিংশানাঞ্চ পীতানাং নীলোৎপলনিভাঃ প্রভাঃ ॥১৭॥
কবচানাং বিচিত্রাণাং ভূষণানাং প্রভাস্তথা।
খং দিশঃ প্রদিশশ্চৈব ভাসয়ামাসুরোজসা ॥১৮॥ (যুগ্মকম্)
বপুর্ভিশ্চ নরেন্দ্রাণাং চন্দ্রসূর্য্যসমপ্রভৈঃ।
বিররাজ তদা রাজন্! তত্র তত্র রণাঙ্গনম্ ॥১৯॥

ভারতকৌমুদী

সমিতি। সমেতানাং সম্মিলিতানাম্, জিগীষূণাং জেতুমিচ্ছূনাম্ ॥১৪॥

তত্রেতি। সম্প্রহারং যুদ্ধম্। সৃঞ্জয়াস্তদ্বংশীয়াঃ ॥১৫॥

তদদ্ভুতত্বমেব সমর্থয়তি নেতি। খমাকাশম্। বিদিশো দিগন্তরালানি ॥১৬॥

শক্তীনামিতি। অস্যতাম্ অস্যমানানাং ক্ষিপ্যমাণানামিতি যাবৎ। নিস্ত্রিংশানামসীনাম্, পীতানাং প্রাক্পীতরক্তানাম্। প্রদিশো বিদিশঃ, ওজসা তেজসা ॥১৭—১৮॥

ভারতভাবদীপঃ

শিখণ্ডীতি ॥১—৬॥ শূরসংক্রন্দনঃ শূরাণাং রোদকঃ শূরেন্দ্রো বা ॥৭—১৭॥ ওজসা স্বপ্রভাবেণ ॥১৮—৩৫॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭১॥

ক্রমে গর্জনকারী সিংহগণের ন্যায় সমরে সম্মিলিত পরস্পর জিগীষু বীরগণের তুমুল কোলাহল হইতে থাকিল ॥১৪॥

তখন বীর সৃঞ্জয়গণ সমরাঙ্গনে কৌরবগণের সহিত যে অদ্ভুত ও সুদারুণ যুদ্ধ করিতে লাগিলেন, তাহা আমরা দেখিতে থাকিলাম ॥১৫॥

শত্রুতাপন রাজা! সকল দিকেই বাণসমূহ নিক্ষিপ্ত হইতে থাকায় সূর্য্য, আকাশ, দিক্ ও বিদিক্ ইহার কিছুই আমরা দেখিতে পাইলাম না ॥১৬॥

বীরগণের নিক্ষিপ্ত নির্ম্মলমুখ শক্তি ও তোমরের এবং পীতরক্ত তরবারির নীলোৎপলতুল্য প্রভা, আর কবচ ও বিচিত্র অলঙ্কারসমূহের জ্যোতি আপন আপন কিরণে আকাশ, দিক্ ও বিদিক্ আলোকিত করিতে লাগিল ॥১৭—১৮॥

---

(১৬)···বিদিশো বাপি পশ্যামঃ···রা নি।

রথসিংহা নরব্যাঘ্রাঃ সমায়ান্তশ্চ সংযুগে।
বিরেজুঃ সমরে রাজন্! গ্রহা ইব নভস্তলে ॥২০॥
ভীষ্মস্তু রথিনাং শ্রেষ্ঠো ভীমসেনং মহাবলম্।
অবারয়ত সংক্রুদ্ধঃ সর্বসৈন্যস্য পশ্যতঃ ॥২১॥
ততো ভীষ্মবিনির্ম্মুক্তা রুক্মপুঙ্খাঃ শিলাশিতাঃ।
অভ্যঘ্নন্ সমরে ভীমং তৈলধৌতাঃ সুতেজনাঃ ॥২২॥
তস্য শক্তিং মহাবেগাং ভীমসেনো মহাবলঃ।
ক্রুদ্ধাশীবিষসঙ্কাশাং প্রেষয়ামাস ভারত! ॥২৩॥
তামাপতন্তীং সহসা রুক্মদণ্ডাং দুরাসদাম্।
চিচ্ছেদ সমরে ভীষ্মঃ শরৈঃ সন্নতপর্বভিঃ ॥২৪॥

ভারতকৌমুদী

বপুর্ভিরিতি। "অঙ্গনং প্রাঙ্গনে যানে কামিন্যামঙ্গনা মতা" ইতি দম্ভাস্তে বিশ্বঃ ॥১৯॥
রথেতি। রথসিংহা রথিশ্রেষ্ঠাঃ, নরব্যাঘ্রা নরেষ্বপি প্রধানাঃ ॥২০॥
ভীষ্ম ইতি। পশ্যতঃ সর্ব্বসৈন্যস্য পশ্যন্তং সর্ব্বং সৈন্যমনাদৃত্যেত্যর্থঃ ॥২১॥
তত ইতি। রুক্মপুঙ্খাঃ স্বর্ণখচিতপুঙ্খদেশাঃ। সুতেজনা অত্যুজ্জ্বলাঃ ॥২২॥
তস্যেতি। তস্য ভীষ্মস্যোপরি। আশীবিষস্তীক্ষ্ণবিষো বৃহৎসর্পঃ ॥২৩॥
তামিতি। রুক্মদণ্ডাং স্বর্ণদণ্ডাম্। সন্নতপর্বভিঃ বক্রোপান্তদেশৈঃ ॥২৪॥

রাজা! চন্দ্র ও সূর্য্যের তুল্য উজ্জ্বল রাজগণের শরীরদ্বারা তখন নানা-স্থানের সমরভূমি শোভা পাইতে থাকিল ॥১৯॥

রথিশ্রেষ্ঠ প্রধান বীরেরা যুদ্ধে আসিতে থাকিয়া আকাশে গ্রহগণের ন্যায় সমরাঙ্গনে বিরাজ করিতে লাগিলেন ॥২০॥

ক্রমে রথিশ্রেষ্ঠ ভীষ্ম অত্যন্ত ক্রুদ্ধ হইয়া দর্শনকারী সমস্ত সৈন্যকে অগ্রাহ্য করিয়া মহাবল ভীমসেনকে বারণ করিলেন ॥২১॥

পরে ভীষ্মনিক্ষিপ্ত, স্বর্ণপুঙ্খ, শিলাশাণিত, তৈলপরিষ্কৃত ও উজ্জ্বল বাণসমূহ যাইয়া সমরাঙ্গনে ভীমসেনকে আহত করিতে থাকিল ॥২২॥

ভরতনন্দন! তখন মহাবল ভীমসেন ভীষ্মের উপরে ক্রুদ্ধবৃহৎসর্পতুল্য ও মহাবেগযুক্ত একটা শক্তি নিক্ষেপ করিলেন ॥২৩॥

স্বর্ণদণ্ড ও দুর্দ্ধর্ষ সেই শক্তিটা আসিতে লাগিলে, ভীষ্ম নতপর্ব্ব বহুতর বাণ-দ্বারা সত্বর সেটাকে ছেদন করিয়া ফেলিলেন ॥২৪॥

(২০)···রথসংঘাঃ···রা নি।

CENTRAL LIBRARY

ততোঽপরেণ ভল্লেন পীতেন নিশিতেন চ।
কার্ম্মুকং ভীমসেনস্য দ্বিধা চিচ্ছেদ ভারত! ॥২৫॥
অপাস্য তু ধনুশ্ছিন্নং ভীমসেনো মহাবলঃ।
শরৈর্বহুভিরানর্চ্ছ ভীষ্মং শান্তনবং যুধি ॥২৬॥
সাত্যকিস্তু ততস্তূর্ণং ভীষ্মমাসাদ্য সংযুগে।
আকর্ণপ্রহিতৈস্তীক্ষ্ণৈর্নিশিতৈস্তিগ্মতেজসম্।
শরৈর্বহুভিরানর্চ্ছৎ পিতরং তে জনেশ্বর! ॥২৭॥
ততঃ সন্ধায় বৈ তীক্ষ্ণং শরং পরমদারুণম্।
বার্ষ্ণেয়স্য রথাদ্ভীষ্মঃ পাতয়ামাস সারথিম্ ॥২৮॥
তস্যাশ্বাঃ প্রদ্রুতা রাজন্! নিহতে রথসারথৌ।
তেন তেনৈব ধাবন্তি মনোমারুতরংহসঃ ॥২৯॥
ততঃ সর্বস্য সৈন্যস্য নিস্বনস্তুমুলোঽভবৎ।
হাহাকারশ্চ সংজজ্ঞে পাণ্ডবানাং মহাত্মনাম্ ॥৩০॥

ভারতকৌমুদী

তত ইতি। পীতেন স্বর্ণখচিতত্বাৎ পীতবর্ণেন। চিচ্ছেদ ভীষ্ম ইত্যনুবৃত্তিঃ ॥২৫॥
অপাস্যেতি। অপাস্য বিহায়। আনর্চ্ছৎ অপীড়য়ৎ ॥২৬॥
সাত্যকিরিতি। আকর্ণপ্রহিতৈঃ আকর্ণাকৃষ্টধনুর্নিক্ষিপ্তৈঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৭॥
তত ইতি। বার্ষ্ণেয়স্য বৃষ্ণিবংশীয়স্য সাত্যকেঃ ॥২৮॥
তস্যেতি। তস্য সাত্যকেঃ, প্রদ্রুতা রণাঙ্গনাদপসৃতাঃ। রংহো বেগঃ ॥২৯॥

ভরতনন্দন! তাহার পর ভীষ্ম অন্য একটা পীতবর্ণ সুতীক্ষ্ণ ভল্লদ্বারা ভীমসেনের ধনুখানাকে দুই খণ্ডে ছেদন করিলেন ॥২৫॥

তখন মহাবল ভীমসেন সেই ছিন্ন ধনু ত্যাগ করিয়া (অন্য ধনু লইয়া) বহুতর বাণদ্বারা যুদ্ধে শান্তনুনন্দন ভীষ্মকে পীড়ন করিলেন ॥২৬॥

নরনাথ! তাহার পর সাত্যকি সত্বর ভীষ্মের সম্মুখে আসিয়া আকর্ণাকৃষ্ট কার্ম্মুকদ্বারা নিক্ষিপ্ত শিলাশাণিত তীক্ষ্ণ বহুতর বাণে তীক্ষ্ণতেজা ভীষ্মকে তাড়ন করিলেন ॥২৭॥

তদনন্তর ভীষ্ম তীক্ষ্ণ ও অত্যন্তভীষণ একটা বাণ সন্ধান করিয়া সাত্যকির রথ হইতে সারথিকে নিপাতিত করিলেন ॥২৮॥

রাজা! রথের সারথি নিহত হইলে, মন ও বায়ুর ন্যায় বেগগামী সাত্যকির অশ্বগুলি সে স্থান হইতে অপসৃত হইয়া ভিন্ন ভিন্ন পথে দৌড়াইতে লাগিল ॥২৯॥

(২৬) এষ শ্লোকঃ পি বা ব রা নাস্তি। (২৭)···তিগ্মতেজনৈঃ···রা নি।

CENTRAL LIBRARY

অভিদ্রবত গৃহ্ণীত হয়ান্ যচ্ছত ধাবত।
ইত্যাসীত্তুমুলঃ শব্দো যুযুধানরথং প্রতি ॥৩১॥
এতস্মিন্নেব কালে তু ভীষ্মঃ শান্তনবস্তদা।
অবধীৎ পাণ্ডবীং সেনামাসুরীমিব বৃত্রহা ॥৩২॥
তে বধ্যমানা ভীষ্মেণ পাঞ্চালাঃ সোমকৈঃ সহ।
স্থিরাং যুদ্ধে মতিং কৃত্বা ভীষ্মমেবাভিদুদ্রুবুঃ ॥৩৩॥
ধৃষ্টদ্যুম্নমুখাশ্চাপি পার্থাঃ শান্তনবং রণে।
অভ্যদ্রবন্ জিঘাংসন্তস্তব পুত্রস্য বাহিনীম্ ॥৩৪॥
তথৈব তাবকা রাজন্! ভীষ্মদ্রোণমুখাঃ পরান্।
অভ্যধাবন্ত বেগেন ততো যুদ্ধমবর্ত্তত ॥৩৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে পঞ্চমদিবসযুদ্ধে একসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। নিস্বনঃ কোলাহলঃ। হাহাকারশ্চ সাত্যকেবিনাশাশঙ্কয়া ॥৩০॥
অভীতি। গৃহ্ণীত সাত্যকিরথম্। যচ্ছত ধারয়ত। যুযুধানঃ সাত্যকিঃ ॥৩১॥
এতস্মিন্নিতি। আসুরীং সেনাম্, বৃত্রহা ইন্দ্র ইব ॥৩২॥
ত ইতি। অভিদুদ্রুবুঃ দ্রুতমভিজগ্মুঃ ॥৩৩॥
ধৃষ্টেতি। পার্থাঃ পাণ্ডবাঃ। জিঘাংসন্তো হন্তুমিচ্ছন্তঃ ॥৩৪॥

তাহার পর উভয় পক্ষের সমস্ত সৈন্যের মধ্যেই তুমুল কোলাহল হইতে লাগিল এবং মহাত্মা পাণ্ডবদের মধ্যে হাহাকার উঠিল ॥৩০॥

'দ্রুত গমন কর, ধর, অশ্বগুলিকে ধারণ কর এবং ধাবিত হও' সাত্যকির রথের প্রতি এইরূপ তুমুল শব্দ হইতে লাগিল ॥৩১॥

পূর্ব্বকালে ইন্দ্র যেমন অসুরসৈন্য বধ করিতেন, সেইরূপ শান্তনুনন্দন ভীষ্ম এই সময়েই পাণ্ডবসৈন্য বধ করিতে লাগিলেন ॥৩২॥

ভীষ্ম বধ করিতে লাগিলেও, সেই পাঞ্চালেরা সোমকগণের সহিত মিলিত হইয়া যুদ্ধেই স্থির বুদ্ধি করিয়া ভীষ্মের দিকেই ধাবিত হইল ॥৩৩॥

এবং পাণ্ডবেরাও যুদ্ধে আপনার পুত্রের সৈন্য বিনাশ করিবার ইচ্ছায় ধৃষ্টদ্যুম্নকে অগ্রবর্ত্তী করিয়া ভীষ্মের প্রতি ধাবিত হইলেন ॥৩৪॥

(৩১) অভ্যদ্রবত…রা নি। (৩২)…হনং পাণ্ডবীম্…রা নি। (৩৩)…আর্য্যাং যুদ্ধে মতিং কৃত্বা…পি বা। (৩৪)…অভ্যধাবন্ জিগীষন্তঃ…রা নি। (৩৫) তথৈব কৌরবা রাজন্! ভীষ্মদ্রোণপুরোগমাঃ…রা নি। * '…দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ' বা ব রা নি।

CENTRAL LIBRARY

দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

বিরাটোঽথ ত্রিভির্বাণৈর্ভীষ্মমার্চ্ছন্মহারথম্।
বিব্যাধ তুরগাংশ্চাস্য ত্রিভির্বাণৈর্মহারথঃ ॥১॥
তং প্রত্যবিধ্যদ্দশভির্ভীষ্মঃ শান্তনবঃ শরৈঃ।
রুক্মপুঙ্খৈর্মহেষ্বাসঃ কৃতহস্তো মহাবলঃ ॥২॥
দ্রৌণির্গাণ্ডীবধন্বানং ভীমধন্বা মহারথঃ।
অবিধ্যদিষুভিঃ ষড়্ভির্দৃঢ়হস্তঃ স্তনান্তরে ॥৩॥
কার্ম্মুকং তস্য চিচ্ছেদ ফাল্গুনঃ পরবীরহা।
অবিধ্যচ্চ ভৃশং তীক্ষ্ণৈঃ পত্রিভিঃ শত্রুকর্শনঃ ॥৪॥

ভারতকৌমুদী

তথেতি। তাবকাস্ত্বৎপক্ষীয়া যোদ্ধারঃ। পরান্ পাণ্ডবপক্ষীয়ান্ যোধান্ ॥৩৫॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে একসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

(::)

বিরাট ইতি। আর্চ্ছৎ অপীড়য়ৎ। অস্য ভীষ্মস্য, তুরগান্ রথাশ্বান্ ॥১॥
তমিতি। রুক্মপুঙ্খৈঃ স্বর্ণখচিতপ্রান্তৈঃ। কৃতহস্তঃ কৃতহস্তশিক্ষঃ ॥২॥
দ্রৌণিরিতি। দ্রৌণিরশ্বত্থামা, গাণ্ডীবধন্বানমর্জ্জুনম্। স্তনান্তরে বক্ষসি ॥৩॥

রাজা! সেইরূপই ভীষ্মদ্রোণপ্রভৃতি আপনার পক্ষীয় যোদ্ধারা বেগে বিপক্ষগণের দিকে ধাবিত হইলেন। তাহার পর যুদ্ধারম্ভ হইল' ॥৩৫॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তাহার পর মহারথ বিরাট তিনটা বাণদ্বারা প্রথমে ভীষ্মকে পীড়ন করিয়া পরে আবার তিনটা বাণদ্বারা তাঁহার অশ্বগুলিকে বিদ্ধ করিলেন ॥১॥

তখন মহাধনুর্দ্ধর, শিক্ষিতহস্ত ও মহাবল শান্তনুনন্দন ভীষ্ম স্বর্ণপুঙ্খ দশটা বাণদ্বারা বিরাটকে প্রতিবিদ্ধ করিলেন ॥২॥

এদিকে ভয়ঙ্করধনুর্দ্ধর, মহারথ ও দৃঢ়হস্ত অশ্বত্থামা ছয়টা বাণদ্বারা অর্জ্জুনের বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥৩॥

CENTRAL LIBRARY

সোঽন্যৎ কার্ম্মুকমাদায় বেগবৎ ক্রোধমূর্চ্ছিতঃ।
অমৃষ্যমাণঃ পার্থেন কার্ম্মুকচ্ছেদমাহবে ॥৫॥
অবিধ্যৎ ফাল্গুনং রাজন্! নবত্যা নিশিতৈঃ শরৈঃ।
বাসুদেবঞ্চ সপ্তত্যা বিব্যাধ পরমেষুভিঃ ॥৬॥ (যুগ্মকম্)
ততঃ ক্রোধাভিতাম্রাক্ষঃ কৃষ্ণেন সহ ফাল্গুনঃ।
দীর্ঘমুষ্ণঞ্চ নিশ্বস্য চিন্তয়িত্বা পুনঃ পুনঃ ॥৭॥
ধনুঃ প্রপীড্য বামেন করেণামিত্রকর্শনঃ।
গাণ্ডীবধন্বা সংক্রুদ্ধঃ শিতান্ সন্নতপর্বণঃ ॥৮॥
জীবিতান্তকরান্ ঘোরান্ সমাদত্ত শিলীমুখান্।
তৈস্তূর্ণং সমরেঽবিধ্যদ্দ্রৌণিং বলবতাং বরঃ ॥৯॥ (বিশেষকম্)
তস্য তে কবচং ভিত্ত্বা পপুঃ শোণিতমাহবে।
ন বিব্যথে চ নির্ভিন্নো দ্রৌণির্গাণ্ডীবধন্বনা ॥১০॥

ভারতকৌমুদী

কার্ম্মুকমিতি। ফাল্গুনঃ অর্জ্জুনঃ। পত্রিভির্বাণৈঃ, শত্রূণাং কর্শনো জেতা ॥৪॥

স ইতি। অমৃষ্যমাণঃ অসহমানঃ। পরমেষুভিরুত্তমবাণৈঃ ॥৫—৬॥

তত ইতি। কৃষ্ণসাহিত্যং ক্রোধাভিতাম্রাক্ষত্বে। প্রপীড্য দৃঢ়ং বিধৃত্য। সমাদত্ত অগৃহ্ণাৎ, শিলীমুখান্ বাণান্। দ্রৌণিম্ অশ্বত্থামানম্ ॥৭—৯॥

তস্যেতি। ন বিব্যথে, বলবত্ত্বেন সহিষ্ণুত্বাদিত্যাশয়ঃ ॥১০॥

পরে বিপক্ষবীরহন্তা ও শত্রুবিজয়ী অর্জ্জুন অশ্বত্থামার ধনু ছেদন করিলেন এবং অতিতীক্ষ্ণ অনেকবাণদ্বারা তাঁহাকে তাড়ন করিলেন ॥৪॥

রাজা! তখন অশ্বত্থামা যুদ্ধে অর্জ্জুনকর্ত্তৃক কার্ম্মুকচ্ছেদন সহ্য করিতে না পারিয়া ক্রোধে মূর্চ্ছিতপ্রায় হইয়া অন্য একখানা দৃঢ় ধনু লইয়া নব্বইটা তীক্ষ্ণ-বাণদ্বারা অর্জ্জুনকে এবং সত্তরটা উত্তম বাণদ্বারা কৃষ্ণকে বিদ্ধ করিলেন ॥৫—৬॥

পরে বলিশ্রেষ্ঠ, গাণ্ডীবধনুর্দ্ধর ও শত্রুবিজয়ী অর্জ্জুন কৃষ্ণের সহিত ক্রোধে আরক্তনয়ন হইয়া, দীর্ঘ ও উষ্ণ নিশ্বাস ত্যাগ করিয়া, বার বার ভাবিয়া, বাম-হস্তদ্বারা দৃঢ়ভাবে ধনু ধারণ করিয়া তীক্ষ্ণ, নতপর্ব, বিপক্ষের জীবননাশক ও ভীষণ কতকগুলি বাণ লইলেন এবং সেগুলিদ্বারা সত্বরই অশ্বত্থামাকে বিদ্ধ করিলেন ॥৭—৯॥

(৫)···বেগবান্ ক্রোধমূর্চ্ছিতঃ···রা নি। (৭) ততঃ ক্রোধাভিতাম্রাক্ষঃ···রা নি, ···চিন্তয়িত্বা মুহুর্মুহুঃ—পি বা। (৮)···সংপীড্য···কর্শনঃ···পি বা। (৯)···সমাধত্ত শিলী-মুখান্···পি বা। (১০)···ন বিব্যথে বিনির্ভিন্নঃ···পি বা।

তথৈব চ শরান্ পার্থে প্রতিমুঞ্চন্নবিহ্বলঃ।
তস্থৌ স সমরে রাজন্! ত্রাতুমিচ্ছন্ মহাব্রতম্ ॥১১॥
তস্য তৎ সুমহৎ কর্ম্ম শশংসুঃ কুরুসত্তমাঃ।
যৎ কৃষ্ণাভ্যাং সমেতাভ্যামভ্যাপতত সংযুগে ॥১২॥
স হি নিত্যমনীকেষু যুধ্যতেঽভয়মাস্থিতঃ।
অস্ত্রগ্রামং সসংহারং দ্রোণাৎ প্রাপ্য সুদুর্লভম্ ॥১৩॥
মমাচার্য্যসুতো হ্যেষ দ্রোণস্যাপি প্রিয়ঃ সুতঃ।
ব্রাহ্মণশ্চ বিশেষেণ মাননীয়ো ময়েতি চ ॥১৪॥
সমাস্থায় মতিং বীরো বীভৎসুঃ শত্রুতাপনঃ।
কৃপাং চক্রে রথশ্রেষ্ঠো ভারদ্বাজসুতং প্রতি ॥১৫॥

ভারতকৌমুদী

তথেতি। পার্থে অর্জ্জুনং প্রতি। ত্রাতুং রক্ষিতুম্, মহাব্রতং বীরনিয়মম্ ॥১১॥
তস্যেতি। কৃষ্ণাভ্যাং কৃষ্ণার্জ্জুনাভ্যাং সহ, সমেতাভ্যাং মিলিতাভ্যাম্ ॥১২॥
স ইতি। স দ্রৌণিঃ, অনীকেষু বিপক্ষসৈন্যেষু মধ্যে। সসংহারং সোপসংহারম্ ॥১৩॥
অর্জ্জুনালোচনামাহ মমেতি। এষঃ অশ্বত্থামা ॥১৪॥

সেই বাণগুলি যাইয়া অশ্বত্থামার কবচ ভেদ করিয়া তাঁহার রক্ত পান করিল। কিন্তু অশ্বত্থামা অর্জ্জুনকর্ত্তৃক সেইরূপ বিদীর্ণ হইয়াও যুদ্ধে ব্যথিত হইলেন না ॥১০॥

রাজা! বরং অশ্বত্থামা বীরের মহাব্রত রক্ষা করিবার ইচ্ছা করিয়া, বিহ্বল না হইয়া, অর্জ্জুনের প্রতি সেইরূপ বাণক্ষেপই করিতে থাকিয়া সমরাঙ্গনে অবস্থান করিতে লাগিলেন ॥১১॥

তখন কৌরবশ্রেষ্ঠেরা অশ্বত্থামার সেই গুরুতর কার্য্যের প্রশংসা করিলেন। যে হেতু তিনি, সম্মিলিত কৃষ্ণ ও অর্জ্জুনের সহিত যুদ্ধে মিলিত হইয়াছিলেন ॥১২॥

অশ্বত্থামা, পিতা দ্রোণের নিকট হইতে প্রয়োগ ও উপসংহারের সহিত অতিদুর্লভ অস্ত্রসমূহ লাভ করিয়া নির্ভয় হইয়া সর্বদাই বিপক্ষসৈন্যমধ্যে থাকিয়া যুদ্ধ করিতে পারেন (তাহাতেই তিনি তখন অর্জ্জুনের সহিতও সেইভাবে যুদ্ধ করিতে পারিয়াছিলেন) ॥১৩॥

'ইনি আমার গুরুপুত্র, তা'র পর গুরুদেব দ্রোণেরও প্রিয়তম পুত্র, বিশেষতঃ ব্রাহ্মণ। সুতরাং ইঁহার সম্মান রক্ষা করা আমার উচিত' ॥১৪॥

(১১)…শরান্ দ্রৌণিঃ…রা নি। (১৪) মমৈষ আচার্য্যসুতঃ…মমেতি চ—রা নি।

দ্রৌণিং ত্যক্ত্বা ততো যুদ্ধে কৌন্তেয়ঃ শ্বেতবাহনঃ।
যুযুধে তাবকান্ নিঘ্নংস্ত্বরমাণঃ পরাক্রমী ॥১৬॥
দুর্য্যোধনস্তু দশভির্গার্দ্ধ্রপত্রৈঃ শিলাশিতৈঃ।
ভীমসেনং মহেষ্বাসং রুক্মপুঙ্খৈঃ সমার্পয়ৎ ॥১৭॥
ভীমসেনস্তু সংক্রুদ্ধঃ পরাসুকরণং দৃঢ়ম্।
চিত্রং কার্ম্মুকমাদত্ত শরাংশ্চ নিশিতান্ দশ ॥১৮॥
আকর্ণপ্রহিতৈস্তৈস্তু বেগবদ্ভিরজিহ্মগৈঃ।
অবিধ্যত্তূর্ণমব্যগ্রঃ কুরুরাজং মহোরসি ॥১৯॥
তস্য কাঞ্চনসূত্রস্থঃ শরৈঃ পরিবৃতো মণিঃ।
ররাজোরসি খে সূর্য্যো গ্রহৈরিব সমাবৃতঃ ॥২০॥

ভারতকৌমুদী

সমিতি। সমাস্থায় অবলম্ব্য। বীভৎসুরর্জ্জুনঃ ॥১৫॥
দ্রৌণিমিতি। দ্রৌণিমশ্বত্থামানম্, ততঃ পূর্ব্বোক্তহেতোঃ, কৌন্তেয়োঽর্জ্জুনঃ ॥১৬॥
দুর্য্যোধন ইতি। গার্দ্ধ্রপত্রৈঃ গৃধ্রপক্ষযুক্তৈঃ শরৈঃ। সমার্পয়দপীড়য়ৎ ॥১৭॥
ভীমেতি। পরাসুকরণং শত্রোঃ পঞ্চত্বজনকম্। আদত্ত অগৃহ্ণাৎ ॥১৮॥
আকর্ণেতি। আকর্ণপ্রহিতৈঃ আকর্ণাকৃষ্টধনুর্নিক্ষিপ্তৈঃ। মহোরসি বিশালবক্ষসি ॥১৯॥
তস্যেতি। কাঞ্চনসূত্রস্থঃ স্বর্ণসূত্রগ্রথিতঃ। উরসি বক্ষসি, খে আকাশে ॥২০॥

মনে মনে এইরূপ ভবিয়া বীর, রথিশ্রেষ্ঠ ও শত্রুতাপন অর্জুন অশ্বত্থামার প্রতি দয়া করিলেন ॥১৫॥

সেই কারণে পরাক্রমশালী শ্বেতবাহন অর্জুন অশ্বত্থামাকে পরিত্যাগ করিয়া সত্বর আপনার পক্ষের অন্য যোদ্ধাদিগকে বিনাশ করিতে থাকিয়া যুদ্ধ করিতে লাগিলেন ॥১৬॥

দুর্য্যোধন শিলাশাণিত, গৃধ্রপক্ষযুক্ত ও স্বর্ণপুঙ্খ দশটা বাণদ্বারা মহাধনুর্দ্ধর ভীমসেনকে তাড়ন করিলেন ॥১৭॥

তাহাতে ভীমসেন অত্যন্তক্রুদ্ধ হইয়া শত্রুর মৃত্যুজনক, দৃঢ় ও বিচিত্র একখানা ধনু এবং দশটা সুতীক্ষ্ণ বাণ গ্রহণ করিলেন ॥১৮॥

এবং তিনি অনাকুল থাকিয়া কর্ণপর্য্যন্তাকৃষ্ট সেই কার্ম্মুকদ্বারা নিক্ষিপ্ত বেগবান্ সেই বাণসমূহে সত্বর দুর্য্যোধনের বিশাল বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥১৯॥

(১৮) ভীমসেনঃ সুসংক্রুদ্ধঃ…রা নি। (১৯) আকর্ণপ্রহিতৈস্তীক্ষ্ণৈঃ…রা নি। (২০) তস্য কাঞ্চনসূত্রস্থ…পি বা,…শরৈঃ সংচ্ছাদিতো মণিঃ…নি।

পুত্রস্তু তব তেজস্বী ভীমসেনেন তাড়িতঃ।
নামৃষ্যত যথা নাগস্তলশব্দং মদোৎকটঃ ॥২১॥
ততঃ শরৈর্মহারাজ! রুক্মপুঙ্খৈঃ শিলাশিতৈঃ।
ভীমং বিব্যাধ সংক্রুদ্ধস্ত্রাসয়ানো বরূথিনীম্ ॥২২॥
তৌ যুধ্যমানৌ সমরে ভৃশমন্যোন্যবিক্ষতৌ।
পুত্রৌ তে দেবসঙ্কাশৌ ব্যরোচেতাং মহাবলৌ ॥২৩॥
চিত্রসেনং নরব্যাঘ্রং সৌভদ্রঃ পরবীরহা।
অবিধ্যদ্দশভির্বাণৈঃ পুরুমিত্রঞ্চ সপ্তভিঃ ॥২৪॥
সত্যব্রতঞ্চ সপ্তত্যা বিদ্ধা শক্রসমো যুধি।
নৃত্যন্নিব রণে বীর আর্ত্তিং নঃ সমজীজনৎ ॥২৫॥

ভারতকৌমুদী

পুত্র ইতি। নামৃষ্যত নাসহত, নাগো হস্তী, তলশব্দং করতলধ্বনিম্ ॥২১॥
তত ইতি। ত্রাসয়ানস্ত্রাসয়মানঃ, বরূথিনীং পাণ্ডবসেনাম্ ॥২২॥
তাবিতি। পুত্রঃ পুত্রস্থানীয়ো ভীমশ্চ পুত্রো দুর্য্যোধনশ্চ তৌ পুত্রৌ ॥২৩॥
চিত্রেতি। সৌভদ্রোঽভিমন্যুঃ, পরবীরহা বিপক্ষবীরহন্তা ॥২৪॥
সত্যেতি। শক্রসমোঽভিমন্যুরেব। আর্ত্তিং মনঃপীড়াম্, নঃ অস্মাকম্ ॥২৫॥

তখন আকাশে গ্রহগণবেষ্টিত সূর্য্যের ন্যায় সেই বাণসমূহে পরিবেষ্টিত স্বর্ণসূত্রগ্রথিত মণিটী দুর্য্যোধনের বক্ষস্থলে শোভা পাইতে লাগিল ॥২০॥

মদমত্ত হস্তী যেমন করতলধ্বনি সহ্য করিতে পারে না, সেইরূপ আপনার তেজস্বী পুত্র দুর্য্যোধন ভীমসেনের তাড়ন সহ্য করিতে পারিলেন না ॥২১॥

অতএব মহারাজ! তিনি অত্যন্তক্রুদ্ধ হইয়া পাণ্ডবসৈন্যের ভয় উৎপাদন করিতে থাকিয়া স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত বহুতর বাণদ্বারা ভীমসেনকে বিদ্ধ করিলেন ॥২২॥

দেবতুল্যমূর্ত্তি ও মহাবল আপনার পুত্রস্থানীয় ভীমসেন এবং পুত্র দুর্য্যোধন ইঁহারা যুদ্ধ করিতে থাকিয়া পরস্পর অত্যন্ত ক্ষতবিক্ষতদেহ হইয়া শোভা পাইতে লাগিলেন ॥২৩॥

আবার বিপক্ষবীরহন্তা অভিমন্যু দশটা বাণদ্বারা নরশ্রেষ্ঠ চিত্রসেনকে এবং সাতটা বাণদ্বারা পুরুমিত্রকে বিদ্ধ করিলেন ॥২৪॥

এবং ইন্দ্রের তুল্য বীর অভিমন্যু সমরাঙ্গনে যেন নৃত্য করিতে থাকিয়া সত্তরটা বাণদ্বারা যুদ্ধে সত্যব্রতকে বিদ্ধ করিয়া আমাদের মনে পীড়া জন্মাইলেন ॥২৫॥

CENTRAL LIBRARY

তং প্রত্যবিধ্যদ্দশভিশ্চিত্রসেনঃ শিলীমুখৈঃ।
সত্যব্রতশ্চ নবভিঃ পুরুমিত্রশ্চ সপ্তভিঃ ॥২৬॥
স বিদ্ধো বিক্ষরন্ রক্তং শক্রসংবারণং মহৎ।
চিচ্ছেদ চিত্রসেনস্য চিত্রং কার্ম্মুকমার্জ্জুনিঃ ॥২৭॥
ভিত্ত্বা চাস্য তনুত্রাণং শরেণোরস্যতাড়য়ৎ।
ততস্তে তাবকা বীরা রাজপুত্রা মহারথাঃ ॥২৮॥
সমেত্য যুধি সংরব্ধা বিব্যধুর্নিশিতৈঃ শরৈঃ।
তাংশ্চ সর্বান্ শরৈস্তীক্ষ্ণৈর্জঘান পরমাস্ত্রবিৎ ॥২৯॥ (যুগ্মকম্)
তস্য দৃষ্ট্বা তু তৎ কর্ম্ম পরিবব্রুঃ সুতাস্তব।
দহন্তং সমরে সৈন্যং বনে কক্ষং যথোল্বণম্ ॥৩০॥
অপেতশিশিরে কালে সমিদ্ধমিব পাবকম্।
অত্যরোচত সৌভদ্রস্তব সৈন্যানি নাশয়ন্ ॥৩১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তমিতি। শিলীমুখৈর্বাণৈঃ। নবভিঃ সপ্তভিশ্চ শিলীমুখৈরিতি সম্বন্ধঃ ॥২৬॥
স ইতি। শত্রূন্ সংবারয়ত্যনেনেতি শক্রসংবারণম্। আর্জ্জুনিরভিমন্যুঃ ॥২৭॥
ভিত্ত্বেতি। তনুত্রাণং বর্ম্ম, উরসি বক্ষসি। সমেত্য মিলিত্বা, সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ ॥২৮—২৯॥
তস্যেতি। পরিবব্রুরভিমন্যুং পরিবেষ্টিতবন্তঃ। কক্ষং তৃণরাশিম্, উল্বণং প্রবলম্। অপেতশিশিরে অতীতশীতে বসন্তে কালে, সমিদ্ধং প্রজ্বলিতম্, পাবকমগ্নিম্ ॥৩০—৩১॥

তখন চিত্রসেন দশটা, সত্যব্রত নয়টা এবং পুরুমিত্র সাতটা বাণদ্বারা অভিমন্যুকে প্রতিবিদ্ধ করিলেন ॥২৬॥

অর্জুননন্দন অভিমন্যু সেইভাবে বিদ্ধ হইয়া দেহ হইতে রক্তনিঃসারণ করিতে থাকিয়া চিত্রসেনের বিশাল ও বিচিত্র শত্রুনিবারক ধনুখানাকে ছেদন করিলেন ॥২৭॥

এবং তিনি একটা বাণদ্বারা চিত্রসেনের বর্ম্ম ভেদ করিয়া বক্ষে তাড়ন করিলেন। তাহার পর আপনার পক্ষের সেই বীর ও মহারথ রাজপুত্রেরা ক্রুদ্ধ ও সম্মিলিত হইয়া বহুতর বাণদ্বারা অভিমন্যুকে বিদ্ধ করিলেন। তখন উত্তম অস্ত্রজ্ঞ অভিমন্যু তীক্ষ্ণ বাণদ্বারা তাঁহাদের সকলকেই আঘাত করিলেন ॥২৮—২৯॥

পরে বসন্তকালে প্রজ্বলিত অগ্নি যেমন বনে তৃণরাশি দগ্ধ করে, সেইরূপ অভিমন্যু যুদ্ধে আপনার সৈন্য দগ্ধ করিতে লাগিলেন এবং আপনার সৈন্য

(৩০)···বনে কক্ষমিবানলম্—পি। (৩১)··সৈন্যানি শাতয়ন্—পি বা।

তত্তস্য চরিতং দৃষ্ট্বা পৌত্রস্তব বিশাংপতে!।
লক্ষ্মণোঽভ্যপতত্তূর্ণং সাত্বতীপুত্রমাহবে ॥৩২॥
অভিমন্যুস্তু সংক্রুদ্ধো লক্ষ্মণং শুভলক্ষণম্।
বিব্যাধ নিশিতৈঃ ষড়্ভিঃ সারথিঞ্চ ত্রিভিঃ শরৈঃ ॥৩৩॥
তথৈব লক্ষ্মণো রাজন্! সৌভদ্রং নিশিতৈঃ শরৈঃ।
অবিধ্যত মহারাজ! তদদ্ভুতমিবাভবৎ ॥৩৪॥
তস্যাশ্বাংশ্চতুরো হত্বা সারথিঞ্চ মহারথঃ।
অভ্যদ্রবত সৌভদ্রো লক্ষ্মণং নিশিতৈঃ শরৈঃ ॥৩৫॥
হতাশ্বে তু রথে তিষ্ঠল্লক্ষ্মণঃ পরবীরহা।
শক্তিং চিক্ষেপ সংক্রুদ্ধঃ সৌভদ্রস্য রথং প্রতি ॥৩৬॥

ভারতকৌমুদী

তদিতি। লক্ষ্মণো দুর্য্যোধনপুত্রঃ। সাত্বতী সুভদ্রা তস্যাঃ পুত্রমভিমন্যুম্ ॥৩২॥
অভীতি। শুভানি শুভসূচকানি লক্ষণানি করচরণযোর্ধ্বজবজ্রাদিচিহ্নানি যস্য তম্ ॥৩৩॥
তথেতি। তদদ্ভুতমিবাভবৎ, মহাবীরস্যাভিমন্যোরপি পীড়নাদিত্যাশয়ঃ ॥৩৪॥
তস্যেতি। চতুরশ্চতুঃসংখ্যকান্। অভ্যদ্রবত সমর্দ্দয়ৎ ॥৩৫॥

ভারতভাবদীপঃ

বিরাট ইতি ॥১—৩১॥ সাত্বতীপুত্রম্ অভিমন্যুম্ ॥৩২—৪৩॥
ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭২॥

বিনাশ করিতে থাকিয়া তিনি বিশেষ শোভা পাইতে থাকিলেন। তখন আপনার পুত্রেরা তাঁহার সেই কার্য্য দেখিয়া তাঁহাকে পরিবেষ্টন করিলেন ॥৩০—৩১॥

নরনাথ! অভিমন্যুর সেই কার্য্য দেখিয়া আপনার পৌত্র লক্ষ্মণ সত্বর যুদ্ধে অভিমন্যুর দিকে ধাবিত হইলেন ॥৩২॥

তখন অত্যন্তক্রুদ্ধ অভিমন্যু ছয়টা তীক্ষ্ণ বাণদ্বারা শুভলক্ষণ লক্ষ্মণকে এবং তিনটা তীক্ষ্ণ বাণদ্বারা তাঁহার সারথিকে বিদ্ধ করিলেন ॥৩৩॥

রাজা! লক্ষ্মণও সেইরূপই বহুতর নিশিত শরদ্বারা অভিমন্যুকে বিদ্ধ করিলেন। মহারাজ! সে ব্যাপারটা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৩৪॥

পরে মহারথ অভিমন্যু বহুতর তীক্ষ্ণ বাণদ্বারা লক্ষ্মণের চারিটা অশ্বকে ও সারথিকে বধ করিয়া লক্ষ্মণকেও পীড়ন করিলেন ॥৩৫॥

(৩৫)···সারথিঞ্চ মহাবলঃ···রা নি।

তামাপতন্তীং সহসা ঘোররূপাং দুরাসদাম্ ।
অভিমন্যুঃ শরৈস্তীক্ষ্ণৈশ্চিচ্ছেদ ভুজগোপমাম্ ॥৩৭॥
ততঃ স্বরথমারোপ্য লক্ষ্মণং গৌতমস্তদা ।
অপোবাহ রথেনাজৌ সর্বসৈন্যস্য পশ্যতঃ ॥৩৮॥
ততঃ সমাকুলে তস্মিন্ বর্ত্তমানে মহাভয়ে ।
অভ্যদ্রবন্ জিঘাংসন্তঃ পরস্পরবধৈষিণঃ ॥৩৯॥
তাবকাশ্চ মহেষ্বাসাঃ পাণ্ডবাশ্চ মহারথাঃ ।
জুহ্বতঃ সমরে প্রাণান্ নিজঘ্নুরিতরেতরম্ ॥৪০॥
মুক্তকেশা বিকবচা বিরথাশ্ছিন্নকার্ম্মুকাঃ ।
বাহুভিঃ সমযুধ্যন্ত সৃঞ্জয়াঃ কুরুভিঃ সহ ॥৪১॥

ভারতকৌমুদী

হতেতি। পরবীরহা বিপক্ষবীরহন্তা। সৌভদ্রস্তাভিমন্যোঃ ॥৩৬॥
তামিতি। আপতন্তীমাগচ্ছন্তীম্। ভুজগোপমাং বৃহৎসর্পতুল্যাম্ ॥৩৭॥
তত ইতি। গৌতমঃ কৃপঃ। অপোবাহ অপনিনায়, আজৌ যুদ্ধে ॥৩৮॥
তত ইতি। তস্মিন্ যুদ্ধে। জিঘাংসন্তো বিদ্বেষবন্তঃ বধৈষিণ ইত্যভিধানাৎ ॥৩৯॥
তাবকা ইতি। জুহ্বত আহুতিবিষয়ান্ কুর্বন্তঃ, সমরে অনলরূপে ॥৪০॥
মুক্তেতি। অত্র কার্ম্মুকপদং সর্বাস্ত্রোপলক্ষণম্ ॥৪১॥

তখন বিপক্ষবীরহন্তা লক্ষ্মণ অত্যন্তক্রুদ্ধ হইয়া সেই হতাশ্ব রথে থাকিয়াই অভিমন্যুর রথের দিকে একটা শক্তি নিক্ষেপ করিলেন ॥৩৬॥

সর্পের তুল্য দীর্ঘ, ভয়ঙ্করাকৃতি ও দুর্দ্ধর্ষ সেই শক্তিটা আসিতে লাগিলে, অভিমন্যু অনেক তীক্ষ্ণ বাণদ্বারা সেটাকে কাটিয়া ফেলিলেন ॥৩৭॥

তাহার পর কৃপাচার্য্য লক্ষ্মণকে আপন রথে তুলিয়া লইয়া সমস্ত সৈন্যের সমক্ষে তখনই রথারোহণে অপসৃত হইলেন ॥৩৮॥

তৎপরে সেই সঙ্কুল ভয়ঙ্কর যুদ্ধ চলিতে লাগিলে, পরস্পরবিদ্বেষী উভয় পক্ষের সৈন্যেরা পরস্পর বধৈষী হইয়া ধাবিত হইতে লাগিল ॥৩৯॥

আপনার পক্ষের মহাধনুর্দ্ধরেরা এবং পাণ্ডবপক্ষের মহারথেরা সমরানলে প্রাণ আহুতি দিতে থাকিয়া পরস্পর সংহার করিতে থাকিলেন ॥৪০॥

সৃঞ্জয়েরা মুক্তকেশ, কবচবিহীন, রথশূন্য এবং অস্ত্ররহিত হইয়া বাহুদ্বারাই কৌরবগণের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৪১॥

(৪০)···জুহ্বন্তঃ সমরে···রা নি।

ততো ভীষ্মো মহাবাহুঃ পাণ্ডবানাং মহাত্মনাম্।
সেনাং জঘান সংক্রুদ্ধো দিব্যৈরস্ত্রৈর্মহাবলঃ ॥৪২॥
হতেশ্বরৈর্গজৈস্তত্র নরৈরশ্বৈশ্চ পাতিতৈঃ।
রথিভিঃ সাদিভিশ্চৈব সমাস্তীর্য্যত মেদিনী ॥৪৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে পঞ্চমদিবসযুদ্ধে দ্বন্দ্বযুদ্ধে দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

অথ রাজন্! মহাবাহুঃ সাত্যকির্যুদ্ধদুর্ম্মদঃ।
বিকৃষ্য চাপং সমরে ভারসাহমনুত্তমম্ ॥১॥
প্রামুঞ্চৎ পুঙ্খসংযুক্তান্ শরানাশীবিষোপমান্।
প্রগাঢ়ং লঘু চিত্রঞ্চ দর্শয়ন্ হস্তলাঘবম্ ॥২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। দিব্যৈরলৌকিকৈঃ ব্রাহ্মাদিভিঃ ॥৪২॥

হতেতি। হতেশ্বরৈর্হতরক্ষকৈঃ। সাদিভিরশ্বারোহিভিঃ ॥৪৩॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

অথেতি। ভারং সাতিশয়মাকর্ষণং সহত ইতি ভারসাহং কর্ম্মণ্যণ্, ন বিদ্যতে উত্তমং যস্মাত্তৎ। প্রগাঢ়মতিদৃঢ়ম্, লঘু দ্রুতম্, চিত্রমাশ্চর্য্যঞ্চ যথা স্যাত্তথা ॥১—২॥

তদনন্তর মহাবাহু ও মহাবল ভীষ্ম অত্যন্তক্রুদ্ধ হইয়া অলৌকিক অস্ত্রদ্বারা মহাত্মা পাণ্ডবগণের সৈন্য সংহার করিতে থাকিলেন ॥৪২॥

তখন রক্ষক নিহত হওয়ায় নিপাতিত হস্তী, পদাতি, অশ্ব, রথী ও অশ্বারোহিদ্বারা সমরভূমি আবৃত হইয়া গেল' ॥৪৩॥

---

* '...ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ' বা ব রা নি। (১)...ভারসাধনমুত্তমম্...পি বা। (২)... প্রকাশং লঘু...পি।

CENTRAL LIBRARY

তস্য বিক্ষিপতশ্চাপং শরানন্যাংশ্চ মুঞ্চতঃ।
আদদানস্য ভূয়শ্চ সন্দধানস্য চাপরান্ ॥৩॥
ক্ষিপতশ্চ পরাংস্তস্য রণে শত্রূন্ বিনিঘ্নতঃ।
দদৃশে রূপমত্যর্থং মেঘস্যেব প্রবর্ষতঃ ॥৪॥ (যুগ্মকম্)
তমুদীর্য্যন্তমালোক্য রাজা দুর্য্যোধনস্ততঃ।
রথানামযুতং তস্য প্রেষয়ামাস ভারত! ॥৫॥
তাংস্তু সর্বান্ মহেষ্বাসান্ সাত্যকিঃ সত্যবিক্রমঃ।
জঘান পরমেষ্বাসো দিব্যেনাস্ত্রেণ বীর্য্যবান্ ॥৬॥
স কৃত্বা দারুণং কর্ম্ম প্রগৃহীতশরাসনঃ।
আসসাদ ততো বীরো ভূরিশ্রবসমাহবে ॥৭॥

ভারতকৌমুদী

তস্যেতি। বিক্ষিপত আকর্ষতঃ। রূপং বীরসৌন্দর্য্যম্ ॥৩—৪॥

তমিতি। উদীর্য্যন্তম্ উদীর্ণবিক্রমম্। তস্য সাত্যকের্নিবারণায় ॥৫॥

তানিতি। ইষূন্ বাণান্ অস্যন্তি ক্ষিপন্ত্যেভিরিতি ইষ্বাসা ধনূংষি মহান্ত ইষ্বাসা যেষাং তান্ মহাধনুর্দ্ধরানিত্যর্থঃ। এবং পরমেষ্বাসোঽপি। দিব্যেনালৌকিকেন ॥৬॥

স ইতি। দারুণং কর্ম্ম দশসহস্রযোদ্ধৃবধরূপং ভয়ঙ্করং কার্য্যম্ ॥৭॥

সঞ্জয় বলিলেন—'রাজা! তাহার পর মহাবাহু ও যুদ্ধদুর্দ্ধর্ষ সাত্যকি, গুরুতরাকর্ষণসহকারী অত্যুৎকৃষ্ট ধনু আকর্ষণ করিয়া করিয়া লঘুহস্ততা দেখাইতে থাকিয়া যুদ্ধে সুদৃঢ়, দ্রুত ও বিচিত্রভাবে পুঙ্খযুক্ত বৃহৎসর্পতুল্য বাণ সকল নিক্ষেপ করিতে লাগিলেন ॥১—২॥

তিনি যখন ধনু আকর্ষণ, বাণক্ষেপ, পুনরায় অন্য বাণ গ্রহণ, অপর বাণ সন্ধান, তদ্ভিন্ন বাণ ক্ষেপ এবং যুদ্ধে শত্রু সংহার করিতেছিলেন, তখন বারিবর্ষণকারী মেঘের ন্যায় তাঁহার অত্যন্ত বীরশোভা সকলে দেখিতে লাগিল ॥৩—৪॥

ভরতনন্দন! তাহার পর রাজা দুর্য্যোধন সাত্যকির বিক্রম বৃদ্ধি পাইতে দেখিয়া তাঁহাকে বারণ করিবার জন্য দশসহস্র রথী প্রেরণ করিলেন ॥৫॥

তখন যথার্থবিক্রমশালী, মহাধনুর্দ্ধর ও বলবান্ সাত্যকি অলৌকিক অস্ত্রদ্বারা সেই সকল মহাধনুর্দ্ধরকে সংহার করিলেন ॥৬॥

মহাবীর সাত্যকি সেই দারুণ কার্য্য করিয়া ধনু ধারণপূর্বক ভূরিশ্রবার সম্মুখে উপস্থিত হইতে লাগিলেন ॥৭॥

(৪) ক্ষিপতশ্চ পরাংস্তর্ণম্…পি, ক্ষিপতশ্চ শরাংস্তস্য…বা।

স হি সংদৃশ্য সেনাং তাং যুযুধানেন পাতিতাম্।
অভ্যধাবত সংক্রুদ্ধঃ কুরূণাং কীর্ত্তিবর্দ্ধনঃ ॥৮॥
ইন্দ্রায়ুধসবর্ণন্তু স বিস্ফার্য্য মহদ্ধনুঃ।
ব্যসৃজদ্বজ্রসঙ্কাশান্ শরানাশীবিষোপমান্ ॥৯॥
সহস্রশো মহারাজ! দর্শয়ন্ পাণিলাঘবম্।
শরাংস্তান্ মৃত্যুসংস্পর্শান্ সাত্যকেস্তু পদানুগাঃ ॥১০॥
ন বিষেহুস্তদা রাজন্! দুদ্রুবুস্তে সমন্ততঃ।
বিহায় সমরে রাজন্! সাত্যকিং যুদ্ধদুর্ম্মদম্ ॥১১॥ (বিশেষকম্)
তং দৃষ্ট্বা যুযুধানস্য সুতা দশ মহাবলাঃ।
মহারথাঃ সমাখ্যাতাশ্চিত্রবর্ম্মায়ুধধ্বজাঃ ॥১২॥
সমাসাদ্য মহেষ্বাসং ভূরিশ্রবসমাহবে।
ঊচুঃ সর্বে সুসংরব্ধা যূপকেতুং মহারণে ॥১৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। স ভূরিশ্রবাঃ। যুযুধানেন সাত্যকিনা ॥৮॥

ইন্দ্রেতি। ইন্দ্রায়ুধস্য ইন্দ্রধনুষঃ সবর্ণং সমানবর্ণম্, স ভূরিশ্রবাঃ। মৃত্যোরিব সংস্পর্শো যেষাং তান্, পদানুগা অনুচরা যোদ্ধারঃ। দুদ্রুবুঃ পলায়াঞ্চক্রিরে ॥৯—১১॥

তমিতি। তং ভূরিশ্রবসম্। যূপঃ কেতৌ ধ্বজে যস্য তং ভূরিশ্রবসম্ ॥১২—১৩॥

তখন কুরুবংশের কীর্ত্তিবর্দ্ধন ভূরিশ্রবাও সেই কৌরবসৈন্যগুলিকে সাত্যকি-কর্ত্তৃক নিপাতিত দেখিয়া অত্যন্তক্রুদ্ধ হইয়া সাত্যকির প্রতি ধাবিত হইলেন ॥৮॥

মহারাজ! ক্রমে ভূরিশ্রবা ইন্দ্রধনুর সমানবর্ণ বিশাল ধনু বিস্ফারিত করিয়া, লঘুহস্ততা দেখাইতে থাকিয়া, বজ্রের তুল্য দৃঢ়স্পর্শ এবং সর্পের তুল্য সুদীর্ঘ সহস্র সহস্র বাণ নিক্ষেপ করিলেন। রাজা! তখন সাত্যকির অনুচর যোদ্ধারা মৃত্যুসমস্পর্শ ভূরিশ্রবার সেই বাণগুলি সহ্য করিতে পারিল না। সুতরাং রাজা! তাহারা যুদ্ধদুর্দ্ধর্ষ সাত্যকিকে সমরাঙ্গনে পরিত্যাগ করিয়া সকল দিকে পলায়ন করিতে লাগিল ॥৯—১১॥

তখন মহাবল ও মহারথ বলিয়া বিখ্যাত এবং বিচিত্র বর্ম্ম, বিচিত্র অস্ত্র ও বিচিত্র ধ্বজশালী সাত্যকির দশ জন পুত্র, মহাধনুর্দ্ধর ও যূপধ্বজ ভূরিশ্রবাকে দেখিয়া, অত্যন্তক্রুদ্ধ হইয়া, সমরাঙ্গনে তাঁহার নিকটে যাইয়া সকলেই মহাযুদ্ধ-বিষয়ে ভূরিশ্রবাকে বলিলেন—॥১২—১৩॥

---

(৮)···সেনাং তে···রা নি,···যুযুধানেন পীড়িতাম্···পি বা।

ভো ভোঃ কৌরবদায়াদ ! সহাস্মাভির্মহাবল ! ।
এহি যুধ্যস্ব সংগ্রামে সমস্তৈঃ পৃথগেব বা ॥১৪॥
অস্মান্ বা ত্বং পরাজিত্য যশঃ প্রাপ্নুহি সংযুগে ।
বয়ং ত্বাং বা পরাজিত্য প্রীতিং দাস্যামহে পিতুঃ ॥১৫॥
এবমুক্তস্তদা শূরৈস্তানুবাচ মহাবলঃ ।
'যুদ্ধসজ্জায় সজ্জিত অভিমন্যুপ্রভৃতি বার জন রথারোহী বীর যুদ্ধে শক্তিপ্রয়োগপূর্বক ভীম ও ধৃষ্টদ্যুম্নের পথে গমন করুন এবং বৃত্তান্ত জানুন। কারণ, আমার মন শুদ্ধ হইতেছে না ॥১২৫॥

যুদ্ধে ভীম ও ধৃষ্টদ্যুম্নের সংবাদ আপনাদের জানিতে হইবে। সুতরাং আপনারা সত্বর সমরসমুদ্রে প্রবেশ করুন ॥১২৬॥

আমার ইচ্ছা এই যে, আপনারা বিশেষ শক্তি প্রয়োগ সহকারে গমন করুন।' যুধিষ্ঠির এইরূপ আদেশ করিলে বিক্রমযোধী, পুরুষাভিমানী ও বীর কৈকেয়গণ, দ্রৌপদীর পুত্রগণ ও বলবান্ ধৃষ্টকেতু ইহারা সকলে 'অবশ্যই তাঁহাদের সংবাদ জানিব' এই কথা বলিয়া, বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া, অভিমন্যুকে অগ্রবর্ত্তী করিয়া, সেই মধ্যাহ্নকালে প্রস্থান করিলেন ॥১২৭—১২৯॥

শত্রুদমনকারী সেই বীরেরা সমরাঙ্গনে সূচীমুখ ব্যূহ রচনা করিয়া ক্রমশঃ যুদ্ধে ধার্ত্তরাষ্ট্রগণের সেই রথিসৈন্য ভেদ করিলেন ॥১৩০॥

(১২৬) এষ শ্লোকঃ পরশ্লোকপূর্বার্দ্ধঞ্চ পি বা ব রা নাস্তি। (১৩০)···সূচীমুখমরিন্দমম্···নি।

তান্ প্রয়াতান্ মহেষ্বাসানভিমন্যুপুরোগমান্।
ভীমসেনভয়াবিষ্টা ধৃষ্টদ্যুম্নবিমোহিতা ॥১৩১॥
ন সংবারয়িতুং শক্তা তব সেনা জনাধিপ !।
মদমূর্চ্ছান্বিতাত্মা বৈ প্রমদেবাধ্বনি স্থিতা ॥১৩২॥ (যুগ্মকম্)
তেঽভিযায় মহেষ্বাসাঃ সুবর্ণবিকৃতধ্বজাঃ।
পরীপ্সন্তোঽভ্যধাবন্ত ধৃষ্টদ্যুম্নবৃকোদরৌ ॥১৩৩॥
তৌ চ দৃষ্ট্বা মহেষ্বাসানভিমন্যুপুরোগমান্।
বভূবতুর্মুদাযুক্তৌ নিঘ্নন্তৌ তব বাহিনীম্ ॥১৩৪॥
দৃষ্ট্বা তু সহসায়ান্তং পাঞ্চাল্যো গুরুমাত্মনঃ।
নাশংসত বধং বীরঃ পুত্রাণাং তব পার্ষতঃ ॥১৩৫॥
ততো রথং সমারোপ্য কৈকেয়স্য বৃকোদরম্।
অভ্যধাবৎ সুসংক্রুদ্ধো দ্রোণমিষ্বস্ত্রপারগম্ ॥১৩৬॥

ভারতকৌমুদী

তানিতি। মহেষ্বাসান্ মহাধনুর্দ্ধরান্। প্রমদা যুবতিঃ ॥১৩১—১৩২॥
ত ইতি। সুবর্ণবিকৃতধ্বজাঃ স্বর্ণখচিতধ্বজাঃ। পরীপ্সন্তঃ প্রাপ্তুমিচ্ছন্তঃ ॥১৩৩॥
তাবিতি। তৌ ধৃষ্টদ্যুম্নবৃকোদরৌ। মুদা যুক্তৌ সহায়লাভাদানন্দিতৌ ॥১৩৪॥
দৃষ্ট্বেতি। গুরুং দ্রোণম্। নাশংসত ন সমভাবয়ৎ দ্রোণেন রক্ষাসম্ভবাৎ ॥১৩৫॥
তত ইতি। অভ্যধাবৎ পার্ষত ইত্যনুবৃত্তিঃ। ইষ্বস্ত্রপারগং বাণাস্ত্রবিশারদম্ ॥১৩৬॥

কিন্তু নরনাথ! একে ভীমের ভয়ে আকুল, তাহাতে আবার ধৃষ্টদ্যুম্নের সম্মোহনাস্ত্রে মোহিত আপনার সৈন্যগণ, মদমোহান্বিত যুবতি স্ত্রীর ন্যায় পথে থাকিয়াও অভিমন্যুপ্রভৃতি সেই মহাধনুর্দ্ধরগণকে বারণ করিতে সমর্থ হইল না ॥১৩১—১৩২॥

স্বর্ণখচিতধ্বজশালী সেই মহাধনুর্দ্ধরেরা উপস্থিত হইয়া ধৃষ্টদ্যুম্ন ও ভীমসেনকে দেখিবার জন্য ধাবিত হইলেন ॥১৩৩॥

আপনার সৈন্যবিনাশে প্রবৃত্ত ধৃষ্টদ্যুম্ন ও ভীমসেন ক্রমে অভিমন্যুপ্রভৃতি মহাধনুর্দ্ধরগণকে দেখিয়া আনন্দ লাভ করিলেন ॥১৩৪॥

তখন পাঞ্চালরাজপুত্র ধৃষ্টদ্যুম্ন হঠাৎ আপন গুরু দ্রোণকে আসিতে দেখিয়া আপনার পুত্রগণকে আর বধ করিবার আশা করিতে পারিলেন না ॥১৩৫॥

(১৩২) ন সংধারয়িতুং শক্তা…পি বা। (১৩৩) তে হি পার্থা মহেষ্বাসাঃ…পি, তেঽভিজাতা মহেষ্বাসাঃ…রা নি। (১৩৪)…মহেষ্বাসৌ…রা নি।

CENTRAL LIBRARY

তস্যাভিপততস্তূর্ণং ভারদ্বাজঃ প্রতাপবান্ ।
ক্রুদ্ধশ্চিচ্ছেদ ভল্লেন ধনুঃ শত্রুনিবর্হণঃ ॥১৩৭॥
অন্যাংশ্চ শতশো বাণান্ প্রেষয়ামাস পার্ষতে ।
দুর্য্যোধনহিতার্থায় ভর্ত্তৃপিণ্ডমনুস্মরন্ ॥১৩৮॥
অথান্যদ্ধনুরাদায় পার্ষতঃ পরবীরহা ।
দ্রোণং বিব্যাধ বিংশত্যা রুক্মপুঙ্খৈঃ শিলাশিতৈঃ ॥১৩৯॥
তস্য দ্রোণঃ পুনশ্চাপং চিচ্ছেদামিত্রকর্শনঃ ।
হয়াংশ্চ চতুরস্তূর্ণং চতুর্ভিঃ সায়কোত্তমৈঃ ॥১৪০॥
বৈবস্বতক্ষয়ং ঘোরং প্রেষয়ামাস ভারত ! ।
সারথিঞ্চাস্য ভল্লেন প্রেষয়ামাস মৃত্যবে ॥১৪১॥ (যুগ্মকম্)
হতাশ্বাৎ স রথাত্তূর্ণমবপ্লুত্য মহারথঃ ।
আরুরোহ মহাবাহুরভিমন্যোর্মহারথম্ ॥১৪২॥

ভারতকৌমুদী

তস্যেতি। তস্য পার্ষতস্য, অভিপতত আগচ্ছতঃ, ভারদ্বাজো দ্রোণঃ ॥১৩৭॥
অন্যানিতি। পার্ষতে ধৃষ্টদ্যুম্নং প্রতি। ভর্ত্তৃপিণ্ডং দুর্য্যোধনদত্তজীবিকাম্ ॥১৩৮॥
অথেতি। শিলাশিতৈর্বাণৈরিতি শেষঃ ॥১৩৯॥
তস্যেতি। হয়ান্ অশ্বান্। বৈবস্বতক্ষয়ং যমালয়ম্ ॥১৪০—১৪১॥

তাহার পর ধৃষ্টদ্যুম্ন ভীমসেনকে কৈকেয়ের রথে তুলিয়া দিয়া অত্যন্তক্রুদ্ধ হইয়া ধনুর্বেদপারদর্শী দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥১৩৬॥

ধৃষ্টদ্যুম্ন আসিতে লাগিলে, প্রতাপশালী ও শত্রুবিজয়ী দ্রোণ ক্রুদ্ধ হইয়া একটা ভল্লদ্বারা তাঁহার ধনু ছেদন করিলেন ॥১৩৭॥

এবং তিনি দুর্য্যোধনদত্ত জীবিকার বিষয় স্মরণ করিয়া তাঁহার হিতের জন্য ধৃষ্টদ্যুম্নের প্রতি অন্য শত শত বাণ নিক্ষেপ করিলেন ॥১৩৮॥

তাহার পর বিপক্ষবীরহন্তা ধৃষ্টদ্যুম্ন অন্য ধনু লইয়া স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত কুড়িটা বাণদ্বারা দ্রোণকে বিদ্ধ করিলেন ॥১৩৯॥

এবং শত্রুহন্তা দ্রোণ পুনরায় একটা বাণদ্বারা তাঁহার ধনু ছেদন করিলেন এবং চারিটা উত্তম বাণদ্বারা রথের চারিটা অশ্বকে সত্বরই যমালয়ে পাঠাইলেন; আর ভরতনন্দন! একটা ভল্লদ্বারা ধৃষ্টদ্যুম্নের সারথিকে যমের নিকট প্রেরণ করিলেন ॥১৪০—১৪১॥

(১৩৭)···চিচ্ছেদ বাণেন···রা নি। (১৪২) হতাশ্বাত্তু···পি।

ততঃ সরথনাগাশ্বা সমকম্পত বাহিনী।
পশ্যতো ভীমসেনস্য পার্ষতস্য চ পশ্যতঃ ॥১৪৩॥
তৎ প্রভগ্নং বলং দৃষ্ট্বা দ্রোণেনামিততেজসা।
নাশক্নুবন্ বারয়িতুং সমন্তাত্তে মহারথাঃ ॥১৪৪॥
বধ্যমানস্তু তৎ সৈন্যং দ্রোণেন নিশিতৈঃ শরৈঃ।
ব্যভ্রমত্তত্র তত্রৈব ক্ষোভ্যমাণ ইবার্ণবঃ।
তথা দৃষ্ট্বা চ তৎ সৈন্যং জহৃষে তাবকং বলম্ ॥১৪৫॥
দৃষ্ট্বাচার্য্যং সুসংক্রুদ্ধং তপন্তং রিপুবাহিনীম্।
চুক্রুশুঃ সর্বতো যোধাঃ সাধু সাধ্বিতি ভারত! ॥১৪৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ষষ্ঠদিবসযুদ্ধে দ্রোণপরাক্রমে চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

হতেতি। স ধৃষ্টদ্যুম্নঃ। মহারথম্ উত্তমং বিশালং বা রথম্ ॥১৪২॥

তত ইতি। বাহিনী অভিমন্যুপ্রভৃতিভিরানীতা পাণ্ডবসেনা, সমকম্পত দ্রোণবিক্রমাৎ ॥১৪৩॥

তদিতি। প্রভগ্নং বিচ্ছিন্নম্। তে অভিমন্যুপ্রভৃতয়ঃ ॥১৪৪॥

বধ্যমানমিতি। তৎ পাণ্ডবীয়ং সৈন্যম্, জহৃষে আননন্দ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪৫॥

তখন মহারথ ও মহাবাহু ধৃষ্টদ্যুম্ন নিহতাশ্ব রথ হইতে লাফাইয়া পড়িয়া সত্বর যাইয়া অভিমন্যুর বিশাল রথে আরোহণ করিলেন ॥১৪২॥

তাহার পর ভীমসেন ও ধৃষ্টদ্যুম্নের সমক্ষেই দ্রোণের বিক্রমে রথ, হস্তী ও অশ্বের সহিত পাণ্ডববাহিনী কম্পিত হইতে লাগিল ॥১৪৩॥

এবং অমিততেজা দ্রোণ সেই পাণ্ডবসৈন্যকে বিচ্ছিন্ন করিয়া ফেলিয়াছেন দেখিয়া সেই অভিমন্যুপ্রভৃতি মহারথেরা সকলেও সে সৈন্যকে বারণ করিতে পারিলেন না ॥১৪৪॥

ক্রমে দ্রোণ নিশিত বাণদ্বারা বধ করিতে থাকিলে, উদ্বেলিত সমুদ্রের ন্যায় সেই পাণ্ডবসৈন্য সেই সেই স্থানে ঘুরিতে লাগিল। তখন আপনার সৈন্য পাণ্ডবসৈন্যকে সেইরূপ দেখিয়া আনন্দিত হইল ॥১৪৫॥

(১৪৬)…তুষ্টুবুঃ সর্ব্বতো যোধাঃ…নি। * '…সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ' বা ব রা নি।

CENTRAL LIBRARY

পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ।

———:০:———

সঞ্জয় উবাচ।

ততো দুর্য্যোধনো রাজা মোহাৎ প্রত্যাগতস্মৃতিঃ।
শরবর্ষৈঃ পুনর্ভীমং প্রত্যবারয়দচ্যুতম্ ॥১॥
একীভূতাঃ পুনশ্চৈব তব পুত্রা মহারথাঃ।
সমেত্য সমরে ভীমং যোধয়ামাসুরুদ্যতাঃ ॥২॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। আচার্য্যং দ্রোণম্। চুক্রুশুঃ আনন্দেনোচ্চৈশ্চুক্রুশুঃ, যোধাস্ত্বদীয়াঃ ॥১৪৬॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

তত ইতি। মোহাৎ ধৃষ্টদ্যুম্নপ্রযুক্তসম্মোহনাস্ত্রকৃতাৎ পরম্। অচ্যুতং বীরব্রতাদভ্রষ্টম্ ॥১॥
একীতি। একীভূতা একমতীভূতাঃ। সমেত্য মিলিত্বা ॥২॥

ভারতভাবদীপঃ

ত ইতি ॥১—৩৮॥ নঃ অস্মান্, অভিকামম্ আকাঙ্ক্ষমাণম্, প্রহ্বং প্রণতম্ ॥৩৯॥ লঘুবৃত্তং শীঘ্রকারি, আয়তপ্রায়ং প্রাংশুবাহুনম্ ॥৪০—৪৪॥ আরোহে হস্ত্যাদীনাম্, পর্য্যবস্কন্দে হস্ত্যাদিভ্যোঽবতরণে ॥৪৫—৪৭॥ মনস্বি সাহঙ্কারম্ ॥৪৮—৫০॥ অপক্ষৈঃ পক্ষশূন্যৈঃ তথাপি গত্যা পক্ষিসদৃশৈঃ ॥৫১—১৪৬॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৪॥

ভরতনন্দন! সেই সময়ে দ্রোণাচার্য্য অত্যন্তক্রুদ্ধ হইয়া শত্রুসৈন্য সন্তপ্ত করিতেছেন দেখিয়া আপনার পক্ষের যোদ্ধারা সকল দিক্ হইতে উচ্চস্বরে 'সাধু সাধু' এইরূপ বলিতে লাগিল' ॥১৪৬॥

———০::০———

সঞ্জয় বলিলেন—'তাহার পর মোহ বিনষ্ট ও চৈতন্য উপস্থিত হইলে, রাজা দুর্য্যোধন পুনরায় বাণ বর্ষণ করিয়া বীরনিয়মসম্পন্ন ভীমসেনকে বারণ করিতে লাগিলেন ॥১॥

রাজা! তখন আপনার অন্যান্য মহারথ পুত্রেরাও একমত ও সম্মিলিত হইয়া উদ্যম সহকারে সমরাঙ্গনে ভীমসেনের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥২॥

(১)···প্রত্যবারয়দচ্যুত!—পি।

CENTRAL LIBRARY

ভীমসেনোঽপি সমরে সংপ্রাপ্য স্বরথং পুনঃ।
সমারুহ্য মহাবাহুর্যযৌ যত্র তবাত্মজঃ ॥৩॥
প্রগৃহ্য চ মহাবেগং পরাসুকরণং দৃঢ়ম্।
সজ্যং শরাসনং সংখ্যে শরৈর্বিব্যাধ তে সুতম্ ॥৪॥
ততো দুর্য্যোধনো রাজন্! ভীমসেনং মহাবলম্।
নারাচেন সুতীক্ষ্ণেন ভৃশং মর্ম্মণ্যতাড়য়ৎ ॥৫॥
সোঽতিবিদ্ধো মহেষ্বাসস্তব পুত্রেণ ধন্বিনা।
ক্রোধসংরক্তনয়নো বেগেনাক্ষিপ্য কার্ম্মুকম্ ॥৬॥
দুর্য্যোধনং ত্রিভির্বাণৈর্বাহ্বোরুরসি চার্পয়ৎ।
স তত্র শুশুভে রাজা শিখরৈর্গিরিরাড়িব ॥৭॥ (যুগ্মকম্)
তৌ দৃষ্ট্বা সমরে ক্রুদ্ধৌ বিনিঘ্নন্তৌ পরস্পরম্।
দুর্য্যোধনানুজাঃ সর্বে শূরাঃ সংত্যক্তজীবিতাঃ ॥৮॥

ভারতকৌমুদী

ভীমেতি। তবাত্মজো দুর্য্যোধনো যত্র স্থিতস্তত্র ॥৩॥
প্রগৃহ্যেতি। পরাসুনির্গতপ্রাণঃ ক্রিয়তে অনেনেতি পরাসুকরণম্। সজ্যং সগুণম্ ॥৪॥
তত ইতি। মর্ম্মণি বক্ষসি ॥৫॥
স ইতি। স ভীমসেনঃ। আক্ষিপ্য আকৃষ্য। উরসি বক্ষসি। শিখরৈঃ শৃঙ্গৈঃ ॥৬—৭॥

এই সময়ে মহাবাহু ভীমসেনও নিজের রথের নিকটে যাইয়া পুনরায় তাহাতে আরোহণ করিয়া যেখানে দুর্য্যোধন ছিলেন, সেইখানে গমন করিলেন ॥৩॥

ক্রমে তিনি মহাবেগশালী, দৃঢ়, পরের মৃত্যুজনক ও গুণযুক্ত ধনু ধারণ করিয়া বহুতর বাণদ্বারা যুদ্ধে দুর্য্যোধনকে বিদ্ধ করিলেন ॥৪॥

রাজা! তাহার পর দুর্য্যোধন একটা সুতীক্ষ্ণ নারাচদ্বারা মহাবল ভীমসেনের বক্ষস্থলে আঘাত করিলেন ॥৫॥

তখন আপনার ধনুর্দ্ধর পুত্রকর্ত্তৃক অত্যন্তবিদ্ধ হওয়ায় মহাধনুর্দ্ধর ভীমসেন ক্রোধে আরক্তনয়ন হইয়া বেগে ধনু আকর্ষণ করিয়া তিনটা বাণদ্বারা দুর্য্যোধনের দুই বাহুতে ও বক্ষস্থলে তাড়ন করিলেন; তখন রাজা দুর্য্যোধন তিনটা শৃঙ্গদ্বারা পর্ব্বতশ্রেষ্ঠের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৬—৭॥

(৩)…তত্র তবাত্মজঃ—পি,…যেন তবাত্মজঃ—রা নি। (৪) প্রগৃহ্য চ মহাবেগঃ…বা। (৫) ততো দুর্য্যোধনো রাজা…রা নি।

সংস্মৃত্য মন্ত্রিতং পূর্বং নিগ্রহে ভীমকর্ম্মণঃ।
নিশ্চয়ং পরমং কৃত্বা নিগ্রহীতুং প্রচক্রমুঃ ॥৯॥ (যুগ্মকম্)
তানাপতত এবাজৌ ভীমসেনো মহাবলঃ।
প্রত্যুদ্যযৌ মহারাজ! গজঃ প্রতিগজানিব ॥১০॥
ভৃশং ক্রুদ্ধশ্চ তেজস্বী নারাচেন সমার্পয়ৎ।
চিত্রসেনং মহারাজ! তব পুত্রং মহাযশাঃ ॥১১॥
তথেতরাংস্তব সুতাংস্তাড়য়ামাস ভারত!।
শরৈর্বহুবিধৈঃ সংখ্যে রুক্মপুঙ্খৈঃ সুতেজনৈঃ ॥১২॥
ততঃ সংপ্রেক্ষ্য পুত্রৈস্তে ভীমসেনং সমাবৃতম্।
অভিমন্যুপ্রভৃতয়স্তে দ্বাদশ মহারথাঃ ॥১৩॥
প্রেষিতা ধর্ম্মরাজেন ভীমসেনপদানুগাঃ।
প্রতিজগ্মুর্মহারাজ! তব পুত্রান্ মহাবলান্ ॥১৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তাবিতি। সংত্যক্তজীবিতা জীবনত্যাগায়োদ্যতাঃ। ভীমকর্ম্মণো ভীমসেনস্য ॥৮—৯॥
তানিতি। আপতত আগচ্ছতঃ, আজৌ যুদ্ধে ॥১০॥
ভৃশমিতি। তেজস্বী ভীমসেন ইতি প্রকরণাৎ। সমার্পয়ৎ সমপীড়য়ৎ ॥১১॥
তথেতি। তাড়য়ামাস ভীমসেন এব। সুতেজনৈরতিশয়েন তীক্ষ্ণীকৃতৈঃ ॥১২॥
তত ইতি। তে তব পুত্রৈঃ। ধর্ম্মরাজেন যুধিষ্ঠিরেণ ॥১৩—১৪॥

ভীম ও দুর্য্যোধন ক্রুদ্ধ হইয়া যুদ্ধে পরস্পর আঘাত করিতেছেন দেখিয়া দুর্য্যোধনের বীর ভ্রাতারা সকলে জীবনত্যাগে উদ্যত হইয়া, ভীমকর্ম্মা ভীমসেনের নিগ্রহবিষয়ে পূর্ব্বকৃত মন্ত্রণা স্মরণ করিয়া এবং সে বিষয়ে স্থিরচিত্ত হইয়া, তাঁহার নিগ্রহের উপক্রম করিলেন ॥৮—৯॥

মহারাজ! তখন একটা হাতী যেমন অপর হাতীগুলির দিকে গমন করে, সেইরূপ মহাবল ভীমসেন তাঁহারা আসিতে লাগিলেই তাঁহাদের দিকে গমন করিলেন ॥১০॥

মহারাজ! ক্রমে ক্রুদ্ধ, তেজস্বী ও মহাযশা ভীমসেন একটা নারাচদ্বারা আপনার পুত্র চিত্রসেনকে আঘাত করিলেন ॥১১॥

এবং ভরতনন্দন! তিনি স্বর্ণপুঙ্খ ও সুতীক্ষ্ণ বহুবিধ বাণদ্বারা যুদ্ধে আপনার অপর পুত্রগণকেও তাড়ন করিলেন ॥১২॥

(১২)…রুক্মপুঙ্খৈঃ সুবেগিতৈঃ—পি বা।

দৃষ্ট্বা রথস্থাংস্তান্ শূরান্ সূর্য্যাগ্নিসমতেজসঃ।
সর্বানেব মহেষ্বাসান্ ভ্রাজমানান্ শ্রিয়া বৃতান্ ॥১৫॥
মহাহবে দীপ্যমানান্ সুবর্ণমুকুটোজ্জ্বলান্।
তত্যজুঃ সমরে ভীমং তব পুত্রা মহাবলাঃ ॥১৬॥ (যুগ্মকম্)
তান্ নামৃষ্যত কৌন্তেয়ো জীবমানা গতা ইতি।
অন্বীয় চ পুনঃ সর্বাংস্তব পুত্রানপীড়য়ৎ ॥১৭॥
অভিমন্যুঞ্চ সমরে ভীমসেনেন সংযুতম্।
পার্ষতেন চ সংপ্রেক্ষ্য তব সৈন্যে মহারথাঃ ॥১৮॥
দুর্য্যোধনপ্রভৃতয়ঃ প্রগৃহীতশরাসনাঃ।
ভৃশমশ্বৈঃ প্রজবিতৈঃ প্রযযুর্যত্র তে রথাঃ ॥১৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। তান্ অভিমন্যুপ্রভৃতীন্। শ্রিয়া বীরশোভয়া। ভীমং ভীমসেনম্ ॥১৫—১৬॥

তানিতি। নামৃষ্যত নাসহত, কৌন্তেয়ো ভীমসেনঃ, জীবমানা জীবন্তঃ। অন্বীয়া-নুসৃত্য ॥১৭॥

অভীতি। পার্ষতেন ধৃষ্টদ্যুম্নেন। প্রজবিতৈর্বিশেষবেগশালিভিঃ ॥১৮—১৯॥

মহারাজ! তাহার পর আপনার পুত্রেরা ভীমসেনকে পরিবেষ্টন করিয়াছেন দেখিয়া ভীমসেনের অনুগামী অভিমন্যুপ্রভৃতি সেই বার জন মহারথ যুধিষ্ঠিরের আদেশক্রমে আপনার মহাবল পুত্রগণের প্রতি ধাবিত হইলেন ॥১৩—১৪॥

তখন রথারোহী, বীর, চন্দ্র ও সূর্য্যের তুল্য তেজস্বী, মহাধনুর্দ্ধর, উজ্জ্বলমূর্ত্তি, বীরশোভায় শোভিত, সুবর্ণমুকুটের কিরণে উদ্ভাসিত এবং মহাযুদ্ধে অগ্রসর তাঁহাদের সকলকে দেখিয়া আপনার মহাবল পুত্রেরা ভীমসেনকে পরিত্যাগ করিলেন ॥১৫—১৬॥

তাঁহারা যে জীবিত থাকিয়াই যাইতে পারিলেন, ইহা ভীমসেন সহ্য করিলেন না। তাই তিনি অনুসরণ করিয়া আপনার সকল পুত্রকেই পুনরায় পীড়ন করিলেন ॥১৭॥

অভিমন্যু আসিয়া সমরাঙ্গনে ভীম ও ধৃষ্টদ্যুম্নের সহিত মিলিত হইয়াছেন ইহা দেখিয়া দুর্য্যোধনপ্রভৃতি আপনার সৈন্যের মহারথেরা ধনু ধারণ করিয়া মহাবেগযুক্তঘোটক-চালিত রথে আরোহণপূর্ব্বক—যেখানে সেই রথীরা ছিলেন, সেইখানে উপস্থিত হইলেন ॥১৮—১৯॥

অপরাহ্ণে ততো রাজন্ ! প্রাবর্ত্তত মহান্ রণঃ।
তাবকানাঞ্চ বলিনাং পরেষাঞ্চৈব ভারত ! ॥২০॥
অভিমন্যুর্বিকর্ণস্য হয়ান্ হত্বা মহাহবে।
অথৈনং পঞ্চবিংশত্যা ক্ষুদ্রকাণাং সমার্পয়ৎ ॥২১॥
হতাশ্বং রথমুৎসৃজ্য বিকর্ণস্তু মহারথঃ।
আরুরোহ রথং রাজন্ ! চিত্রসেনস্য ভাস্বরম্ ॥২২॥
স্থিতাবেকরথে তৌ তু ভ্রাতরৌ কুলবর্দ্ধনৌ।
আর্জ্জুনিঃ শরজালেন চ্ছাদয়ামাস ভারত ! ॥২৩॥
চিত্রসেনো বিকর্ণশ্চ কার্ষ্ণিং পঞ্চভিরায়সৈঃ।
বিব্যধাতে ন চাকম্পৎ কার্ষ্ণির্মেরুরিব স্থিতঃ ॥২৪॥
দুঃশাসনস্তু সমরে কৈকেয়ান্ পঞ্চ মারিষ ! ।
যোধয়ামাস রাজেন্দ্র ! তদদ্ভুতমিবাভবৎ ॥২৫॥

ভারতকৌমুদী

অপরাহ্ণ ইতি। তাবকানাং ত্বৎপক্ষীয়াণাম্, পরেষাং পাণ্ডবীয়ানাঞ্চ ॥২০॥
অভীতি। হয়ান্ রথাশ্বান্। ক্ষুদ্রকাণাং তদাখ্যানাং বাণবিশেষাণাম্ ॥২১॥
হতেতি। উৎসৃজ্য বিহায়। ভাস্বরম্ উজ্জ্বলম্ ॥২২॥
স্থিতাবিতি। তৌ বিকর্ণচিত্রসেনৌ। আর্জ্জুনিঃ অর্জ্জুনপুত্রোঽভিমন্যুঃ ॥২৩॥
চিত্রেতি। কৃষ্ণস্যার্জ্জুনস্যাপত্যমিতি কার্ষ্ণিরভিমন্যুস্তম্, আয়সৈর্লৌহময়ৈঃ শরৈঃ ॥২৪॥

ভরতনন্দন রাজা ! তাহার পর সেই অপরাহ্ণকালে আপনার পক্ষীয় ও পাণ্ডবপক্ষীয় বীরগণের মহাযুদ্ধ উপস্থিত হইল ॥২০॥

অভিমন্যু সেই মহাযুদ্ধে বিকর্ণের অশ্বগুলিকে বধ করিয়া পঁচিশটা ক্ষুদ্রক-দ্বারা তাঁহাকে পীড়ন করিলেন ॥২১॥

রাজা ! তখন মহারথ বিকর্ণ নিজের হতাশ্ব রথ পরিত্যাগ করিয়া চিত্র-সেনের উজ্জ্বল রথে যাইয়া আরোহণ করিলেন ॥২২॥

ভরতনন্দন ! তখন অভিমন্যু বাণজালদ্বারা একরথস্থিত বংশবর্দ্ধন সেই ভ্রাতৃযুগলকে আবৃত করিলেন ॥২৩॥

এদিকে চিত্রসেন এবং বিকর্ণও পাঁচ পাঁচটা লৌহময় বাণদ্বারা অভিমন্যুকে বিদ্ধ করিলেন ; কিন্তু অভিমন্যু তাহাতে কম্পিত হইলেন না, সুমেরুপর্ব্বতের ন্যায় স্থিরই রহিলেন ॥২৪॥

(২০) অপরাহ্ণে মহারাজ ! প্রাবর্ত্তত মহারণঃ…রা নি। (২২)…চিত্রসেনস্য ভারত !…রা নি। (২৪) দুর্জ্জয়োঽথ বিকর্ণশ্চ…পি বা।

দ্রৌপদেয়া রণে ক্রুদ্ধা দুর্য্যোধনমবারয়ন্।
শরৈরাশীবিষাকারৈঃ পুত্রং তব বিশাংপতে! ॥২৬॥
পুত্রোঽপি তব দুর্দ্ধর্ষো দ্রৌপদ্যাস্তনয়ান্ রণে।
সায়কৈর্নিশিতৈ রাজন্! আজঘান পৃথক্ পৃথক্ ॥২৭॥
তৈশ্চাপি বিদ্ধঃ শুশুভে রুধিরেণ সমুক্ষিতঃ।
গিরিঃ প্রস্রবণৈর্যদ্বদ্গৈরিকাদিবিমিশ্রিতৈঃ ॥২৮॥
ভীষ্মোঽপি সমরে রাজন্! পাণ্ডবানাং বরূথিনীম্।
কালয়ামাস বলবান্ পালঃ পশুগণানিব ॥২৯॥
ততো গাণ্ডীবনির্ঘোষঃ প্রাদুরাসীদ্বিশাংপতে!।
দক্ষিণেন বরূথিন্যাঃ পার্থস্যারীন্ বিনিঘ্নতঃ ॥৩০॥

ভারতকৌমুদী

দুঃশাসন ইতি। একস্য দুঃশাসনস্য পঞ্চভিঃ সহ যোধনমেবাদ্ভুতমিত্যাশয়ঃ ॥২৫॥
দ্রৌপেতি। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ। আশীবিষাকারৈর্দীর্ঘসর্পসদৃশৈঃ ॥২৬॥
পুত্র ইতি। তব পুত্রো দুর্য্যোধনোঽপি। সায়কৈর্বাণৈঃ ॥২৭॥
তৈরিতি। সমুক্ষিতঃ সিক্তগাত্রো দুর্য্যোধনঃ। প্রস্রবণৈর্ধারাভিঃ, গৈরিকো রক্তবর্ণোধাতুঃ ॥২৮॥
ভীষ্ম ইতি। বরূথিনীং সেনাম্। কালয়ামাস দময়ামাস, পালঃ পশুরক্ষকঃ ॥২৯॥
তত ইতি। বরূথিন্যাঃ কৌরবসেনায়াঃ, পার্থস্য অর্জ্জুনস্য গাণ্ডীবসাহচর্য্যাৎ ॥৩০॥

মাননীয় রাজশ্রেষ্ঠ! একাকী দুঃশাসন পাঁচ জন কৈকেয়ের সহিত যুদ্ধ করিতে লাগিলেন, তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইতে থাকিল ॥২৫॥

নরনাথ! দ্রৌপদীর পুত্রেরা ক্রুদ্ধ হইয়া দীর্ঘ সর্পতুল্য বাণসমূহদ্বারা সমরাঙ্গনে আপনার পুত্র দুর্য্যোধনকে বারণ করিতে লাগিলেন ॥২৬॥

রাজা! আপনার পুত্র দুর্দ্ধর্ষ দুর্য্যোধনও সুতীক্ষ্ণ বাণসমূহদ্বারা যুদ্ধে দ্রৌপদীর পুত্রগণকে পৃথক্ পৃথক্ ভাবে আঘাত করিতে থাকিলেন ॥২৭॥

তাঁহারাও বিদ্ধ করিলে, রক্তসিক্তদেহ দুর্য্যোধন—গৈরিকাদিমিশ্রিত ধাতুধারাদ্বারা সংসিক্ত পর্ব্বতের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥২৮॥

রাজা! পশুপালক যেমন পশুগণকে দমন করে, সেইরূপ বলবান্ ভীষ্মও যুদ্ধে পাণ্ডবসেনাকে দমন করিতে থাকিলেন ॥২৯॥

নরনাথ! তাহার পর কৌরবসৈন্যের দক্ষিণদিকে শত্রুসংহারে প্রবৃত্ত অর্জ্জুনেরও গাণ্ডীবধ্বনি হইতে লাগিল ॥৩০॥

(২৯)…পাণ্ডবানামনীকিনীম্…রা নি।

উত্তস্থুঃ সমরে তত্র কবন্ধানি সমন্ততঃ।
কুরূণাঞ্চৈব সৈন্যেষু পাণ্ডবানাঞ্চ ভারত ! ॥৩১॥
শোণিতোদং শরাবর্ত্তং গজদ্বীপং হয়োর্ম্মিণম্।
রথনৌভির্নরব্যাঘ্রাঃ প্রতেরুঃ সৈন্যসাগরম্ ॥৩২॥
ছিন্নহস্তা বিকবচা বিদেহাশ্চ নরোত্তমাঃ।
পতিতাস্তত্র দৃশ্যন্তে শতশোঽথ সহস্রশঃ ॥৩৩॥
নিহতৈর্মত্তমাতঙ্গৈঃ শোণিতৌঘপরিপ্লুতৈঃ।
ভূর্ভাতি ভরতশ্রেষ্ঠ ! পর্বতৈরাচিতা যথা ॥৩৪॥
তত্রাদ্ভুতমপশ্যাম তব তেষাঞ্চ ভারত ! ।
ন তত্রাসীৎ পুমান্ কশ্চিদ্‌যো যুদ্ধং নাভিকাঙ্ক্ষতি ॥৩৫॥

ভারতকৌমুদী

উত্তস্থুরিতি। কবন্ধানি স্পন্দনাদিক্রিয়াযুক্তাশ্ছিন্নশিরসো দেহাঃ ॥৩১॥

শোণিতোদমিতি। নরব্যাঘ্রা বীরাঃ, রথা এব নাবো নৌকাস্তাভিঃ, শোণিতানি রক্তান্যেব উদকানি যস্য তম্, শরা এব আবর্ত্তা জলভ্রময়ো যস্য তম্, গজা এব দ্বীপা যস্য তম্, হয়া অশ্বা এব উর্ম্ময়স্তরঙ্গা অস্য সন্তীতি তঞ্চ, ব্রীহ্যাদিত্বাদিন্, সৈন্যং সেনৈব সাগরস্তম্, প্রতেরুঃ উত্তীর্ণবন্তঃ। অত্র সাঙ্গং সমস্তবস্তুবিষয়ং রূপকমলঙ্কারঃ। আশয়াশ্চোন্নেয়াঃ ॥৩২॥

ছিন্নেতি। বিদেহা অন্যান্যাঙ্গচ্ছেদাদ্বিকৃতশরীরাঃ ॥৩৩॥

নিহতৈরিতি। ভূস্তৎসমরভূমিঃ, ভাতি স্ম। আচিতা ব্যাপ্তা ॥৩৪॥

তত্রেতি। সর্ব্বথা প্রাণনাশসম্ভবেঽপি যুদ্ধাভিকাঙ্ক্ষণমেবাদ্ভুতমিতি ভাবঃ ॥৩৫॥

ভরতনন্দন ! তখন সমরাঙ্গনের সকল দিকেই কৌরবসৈন্য ও পাণ্ডবসৈন্য-মধ্যে কবন্ধ উঠিতে লাগিল ॥৩১॥

রক্তই যাহার জল, বাণসমূহই যাহার আবর্ত্ত (ঘোলা জলভ্রমি), হস্তীই যাহার দ্বীপ এবং অশ্বই যাহার তরঙ্গ ছিল, সেই সৈন্যসমুদ্রকে রথরূপ নৌকা-দ্বারা বীরশ্রেষ্ঠেরা উত্তীর্ণ হইতে লাগিলেন ॥৩২॥

ক্রমে ছিন্নহস্ত, কবচশূন্য ও বিকৃতদেহ শত শত ও সহস্র সহস্র বীরশ্রেষ্ঠকে সেখানে পতিত দেখা যাইতে লাগিল ॥৩৩॥

ভরতশ্রেষ্ঠ ! সেই সমরভূমিটা নিহত ও রক্তাক্ত মত্তহস্তিগণদ্বারা পর্ব্বতব্যাপ্ত ভূমির ন্যায় দৃষ্টিগোচর হইতে থাকিল ॥৩৪॥

---

(৩১)…কবন্ধানি সহস্রশঃ…পি বা। (৩২)…মহাবর্ত্তম্…পি। (৩৩)…দৃশ্যন্তে পতিতা-স্তত্র…রা নি। (৩৫)…যোদ্ধুং নাবকাঙ্ক্ষতে…পি বা।

এবং যুযুধিরে বীরাঃ প্রার্থয়ানা মহদ্‌যশঃ।
তাবকাঃ পাণ্ডবৈঃ সার্দ্ধমাকাঙ্ক্ষন্তো জয়ং যুধি ॥৩৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ষষ্ঠদিবসযুদ্ধে সঙ্কুলযুদ্ধে পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

ষট্‌সপ্ততিতমোঽধ্যায়ঃ।

——:*:——

সঞ্জয় উবাচ।

ততো দুর্য্যোধনো রাজা লোহিতায়তি ভাস্করে।
সংগ্রামরভসো ভীমং হন্তুকামোঽভ্যধাবত ॥১॥
তমায়ান্তমভিপ্রেক্ষ্য নৃবীরং দৃঢ়বৈরিণম্।
ভীমসেনঃ সুসংক্রুদ্ধ ইদং বচনমব্রবীৎ ॥২॥

ভারতকৌমুদী

এবমিতি। প্রার্থয়ানাঃ প্রার্থয়মানাঃ। মকারাগমাভাব আর্ষঃ ॥৩৬॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

——(::)——

তত ইতি। লোহিতায়তি অস্তরাগেণ রক্তবর্ণে জাতে। সংগ্রামে রভসো বেগো যস্য সঃ ॥১॥

ভরতনন্দন! তখন আমরা আপনার পক্ষে ও পাণ্ডবপক্ষে একটা আশ্চর্য্য দেখিতে লাগিলাম যে, উভয় পক্ষেই যে যুদ্ধ করিতে ইচ্ছা না করে, এমন কোন লোকই সেখানে ছিল না ॥৩৫॥

এইভাবে আপনার পক্ষীয় বীরেরা মহাযশ ও যুদ্ধে জয় কামনা করিয়া পাণ্ডবগণের সহিত যুদ্ধ করিতে লাগিলেন' ॥৩৬॥

——০::০——

সঞ্জয় বলিলেন—'তাহার পর সূর্য্য রক্তবর্ণ হইয়া উঠিলে, রাজা দুর্য্যোধন যুদ্ধে আগ্রহান্বিত হইয়া ভীমকে বধ করিবার ইচ্ছা করিয়া তাঁহার প্রতি ধাবিত হইলেন ॥১॥

* '...অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ' বা ব রা নি।

CENTRAL LIBRARY

অয়ং স কালঃ সংপ্রাপ্তো বর্ষপূগাভিবাঞ্ছিতঃ।
অদ্য ত্বাং নিহনিষ্যামি যদি নোৎসৃজসে রণম্ ॥৩॥
অদ্য কুন্ত্যাঃ পরিক্লেশং বনবাসঞ্চ কৃৎস্নশঃ।
দ্রৌপদ্যাশ্চ পরিক্লেশং প্রণেষ্যামি হতে ত্বয়ি ॥৪॥
যৎ পুরা মৎসরী ভূত্বা পাণ্ডবানবমন্যসে।
তস্য পাপস্য গান্ধারে! পশ্য ব্যসনমাগতম্ ॥৫॥
কর্ণস্য মতমাস্থায় সৌবলস্য চ যৎ পুরা।
অচিন্ত্য পাণ্ডবান্ কামাদ্‌যথেষ্টং কৃতবানসি ॥৬॥
যাচমানঞ্চ যন্মোহাদ্দাশার্হমবমন্যসে।
উলূকস্য সমাদেশং যদ্দদাসি চ হৃষ্টবৎ ॥৭॥
তেন ত্বাং নিহনিষ্যামি সানুবন্ধং সবান্ধবম্।
শমীকরিষ্যে তৎ পাপং যৎ পুরা কৃতবানসি ॥৮॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

তমিতি। নৃষু বীরং প্রধানবীরমিত্যর্থঃ, দৃঢ়বৈরিণম্ অনপনেয়বৈরম্ ॥২॥

অয়মিতি। বর্ষাণাং পূগে সমূহে অভিবাঞ্ছিতঃ। নোৎসৃজসে ন ত্যজসি ॥৩॥

অদ্যেতি। বনবাসং বনবাসদুঃখম্। প্রণেষ্যামি অপনেষ্যামি ॥৪॥

যদিতি। মৎসরী অকারণবিদ্বেষী। গান্ধার্যা অপত্যমিতি গান্ধারিঃ, বাহ্বাদিত্বাদিনী-কারলোপে রূপম্। তৎসম্বোধনম্। ব্যসনং বিপদম্ ॥৫॥

কর্ণস্যেতি। আস্থায় অবলম্ব্য, সৌবলস্য শকুনেঃ। অচিন্ত্য অবজ্ঞায়। যাচমানং

মনুষ্যমধ্যে প্রধান বীর ও চিরশত্রু দুর্য্যোধনকে আসিতে দেখিয়া ভীমসেন অত্যন্তক্রুদ্ধ হইয়া এই কথা বলিলেন—॥২॥

'বহুবৎসর যাবৎ যাহার কামনা করিয়া আসিতেছি, এই সেই সময় উপস্থিত হইয়াছে। তুই যদি যুদ্ধ পরিত্যাগ না করিস্, তবে আজ তোকে বধ করিব ॥৩॥

আজ তোকে বধ করিয়া কুন্তীদেবীর সমস্ত কষ্ট, নিজেদের বনবাসের সমস্ত দুঃখ এবং দ্রৌপদীর সকল ক্লেশ দূর করিব ॥৪॥

গান্ধারীনন্দন! তুই বিনা কারণে বিদ্বেষী হইয়া পূর্বে পাণ্ডবগণকে যে অবজ্ঞা করিয়াছিলি, আজ সেই পাপের ফলে বিপদ্ উপস্থিত হইয়াছে—দেখ ॥৫॥

তুই কর্ণ ও শকুনির মত অবলম্বনপূর্ব্বক পাণ্ডবগণকে অগ্রাহ্য করিয়া পূর্ব্বে

(৫) যৎ পুরা মৎসরো ভূত্বা···পি বা।

এবমুক্ত্বা ধনুর্ঘোরং বিকৃষ্যোদ্‌ভ্রাম্য চাসকৃৎ।
সমাধত্ত শরান্ ঘোরান্ মহাশনিসমপ্রভান্ ॥৯॥
ষড়্‌বিংশত্তরসা ক্রুদ্ধো মুমোচাশু সুযোধনে।
জ্বলিতাগ্নিশিখাকারান্ বজ্রকল্পানজিহ্মগান্ ॥১০॥
ততোঽস্য কার্ম্মুকং দ্বাভ্যাং সূতং দ্বাভ্যাঞ্চ বিব্যধে।
চতুর্ভিরশ্বান্ জবনাননয়দ্‌যমসাদনম্ ॥১১॥

ভারতকৌমুদী

সন্ধিম্, দাশার্হং কৃষ্ণম্। উলুকস্য তদাখ্যস্য শকুনিপুত্রস্য, সমাদেশং পাণ্ডবানাং তিরস্কারায়াজ্ঞাম্। এতদুভয়মপ্যুপাখ্যানমুদ্‌যোগপর্ব্বণি দ্রষ্টব্যম্। সানুবন্ধম্ অনুচরৈঃ সহিতম্। শমীকরিষ্যে মৃত্যুযাতনাজননেন নিবর্ত্তয়িষ্যামি ॥৬—৮॥

এবমিতি। বিকৃষ্য আকৃষ্য, উদ্‌ভ্রাম্য ঊর্দ্ধে ঘূর্ণয়িত্বা। মহাশনির্মহাবজ্রম্ ॥৯॥

ষড়িতি। ষড়্‌বিংশং ষড়্‌বিংশতিসংখ্যকান্, তরসা বেগেন। অজিহ্মগান্ বাণান্ ॥১০॥

অথ গৃহীতানাং ষড়্‌বিংশতিশরাণাং মধ্যে কুত্র কতীনাং প্রয়োগ ইত্যাহ ষড়্‌ভিঃ। তত ইতি। দ্বাভ্যাং বাণাভ্যাম্, সূতং সারথিম্। জবনান্ বেগবতঃ ॥১১॥

তাঁহাদের প্রতি যে যথেচ্ছ ব্যবহার করিয়াছিলি, কৃষ্ণ যাইয়া সন্ধির প্রার্থনা করিলেও তুই মোহবশতঃ তাঁহার প্রতি যে অবজ্ঞা দেখাইয়াছিলি এবং তুই আনন্দিত হইয়াই যেন পাণ্ডবগণকে তিরস্কার করিবার জন্য উলূকের প্রতি যে আদেশ দিয়াছিলি, সেই সকল অপরাধে আজ তোকে অনুচর ও বন্ধুবর্গের সহিত বধ করিব এবং পূর্ব্বে অন্য যে সকল পাপ করিয়াছিলি, তাহারও শাস্তি করিব' ॥৬—৮॥

এইরূপ বলিয়া ভীমসেন ভয়ঙ্কর ধনু আকর্ষণপূর্ব্বক বার বার তাহা আঘূর্ণিত করিয়া মহাবজ্রতুল্য কতকগুলি ভীষণ বাণ গ্রহণ করিলেন ॥৯॥

এবং তিনি ক্রুদ্ধ হইয়া প্রজ্বলিত অগ্নিশিখার তুল্য উজ্জ্বল ও বজ্রের তুল্য বেগবান্ ছাব্বিশটা বাণ বেগে দুর্য্যোধনের প্রতি সত্বর নিক্ষেপ করিবার উদ্‌যোগ করিলেন ॥১০॥

তৎপরে তিনি তাহার দুইটা বাণদ্বারা দুর্য্যোধনের ধনু ছেদন করিয়া ফেলিলেন, দুইটা বাণদ্বারা সারথিকে বিদ্ধ করিলেন এবং চারিটা বাণদ্বারা রথের বেগবান্ চারিটা অশ্বকে যমালয়ে পাঠাইলেন ॥১১॥

(৯)···সমাদায় শরান্ ঘোরান্ মহাশনিসমস্বনান্—পি বা। (১০) ষড়্‌বিংশং তরসা··· পি, ষড়্‌বিংশতিমসংক্রুদ্ধঃ···রা নি।

CENTRAL LIBRARY

দ্বাভ্যাঞ্চ সুবিকৃষ্টাভ্যাং শরাভ্যামরিমর্দ্দিনঃ।
ছত্রং চিচ্ছেদ সমরে রাজ্ঞস্তস্য নরোত্তম ! ॥১২॥
ষড়্‌ভিশ্চ তস্য চিচ্ছেদ জ্বলন্তং ধ্বজমুত্তমম্।
ছিত্ত্বা তঞ্চ ননাদোচ্চৈস্তব পুত্রস্য পশ্যতঃ ॥১৩॥
রথাচ্চ স ধ্বজঃ শ্রীমান্ নানারত্নবিভূষিতঃ।
পপাত সহসা ভূমৌ বিদ্যুজ্জলধরাদিব ॥১৪॥
জ্বলন্তং সূর্য্যসঙ্কাশং নাগং মণিময়ং শুভম্।
ধ্বজং কুরুপতেশ্ছিন্নং দদৃশুঃ সর্বপার্থিবাঃ ॥১৫॥
অথৈনং দশভির্বাণৈস্তোত্রৈরিব মহাদ্বিপম্।
আজঘান রণে ভীমঃ স্ময়ন্নিব মহারথঃ ॥১৬॥

ভারতকৌমুদী

দ্বাভ্যামিতি। সুবিকৃষ্টাভ্যাম্ অত্যাকৃষ্টধনুর্নিক্ষিপ্তাভ্যাম্। তস্য দুর্য্যোধনস্য ॥১২॥
ষড়্‌ভিরিতি। জ্বলন্তং মণিরত্নাদিখচিতত্বাৎ। পুত্রস্য দুর্য্যোধনস্য ॥১৩॥
রথাদিতি। শ্রীমান্ শোভাবান্। জলধরান্মেঘাৎ বিদ্যুদিব পপাত ॥১৪॥
জ্বলন্তমিতি। নাগং নাগলাঞ্ছনম্। ধ্বজং তং পতিতমেব ॥১৫॥
অথেতি। তোত্রৈরঙ্কুশবিশেষৈঃ, মহাদ্বিপং বিশালহস্তিনম্। স্ময়ন্ স্ময়মানঃ ॥১৬॥

নরশ্রেষ্ঠ ! তৎপরে শত্রুমর্দ্দন ভীমসেন ধনুখানাকে অত্যন্ত আকর্ষণ করিয়া দুইটা বাণদ্বারা দুর্য্যোধনের ছত্রটা ছেদন করিলেন ॥১২॥

তদনন্তর তিনি ছয়টা বাণদ্বারা দুর্য্যোধনের উজ্জ্বল ও উত্তম ধ্বজটাকে ছেদন করিলেন এবং ধ্বজটাকে ছেদন করিয়াই তাঁহার সমক্ষে উচ্চস্বরে সিংহনাদ করিয়া উঠিলেন ॥১৩॥

নানারত্নভূষিত ও শোভাযুক্ত সেই ধ্বজটা, মেঘ হইতে বিদ্যুতের ন্যায় তৎক্ষণাৎ রথ হইতে ভূতলে পতিত হইল ॥১৪॥

মণিময়, সূর্য্যের ন্যায় উজ্জ্বল, নাগচিহ্নিত ও সুন্দর সেই দুর্য্যোধনের ছিন্ন ধ্বজটাকে রাজারা সকলে দেখিতে লাগিলেন ॥১৫॥

তাহার পর মাহুত যেমন অঙ্কুশদ্বারা বিশাল হস্তীকে আঘাত করে, সেইরূপ মহারথ ভীমসেন ঈষৎ হাস্য করিতে করিতেই যেন দশটা বাণদ্বারা দুর্য্যোধনকে আঘাত করিলেন ॥১৬॥

(১২)···চিচ্ছেদ সমরে ছত্রং রাজস্তস্য রথোত্তমাৎ—পি বা। (১৩) ত্রিভিশ্চ তস্য··· পি বা। (১৪)···নানারত্নবিভূষিতাৎ···রা নি। (১৬)···আজঘান রণে বীরম্···রা নি।

স গাঢ়বিদ্ধো ব্যথিতো ভীমসেনেন সংযুগে।
নিষসাদ রথোপস্থে মূর্চ্ছাভিহতচেতনঃ ॥১৭॥
ততঃ স রাজা সিন্ধূনাং রথশ্রেষ্ঠো মহাবলঃ।
দুর্য্যোধনস্য জগ্রাহ পার্ষ্ণিং সৎপুরুষৈর্বৃতঃ ॥১৮॥
কৃপশ্চ রথিনাং শ্রেষ্ঠস্তব পুত্রমচেতনম্।
আরোপয়দ্রথং রাজন্! দুর্য্যোধনমমর্ষণম্ ॥১৯॥
পরিবার্য্য ততো ভীমং জেতুকামো জয়দ্রথঃ।
রথৈরনেকসাহস্রৈর্ভীমস্যাবারয়দ্দিশঃ ॥২০॥
ধৃষ্টকেতুস্ততো রাজন্! অভিমন্যুশ্চ বীর্য্যবান্।
কৈকেয়া দ্রৌপদেয়াশ্চ তব পুত্রানযোধয়ন্ ॥২১॥
চিত্রসেনঃ সুচিত্রশ্চ চিত্রাঙ্গশ্চিত্রদর্শনঃ।
চারুচিত্রঃ সুচারুশ্চ তথা নন্দোপনন্দকৌ ॥২২॥

ভারতকৌমুদী

স ইতি। নিষসাদ উপবিবেশ, রথস্য উপস্থে উপরিদেশে ॥১৭॥

তত ইতি। সিন্ধূনাং সিন্ধুদেশস্য, রাজা জয়দ্রথঃ। পার্ষ্ণিং পৃষ্ঠভাগম্ ॥১৮॥

কৃপ ইতি। অমর্ষণম্ অসহিষ্ণুম্ ॥১৯॥

পরীতি। পরিবার্য্য পরিবেষ্ট্য। অবারয়ৎ পর্য্যবেষ্টত ॥২০॥

ধৃষ্টেতি। ধৃষ্টকেতুঃ শিশুপালপুত্রঃ, কৈকেয়াঃ পঞ্চ ভ্রাতরঃ, দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ ॥২১॥

তখন ভীমসেনকর্ত্তৃক যুদ্ধে গাঢ়বিদ্ধ ও ব্যথার্ত্ত দুর্য্যোধন, মূর্চ্ছা আসিয়া চৈতন্য লোপ করিতে থাকায় রথের উপরে উপবেশন করিলেন ॥১৭॥

তদনন্তর রথিশ্রেষ্ঠ ও মহাবল সিন্ধুরাজ জয়দ্রথ মহাবীরগণে পরিবেষ্টিত হইয়া দুর্য্যোধনের পিছনে আসিয়া উপস্থিত হইলেন ॥১৮॥

রাজা! এদিকে রথিশ্রেষ্ঠ কৃপাচার্য্য আসিয়া অসহিষ্ণুস্বভাব ও অচেতন দুর্য্যোধনকে নিজের রথে তুলিয়া লইলেন ॥১৯॥

তৎপরে জয়দ্রথ পরিবেষ্টনপূর্ব্বক ভীমসেনকে জয় করিবার ইচ্ছা করিয়া বহুসহস্র রথদ্বারা ভীমের সকল দিক্ পরিবেষ্টন করিলেন ॥২০॥

রাজা! তাহার পর ধৃষ্টকেতু, বলবান্ অভিমন্যু, কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতা এবং দ্রৌপদীর পুত্রেরা আপনার পুত্রদের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥২১॥

(১৭) অয়ং শ্লোকঃ পি বা পরস্তাদ্বিন্যস্তঃ। (১৯)…শ্রেষ্ঠঃ কৌরব্যমমিতৌজসম্…পি বা। (২০) পরিবার্য্য রণে ভীমম্…পি বা।

CENTRAL LIBRARY

অষ্টাবেতে মহেষ্বাসাঃ সুকুমারা যশস্বিনঃ।
অভিমন্যুং মহারাজ! সমন্তাৎ পর্য্যবারয়ন্ ॥২৩॥ (যুগ্মকম্)
আজঘান ততস্তূর্ণমভিমন্যুর্মহামনাঃ।
একৈকং পঞ্চভির্বাণৈঃ শিতৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥২৪॥
বজ্রমৃত্যুপ্রতীকাশৈর্বিচিত্রায়ুধনিঃসৃতৈঃ।
অমৃষ্যমাণাস্তে সর্ব্বে সৌভদ্রং রথসত্তমম্ ॥২৫॥
বরুষুর্মার্গণৈস্তীক্ষ্ণৈর্গিরিং মেরুমিবাম্বুদাঃ।
স পীড্যমানঃ সমরে কৃতাস্ত্রো যুদ্ধদুর্ম্মদঃ ॥২৬॥
অভিমন্যুর্মহারাজ! তাবকান্ সমকম্পয়ৎ।
যথা দেবাসুরে যুদ্ধে বজ্রপাণির্মহাসুরান্ ॥২৭॥ (বিশেষকম্)
বিকর্ণায় তথা ভল্লান্ প্রেষয়ামাস ভারত!।
চতুর্দ্দশ রথশ্রেষ্ঠো ঘোরানাশীবিষোপমান্ ॥২৮॥

ভারতকৌমুদী

চিত্রেতি। উপনন্দকেতি সংজ্ঞায়াং কপ্রত্যয়ঃ। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ ॥২২—২৩॥
আজঘানেতি। একৈকমিতি বীপ্সাদর্শনাৎ পঞ্চভিরিত্যপিত্রা বীপ্সাবগন্তব্যা ॥২৪॥
বজ্রেতি। বিচিত্রায়ুধানি ধনূংষি। অমৃষ্যমাণা অসহমানাঃ, সৌভদ্রমভিমন্যুম্।
মার্গণৈর্বাণৈঃ। অম্বুদা মেঘা বারিভিরিতি শেষঃ। তাবকান্ ত্বৎপুত্রান্ ॥২৫—২৭॥
বিকর্ণায়েতি। ভল্লান্ বাণবিশেষান্। রথশ্রেষ্ঠোঽভিমন্যুঃ ॥২৮॥

মহারাজ! পরে চিত্রসেন, সুচিত্র, চিত্রাঙ্গ, চিত্রদর্শন, চারুচিত্র, সুচারু, নন্দ ও উপনন্দ এই আট জন কোমলাঙ্গ, যশস্বী ও মহাধনুর্দ্ধর বীর সকল দিকে অভিমন্যুকে বেষ্টন করিলেন ॥২২—২৩॥

তদনন্তর মহামনা অভিমন্যু সত্বর সুতীক্ষ্ণ ও নতপর্ব পাঁচ পাঁচটা বাণদ্বারা তাঁহাদের এক এক জনকে বিদ্ধ করিলেন ॥২৪॥

মহারাজ! তখন মেঘসমূহ যেমন সুমেরুপর্বতের উপরে বারি বর্ষণ করে, সেইরূপ সেই অসহিষ্ণু আট জন বীর রথিশ্রেষ্ঠ অভিমন্যুর উপরে বিচিত্র ধনু হইতে নির্গত বজ্র ও মৃত্যুর তুল্য তীক্ষ্ণ বাণ সকল বর্ষণ করিতে লাগিলেন। এই সময়ে—পূর্ব্বকালে ইন্দ্র যেমন দেবাসুরযুদ্ধে মহাসুরগণকে কম্পিত করিতেন, সেইরূপ শিক্ষিতাস্ত্র ও যুদ্ধদুর্দ্ধর্ষ অভিমন্যু যুদ্ধে পীড়িত হইতে থাকিয়া আপনার পুত্রগণকে কম্পিত করিতে লাগিলেন ॥২৫—২৭॥

(২৩)···অভিমন্যুরথং রাজন্! সমন্তাৎ···রা নি। (২৮) বিকর্ণস্য ততো ভল্লান্···রা নি।

CENTRAL LIBRARY

স তৈর্বিকর্ণস্য রথাৎ পাতয়ামাস বীর্য্যবান্।
ধ্বজং সূতং হয়াংশ্চৈব নৃত্যমান ইবাহবে ॥২৯॥
পুনশ্চান্যান্ শরান্ পীতানকুণ্ঠাগ্রান্ শিলাশিতান্।
প্রেষয়ামাস সংক্রুদ্ধো বিকর্ণায় মহাবলঃ ॥৩০॥
তে বিকর্ণং সমাসাদ্য কঙ্কবর্হিণবাসসঃ।
ভিত্ত্বা দেহং গতা ভূমিং জ্বলন্ত ইব পন্নগাঃ ॥৩১॥
তে শরা হেমপুঙ্খাগ্রা ব্যদৃশ্যন্ত মহীতলে।
বিকর্ণরুধিরক্লিন্না বমন্ত ইব শোণিতম্ ॥৩২॥
বিকর্ণং বীক্ষ্য নির্ভিন্নং তস্যৈবান্যে সহোদরাঃ।
অভ্যদ্রবন্ত সমরে সৌভদ্রপ্রমুখান্ রথান্ ॥৩৩॥

ভারতকৌমুদী

স ইতি। সূতং সারথিম্, হয়ান্ রথাশ্বান্, নৃত্যমানো নৃত্যন্ ॥২৯॥
পুনরিতি। পীতান্ প্রাক্ শত্রূণাং পীতরক্তান্, অকুণ্ঠাগ্রান্ তীক্ষ্ণমুখান্ ॥৩০॥
ত ইতি। কঙ্কবর্হিণৌ লোহপুষ্ঠময়ূরপক্ষা বাসাংসি আচ্ছাদকা যেষাং তে ॥৩১॥
ত ইতি। শোণিতং বমন্ত ইব, মুখাদ্রুধিরপতনাদিতি ভাবঃ ॥৩২॥
বিকর্ণমিতি। অভ্যদ্রবন্ত অভ্যধাবন্, সৌভদ্রপ্রমুখান্ অভিমন্যুপ্রভৃতীন্ ॥৩৩॥

ভরতনন্দন! ক্রমে রথিশ্রেষ্ঠ অভিমন্যু সর্পের তুল্য ভয়ঙ্কর চৌদ্দটা ভল্ল বিকর্ণের প্রতি নিক্ষেপ করিলেন ॥২৮॥

বলবান্ অভিমন্যু যুদ্ধে যেন নৃত্য করিতে থাকিয়া সেই ভল্লগুলিদ্বারা বিকর্ণের রথ হইতে তাঁহার ধ্বজ, সারথি ও অশ্বগুলিকে নিপাতিত করিলেন ॥২৯॥

এবং মহাবল অভিমন্যু অত্যন্তক্রুদ্ধ হইয়া পুনরায় অন্য কতকগুলি রক্তপায়ী, তীক্ষ্ণমুখ ও শিলাশাণিত বাণ বিকর্ণের প্রতি নিক্ষেপ করিলেন ॥৩০॥

কঙ্ক (হাড়গিলা) ও ময়ূরপক্ষযুক্ত এবং উজ্জ্বল সেই বাণগুলি বিকর্ণের নিকট যাইয়া তাঁহার দেহ ভেদ করিয়া সর্পের ন্যায় ভূতলে পতিত হইল ॥৩১॥

তখন দেখা গেল—স্বর্ণপুঙ্খ সেই বাণগুলি বিকর্ণের রক্তে সিক্ত হওয়ায় যেন ভূতলে রক্ত বমন করিতেছে ॥৩২॥

বিকর্ণকে বিদীর্ণদেহ দেখিয়া তাঁহার অন্য সহোদরেরা যুদ্ধে অভিমন্যুপ্রভৃতি রথীদিগের প্রতি ধাবিত হইলেন ॥৩৩॥

(২৯)···হয়াংশ্চাপম্···পি বা। (৩০)···অকুণ্ঠাগ্রানজিহ্মগান্···পি বা।

CENTRAL LIBRARY

অভিযায় তথৈবাশু রথাংস্তান্ সূর্য্যবর্চ্চসঃ।
অবিধ্যন্ সমরেঽন্যোন্যং সংরব্ধা যুদ্ধদুর্ম্মদাঃ ॥৩৪॥
দুর্ম্মুখঃ শ্রুতকর্ম্মাণং বিদ্ধা সপ্তভিরাশুগৈঃ।
ধ্বজমেকেন চিচ্ছেদ সারথিঞ্চাস্য সপ্তভিঃ ॥৩৫॥
অশ্বান্ জাম্বূনদৈর্জালৈঃ প্রচ্ছন্নান্ বাতরংহসঃ।
জঘান ষড়্ভিরাসাদ্য সারথিঞ্চাভ্যপাতয়ৎ ॥৩৬॥
স হতাশ্বে রথে তিষ্ঠন্ শ্রুতকর্ম্মা মহাবলঃ।
শক্তিঞ্চিক্ষেপ সংক্রুদ্ধো মহোল্কাং জ্বলিতামিব ॥৩৭॥
সা দুর্ম্মুখস্য বিমলং বর্ম্ম ভিত্ত্বা যশস্বিনঃ।
বিদার্য্য প্রাবিশদ্ভূমিং দীপ্যমানা স্বতেজসা ॥৩৮॥
দুর্ম্মুখো বিহ্বলস্তত্র নিষসাদ রণে বিভো!।
বিসংজ্ঞং প্রেক্ষ্য তে সর্বে ভ্রাতরঃ পর্য্যবারয়ন্ ॥৩৯॥

ভারতকৌমুদী

অভীতি। সূর্য্যবর্চ্চসঃ সূর্য্যতুল্যোজ্জ্বলান্। সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ ॥৩৪॥
দুর্ম্মুখ ইতি। দ্রৌপদ্যা গর্ভে অর্জ্জুনাজ্জাতঃ শ্রুতকর্ম্মা তম্। আশুগৈর্বাণৈঃ ॥৩৫॥
অশ্বানিতি। জাম্বূনদৈঃ স্বর্ণময়ৈঃ, বাতরংহসো বায়ুবেগান্ ॥৩৬॥
স ইতি। শক্তিমস্ত্রবিশেষম্ ॥৩৭॥
সেতি। বিদার্য্য দেহং বিভিদ্য ॥৩৮॥

সূর্য্যের ন্যায় উজ্জ্বল সেই রথগুলির নিকটে সত্বর যাইয়া ক্রুদ্ধ ও যুদ্ধদুর্দ্ধর্ষ সেই বীরেরা যুদ্ধে পরস্পর বিদ্ধ করিতে লাগিলেন ॥৩৪॥

দুর্ম্মুখ সাতটা বাণদ্বারা শ্রুতকর্ম্মাকে বিদ্ধ করিয়া একটা বাণদ্বারা তাঁহার ধ্বজ ছেদন এবং সাতটা বাণদ্বারা তাঁহার সারথিকে তাড়ন করিলেন ॥৩৫॥

আর দুর্ম্মুখ ছয়টা বাণদ্বারা স্বর্ণজালে আবৃত এবং বায়ুর ন্যায় বেগবান্ অশ্বগুলিকে বধ ও সারথিকে নিপাত করিলেন ॥৩৬॥

তখন মহাবল ও অত্যন্তক্রুদ্ধ শ্রুতকর্ম্মা সেই হতাশ্ব রথে থাকিয়াই উজ্জ্বল মহোল্কার ন্যায় একটা শক্তি দুর্ম্মুখের প্রতি নিক্ষেপ করিলেন ॥৩৭॥

আপন তেজে জাজ্বল্যমান সেই শক্তিটা যাইয়া দুর্ম্মুখের নির্ম্মল বর্ম্ম ও দেহ ভেদ করিয়া ভূমিতে প্রবেশ করিল ॥৩৮॥

(৩৪) অভিযায়া···রা নি। (৩৭)···শ্রুতকর্ম্মা মহারথঃ···রা নি। (৩৮) সা দুর্ম্মুখস্য বিপুলং মর্ম্ম ভিত্ত্বা···পি বা।

তং দৃষ্ট্বা বিরথং তত্র সুতসোমো মহাবলঃ।
পশ্যতাং সর্বসৈন্যানাং রথমারোপয়ৎ স্বকম্ ॥৪০॥
শ্রুতকীর্ত্তিস্তথা বীরো জয়ৎসেনং সুতং তব।
অভ্যয়াৎ সমরে রাজন্! হন্তুকামো যশস্বিনম্ ॥৪১॥
তস্য বিক্ষিপতশ্চাপং শ্রুতকীর্ত্তের্মহাস্বনম্।
চিচ্ছেদ সমরে তূর্ণং জয়ৎসেনঃ সুতস্তব ॥৪২॥
ক্ষুরপ্রেণ সুতীক্ষ্ণেণ প্রহসন্নিব ভারত!।
তং দৃষ্ট্বা চ্ছিন্নধন্বানং শতানীকঃ সহোদরম্ ॥৪৩॥
অভ্যাপতত তেজস্বী সিংহবদ্বিনদন্ মুহুঃ।
শতানীকস্তু সমরে দৃঢ়ং বিস্ফার্য্য কার্ম্মুকম্ ॥৪৪॥
বিব্যাধ দশভিস্তূর্ণং জয়ৎসেনং শিলীমুখৈঃ।
ননাদ সুমহানাদং প্রভিন্ন ইব বারণঃ ॥৪৫॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

দুর্ম্মুখ ইতি। নিষসাদ উপবিবেশ। পর্য্যবারয়ন্ পর্য্যবেষ্টন্ত ॥৩৯॥

তমিতি। তং শ্রুতকর্ম্মাণম্। দ্রৌপদ্যা গর্ভে ভীমাজ্জাতঃ সুতসোমঃ ॥৪০॥

শ্রুতেতি। দ্রৌপদ্যা গর্ভে সহদেবাজ্জাতস্য শ্রুতসেনস্যৈব নামান্তরং শ্রুতকীর্ত্তিরিতি ॥৪১॥

তস্যেতি। বিক্ষিপত আকর্ষতঃ। শতানীকো দ্রৌপদ্যা গর্ভে নকুলাজ্জাতঃ। অতএব ভিন্নপুরুষজাতত্বেঽপি একোদরজাতত্বাৎ শ্রুতকীর্ত্তিশতানীকয়োঃ সহোদরত্বম্। বিস্ফার্য্য আকৃষ্য। শিলীমুখৈর্বাণৈঃ। ননাদ চকার। প্রভিন্নো মদস্রাবী, বারণো হস্তী ॥৪২—৪৫॥

রাজা! তখন দুর্ম্মুখ বিহ্বল হইয়া সেখানে উপবেশন করিলেন। এই সময়ে তাঁহার ভ্রাতারা সকলে তাঁহাকে অচৈতন্য দেখিয়া পরিবেষ্টন করিলেন ॥৩৯॥

ওদিকে মহাবল সুতসোম শ্রুতকর্ম্মাকে বিরথ দেখিয়া সমস্ত সৈন্যের সমক্ষেই তাঁহাকে আপন রথে তুলিয়া লইলেন ॥৪০॥

ক্রমে বীর শ্রুতকীর্ত্তি (শ্রুতসেন) যুদ্ধে আপনার পুত্র যশস্বী জয়ৎসেনকে বধ করিবার ইচ্ছা করিয়া সেই দিকে ধাবিত হইলেন ॥৪১॥

ভরতনন্দন! আপনার পুত্র জয়ৎসেন হাসিতে হাসিতেই যেন একটা সুতীক্ষ্ণ ক্ষুরপ্রদ্বারা সত্বর যুদ্ধে আকর্ষণকারী শ্রুতকীর্ত্তির মহাশব্দায়মান ধনুখানাকে ছেদন করিলেন; তখন তেজস্বী শতানীক শ্রুতকীর্ত্তিকে ছিন্নকার্ম্মুক দেখিয়া

(৪০)···সুতসোমো মহারথঃ···রা নি। (৪২) শ্রুতকীর্ত্তের্মহাত্মনঃ··· সমরে রাজন্!···পি বা।

CENTRAL LIBRARY

তথান্যেন সুতীক্ষ্ণেন সর্বাবরণভেদিনা।
শতানীকো জয়ৎসেনং বিব্যাধ হৃদয়ে ভৃশম্ ॥৪৬॥
তথা তস্মিন্ বর্ত্তমানে দুষ্কর্ণো ভ্রাতুরন্তিকে।
চিচ্ছেদ সমরে চাপং নাকুলেঃ ক্রোধমূর্চ্ছিতঃ ॥৪৭॥
অথান্যদ্ধনুরাদায় ভারসাহমনুত্তমম্।
সমাধত্ত শরান্ ঘোরান্ শতানীকো মহাবলঃ ॥৪৮॥
তিষ্ঠ তিষ্ঠেতি চামন্ত্র্য দুষ্কর্ণং ভ্রাতুরগ্রতঃ।
মুমোচাস্মৈ শিতান্ বাণান্ জ্বলিতান্ পন্নগানিব ॥৪৯॥
ততোঽস্য ধনুরেকেন দ্বাভ্যাং সূতঞ্চ মারিষ!।
চিচ্ছেদ সমরে তূর্ণং তঞ্চ বিব্যাধ সপ্তভিঃ ॥৫০॥

ভারতকৌমুদী

তথেতি। অন্যেন শিলীমুখেন, সর্বাবরণভেদিনা বর্ম্মাদিবিদারিণা ॥৪৬॥
তথেতি। দুষ্কর্ণো ধার্ত্তরাষ্ট্রঃ। নাকুলের্নকুলপুত্রস্য শতানীকস্য ॥৪৭॥
অথেতি। ভারং সাতিশয়াকর্ষণং সহত ইতি ভারসাহম্, অনুত্তমং সর্ব্বোৎকৃষ্টম্ ॥৪৮॥
তিষ্ঠেতি। আমন্ত্র্য উক্ত্বা। ভ্রাতুর্জয়ৎসেনস্য। অস্মৈ দুষ্কর্ণায় ॥৪৯॥
তত ইতি। সূতং সারথিম্, হে মারিষ! আর্য্য!। সপ্তভির্বাণৈঃ ॥৫০॥

বার বার সিংহনাদ করিতে থাকিয়া উপস্থিত হইলেন এবং তিনি আপন ধনুখানাকে অত্যন্ত আকর্ষণ করিয়া সত্বর দশটা বাণদ্বারা জয়ৎসেনকে বিদ্ধ করিলেন, আর মদস্রাবী হস্তীর ন্যায় বিশাল গর্জন করিয়া উঠিলেন ॥৪২—৪৫॥

এবং শতানীক সর্ব্বাবরণভেদী অন্য একটা সুতীক্ষ্ণ বাণদ্বারা জয়ৎসেনের বক্ষস্থল অত্যন্ত বিদ্ধ করিলেন ॥৪৬॥

সেই যুদ্ধ সেইভাবে চলিতে লাগিলে, দুষ্কর্ণভ্রাতা জয়ৎসেনের নিকটে থাকিয়া ক্রোধে অধীর হইয়া শতানীকের ধনু ছেদন করিলেন ॥৪৭॥

তাহার পর মহাবল শতানীক অন্য একখানা দৃঢ় ও সর্ব্বোৎকৃষ্ট ধনু লইয়া কতকগুলি ভয়ঙ্কর বাণ সন্ধান করিলেন ॥৪৮॥

এবং ভ্রাতার সম্মুখবর্ত্তী দুষ্কর্ণকে 'থাক থাক' এইরূপ বলিয়া শতানীক সর্পের ন্যায় দীর্ঘ, সুতীক্ষ্ণ ও উজ্জ্বল কতকগুলি বাণ দুষ্কর্ণের প্রতি নিক্ষেপ করিলেন ॥৪৯॥

(৪৬) অথান্যেন…রা নি। (৪৭)…চিচ্ছেদ সশরং চাপম্…পি বা। (৪৮)…সমাদত্ত শরান্ ঘোরান্…রা নি।

অশ্বান্ মনোজবাংশ্চাস্য কল্মষান্ বীতকল্মষঃ।
জঘান নিশিতৈস্তীক্ষ্ণৈঃ সর্বান্ দ্বাদশভিঃ শরৈঃ ॥৫১॥
অথাপরেণ ভল্লেন সুমুক্তেনারিঘাতিনা।
দুষ্কর্ণং সমরে রাজন্! ক্রুদ্ধো বিব্যাধ পত্রিণা ॥৫২॥
স পপাত ততো ভূমৌ বজ্রাহত ইব দ্রুমঃ।
দুষ্কর্ণং ব্যথিতং দৃষ্ট্বা পঞ্চ রাজন্! মহারথাঃ ॥৫৩॥
জিঘাংসন্তঃ শতানীকং সর্বতঃ পর্য্যবারয়ন্।
ছাদ্যমানং শরব্রাতৈঃ শতানীকং যশস্বিনম্ ॥৫৪॥
অভ্যধাবন্ত সংক্রুদ্ধাঃ কেকয়াঃ পঞ্চ সোদরাঃ।
তানভ্যাপততঃ প্রেক্ষ্য তব পুত্রা মহারথাঃ ॥৫৫॥

ভারতকৌমুদী

অশ্বানিতি। মনোজবান্ মনোবদ্বেগবতঃ, কল্মষান্ কর্বুরবর্ণান্ ॥৫১॥
অথেতি। ভল্লেন পত্রিণা ভল্লাখ্যেন বাণেন ॥৫২॥
স ইতি। স দুষ্কর্ণঃ। জিঘাংসন্তো হন্তুমিচ্ছন্তঃ। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ।

মাননীয় রাজা! তাহার পর শতানীক একটা বাণদ্বারা দুষ্কর্ণের ধনু এবং দুইটা বাণদ্বারা তাঁহার সারথিকে ছেদন করিলেন, আর সাতটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৫০॥

পরে নিষ্পাপ শতানীক শিলাশাণিত ও সুতীক্ষ্ণ বারটা বাণদ্বারা মনের ন্যায় বেগবান্ ও কর্বুরবর্ণ সকল অশ্বকে বধ করিলেন ॥৫১॥

রাজা! তৎপরে ক্রুদ্ধ শতানীক শত্রুনাশক একটা ভল্লদ্বারা যুদ্ধে দুষ্কর্ণকে বিদ্ধ করিলেন ॥৫২॥

তদনন্তর দুষ্কর্ণ বজ্রাহত বৃক্ষের ন্যায় ভূতলে পতিত হইলেন। রাজা! তখন কৌরবপক্ষীয় পাঁচজন মহারথ দুষ্কর্ণকে ব্যথিত দেখিয়া শতানীককে বধ করিবার ইচ্ছা করিয়া সকল দিক্ হইতে তাঁহাকে বেষ্টন করিলেন। এই সময়ে কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতারা অত্যন্তক্রুদ্ধ হইয়া বিপক্ষের বাণসমূহদ্বারা আচ্ছাদ্যমান যশস্বী শতানীকের প্রতি (তাঁহাকে রক্ষা করিবার জন্য) ধাবিত হইলেন। মহারাজ! তাঁহাদিগকে আসিতে দেখিয়া—মহাহস্তিগণ যেমন প্রতিহস্তি-

(৫১) অশ্বান্ মনোজবাংস্তস্য কর্বুরান্ বাতরংহসঃ···নিশিতৈস্তূর্ণম্···রা নি। (৫২)··· সুমুক্তেনাশুপাতিনা···বিব্যাধ হৃদয়ে ভৃশম্—রা নি। (৫৩)··হতো ভূমৌ···নিহতং দৃষ্ট্বা···পি বা।

প্রত্যুদ্যযুর্মহারাজ ! গজানিব মহাগজাঃ ।
দুর্ম্মুখো দুর্জয়শ্চৈব তথা দুর্ম্মর্ষণো যুবা ॥৫৬॥
শত্রুঞ্জয়ঃ শত্রুসহঃ সর্বে ক্রুদ্ধা যশস্বিনঃ ।
প্রত্যুদ্যাতা মহারাজ ! কেকয়ান্ ভ্রাতরঃ সমম্ ॥৫৭॥
রথৈর্নগরসঙ্কাশৈর্হয়যুক্তৈর্মনোজবৈঃ ।
নানাবর্ণবিচিত্রাভিঃ পতাকাভিরলঙ্কৃতৈঃ ॥৫৮॥ (কুলকম্)
শরচাপধরা বীরা বিচিত্রকবচধ্বজাঃ ।
বিবিশুস্তে পরং সৈন্যং সিংহা ইব বনাদ্বনম্ ॥৫৯॥
তেষাং সুতুমুলং যুদ্ধং ব্যতিষক্তরথদ্বিপম্ ।
অবর্ত্তত মহারৌদ্রং নিঘ্নতামিতরেতরম্ ॥৬০॥
অন্যোন্যাগস্কৃতাং রাজন্ ! যমরাষ্ট্রবিবর্দ্ধনম্ ।
মুহূর্ত্তাস্তমিতে সূর্য্যে চক্রুর্যুদ্ধং সুদারুণম্ ॥৬১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কে তব পুত্রা ইত্যাহ দুর্ম্মুখ ইত্যাদি। সমং যুগপৎ। মনস ইব জবো বেগো যেষাং তৈঃ ।৫৩—৫৮॥

শরেতি। বিচিত্রাঃ কবচানি ধ্বজাশ্চ যেষাং তে। পরং পরকীয়ম্ ।৫৯॥

তেষামিতি। ব্যতিষক্তাঃ পরস্পরং মিলিতা রথা দ্বিপা হস্তিনশ্চ যত্র তৎ। ইতরেতরং পরস্পরম্। অন্যোন্যাগস্কৃতাং পরস্পরাপরাধকারিণাম্ ।৬০—৬১॥

গণের দিকে গমন করে, সেইরূপ আপনার পুত্র দুর্ম্মুখ, দুর্জয়, যুবা দুর্ম্মর্ষণ, শত্রুঞ্জয় ও শত্রুসহ এই মহারথ ও যশস্বী ভ্রাতারা সকলে ক্রুদ্ধ হইয়া নগরের তুল্য বৃহৎ, অশ্বযুক্ত, মনের ন্যায় বেগগামী এবং নানাবর্ণ-বিচিত্র পতাকায় অলঙ্কৃত রথসমূহে আরোহণ করিয়া একদা কেকয়গণের দিকে গমন করিলেন ॥৫৩—৫৮॥

ক্রমে ধনু ও বাণধারী এবং বিচিত্র কবচ ও ধ্বজসম্পন্ন সেই বীরেরা—সিংহগণ যেমন এক বন হইতে অপর বনে প্রবেশ করে, সেইরূপ স্বপক্ষ হইতে বিপক্ষসৈন্যমধ্যে যাইয়া প্রবেশ করিলেন ॥৫৯॥

রাজা ! ক্রমশঃ তাঁহাদের রথ ও হস্তী সকল পরস্পর মিলিত হইতে লাগিল এবং পরস্পর অপরাধকারী সেই বীরেরা পরস্পর আঘাত করিতে থাকিলেন। এইভাবে তাঁহাদের যমরাজ্যবিবর্দ্ধক, অতিতুমুল ও মহাভয়ঙ্কর

(৫৬)···গজা ইব মহাগজান্···পি বা। (৫৮)···হয়ৈর্যুক্তৈঃ···পি বা। (৫৯) বরচাপধরাঃ···মহদ্বনম্—পি।

CENTRAL LIBRARY

রথিনঃ সাদিনশ্চাথ ব্যকীর্য্যন্ত সহস্রশঃ।
ততঃ শান্তনবঃ ক্রুদ্ধঃ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥৬২॥
নাশয়ামাস সেনাং তাং ভীষ্মস্তেষাং মহাত্মনাম্।
পাঞ্চালানাঞ্চ সৈন্যানি শরৈর্নিন্যে যমক্ষয়ম্ ॥৬৩॥ (যুগ্মকম্)
এবং ভিত্ত্বা মহেষ্বাসঃ পাণ্ডবানামনীকিনীম্।
কৃত্বাবহারং সৈন্যানাং যযৌ স্বশিবিরং নৃপ! ॥৬৪॥
নাশয়ামাসতুর্বীরৌ ধৃষ্টদ্যুম্নবৃকোদরৌ।
কৌরবাণামনীকানি শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥৬৫॥
ধর্ম্মরাজোঽপি সংপ্রেক্ষ্য ধৃষ্টদ্যুম্নবৃকোদরৌ।
মূর্দ্ধ্নি চৈতাবুপাঘ্রায় প্রহৃষ্টঃ শিবিরং যযৌ ॥৬৬॥

ভারতকৌমুদী

রথিন ইতি। সাদিনো হস্ত্যশ্বারোহিণঃ, ব্যকীর্য্যন্ত বীরৈর্হত্বা হত্বা সর্ব্বতো ব্যক্ষিপ্যন্ত। তেষাং পাণ্ডবানাম্। যমক্ষয়ং যমালয়ম্, "নিলয়াপচয়ৌ ক্ষয়ৌ" ইত্যমরঃ ॥৬২—৬৩॥

এবমিতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরো ভীষ্মঃ। অবহারং যুদ্ধবিরামম্ ॥৬৪॥

নাশয়েতি। অনীকানি সৈন্যানি, সন্নতপর্ব্বভিঃ ঈষদ্বক্রোপান্তভাগৈঃ ॥৬৫॥

ধর্ম্মেতি। উপাঘ্রায়েত্যনেন শত্রুসংহারাৎ স্নেহাদরৌ ব্যজ্যেতে ॥৬৬॥

যুদ্ধ চলিতে লাগিল। সূর্য্য একটু কালমাত্র অস্তগত হইলে তাঁহারা এইরূপ অতিভয়ঙ্কর যুদ্ধ করিয়াছিলেন ॥৬০—৬১॥

পরে সহস্র সহস্র রথারোহী, গজারোহী ও অশ্বারোহী ইতস্ততঃ বিক্ষিপ্ত হইয়া পতিত হইতে থাকিল। তাহার পর মহাধনুর্দ্ধর শান্তনুনন্দন ভীষ্ম ক্রুদ্ধ হইয়া অবনতপর্ব বাণদ্বারা মহাত্মা পাণ্ডবগণের সৈন্য বিনাশ করিলেন এবং অন্যবিধ বাণদ্বারা পাঞ্চালসৈন্যসমূহও যমালয়ে প্রেরণ করিলেন ॥৬২—৬৩॥

রাজা! মহাধনুর্দ্ধর ভীষ্ম এইভাবে পাণ্ডবসেনা ভেদ করিয়া আপন সৈন্যগণের যুদ্ধ বিরত করাইয়া স্বকীয় শিবিরের দিকে প্রস্থান করিলেন ॥৬৪॥

মহাবীর ধৃষ্টদ্যুম্ন ও ভীমসেন অবনতপর্ব বাণদ্বারা কৌরবসৈন্য বিনাশ করিলেন ॥৬৫॥

যুধিষ্ঠির এবং ধৃষ্টদ্যুম্ন ও ভীমসেনকে দেখিয়া আনন্দিত হইয়া তাঁহাদের মস্তকাঘ্রাণ করিয়া শিবিরের দিকে গমন করিলেন ॥৬৬॥

(৬৩)···তাং সেনাম্···পি বা। (৬৪)···স্বশিবিরং প্রতি—পি বা। (৬৫) অয়ং শ্লোকঃ পি বা ব রা নাস্তি।

অর্জ্জুনো বাসুদেবশ্চ কৌরবাণামনীকিনীম্ ।
হত্বা বিদ্রাব্য চ শরৈঃ শিবিরায়ৈব জগ্মতুঃ ॥৬৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ষষ্ঠদিবসযুদ্ধাবহারে ষট্সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ ।

সঞ্জয় উবাচ ।

অথ শূরা মহারাজ ! পরস্পরকৃতাগসঃ ।
জগ্মুঃ স্বশিবিরাণ্যেব রুধিরেণ সমুক্ষিতাঃ ॥১॥
বিশ্রম্য চ যথান্যায়ং পূজয়িত্বা পরস্পরম্ ।
সন্নদ্ধাঃ সমদৃশ্যন্ত ভূয়ো যুদ্ধচিকীর্ষয়া ॥২॥

ভারতকৌমুদী

অর্জ্জুন ইতি । অনীকিনীং সেনাম্ । বিদ্রাব্য দময়িত্বা ॥৬৭॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ষট্সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

অথেতি । শূরা উক্তেতরে বীরাঃ, পরস্পরং কৃতাগসঃ প্রহারাদিনা কৃতাপরাধাঃ ॥১॥

বিশ্রম্যেতি । পূজয়িত্বা অভিবাদনাদিনা । সন্নদ্ধাঃ কৃতযুদ্ধসজ্জাঃ ॥২॥

অর্জ্জুন এবং কৃষ্ণও বাণদ্বারা কৌরবসৈন্য সংহার ও দমন করিয়া শিবিরের দিকেই প্রস্থান করিলেন' ॥৬৭॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ ! তাহার পর পরস্পর অপরাধকারী অন্যান্য বীরগণও রক্তসিক্ত গাত্রে আপন আপন শিবিরেই গমন করিলেন ॥১॥

পরে তাঁহারা বিশ্রাম করিয়া যথানিয়মে সম্মান দেখাইয়া পুনরায় যুদ্ধ করিবার ইচ্ছায় সজ্জিত হইলেন—দেখা গেল ॥২॥

---

(৬৭) এষ শ্লোকোঽপি বা ব রা ন বর্ত্ততে । * '...উনাশীতিতমোঽধ্যায়ঃ' বা ব রা নি । (১) ক্ষত্রিয়াস্তে মহারাজ !...নি । (২)...যুদ্ধচিকীর্ষবঃ—নি ।

ততস্তব সুতো রাজন্! চিন্তয়াভিপরিপ্লুতঃ।
বিস্রবচ্ছোণিতাঙ্গস্তু পপ্রচ্ছেদং পিতামহম্ ॥৩॥
সৈন্যানি ঘোরাণি ভয়ানকানি ব্যূঢ়ানি সম্যগ্ বহুলধ্বজানি।
বিদার্য্য হত্বা চ নিপীড্য শূরাংস্তে পাণ্ডবা লব্ধজয়াঃ প্রহৃষ্টাঃ ॥৪॥
সংমোহ্য সর্বান্ যুধি কীর্ত্তিমন্তো ব্যূহঞ্চ তং মকরং মৃত্যুকল্পম্।
প্রবিশ্য ভীমেন নিবর্হিতোঽস্মি ঘোরৈঃ শরৈর্মৃত্যুদণ্ডপ্রকাশৈঃ ॥৫॥
ক্রুদ্ধং তমুদ্বীক্ষ্য ভয়েন রাজন্! সংমূর্চ্ছিতো ন লভে শান্তিমদ্য।
ইচ্ছে প্রসাদাত্তব সত্যসন্ধ! প্রাপ্তুং জয়ং পাণ্ডবেয়াংশ্চ হন্তুম্ ॥৬॥

ভারতকৌমুদী

তত ইতি। তব সুতো দুর্য্যোধনঃ। বিস্রবন্তি নিঃসরন্তি শোণিতানি যেভ্যস্তানি তাদৃশানি অঙ্গানি যস্য সঃ। পিতামহং ভীষ্মম্ ॥৩॥

সৈন্যানীতি। ঘোরাণি ভয়ঙ্করস্বভাবানি, ভয়ানকানি ভয়ঙ্করমূর্ত্তীনি চ, সম্যক্ ব্যূঢ়ানি ব্যূহরূপেণ সন্নিবেশিতানি। তথাপি বিদার্য্যেত্যাদিকন্তু যথাসম্ভবং জ্ঞেয়ম্ ॥৪॥

সংমোহ্যেতি। কীর্ত্তিমন্তস্তে পাণ্ডবা অভবন্নিতি শেষঃ। নিবর্হিতঃ পরাজিতঃ ॥৫॥

ক্রুদ্ধমিতি। শান্তিং ন লভে, আত্মগ্লানেরিতি ভাবঃ। ইচ্ছে ইচ্ছামি ॥৬॥

রাজা! তদনন্তর আপনার পুত্র দুর্য্যোধনের সমস্ত অঙ্গ হইতে রক্ত নির্গত হইতেছিল, এই অবস্থায় তিনি চিন্তায় আকুল হইয়া যাইয়া ভীষ্মের নিকট ইহা জিজ্ঞাসা করিলেন—॥৩॥

'পিতামহ! আমার সৈন্যদের প্রকৃতিও ভয়ঙ্কর, আকৃতিও ভয়ঙ্কর; আর তাহাদের মধ্যে ভিন্ন ভিন্ন দলে ভিন্ন ভিন্নপ্রকার বহুতর ধ্বজ ছিল এবং তাঁহারা ব্যূহরূপে সন্নিবেশিতও হইয়াছিল; এই অবস্থাতেও পাণ্ডবেরা সেই বীরগণকে বিদারণ, বধ ও নিপীড়ন করিয়া জয়লাভপূর্ব্বক আনন্দিত হইয়াছে! ॥৪॥

এবং তাহারা যুদ্ধে সকল যোদ্ধাকেই মোহিত করিয়া কীর্ত্তিশালীও হইয়াছে। তা'র পর ভীম যমতুল্য সেই মকরব্যূহের মধ্যে প্রবেশ করিয়া যমদণ্ডতুল্য ভয়ঙ্কর বাণদ্বারা আমাকে পরাভূত করিয়াছে ॥৫॥

রাজপুত্র! আমি ভীমকে ক্রুদ্ধ দেখিয়া ভয়ে মূর্চ্ছিত হইয়া পড়িয়াছিলাম। সেই জন্য এখন আর শান্তি পাইতেছি না। অতএব হে সত্যপ্রতিজ্ঞ! আমি আপনার অনুগ্রহে জয় লাভ করিতে এবং পাণ্ডবগণকে জয় করিতে ইচ্ছা করি' ॥৬॥

(৪) সৈন্যানি রৌদ্রাণি···রা নি,···শূরাস্তে পাণ্ডবানাং ত্বরিতা মহারথাঃ—পি বা। (৫)···প্রবিশ্য ভীমেন রণে হতোঽস্মি···রা নি।

CENTRAL LIBRARY

তেনৈবমুক্তঃ প্রহসন্ মহাত্মা দুর্য্যোধনং মন্যুগতং বিদিত্বা।
তং প্রত্যুবাচাবিমনা মনস্বী গঙ্গাসুতঃ শস্ত্রভৃতাং বরিষ্ঠঃ ॥৭॥
পরেণ যত্নেন বিগাহ্য সেনাং সর্বাত্মনাহং তব রাজপুত্র!।
ইচ্ছামি দাতুং বিজয়ং সুখঞ্চ ন চাত্মানং ছাদয়েঽহং ত্বদর্থে ॥৮॥
এতে তু রৌদ্রা বহবো মহারথা যশস্বিনঃ শূরতমাঃ কৃতাস্ত্রাঃ।
যে পাণ্ডবানাং সমরে সহায়া জিতক্লমা রোষবিষং বমন্তি ॥৯॥
তে নেহ শক্যাঃ সহসা বিজেতুং বীর্য্যোদ্ধতাঃ কৃতবৈরাস্ত্বয়া চ।
অহং হ্যেতান্ প্রতিযোৎস্যামি রাজন্! সর্বাত্মনা জীবিতং বীর! হিত্বা ॥১০॥

ভারতকৌমুদী

তে নেতি। মন্যুগতং দৈন্যপ্রাপ্তম্। অবিমনা অবিষণ্ণচিত্তঃ, গঙ্গাসুতো ভীষ্মঃ ॥৭॥
পরেণেতি। সর্বাত্মনা সর্বপ্রযত্নেন। আত্মানং মনঃ মনোবৃত্তিম্, ছাদয়ে গোপয়ামি ॥৮॥
এত ইতি। এতে ধৃষ্টদ্যুম্নাদয়ঃ। কৃতাস্ত্রাঃ শিক্ষিতসর্বাস্ত্রাঃ ॥৯॥
ত ইতি। সর্বাত্মনা সর্বপ্রযত্নেন। জীবিতং জীবনমমতাম্, হিত্বা ত্যক্ত্বা ॥১০॥

দুর্য্যোধন এইরূপ বলিলে মহাত্মা, উদারচেতা ও অস্ত্রধারিশ্রেষ্ঠ ভীষ্ম দুর্য্যোধনকে দৈন্যযুক্ত বুঝিয়া অবিষণ্ণচিত্তে হাস্য করতঃ তাঁহাকে এই কথা বলিলেন—॥৭॥

'রাজপুত্র! আমি তোমার নিকটে মনের ভাব গোপন করিতেছি না; আমি পরম যত্ন সহকারে শত্রুসৈন্যমধ্যে প্রবেশ করিয়া সর্ব্বপ্রযত্নে তোমার জয় ও সুখ সম্পাদন করিবার ইচ্ছা করিয়া থাকি ॥৮॥

কিন্তু যাঁহারা যুদ্ধে পাণ্ডবগণের সহায় হইয়া সমস্ত পরিশ্রম অগ্রাহ্য করিয়া ক্রোধবিষ উদ্গার করিতেছেন, ইঁহারা সকলেই রৌদ্রমূর্ত্তি, মহারথ, যশস্বী, মহাবীর ও সমস্ত অস্ত্রে সুশিক্ষিত ॥৯॥

তা'র পর একে উঁহারা বলোন্মত্ত, তাহাতে আবার তুমি উঁহাদের সহিত পূর্ব্বে শত্রুতা করিয়াছিলে। অতএব রাজা! তাঁহাদিগকে সহসা যুদ্ধে জয় করা যাইবে না; তথাপি আমি জীবনের মমতা ত্যাগ করিয়া উঁহাদের সহিত যুদ্ধ করিব ॥১০॥

(৭)···জাতমন্যুং বিদিত্বা···পি বা। (৯)···ক্রোধবিষং বমন্তঃ—পি বা। (১০) কেনেহ শক্যাঃ··· ·জীবিতং ত্যজ্য বীর!—রা নি।

রণে তবার্থায় মহানুভাব! ন জীবিতং রক্ষিতব্যং ময়াদ্য।
সর্বাংস্তবার্থায় সদেবদৈত্যাল্লোঁকান্ দহেয়ং কিমু শত্রুংস্তবেহ ॥১১॥
তান্ পাণ্ডবান্ যোধয়িষ্যামি রাজন্! প্রিয়ঞ্চ তে সর্বমহং করিষ্যে।
শ্রুত্বৈব চৈতৎ পরমপ্রতীতো দুর্য্যোধনঃ শান্তমনা বভূব ॥১২॥
সর্বাণি সৈন্যানি ততঃ প্রহৃষ্টো নির্গচ্ছতেত্যাহ নৃপাংশ্চ সর্বান্।
তদাজ্ঞয়া তানি বিনির্যযুর্দ্রুতং রথাশ্বপাদাতগজাযুতানি ॥১৩॥
প্রহর্ষযুক্তানি তু তানি রাজন্! মহান্তি নানাবিধশস্ত্রবন্তি।
স্থিতানি নাগাশ্বপদাতিমন্তি বিরেজুরাজৌ তব রাজন্! বলানি ॥১৪॥

ভারতকৌমুদী

রণ ইতি। মহান্ অনুভাবঃ প্রভাবো যস্য সঃ, "অনুভাবঃ প্রভাবেঽপি" ইত্যমরঃ ॥১১॥
তানিতি। পরমপ্রতীতঃ সত্যপ্রতিজ্ঞত্বাদ্ভীষ্মস্য বাক্যে অতীববিশ্বস্তঃ ॥১২॥
সর্বাণীতি। প্রহৃষ্টো দুর্য্যোধনঃ। রথাশ্বপাদাতগজৈরাযুতানি সমন্বিতানি ॥১৩॥
প্রহর্ষেতি। মহান্তি বিশালানি। নাগা হস্তিনঃ। আজৌ যুদ্ধে ॥১৪॥

মহাপ্রভাব রাজা! আমি আজ তোমার জন্য যুদ্ধে নিজের জীবন রক্ষা করিবারও চেষ্টা করিব না। আমি তোমার জন্য দেবগণ এবং দৈত্যগণের সহিত সমগ্র ভুবনও দগ্ধ করিতে পারি, তাহাতে এই যুদ্ধে তোমার শত্রুগণের কথা আর কি বলিব ॥১১॥

অতএব রাজা! আমি আজ (প্রাণপণে) পাণ্ডবগণের সহিত যুদ্ধ করিব এবং তোমার সমস্ত প্রিয়কার্য্য করিব'। দুর্য্যোধন ভীষ্মের এই কথা শুনিয়া তাহাতে অত্যন্ত বিশ্বস্ত ও নিরুদ্বেগচিত্ত হইলেন ॥১২॥

তাহার পর দুর্য্যোধন প্রহৃষ্টচিত্তে সমস্ত সৈন্য ও সকল রাজাকে বলিলেন—'আপনারা নির্গত হউন'। তাঁহার সেই আদেশে হস্তী, অশ্ব, রথ ও পদাতিযুক্ত সমস্ত সৈন্য সত্বর শিবির হইতে নির্গত হইল ॥১৩॥

রাজা! তখন হস্তী, অশ্ব ও পদাতিযুক্ত এবং নানাবিধ অস্ত্রশালী আপনার সেই বিশাল সৈন্য আনন্দিত অবস্থায় যুদ্ধের জন্য প্রস্তুত থাকিয়া শোভা পাইতে লাগিল ॥১৪॥

(১১)···কিমু শত্রুসেনাম্—রা নি। (১২) পূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'সঞ্জয় উবাচ' নি,···শান্তনবে বভূব—বা,···শ্রুত্বৈব চৈতদ্বচনং তদানীং দুর্য্যোধনঃ প্রীতমনা বভূব—রা,···শ্রুত্বা পিতুস্তে বচনং প্রতীতো দুর্য্যোধনঃ প্রীতমনা বভূব—নি। (১৩) গজাশ্বপাদাতরথাযুতানি—রা নি। (১৪) বৃন্দে স্থিতাশ্চাপি সুসংপ্রযুক্তাশ্চকাশিরে দন্তিগণাঃ সমন্তাৎ। শস্ত্রাস্ত্রবদ্ভিঃ···পি বা।

CENTRAL LIBRARY

শস্ত্রাস্ত্রবিদ্ভির্নরবীরযোধৈরধিষ্ঠিতাঃ সৈন্যগণাস্ত্বদীয়াঃ।
রথৌঘপাদাতগজাশ্বসংঘৈঃ প্রযান্তিরাজৌ বিধিবৎ প্রণুন্নৈঃ ॥১৫॥
সমুদ্ধতং বৈ তরুণার্কবর্ণং রজো বভৌ ছাদয়ৎ সূর্য্যরশ্মীন্।
রেজুঃ পতাকা রথদন্তিসংস্থা বাতেরিতা ভ্রাম্যমাণাঃ সমন্তাৎ ॥১৬॥
নানারঙ্গাঃ সমরে তত্র রাজন্! মেঘৈর্যুতা বিদ্যুতঃ খে যথৈব।
বৃন্দৈঃ স্থিতাশ্চাপি সুসংপ্রযুক্তাশ্চকাশিরে দন্তিগণাঃ সমন্তাৎ ॥১৭॥
(যুগ্মকম্)
ধনূংষি বিস্ফারয়তাং নৃপাণাং বভূব শব্দস্তুমুলোঽতিঘোরঃ।
বিমথ্যতো দেবমহাসুরৌঘৈর্যথার্ণবস্যাদিযুগে তদানীম্ ॥১৮॥

ভারতকৌমুদী

শস্ত্রেতি। সন্নিধৌ হিংসাসাধনং শস্ত্রম্ অসিপ্রভৃতি, দূরে নিক্ষেপযোগ্যঞ্চাস্ত্রং বাণাদি, "শসু হিংসায়াম্" "অসু ক্ষেপণে" ইতি ধাত্বর্থানুসারাৎ। পাদাতং পদাতিসমূহঃ। প্রযান্তিঃ প্রগচ্ছদ্ভিঃ। প্রণুন্নৈঃ প্রেরিতৈঃ ॥১৫॥

সমিতি। সমুদ্ধতং রথচক্রাদিভিরুত্তোলিতম্, তরুণার্কবর্ণং ভূমেরপি লোহিতবর্ণত্বা-ন্নবোদিতসূর্য্যবর্ণম্, রজো ধূলিঃ। নানারঙ্গা বহুবর্ণাঃ। খে আকাশে। বৃন্দৈঃ সমূহৈঃ। সুসংপ্রযুক্তাঃ সম্যক্ চালিতাঃ, চকাশিরে শুশুভিরে ॥১৬—১৭॥

ধনূংষীতি। বিমথ্যতো বিশেষেণ মথ্যমানস্য। কর্ম্মণি শস্তৃঙ্ আর্ষঃ ॥১৮॥

ক্রমে যথানিয়মে পরিচালিত হইয়া গমনকারী হস্তী, অশ্ব, রথ ও পদাতি-সমূহ এবং অস্ত্রশস্ত্রধারী বীর যোদ্ধারা আপনার সেই সৈন্যমধ্যে অধিষ্ঠান করিলেন ॥১৫॥

রাজা! ক্রমে নবোদিত সূর্য্যের ন্যায় লোহিতবর্ণ ধূলি উঠিয়া সূর্য্যের রশ্মি আবৃত করিয়া প্রকাশ পাইতে লাগিল; আর সেই সমরাঙ্গনে রথ ও হস্তীর উপরে স্থিত নানারঙ্গের পতাকা সকল বায়ুসঞ্চালিত ও সকল দিকে ঘূর্ণিত হইয়া, আকাশে মেঘযুক্ত বিদ্যুতের ন্যায় শোভা পাইতে থাকিল এবং শ্রেণীবদ্ধভাবে অবস্থিত ও সুন্দররূপে সঞ্চালিত হস্তিগণও সকল দিকে বিরাজ করিতে লাগিল ॥১৬—১৭॥

আদিযুগে দেবগণ ও অসুরগণ মন্থন করিতে লাগিলে মহাসমুদ্রের যেমন শব্দ হইয়াছিল, সেইরূপ তখনও রাজারা ধনু আস্ফালন করিতে লাগিলে, তাহার তুমুল ও অতিভয়ানক শব্দ হইতে লাগিল ॥১৮॥

(১৫)…প্রযন্তিরাজৌ…পি। (১৭) নানারাগাঃ সমরে…পি, নানালিঙ্গৈঃ সমরে…নি।

তদুগ্রনাদং বহুবর্ণরূপং তবাত্মজানাং সমুদীর্ণবর্ণম্।
বভূব সৈন্যং রিপুসৈন্যহন্তৃ যুগান্তমেঘৌঘনিভং তদানীম্ ॥১৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভীষ্মবধে সপ্তমদিবসযুদ্ধে সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

অথাত্মজং তব পুনর্গাঙ্গেয়ো ধ্যানমাস্থিতম্।
অব্রবীদ্ভরতশ্রেষ্ঠ! সংপ্রহর্ষকরং বচঃ ॥১॥
অহং দ্রোণশ্চ শল্যশ্চ কৃতবর্ম্মা চ সাত্বতঃ।
অশ্বত্থামা বিকর্ণশ্চ ভগদত্তোঽথ সৌবলঃ ॥২॥
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ বাহ্লিকঃ সহ বাহ্লিকৈঃ।
ত্রিগর্ত্তরাজো বলবান্ মাগধশ্চ সুদুর্জয়ঃ ॥৩॥

ভারতকৌমুদী

তদিতি। উগ্রো ভয়ঙ্করো নাদো যস্য তৎ। সমুদীর্ণবর্ণম্ উজ্জ্বলবর্ণম্ ॥১৯॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

অথেতি। আত্মজং দুর্য্যোধনম্। গাঙ্গেয়ো ভীষ্মঃ, ধ্যানং দুশ্চিন্তয়া মৌনম্ ॥১॥

ভয়ঙ্করশব্দকারী, নানাবর্ণ, নানামূর্ত্তি, উজ্জ্বলাকৃতি ও শত্রুসৈন্যবিনাশী আপনার পুত্রগণের সেই সৈন্য, প্রলয়কালের মহামেঘসমূহের ন্যায় তখন দৃষ্টি-গোচর হইতে থাকিল' ॥১৯॥

সঞ্জয় বলিলেন—'ভরতশ্রেষ্ঠ! আপনার পুত্র দুর্য্যোধন পুনরায় দুশ্চিন্তায় মৌন অবলম্বন করিলে, ভীষ্ম তাঁহাকে এই আনন্দজনক বাক্য বলিলেন—॥১॥

'রাজা! আমি, দ্রোণ, শল্য, যদুবংশীয় কৃতবর্ম্মা, অশ্বত্থামা, বিকর্ণ, ভগদত্ত,

(১৯) তদুগ্রনাগম্···সমুদীর্ণমেব রা, তদুগ্রনাগম্·· সমুদীর্ণকোপম্—নি। * '···অশীতি-তমোঽধ্যায়ঃ' বা ব রা নি। (১)···ভরতশ্রেষ্ঠঃ···রা নি। ইতঃ পরম্ 'ভীষ্ম উবাচ' নি।

বৃহদ্বলশ্চ কৌশল্যশ্চিত্রসেনো বিবিংশতিঃ।
রথাশ্চ বহুসাহস্রাঃ শোভনাশ্চ মহাধ্বজাঃ ॥৪॥
দেশজাশ্চ হয়া রাজন্! স্বারূঢ়া হয়সাদিভিঃ।
গজেন্দ্রাশ্চ মদোদ্ধৃতাঃ প্রভিন্নকরটামুখাঃ ॥৫॥
পাদাতাশ্চ তথা শূরা নানাপ্রহরণা যুধি।
নানাদেশসমুৎপন্নাস্ত্বদর্থে যোদ্ধুমুদ্যতাঃ ॥৬॥ (কুলকম্)
এতে চান্যে চ বহবস্ত্বদর্থে ত্যক্তজীবিতাঃ।
দেবানপি রণে জেতুং সমর্থা ইতি মে মতিঃ ॥৭॥
অবশ্যং হি ময়া রাজন্! তব বাচ্যং হিতং সদা।
অশক্যাঃ পাণ্ডবা জেতুং দেবৈরপি সবাসবৈঃ ॥৮॥
বাসুদেবসহায়াশ্চ মহেন্দ্রসমবিক্রমাঃ।
সর্বথাহন্তু রাজেন্দ্র! করিষ্যে বচনং তব ॥৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অহমিতি। সাত্বতো যদুবংশীয়ঃ। সৌবলঃ শকুনিঃ। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ। কৌশল্যঃ কোশলদেশাধিপতিঃ। দেশজাঃ কম্বোজাদিপ্রসিদ্ধদেশজাতাঃ, হয়া অশ্বাঃ, স্বারূঢ়াঃ সম্যগধিষ্ঠিতাঃ। প্রভিন্নানি মদস্রাবীণি করটামুখানি গণ্ডোপরিভাগা যেষাং তে। পাদাতাঃ পদাতিসমূহাঃ, নানাপ্রহরণা বহুবিধাস্ত্রাঃ ॥২—৬॥

এত ইতি। ত্যক্তানি জীবিতানি জীবনমমতা যৈস্তে। মতিঃ সম্ভাবনা ॥৭॥

অবশ্যমিতি। কিং তদ্ধিতমিত্যাহ অশক্যা ইত্যাদি। সবাসবৈঃ সেন্দ্রৈঃ। বাসুদেবঃ সহায়ো যেষাং তে। তর্হি কিং ভবতা যুদ্ধান্নিবর্ত্তিতব্যমিত্যাহ সর্বথেতি ॥৮—৯॥

শকুনি, অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ, বাহ্লিকদেশীয় যোদ্ধাদের সহিত বাহ্লিক, বলবান্ ত্রিগর্ত্তরাজ, অতিদুর্জ্জয় মগধরাজ, কোশলরাজ বৃহদ্বল, চিত্রসেন, বিবিংশতি, বহুসহস্র রথী, শোভন মহাধ্বজধারিগণ, আরোহিগণে সম্যক্ অধিষ্ঠিত নানাদেশীয় অশ্ব, মদমত্ত ও মদস্রাবিগণ্ড বিশাল হস্তী সকল এবং নানাদেশজাত নানাবিধ অস্ত্রধারী বীর পদাতিগণ, আমরা সকলেই সমরাঙ্গনে তোমার জন্য যুদ্ধ করিতে উদ্যত হইয়াছি ॥২—৬॥

ইঁহারা এবং অন্য বহু যোদ্ধা তোমার জন্য জীবনের মমতা ত্যাগ করিয়াছেন। অতএব ইঁহারা যুদ্ধে দেবগণকেও জয় করিতে পারেন ইহাই আমার ধারণা ॥৭॥

তবে রাজা! সর্ব্বদা অবশ্যই তোমার হিতবাক্য বলা আমার উচিত। (তাই

(৫)···গজেন্দ্রাশ্চ মদোদ্বৃত্তাঃ···রা নি। (৮) অবশ্যন্তু···পি বা।

পাণ্ডবান্ বা রণে জেষ্যে মাং বা জেষ্যন্তি পাণ্ডবাঃ।
এবমুক্ত্বা দদাবস্মৈ বিশল্যকরণীং শুভাম্ ॥১০॥
ওষধীং বীর্য্যসম্পন্নাং বিশল্যশ্চাভবত্তদা।
ততঃ প্রভাতে বিমলে স্বেন সৈন্যেন বীর্য্যবান্ ॥১১॥
অব্যূহত স্বয়ং ব্যূহং ভীষ্মো ব্যূহবিশারদঃ।
মণ্ডলং মনুজশ্রেষ্ঠো নানাশস্ত্রসমাকুলম্ ॥১২॥
সম্পূর্ণং যোধমুখ্যৈশ্চ তথা দন্তিপদাতিভিঃ।
রথৈরনেকসাহস্রৈঃ সমন্তাৎ পরিবারিতম্ ॥১৩॥
অশ্ববৃন্দৈর্মহদ্ভিশ্চ ঋষ্টিতোমরধারিভিঃ।
নাগে নাগে রথাঃ সপ্ত সপ্ত চাশ্বা রথে রথে ॥১৪॥
অন্বশং দশ ধানুষ্কা ধানুষ্কে দশ চর্ম্মিণঃ।
এবং ব্যূহং মহারাজ! তব সৈন্যস্য দর্শিতম্ ॥১৫॥

ভারতকৌমুদী

পাণ্ডবানিতি। দদৌ ভীষ্ম এব। বিশল্যঃ শরাগ্রাদিপ্রবেশনিবন্ধনবেদনাশূন্যঃ ক্রিয়তে অনয়েতি বিশল্যকরণী তাম্। ওষধীং লতাম্। বিশল্যশ্চাভবৎ দুর্য্যোধন ইতি শেষঃ। অব্যূহত অরচয়ৎ। মণ্ডলং নাম। পরিবারিতং বেষ্টিতম্। নাগে নাগে প্রতিহস্তি। অত্র

বলিতেছি—) ইন্দ্রের তুল্য বিক্রমশালী, বিশেষতঃ কৃষ্ণরূপসহায়সম্পন্ন পাণ্ডবগণকে জয় করা ইন্দ্রপ্রভৃতি দেবগণেরও অসাধ্য। রাজশ্রেষ্ঠ! তথাপি আমি সর্ব প্রকারে তোমার বাক্য রক্ষা করিব ॥৮—৯॥

অতএব হয় আমি যুদ্ধে পাণ্ডবগণকে জয় করিব, না হয় পাণ্ডবেরা আমাকে জয় করিবেন।' এইরূপ বলিয়া ভীষ্ম দুর্য্যোধনকে একটী বীর্য্যসম্পন্ন ও মঙ্গলজনক 'বিশল্যকরণী-'নামক ঔষধ দান করিলেন; তখন দুর্য্যোধন (তাহা ব্যবহার করিয়া) দৈহিক বেদনাশূন্য হইলেন। তাহার পর নির্ম্মল প্রভাতকালে নরশ্রেষ্ঠ, বলবান্ ও ব্যূহরচনাবিশারদ ভীষ্ম নিজে আপন সৈন্যদ্বারা 'মণ্ডল-' নামে একটা ব্যূহ রচনা করিলেন। তাহাতে নানাবিধ অস্ত্র ও প্রধান প্রধান যোদ্ধা রহিল; আর বহুসহস্র হস্তী, পদাতি, রথী এবং ঋষ্টি ও তোমরধারী উত্তম অশ্বারোহী আসিয়া তাহাকে পরিবেষ্টন করিল। প্রত্যেক হস্তীর সঙ্গে সাত জন করিয়া রথী, প্রত্যেক রথীর সহিত সাত সাত জন অশ্বারোহী, প্রত্যেক

(১০)···এবমুক্ত্বা দদৌ চাস্মৈ···পি বা। (১৫) অশ্বেহশ্বে চর্ম্মিণঃ সপ্ত ধানুষ্কে সপ্ত চর্ম্মিণঃ···পি,···তব সৈন্যং মহারথৈঃ···পি বা রা। (১৬)···ভীষ্মেণ যুধি পালিতম্···রা নি।

স্থিতং রণায় মহতে ভীষ্মেণ পরিপালিতম্ ।
দশাশ্বানাং সহস্রাণি দন্তিনাঞ্চ তথৈব চ ॥১৬॥
রথানামযুতঞ্চাপি পুত্রাশ্চ তব দংশিতাঃ ।
চিত্রসেনাদয়ঃ শূরা অভ্যরক্ষন্ পিতামহম্ ॥১৭॥ (কুলকম্)
রক্ষ্যমাণঃ স তৈঃ শূরৈর্গোপ্যমানাশ্চ তেন তে ।
সন্নদ্ধাঃ সমদৃশ্যন্ত রাজানশ্চ মহাবলাঃ ॥১৮॥
দুর্য্যোধনস্তু সমরে দংশিতো রথমাস্থিতঃ ।
ব্যরাজত শ্রিয়া জুষ্টো যথা শক্রস্ত্রিপিষ্টপে ॥১৯॥
ততঃ শব্দো মহানাসীৎ পুত্রাণাং তব ভারত ! ।
রথঘোষশ্চ বিপুলো বাদিত্রাণাঞ্চ নিস্বনঃ ॥২০॥

ভারতকৌমুদী

বীপ্সাদর্শনাৎ সপ্তেত্যত্রাপি বীপ্সাবগন্তব্যা। এবমন্যত্র। অন্বশ্বম্ অশ্বমশ্বং প্রতি। ব্যূহং রচিতং সৈন্যম্, "ব্যূহং রচনায়ামপি" ইতি ক্লীবে হলায়ুধঃ। দংশিতং সজ্জিতম্। মহতে রণায় মহারণকরণায়। দংশিতাঃ সন্নদ্ধাঃ ॥১০—১৭॥

রক্ষ্যেতি। স ভীষ্মঃ, তৈশ্চিত্রসেনাদিভিঃ, গোপ্যমানা রক্ষ্যমাণাঃ, তেন ভীষ্মেণ ॥১৮॥

দুর্য্যোধন ইতি। দংশিতঃ সন্নদ্ধঃ। জুষ্টঃ সেবিতঃ। ত্রিপিষ্টপে স্বর্গে ॥১৯॥

তত ইতি। শব্দঃ সিংহনাদঃ। বাদিত্রাণাং ভেরিপ্রভৃতীনাং বাদ্যানাম্ ॥২০॥

অশ্বারোহীর সঙ্গে দশ জন করিয়া ধনুর্দ্ধর এবং প্রত্যেক ধনুর্দ্ধরের সহিত দশ দশ জন অসি-চর্ম্মধারী পদাতি রহিল। মহারাজ! এইভাবে রচিত আপনার সজ্জিত সৈন্যব্যূহ মহাযুদ্ধের জন্য প্রস্তুত হইয়া রহিল; ভীষ্ম তাহা রক্ষা করিতে লাগিলেন; আবার দশ সহস্র অশ্বারোহী, দশ সহস্র গজারোহী, দশ সহস্র রথী এবং যুদ্ধসজ্জায় সজ্জিত চিত্রসেনপ্রভৃতি আপনার বীর পুত্রেরা ভীষ্মকে রক্ষা করিতে লাগিলেন ॥১০—১৭॥

তখন দেখা গেল—সেই বীরেরা ভীষ্মকে এবং ভীষ্ম সেই সজ্জিত বীরগণকে ও মহাবল রাজগণকে রক্ষা করিতেছেন ॥১৮॥

ক্রমে যুদ্ধসজ্জায় সজ্জিত ও বীরশোভায় শোভিত দুর্য্যোধন রথে আরোহণ করিয়া স্বর্গে ইন্দ্রের ন্যায় বিরাজিত হইলেন ॥১৯॥

ভরতনন্দন! তাহার পর আপনার পুত্রগণের বিশাল সিংহনাদ, বিপুল রথশব্দ এবং বিশাল বাদ্যধ্বনি হইতে লাগিল ॥২০॥

(১৮) রক্ষ্যমাণাশ্চ তৈঃ শূরৈঃ·· বা, রক্ষ্যমাণাঃ স তৈঃ শূরৈঃ···নি।

ভীষ্মেণ ধার্ত্তরাষ্ট্রাণাং ব্যূঢ়ঃ প্রত্যঙ্‌মুখো যুধি।
মণ্ডলঃ স মহাব্যূহো দুর্ভেদ্যোঽমিত্রঘাতনঃ ॥২১॥
সর্বতঃ শুশুভে রাজন্! রণেঽরীণাং দুরাসদঃ।
মণ্ডলন্তু সমালোক্য ব্যূহং পরমদুর্জয়ম্ ॥২২॥
স্বয়ং যুধিষ্ঠিরো রাজা বজ্রং ব্যূহমথাকরোৎ।
তথা ব্যূঢ়েষ্বনীকেষু যথাস্থানমবস্থিতাঃ ॥২৩॥
রথিনঃ সাদিনঃ সর্বে সিংহনাদমথানদন্।
বিভিৎসবস্ততো ব্যূহং নির্যযুর্যুদ্ধকাঙ্ক্ষিণঃ ॥২৪॥
ইতরেতরতঃ শূরাঃ সহসৈন্যাঃ প্রহারিণঃ।
ভারদ্বাজো যযৌ মৎস্যং দ্রৌণিশ্চাপি শিখণ্ডিনম্ ॥২৫॥ (কুলকম্)
স্বয়ং দুর্য্যোধনো রাজা পার্ষতং সমুপাদ্রবৎ।
নকুলঃ সহদেবশ্চ মদ্ররাজানমীয়তুঃ ॥২৬॥

ভারতকৌমুদী

ভীষ্মেণেতি। ব্যূঢ়ো রচিতঃ, প্রত্যঙ্‌মুখঃ পশ্চিমাভিমুখঃ। মণ্ডলো নাম। অমিত্রঘাতনঃ শত্রুনাশকঃ। অরীণাং শত্রূণাম্। বজ্রং নাম। ব্যূঢ়েষু ব্যূহভাবেন স্থাপিতেষু। সাদিনো গজাশ্বারোহিণঃ। অনদন্ অকুর্বন্। বিভিৎসবো ভেত্তুমিচ্ছবঃ, ব্যূহং বিপক্ষীয়ম্। প্রহারিণো যোদ্ধারঃ। ভারদ্বাজো দ্রোণঃ, মৎস্যং বিরাটম্, দ্রৌণিরশ্বত্থামা ॥২১—২৫॥

স্বয়মিতি। পার্ষতং ধৃষ্টদ্যুম্নম্। মদ্ররাজানং শল্যম্, ঈয়তুর্জগ্মতুঃ ॥২৬॥

রাজা! ভীষ্ম ধার্ত্তরাষ্ট্রগণের 'মণ্ডল-'নামক সেই মহাব্যূহ সমরাঙ্গনে পশ্চিমমুখ করিয়া স্থাপন করিলেন। তখন শত্রুগণের দুর্ভেদ্য ও দুর্দ্ধর্ষ অথচ শত্রুনাশক সেই মহাব্যূহ সর্বপ্রকারে শোভা পাইতে লাগিল। অত্যন্তদুর্জয় সেই মণ্ডলব্যূহ দেখিয়া রাজা যুধিষ্ঠির নিজেই বজ্রব্যূহ রচনা করিলেন। উভয়পক্ষের সৈন্যই সেইভাবে ব্যূহরূপে সন্নিবেশিত হইলে যথাস্থানস্থিত রথারোহী, গজারোহী ও অশ্বারোহীরা এবং পদাতিসৈন্যগণের সহিত বীর যোদ্ধারা সকলে সিংহনাদ করিয়া উঠিল এবং পরস্পর ব্যূহ ভেদ করিবার ইচ্ছায় যুদ্ধাভিলাষী হইয়া নির্গত হইল। ক্রমে দ্রোণ বিরাটরাজার প্রতি এবং অশ্বত্থামা শিখণ্ডীর প্রতি গমন করিলেন ॥২১—২৫॥

রাজা দুর্য্যোধন স্বয়ং ধৃষ্টদ্যুম্নের প্রতি ধাবিত হইলেন এবং নকুল ও সহদেব শল্যরাজার দিকে গমন করিলেন ॥২৬॥

(২১)…প্রত্যঙ্‌মুখো যযৌ…অমিত্রঘাতিনাম্—পি বা। (২২)…ব্যূহং পরমদারুণম্—পি বা। (২৫)…সহসেনাঃ…পি। (২৬)…রাজন্! মদ্রেশমীয়তুঃ—পি বা।

বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ যুযুধানমভিদ্রুতৌ ।
সর্বে নৃপাস্তু সমরে ধনঞ্জয়মযোধয়ন্ ॥২৭॥
ভীমসেনো রণে যত্তো হার্দ্দিক্যং সমবারয়ৎ ।
চিত্রসেনং বিকর্ণঞ্চ তথা দুর্ম্মর্ষণং বিভো ! ॥২৮॥
আর্জ্জুনিঃ সমরে রাজন্ ! তব পুত্রানযোধয়ৎ ।
প্রাগ্‌জ্যোতিষো মহেষ্বাসো হৈড়িম্বং রাক্ষসোত্তমম্ ॥২৯॥
অভিদুদ্রাব বেগেন মত্তো মত্তমিব দ্বিপম্ ।
অলম্বুষস্তথা রাজন্ ! সাত্যকিং যুদ্ধদুর্ম্মদম্ ॥৩০॥
সসৈন্যং সমরে ক্রুদ্ধো রাক্ষসঃ সমুপাদ্রবৎ ।
ভূরিশ্রবা রণে যত্তো ধৃষ্টকেতুমযোধয়ৎ ॥৩১॥ (যুগ্মকম্)
শ্রুতায়ুষঞ্চ রাজানং ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ ।
চেকিতানশ্চ সমরে কৃপমেবান্বযোধয়ৎ ॥৩২॥

ভারতকৌমুদী

বিন্দেতি। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ, যুযুধানং সাত্যকিম্ ॥২৭॥

ভীম ইতি। যত্তো যত্নবান্ সন্, হার্দ্দিক্যং কৃতবর্ম্মানম্ ॥২৮॥

আর্জ্জুনিরিতি। আর্জ্জুনিরভিমন্যুঃ। প্রাগ্‌জ্যোতিষো ভগদত্তঃ, হৈড়িম্বং ঘটোৎকচম্ ॥২৯॥

অভীতি। মত্তো দ্বিপ ইতি শেষঃ। যত্তো জয়ায় যত্নবান্ সন্ ॥৩০—৩১॥

শ্রুতেতি। শ্রুতায়ুষম্ অম্বষ্ঠপতিম্, কলিঙ্গপতেঃ শ্রুতায়ুষঃ প্রাগেব নিহতত্বাৎ ॥৩২॥

অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ সাত্যকির প্রতি ধাবিত হইলেন, আর অন্য রাজারা সকলে অর্জ্জুনের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥২৭॥

রাজা ! ভীমসেন যত্নবান্ হইয়া যুদ্ধে কৃতবর্ম্মা, চিত্রসেন, বিকর্ণ ও দুর্ম্মর্ষণকে বারণ করিতে থাকিলেন ॥২৮॥

নরনাথ ! অভিমন্যু আপনার পুত্রদের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন এবং মহাধনুর্দ্ধর ভগদত্ত রাক্ষসশ্রেষ্ঠ ঘটোৎকচের সঙ্গে যুদ্ধ করিতে লাগিলেন ॥২৯॥

রাজা ! একটা মত্ত হস্তী যেমন অপর মত্ত হস্তীর দিকে ধাবিত হয়, সেইরূপ রাক্ষস অলম্বুষ ক্রুদ্ধ হইয়া যুদ্ধদুর্দ্ধর্ষ সসৈন্য সাত্যকির দিকে ধাবিত হইল এবং ভূরিশ্রবা যত্ন সহকারে ধৃষ্টকেতুর সহিত যুদ্ধ করিতে থাকিলেন ॥৩০—৩১॥

(২৮)···রণে যান্তম্···বিভুঃ···রা নি। (২৯) প্রাগ্‌জ্যোতিষস্তু রাজানং হৈড়িম্বো রাক্ষসোত্তমঃ···পি বা। (৩০) অলম্বুসস্তদা···রা নি। (৩১)···সমভিদ্রবৎ···পি বা।

শেষাঃ প্রতিযযুর্যত্তা ভীষ্মমেব মহারথম্।
ততো রাজসমূহাস্তে পরিবব্রুর্ধনঞ্জয়ম্ ॥৩৩॥
শক্তিতোমরনারাচ-গদাপরিঘপাণয়ঃ।
অর্জ্জুনোঽথ ভৃশং ক্রুদ্ধো বার্ষ্ণেয়মিদমব্রবীৎ ॥৩৪॥ (যুগ্মকম্)
পশ্য মাধব! সৈন্যানি ধার্ত্তরাষ্ট্রস্য সংযুগে।
ব্যূঢ়ানি ব্যূহবিদুষা গাঙ্গেয়েন মহাত্মনা ॥৩৫॥
যুদ্ধাভিকামান্ শূরাংশ্চ পশ্য মাধব! দংশিতান্।
ত্রিগর্ত্তরাজং সহিতং ভ্রাতৃভিঃ পশ্য কেশব! ॥৩৬॥
অদ্যৈতান্ নাশয়িষ্যামি পশ্যতস্তে জনার্দ্দন!।
য ইমে মাং যদুশ্রেষ্ঠ! যোদ্ধুকামা রণাজিরে ॥৩৭॥
এতাবদুক্ত্বা কৌন্তেয়ো ধনুর্জ্যামবমৃজ্য চ।
ববর্ষ শরবর্ষাণি নরাধিপগণান্ প্রতি ॥৩৮॥

ভারতকৌমুদী

শেষা ইতি। শেষা দ্রুপদাদয়ঃ পাণ্ডবপক্ষীয়াঃ। বার্ষ্ণেয়ং কৃষ্ণম্ ॥৩৩—৩৪॥
পশ্যেতি। ব্যূঢ়ানি মণ্ডলব্যূহরূপেণ সন্নিবেশিতানি, গাঙ্গেয়েন ভীষ্মেণ ॥৩৫॥
যুদ্ধেতি। দংশিতান্ সন্নদ্ধান্। ত্রিগর্ত্তরাজং সুশর্ম্মাণম্ ॥৩৬॥
অদ্যেতি। যোদ্ধুকামাঃ প্রহর্ত্তুমিচ্ছবঃ, "যুধ সম্প্রহারে" ইতি ধাত্বর্থানুসারাৎ ॥৩৭॥

ধর্ম্মপুত্র যুধিষ্ঠির, রাজা শ্রুতায়ুর সহিত এবং চেকিতান কৃপাচার্য্যের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥৩২॥

পাণ্ডবপক্ষীয় অবশিষ্ট যোদ্ধারা যত্ন সহকারে মহারথ ভীষ্মের দিকেই গমন করিলেন। তাহার পর শক্তি, তোমর, নারাচ, গদা ও পরিঘধারী কৌরবপক্ষীয় সেই রাজারা যাইয়া অর্জ্জুনকে পরিবেষ্টন করিলেন। তদনন্তর অর্জ্জুন অত্যন্ত-ক্রুদ্ধ হইয়া কৃষ্ণকে এই কথা বলিলেন—॥৩৩—৩৪॥

'কৃষ্ণ! দেখ—ব্যূহনির্ম্মাণনিপুণ মহাত্মা ভীষ্ম সমরাঙ্গনে দুর্য্যোধনের সৈন্যগুলিকে মণ্ডলব্যূহরূপে সন্নিবেশিত করিয়াছেন ॥৩৫॥

মাধব! কেশব! আরও দেখ—যুদ্ধসজ্জায় সজ্জিত বীরেরা এবং ভ্রাতাদের সহিত ত্রিগর্ত্তরাজ সুশর্ম্মা যুদ্ধাভিলাষী হইয়াছেন ॥৩৬॥

যদুশ্রেষ্ঠ জনার্দ্দন! এই যাঁহারা সমরাঙ্গনে আমাকে প্রহার করিবার ইচ্ছা করিয়াছেন, আমি আজ তোমার সমক্ষে ইহাদিগকে বিনাশ করিব' ॥৩৭॥

(৩৭) অদ্যৈতান্ পাতয়িষ্যামি···পি, অদ্যৈতান্ ঘাতয়িষ্যামি···বা। (৩৮) এতদুক্ত্বা তু · বা নি।

CENTRAL LIBRARY

তেঽপি তং পরমেষ্বাসাঃ শরবর্ষৈরপূরয়ন্ ।
তড়াগং বারিধারাভির্যথা প্রাবৃষি তোয়দাঃ ॥৩৯॥
হাহাকারো মহানাসীত্তব সৈন্যে বিশাংপতে ! ।
ছাদ্যমানৌ ভৃশং কৃষ্ণৌ শরৈর্দৃষ্ট্বা মহারণে ॥৪০॥
দেবা দেবর্ষয়শ্চৈব গন্ধর্বাশ্চ মহোরগাঃ ।
বিস্ময়ং পরমং জগ্মুর্দৃষ্ট্বা কৃষ্ণৌ তথাবিধৌ ॥৪১॥ (যুগ্মকম্)
ততঃ ক্রুদ্ধোঽর্জ্জুনো রাজন্ ! ঐন্দ্রমস্ত্রমুদৈরয়ৎ ।
তত্রাদ্ভুতমপশ্যাম বিজয়স্য পরাক্রমম্ ॥৪২॥
শস্ত্রবৃষ্টিং পরৈর্মুক্তাং শরৌঘৈর্যদবারয়ৎ ।
ন চ তত্রাপ্যনির্ভিন্নঃ কশ্চিদাসীদ্বিশাংপতে ! ॥৪৩॥

ভারতকৌমুদী

এতাবদিতি। কৌন্তেয়োঽর্জ্জুনঃ, ধনুষো জ্যাং গুণম্ ॥৩৮॥

ত ইতি। পরমেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ। তড়াগং জলাশয়ম্, প্রাবৃষি বর্ষাকালে ॥৩৯॥

হাহেতি। মহান্ হাহাকার আসীৎ, অর্জ্জুনপ্রহারাৎ। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। মহোরগা মহানাগাঃ। তথাবিধৌ ক্লান্তাবিব ॥৪০—৪১॥

তত ইতি। উদৈরয়ৎ নিক্ষিপ্তবান্। বিজয়স্য অর্জ্জুনস্য ॥৪২॥

শস্ত্রেতি। অনির্ভিন্নঃ অর্জ্জুনশরৈরবিদীর্ণঃ। এতদুভয়মেবাদ্ভুতমিতি ভাবঃ ॥৪৩॥

এই পর্য্যন্ত বলিয়া অর্জ্জুন ধনুর গুণ মার্জ্জন করিয়া রাজগণের উপরে বাণ বর্ষণ করিতে লাগিলেন ॥৩৮॥

বর্ষাকালে মেঘসমূহ যেমন জলধারাদ্বারা জলাশয় পূর্ণ করে, সেইরূপ সেই রাজারাও বাণবর্ষণদ্বারা অর্জ্জুনকে পূর্ণ (আবৃত) করিলেন ॥৩৯॥

নরনাথ ! এই সময়ে অর্জ্জুনের প্রহারে আপনার সৈন্যমধ্যে বিশাল হাহাকার উপস্থিত হইল। ক্রমে সেই মহাযুদ্ধে কৃষ্ণ ও অর্জ্জুনকে বাণে অত্যন্ত আবৃত ও ক্লান্ত দেখিয়া দেবগণ, দেবর্ষিগণ, গন্ধর্ব্বগণ ও মহানাগগণ অত্যন্ত-বিস্ময়াপন্ন হইলেন ॥৪০—৪১॥

রাজা ! তাহার পর অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া ঐন্দ্র অস্ত্র নিক্ষেপ করিলেন, তখন আমরা অর্জ্জুনের অদ্ভুত পরাক্রম দেখিলাম ॥৪২॥

নরনাথ ! যে হেতু তিনি বাণসমূহদ্বারা অন্যনিক্ষিপ্ত অস্ত্রবৃষ্টি নিবারণ করিলেন ; তাহার মধ্যেও আবার তাঁহার বাণে বিদীর্ণ হয় নাই, এমন কেহ ছিল না ॥৪৩॥

(৪১)···গন্ধর্বাশ্চ সহোরগৈঃ· ·কৃষ্ণৌ তথাগতৌ—রা_নি।

তেষাং রাজসহস্রাণাং হয়ানাং দন্তিনাং তথা।
দ্বাভ্যাং ত্রিভিঃ শরৈশ্চান্যান্ পার্থো বিব্যাধ মারিষ ! ॥৪৪॥
তে হন্যমানাঃ পার্থেন ভীষ্মং শান্তনবং যযুঃ।
অগাধে মজ্জমানানাং ভীষ্মঃ পোতোঽভবত্তদা ॥৪৫॥
আপতদ্ভিশ্চ তৈস্তত্র প্রভগ্নং তাবকং বলম্।
সঞ্চুক্ষুভে মহারাজ ! বাতৈরিব মহার্ণবঃ ॥৪৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে সপ্তমদিবসযুদ্ধে অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

উনাশীতিতমোঽধ্যায়ঃ।

——:*:——

সঞ্জয় উবাচ।

তথা প্রবৃত্তে সংগ্রামে নিবৃত্তে চ সুশর্ম্মণি।
প্রভগ্নেষু চ বীরেষু পাণ্ডবেন মহাত্মনা ॥১॥

ভারতকৌমুদী

তেষামিতি। অন্যান্ নিভিন্নেতরান্। হে মারিষ ! আর্য্য ! ॥৪৪॥
ত ইতি। যযুঃ শরণমিতি শেষঃ। অগাধে বিপৎসমুদ্রে। পোতস্তরিঃ ॥৪৫॥
আপতদ্ভিরিতি। তৈরর্জ্জুনশরৈঃ, প্রভগ্নং বিচ্ছিন্নম্ ॥৪৬॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

মাননীয় রাজা ! অর্জ্জুন দুই দুইটা এবং তিন তিনটা বাণদ্বারা সেই সহস্র সহস্র রাজা, অশ্বারোহী ও গজারোহীদের অন্যান্যকে বিদ্ধ করিলেন ॥৪৪॥

তাঁহারা অর্জ্জুনকর্ত্তৃক হন্যমান হইয়া শান্তনুনন্দন ভীষ্মের যাইয়া শরণাপন্ন হইলেন ; তখন ভীষ্ম, অগাধ বিপৎসাগরে মগ্নপ্রায় সেই যোদ্ধাদের তরণিস্বরূপ হইলেন ॥৪৫॥

মহারাজ ! তখন অর্জ্জুনের শর সকল পতিত হইতে থাকিলে, আপনার সৈন্য বিশ্লিষ্ট হইয়া বায়ুতাড়িত মহাসমুদ্রের ন্যায় উদ্বেলিত হইয়া পড়িল' ॥৪৬॥

(৪৫)…ভীষ্মস্তাতা তদাভবৎ—পি বা। (৪৬)আপতদ্ভিস্ত…রা নি। * '…একাশীতি-তমোঽধ্যায়ঃ' বা ব রা নি। (১) প্রবৃত্তমাত্রে সংগ্রামে…ভগ্নেষু চাপি বীরেষু…নি।

CENTRAL LIBRARY

ক্ষুভ্যমানে বলে তূর্ণং সাগরপ্রতিমে তব।
প্রত্যুদ্‌যাতে চ গাঙ্গেয়ে ত্বরিতং বিজয়ং প্রতি ॥২॥
দৃষ্ট্বা দুর্য্যোধনো রাজা রণে পার্থস্য বিক্রমম্।
ত্বরমাণঃ সমভ্যেত্য সর্বাংস্তানব্রবীন্নৃপান্ ॥৩॥
তেষাঞ্চ প্রমুখে শূরং সুশর্ম্মাণং মহাবলম্।
মধ্যে সর্বস্য সৈন্যস্য ভৃশং সংহর্ষয়ন্নিব ॥৪॥ (কলাপকম্)
এষ ভীষ্মঃ শান্তনবো যোদ্ধুকামো ধনঞ্জয়ম্।
সর্বাত্মনা কুরুশ্রেষ্ঠস্ত্যক্ত্বা জীবিতমাত্মনঃ ॥৫॥
তং প্রয়ান্তং পরান্ বীরান্ সর্বসৈন্যেন ভারতম্।
সংযত্তাঃ সমরে সর্বে পালয়ধ্বং পিতামহম্ ॥৬॥
বাঢ়মিত্যেবমুক্ত্বা তু তান্যনীকানি সর্বশঃ।
নরেন্দ্রাণাং মহারাজ! সমাজগ্মুঃ পিতামহম্ ॥৭॥

ভারতকৌমুদী

তথেতি। নিবৃত্তে চ সুশর্ম্মণি পরাজিতত্বাৎ। পাণ্ডবেন অর্জ্জুনেন। গাঙ্গেয়ে ভীষ্মে, বিজয়ম্ অর্জ্জুনম্। পার্থস্য অর্জ্জুনস্য। তেষাং নৃপাণাম্ ॥১—৪॥

এষ ইতি। সর্বাত্মনা সর্বপ্রযত্নেন। জীবিতং জীবনমমতাম্ ॥৫॥

তমিতি। সংযত্তাঃ সমাগ্‌যত্নশালিনঃ সন্তো যূয়ম্। পিতামহং ভীষ্মম্ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! সেইরূপ যুদ্ধ চলিতে থাকিলে, মহাত্মা অর্জ্জুনের পরাক্রমে সুশর্ম্মা নিবৃত্তি পাইলে, অন্যান্য বীরেরা পরাজিত হইলে, আপনার সমুদ্রতুল্য সৈন্য সত্বর উদ্বেলিত হইয়া উঠিলে এবং ভীষ্ম বেগে অর্জ্জুনের দিকে গমন করিতে থাকিলে, রাজা দুর্য্যোধন যুদ্ধে অর্জ্জুনের বিক্রম দেখিয়া সত্বর যাইয়া সমস্ত সৈন্যের মধ্যে এবং রাজগণের সম্মুখে বীর ও মহাবল সুশর্ম্মাকে বিশেষ আনন্দিত করিতে থাকিয়াই যেন সেই সকল রাজাকে বলিলেন—॥১—৪॥

'এই কৌরবশ্রেষ্ঠ শান্তনুনন্দন ভীষ্ম নিজের জীবনের মমতা ত্যাগ করিয়া সর্ব্বপ্রযত্নে অর্জ্জুনের সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিয়াছেন ॥৫॥

এবং ভরতনন্দন ভীষ্ম সমস্ত সৈন্যের সহিত বিপক্ষ বীরগণের প্রতি ধাবিত হইয়াছেন। অতএব আপনারা সকলে বিশেষ যত্নবান্ হইয়া যুদ্ধে ভীষ্মকে রক্ষা করুন' ॥৬॥

(৪) তেষান্তু···রা নি। (৬) তং প্রয়ান্তং রণে বীরম্··রা নি।

ততঃ প্রয়াতঃ সহসা ভীষ্মঃ শান্তনবোঽর্জ্জুনম্।
রণে ভারতমায়ান্তমাসসাদ মহাবলঃ ॥৮॥
মহাশ্বেতাশ্বযুক্তেন ভীমবানরকেতুনা।
মহতা মেঘনাদেন রথেনাতিবিরাজতা ॥৯॥ (যুগ্মকম্)
সমরে সর্বসৈন্যানামুপযান্তং ধনঞ্জয়ম্।
অভবত্তুমুলো নাদো ভয়াদ্দৃষ্ট্বা কিরীটিনম্ ॥১০॥
অভীষুহস্তং কৃষ্ণঞ্চ দৃষ্ট্বাদিত্যমিবাপরম্।
মধ্যন্দিনগতং সংখ্যে ন শেকুঃ প্রতিবীক্ষিতুম্ ॥১১॥
তথা শান্তনবং ভীষ্মং শ্বেতাশ্বং শ্বেতকার্ম্মুকম্।
ন শেকুঃ পাণ্ডবা দ্রষ্টুং শ্বেতং গ্রহমিবোদিতম্ ॥১২॥

ভারতকৌমুদী

বাঢ়মিতি। বাঢ়ম্ অবশ্যমেব পিতামহং রক্ষিষ্যামঃ, "ভৃশপ্রতিজ্ঞয়োর্বাঢ়ম্" ইত্যমরঃ ॥৭॥
তত ইতি। ভারতং ভীষ্মম্। মহাবলোঽর্জ্জুনঃ। ভীমো ভয়ঙ্করো বানরঃ কেতৌ ধ্বজে যস্য তেন। মেঘস্যেব নাদো গম্ভীরধ্বনির্যস্য তেন রথেন আসসাদ প্রাপ ॥৮—৯॥
সমর ইতি। উপযান্তং ভীষ্মং প্রতি গচ্ছন্তম্। কিরীটিনং কিরীটধারিণম্ ॥১০॥
অভীষুহস্তমিতি। অভীষুঃ অশ্বরজ্জুর্হস্তে যস্য তম্, "অভীষুঃ প্রগ্রহে রশ্মৌ" ইত্যমরঃ ॥১১॥
তথেতি। শ্বেতং গ্রহং শুক্রম্, উদিতমাকাশে ॥১২॥

'মহারাজ! আমরা অবশ্যই তাহা করিব' এই কথা বলিয়া রাজগণের সেই সমস্ত সৈন্য ভীষ্মের দিকে গমন করিল ॥৭॥

তাহার পর শান্তনুনন্দন ভীষ্ম বেগে অর্জ্জুনের দিকে যাইতে লাগিলেন। তিনি আসিতে লাগিলে, মহাবল অর্জ্জুনও—বিশালশ্বেতাশ্বযুক্ত, ভয়ঙ্কর-বানরধ্বজসমন্বিত, মেঘের ন্যায় গম্ভীরধ্বনিশালী, বিশাল ও উজ্জ্বল রথে ভীষ্মের নিকটে উপস্থিত হইলেন ॥৮—৯॥

কিরীটধারী অর্জ্জুনকে ভীষ্মের দিকে আসিতে দেখিয়া ভয়ে কৌরবপক্ষের সমস্ত সৈন্যের তুমুল কোলাহল হইতে লাগিল ॥১০॥

এবং অশ্বরজ্জুহস্ত কৃষ্ণকে মধ্যাহ্নকালবর্ত্তী অপর সূর্য্যের ন্যায় দেখিয়া কৌরবসৈন্যেরা তাঁহার প্রতি দৃষ্টিপাত করিতেও সমর্থ হইল না ॥১১॥

সেইরূপ পাণ্ডবেরাও—উদিত শ্বেতগ্রহের (শুক্রের) ন্যায় শ্বেতাশ্ব ও শ্বেত-কার্ম্মুক শান্তনুনন্দন ভীষ্মের দিকে দৃষ্টিপাত করিতে সমর্থ হইলেন না ॥১২॥

(৮)···মহাবলম্—পি বা।

CENTRAL LIBRARY

স সর্বতঃ পরিবৃতস্ত্রিগর্তৈশ্চ মহাত্মভিঃ।
ভ্রাতৃভিস্তব পুত্রৈশ্চ তথান্যৈশ্চ মহারথৈঃ ॥১৩॥
ভারদ্বাজশ্চ সমরে মৎস্যং বিব্যাধ পত্রিণা।
ধ্বজঞ্চাস্য শরেণাজৌ ধনুশ্চৈকেন চিচ্ছিদে ॥১৪॥
তদপাস্য ধনুশ্ছিন্নং বিরাটো বাহিনীপতিঃ।
অন্যদাদত্ত বেগেন ধনুর্ভারসহং দৃঢ়ম্ ॥১৫॥
শরাংশ্চাশীবিষাকারান্ জ্বলিতান্ পন্নগানিব।
দ্রোণং ত্রিভিশ্চ বিব্যাধ চতুর্ভিশ্চাস্য বাজিনঃ ॥১৬॥
ধ্বজমেকেন বিব্যাধ সারথিঞ্চাস্য পঞ্চভিঃ।
ধনুরেকেষুণাবিধ্যত্তত্রাক্রুধ্যদ্দ্বিজর্ষভঃ ॥১৭॥

ভারতকৌমুদী

স ইতি। স ভীষ্মঃ। ত্রিগর্তৈর্ভ্রাতৃভিঃ সুশর্ম্মাদিভিঃ ॥১৩॥
ভারেতি। ভারদ্বাজো দ্রোণঃ, মৎস্যং মৎস্যরাজং বিরাটম্, পত্রিণা বাণেন ॥১৪॥
তদিতি। অপাস্য বিহায়। ভারমধিকমাকর্ষণং সহত ইতি তৎ ॥১৫॥
শরানিতি। আদত্তেত্যনুবৃত্তিঃ। আশীবিষাকারান্ সর্পতুল্যান্ দীর্ঘান্ ॥১৬॥
ধ্বজমিতি। একেন ইষুণা। দ্বিজর্ষভো দ্রোণঃ ॥১৭॥

ক্রমে সুশর্ম্মপ্রভৃতি ত্রিগর্তদেশীয় মহাবল ভ্রাতারা, আপনার পুত্রেরা এবং অন্যান্য মহারথেরা যাইয়া (রক্ষা করিবার জন্য) সকল দিক্ হইতে ভীষ্মকে পরিবেষ্টন করিলেন ॥১৩॥

এই সময়ে দ্রোণাচার্য্য একটা বাণদ্বারা যুদ্ধে বিরাটকে বিদ্ধ করিলেন এবং অন্য বাণদ্বারা তাঁহার ধ্বজ ও অপর বাণদ্বারা তাঁহার ধনু ছেদন করিলেন ॥১৪॥

তখন সেনাপতি বিরাট সেই ছিন্ন ধনু ত্যাগ করিয়া সত্বর দৃঢ় ও অধিকাকর্ষণসহ অন্য একখানা ধনু লইলেন ॥১৫॥

এবং সর্পের তুল্য দীর্ঘ ও সর্পবিশেষের তুল্য উজ্জ্বল কতকগুলি বাণ গ্রহণ করিলেন; তাহার তিনটা বাণদ্বারা দ্রোণকে, আর চারিটা বাণদ্বারা তাঁহার অশ্বগুলিকে বিদ্ধ করিলেন ॥১৬॥

ক্রমে বিরাট একটা বাণদ্বারা দ্রোণের ধ্বজ, পাঁচটা বাণদ্বারা তাঁহার সারথিকে এবং একটা বাণদ্বারা ধনুখানাকে বিদ্ধ করিলেন। তখন দ্রোণ ক্রুদ্ধ হইলেন ॥১৭॥

(১৩)···ত্রিগর্তৈঃ সুমহাত্মভিঃ। ভ্রাতৃভিঃ সহ পুত্রৈশ্চ···রা নি। (১৬)···দ্রোণং ত্রিভিঃ প্রবিব্যাধ···পি বা।

তস্য দ্রোণোঽবধীদশ্বান্ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
অষ্টাভির্ভরতশ্রেষ্ঠ! সূতমেকেন পত্রিণা ॥১৮॥
স হতাশ্বাদবপ্লুত্য স্যন্দনাদ্ধতসারথিঃ।
আরুরোহ রথং তূর্ণং পুত্রস্য রথিনাং বরঃ ॥১৯॥
ততস্তৌ পিতাপুত্রৌ ভারদ্বাজং রথে স্থিতৌ।
মহতা শরবর্ষেণ বারয়ামাসতুর্বলাৎ ॥২০॥
ভারদ্বাজস্ততঃ ক্রুদ্ধঃ শরমাশীবিষোপমম্।
চিক্ষেপ সমরে তূর্ণং শঙ্খং প্রতি জনেশ্বর! ॥২১॥
স তস্য হৃদয়ং ভিত্ত্বা পীত্বা শোণিতমাহবে।
জগাম ধরণীং বাণো লোহিতার্দ্রবরচ্ছদঃ ॥২২॥
স পপাত রণে তূর্ণং ভারদ্বাজশরাহতঃ।
ধনুস্ত্যক্ত্বা শরাংশ্চৈব পিতুরেব সমীপতঃ ॥২৩॥

ভারতকৌমুদী

তস্যেতি। সন্নতপর্ব্বভিঃ ঈষদ্বক্রোপান্তৈঃ। সূতং সারথিম্, পত্রিণা বাণেন ॥১৮॥
স ইতি। স বিরাটঃ। স্যন্দনাৎ রথাৎ। পুত্রস্য শঙ্খস্য ॥১৯॥
তত ইতি। পিতাপুত্রৌ বিরাটশঙ্খৌ, ভারদ্বাজং দ্রোণম্ ॥২০॥
ভারেতি। শঙ্খং তদাখ্যং বিরাটপুত্রম্ ॥২১॥
স ইতি। লোহিতেন রক্তেন আর্দ্রা বরচ্ছদা উত্তমকঙ্কপক্ষা যস্য সঃ ॥২২॥

ভরতশ্রেষ্ঠ! তৎপরে দ্রোণ অবনতপর্ব আটটা বাণদ্বারা বিরাটের অশ্বগুলিকে এবং একটা বাণদ্বারা তাঁহার সারথিকে বধ করিলেন ॥১৮॥

তখন অশ্ব ও সারথি নিহত হওয়ায় রথিশ্রেষ্ঠ বিরাটরাজা রথ হইতে লাফাইয়া পড়িয়া সত্বর যাইয়া তাঁহার পুত্র শঙ্খের রথে আরোহণ করিলেন ॥১৯॥

তাহার পর পিতা ও পুত্র সেই বিরাট ও শঙ্খ একরথে থাকিয়া বিশাল বাণবর্ষণদ্বারা বলপূর্ব্বক দ্রোণকে বারণ করিতে লাগিলেন ॥২০॥

নরনাথ! তদনন্তর দ্রোণ ক্রুদ্ধ হইয়া যুদ্ধে শঙ্খের প্রতি একটা সর্পতুল্য বাণ সত্বর নিক্ষেপ করিলেন ॥২১॥

সেই বাণটা যাইয়া শঙ্খের হৃদয়ভেদ ও রক্তপান করিয়া তাঁহার রক্তে আর্দ্রপক্ষ হইয়া ভূতলে পতিত হইল ॥২২॥

(২১)…জনেশ্বরঃ—রা নি। (২২)…লোহিতার্দ্রকৃতচ্ছবিঃ—পি বা। (২৩)…রথাত্তূর্ণম্…হিত্বা ধনুঃ…পি বা।

হতং তমাত্মজং দৃষ্ট্বা বিরাটঃ প্রাদ্রবদ্ভয়াৎ।
উৎসৃজ্য সমরে দ্রোণং ব্যাত্তাননমিবান্তকম্ ॥২৪॥
ভারদ্বাজস্ততস্তূর্ণং পাণ্ডবানাং মহাচমূম্।
দারয়ামাস সমরে শতশোঽথ সহস্রশঃ ॥২৫॥
শিখণ্ডী তু মহারাজ! দ্রৌণিমাসাদ্য সংযুগে।
আজঘান ভ্রুবোর্মধ্যে নারাচৈস্ত্রিভিরাশুগৈঃ ॥২৬॥
স বভৌ রথশার্দ্দূলো ললাটে সংস্থিতৈস্ত্রিভিঃ।
শিখরৈঃ কাঞ্চনময়ৈর্মেরুস্ত্রিভিরিবোচ্ছ্রিতৈঃ ॥২৭॥
অশ্বত্থামা ততঃ ক্রুদ্ধো নিমেষার্দ্ধাচ্ছিখণ্ডিনঃ।
ধ্বজং সূতমথো রাজন্! তুরগানায়ুধানি চ ॥২৮॥
শরৈর্বহুভিরাচ্ছিদ্য পাতয়ামাস সংযুগে।
স হতাশ্বাদবপ্লুত্য রথদ্বৈ রথিনাং বরঃ ॥২৯॥

ভারতকৌমুদী

স ইতি। স শঙ্খঃ। ভারদ্বাজস্য দ্রোণস্য শরেণ আহতঃ ॥২৩॥
হতমিতি। ব্যাত্তাননং প্রকটিতমুখম্, অন্তকং যমমিব ॥২৪॥
ভারেতি। মহাচমূঃ মহাচমূবর্ত্তিনং সৈনিকম্, শতশ ইত্যাদ্যুপাদানাৎ ॥২৫॥
শিখণ্ডীতি। দ্রৌণিম্ অশ্বত্থামানম্। আশুগৈর্দ্রুতগামিভিঃ ॥২৬॥
স ইতি। স দ্রৌণিঃ, রথশার্দ্দূলো রথিশ্রেষ্ঠঃ। উচ্ছ্রিতৈরুদ্গতৈঃ ॥২৭॥

তখন শঙ্খ দ্রোণের বাণে আহত হইয়া ধনু ও বাণ ত্যাগ করিয়া পিতার নিকটেই সত্বর সমরাঙ্গনে পতিত হইলেন ॥২৩॥

তখন বিরাটরাজা সেই পুত্রকে নিহত দেখিয়া বিবৃতবদন যমের ন্যায় দ্রোণকে পরিত্যাগ করিয়া ভয়ে পলায়ন করিলেন ॥২৪॥

তাহার পর দ্রোণ পাণ্ডবগণের মহাসেনার অন্তর্গত শত শত ও সহস্র সহস্র সৈন্যকে সত্বর সত্বর বিদীর্ণ করিতে লাগিলেন ॥২৫॥

মহারাজ! ওদিকে শিখণ্ডী যুদ্ধে অশ্বত্থামাকে পাইয়া দ্রুতগামী তিনটা নারাচদ্বারা তাঁহার ভ্রূযুগলমধ্যে আঘাত করিলেন ॥২৬॥

তখন উদ্গত স্বর্ণময় তিনটা শৃঙ্গদ্বারা সুমেরুপর্ব্বতের ন্যায় ললাটস্থিত সেই তিনটা নারাচদ্বারা অশ্বত্থামা শোভা পাইতে লাগিলেন ॥২৭॥

(২৪) হতং স্বমাত্মজম্ ··পি বা। (২৫)···বারয়ামাস সমরে···পি বা। (২৬) শিখণ্ডাপি ···পি বা। (২৮)···আয়ুধাংস্তথা—পি বা।

খড়্গমাদায় নিশিতং বিমলঞ্চ শরাবরম্।
শ্যেনবদ্ব্যচরৎ ক্রুদ্ধঃ শিখণ্ডী শত্রুতাপনঃ ॥৩০॥ (বিশেষকম্)
সখড়্গস্য মহারাজ! চরতস্তস্য সংযুগে।
নান্তরং দদৃশে দ্রৌণিস্তদদ্ভুতমিবাভবৎ ॥৩১॥
ততঃ শরসহস্রাণি বহূনি ভরতর্ষভ!।
প্রেষয়ামাস সমরে দ্রৌণিঃ পরমকোপনঃ ॥৩২॥
তামাপতন্তীং সমরে শরবৃষ্টিং সুদারুণাম্।
অসিনা তীক্ষ্ণধারেণ চিচ্ছেদ বলিনাং বরঃ ॥৩৩॥
ততোঽস্য বিমলং দ্রৌণিঃ শতচন্দ্রং মনোরমম্।
চর্ম্মাচ্ছিনদসিঞ্চাস্য খণ্ডয়ামাস সংযুগে ॥৩৪॥
শরৈঃ সুবহুশো রাজংস্তঞ্চ বিব্যাধ পত্রিভিঃ।
শিখণ্ডী তু ততঃ খড়্গং খণ্ডিতং তেন সায়কৈঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

অশ্বেতি। সূতং সারথিম্, তুরগান্ রথাশ্বান্, আয়ুধানি ধনুরাদীনি। আচ্ছিদ্য সম্যক্ ছিত্ত্বা। শরা আব্রিয়ন্তে নিবর্ত্ত্যন্তে অনেনেতি শরাবরং চর্ম্ম ॥২৮—৩০॥

সেতি। অন্তরং প্রহারাবসরম্। বিচরণনৈপুণ্যমেবাদ্ভুতমিতি ভাবঃ ॥৩১॥

তত ইতি। প্রেষয়ামাস শিখণ্ডিনং প্রতি। দ্রৌণিরশ্বত্থামা ॥৩২॥

তামিতি। বলিনাং বরঃ শিখণ্ডী ॥৩৩॥

রাজা! তদনন্তর অশ্বত্থামা ক্রুদ্ধ হইয়া বহুতর বাণদ্বারা অর্দ্ধনিমেষমধ্যে শিখণ্ডীর ধ্বজ, সারথি, রথের অশ্বগুলি ও অস্ত্র সকল ছেদন করিয়া নিপাতিত করিলেন। তখন রথিশ্রেষ্ঠ ও শত্রুতাপক শিখণ্ডী ক্রুদ্ধ হইয়া শিলাশাণিত তরবারি ও নির্ম্মল চর্ম্ম (ঢাল) লইয়া সেই হতাশ্ব রথ হইতে লাফাইয়া পড়িয়া শ্যেনপক্ষীর ন্যায় সমরাঙ্গনে বিচরণ করিতে লাগিলেন ॥২৮—৩০॥

মহারাজ! শিখণ্ডী যখন তরবারি ধারণ করিয়া সমরাঙ্গনে বিচরণ করিতে লাগিলেন, তখন অশ্বত্থামা তাঁহাকে প্রহার করিবার অবসরই দেখিলেন না; সুতরাং সেটা যেন আশ্চর্য্যের ন্যায় হইল ॥৩১॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর অত্যন্তক্রুদ্ধ অশ্বত্থামা যুদ্ধে শিখণ্ডীর প্রতি বহুতর শর নিক্ষেপ করিতে লাগিলেন ॥৩২॥

অতিদারুণ সেই শরবৃষ্টি পড়িতে লাগিলে, বলিশ্রেষ্ঠ শিখণ্ডী তীক্ষ্ণধার সেই তরবারিদ্বারা তাহা ছেদন করিতে থাকিলেন ॥৩৩॥

(৩০)···সুশিতম্···রা নি। (৩৫) শিতৈস্তু বহুশো রাজন্!···রা নি।

CENTRAL LIBRARY

আবিধ্য ব্যসৃজত্তূর্ণং জ্বলন্তমিব পন্নগম্।
তমাপতন্তং সহসা কালানলসমপ্রভম্ ॥৩৬॥
ছিচ্ছেদ সমরে দ্রৌণির্দর্শয়ন্ পাণিলাঘবম্।
শিখণ্ডিনঞ্চ বিব্যাধ শরৈর্বহুভিরায়সৈঃ ॥৩৭॥ (কলাপকম্)
শিখণ্ডী তু ভৃশং রাজন্! তাড্যমানঃ শিতৈঃ শরৈঃ।
আরুরোহ রথং তূর্ণং মাধবস্য মহাত্মনঃ ॥৩৮॥
সাত্যকিশ্চাপি সংক্রুদ্ধো রাক্ষসং ক্রূরমাহবে।
অলম্বুষং শরৈর্ঘোরৈর্বিব্যাধ বলিনং বলী ॥৩৯॥
রাক্ষসেন্দ্রস্ততস্তস্য ধনুশ্চিচ্ছেদ ভারত!।
অর্দ্ধচন্দ্রেণ সমরে তঞ্চ বিব্যাধ সায়কৈঃ ॥৪০॥

ভারতকৌমুদী

তত ইতি। শতং চন্দ্রাশ্চন্দ্রাকারাণি রৌপ্যপট্টানি যত্র তৎ। তেন দ্রৌণিনা। আবিধ্য বিভ্রাম্য। চিচ্ছেদ ব্যর্থীচকারেত্যর্থঃ। আয়সৈর্লৌহময়ৈঃ ॥৩৪—৩৭॥

শিখণ্ডীতি। শিতৈঃ শিলাশাণিতৈঃ। মাধবস্য মধুবংশীয়স্য সাত্যকেঃ ॥৩৮॥

সাত্যকিরিতি। আহবে যুদ্ধে। অলম্বুষং নাম ॥৩৯॥

রাক্ষসেন্দ্র ইতি। অর্দ্ধচন্দ্রেণ তদাখ্যেন বাণেন। সায়কৈরন্যবিধৈঃ শরৈঃ ॥৪০॥

রাজা! তৎপরে অশ্বত্থামা বহুতর বাণদ্বারা শিখণ্ডীর সেই নির্ম্মল, শতচন্দ্র ও মনোহর চর্ম্ম ছেদন করিলেন এবং তরবারিখানাও দ্বিখণ্ডিত করিয়া ফেলিলেন। তদনন্তর শিখণ্ডী অশ্বত্থামার বাণে দ্বিখণ্ডিত ও উজ্জ্বল সর্পতুল্য সেই তরবারিখানাকেই আঘূর্ণিত করিয়া বেগে নিক্ষেপ করিলেন। তখন প্রলয়কালের অগ্নিশিখার ন্যায় সেই তরবারি আসিতে লাগিলে, অশ্বত্থামা লঘুহস্ততা দেখাইয়া তাহা ব্যর্থ করিয়া দিলেন এবং বহুতর লৌহময় বাণদ্বারা শিখণ্ডীকে বিদ্ধ করিলেন ॥৩৪—৩৭॥

রাজা! শিখণ্ডী অশ্বত্থামার শিলাশাণিত বাণে অত্যন্ত তাড়িত হইতে থাকিয়া সত্বর যাইয়া মহাত্মা সাত্যকির রথে আরোহণ করিলেন ॥৩৮॥

এদিকে বলবান্ সাত্যকিও অত্যন্তক্রুদ্ধ হইয়া ভয়ঙ্কর ভয়ঙ্কর বাণদ্বারা যুদ্ধে ক্রূরপ্রকৃতি ও বলবান্ অলম্বুষকে বিদ্ধ করিলেন ॥৩৯॥

ভরতনন্দন! তাহার পর রাক্ষসশ্রেষ্ঠ অলম্বুষ অর্দ্ধচন্দ্রবাণদ্বারা সাত্যকির ধনু ছেদন করিল এবং অন্যান্যবাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিল ॥৪০॥

(৩৬)…সহসা বজ্রাশনিসমপ্রভম্—পি বা। (৩৭)…বহুভিরাশুগৈঃ—পি বা।

মায়াঞ্চ রাক্ষসীং কৃত্বা শরবর্ষৈরবাকিরৎ।
তত্রাদ্ভুতমপশ্যাম শৈনেয়স্য পরাক্রমম্ ॥৪১॥
অসংভ্রমস্তু সমরে বধ্যমানঃ শিতৈঃ শরৈঃ।
ঐন্দ্রমস্ত্রঞ্চ বার্ষ্ণেয়ো যোজয়ামাস ভারত! ॥৪২॥
বিজয়াদ্যদনুপ্রাপ্তং মাধবেন যশস্বিনা।
তদস্ত্রং ভস্মসাৎ কৃত্বা মায়াং তাং রাক্ষসীং তদা ॥৪৩॥
অলম্বুষং শরৈরন্যৈরভ্যাকিরত সর্বতঃ।
পর্বতং বারিধারাভিঃ প্রাবৃষীব বলাহকঃ ॥৪৪॥ (যুগ্মকম্)
তত্তথা পীড়িতং তেন মাধবেন যশস্বিনা।
প্রদুদ্রাব ভয়াদ্রক্ষস্ত্যক্ত্বা সাত্যকিমাহবে ॥৪৫॥
তমজেয়ং রাক্ষসেন্দ্রং সংখ্যে মঘবতা অপি।
শৈনেয়ঃ প্রাণদজ্জিত্বা যোধানাং তব পশ্যতাম্ ॥৪৬॥

ভারতকৌমুদী

মায়ামিতি। শৈনেয়স্য শিনিপৌত্রস্য সাত্যকেঃ ॥৪১॥

অসমিতি। অসংভ্রমঃ অবিচলিতঃ। বার্ষ্ণেয়ো বৃষ্ণিবংশীয়ঃ সাত্যকিঃ ॥৪২॥

নন্থ সাত্যকিনা কুতো নামৈন্দ্রমস্ত্রং প্রাপ্তমিত্যাহ বিজয়াদিতি। বিজয়াদর্জ্জুনাৎ। মাধবেন সাত্যকিনা। তদস্ত্রং কর্ত্তৃ। অভ্যাকিরত সর্বত আবৃণোৎ। প্রাবৃষি বর্ষাসু, বলাহকো মেঘঃ ॥৪৩—৪৪॥

তদিতি। তৎ রক্ষো রাক্ষসঃ অলম্বুষঃ। মাধবেন সাত্যকিনা ॥৪৫॥

আর অলম্বুষ রাক্ষসী মায়া প্রকাশ করিয়া বাণবর্ষণদ্বারা সাত্যকিকে আবৃত করিয়া ফেলিল। তখন আমরা সাত্যকির অদ্ভুত পরাক্রম দেখিলাম ॥৪১॥

ভরতনন্দন! সাত্যকি যুদ্ধে অলম্বুষের নিশিত বাণে আহত হইতে থাকিয়াও অবিচলিত থাকিয়া ঐন্দ্র অস্ত্র প্রয়োগ করিলেন ॥৪২॥

যশস্বী সাত্যকি অর্জ্জুনের নিকট হইতে যাহা লাভ করিয়াছেন, সেই ঐন্দ্র অস্ত্র তখন সেই রাক্ষসী মায়া বিনষ্ট করিয়া—বর্ষাকালে মেঘ যেমন জলধারা-দ্বারা পর্বত আবৃত করে, সেইরূপ অন্য বাণসমূহদ্বারা সকল দিক্ হইতে অলম্বুষকে আবৃত করিল ॥৪৩—৪৪॥

যশস্বী সাত্যকি সেই ঐন্দ্র অস্ত্রদ্বারা সেইভাবে পীড়ন করিলে, সেই রাক্ষস অলম্বুষ ভয়ে সাত্যকিকে পরিত্যাগ করিয়া যুদ্ধস্থান হইতে পলায়ন করিল ॥৪৫॥

---

(৪২) নামস্ত্রমদ্যঃ সমরে…পি, নাসস্ত্রমদ্যং সমরে…বা। (৪৬) তমজয়াং মঘবতা জিত্বা ভারত! সাত্যকিঃ…নি।

CENTRAL LIBRARY

অবধীত্তাবকাংশ্চাপি সাত্যকিঃ সত্যবিক্রমঃ।
নিশিতৈর্বহুভির্বাণৈস্তেঽদ্রবন্ত ভয়ার্দ্দিতাঃ ॥৪৭॥
এতস্মিন্নেব কালে তু দ্রুপদস্যাত্মজো বলী।
ধৃষ্টদ্যুম্নো মহারাজ! পুত্রং তব জনেশ্বরম্ ॥৪৮॥
ছাদয়ামাস সমরে শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
স চ্ছাদ্যমানো বিশিখৈর্ধৃষ্টদ্যুম্নেন ভারত! ॥৪৯॥
বিব্যথে ন চ রাজেন্দ্র! তব পুত্রো জনেশ্বরঃ।
ধৃষ্টদ্যুম্নঞ্চ সমরে তূর্ণং বিব্যাধ পত্রিভিঃ ॥৫০॥
ষষ্ট্যা চ ত্রিংশতা চৈব তদদ্ভুতমিবাভবৎ।
তস্য সেনাপতিঃ ক্রুদ্ধো ধনুশ্চিচ্ছেদ মারিষ! ॥৫১॥ (কলাপকম্)
হয়াংশ্চ চতুরঃ শীঘ্রং নিজঘান মহাবলঃ।
শরৈশ্চৈনং সুনিশিতৈঃ ক্ষিপ্রং বিব্যাধ পত্রিভিঃ ॥৫২॥

ভারতকৌমুদী

তমিতি। মঘবতা ইন্দ্রেণাপি। বিসন্ধিদোষ আর্ষত্বাৎ সোঢ়ব্যঃ। শৈনেয়ঃ সাত্যকিঃ ॥৪৬॥
অবধীদিতি। তাবকান্ তব সৈনিকান্। অদ্রবন্ত পলায়ন্ত ॥৪৭॥
এতস্মিন্নিতি। জনেশ্বরং রাজানং দুর্য্যোধনম্। স তব পুত্রঃ। পত্রিভির্বাণৈঃ। সেনাপতিঃ পাণ্ডবানাং সেনানায়কো ধৃষ্টদ্যুম্নঃ। হে মারিষ! আর্য্য! মাননীয়! ॥৪৮—৫১॥

যুদ্ধে ইন্দ্রেরও অজেয় সেই রাক্ষসশ্রেষ্ঠকে জয় করিয়া সাত্যকি আপনার যোদ্ধাদের সমক্ষেই সিংহনাদ করিলেন ॥৪৬॥

তৎপরে যথার্থবিক্রমশালী সাত্যকি বহুতর নিশিত বাণদ্বারা আপনার অপর সৈন্যদিগকেও বিনাশ করিতে লাগিলেন; তখন সেই সৈনিকেরা ভয়ার্ত্ত হইয়া পলায়ন করিতে লাগিল ॥৪৭॥

মহারাজ! এই সময়েই দ্রুপদরাজার পুত্র বলবান্ ধৃষ্টদ্যুম্ন অবনতপর্ব্ব বহুতর বাণদ্বারা যুদ্ধে আপনার পুত্র রাজা দুর্য্যোধনকে আবৃত করিয়া ফেলিলেন। ভরতনন্দন রাজশ্রেষ্ঠ! ধৃষ্টদ্যুম্ন বাণদ্বারা আবৃত করিলেও নরনাথ দুর্য্যোধন ব্যথিত হইলেন না, বরং নব্বইটা বাণদ্বারা যুদ্ধে ধৃষ্টদ্যুম্নকে প্রতিবিদ্ধই করিলেন; সে ব্যাপারটা যেন আশ্চর্য্য বলিয়া মনে হইল। মাননীয় রাজা! তখন ধৃষ্টদ্যুম্ন ক্রুদ্ধ হইয়া দুর্য্যোধনের ধনু ছেদন করিয়া ফেলিলেন ॥৪৮—৫১॥

(৪৭) সুহৃদস্তাবকাংশ্চাপি…রা নি। (৪৯)…ধৃষ্টদ্যুম্নেন মারিষ!—পি বা। (৫০)…তব পুত্রো জনেশ্বর!…রা নি।

স হতাশ্বান্মহাবাহুরবপ্লুত্য রথাদ্বলী।
পদাতিরসিমুদ্যম্য প্রাদ্রবৎ পার্ষতং প্রতি ॥৫৩॥
শকুনিস্তং সমভ্যেত্য রাজগৃদ্ধী মহাবলঃ।
রাজানং সর্বলোকস্য রথমারোপয়ৎ স্বকম্ ॥৫৪॥
ততো নৃপং পরাজিত্য পার্ষতঃ পরবীরহা।
ন্যহনত্তাবকং সৈন্যং বজ্রপাণিরিবাসুরান্ ॥৫৫॥
কৃতবর্ম্মা রণে ভীমং শরৈরার্চ্ছন্মহারথঃ।
প্রচ্ছাদয়ামাস চ তং মহামেঘো রবিং যথা ॥৫৬॥
ততঃ প্রহস্য সমরে ভীমসেনঃ পরন্তপঃ।
প্রেষয়ামাস সংক্রুদ্ধঃ সায়কান্ কৃতবর্ম্মণে ॥৫৭॥

ভারতকৌমুদী

হয়ানিতি। হয়ান্ দুর্য্যোধনরথাশ্বান্, চতুরঃ চতুঃসংখ্যকান্। মহাবলো ধৃষ্টদ্যুম্নঃ। এনং দুর্য্যোধনম্। পত্রিভিঃ কঙ্কপত্রযুক্তৈঃ ॥৫২॥

স ইতি। স দুর্য্যোধনঃ। পদাতিঃ পাদচারী। পার্ষতং ধৃষ্টদ্যুম্নম্ ॥৫৩॥

শকুনিরিতি। রাজগৃদ্ধী দুর্য্যোধনপ্রিয়ঃ। সর্ব্বলোকস্য সমক্ষ ইতি শেষঃ ॥৫৪॥

তত ইতি। পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ ন্যহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ ॥৫৫॥

কৃতেতি। আর্চ্ছৎ প্রথমমপীড়য়ৎ। পরঞ্চ প্রচ্ছাদয়ামাস ॥৫৬॥

তত ইতি। কৃতবর্ম্মণে তৎপ্রহারায় ॥৫৭॥

এবং মহাবল ধৃষ্টদ্যুম্ন সত্বর দুর্য্যোধনের রথের চারিটা অশ্বকে বধ করিলেন, আর কঙ্কপক্ষযুক্ত ও সুতীক্ষ্ণ বহুতর বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৫২॥

তখন মহাবাহু ও বলবান্ দুর্য্যোধন তরবারি উত্তোলন করিয়া হতাশ্ব রথ হইতে লাফাইয়া পড়িয়া পাদচারে ধৃষ্টদ্যুম্নের প্রতি ধাবিত হইলেন ॥৫৩॥

এই সময়ে দুর্য্যোধনের পরমহিতৈষী ও মহাবল শকুনি দ্রুত যাইয়া সকল লোকের সমক্ষে দুর্য্যোধনকে নিজের রথে তুলিয়া লইলেন ॥৫৪॥

তাহার পর বিপক্ষবীরহন্তা ধৃষ্টদ্যুম্ন দুর্য্যোধনকে পরাজিত করিয়া—ইন্দ্র যেমন অসুরগণকে বিনাশ করিতেন, সেইরূপ আপনার সৈন্য বিনাশ করিতে লাগিলেন ॥৫৫॥

সেই সময়ে মহারথ কৃতবর্ম্মা যুদ্ধে বাণদ্বারা প্রথমে ভীমসেনকে পীড়ন করিলেন, পরে মহামেঘ যেমন সূর্য্যকে আবৃত করে, সেইরূপ ভীমসেনকে আবৃত করিয়াই ফেলিলেন ॥৫৬॥

(৫৫)···নিজঘ্নে তাবকং সৈন্যম্···পি বা।

তৈরর্দ্দ্যমানোঽতিরথঃ সাত্বতঃ শস্ত্রকোবিদঃ।
নাকম্পত মহারাজ! ভীমঞ্চার্চ্ছচ্ছিতৈঃ শরৈঃ ॥৫৮॥
তস্যাশ্বাংশ্চতুরো হত্বা ভীমসেনো মহাবলঃ।
সারথিং পাতয়ামাস ধ্বজঞ্চ সুপরিষ্কৃতম্ ॥৫৯॥
শরৈর্বহুবিধৈশ্চৈনমাচিনোৎ পরবীরহা।
শকলীকৃতসর্বাঙ্গঃ শ্বাবিদ্বৎ সমদৃশ্যত ॥৬০॥
হতাশ্বশ্চ ততস্তূর্ণং সুবলস্য রথং যযৌ।
শ্যালস্য তে মহারাজ! তব পুত্রস্য পশ্যতঃ ॥৬১॥

ভারতকৌমুদী

তৈরিতি। সাত্বতঃ সাত্বতবংশীয়ঃ কৃতবর্ম্মা। আর্চ্ছৎ অপীড়য়ৎ ॥৫৮॥

তস্যেতি। চতুরঃ চতুঃসংখ্যকান্। সুপরিষ্কৃতং সুশোভিতম্ ॥৫৯॥

শরৈরিতি। এনং কৃতবর্ম্মাণম্, আচিনোৎ ব্যাপ্নোৎ, পরবীরহা ভীমসেনঃ। শকলীকৃতানি সংলগ্নশরৈঃ খণ্ডিতানি সর্বাণি অঙ্গানি যস্য স কৃতবর্ম্মা, শ্বাবিদ্বৎ শল্যপ্লুতবৎ ॥৬০॥

হতেতি। সুবলস্য সুবলপুত্রস্য শকুনেঃ, যযৌ কৃতবর্ম্মা ॥৬১॥

তাহার পর শত্রুসন্তাপক ভীমসেন অত্যন্তক্রুদ্ধ হইয়া হাস্য করিয়া কৃতবর্ম্মার প্রতি বহুতর বাণ নিক্ষেপ করিলেন ॥৫৭॥

মহারাজ! ভীমসেনের সেই সকল বাণে পীড়িত হইতে থাকিয়াও অতিরথ এবং অস্ত্রবিচক্ষণ কৃতবর্ম্মা বিচলিত হইলেন না, বরং নিশিত বাণদ্বারা ভীমসেনকে পীড়ন করিতেই লাগিলেন ॥৫৮॥

তখন মহাবল ভীমসেন কৃতবর্ম্মার রথের চারিটা অশ্বকে বধ করিয়া তাঁহার সারথিকে এবং সুশোভিত ধ্বজটাকে নিপাতিত করিলেন ॥৫৯॥

এবং বিপক্ষবীরহন্তা ভীমসেন নানাবিধ বাণদ্বারা কৃতবর্ম্মাকে ব্যাপ্ত করিলেন। তখন কৃতবর্ম্মার সমস্ত অঙ্গে বাণ সংলগ্ন হওয়ায় তাঁহাকে শেজারুর মত দেখা যাইতে লাগিল ॥৬০॥

মহারাজ! তাহার পর নিহতাশ্ব কৃতবর্ম্মা আপনার পুত্র দুর্য্যোধনের সমক্ষে আপনার শ্যালক শকুনির রথে যাইয়া সত্বর আরোহণ করিলেন ॥৬১॥

(৫৮) তৈর্হন্যমানঃ…পি বা। (৫৯)…ভীমসেনো মহারথঃ…সধ্বজং সুপরিষ্কৃতম্—রা নি। (৬০)…শ্বাবিদ্ধ, শলভৈর্যথা—নি,…হতাশ্বঃ প্রত্যদৃশ্যত—নি। (৬১)…বৃষকস্য রথং যযৌ…পি বা রা।

ভীমসেনোঽপি সংক্রুদ্ধস্তব সৈন্যমুপাদ্রবৎ।
নিজঘান চ সংক্রুদ্ধো দণ্ডপাণিরিবান্তকঃ ॥৬২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে সপ্তমদিবসযুদ্ধে দ্বৈরথযুদ্ধে ঊনাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

অশীতিতমোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

স্ববহূনি বিচিত্রাণি দ্বৈরথানি স্ম সঞ্জয়!।
পাণ্ডূনাং মামকৈঃ সার্দ্ধমশ্রৌষং তব জল্পতঃ ॥১॥
ন চৈব মামকং কিঞ্চিদ্ধৃষ্টং শংসসি সঞ্জয়!।
নিত্যং পাণ্ডুসুতান্ হৃষ্টানভগ্নাংশ্চৈব শংসসি ॥২॥

ভারতকৌমুদী

ভীমেতি। উপাদ্রবৎ অভ্যধাবৎ। নিজঘান চ তব সৈন্যমিত্যনুবৃত্তিঃ ॥৬২॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ঊনাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

স্ববহূনীতি। দ্বয়োর্দ্বয়ো রথয়োরিমানীতি দ্বৈরথানি যুদ্ধানি। পাণ্ডূনাং পাণ্ডবানাম্ ॥১॥
নেতি। হৃষ্টং হর্ষজনকং কর্ম্ম, শংসসি ব্রবীষি। অভগ্নান্ অপরাজিতান্ ॥২॥

তখন ভীমসেনও অত্যন্তক্রুদ্ধ হইয়া আপনার সৈন্যগণের প্রতি ধাবিত হইলেন এবং অত্যন্তক্রুদ্ধ দণ্ডপাণি যমের ন্যায় আপনার সৈন্য বিনাশ করিতে লাগিলেন' ॥৬২॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! আমার পক্ষীয় যোদ্ধাদের সহিত পাণ্ডবদের বহুতর বিচিত্র দ্বৈরথ যুদ্ধের বৃত্তান্ত তোমার নিকট শুনিলাম ॥১॥

কিন্তু সঞ্জয়! তুমি ত আমার পক্ষের কোন হর্ষজনক বৃত্তান্ত বলিলে না, অথ চ সর্ব্বদাই পাণ্ডবগণকে হৃষ্ট ও অপরাজিত বলিতেছ ॥২॥

---

* '...ঊনাশীতিতমোঽধ্যায়ঃ' বা ব রা নি। (১) বহূনি হি বিচিত্রাণি...রা নি। (২)...অভগ্নান্ সম্প্রশংসসি—রা নি।

জীয়মানান্ বিমনসো মামকান্ বিগতৌজসঃ।
বদসে সংযুগে সূত! দিষ্টমেতন্ন সংশয়ঃ ॥৩॥

সঞ্জয় উবাচ।

যথাশক্তি যথোৎসাহং যুদ্ধে চেষ্টন্তি তাবকাঃ।
দর্শয়ানাঃ পরং শক্ত্যা পৌরুষং পুরুষর্ষভ! ॥৪॥
গঙ্গায়াঃ সুরনদ্যা বৈ স্বাদুভূতং যথোদকম্।
মহোদধিসমভ্যাসে লবণত্বং নিগচ্ছতি ॥৫॥
তথা তৎ পৌরুষং রাজন্! তাবকানাং মহাত্মনাম্।
প্রাপ্য পাণ্ডুসুতান্ বীরান্ ব্যর্থীভবতি সংযুগে ॥৬॥ (যুগ্মকম্)
ঘটমানান্ যথাশক্তি কুর্বাণান্ কর্ম্ম দুষ্করম্।
ন দোষেণ কুরুশ্রেষ্ঠ! স্বান্ যোধান্ গন্তুমর্হসি ॥৭॥

ভারতকৌমুদী

জীয়েতি। বিমনসো বিষণ্ণচিত্তান্, বিগতৌজসো নিস্তেজস্কান্। দিষ্টং দৈবম্ ॥৩॥

যথেতি। চেষ্টন্তি চেষ্টন্তে। দর্শয়ানা দর্শয়মানাঃ। উভয়মপ্যার্ষম্ ॥৪॥

গঙ্গায়া ইতি। মহোদধের্লবণসমুদ্রস্য সমভ্যাসে সমীপে গতায়া এব তৎ সংযুক্তায়া এবেত্যর্থঃ, নির্গচ্ছতি নিশ্চয়েন প্রাপ্নোতি। প্রাপ্য স্থিতানামিতি শেষঃ ॥৫—৬॥

ঘটেতি। ঘটমানান্ জেতুং চেষ্টমানান্। দোষেণ দোষান্বিততয়া, গন্তুং জ্ঞাতুম্ ॥৭॥

সঞ্জয়! তুমি যে আমার পক্ষের যোদ্ধাদিগকে যুদ্ধে বিজিত, বিষণ্ণ ও তেজোবিহীন বলিতেছ, এটা দৈব; এ বিষয়ে কোন সন্দেহ নাই' ॥৩॥

সঞ্জয় বলিলেন—'পুরুষশ্রেষ্ঠ! আপনার পক্ষের যোদ্ধারা শক্তি অনুসারে বিশেষ পুরুষকার দেখাইতে থাকিয়া শক্তি ও উৎসাহ অনুসারে যুদ্ধে জয়লাভের চেষ্টা করিয়া থাকেন বটে ॥৪॥

তবে, দেবনদী গঙ্গার স্বাদু জল যেমন লবণসমুদ্রের সঙ্গে মিশিয়াই লবণরস হইয়া যায়, সেইরূপ আপনার পক্ষের মহাত্মা যোদ্ধাদের সে পুরুষকার যুদ্ধে পাণ্ডবগণকে পাওয়ার পরেই ব্যর্থ হইয়া যায় ॥৫—৬॥

অতএব কৌরবশ্রেষ্ঠ! আপনার পক্ষের যোদ্ধারা শক্তি অনুসারে জয়লাভের চেষ্টা করিতেছেন এবং দুষ্কর কার্য্যও করিতেছেন, এ অবস্থায় তাঁহাদিগকে আপনি দোষী মনে করিতে পারেন না ॥৭॥

(৩) হীয়মানান্ বিমনসঃ···পি। (৪) দর্শয়ন্তঃ··পুরুষর্ষভাঃ—পি বা। (৫)···স্বাদু ভূত্বা···গুণাভ্যাসাৎ···নিয়চ্ছতি—পি বা। (৬)···তাবকানাং পরন্তপ!—রা নি। (৭)··· কৌরবান্ গন্তুমর্হসি—রা নি।

তবাপরাধাৎ সুমহান্ সপুত্রস্য বিশাংপতে ! ।
পৃথিব্যাঃ প্রক্ষয়ো ঘোরো যমরাষ্ট্রবিবর্দ্ধনঃ ॥৮॥
আত্মদোষাৎ সমুৎপন্নং শোচিতুং নার্হসে নৃপ ! ।
ন হি রক্ষন্তি রাজানঃ সর্বার্থান্ নাপি জীবিতম্ ॥৯॥
যুদ্ধে সুকৃতিনাং লোকানিচ্ছন্তো বসুধাধিপাঃ ।
চমূং বিগাহ্য যুধ্যন্তে নিত্যং স্বর্গপরায়ণাঃ ॥১০॥
পূর্ব্বাহ্ণে সুমহান্ রাজন্ ! প্রাবর্ত্তত জনক্ষয়ঃ ।
তন্মমৈকমনা ভূত্বা শৃণু দেবাসুরোপমম্ ॥১১॥
আবন্ত্যৌ তু মহেষ্বাসৌ মহাত্মানৌ মহাদ্যুতী ।
ইরাবন্তমভিপ্রেক্ষ্য সমেয়াতাং রণোৎকটৌ ॥১২॥

ভারতকৌমুদী

তবেতি। সপুত্রস্য দুর্য্যোধনদুঃশাসনসহিতস্য। প্রক্ষয়ো বর্ত্তত ইতি শেষঃ ॥৮॥

আত্মেতি। সমুৎপন্নং ব্যসনম্। সর্বার্থান্ তত্তৎসৈন্যাদীন্ ॥৯॥

যুদ্ধ ইতি। সুকৃতিনাং পুণ্যবতাম্। চমূং পরকীয়াম্, বিগাহ্য আলোড্য ॥১০॥

এতাবতা রাজানং প্রবোধ্যেদানীং প্রকৃতং যুদ্ধবৃত্তান্তমেবাহ পূর্ব্বাহ্ণ ইতি। তৎ বৃত্তম্ ॥১১॥

আবন্ত্যাবিতি। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ বিন্দানুবিন্দৌ। সমেয়াতামগচ্ছতাম্ ॥১২॥

নরনাথ ! পুত্রগণের সহিত আপনারই অপরাধে যমরাজ্যবিবর্দ্ধক পৃথিবীর এই ভয়ঙ্কর ক্ষয় উপস্থিত হইয়াছে ॥৮॥

অতএব রাজা ! নিজের দোষে যে বিপদ্ উপস্থিত হইয়াছে, তাহার জন্য আপনি শোক করিতে পারেন না। আপনার পক্ষের রাজারা তাঁহাদের স্বার্থ বা জীবন রক্ষার চেষ্টা করিতেছেন না ॥৯॥

আপনার পক্ষের স্বর্গলাভার্থী রাজারা পুণ্যবান্‌দিগের প্রাপ্য স্থান পাইবার ইচ্ছা করিয়া সর্ব্বদাই বিপক্ষসৈন্যমধ্যে প্রবেশপূর্ব্বক যুদ্ধ করিতেছেন ॥১০॥

রাজা ! সেই দিন পূর্ব্বাহ্ণে গুরুতর লোকক্ষয় উপস্থিত হইয়াছিল। আপনি একাগ্রচিত্ত হইয়া সেই দেবাসুরযুদ্ধতুল্য যুদ্ধের বৃত্তান্ত শ্রবণ করুন ॥১১॥

মহাধনুর্দ্ধর, মহাত্মা, মহাতেজা ও যুদ্ধোন্মত্ত অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ সমরাঙ্গনে ইরাবান্‌কে দেখিয়া তাঁহার দিকে ধাবিত হইলেন ॥১২॥

(৮)…সুক্ষয়ঃ…পি। (৯)…সর্ব্বথাত্রাপি জীবিতম্—রা নি। (১০) যুদ্ধেন সুকৃতা-ল্লোকান্…পি বা। (১১) পূর্ব্বাহ্ণে তু মহারাজ !…রা নি। (১২)…মহাসেনৌ মহাবলৌ …যুধামন্যুমভিপ্রেক্ষ্য…রা নি।

CENTRAL LIBRARY

তেষাং প্রববৃতে যুদ্ধং সুমহদ্রোমহর্ষণম্ ।
ইরাবাংস্তু সুসংক্রুদ্ধো ভ্রাতরৌ দেবরূপিণৌ ॥১৩॥
বিব্যাধ নিশিতৈস্তূর্ণং শরৈঃ সন্নতপর্বভিঃ ।
তাবেনং প্রত্যবিধ্যেতাং সমরে চিত্রযোধিনৌ ॥১৪॥ (যুগ্মকম্)
যুধ্যতাং হি তদা রাজন্ ! বিশেষো ন ব্যদৃশ্যত ।
যততাং শত্রুনাশায় কৃতপ্রতিকৃতৈষিণাম্ ॥১৫॥
ইরাবাংস্তু রণে রাজন্ ! অনুবিন্দস্য সায়কৈঃ ।
চতুর্ভিশ্চতুরো বাহাননয়দ্যমসাদনম্ ॥১৬॥
ভল্লাভ্যাঞ্চ সুতীক্ষ্ণাভ্যাং ধনুঃ কেতুঞ্চ মারিষ ! ।
চিচ্ছেদ সমরে রাজন্ ! তদদ্ভুতমিবাভবৎ ॥১৭॥
ত্যক্ত্বানুবিন্দোঽথ রথং বিন্দস্য রথমাস্থিতঃ ।
ধনুর্গৃহীত্বা সুদৃঢ়ং ভারসাহমনুত্তমম্ ॥১৮॥

ভারতকৌমুদী

তেষামিতি। ভ্রাতরৌ বিন্দানুবিন্দৌ। এনম্ ইরাবন্তম্ ॥১৩—১৪॥
যুধ্যতামিতি। কৃতপ্রতিকৃতৈষিণাং কৃতপ্রহারপ্রতিপ্রহারকরণেচ্ছূনাম্ ॥১৫॥
ইরাবানিতি। সায়কৈর্বাণৈঃ। বাহান্ রথস্থাশ্বান্, যমস্য সাদনং ভবনম্ ॥১৬॥
ভল্লাভ্যামিতি। কেতুং ধ্বজম্। অদ্ভুতত্বন্তু তত্তৎকর্ম্মণো যৌগপদ্যাৎ ॥১৭॥
ত্যক্ত্বেতি। আস্থিত আরূঢ়ঃ। ভারং গুরুতরাকর্ষণং সহত ইতি তৎ ॥১৮॥

তখন তাঁহাদের অতিগুরুতর ও রোমহর্ষণ যুদ্ধ উপস্থিত হইল। কারণ, ইরাবান্ অত্যন্তক্রুদ্ধ হইয়া শিলাশাণিত ও অবনতপর্ব বহুতর বাণদ্বারা সত্বর দেবরূপী সেই ভ্রাতৃদ্বয়কে বিদ্ধ করিলেন। ক্রমে বিচিত্রযোধী বিন্দ এবং অনুবিন্দও যুদ্ধে সেইরূপ ইরাবান্‌কে প্রতিবিদ্ধ করিলেন ॥১৩—১৪॥

রাজা! তখন শত্রুনাশের জন্য যত্নবান্ এবং কৃতপ্রহারের প্রতিপ্রহারার্থী সেই তিন জনের যুদ্ধে কোন বিশেষ দেখা গেল না ॥১৫॥

রাজা! ইরাবান্ যুদ্ধে চারিটা বাণদ্বারা অনুবিন্দের রথের চারিটা অশ্বকে যমালয়ে প্রেরণ করিলেন ॥১৬॥

এবং মাননীয় রাজা! দুইটা সুতীক্ষ্ণ ভল্লদ্বারা তাঁহার ধনু ও ধ্বজটাকে কাটিয়া ফেলিলেন; তাহা যেন আশ্চর্য্যের ন্যায় হইল ॥১৭॥

(১৩)···যুধামন্যুঃ সুসংক্রুদ্ধঃ···রা নি। (১৫) যুধ্যতাং হি তথা রাজন্।···রা নি। (১৬) যুধামন্যুস্ততো রাজন্!· রা নি। (১৮)···পরমং ভারসাধনমুত্তমম্—রা নি।

তাবেকস্থৌ মহাবীরাবাবন্ত্যৌ বলিনাং বরৌ।
শরান্ মুমুচতুস্তূর্ণমিরাবতি মহাত্মনি ॥১৯॥
তাভ্যাং মুক্তা মহাবেগাঃ শরাঃ কাঞ্চনভূষণাঃ।
দিবাকরপথং প্রাপ্য চ্ছাদয়ামাসুরম্বরম্ ॥২০॥
ইরাবাংস্তু রণে ক্রুদ্ধো ভ্রাতরৌ তৌ মহারথৌ।
ববর্ষ শরবর্ষেণ সারথিঞ্চাপ্যপাতয়ৎ ॥২১॥
তস্মিংস্তু পতিতে ভূমৌ গতসত্ত্বে তু সারথৌ।
রথঃ প্রদুদ্রাব দিশঃ সমুদ্‌ভ্রান্তহয়স্ততঃ ॥২২॥
তৌ স জিত্বা মহারাজ! নাগরাজসুতাসুতঃ।
পৌরুষং খ্যাপয়ংস্তূর্ণং ব্যধমত্তব বাহিনীম্ ॥২৩॥

ভারতকৌমুদী

তাবিতি। একস্থৌ একরথস্থৌ, আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ ॥১৯॥
তাভ্যামিতি। মুক্তা নিক্ষিপ্তাঃ। অম্বরমাকাশম্ ॥২০॥
ইরাবানিতি। তৌ বিন্দানুবিন্দৌ ॥২১॥
তস্মিন্নিতি। গতসত্ত্বে নির্গতপ্রাণে। সমুদ্‌ভ্রান্তহয়ো ঘূর্ণিতাশ্বঃ ॥২২॥
তাবিতি। নাগরাজ ঐরাবতস্তস্য সুতা বিধবা কাপি তস্যাঃ সুত ইরাবান্। এতচ্চ বক্ষ্যতে। "নাগরাজঃ কৌরব্যস্তস্য সুতা উলূপী তস্যাঃ সুত ইরাবান্" ইতি কতিপয়পুস্তক-

তাহার পর অনুবিন্দ নিজের রথ পরিত্যাগ করিয়া অন্য একখানা সুদৃঢ় ও অধিকাকর্ষণসহ উত্তম ধনু লইয়া সত্বর যাইয়া বিন্দের রথে আরোহণ করিলেন ॥১৮॥

তখন অবন্তিদেশীয় মহাবীর ও বলিশ্রেষ্ঠ বিন্দ এবং অনুবিন্দ এক রথে থাকিয়া মহাত্মা ইরাবানের প্রতি সত্বর বাণক্ষেপ করিতে লাগিলেন ॥১৯॥

তাঁহাদের নিক্ষিপ্ত মহাবেগ ও স্বর্ণভূষিত বাণ সকল সূর্য্যের পথে যাইয়া আকাশ আবৃত করিল ॥২০॥

এই সময়ে ইরাবান্ ক্রুদ্ধ হইয়া যুদ্ধে সেই মহারথ ভ্রাতাদের উপরে বাণ বর্ষণ করিতে লাগিলেন এবং তাঁহাদের সারথিকে নিপাতিত করিলেন ॥২১॥

সেই সারথি প্রাণহীন হইয়া ভূতলে পতিত হইলে অশ্বগুলি ঘুরিতে থাকিয়া রথখানাকে সকল দিকে ঘুরাইতে লাগিল ॥২২॥

(১৯)…তাবেকস্থৌ রণে বীরৌ…যুধামন্যৌ মহাত্মনি—রা নি। (২১) যুধামন্যু রণে…রা নি,…সারথিঞ্চাভ্যপাতয়ৎ—পি। (২২) তস্মিন্ নিপতিতে রাজন্!…পি বা। (২৩)…মহারাজ! যজ্ঞসেনসুতঃ প্রভুঃ…নি।

CENTRAL LIBRARY

সা বধ্যমানা সমরে ধার্ত্তরাষ্ট্রী মহাচমূঃ।
বেগান্ বহুবিধাংশ্চক্রে বিষং পীত্বেব মানবঃ ॥২৪॥
হৈড়িম্বো রাক্ষসেন্দ্রস্তু ভগদত্তং সমাদ্রবৎ।
রথেনাদিত্যবর্ণেন সধ্বজেন মহাবলঃ ॥২৫॥
ততঃ প্রাগ্‌জ্যোতিষো রাজা নাগরাজং সমাস্থিতঃ।
যথা বজ্রধরঃ পূর্বং সংগ্রামে তারকাময়ে ॥২৬॥
তত্র দেবাঃ সগন্ধর্বা ঋষয়শ্চ সমাগতাঃ।
বিশেষং ন স্ম বিবিদুর্হৈড়িম্বভগদত্তয়োঃ ॥২৭॥
যথা সুরপতিঃ পূর্বং ত্রাসয়ামাস দানবান্।
তথৈব সমরে রাজা দ্রাবয়ামাস পাণ্ডবান্ ॥২৮॥

ভারতকৌমুদী

ধৃতনীলকণ্ঠব্যাখ্যানস্তু হেয়ম্, পরন্তু তেনৈব "নাগরাজস্য ঐরাবতস্য" ইতি ব্যাখ্যাস্যমানত্বাৎ তাদৃশব্যাখ্যানস্যৈব চ সামঞ্জস্যাৎ। খ্যাপয়ন্ উভয়সেনাসু প্রচারয়ন্, ব্যধমৎ অমর্দ্দয়ৎ ॥২৩॥

সেতি। বেগান্ জয়াত্মরক্ষয়োরুত্থমান্ হস্তপদাস্ত্রাক্ষেপাংশ্চ ॥২৪॥

হৈড়িম্ব ইতি। হৈড়িম্বো ঘটোৎকচঃ। আদিত্যবর্ণেন সূর্য্যবদুজ্জ্বলরূপেণ ॥২৫॥

তত ইতি। নাগরাজং গজেন্দ্রম্। তারকস্যাসুরস্য আময়ঃ পীড়নং যত্র তস্মিন্ ॥২৬॥

তত্রেতি। বিশেষং বীরত্বতারতম্যম্, স্মশব্দঃ পাদপূরণে ॥২৭॥

মহারাজ! ইরাবান্ এইভাবে বিন্দ এবং অনুবিন্দকে জয় করিয়া উভয়-সৈন্যমধ্যে নিজের বীরত্ব প্রচার করতঃ আপনার সৈন্য মর্দ্দন করিতে লাগিলেন ॥২৩॥

মানুষ বিষ পান করিয়া যেমন নানাবিধ বেগ প্রকাশ করে, সেইরূপ সেই ধার্ত্তরাষ্ট্রী বিশাল সেনা যুদ্ধে বধ্যমানা হইতে থাকিয়া নানাবিধ বেগ প্রকাশ করিতে থাকিল ॥২৪॥

ওদিকে রাক্ষসশ্রেষ্ঠ মহাবল ঘটোৎকচ সূর্য্যের ন্যায় উজ্জ্বলবর্ণ ও ধ্বজযুক্ত রথে আরোহণ করিয়া ভগদত্তের দিকে ধাবিত হইল ॥২৫॥

তাহার পর—পূর্ব্বকালে তারকাসুরের যুদ্ধে ইন্দ্র যেমন ঐরাবতহস্তীতে আরোহণ করিয়াছিলেন, সেইরূপ রাজা ভগদত্ত তাঁহার বিশাল হস্তীতে আরোহণ করিলেন ॥২৬॥

তখন সমাগত দেবগণ, গন্ধর্ব্বগণ ও ঋষিগণ যুদ্ধে ঘটোৎকচ ও ভগদত্তের তারতম্য বুঝিতে পারিলেন না ॥২৭॥

(২৮) যথা সুরপতিঃ শক্রঃ···রা নি।

তেন বিদ্রাব্যমাণাস্তে পাণ্ডবাঃ সর্বতো দিশম্।
ত্রাতারং নাভ্যবিন্দন্ত স্বেষ্বনীকেষু ভারত! ॥২৯॥
ভৈমসেনিং রথস্থন্তু তত্রাপশ্যাম ভারত!।
শেষা বিমনসো ভূত্বা প্রাদ্রবন্ত মহারথাঃ ॥৩০॥
নিবৃত্তেষু চ পাণ্ডূনাং পুনঃ সৈন্যেষু ভারত!।
আসীন্নিষ্টানকো ঘোরস্তব সৈন্যেষু সংযুগে ॥৩১॥
ঘটোৎকচস্ততো রাজন্! ভগদত্তং মহারণে।
শরৈঃ প্রচ্ছাদয়ামাস মেরুং গিরিমিবাম্বুদঃ ॥৩২॥

ভারতকৌমুদী

যথেতি। রাজা ভগদত্তঃ, দ্রাবয়ামাস মর্দ্দয়ামাস, পাণ্ডবান্ পাণ্ডবসৈন্যান্ ॥২৮॥
তেনেতি। তেন ভগদত্তেন, পাণ্ডবাঃ পাণ্ডবসৈন্যাঃ। নাভ্যবিন্দন্ত নালভন্ত ॥২৯॥
ভৈমেতি। ভৈমসেনিঃ ভীমসেনপুত্রঃ ঘটোৎকচম্। শেষা পাণ্ডবপক্ষীয়াঃ ॥৩০॥
নিবৃত্তেষ্বিতি। নিষ্টানক আনন্দোৎসাহাভ্যাং মহান্ কোলাহলঃ ॥৩১॥
ঘটোৎকচ ইতি। অম্বুদো মেঘো বারিভিরিব ॥৩২॥

ভারতভাবদীপঃ

বহুনীতি।১—২২॥ নাগরাজঃ কৌরব্যস্তস্য সুতা উলূপী তস্যাঃ সুত ইরাবান্ ॥২৩—৩০॥ নিষ্টানকঃ সব্যথঃ শব্দঃ ॥৩১—৫৯॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অশীতিতমোঽধ্যায়ঃ ॥৮০॥

তৎপরে—পূর্ব্বকালে ইন্দ্র যেমন যুদ্ধে দানবগণকে ত্রস্ত করিয়া তুলিতেন, সেইরূপই ভগদত্ত যুদ্ধে পাণ্ডবসৈন্যকে বিদ্রুত করিয়া তুলিলেন ॥২৮॥

ভরতনন্দন! ভগদত্ত বিদ্রুত করিয়া তুলিলে, সেই পাণ্ডবসৈন্যেরা সকল দিকে ছুটাছুটি করিতে থাকিয়াও আপন সৈন্যমধ্যে কাহাকেও রক্ষক পাইল না ॥২৯॥

ভরতনন্দন! তখন একমাত্র ঘটোৎকচকেই রথারোহণে অবস্থান করিতে দেখিলাম; কিন্তু অবশিষ্ট পাণ্ডবপক্ষীয় মহারথেরা বিষণ্ণ হইয়া পলায়ন করিলেন ॥৩৯॥

ভরতনন্দন! পাণ্ডবসৈন্যেরা পলায়ন করিলে, আনন্দে ও উৎসাহে আপনার সৈন্যমধ্যে ভয়ঙ্কর কোলাহল হইল ॥৩১॥

রাজা! তাহার পর—মেঘ যেমন জলধারা সুমেরুপর্ব্বতকে আবৃত করে, সেইরূপ ঘটোৎকচ বাণসমূহদ্বারা মহাযুদ্ধে ভগদত্তকে আবৃত করিল ॥৩২॥

(২৯)···ত্রাতারং নাভ্যগচ্ছন্তঃ···রা নি।

CENTRAL LIBRARY

নিহত্য তান্ শরান্ রাজা রাক্ষসস্য ধনুশ্চ্যুতান্ ।
ভৈমসেনিং রণে তূর্ণং সর্বমর্ম্মস্বতাড়য়ৎ ॥৩৩॥
স তাড্যমানো বহুভিঃ শরৈঃ সন্নতপর্বভিঃ ।
ন বিব্যথে রাক্ষসেন্দ্রো ভিদ্যমান ইবাচলঃ ॥৩৪॥
তস্য প্রাগ্জ্যোতিষঃ ক্রুদ্ধস্তোমরান্ বৈ চতুর্দ্দশ ।
প্রেষয়ামাস সমরে তাংশ্চিচ্ছেদ স রাক্ষসঃ ॥৩৫॥
স তাংশ্ছিত্ত্বা মহাবাহুস্তোমরান্ নিশিতৈঃ শরৈঃ ।
ভগদত্তঞ্চ বিব্যাধ সপ্তত্যা কঙ্কপত্রিভিঃ ॥৩৬॥
ততঃ প্রাগ্জ্যোতিষো রাজা প্রহসন্নিব ভারত ! ।
তস্যাশ্বাংশ্চতুরঃ সংখ্যে পাতয়ামাস সায়কৈঃ ॥৩৭॥
স হতাশ্বে রথে তিষ্ঠন্ রাক্ষসেন্দ্রঃ প্রতাপবান্ ।
শক্তিং চিক্ষেপ বেগেন প্রাগ্জ্যোতিষগজং প্রতি ॥৩৮॥

ভারতকৌমুদী

নিহত্যেতি। রাজা ভগদত্তঃ। সর্ব্বমর্ম্মসু বক্ষসঃ সর্বদেশেষু ॥৩৩॥
স ইতি। সন্নতপর্বভিঃ বক্রোপান্তৈঃ। ভিদ্যমানঃ টঙ্কাদিনা বিদার্য্যমাণঃ ॥৩৪॥
তস্যেতি। তস্য ঘটোৎকচস্যোপরি, প্রাগ্জ্যোতিষস্তদধিপতির্ভগদত্তঃ ॥৩৫॥
স ইতি। কঙ্কপত্রিভিঃ কঙ্কপক্ষিপক্ষযুতৈঃ শরৈঃ ॥৩৬॥
তত ইতি। তস্য ঘটোৎকচস্য, চতুরঃ চতুঃসংখ্যকান্, সংখ্যে যুদ্ধে ॥৩৭॥
স ইতি। হতা অশ্বা যস্য তস্মিন্। শক্তিম্ অস্ত্রবিশেষম্ ॥৩৮॥

তখন ভগদত্ত ঘটোৎকচকার্ম্মুকনির্গত সেই সকল বাণ বিনষ্ট করিয়া সত্বর তাহার বক্ষস্থলের সমস্ত অংশে তাড়ন করিলেন ॥৩৩॥

ঘটোৎকচ অবনতপর্ব বহুতর বাণদ্বারা তাড়িত হইয়াও টঙ্ক-(সাবল) দ্বারা বিদার্য্যমাণ পর্ব্বতের ন্যায় ব্যথিত হইল না ॥৩৪॥

তখন ভগদত্ত ক্রুদ্ধ হইয়া যুদ্ধে ঘটোৎকচের উপরে চৌদ্দটা তোমর নিক্ষেপ করিলেন ; কিন্তু ঘটোৎকচ সেগুলিকে কাটিয়া ফেলিল ॥৩৫॥

এবং মহাবাহু ঘটোৎকচ নিশিত শরসমূহদ্বারা সেই তোমরগুলিকে ছেদন করিয়া সত্তরটা বাণদ্বারা ভগদত্তকে বিদ্ধ করিল ॥৩৬॥

ভরতনন্দন ! তাহার পর রাজা ভগদত্ত হাসিতে হাসিতেই যেন যুদ্ধে বাণ-দ্বারা ঘটোৎকচের চারিটা অশ্বকে বধ করিলেন ॥৩৭॥

---

(৩৫)···তোমরাংস্ত চতুর্দ্দশ··· রা নি। (৩৭)···চতুরো রাজন্ !···পি বা।

তামাপতন্তীং সহসা হেমদণ্ডাং সুবেগিনীম্।
ত্রিধা চিচ্ছেদ নৃপতিঃ সা ব্যকীর্য্যত মেদিনীম্ ॥৩৯॥
শক্তিং বিনিহতাং দৃষ্ট্বা হৈড়িম্বঃ প্রাদ্রবদ্ভয়াৎ।
যথেন্দ্রস্য রণাৎ পূর্ব্বং নমুচির্দৈত্যসত্তমঃ ॥৪০॥
তং বিজিত্য রণে শক্রং বিক্রান্তং খ্যাতপৌরুষম্।
অজেয়ং সমরে রাজন্! যমেন বরুণেন চ ॥৪১॥
পাণ্ডবীং সমরে সেনাং সংমমর্দ্দ সকুঞ্জরঃ।
যথা বনগজো রাজন্! মৃদ্নংশ্চরতি পদ্মিনীম্ ॥৪২॥ (যুগ্মকম্)
মদ্রেশ্বরশ্চ সমরে যমাভ্যাং সহ সঙ্গতঃ।
স্বস্ত্রীয়ৌ চ্ছাদয়াঞ্চক্রে শরৌঘৈঃ পাণ্ডুনন্দনৌ ॥৪৩॥

ভারতকৌমুদী

তামিতি। সা ত্রিধা ছিন্না শক্তিঃ, মেদিনীং ব্যকীর্য্যত ব্যাপ্নোৎ ॥৩৯॥
শক্তিমিতি। প্রাদ্রবৎ রণাদপাসরৎ ॥৪০॥
তমিতি। তং ঘটোৎকচম্। কুঞ্জরেণ গজেন সহেতি সকুঞ্জরো ভগদত্তঃ ॥৪১—৪২॥
মদ্রেশ্বর ইতি। মদ্রেশ্বরঃ শল্যঃ, যমাভ্যাং নকুলসহদেবাভ্যাম্ ॥৪৩॥

তখন প্রতাপশালী ঘটোৎকচ সেই হতাশ্ব রথেই থাকিয়া ভগদত্তের হস্তীর প্রতি বেগে একটা শক্তি নিক্ষেপ করিল ॥৩৮॥

স্বর্ণদণ্ডা ও বেগবতী সেই শক্তিটা আসিতে লাগিলে, রাজা ভগদত্ত সেটাকে তিন খণ্ডে ছেদন করিলেন; তখন সেটা ভূতলে পতিত হইল ॥৩৯॥

ঘটোৎকচ সেই শক্তিটাকে প্রতিহত দেখিয়া—পূর্ব্বকালে দৈত্যশ্রেষ্ঠ নমুচি যেমন ইন্দ্রের যুদ্ধ হইতে পলায়ন করিয়াছিল, সেইরূপ ভয়ে যুদ্ধস্থল হইতে পলায়ন করিল ॥৪০॥

রাজা! বিক্রমশালী, বিখ্যাতপৌরুষ এবং যম ও বরুণেরও অজেয় সেই শত্রু ঘটোৎকচকে যুদ্ধে জয় করিয়া মহাগজারোহী ভগদত্ত—বন্য হস্তী যেমন পদ্মময় সরোবর মর্দ্দন করিতে থাকিয়া বিচরণ করে, সেইরূপ যুদ্ধে পাণ্ডবসৈন্য মর্দ্দন করিতে থাকিয়া বিচরণ করিতে লাগিলেন ॥৪১—৪২॥

এদিকে মদ্ররাজ শল্য যুদ্ধে নকুল ও সহদেবের সহিত মিলিত হইয়া বাণ-সমূহদ্বারা পাণ্ডুনন্দন সেই দুই ভাগিনেয়কে আবৃত করিলেন ॥৪৩॥

(৩৯)…হেমদণ্ডাং প্রবেগিতাম্—পি বা, সাম্বকীর্য্যত…পি, সা স্বকীর্য্যত…বা। (৪১) …রণে শূরম্…অজয্যং সমরে বীরম্…নি। (৪৩)…যমাভ্যাং সমজ্জত…রা নি।

সহদেবস্তু সমরে মাতুলং দৃশ্য সঙ্গতম্ ।
অবারয়চ্ছরৌঘেণ মেঘো যদ্বদ্দিবাকরম্ ॥৪৪॥
ছাদ্যমানঃ শরৌঘেণ হৃষ্টরূপতরোঽভবৎ ।
তয়োশ্চাপ্যভবৎ প্রীতিরতুলা মাতৃকারণাৎ ॥৪৫॥
ততঃ প্রহস্য সমরে নকুলস্য মহারথঃ ।
ধ্বজং চিচ্ছেদ বাণেন ধনুশ্চৈকেন মারিষ ! ॥৪৬॥
অথৈনং ছিন্নধন্বানং ছাদয়ামাস ভারত ! ।
নিজঘান রণে তস্তু সূতঞ্চাস্য ন্যপাতয়ৎ ॥৪৭॥
ততঃ প্রহস্য সমরে নকুলস্য মহারথঃ ।
অশ্বাংশ্চ চতুরো রাজন্ ! চতুর্ভিঃ সায়কোত্তমৈঃ ॥৪৮॥
প্রেষয়ামাস সমরে যমস্য সদনং প্রতি ।
হতাশ্বাত্তু রথাত্তূর্ণমবপ্লুত্য মহারথঃ ॥৪৯॥
আরুরোহ ততো যানং ভ্রাতুরেব যশস্বিনঃ ।
একস্থৌ তু রণে শূরৌ দৃঢ়ে বিক্ষিপ্য কার্ম্মুকে ॥৫০॥

ভারতকৌমুদী

সহেতি । দৃশ্য দৃষ্ট্বা, সঙ্গতম্ আত্মনা সহ মিলিতম্ ॥৪৪॥

ছাদ্যেতি । হৃষ্টরূপতরঃ অতীবানন্দিতঃ, ভাগিনেয়বিক্রমদর্শনাৎ, অভবচ্ছল্য ইতি শেষঃ । তয়োর্নকুলসহদেবয়োরপি । মাতৃকারণাৎ মাতৃত্বসম্বন্ধাৎ মাতুলত্বাদিত্যর্থঃ ॥৪৫॥

তত ইতি । মহারথঃ শল্যঃ । হে মারিষ ! আর্য্য ! মাননীয় ! রাজন্ ! ॥৪৬॥

অথেতি । এনং নকুলম্ । নিজঘান আজঘান, সূতং সারথিম্ ॥৪৭॥

সহদেব মাতুল শল্যকে যুদ্ধে মিলিত দেখিয়া—মেঘ যেমন সূর্য্যকে আবৃত করে, সেইরূপ বাণসমূহদ্বারা তাঁহাকে আবৃত করিলেন ॥৪৪॥

শল্য বাণসমূহে আবৃত হইতে থাকিয়াও ভাগিনেয় বলিয়া অত্যন্ত আনন্দিত হইলেন এবং মাতুল বলিয়া নকুল-সহদেবেরও বিশেষ প্রীতি জন্মিল ॥৪৫॥

মাননীয় রাজা ! তাহার পর মহারথ শল্য হাস্য করিয়া যুদ্ধে একটা বাণ-দ্বারা নকুলের ধ্বজ এবং অন্য বাণদ্বারা তাঁহার ধনু ছেদন করিলেন ॥৪৬॥

ভরতনন্দন ! পরে শল্য বাণদ্বারা ছিন্নকার্ম্মুক নকুলকে আবৃত ও আহত করিলেন এবং উহার সারথিকে রথ হইতে নিপাতিত করিলেন ॥৪৭॥

---

(৪৬)এতদ্দ্বিতীয়ার্দ্ধাবধিকঃ 'ততঃ প্রহস্য সমরে' ইত্যাদ্যর্দ্ধপর্য্যন্তো গ্রন্থঃ পি বা ব রা নাস্তি ।

মদ্ররাজরথং তূর্ণং ছাদয়ামাসতুঃ ক্ষণাৎ।
স চ্ছাদ্যমানো বহুভিঃ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥৫১॥
স্বস্রীয়াভ্যাং নরব্যাঘ্রো নাকম্পত যথাঽচলঃ।
প্রহসন্নিব তাঞ্চাপি শরবৃষ্টিং জঘান হ ॥৫২॥ (কুলকম্)
সহদেবস্ততঃ ক্রুদ্ধঃ শরমুদ্ধৃত্য বীর্য্যবান্।
মদ্ররাজমভিপ্রেক্ষ্য প্রেষয়ামাস ভারত! ॥৫৩॥
স শরঃ প্রেষিতস্তেন গরুত্মানিব বেগবান্।
মদ্ররাজং বিনির্ভিদ্য নিপপাত মহীতলে ॥৫৪॥
স গাঢ়বিদ্ধো ব্যথিতো রথোপস্থে মহারথঃ।
নিষসাদ মহারাজ! কশ্মলঞ্চ জগাম হ ॥৫৫॥

ভারতকৌমুদী

তত ইতি। মহারথঃ শল্য এব। দ্বিতীয়ো মহারথো নকুলঃ। যানং রথম্, ভ্রাতুঃ সহদেবস্য। বিক্ষিপ্য আকৃষ্য। স মদ্ররাজঃ। স্বস্রীয়াভ্যাং ভাগিনেয়াভ্যাম্ ॥৪৮—৫২॥

সহেতি। শরং ভীষণমিত্যাশয়ঃ ॥৫৩॥

স ইতি। গরুত্মান্ গরুড়ঃ। মদ্ররাজং তদীয়দেহৈকদেশম্ ॥৫৪॥

রাজা! তদনন্তর শল্য হাস্য করিয়া যুদ্ধে চারিটা উত্তম বাণদ্বারা নকুলের চারিটা অশ্বকে যমালয়ে প্রেরণ করিলেন। তখন নকুল সেই হতাশ্ব রথ হইতে সত্বর লাফাইয়া পড়িয়া যাইয়া যশস্বী সহদেবের রথেই আরোহণ করিলেন। পরে একরথারূঢ় বীর নকুল ও সহদেব দৃঢ় দুইখানা ধনু আকর্ষণ করিয়া ক্ষণ-কালমধ্যে শল্যের রথখানাকে আবৃত করিয়া ফেলিলেন। তখন নরশ্রেষ্ঠ শল্য ভাগিনেয়দ্বয়কর্ত্তৃক বহু অবনতপর্ব্ব বাণদ্বারা আবৃত হইয়াও পর্ব্বতের ন্যায় বিচলিত হইলেন না; বরং হাসিতে হাসিতেই যেন সেই শরবৃষ্টি বিনষ্ট করিলেন ॥৪৮—৫২॥

ভরতনন্দন! তাহার পর বলবান্ সহদেব ক্রুদ্ধ হইয়া তূণ হইতে একটা ভয়ঙ্কর বাণ তুলিয়া লইয়া শল্যের দিকে দৃষ্টিপাত করিয়া নিক্ষেপ করিলেন ॥৫৩॥

সহদেবের নিক্ষিপ্ত গরুড়ের ন্যায় বেগবান্ সেই বাণটা যাইয়া শল্যের দেহ ভেদ করিয়া ভূতলে পতিত হইল ॥৫৪॥

মহারাজ! তখন মহারথ শল্য গাঢ়বিদ্ধ ও ব্যথিত হইয়া রথের উপরে উপবেশন করিলেন এবং মূর্চ্ছিত হইলেন ॥৫৫॥

(৫৪)···গরুড়ানিলবেগবান্···রা নি।

CENTRAL LIBRARY

তং বিসংজ্ঞং নিপতিতং সূতঃ সংপ্রেক্ষ্য সংযুগে।
অপোবাহ রথেনাজৌ যমাভ্যামভিপীড়িতম্ ॥৫৬॥
দৃষ্ট্বা মদ্রেশ্বররথং ধার্ত্তরাষ্ট্রাঃ পরাঙ্মুখম্।
সর্বে বিমনসো ভূত্বা নেদমস্তীত্যচিন্তয়ন্ ॥৫৭॥
নির্জিত্য মাতুলং সংখ্যে মাদ্রীপুত্রৌ মহারথৌ।
দধ্মতুর্মুদিতৌ শঙ্খৌ সিংহনাদঞ্চ নেদতুঃ ॥৫৮॥
হৃষ্টৌ চাদ্রবতাং ক্ষিপ্রং তব সৈন্যং বিশাংপতে!।
যথা দৈত্যচমূং রাজন্নিন্দ্রোপেন্দ্রাবিবামরৌ ॥৫৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে সপ্তমদিবসযুদ্ধে দ্বন্দ্বযুদ্ধে অশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

স ইতি। রথস্য উপস্থে উপরিভাগে। নিষসাদ উপবিবেশ, কশ্মলং মোহম্ ॥৫৫॥
তমিতি। অপোবাহ অপসারয়ামাস। যমাভ্যাং নকুলসহদেবাভ্যাম্ ॥৫৬॥
দৃষ্টেতি। বিমনসো বিষণ্ণচিত্তাঃ। ইদং মদ্রেশ্বরজীবনম্ ॥৫৭॥
নির্জিত্যেতি। সিংহস্যেব নাদো যস্মিন্ কর্ম্মণি তদ্যথা তথা নেদতুঃ ॥৫৮॥
হৃষ্টাবিতি। হৃষ্টৌ তৌ মাদ্রীপুত্রৌ, অদ্রবতাম্ অভ্যধাবতাম্ ॥৫৯॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে অশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

এই সময়ে শল্যের সারথি শল্যকে নকুল-সহদেবকর্ত্তৃক নিতান্তপীড়িত, চৈতন্যহীন ও নিপাতিত দেখিয়া রথে করিয়াই তাঁহাকে সরাইয়া লইয়া গেল ॥৫৬॥

তখন ধার্ত্তরাষ্ট্রেরা সকলে শল্যের রথখানাকে পরাঙ্মুখ দেখিয়া বিষণ্ণচিত্ত হইয়া 'তাঁহার জীবন নাই' এইরূপই চিন্তা করিলেন ॥৫৭॥

এদিকে মহারথ নকুল ও সহদেব যুদ্ধে মাতুলকে জয় করিয়া আনন্দিত হইয়া শঙ্খধ্বনি ও সিংহনাদ করিলেন ॥৫৮॥

নরনাথ রাজা! পরে—ইন্দ্রদেব ও উপেন্দ্রদেব যেমন দৈত্যসৈন্যের দিকে ধাবিত হইতেন, সেইরূপ নকুল ও সহদেব আনন্দিত হইয়া আপনার সৈন্যের দিকে সত্বর ধাবিত হইলেন' ॥৫৯॥

---

(৫৯) অভিদুদ্রুবতুর্হৃষ্টৌ তব…রা নি। * '…ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ' বা ব রা নি।

CENTRAL LIBRARY

একাশীতিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

ততো যুধিষ্ঠিরো রাজা মধ্যং প্রাপ্তে দিবাকরে।
শ্রুতায়ুষমভিপ্রেক্ষ্য চোদয়ামাস বাজিনঃ ॥১॥
ততস্তু ত্বরিতো রাজন্! শ্রুতায়ুষমরিন্দমম্।
নিজঘ্নে সায়কৈস্তীক্ষ্ণৈর্নবভির্নতপর্ব্বভিঃ ॥২॥
স সংবার্য্য রণে রাজা প্রেষিতান্ ধর্ম্মসূনুনা।
শরান্ সপ্ত মহেষ্বাসঃ কৌন্তেয়ায় সমার্পয়ৎ ॥৩॥
তে তস্য কবচং ভিত্ত্বা পপুঃ শোণিতমাহবে।
অসূনিব বিচিন্বন্তো দেহে তস্য মহাত্মনঃ ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। মধ্যং গগনস্য। চোদয়ামাস প্রেরয়ামাস, বাজিনো রথাশ্বান্ ॥১॥
তত ইতি। ত্বরিতো যুধিষ্ঠির এব। নিজঘ্নে আজঘান ॥২॥
স ইতি। স শ্রুতায়ুঃ। প্রেষিতান্ শরান্। সমার্পয়ৎ ন্যক্ষিপৎ ॥৩॥
ত ইতি। তে শরাঃ। অসূন্ প্রাণান্, বিচিন্বন্তো দেহে প্রবেশেনান্বিষ্যন্ত ইব ॥৪॥

সঞ্জয় বলিলেন—'তাহার পর সূর্য্য আকাশের মধ্যস্থানে উপস্থিত হইলে, রাজা যুধিষ্ঠির শ্রুতায়ুকে দেখিয়া সেই দিকে রথের ঘোড়াগুলিকে চালাইয়া দিলেন ॥১॥

রাজা! তদনন্তর যুধিষ্ঠির সত্বর সন্নিহিত হইয়া নয়টা নতপর্ব্ব তীক্ষ্ণ বাণ-দ্বারা অরিন্দম শ্রুতায়ুকে আঘাত করিলেন ॥২॥

মহাধনুর্দ্ধর শ্রুতায়ু যুধিষ্ঠিরনিক্ষিপ্ত সেই বাণগুলিকে বারণ করিয়া তাঁহার প্রতি সাতটা বাণ নিক্ষেপ করিলেন ॥৩॥

সেই বাণগুলি যাইয়া যুধিষ্ঠিরের বর্ম্ম ভেদ করিয়া তাঁহার দেহের প্রাণ অন্বেষণ করিতে থাকিয়াই যেন রক্ত পান করিল ॥৪॥

(১)…প্রেষয়ামাস বাজিনঃ—রা নি। (২) অভ্যধাবত্ততো রাজা শ্রুতায়ুষম…বিনিঘ্নন্ সায়কৈঃ…পি বা। (৩)…রোষিতো ধর্ম্মসূনুনা…পি বা।

CENTRAL LIBRARY

পাণ্ডবস্তু ভৃশং ক্রুদ্ধো বিদ্ধস্তেন মহাত্মনা।
রণে বরাহকর্ণেন রাজানং হৃদ্যবিধ্যত ॥৫॥
অথাপরেণ ভল্লেন কেতুং তস্য মহাত্মনঃ।
রথশ্রেষ্ঠো রথাত্তূর্ণং ভূমৌ পার্থো ন্যপাতয়ৎ ॥৬॥
কেতুং নিপতিতং দৃষ্ট্বা শ্রুতায়ুঃ স তু পার্থিবঃ।
পাণ্ডবং বিশিখৈস্তীক্ষ্ণৈ রাজন্! বিব্যাধ সপ্তভিঃ ॥৭॥
ততঃ ক্রোধাৎ প্রজজ্বাল ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
যথা যুগান্তে ভূতানি দিধক্ষুরিব পাবকঃ ॥৮॥
ক্রুদ্ধস্তু পাণ্ডবং দৃষ্ট্বা দেবগন্ধর্বরাক্ষসাঃ।
প্রবিব্যথুর্মহারাজ! ব্যাকুলঞ্চাপ্যভূজ্জগৎ ॥৯॥
সর্বেষাঞ্চৈব ভূতানামিদমাসীন্মনোগতম্।
ত্রীল্লোঁকানন্য সংক্রুদ্ধো নৃপোঽয়ং ধক্ষ্যতীতি বৈ ॥১০॥

ভারতকৌমুদী

পাণ্ডব ইতি। বরাহকর্ণেন তদাখ্যেন বাণেন, রাজানং শ্রুতায়ুষম্ ॥৫॥
অথেতি। কেতুং ধ্বজম্। পার্থো যুধিষ্ঠিরঃ ॥৬॥
কেতুমিতি। পাণ্ডবং যুধিষ্ঠিরম্, বিশিখৈর্বাণৈঃ ॥৭॥
তত ইতি। দিধক্ষুর্দগ্ধুমিচ্ছুঃ। যথাশব্দস্থিতেরিবশব্দঃ সম্ভাবনায়াম্ ॥৮॥
ক্রুদ্ধমিতি। প্রবিব্যথুরুদ্বেগেনাতীব বিব্যথিরে ॥৯॥
সর্বেষামিতি। ভূতানাং তত্রত্যপ্রাণিনাম্। যুধিষ্ঠিরস্য মহাতপস্বিত্বাদিত্থং সম্ভাবনা ॥১০॥

যুধিষ্ঠির মহাত্মা শ্রুতায়ুর বাণে বিদ্ধ ও অত্যন্তক্রুদ্ধ হইয়া একটা বরাহকর্ণ-(বাণ) দ্বারা শ্রুতায়ুর হৃদয় বিদ্ধ করিলেন ॥৫॥

তাহার পর রথিশ্রেষ্ঠ যুধিষ্ঠির অন্য একটা ভল্লদ্বারা মহাত্মা শ্রুতায়ুর ধ্বজটাকে ছেদন করিয়া ভূতলে নিপাতিত করিলেন ॥৬॥

রাজা! ধ্বজটাকে নিপাতিত দেখিয়া শ্রুতায়ু সাতটা তীক্ষ্ণ বাণদ্বারা যুধিষ্ঠিরকে বিদ্ধ করিলেন ॥৭॥

তাহার পর প্রলয়কালে জগৎ দগ্ধ করিতে প্রবৃত্ত অগ্নির ন্যায় ধর্ম্মপুত্র যুধিষ্ঠির ক্রোধে জ্বলিয়া উঠিলেন ॥৮॥

মহারাজ! তখন যুধিষ্ঠিরকে ক্রুদ্ধ দেখিয়া দেবগণ, গন্ধর্বগণ ও রাক্ষসগণ বিশেষ উদ্বিগ্ন হইলেন এবং সমগ্র জগৎও আকুল হইয়া পড়িল ॥৯॥

---

(৫)···রাজানং হৃদি বিব্যধে পি বা। (৮) ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ···ধক্ষ্যন্নিব হুতাশনঃ—পি বা।

ঋষয়শ্চৈব দেবাশ্চ চক্রুঃ স্বস্ত্যয়নং মহৎ।
লোকানাং নৃপ! শান্ত্যর্থং ক্রোধিতে পাণ্ডবে তদা ॥১১॥
স চ ক্রোধসমাবিষ্টঃ সৃক্কণী পরিসংলিহন্।
দধারাত্মবপুর্ঘোরং যুগান্তাদিত্যসন্নিভম্ ॥১২॥
ততঃ সর্বাণি সৈন্যানি তাবকানি বিশাংপতে!।
নিরাশান্যভবংস্তত্র জীবিতং প্রতি ভারত! ॥১৩॥
স তু ধৈর্য্যেণ তং কোপং সন্নিবার্য্য মহাযশাঃ।
শ্রুতায়ুষঃ প্রচিচ্ছেদ মুষ্টিদেশে মহাধনুঃ ॥১৪॥
অথৈনং ছিন্নধন্বানং নারাচেন স্তনান্তরে।
নির্বিভেদ রণে রাজা সর্বসৈন্যস্য পশ্যতঃ ॥১৫॥

ভারতকৌমুদী

ঋষয় ইতি। স্বস্তি মঙ্গলময়তে আগচ্ছত্যনেনেতি স্বস্ত্যয়নমীশ্বরধ্যানাদি ॥১১॥
স ইতি। স যুধিষ্ঠিরঃ। সৃক্কণী ওষ্ঠপ্রান্তৌ. পরিসংলিহন্ জিহ্বয়া স্পৃশন্ ॥১২॥
তত ইতি। নিরাশান্যভবন্ যুধিষ্ঠিরেণ দাহসম্ভাবনাৎ ॥১৩॥
স ইতি। "গলে বদ্ধা গৌর্নীয়তে" ইত্যাদিবন্মুষ্টিদেশ ইতি কর্ম্মণ্যধিকরণবিবক্ষা ॥১৪॥
অথেতি। এনং শ্রুতায়ুষম্। স্তনয়োরন্তরে মধ্যে। রাজা যুধিষ্ঠিরঃ ॥১৫॥

আর তত্রত্য সকল লোকের এইরূপ মনের ধারণা হইল যে, 'অত্যন্তক্রুদ্ধ এই রাজা আজ ত্রিভুবনই দগ্ধ করিবেন' ॥১০॥

রাজা! তখন যুধিষ্ঠির ক্রুদ্ধ হইলে, ঋষিরা ও দেবতারা জগতের শান্তির নিমিত্ত স্বস্ত্যয়ন করিতে লাগিলেন ॥১১॥

ওদিকে ক্রোধাবিষ্ট যুধিষ্ঠির ওষ্ঠপ্রান্তযুগল লেহন করিতে থাকিয়া প্রলয়-কালীন সূর্য্যের ন্যায় ভয়ঙ্কর শরীর ধারণ করিলেন ॥১২॥

ভরতনন্দন নরনাথ! তাহার পর তখন আপনার সমস্ত সৈন্যই আপনাদের জীবনের প্রতি নিরাশ হইয়া পড়িল ॥১৩॥

কিন্তু মহাযশা যুধিষ্ঠির ধৈর্য্যগুণে সেই ক্রোধের নিবারণ করিয়া শ্রুতায়ুর বিশাল ধনুর মুষ্টিদেশ ছেদন করিলেন ॥১৪॥

তাহার পর যুধিষ্ঠির একটা নারাচদ্বারা সমস্ত সৈন্যের সমক্ষে ছিন্নকার্ম্মুক শ্রুতায়ুর বক্ষস্থল বিদারণ করিলেন ॥১৫॥

---

(১২)··· সৃক্কণী···রা নি। (১৪)···সন্নিবার্য্য বিশাংপতে!···মহদ্ধনুঃ—পি বা।

CENTRAL LIBRARY

সত্বরঞ্চ রণে রাজন্ ! তস্য বাহান্ মহাত্মনঃ ।
নিজঘান শরৈঃ ক্ষিপ্রং সূতঞ্চ সুমহাবলঃ ॥১৬॥
হতাশ্বন্তু রথং ত্যক্ত্বা দৃষ্ট্বা রাজ্ঞোঽস্য পৌরুষম্ ।
বিপ্রদুদ্রাব বেগেন শ্রুতায়ুঃ সমরাত্তদা ॥১৭॥
তস্মিন্ জিতে মহেষ্বাসে ধর্ম্মপুত্রেণ সংযুগে ।
দুর্য্যোধনবলং রাজন্ ! সর্বমাসীৎ পরাঙ্মুখম্ ॥১৮॥
এতৎ কৃত্বা মহৎ কর্ম্ম ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ।
ব্যাত্তাননো যথা কালস্তব সৈন্যং জঘান হ ॥১৯॥
চেকিতানশ্চ বার্ষ্ণেয়ো গৌতমং রথিনাং বরম্ ।
প্রেক্ষতাং সর্বসৈন্যানাং ছাদয়ামাস সায়কৈঃ ॥২০॥
সন্নিবার্য্য শরাংস্তাংস্তু কৃপঃ শারদ্বতো যুধি ।
চেকিতানং রণে যত্তং রাজন্ ! বিব্যাধ পত্রিভিঃ ॥২১॥

ভারতকৌমুদী

সত্বরমিতি । বাহান্ রথস্থাশ্বান্ । সূতং সারথিম্, সুমহাবলো যুধিষ্ঠিরঃ ॥১৬॥
হতেতি । রাজ্ঞো যুধিষ্ঠিরস্য, পৌরুষং বিক্রমম্ । বিপ্রদুদ্রাব অপসসার ॥১৭॥
তস্মিন্নিতি । মহেষ্বাসে মহাধনুর্দ্ধরে ॥১৮॥
এতদিতি । ব্যাত্তাননো বিবৃতমুখঃ, কালো যমঃ ॥১৯॥
চেকিতান ইতি । বার্ষ্ণেয়ো বৃষ্ণিবংশীয়ঃ, গৌতমং কৃপম্ ॥২০॥

এবং রাজা ! অতিমহাবল যুধিষ্ঠির বহুতর বাণদ্বারা মহাত্মা শ্রুতায়ুর রথের ঘোড়াগুলিকে ও সারথিকে সত্বর বিনাশ করিলেন ॥১৬॥

তখন শ্রুতায়ু যুধিষ্ঠিরের বিক্রম দেখিয়া, হতাশ্ব রথ ত্যাগ করিয়া সমরাঙ্গন হইতে বেগে পলায়ন করিলেন ॥১৭॥

রাজা ! যুধিষ্ঠির যুদ্ধে মহাধনুর্দ্ধর শ্রুতায়ুকে জয় করিলে, দুর্য্যোধনের সমস্ত সৈন্যই যুদ্ধে পরাঙ্মুখ হইয়া পড়িল ॥১৮॥

ধর্ম্মরাজ যুধিষ্ঠির এই গুরুতর কার্য্য করিয়া প্রকটিতবদন যমের ন্যায় আপনার সৈন্য সংহার করিতে লাগিলেন ॥১৯॥

ওদিকে বৃষ্ণিবংশীয় চেকিতান সকল সৈন্যের সমক্ষে বাণদ্বারা কৃপাচার্য্যকে আচ্ছাদন করিলেন ॥২০॥

(১৭) হতাশ্বন্তু রথং দৃষ্ট্বা…পি বা,…সমরে তদা—রা নি । (১৯) এবং জিত্বা মহারাজ ! ধর্ম্মপুত্রঃ…রা নি ।

অথাপরেণ ভল্লেন ধনুশ্চিচ্ছেদ মারিষ !।
সারথিঞ্চাস্য সমরে ক্ষিপ্রহস্তো ন্যপাতয়ৎ ॥২২॥
অশ্বাংশ্চাস্যাবধীদ্রাজন্নুভৌ তৌ পার্ষ্ণিসারথী।
অবপ্লুত্য রথাত্তূর্ণং গদাং জগ্রাহ সাত্বতঃ ॥২৩॥
স তয়া বীরঘাতিন্যা গদয়া গদিনাং বরঃ।
গৌতমস্য হয়ান্ হত্বা সারথিঞ্চ ন্যপাতয়ৎ ॥২৪॥
ভূমিষ্ঠো গৌতমস্তস্য শরাংশ্চিক্ষেপ ষোড়শ।
তে শরাঃ সাত্বতং ভিত্ত্বা প্রাবিশন্ ধরণীতলম্ ॥২৫॥
চেকিতানস্ততঃ ক্রুদ্ধঃ পুনশ্চিক্ষেপ তাং গদাম্।
গৌতমস্য বধাকাঙ্ক্ষী বৃত্রস্যেব পুরন্দরঃ ॥২৬॥

ভারতকৌমুদী

সন্নিবার্য্যেতি। শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ। যত্তং যত্নবন্তম্। পত্রিভির্বাণৈঃ ॥২১॥
অথেতি। ক্ষিপ্রো দ্রুতাস্ত্রনিক্ষেপদক্ষো হস্তো যস্য স কৃপঃ ॥২২॥
অশ্বানিতি। পার্ষ্ণিসারথী রথপৃষ্ঠরক্ষকৌ। সাত্বতস্তদ্বংশীয়শ্চেকিতানঃ ॥২৩॥
স ইতি। গদিনামিতি ব্রীহ্যাদিত্বাদিন্। গৌতমস্য কৃপস্য, হয়ানশ্বান্ ॥২৪॥
ভূমিষ্ঠ ইতি। তস্য চেকিতানস্যোপরি। সাত্বতং চেকিতানদেহম্ ॥২৫॥
চেকিতান ইতি। গৌতমস্য কৃপস্য। বৃত্রস্য অসুরস্য বধাকাঙ্ক্ষী পুরন্দর ইব ॥২৬॥

রাজা! তখন শরদ্বানের পুত্র কৃপাচার্য্য যুদ্ধে সেই বাণগুলিকে নিবারণ করিয়া আপন বাণদ্বারা যুদ্ধে যত্নবান্ চেকিতানকে বিদ্ধ করিলেন ॥২১॥

মাননীয় রাজা! তাহার পর তিনি অন্য একটা ভল্লদ্বারা চেকিতানের ধনু ছেদন করিলেন এবং দ্রুতহস্তে উহার সারথিকেও নিপাতিত করিলেন ॥২২॥

রাজা! পরে কৃপাচার্য্য চেকিতানের চারিটা অশ্বকে এবং পৃষ্ঠরক্ষক সারথি দুই জনকে বধ করিলেন। তখন চেকিতান রথ হইতে লাফাইয়া পড়িয়া গদা ধারণ করিলেন ॥২৩॥

গদাধারিশ্রেষ্ঠ চেকিতান সেই বীরঘাতিনী গদাদ্বারা কৃপাচার্য্যের ঘোড়াগুলিকে বধ করিয়া সারথিকেও নিপাতিত করিলেন ॥২৪॥

তখন কৃপাচার্য্য ভূতলে অবতরণ করিয়া চেকিতানের উপরে ষোলটা বাণ নিক্ষেপ করিলেন; সেই বাণগুলি যাইয়া চেকিতানের দেহ ভেদ করিয়া ভূতলে প্রবেশ করিল ॥২৫॥

(২৩) হয়াংশ্চাস্য···সোঽবপ্লুত্য···পি বা। (২৫)···শরাস্তে···পি বা।

তামাপতন্তীং বিপুলামশ্মগর্ভাং মহাগদাম্ ।
শরৈরনেকসাহস্রৈর্বারয়ামাস গৌতমঃ ॥২৭॥
চেকিতানস্ততঃ খড়্গং কোষাদুদ্ধৃত্য ভারত ! ।
লাঘবং পরমাস্থায় গৌতমং সমুপাদ্রবৎ ॥২৮॥
গৌতমোঽপি ধনুস্ত্যক্ত্বা প্রগৃহ্যাসিং সুসংযতঃ ।
বেগেন মহতা রাজন্ ! চেকিতানমুপাদ্রবৎ ॥২৯॥
তাবুভৌ বলসম্পন্নৌ নিস্ত্রিংশবরধারিণৌ ।
নিস্ত্রিংশাভ্যাং সুতীক্ষ্ণাভ্যামন্যোন্যং সন্ততক্ষতুঃ ॥৩০॥
নিস্ত্রিংশবেগাভিহতৌ ততস্তৌ পুরুষর্ষভৌ ।
ধরণীমভিসম্প্রাপ্তৌ সর্বভূতনিষেবিতাম্ ॥৩১॥

ভারতকৌমুদী

তামিতি। বিপুলাং স্থূলাম্, অশ্মা পাষাণো গর্ভে যস্যাস্তাং লৌহপট্টাবৃতাম্ ॥২৭॥
চেকিতান ইতি। পরমতাস্ত্রম্, লাঘবং শীঘ্রতাম্, আস্থায় আশ্রিত্য ॥২৮॥
গৌতম ইতি। সুসংযতো ধৈর্যসমন্বিতঃ। উপাদ্রবৎ অভাধাবৎ ॥২৯॥
তাবিতি। নির্গতস্ত্রিংশতোঽঙ্গুলীভ্য ইতি নিস্ত্রিংশঃ। সন্ততক্ষতুশ্চিচ্ছিদতুঃ ॥৩০॥

তাহার পর ইন্দ্র যেমন বৃত্রাসুরের বধাকাঙ্ক্ষী হইয়া গদা নিক্ষেপ করিয়াছিলেন, সেইরূপ চেকিতান ক্রুদ্ধ ও কৃপের বধাকাঙ্ক্ষী হইয়া পুনরায় সেই গদা নিক্ষেপ করিলেন ॥২৬॥

স্থূল ও পাষাণগর্ভা মহাগদা আসিতে লাগিলে, কৃপাচার্য্য বহুসংখ্যক বাণদ্বারা সেটাকে নিবারণ করিলেন ॥২৭॥

ভরতনন্দন ! তদনন্তর চেকিতান অতিসত্বর কোষ হইতে তরবারি বাহির করিয়া কৃপাচার্য্যের দিকে ধাবিত হইলেন ॥২৮॥

রাজা ! কৃপাচার্য্যও ধনু ত্যাগ করিয়া ধৈর্য্য সহকারে তরবারি ধারণপূর্বক মহাবেগে চেকিতানের দিকে ধাবিত হইলেন ॥২৯॥

তাহার পর বলবান্ ও মহাতরবারিধারী তাঁহারা দুই জনই সুতীক্ষ্ণ তরবারিদ্বারা পরস্পর আঘাত করিতে লাগিলেন ॥৩০॥

(২৭)···বিমলামশ্মগর্ভাম্···রা নি। (২৮)···ততঃ খড়্গং ক্রোধাদুদ্ধৃত্য···রা নি। (২৯)···প্রগৃহ্যাসিং সুসংস্থিতঃ। বেগেন স মহারাজ !···পি বা। (৩১)···ধরণীং সমনুপ্রাপ্তৌ···রা নি।

মূর্চ্ছয়াভিপরীতাঙ্গৌ ব্যায়ামেন চ মোহিতৌ।
ততোঽভ্যধাবদ্বেগেন করকর্ষঃ সুহৃত্তয়া ॥৩২॥ (যুগ্মকম্)
চেকিতানং তথাভূতং দৃষ্ট্বা সমরদুর্ম্মদঃ।
রথমারোপয়চ্চৈনং সর্বসৈন্যস্য পশ্যতঃ ॥৩৩॥
তথৈব শকুনিঃ শূরঃ শ্যালস্তব বিশাংপতে!।
আরোপয়দ্রথং তূর্ণং গৌতমং রথিনাং বরম্ ॥৩৪॥
সৌমদত্তিং ততঃ ক্রুদ্ধো ধৃষ্টকেতুর্মহাবলঃ।
নবত্যা সায়কৈঃ ক্ষিপ্রং রাজন্! বিব্যাধ বক্ষসি ॥৩৫॥
সৌমদত্তিরুরস্থৈস্তৈর্ভৃশং বাণৈরশোভত।
মধ্যন্দিনে মহারাজ! রশ্মিভিস্তপনো যথা ॥৩৬॥

ভারতকৌমুদী

নিস্ত্রিংশেতি। অভিসম্প্রাপ্তৌ পতিতৌ। অভিপরীতাঙ্গৌ আক্রান্তগাত্রৌ, ব্যায়ামেন পরিশ্রমেণ মোহিতৌ অবশীকৃতদেহৌ। করকর্ষঃ শিশুপালস্যান্যতমঃ পুত্রঃ ॥৩১—৩২॥

চেকিতানমিতি। সমরদুর্ম্মদঃ করকর্ষ এব। এনং চেকিতানম্ ॥৩৩॥

তথেতি। শ্যালপদং শকুন্যন্তরব্যাবৃত্ত্যর্থম্। গৌতমং কৃপম্ ॥৩৪॥

সৌমেতি। সৌমদত্তিং ভূরিশ্রবসম্। নবত্যেতি বহুত্বমাত্রবোধনার্থমুক্তম্ ॥৩৫॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৩১॥ করকর্ষঃ শিশুপালপুত্রঃ ॥৩২—৫৫॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮১॥

তদনন্তর বেগে তরবারির আঘাতে সেই পুরুষশ্রেষ্ঠ দুই জনেরই মূর্চ্ছা উপস্থিত হইল এবং পরিশ্রমে অঙ্গ সকল শিথিল হইয়া পড়িল; তাই তাঁহারা সর্ব্বভূতের আশ্রয় ভূতলে পতিত হইলেন। তৎপরে সুহৃদ্ বলিয়া করকর্ষ বেগে চেকিতানের দিকে আসিলেন ॥৩১—৩২॥

এবং যুদ্ধদুর্দ্ধর্ষ করকর্ষ চেকিতানকে সেইরূপ দেখিয়া সমস্ত সৈন্যের সমক্ষেই উঁহাকে রথে তুলিয়া লইলেন ॥৩৩॥

নরনাথ! এদিকেও সেইরূপই আপনার শ্যালক বীর শকুনি রথিশ্রেষ্ঠ কৃপাচার্য্যকে সত্বর আপন রথে উঠাইয়া লইলেন ॥৩৪॥

রাজা! তাহার পর মহাবল ধৃষ্টকেতু ক্রুদ্ধ হইয়া নব্বইটা বাণদ্বারা সত্বর ভূরিশ্রবার বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥৩৫॥

(৩২)…ব্যায়ামেন তু…রা নি,…ভীমসেনঃ সুহৃত্তয়া—নি। (৩৩)…দৃষ্ট্বা যুদ্ধে সুদুর্ম্মদম্ …পি বা।

ভূরিশ্রবাস্তু সমরে ধৃষ্টকেতুং মহারথঃ।
হতসূতহয়ং চক্রে বিরথং সায়কোত্তমৈঃ ॥৩৭॥
বিরথঞ্চৈনমালোক্য হতাশ্বং হতসারথিম্।
মহতা শরবর্ষেণ চ্ছাদয়ামাস সংযুগে ॥৩৮॥
স তু তং রথমুৎসৃজ্য ধৃষ্টকেতুর্মহামনাঃ।
আরুরোহ ততো যানং শতানীকস্য মারিষ! ॥৩৯॥
চিত্রসেনো বিকর্ণশ্চ রাজন্! দুর্ম্মর্ষণস্তথা।
রথিনো হেমসন্নাহাঃ সৌভদ্রমভিদুদ্রুবুঃ ॥৪০॥
অভিমন্যোস্ততস্তৈস্তু ঘোরং যুদ্ধমবর্ত্তত।
শরীরস্য যথা রাজন্! বাতপিত্তকফৈস্ত্রিভিঃ ॥৪১॥

ভারতকৌমুদী

সৌমেতি। উরস্যৈর্বক্ষস্থৈঃ, "শিট্যঘোষে বিসর্জনীয়স্য" ইতি বিসর্গলোপঃ ॥৩৬॥
ভূরীতি। হতাঃ সূতঃ সারথিঃ হয়া অশ্বাশ্চ যস্য তম্ ॥৩৭॥
বিরথমিতি। এনং ধৃষ্টকেতুম্। ছাদয়ামাস ভূরিশ্রবা ইত্যনুবৃত্তিঃ ॥৩৮॥
স ইতি। যানং রথম্, শতানীকস্য বিরাটভ্রাতুর্নকুলপুত্রস্য বা ॥৩৯॥
চিত্রেতি। হেমসন্নাহাঃ স্বর্ণখচিতপরিচ্ছদাঃ, সৌভদ্রমভিমন্যুম্ ॥৪০॥
অভীতি। তৈশ্চিত্রসেনাদিভিঃ সহ। মনোহরমিদমুপমানম্ ॥৪১॥

মহারাজ! মধ্যাহ্নকালে সূর্য্য যেমন আপন কিরণদ্বারা অত্যন্ত শোভা পান, সেইরূপ ভূরিশ্রবা বক্ষস্থিত সেই বাণগুলিদ্বারা অত্যন্ত শোভা পাইতে লাগিলেন ॥৩৬॥

তদনন্তর মহারথ ভূরিশ্রবা উত্তম উত্তম বাণদ্বারা যুদ্ধে ধৃষ্টকেতুর সারথি ও অশ্বগুলিকে বধ করিয়া তাঁহাকে রথবিহীন করিলেন ॥৩৭॥

এবং ভূরিশ্রবা যুদ্ধে ধৃষ্টকেতুকে হতাশ্ব, হতসারথি ও রথবিহীন দেখিয়া বিশাল বাণবর্ষণদ্বারা তাঁহাকে আবৃত করিয়া ফেলিলেন ॥৩৮॥

মাননীয় মহারাজ! তাহার পর মহামনা ধৃষ্টকেতু নিজের রথ পরিত্যাগ করিয়া যাইয়া শতানীকের রথে আরোহণ করিলেন ॥৩৯॥

রাজা! ওদিকে রথারোহী এবং স্বর্ণখচিতপরিচ্ছদধারী চিত্রসেন, বিকর্ণ ও দুর্ম্মর্ষণ অভিমন্যুর দিকে ধাবিত হইলেন ॥৪০॥

রাজা! তদনন্তর বায়ু, পিত্ত ও কফ এই তিনের সহিত শরীরের যেমন

(৩৭)…ধৃষ্টকেতুং মহারথম্…রা নি। (৩৮) বিরথং তং সমালোক্য…রা নি।

বিরথাংস্তব পুত্রাংস্তু কৃত্বা রাজন্! মহাহবে।
ন জঘান নরব্যাঘ্রঃ স্মরন্ ভীমবচস্তদা ॥৪২॥
ততো রাজ্ঞাং বহুশতৈর্গজাশ্বরথযায়িভিঃ।
সংবৃতং সমরে ভীষ্মং দেবৈরপি দুরাসদম্ ॥৪৩॥
প্রয়ান্তং শীঘ্রমুদ্বীক্ষ্য পরিত্রাতুং সুতাংস্তব।
অভিমন্যুং সমুদ্দিশ্য বালমেকং মহাবলম্ ॥৪৪॥
বাসুদেবমুবাচেদং কৌন্তেয়ঃ শ্বেতবাহনঃ।
চোদয়াশ্বান্ হৃষীকেশ! যত্রৈতে বহুলা রথাঃ ॥৪৫॥ (বিশেষকম্)
এতে হি বহবঃ শূরাঃ কৃতাস্ত্রা যুদ্ধদুর্ম্মদাঃ।
যথা হন্যুর্ন নঃ সেনাং তথা মাধব! চোদয় ॥৪৬॥

ভারতকৌমুদী

বিরথানিতি। ভীমবচঃ অহমেব সর্ব্বান্ ধার্ত্তরাষ্ট্রান্ হনিষ্যামীতি ভীমসেনবাক্যম্ ॥৪২॥
তত ইতি। দুরাসদং দুর্দ্ধর্ষম্। তব সুতান্ পরিত্রাতুম্, মহাবলমপি একং বালঞ্চাভিমন্যুং সমুদ্দিশ্য শীঘ্রং প্রয়ান্তমিত্যন্বয়ঃ। শ্বেতবাহনোঽর্জ্জুনঃ। চোদয় প্রেরয় ॥৪৩—৪৫॥
এত ইতি। কৃতাস্ত্রাঃ কৃতসর্ব্বাস্ত্রশিক্ষাঃ। নঃ অস্মাকম্ ॥৪৬॥

যুদ্ধ হয়, সেইরূপ চিত্রসেনপ্রভৃতি তিন জনের সহিত অভিমন্যুর ভয়ঙ্কর যুদ্ধ হইতে লাগিল ॥৪১॥

রাজা! তখন নরশ্রেষ্ঠ অভিমন্যু মহাযুদ্ধে আপনার সেই পুত্রগণকে রথবিহীন করিয়া ভীমসেনের বাক্য স্মরণ করতঃ আর তাঁহাদিগকে বধ করিলেন না ॥৪২॥

রাজা! তাহার পর গজারোহী, অশ্বারোহী ও রথারোহী শত শত রাজগণে পরিবেষ্টিত হইয়া দেবগণেরও দুর্দ্ধর্ষ ভীষ্ম আপনার পুত্রগণকে রক্ষা করিবার জন্য, মহাবল হইলেও বালক অথ চ একক অভিমন্যুকে লক্ষ্য করিয়া দ্রুত গমন করিতেছেন, ইহা দেখিয়া কুন্তীনন্দন অর্জ্জুন কৃষ্ণকে এই কথা বলিলেন—'হৃষীকেশ! যেখানে ঐ বহুসংখ্যক রথ রহিয়াছে, ঐখানে অশ্বগুলিকে প্রেরণ কর ॥৪৩—৪৫॥

মাধব! যাহাতে অস্ত্রে সুশিক্ষিত ও যুদ্ধদুর্দ্ধর্ষ এই বহুসংখ্যক বীরেরা আমাদের সৈন্য সংহার করিতে না পারেন, সেইভাবে রথখানা চালাইয়া দাও' ॥৪৬॥

(৪৪)…বালমেকং মহারথম্—রা নি।

CENTRAL LIBRARY

এবমুক্তঃ স বার্ষ্ণেয়ঃ কৌন্তেয়েনামিতৌজসা।
রথং শ্বেতহয়ৈর্যুক্তং প্রেষয়ামাস সংযুগে ॥৪৭॥
নিষ্টানকো মহানাসীত্তব সৈন্যস্য মারিষ!।
যদর্জ্জুনো রণে ক্রুদ্ধঃ সংযাতস্তাবকান্ প্রতি ॥৪৮॥
সমাসাদ্য তু কৌন্তেয়ো রাজ্ঞস্তান্ ভীষ্মরক্ষিণঃ।
সুশর্ম্মাণং মহাবাহুরিদং বচনমব্রবীৎ ॥৪৯॥
জানামি ত্বাং যুধাং শ্রেষ্ঠমত্যন্তং পূর্ব্ববৈরণম্।
অনয়স্যাদ্য সংপ্রাপ্তং ফলং পশ্য সুদারুণম্ ॥৫০॥
অদ্য ত্বাং দর্শয়িষ্যামি পূর্ব্বপ্রেতান্ পিতামহান্।
এবং প্রজল্পতস্তস্য বীভৎসোঃ শত্রুঘাতিনঃ ॥৫১॥
শ্রুত্বাপি পরুষং বাক্যং সুশর্ম্মা রথযূথপঃ।
ন চৈনমব্রবীৎ কিঞ্চিচ্ছুভং বা যদি বাঽশুভম্ ॥৫২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এবমিতি। বার্ষ্ণেয়ো বৃষ্ণিবংশীয়ঃ কৃষ্ণঃ ॥৪৭॥

নিষ্টানক ইতি। নিষ্টানক উদ্বেগকোলাহলঃ "ষ্টন শব্দে" ইতি ধাত্বর্থানুসারাৎ ॥৪৮॥

সমাসাদ্যেতি। কৌন্তেয়োঽর্জ্জুনঃ প্রকরণাৎ। সুশর্ম্মাণং কৌরবপক্ষীয়ং ত্রিগর্ত্তরাজম্ ॥৪৯॥

জানামীতি। যুধাং যোদ্ধৃণাম্। পূর্ব্ববৈরিণং দক্ষিণগোগ্রহে পাণ্ডবৈঃ পরাজিতত্বাৎ। অনয়স্য সহসা বিরাটদক্ষিণগোগ্রহাক্রমণরূপায়া দুর্নীতেঃ, সংপ্রাপ্তমুপস্থিতম্ ॥৫০॥

অদ্যেতি। পূর্ব্বং প্রেতান্ মৃতান্, পিতামহান্ তব পূর্ব্বপুরুষান্। বীভৎসোরর্জ্জুনস্য। পরুষং নিষ্ঠুরম্। রথযূথপো রথসমূহপতিঃ। এনং বীভৎসুম্ ॥৫১—৫২॥

অমিততেজা অর্জ্জুন এইরূপ বলিলে, কৃষ্ণ শ্বেতাশ্বযুক্ত রথখানাকে সেই দিকে চালাইয়া দিলেন ॥৪৭॥

মাননীয় রাজা! যে হেতু অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া আপনার সৈন্যগণের প্রতি ধাবিত হইলেন, সেই হেতু আপনার সৈন্যগণের মধ্যে বিশাল কোলাহল হইতে লাগিল ॥৪৮॥

ক্রমে মহাবাহু অর্জ্জুন ভীষ্মের রক্ষক সেই রাজগণের নিকট উপস্থিত হইয়া সুশর্ম্মাকে এই কথা বলিলেন—॥৪৯॥

'ত্রিগর্ত্তরাজ! আমি আপনাকে যোদ্ধৃশ্রেষ্ঠ এবং আমাদের পূর্ব্ব মহাবৈরী বলিয়া জানি। অতএব আজ সেই দুর্নীতির অতিদারুণ ফল উপস্থিত হইয়াছে, দেখুন ॥৫০॥

(৪৯)···সুশর্ম্মাণমথো রাজন্!···রা নি। (৫১) অদ্য তে···রা নি।

CENTRAL LIBRARY

অভিগম্যার্জ্জুনং বীরং রাজভির্বহুভির্বৃতঃ।
পুরস্তাৎ পৃষ্ঠতশ্চৈব পার্শ্বতশ্চৈব সর্বতঃ ॥৫৩॥
পরিবার্য্যার্জ্জুনং সংখ্যে তব পুত্রৈঃ সহানঘ!।
শরৈঃ সংছাদয়ামাস মেঘৈরিব দিবাকরম্ ॥৫৪॥ (যুগ্মকম্)
ততঃ প্রববৃতে ঘোরঃ সংগ্রামঃ শোণিতোদকঃ।
তাবকানাঞ্চ সমরে পাণ্ডবানাঞ্চ ভারত! ॥৫৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে সপ্তমদিবসযুদ্ধে সুশর্ম্মার্জ্জুনসমাগমে একাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অভীতি। সর্বতস্তদন্তরালেভ্যোঽপি। পরিবার্য্য বেষ্টয়িত্বা, সংখ্যে যুদ্ধে ॥৫৩—৫৪॥
তত ইতি। শোণিতমেবোদকং যত্র সঃ। এতেন সংগ্রামস্য সাগররূপত্বং ব্যজ্যতে ॥৫৫॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে একাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

আমি আজ আপনাকে আপনার পূর্ব্বমৃত পিতৃপুরুষগণের সহিত সাক্ষাৎ করাইব।' শত্রুহন্তা অর্জ্জুন এইরূপ বলিতে লাগিলে, রথসমূহপতি সুশর্ম্মা সেই নিষ্ঠুর বাক্য শুনিয়াও ভাল বা মন্দ কোন কথাই অর্জ্জুনকে বলিলেন না ॥৫১—৫২॥

কিন্তু নিষ্পাপ রাজা! সুশর্ম্মা বহুসংখ্যক রাজগণে পরিবেষ্টিত অবস্থায় অর্জ্জুনের নিকট উপস্থিত হইয়া সম্মুখ, পৃষ্ঠ, পার্শ্ব ও অন্য সকল দিক্ হইতে তাঁহাকে বেষ্টন করিয়া আপনার পুত্রদের সহিত মিলিত হইয়া—ইন্দ্র মেঘগণদ্বারা যেমন সূর্য্যকে আবৃত করেন, সেইরূপ বাণদ্বারা অর্জ্জুনকে আবৃত করিলেন ॥৫৩—৫৪॥

ভরতনন্দন! তাহার পর সমরাঙ্গনে আপনার পক্ষীয় ও পাণ্ডবপক্ষীয় বীরগণের ভয়ঙ্কর যুদ্ধ প্রবৃত্ত হইল এবং তখন জলের ন্যায় রক্তের প্রবাহ চলিতে লাগিল' ॥৫৫॥

(৫৩)···পৃষ্ঠতশ্চৈনম্···পি। (৫৪)···তব পুত্রা মহারথাঃ। শরৈঃ সংছাদয়ামাসুর্মেঘা ইব···বা,···তব পুত্রৈর্মহারথঃ···রা নি। (৫৫) ততঃ প্রবৃত্তঃ সুমহান্···নি। * '··· চতুরশীতিতমোঽধ্যায়ঃ' বা ব রা নি।

CENTRAL LIBRARY

দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

স তাড্যমানস্তু শরৈর্ধনঞ্জয়ঃ পদাহতো নাগ ইব শ্বসন্ বলী।
বাণাংশ্চ বাণেন মহারথানাং চিচ্ছেদ চাপানি রণে প্রসহ্য ॥১॥
সংছিদ্য চাপানি চ তানি রাজ্ঞাং তেষাং রণে বীর্য্যবতাং ক্ষণেন।
বিব্যাধ বাণৈর্যুগপন্মহাত্মা নিঃশেষতাং তেষ্বথ মন্যমানঃ ॥২॥
নিপেতুরাজৌ রুধিরপ্রদিগ্ধাস্তে তাড়িতাঃ শক্রসুতেন রাজন্!।
বিভিন্নগাত্রাঃ পতিতোত্তমাঙ্গা গতাসবশ্ছিন্নতনুত্রকায়াঃ ॥৩॥
মহীং গতাঃ পার্থবলাভিভূতা বিচিত্ররূপা যুগপদ্বিনেশুঃ।
দৃষ্ট্বা হতাংস্তান্ যুধি রাজপুত্রাংস্ত্রিগর্ত্তরাজঃ প্রযযৌ রথেন ॥৪॥

ভারতকৌমুদী

স ইতি। নাগঃ সর্পঃ। প্রসহ্য বলেন বাণেন চাপানি বাণাংশ্চ চিচ্ছেদেতি সম্বন্ধঃ ॥১॥
সংছিদ্যেতি। বিব্যাধ তানিতি শেষঃ। তেষু নিঃশেষতাং মন্যমানঃ কর্ত্তুমিচ্ছন্ ॥২॥
নিপেতুরিতি। হে রাজন্! শক্রসুতেন ইন্দ্রপুত্রেণার্জ্জুনেন, তাড়িতাঃ, তে বীরাঃ, রুধিরপ্রদিগ্ধা রক্তলিপ্তাঃ, বিভিন্নগাত্রা বিদীর্ণাঙ্গাঃ, পতিতানি উত্তমাঙ্গানি মস্তকানি যেষাং তে, গতাসবো নির্গতপ্রাণাঃ, ছিন্নাস্তনুত্রাণি বর্ম্মাণি কায়াশ্চ যেষাং তে চ, আজৌ যুদ্ধভূমৌ নিপেতুঃ ॥৩॥

সঞ্জয় বলিলেন—'বিপক্ষেরা বাণদ্বারা তাড়ন করিলে, বলবান্ অর্জ্জুন চরণ-তাড়িত সর্পের ন্যায় শ্বাস ত্যাগ করিতে থাকিয়া বাণদ্বারা বলপূর্ব্বক সেই মহারথগণের ধনু ও বাণ সকল ছেদন করিলেন ॥১॥

মহাবীর অর্জ্জুন যুদ্ধে ক্ষণকালমধ্যে সেই বলবান্ রাজগণের ধনুগুলি ছেদন করিয়া তাঁহাদিগকে নিঃশেষ করিবার ইচ্ছায় বাণদ্বারা একদাই তাঁহাদিগকে বিদ্ধ করিলেন ॥২॥

রাজা! অর্জুন সেইভাবে তাড়ন করিলে, তাঁহাদের মধ্যে কেহ কেহ রক্ত-লিপ্তদেহ, কেহ কেহ বিদীর্ণশরীর, কেহ কেহ পতিতমস্তক, কেহ কেহ ছিন্নকবচ এবং কেহ কেহ ছিন্নদেহ হইয়া ভূতলে পতিত হইলেন ॥৩॥

(১) স তুষ্যমানস্তু···বাণেন বাণেন মহারথানাম্···পি বা। (৪) মহারথাঃ পার্থবলাভি-ভূতাঃ···পি বা।

তেষাং রথানামথ পৃষ্ঠগোপা দ্বাত্রিংশদন্যেঽভ্যপতন্ত পার্থম্।
তথৈব তে তং পরিবার্য্য পার্থং বিকৃষ্য চাপানি মহারবাণি।
অবীবৃষন্ বাণমহৌঘবৃষ্ট্যা যথা গিরিং তোয়ধরা জলৌঘৈঃ ॥৫॥
সংপীড্যমানস্তু শরৌঘবৃষ্ট্যা ধনঞ্জয়স্তান্ যুধি জাতরোষঃ।
ষষ্ট্যা শরৈঃ সংযতি তৈলধৌতৈর্জঘান তানপ্যথ পৃষ্ঠগোপান্ ॥৬॥
রথাংশ্চ তাংস্তানবজিত্য সংখ্যে ধনঞ্জয়ঃ প্রীতমনা যশস্বী।
অথাত্বরদ্ভীষ্মবধায় জিষ্ণুর্বলানি রাজন্! সমরে নিহত্য ॥৭॥
ত্রিগর্ত্তরাজো নিহতান্ সমীক্ষ্য মহাত্মনা তানথ বন্ধুবর্গান্।
রণে পুরস্কৃত্য নরাধিপাংস্তান্ জগাম পার্থং ত্বরিতো বধায় ॥৮॥

ভারতকৌমুদী

মহীমিতি। বিচিত্ররূপাঃ পরিচ্ছদবৈচিত্র্যাৎ। ত্রিগর্ত্তরাজঃ সুশর্ম্মা ॥৪॥

তেষামিতি। পৃষ্ঠগোপাঃ পৃষ্ঠরক্ষকাঃ, অভ্যপতন্ত উপাগচ্ছন্। পরিবার্য্য পরিবেষ্ট্য। অবীবৃষন্ বৃষ্টবন্ত ইত্যর্থঃ। তোয়ধরা মেঘাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫॥

সংপীড্যেতি। তান্ প্রতি জাতরোষঃ। সংযতি যুদ্ধে, পৃষ্ঠগোপান্ পৃষ্ঠরক্ষকান্ ॥৬॥

রথানিতি। সংখ্যে যুদ্ধে। অত্বরৎ ত্বরামকরোৎ, জিষ্ণুর্জয়শীলঃ ॥৭॥

ত্রিগর্ত্তেতি। মহাত্মনা অর্জ্জুনেন। পার্থমর্জ্জুনং প্রতি ॥৮॥

বিচিত্রাকৃতি সেই রাজপুত্রেরা অর্জুনের বলে অভিভূত ও ভূতলপতিত হইয়া একদাই প্রাণত্যাগ করিলেন। তখন সুশর্ম্মা সেই রাজপুত্রগণকে যুদ্ধে নিহত দেখিয়া রথারোহণে অর্জুনের দিকে গমন করিলেন ॥৪॥

তদনন্তর সেই রথিগণের পৃষ্ঠরক্ষক আরও বত্রিশ জন যোদ্ধা অর্জুনের নিকটে উপস্থিত হইলেন এবং সেইরূপই অর্জুনকে পরিবেষ্টন করিয়া মহাশব্দকারী ধনু সকল আকর্ষণপূর্বক—মেঘ যেমন পর্বতের উপরে জল বর্ষণ করে, সেইরূপ অর্জুনের উপরে বাণ বর্ষণ করিতে লাগিলেন ॥৫॥

অর্জুন তাঁহাদের বাণবর্ষণে পীড়িত হইয়া তাঁহাদের প্রতি ক্রুদ্ধ হইলেন এবং তৈলমার্জ্জিত ষাটটা বাণদ্বারা যুদ্ধে সেই পৃষ্ঠরক্ষকদিগকেও বধ করিলেন ॥৬॥

রাজা! বিজয়ী ও যশস্বী অর্জুন যুদ্ধে সেই সকল রথীকে জয় করিয়া এবং যুদ্ধে অন্যান্য সৈন্যকেও সংহার করিয়া সন্তুষ্টচিত্ত হইয়া ভীষ্মকে বধ করিবার জন্য ত্বরান্বিত হইলেন ॥৭॥

(৫)…তথৈব তে সংপরিবার্য্য…পি বা। (৭) ষষ্টিং রথাংস্তান্ পি বা, অভিজিত্য …প্রীতমনা মনস্বী…সমরেঽভিহত্য—পি।

CENTRAL LIBRARY

অভিদ্রুতঞ্চাস্ত্রবিদাং বরিষ্ঠং ধনঞ্জয়ং পাণ্ডবসৃঞ্জয়াস্তে।
অভ্যুদযযুস্তে শিতশস্ত্রহস্তা রিরক্ষিষন্তো রথমর্জ্জুনস্য ॥৯॥
পার্থোঽপি তানাপততঃ সমীক্ষ্য ত্রিগর্ত্তরাজ্ঞা সহিতান্ নৃবীরান্।
বিধ্বংসয়িত্বা সমরে ধনুষ্মান্ গাণ্ডীবমুক্তৈর্নিশিতৈঃ পৃষৎকৈঃ ॥১০॥
ভীষ্মং যিযাসুর্যুধি সংদদর্শ দুর্য্যোধনং সৈন্ধবাদীংশ্চ রাজ্ঞঃ।
সংবারয়িষ্ণূনভিবারয়িত্বা মুহূর্ত্তমাযোধ্য বলেন বীরঃ ॥১১॥ (যুগ্মকম্)
উৎসৃজ্য রাজানমনন্তবীর্য্যো জয়দ্রথাদীংশ্চ নৃপান্ মহৌজাঃ।
যযৌ ততো ভীমবলো মনস্বী গাঙ্গেয়মাজৌ শরচাপপাণিঃ ॥১২॥

ভারতকৌমুদী

অভীতি। শিতানি সুধারীকৃতানি শস্ত্রাণি হস্তেষু যেষাং তে, রিরক্ষিষন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ ॥৯॥

পার্থ ইতি। বিধ্বংসয়িত্বা সুশর্ম্মেতরান্ বিনাশ্য। পৃষৎকৈর্বাণৈঃ। সৈন্ধবাদীন্ জয়দ্রথপ্রভৃতীন্। আযোধ্য সম্যগ্‌যোধয়িত্বা। অত্রানেক এবার্ষাঃ প্রয়োগাঃ ॥১০—১১॥

উৎসৃজ্যেতি। রাজানং দুর্য্যোধনম্, অনন্তবীর্য্যঃ পার্থ এব। গাঙ্গেয়ং ভীষ্মম্ ॥১২॥

অর্জ্জুন সেই বন্ধুবর্গকে বধ করিয়াছেন দেখিয়া ত্রিগর্ত্তাধিপতি সুশর্ম্মা যুদ্ধে প্রসিদ্ধ কতকগুলি রাজাকে অগ্রবর্ত্তী করিয়া অর্জ্জুনকে বধ করিবার জন্য তাঁহার নিকট গমন করিলেন ॥৮॥

অস্ত্রজ্ঞশ্রেষ্ঠ অর্জ্জুন বিপক্ষকর্ত্তৃক আক্রান্ত হইলে, সুতীক্ষ্ণ শস্ত্রধারী অপর পাণ্ডবগণ ও সৃঞ্জয়গণ তাঁহার রথ রক্ষা করিবার জন্য তাঁহার অভিমুখে গমন করিলেন ॥৯॥

সেই বিপক্ষ বীরেরা ত্রিগর্ত্তরাজ সুশর্ম্মার সহিত আসিতেছেন দেখিয়া মহাবীর ও প্রশস্ত ধনুর্দ্ধর অর্জ্জুন গাণ্ডীবনিক্ষিপ্ত সুতীক্ষ্ণ বাণসমূহদ্বারা সুশর্ম্মভিন্ন বিপক্ষদিগকে বিনাশ করিয়া ভীষ্মের দিকে যাইবার ইচ্ছা করিলেন। এই সময়ে দুর্য্যোধন ও জয়দ্রথপ্রভৃতি রাজারা অর্জ্জুনকে নিবারণ করিতে প্রবৃত্ত হইলেন; তখন অর্জ্জুন বলপূর্ব্বক মুহূর্ত্তকাল যুদ্ধ করিয়া দুর্য্যোধনপ্রভৃতিকে নিবারণপূর্ব্বক যাইয়া সমরাঙ্গনে ভীষ্মকে দর্শন করিলেন ॥১০—১১॥

তাহার পর অনন্তশক্তিশালী, মহাতেজা, ভয়ঙ্করবলসম্পন্ন, প্রশস্তমনা ও ধনুর্বাণধারী অর্জ্জুন দুর্য্যোধনকে ও জয়দ্রথপ্রভৃতি রাজগণকে পরিত্যাগ করিয়া সমরাঙ্গনে ভীষ্মের দিকেই গমন করিলেন ॥১২॥

(৯) অভিদ্রুতঞ্চাস্ত্রভৃতাং বরিষ্ঠং ধনঞ্জয়ং বীক্ষ্য শিখণ্ডিমুখ্যাঃ…রা নি। (১১)… বিবারয়িষ্ণূনথ সংপ্রযায় মুহূর্ত্তম্…পি বা।

ভীষ্মোঽপি দৃষ্ট্বা সমরে কৃতাস্ত্রান্ স পাণ্ডবানাং রথিনোঽভ্যুদারান্।
বিহায় সংগ্রামমুখে ধনঞ্জয়ং জবেন পার্থং পুনরাজগাম ॥১৩॥
যুধিষ্ঠিরশ্চোগ্রবলো মহাত্মা সমাযযৌ ত্বরিতো জাতকোপঃ।
মদ্রাধিপং সমভিত্যজ্য সংখ্যে স্বভাগমাপ্তং তমনন্তকীর্ত্তিঃ।
সার্দ্ধং স মাদ্রীসুতভীমসেনৈর্ভীষ্মং যযৌ শান্তনবং রণায় ॥১৪॥
তৈঃ সম্প্রযুক্তৈঃ স মহারথাগ্র্যৈর্গঙ্গাসুতঃ সমরে চিত্রযোধী।
ন বিব্যথে শান্তনবো মহাত্মা সমাগতৈঃ পাণ্ডুসুতৈঃ সমস্তৈঃ ॥১৫॥
অথেত্য রাজা যুধি সত্যসন্ধো জয়দ্রথোঽভ্যুগ্রবলো মনস্বী।
চিচ্ছেদ চাপানি মহারথানাং প্রসহ্য তেষাং ধনুষা বরেণ ॥১৬॥

ভারতকৌমুদী

ভীষ্ম ইতি। অভ্যুদারান্ সর্বেষ্বেব বিষয়েষু মহতঃ। জবেন বেগেন ॥১৩॥

যুধীতি। উগ্রং বলং সৈন্যং যস্য সঃ। স্বভাগং পূর্ব্বনির্দ্দেশেনাত্মনো বধ্যাংশম্, আপ্তমুপস্থিতম্, সমভিত্যজ্য, ভীষ্মবধে সর্বৈরেব বধসম্ভবাদিতি ভাবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

তৈরিতি। সম্প্রযুক্তৈঃ সম্মিলিতৈরপি। ন বিব্যথে আত্মনোঽতিরথত্বাৎ ॥১৫॥

অথেতি। মহারথানাং পাণ্ডবীয়ানাম্, বরেণ ধনুষা শরান্ নিক্ষিপেতি শেষঃ ॥১৬॥

ভীষ্মও অস্ত্রে সুশিক্ষিত এবং সর্ববিষয়ে মহাযোদ্ধা পাণ্ডবপক্ষীয় রথীদিগকে সম্মুখে দেখিয়াও তাঁহাদিগকে পরিত্যাগ করিয়া বেগে পৃথানন্দন অর্জুনের দিকেই আসিলেন ॥১৩॥

এই সময়ে ভয়ঙ্কর সৈন্যে পরিবেষ্টিত ও ক্রুদ্ধ মহাত্মা যুধিষ্ঠিরও সত্বর সেখানে আগমন করিলেন এবং অনন্তকীর্ত্তি যুধিষ্ঠির আপন ভাগে নির্দ্দিষ্ট যুদ্ধে উপস্থিত মদ্ররাজ শল্যকে পরিত্যাগ করিয়া ভীমসেন, নকুল ও সহদেবের সহিত মিলিত হইয়া যুদ্ধ করিবার জন্য শান্তনুনন্দন ভীষ্মের দিকেই গমন করিলেন ॥১৪॥

কিন্তু সম্মিলিত ও মহারথশ্রেষ্ঠ সমস্ত পাণ্ডব সেখানে আগমন করিলেও, বিচিত্রযোদ্ধা ও মহাত্মা শান্তনুনন্দন ভীষ্ম তাহাতে উদ্বিগ্ন হইলেন না ॥১৫॥

তাহার পর সত্যপ্রতিজ্ঞ, ভয়ঙ্করশক্তিশালী ও মনস্বী রাজা জয়দ্রথ উপস্থিত হইয়া বলপূর্ব্বক উত্তম ধনুদ্বারা বাণ নিক্ষেপ করিয়া পাণ্ডবপক্ষীয় মহারথগণের ধনুগুলি ছেদন করিলেন ॥১৬॥

(১৪) যুধিষ্ঠিরশ্চ প্রবলো মহাত্মা···রা নি। (১৬) অথৈত্য রাজা···বা রা নি।

CENTRAL LIBRARY

যুধিষ্ঠিরং ভীমসেনং যমৌ চ পার্থং কৃষ্ণং যুধি সঞ্জাতকোপঃ।
দুর্য্যোধনঃ ক্রোধবিষো মহাত্মা জঘান বাণৈরনলপ্রকাশৈঃ ॥১৭॥
কৃপেণ শল্যেন শলেন চৈব তথা বিভো! চিত্রসেনেন চাজৌ।
বিদ্ধাঃ শরৈস্তেঽতিবিবৃদ্ধকোপৈর্দেবা যথা দৈত্যগণৈঃ সমেতৈঃ ॥১৮॥
ছিন্নায়ুধং শান্তনবেন রাজা শিখণ্ডিনং প্রেক্ষ্য চ জাতকোপঃ।
অজাতশত্রুঃ সমরে মহাত্মা শিখণ্ডিনং ক্রুদ্ধ উবাচ বাক্যম্ ॥১৯॥
উক্ত্বা তথা ত্বং পিতুরগ্রতো মামহং হনিষ্যামি মহাব্রতং তম্।
ভীষ্মং শরৌঘৈর্বিমলার্কবর্ণৈঃ সত্যং বদামীতি কৃতা প্রতিজ্ঞা ॥২০॥
ত্বয়া চ নৈনাং সফলাং করোষি দেবব্রতং যন্ন নিহংসি যুদ্ধে।
মিথ্যাপ্রতিজ্ঞো ভব মাত্র বীর! রক্ষ স্বধর্ম্মং স্বকুলং যশশ্চ ॥২১॥

ভারতকৌমুদী

যুধীতি। যমৌ নকুলসহদেবৌ, পার্থমর্জ্জুনং প্রসিদ্ধত্বাৎ। জঘান আজঘান ॥১৭॥

কৃপেণেতি। আজৌ যুদ্ধে। বিদ্ধাস্তাড়িতাঃ। সমেতৈঃ সম্মিলিতৈঃ ॥১৮॥

ছিন্নেতি। শান্তনবেন শিখণ্ডিনো ধনুশ্ছেদনং সঙ্কুলযুদ্ধে ব্যক্তিভ্রমাৎ। অন্যথা তেন সহ তস্য যুদ্ধাকরণপ্রতিজ্ঞাভঙ্গঃ স্যাৎ। ভীষ্মং প্রতি জাতকোপঃ, শিখণ্ডিনঞ্চ প্রতি ক্রুদ্ধস্তৎ-প্রতিজ্ঞাভঙ্গদর্শনাদিতি পুনরুক্ত্যভাবঃ। অজাতশত্রুর্যুধিষ্ঠিরঃ ॥১৯॥

উক্ত্বেতি। পিতুর্দ্রুপদস্য। মহাব্রতং চিরব্রহ্মচর্য্যব্রতম্ ॥২০॥

ক্রোধবিষোদ্গারী ও মহাশক্তিশালী দুর্য্যোধন অগ্নির ন্যায় উজ্জ্বল বাণ-সমূহ দ্বারা যুদ্ধে যুধিষ্ঠির, ভীমসেন, অর্জুন, নকুল, সহদেব ও কৃষ্ণকে আঘাত করিলেন ॥১৭॥

এবং রাজা! পূর্বকালে অত্যন্তক্রুদ্ধ দৈত্যগণ সম্মিলিত হইয়া যেমন দেব-গণকে বিদ্ধ করিত, সেইরূপ অত্যন্তক্রুদ্ধ কৃপ, শল্য, শল ও চিত্রসেন বাণদ্বারা যুদ্ধে পাণ্ডবগণকে বিদ্ধ করিলেন ॥১৮॥

এই সময়ে ভীষ্ম শিখণ্ডীর ধনু ছেদন করিয়া ফেলিলেন; তাহাতে ভীষ্মের প্রতি এবং শিখণ্ডীর প্রতিও যুধিষ্ঠিরের ক্রোধ জন্মিল; তাই তিনি শিখণ্ডীর দিকে দৃষ্টিপাত করিয়া তাঁহাকে এই কথা বলিলেন—॥১৯॥

'শিখণ্ডী! আপনি আপনার পিতার সম্মুখে আমাকে এইরূপ বলিয়া প্রতিজ্ঞা করিয়াছিলেন যে, আমি সূর্য্যের ন্যায় উজ্জ্বল বাণসমূহদ্বারা সেই মহা-ব্রত ভীষ্মকে বধ করিব, ইহা আমি সত্য বলিতেছি ॥২০॥

(১৭)···পার্থানথো যুধি সঞ্জাতকোপঃ···পি,···কৃষ্ণঞ্চ পার্থং যুধি জাতকোপঃ···বা।
(২১) ত্বয়া ন চৈনাম্···রক্ষস্ব ধর্ম্মঞ্চ যশঃ কুলঞ্চ—পি বা।

প্রেক্ষস্ব ভীষ্মং যুধি ভীমবেগং সর্বাংস্তপন্তং মম সৈন্যসংঘান্।
শরৌঘজালৈরতিতিগ্মবেগৈঃ কালং যথা কালকৃতং ক্ষণেন ॥২২॥
নিকৃত্তচাপঃ সমরেঽনপেক্ষঃ পরাজিতঃ শান্তনবেন চাজৌ।
বিহায় বন্ধূনথ সোদরাংশ্চ ক্ব যাস্যসে নানুরূপং তবেদম্ ॥২৩॥
দৃষ্ট্বা হি ভীষ্মং তমনন্তবীর্য্যং ভগ্নঞ্চ সৈন্যং দ্রবমাণমেবম্।
ভীতোঽসি নূনং দ্রুপদস্য পুত্র! তথাহি তে মুখবর্ণোঽপ্রহৃষ্টঃ ॥২৪॥
অজ্ঞায়মানে চ ধনঞ্জয়ে তু মহাহবে সম্প্রসক্তে নৃবীরে।
কথং হি ভীষ্মাৎ প্রথিতঃ পৃথিব্যাং ভয়ং ত্বমদ্য প্রকরোষি বীর! ॥২৫॥

ভারতকৌমুদী

ত্বয়েতি। দেবব্রতং ভীষ্মম্। স্বধর্ম্মং স্ববীরনিয়মম্, স্বকুলং তদ্গৌরবম্ ॥২১॥
প্রেক্ষস্বেতি। কালং যমম্, কালকৃতং সময়েনোপস্থাপিতম্ ॥২২॥
পলায়নপ্রবৃত্তিং সম্ভাব্যাহ নিকৃত্তেতি। নিকৃত্তচাপশ্ছিন্নধন্বা, অনপেক্ষ উদাসীনঃ ॥২৩॥
দৃষ্ট্বেতি। ভগ্নং সংঘচ্যুতম্, দ্রবমাণং পলায়মানম্। অপ্রহৃষ্টো মলিনঃ ॥২৪॥
অজ্ঞায়েতি। অজ্ঞায়মানে দূরবর্ত্তিতয়া ত্বয়া অলক্ষ্যমাণে। সম্প্রসক্তে প্রবৃত্তে ॥২৫॥

অতএব আপনি যে হেতু যুদ্ধে ভীষ্মকে বধ করিতেছেন না, সেই হেতু সে প্রতিজ্ঞাও রক্ষা করিতেছেন না। সুতরাং বীর! আপনি মিথ্যাপ্রতিজ্ঞ হইবেন না; বীরের ধর্ম্ম, বংশের গৌরব ও যশ রক্ষা করুন ॥২১॥

আপনি দেখুন—যথাকালে উপস্থিত যমের ন্যায় ভয়ঙ্করবেগশালী ভীষ্ম ক্ষণকালমধ্যে যুদ্ধে মহাবেগযুক্ত বাণসমূহদ্বারা আমার সমস্ত সৈন্যকে সন্তপ্ত করিতেছেন ॥২২॥

ভীষ্ম যুদ্ধে আপনাকে পরাজয় করিয়াছেন এবং আপনার ধনু ছেদন করিয়াছেন; তাহাতে আপনি যুদ্ধে উদাসীন হইয়া পড়িয়াছেন। এখন বন্ধুগণ ও সহোদরগণকে পরিত্যাগ করিয়া কোথায় যাইবেন? তাহা আপনার অনুরূপ হইবে না ॥২৩॥

দ্রুপদনন্দন! এদিকে অসীমশক্তিশালী ভীষ্ম রহিয়াছেন, ওদিকে আমার সৈন্যেরা সংঘচ্যুত হইয়া এইভাবে পলায়ন করিতেছে; ইহা দেখিয়া নিশ্চয়ই আপনি ভীত হইয়া পড়িয়াছেন; যে হেতু আপনার মুখের বর্ণ মলিন হইয়া গিয়াছে ॥২৪॥

(২২)···অতিতিগ্মতেজাঃ কালো যথা কালকৃতম্···পি,···অতিতিগ্মতেজনৈঃ কালো যথা কালকৃতঃ···বা। (২৩)···শান্তনবেন রাজ্ঞা···পি বা। (২৪)···দ্রবমাণমেতৎ···পি বা। (২৫) আজ্ঞায়মানেন ধনঞ্জয়েন মহাহবে পক্ষ যুক্তং নৃবীরম্···পি বা।

CENTRAL LIBRARY

স ধর্ম্মরাজস্য বচো নিশম্য রূক্ষাক্ষরং বিপ্রলাপানুবন্ধম্ ।
প্রত্যাদেশং মন্যমানো মহাত্মা প্রতত্বরে ভীষ্মবধায় রাজন্ ! ॥২৬॥
তমাপতন্তং মহতা জবেন শিখণ্ডিনং ভীষ্মমভিদ্রবন্তম্ ।
নিবারয়ামাস হি শল্য এনমস্ত্রেণ ঘোরেণ সুদুর্জয়েন ॥২৭॥
স চাপি দৃষ্ট্বা সমুদীর্য্যমাণমস্ত্রং যুগান্তাগ্নিসমপ্রকাশম্ ।
ন সংমুমোহ দ্রুপদস্য পুত্রো রাজন্ ! মহেন্দ্রপ্রতিমপ্রভাবঃ ।
তস্থৌ চ তত্রৈব মহাধনুষ্মান্ শরৈস্তদস্ত্রং প্রতিবাধমানঃ ॥২৮॥
অথাদদে বারুণমন্যদস্ত্রং শিখণ্ড্যথোগ্রং প্রতিঘাতমস্য ।
তদস্ত্রমস্ত্রেণ বিদার্য্যমাণং খস্থাঃ সুরা দদৃশুঃ পার্থিবাশ্চ ॥২৯॥

ভারতকৌমুদী

ইত্থং যুধিষ্ঠিরবাক্যমনূদ্য সঞ্জয় এব পুনরাহ স ইতি। স শিখণ্ডী। রূক্ষাক্ষরং নিষ্ঠুরবর্ণম্, বিপ্রলাপানুবন্ধম্ উল্লুণ্ঠনযুক্তম্। প্রত্যাদেশং কাপুরুষতয়া প্রত্যাখ্যানম্ ॥২৬॥

তমিতি। জবেন বেগেন। অভিদ্রবন্তম্ অভিধাবন্তম্। অস্ত্রেণাগ্নেয়েন ॥২৭॥

স ইতি। স শিখণ্ডী। প্রতিবাধমানো নিবারয়ন্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৮॥

ভারতভাবদীপঃ

স ইতি ॥১—২৪॥ অজ্ঞায়মানে পশ্চাৎস্থিতে ॥২৫॥ প্রত্যাদেশং ভর্ৎসনম্ ॥২৬—৩৯॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ ॥৮২॥

মনুষ্যবীর অর্জুন মহাযুদ্ধে প্রবৃত্ত হইয়াছেন, ইহা আপনি জানিতে পারেন নাই (বোধ হয়। সে যাহা হউক,) বীর! আপনি পৃথিবীতে বীর বলিয়া প্রসিদ্ধ হইয়াও আজ ভীষ্ম হইতে ভয় করিতেছেন কেন?' ॥২৫॥

রাজা! মহাত্মা শিখণ্ডী রূক্ষবর্ণ ও উল্লুণ্ঠন (বিদ্রূপ-) যুক্ত যুধিষ্ঠিরের বাক্য শুনিয়া তাহাকেই প্রত্যাখ্যান (স্বপক্ষ হইতে দূরীকরণ) মনে করিয়া ভীষ্মবধের জন্য অত্যন্ত ত্বরান্বিত হইলেন ॥২৬॥

শিখণ্ডী মহাবেগে আসিতে লাগিলে এবং ভীষ্মের প্রতিই ধাবিত হইলে, মদ্ররাজ শল্য ভয়ঙ্কর ও অতিদুর্জয় আগ্নেয় অস্ত্রদ্বারা তাঁহাকে নিবারণ করিলেন ॥২৭॥

রাজা! প্রলয়কালের অগ্নির ন্যায় জাজ্বল্যমান সেই আগ্নেয় অস্ত্র উঠিয়াছে দেখিয়া মহাধনুর্দ্ধর ও ইন্দ্রের তুল্য প্রভাবশালী দ্রুপদনন্দন শিখণ্ডী মুগ্ধ ত হইলেনই না, বরং বাণদ্বারা সেই অস্ত্রের বাধা জন্মাইতে থাকিয়া সেই স্থানেই অবস্থান করিতে লাগিলেন ॥২৮॥

(২৭)…আবারয়ামাস…শস্ত্রেণ ঘোরেণ…পি বা। (২৮)…ন সংপ্রমুহ্য…পি বা। (২৯) …স্বস্থাঃ সুরাঃ…বা রা নি।

ভীষ্মস্তু রাজন্! সমরে মহাত্মা ধনুশ্চ চিত্রং ধ্বজমেব চাপি।
ছিত্ত্বানদৎ পাণ্ডুসুতস্য বীরো যুধিষ্ঠিরস্যাজমীঢ়স্য রাজ্ঞঃ ॥৩০॥
ততঃ সমুৎসৃজ্য ধনুঃ সবাণং যুধিষ্ঠিরং বীক্ষ্য ভয়াভিভূতম্।
গদাং প্রগৃহ্যাভিপপাত সংখ্যে জয়দ্রথং ভীমসেনঃ পদাতিঃ ॥৩১॥
তমাপতন্তং মহতা জবেন জয়দ্রথঃ সগদং ভীমসেনম্।
বিব্যাধ ঘোরৈর্যমদণ্ডকল্পৈঃ শিতৈঃ শরৈর্বৈ নবভিঃ সমন্তাৎ ॥৩২॥
অচিন্তয়িত্বা স শরাংস্তরস্বী বৃকোদরঃ ক্রোধপরীতচেতাঃ।
জঘান বাহান্ সমরে সমস্তান্ বানায়ুজান্ সিন্ধুরাজস্য সংখ্যে ॥৩৩॥
ততোঽভিবীক্ষ্যাপ্রতিমপ্রভাবস্তবাত্মজস্ত্বরমাণো রথেন।
অভ্যাযযৌ ভীমসেনং নিহন্তুং সমুদ্যতাস্ত্রঃ সুররাজকল্পঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

অথেতি। অস্য আগ্নেয়াস্ত্রস্য। বিদার্য্যমাণং বিনাশ্যমানম্, খস্থা আকাশস্থাঃ ॥২৯॥
ভীষ্ম ইতি। অনদৎ সিংহনাদমকরোৎ। আজমীঢ়স্য অজমীঢ়বংশীয়স্য ॥৩০॥
তত ইতি। অভিপপাত অভিদধাব, সংখ্যে সমরাঙ্গনে। পদাতিঃ পাদচারী সন্ ॥৩১॥
তমিতি। জবেন বেগেন, গদয়া সহেতি সগদস্তম্। সমন্তাৎ সর্ব্বেষ্বঙ্গেষু ॥৩২॥
অচিন্তেতি। তরস্বী বলবান্। বাহান্ অশ্বান্, বানায়ুজান্ বনায়ুদেশজাতান্ ॥৩৩॥
তত ইতি। তবাত্মজশ্চিত্রসেনঃ পরত্রোক্তেঃ। সমুদ্যতমুত্তোলিতমস্ত্রং যেন সঃ ॥৩৪॥

তাহার পর শিখণ্ডী সেই আগ্নেয় অস্ত্রের উপযুক্ত প্রতিঘাতক ভয়ঙ্কর অন্য বারুণাস্ত্র গ্রহণ করিয়া নিক্ষেপ করিলেন। তখন সেই বারুণাস্ত্র সেই আগ্নেয়াস্ত্রকে প্রতিহত করিতে থাকিল; ইহা আকাশস্থিত দেবতারা এবং ভূতলস্থিত রাজারা দেখিতে লাগিলেন ॥২৯॥

এদিকে মহাত্মা ও মহাবীর ভীষ্ম যুদ্ধে অজমীঢ়বংশীয় পাণ্ডুনন্দন রাজা যুধিষ্ঠিরের ধনু ও বিচিত্র ধ্বজ ছেদন করিয়া সিংহনাদ করিলেন ॥৩০॥

তাহার পর ভীমসেন যুধিষ্ঠিরকে ভয়াভিভূত দেখিয়া ধনু ও বাণ পরিত্যাগ করিয়া গদা ধারণপূর্ব্বক সমরাঙ্গনে জয়দ্রথের দিকে ধাবিত হইলেন ॥৩১॥

ভীমসেন গদা ধারণ করিয়া মহাবেগে আসিতে লাগিলে, জয়দ্রথ যমদণ্ডের তুল্য ভয়ঙ্কর ও সুতীক্ষ্ণ নয়টা বাণদ্বারা তাঁহার সমস্ত অঙ্গ বিদ্ধ করিলেন ॥৩২॥

তখন বলবান্ ভীমসেন অত্যন্তক্রুদ্ধ হইয়া সেই বাণগুলিকে চিন্তা না করিয়া সমরাঙ্গনে যুদ্ধে জয়দ্রথের বনায়ুদেশীয় সমস্ত অশ্বগুলিকে বধ করিলেন ॥৩৩॥

(৩২)···সহসা জবেন···শিতৈঃ শরৈঃ পঞ্চশতৈঃ সমন্তাৎ—রা নি।

CENTRAL LIBRARY

ভীমোঽপ্যথৈনং সহসা বিনদ্য প্রত্যুদ্যযৌ গদয়া তর্জ্জমানঃ।
সমুদ্যতাং তাং যমদণ্ডকল্পাং দৃষ্ট্বা গদাং তে কুরবঃ সমন্তাৎ ॥৩৫॥
বিহায় সর্বে তব পুত্রমুগ্রং পাতং গদায়াঃ পরিহর্ত্তুকামাঃ।
অপক্রান্তাস্তুমুলে সম্প্রমর্দ্দে সুদারুণে ভারত! মোহনীয়ে ॥৩৬॥
(যুগ্মকম্)

অমূঢ়চেতাস্ত্বথ চিত্রসেনো মহাগদামাপতন্তীং নিরীক্ষ্য।
রথং সমুৎসৃজ্য পদাতিরাজৌ প্রগৃহ্য খড়্গং বিপুলঞ্চ চর্ম্ম।
অবপ্লুতঃ সিংহ ইবাচলাগ্রাজ্জগামান্যং ভূমিপ! ভূমিদেশম্ ॥৩৭॥
গদাপি সা প্রাপ্য রথং সুচিত্রং সাশ্বং সসূতং বিনিহত্য সংখ্যে।
জগাম ভূমিং জ্বলিতা মহোল্কা ভ্রষ্টাম্বরাদ্গামিব সংপতন্তী ॥৩৮॥

ভারতকৌমুদী

ভীম ইতি। বিনদ্য সিংহনাদং কৃত্বা। সংপ্রমর্দ্দে যুদ্ধসংঘর্ষে ॥৩৫—৩৬॥

অমূঢ়েতি। অমূঢ়চেতাঃ কর্ত্তব্যস্থিরচিত্তঃ। অচলস্য পর্বতস্যাগ্রাৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৭॥

গদেতি। সসূতং সসারথিম্। অম্বরাদাকাশাৎ, গাং ভূমিম্, সংপতন্তী স্পৃশন্তী ॥৩৮॥

তাহা দেখিয়া আপনার পুত্র অতুলনীয়প্রভাবশালী চিত্রসেন দেবরাজের ন্যায় রথারোহণ করিয়া ত্বরান্বিত হইয়া অস্ত্র উত্তোলনপূর্ব্বক ভীমসেনকে বধ করিবার জন্য উপস্থিত হইলেন ॥৩৪॥

ভরতনন্দন! তখন ভীমসেনও সিংহনাদ করিয়া গদাদ্বারা ভয়প্রদর্শন করিতে থাকিয়া তৎক্ষণাৎ চিত্রসেনের প্রত্যুদ্গমন করিলেন। এই সময়ে কৌরবেরা সকলে যমদণ্ডের তুল্য সেই উত্তোলিত গদা দেখিয়া তাহার ভয়ঙ্কর আঘাত এড়াইবার ইচ্ছা করিয়া চিত্রসেনকে পরিত্যাগপূর্ব্বক তুমুল, অতিদারুণ ও মোহজনক সেই যুদ্ধসংঘর্ষে পলায়ন করিলেন ॥৩৫—৩৬॥

রাজা! সেই বিশাল গদাটা আসিতেছে দেখিয়া, চিত্রসেন স্থিরচিত্ত থাকিয়া, রথ পরিত্যাগ করিয়া, বিশাল তরবারি ও চর্ম্ম লইয়া, পর্ব্বতাগ্র হইতে সিংহের ন্যায় লাফাইয়া পড়িয়া পাদচারে অন্য স্থানে গমন করিলেন ॥৩৭॥

সেই গদাটাও যাইয়া অশ্ব ও সারথির সহিত সেই বিচিত্র রথখানাকে বিধ্বস্ত করিয়া আকাশভ্রষ্ট উজ্জ্বল মহোল্কার ন্যায় ভূতলে পতিত হইল ॥৩৮॥

(৩৫)…গদয়া তর্জয়ানঃ…রা নি। (৩৬)…উগ্রাং ভৈমীং গদাং তে…পি বা। (৩৭)…জগাম তং ভূমিপ!…পি বা। (৩৮)…গামিব সঞ্চরন্তী—পি বা।

আশ্চর্য্যরূপং স্বমহত্ত্বদীয়া দৃষ্ট্বৈব তদ্ভারত! সম্প্রহৃষ্টাঃ।
সর্ব্বে বিনেদুঃ সহিতাঃ সমন্তাৎ পুপূজিরে তব পুত্রস্য শৌর্য্যম্ ॥৩৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভীষ্মবধে সপ্তমদিবসযুদ্ধে চিত্রসেনরথভঙ্গে
দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

বিরথং তং সমাসাদ্য চিত্রসেনং যশস্বিনম্।
রথমারোপয়ামাস বিকর্ণস্তনয়স্তব ॥১॥
তস্মিংস্তথা বর্ত্তমানে তুমুলে সঙ্কুলে ভৃশম্।
ভীষ্মঃ শান্তনবস্তূর্ণং যুধিষ্ঠিরমুপাদ্রবৎ ॥২॥

ভারতকৌমুদী

আশ্চর্য্যেতি। ত্বদীয়া যোদ্ধারঃ। তৎ কর্ম্ম। পুপূজিরে প্রশশংসুঃ ॥৩৯॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

বিরথমিতি। সমাসাদ্য প্রাপ্য। যশস্বিনং ক্ষিপ্রকারিত্বেনাত্মরক্ষণাৎ ॥১॥
তস্মিন্নিতি। তস্মিন্ যুদ্ধে। উপাদ্রবৎ অভ্যধাবৎ ॥২॥

ভরতনন্দন! তখন আপনার পক্ষের যোদ্ধারা সকলে চিত্রসেনের সেই গুরুতর আশ্চর্য্য কর্ম্ম দেখিয়া আনন্দিত হইয়া সকল দিক্ হইতে একদা কোলাহল করিয়া উঠিলেন এবং আপনার সেই পুত্রের বীরত্বের প্রশংসা করিতে লাগিলেন' ॥৩৯॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তখন আপনার পুত্র বিকর্ণ যাইয়া রথবিহীন ও যশস্বী চিত্রসেনকে আপনার রথে তুলিয়া লইলেন ॥১॥

---

(৩৯) আশ্চর্য্যভূতম্…রা নি। * '…পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ' বা ব রা নি। (১)… চিত্রসেনং মনস্বিনম্…পি বা।

CENTRAL LIBRARY

ততঃ সনরনাগাশ্বাঃ সমকম্পন্ত সৃঞ্জয়াঃ।
মৃত্যোরাস্যমনুপ্রাপ্তং মেনিরে চ যুধিষ্ঠিরম্ ॥৩॥
যুধিষ্ঠিরোঽপি কৌরব্যো যমাভ্যাং সহিতঃ প্রভুঃ।
মহেষ্বাসং নরব্যাঘ্রং ভীষ্মং শান্তনবং যযৌ ॥৪॥
ততঃ শরসহস্রাণি প্রমুঞ্চন্ পাণ্ডবো যুধি।
ভীষ্মং সংছাদয়ামাস যথা মেঘো দিবাকরম্ ॥৫॥
তেন সম্যক্ প্রণীতানি শরজালানি ভাগশঃ।
প্রতিজগ্রাহ গাঙ্গেয়ঃ শতশোঽথ সহস্রশঃ ॥৬॥
তথৈব শরজালানি ভীষ্মেণাস্তানি মারিষ!।
আকাশে সমদৃশ্যন্ত খগমানাং ব্রজা ইব ॥৭॥

ভারতকৌমুদী

তত ইতি। নরাঃ পদাতয়ঃ, নাগা হস্তিনঃ। আস্যং মুখম্ ॥৩॥
যুধীতি। যমাভ্যাং নকুলসহদেবাভ্যাম্। মহেষ্বাসং মহাধনুর্দ্ধরম্ ॥৪॥
তত ইতি। সহস্রপদং বহুত্বপরম্। পাণ্ডবো যুধিষ্ঠিরঃ ॥৫॥
তেনেতি। তেন যুধিষ্ঠিরেণ, প্রণীতানি রচিতানি, ভাগশো ভাগে ভাগে ॥৬॥
তথেতি। অস্তানি ক্ষিপ্তানি। খগমানাং পক্ষিণাম্, ব্রজাঃ সমূহাঃ ॥৭॥

সেই তুমুল ও সঙ্কুল যুদ্ধ সেইরূপ গুরুতর ভাবে চলিতে লাগিলে, শান্তনু-নন্দন ভীষ্ম সত্বর যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইলেন ॥২॥

তখন গজারোহী, অশ্বারোহী ও পদাতিদিগের সহিত সৃঞ্জয়েরা যুধিষ্ঠিরকে যমের মুখপ্রবিষ্ট বলিয়া মনে করিতে লাগিল ॥৩॥

এই সময়ে কৌরবনন্দন রাজা যুধিষ্ঠিরও নকুল এবং সহদেবের সহিত মিলিত হইয়া মহাধনুর্দ্ধর ও নরশ্রেষ্ঠ শান্তনুনন্দন ভীষ্মের দিকে গমন করিলেন ॥৪॥

তাহার পর মেঘ যেমন সূর্য্যকে আবৃত করে, সেইরূপ যুধিষ্ঠির যুদ্ধে বহুতর বাণ নিক্ষেপ করিয়া ভীষ্মকে আবৃত করিলেন ॥৫॥

যুধিষ্ঠির ভাগে ভাগে সম্যক্‌রূপে বহুসংখ্যক শরজাল নির্ম্মাণ করিলে, ভীষ্ম সেই শত শত ও সহস্র সহস্র শরজাল গ্রহণ করিলেন ॥৬॥

মাননীয় রাজা! ভীষ্মও সেইরূপই শরজাল নিক্ষেপ করিলেন; তখন আকাশে পক্ষিগণের ন্যায় সেগুলিকে দেখা যাইতে লাগিল ॥৭॥

---

(৩) ততঃ সরথনাগাশ্বাঃ…রা নি। (৪)…সহিতঃ প্রভো!…পি বা। (৬)…শরজালানি সর্ব্বশঃ…পি,…শরজালানি মারিষ!…রা নি।

নিমেষার্দ্ধেন কৌন্তেয়ং ভীষ্মঃ শান্তনবো যুধি।
অদৃশ্যং সমরে চক্রে শরজালেন ভারত! ॥৮॥
ততো যুধিষ্ঠিরো রাজা কৌরব্যস্য মহাত্মনঃ।
নারাচং প্রেষয়ামাস ক্রুদ্ধ আশীবিষোপমম্ ॥৯॥
অসংপ্রাপ্তস্তু তং তত্র ক্ষুরপ্রেণ মহারথঃ।
চিচ্ছেদ সমরে রাজন্! ভীষ্মস্তস্য ধনুশ্চ্যুতম্ ॥১০॥
তন্তু চ্ছিত্ত্বা রণে ভীষ্মো নারাচং কালসন্নিভম্।
নিজঘ্নে কৌরবেন্দ্রস্য হয়ান্ কাঞ্চনভূষণান্ ॥১১॥
হতাশ্বস্তু রথং ত্যক্ত্বা ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
আরুরোহ রথং তূর্ণং নকুলস্য মহাত্মনঃ ॥১২॥
যমাবপি হি সংক্রুদ্ধঃ সমাসাদ্য রণে তদা।
শরৈঃ সংছাদয়ামাস ভীষ্মঃ পরপুরঞ্জয়ঃ ॥১৩॥

ভারতকৌমুদী

নিমেষেতি। কৌন্তেয়ং যুধিষ্ঠিরং প্রকরণাৎ যমযোস্তু মাদ্রেয়ত্বাৎ ॥৮॥
তত ইতি। কৌরব্যস্য ভীষ্মস্য। আশীবিষোপমং সর্পতুল্যং দীর্ঘম্ ॥৯॥
অসমিতি। অসংপ্রাপ্তং স্বসন্নিধাবনাগতম্, ক্ষুরপ্রেণ তদাখ্যেন বাণেন ॥১০॥
তমিতি। কালসন্নিভং যমতুল্যম্। কৌরবেন্দ্রস্য যুধিষ্ঠিরস্য, হয়ান্ রথাশ্বান্ ॥১১॥
হতেতি। হতা অশ্বা যস্য তম্ ॥১২॥

এবং ভরতনন্দন! শান্তনুনন্দন ভীষ্ম যুদ্ধে নিমেষার্দ্ধমধ্যে শরজালদ্বারা যুধিষ্ঠিরকে সমরাঙ্গনে অদৃশ্য করিয়া ফেলিলেন ॥৮॥

তাহার পর রাজা যুধিষ্ঠির ক্রুদ্ধ হইয়া মহাত্মা ভীষ্মের দিকে একটা সর্পতুল্য দীর্ঘ নারাচ নিক্ষেপ করিলেন ॥৯॥

রাজা! সেই নারাচটা উপস্থিত না হইতেই মহারথ ভীষ্ম একটা ক্ষুরপ্রদ্বারা যুধিষ্ঠিরের ধনু হইতে নির্গত সেই নারাচটাকে ছেদন করিয়া ফেলিলেন ॥১০॥

ভীষ্ম যমের তুল্য সেই নারাচটাকে ছেদন করিয়া যুধিষ্ঠিরের স্বর্ণভূষিত রথাশ্বগুলিকে বধ করিলেন ॥১১॥

তখন ধর্ম্মপুত্র যুধিষ্ঠির নিজের হতাশ্ব রথ ত্যাগ করিয়া সত্বর যাইয়া মহাত্মা নকুলের রথে আরোহণ করিলেন ॥১২॥

(৮) নিমেষার্দ্ধাচ্চ…পি বা। (১০) অসংপ্রাপ্তং ততস্তস্য…রা নি। (১১)…কালসম্মিতম্…রা নি। (১৩) যমাবপি হি সংক্রুদ্ধৌ…রা নি।

CENTRAL LIBRARY

তৌ তু দৃষ্ট্বা মহারাজ ! ভীষ্মবাণপ্রপীড়িতৌ ।
জগাম পরমাং চিন্তাং ভীষ্মস্য বধকাঙ্ক্ষয়া ॥১৪॥
ততো যুধিষ্ঠিরো বশ্যান্ রাজ্ঞস্তান্ সমচোদয়ৎ ।
ভীষ্মং শান্তনবং সর্বে নিহতেতি সুহৃদ্গণান্ ॥১৫॥
ততস্তে পার্থিবাঃ সর্বে শ্রুত্বা পার্থস্য ভাষিতম্ ।
মহতা রথবংশেন পরিবব্রুঃ পিতামহম্ ॥১৬॥
স সমন্তাৎ পরিবৃতঃ পিতা দেবব্রতস্ততঃ ।
চিক্রীড় ধনুষা রাজন্ ! পাতয়ানো মহারথান্ ॥১৭॥
তং চরন্তং রণে পার্থা দদৃশুঃ কৌরবং যুধি ।
মৃগমধ্যে প্রবিশ্যেব যথা সিংহং মহাবনে ॥১৮॥

ভারতকৌমুদী

যমাবিতি। যমৌ নকুলসহদেবৌ। পরেষাং শত্রূণাং পুরাণি জিতবানিতি সঃ ॥১৩॥
তাবিতি। জগাম প্রাপ যুধিষ্ঠির ইতি শেষঃ ॥১৪॥
তত ইতি। সমচোদয়ৎ প্রৈরয়ৎ। নিহত বিনাশয়ত যূয়ম্ ॥১৫॥
তত ইতি। পার্থস্য যুধিষ্ঠিরস্য। রথানাং বংশেন সমূহেন, পিতামহং ভীষ্মম্ ॥১৬॥
স ইতি। সমন্তাৎ সর্বতঃ। পাতয়ানঃ পাতয়মানঃ, মকারাগমাভাব আর্ষঃ ॥১৭॥
তমিতি। প্রবিশ্য স্থিতমিতি শেষঃ। যথাশব্দস্থিতেরিবশব্দঃ সম্ভাবনায়াম্ ॥১৮॥

সেই সময়ে শত্রুনগরবিজয়ী অতিক্রুদ্ধ ভীষ্ম যুদ্ধে নকুল এবং সহদেবকেও পাইয়া বাণদ্বারা তাঁহাদিগকেও আবৃত করিলেন ॥১৩॥

মহারাজ ! তখন যুধিষ্ঠির নকুল ও সহদেবকে ভীষ্মের বাণে পীড়িত দেখিয়া তাঁহাকে বধ করিবার ইচ্ছায় গুরুতর চিন্তান্বিত হইলেন ॥১৪॥

তাহার পর যুধিষ্ঠির নিজের অধীন ও বন্ধু রাজগণকে এই কথা বলিয়া প্রেরণ করিলেন যে, 'আপনারা সকলে শান্তনুনন্দন ভীষ্মকে বধ করুন' ॥১৫॥

তৎপরে পাণ্ডবপক্ষীয় রাজারা সকলে যুধিষ্ঠিরের আদেশ শুনিয়া বিশাল রথসমূহে ভীষ্মকে পরিবেষ্টন করিলেন ॥১৬॥

রাজা ! তদনন্তর আপনার জ্যেষ্ঠতাত ভীষ্ম সকল দিকে বেষ্টিত হইয়া কার্ম্মুকনিক্ষিপ্ত বাণদ্বারা বিপক্ষীয় মহারথগণকে নিপাত করিতে থাকিয়া যেন খেলা করিতে লাগিলেন ॥১৭॥

(১৪)···জগামাথ পরাং চিন্তাম্···রা নি। (১৫)···শান্তনবং সংখ্যে···পি বা। (১৮)··· যথা সিংহশিশুং বনে—রা নি।

CENTRAL LIBRARY

তর্জ্জয়ানং রণে শূরাংস্ত্রাসয়ানঞ্চ সায়কৈঃ।
দৃষ্ট্বা ত্রেসুর্মহারাজ! সিংহং মৃগগণা ইব ॥১৯॥
রণে ভরতসিংহস্য দদৃশুঃ ক্ষত্রিয়া গতিম্।
অগ্নের্বায়ুসহায়স্য যথা কক্ষং দিধক্ষতঃ ॥২০॥
শিরাংসি রথিনাং ভীষ্মঃ পাতয়ামাস সংযুগে।
তালেভ্য ইব পক্কানি ফলানি কুশলো নরঃ ॥২১॥
পতদ্ভিশ্চ মহারাজ! শিরোভির্ধরণীতলে।
বভূব তুমুলঃ শব্দঃ পততামশ্মনামিব ॥২২॥
তস্মিন্ সুতুমুলে যুদ্ধে বর্ত্তমানে ভয়ানকে।
সর্বেষামেব সৈন্যানামাসীদ্ব্যতিকরো মহান্ ॥২৩॥

ভারতকৌমুদী

তর্জ্জেতি। তর্জ্জয়ানং ভর্ৎসয়ন্তম্। ত্রেসুর্ভীতা বভূবুঃ ॥১৯॥
রণ ইতি। ভরতসিংহস্য ভীষ্মস্য। কক্ষং তৃণরাশিম্, দিধক্ষতো দগ্ধুমিচ্ছতঃ ॥২০॥
শিরাংসীতি। তালেভ্যো বৃক্ষেভ্যঃ। কুশলঃ ফলপাতননিপুণঃ ॥২১॥
পতদ্ভিরিতি। তুমুলো মহান্। অশ্মনাং পাষাণানাম্ ॥২২॥
তস্মিন্নিতি। সর্বেষামুভয়পক্ষীয়াণাম্। ব্যতিকরঃ সংঘর্ষঃ ॥২৩॥

তখন পাণ্ডবেরা দেখিলেন—মহাবনে মৃগমধ্যে প্রবিষ্ট সিংহের ন্যায় ভীষ্ম সমরাঙ্গনে বিপক্ষমধ্যে প্রবিষ্ট হইয়া বিচরণ করিতেছেন ॥১৮॥

মহারাজ! সিংহ দেখিয়া হরিণগণ যেমন ভীত হয়, সেইরূপ যুদ্ধে বিপক্ষগণের তর্জ্জনকারী ও বাণদ্বারা ভয়োৎপাদনকারী ভীষ্মকে দেখিয়া সকলে ভীত হইল ॥১৯॥

তৃণরাশিদহনপ্রবৃত্ত বায়ুসহায় অগ্নির ন্যায় যুদ্ধে ভরতসিংহ ভীষ্মের গতি ক্ষত্রিয়েরা দেখিতে লাগিলেন ॥২০॥

নিপুণ মানুষ যেমন তালবৃক্ষ হইতে তাহার পক্ক ফল নিপাতিত করে, সেইরূপ ভীষ্ম যুদ্ধে বিপক্ষ রথিগণের মস্তক নিপাতিত করিতে থাকিলেন ॥২১॥

মহারাজ! তখন প্রস্তর সকল পতিত হইতে থাকিলে যেমন তুমুল শব্দ হয়, সেইরূপ ভূতলে মস্তক সকল পতিত হইতে থাকায় তুমুল শব্দ হইতে লাগিল ॥২২॥

(১৯)···রণে বীরান্···রা নি। (২০) রণে ভারতসিংহস্য···রা নি। (২১)··· তালেভ্যঃ পরিপক্কানি···রা নি।

CENTRAL LIBRARY

ভিন্নেষু তেষু ব্যূহেষু ক্ষত্রিয়া ইতরেতরম্ ।
একমেকং সমাহূয় যুদ্ধায়ৈবোপতস্থিরে ॥২৪॥
শিখণ্ডী তু সমাসাদ্য ভরতানাং পিতামহম্ ।
অভিদুদ্রাব বেগেন তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥২৫॥
অনাদৃত্য ততো ভীষ্মস্তং শিখণ্ডিনমাহবে ।
প্রযযৌ সৃঞ্জয়ান্ ক্রুদ্ধঃ স্ত্রীত্বং তস্য বিচিন্তয়ন্ ॥২৬॥
সৃঞ্জয়াস্তু ততো দৃষ্ট্বা রাজন্ ! ভীষ্মং মহারথম্ ।
সিংহনাদান্ বহুবিধাংশ্চক্রুঃ শঙ্খবিমিশ্রিতান্ ॥২৭॥
ততঃ প্রববৃতে যুদ্ধং ব্যতিষক্তরথদ্বিপম্ ।
পশ্চিমাং দিশমাস্থায় স্থিতে সবিতরি প্রভো ! ॥২৮॥

ভারতকৌমুদী

ভিন্নেষ্বিতি। ভিন্নেষু সংঘর্ষাদ্বিশ্লিষ্টেষু। ইতরেতরং পরস্পরম্ ॥২৪॥
শিখণ্ডীতি। ভরতানাং তদানীন্তনানাং যুধিষ্ঠিরাদীনাম্, পিতামহং ভীষ্মম্ ॥২৫॥
অনাদৃত্যেতি। আহবে যুদ্ধে। স্ত্রীত্বং ভূতপূর্বম্ ॥২৬॥
সৃঞ্জয়া ইতি। শঙ্খবিমিশ্রিতান্ শঙ্খধ্বনিযুক্তান্ ॥২৭॥
তত ইতি। ব্যতিষক্তাঃ পরস্পরং মিলিতা রথা দ্বিপা হস্তিনশ্চ যত্র তৎ ॥২৮॥

অতিতুমুল ও ভয়ঙ্কর সেই যুদ্ধ চলিতে লাগিলে, উভয় পক্ষের সমস্ত সৈন্যেরই গুরুতর সংঘর্ষ হইতে থাকিল ॥২৩॥

সেই সমস্ত ব্যূহ বিশ্লিষ্ট হইয়া উঠিলে, ক্ষত্রিয়েরা পরস্পর এক এক জনকে আহ্বান করিয়া যুদ্ধের জন্যই অগ্রসর হইলেন ॥২৪॥

এই সময়ে শিখণ্ডী ভীষ্মকে দেখিয়া তাঁহার দিকে ধাবিত হইলেন এবং 'থাক থাক' এই কথা বলিলেন ॥২৫॥

কিন্তু ভীষ্ম শিখণ্ডীর ভূতপূর্ব্ব স্ত্রীত্ব স্মরণপূর্বক তাঁহাকে অগ্রাহ্য করিয়া ক্রুদ্ধ অবস্থায় যুদ্ধে সৃঞ্জয়দিগের প্রতি গমন করিলেন ॥২৬॥

রাজা ! তখন সৃঞ্জয়েরা মহারথ ভীষ্মকে দেখিয়া শঙ্খধ্বনির সহিত নানাবিধ সিংহনাদ করিতে লাগিল ॥২৭॥

নরনাথ ! ক্রমে সূর্য্য পশ্চিম দিক্ অবলম্বন করিয়া অবস্থান করিলে, যুদ্ধ প্রবৃত্ত হইল ; তখন উভয় পক্ষেরই রথ ও হস্তী সকল পরস্পর মিলিত হইতে থাকিল ॥২৮॥

(২৪)···অবতস্থিরে—রা নি। (২৭)···দৃষ্ট্বা হৃষ্টং ভীষ্মং মহারণে···রা নি। (২৮)··· অপরাং দিশমাস্থায়···পি বা।

ধৃষ্টদ্যুম্নোঽথ পাঞ্চাল্যঃ সাত্যকিশ্চ মহারথঃ।
পীড়য়ন্তৌ ভৃশং সৈন্যং শক্তিতোমরবৃষ্টিভিঃ ॥২৯॥
শস্ত্রৈশ্চ বহুভী রাজন্! জঘ্নতুস্তাবকান্ রণে।
তে হন্যমানাঃ সমরে তাবকা ভরতর্ষভ! ॥৩০॥
আর্য্যাং যুদ্ধে মতিং কৃত্বা ন ত্যজন্তি স্ম সংযুগম্।
যথোৎসাহঞ্চ সমরে জঘ্নুর্লোকমহারথাঃ ॥৩১॥ (বিশেষকম্)
তত্রাক্রন্দো মহানাসীত্তাবকানাং মহাত্মনাম্।
বধ্যতাং সমরে রাজন্! পার্ষতেন মহাত্মনা ॥৩২॥
তং শ্রুত্বা নিনদং ঘোরং তাবকানাং মহারথৌ।
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ পার্ষতং প্রত্যুপস্থিতৌ ॥৩৩॥

ভারতকৌমুদী

ধৃষ্টেতি। পাঞ্চাল্যঃ পাঞ্চালরাজপুত্রঃ। তাবকান্ ত্বৎপক্ষীয়ান্। আর্য্যাং সাধ্বীম্। পলায়নে নিকর্ষপ্রতীত্যা অনার্য্যতাপ্রতীতিরিতি ভাবঃ। নিজঘ্নুর্বিপক্ষানিতি শেষঃ ॥২৯—৩১॥

তত্রেতি। আক্রন্দ আরাবঃ কোলাহল ইতি যাবৎ, "আরাবে রুদিতে ত্রাতর্য্যাক্রন্দো দারুণে রণে" ইত্যমরঃ। বধ্যতাং বধ্যমানানাম্। পার্ষতেন ধৃষ্টদ্যুম্নেন ॥৩২॥

তমিতি। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ ॥৩৩॥

রাজা! তাহার পর পাঞ্চালরাজনন্দন ধৃষ্টদ্যুম্ন ও মহারথ সাত্যকি শক্তি ও তোমরবর্ষণ করিয়া এবং অন্য বহুবিধ অস্ত্রদ্বারা যুদ্ধে বিপক্ষসৈন্যগণকে অত্যন্ত পীড়ন করতঃ আপনার পক্ষীয় যোদ্ধাদিগকে বধ করিতে লাগিলেন। ভরতশ্রেষ্ঠ! আপনার পক্ষের সেই যোদ্ধারা যুদ্ধে নিহত হইতে থাকিয়াও যুদ্ধবিষয়ে সজ্জনোচিত বুদ্ধি করিয়াই যুদ্ধ ত্যাগ করিলেন না; কিন্তু তাঁহাদের মধ্যের মহারথেরা উৎসাহ অনুসারে যুদ্ধে বিপক্ষদিগকে সংহারই করিতে থাকিলেন ॥২৯—৩১॥

রাজা! তখন মহাবল ধৃষ্টদ্যুম্ন বধ করিতে লাগিলে, আপনার পক্ষীয় যোদ্ধাদের মধ্যে বিশাল কোলাহল হইতে লাগিল ॥৩২॥

এই সময়ে অবন্তিদেশীয় মহারথ বিন্দ ও অনুবিন্দ আপনার সৈন্যগণের সেই ভয়ঙ্কর কোলাহল শুনিয়া ধৃষ্টদ্যুম্নের সম্মুখে উপস্থিত হইলেন ॥৩৩॥

(৩০) শস্ত্রৈর্বহুবিধৈ রাজন্নাজঘ্নুস্তাবকান্ রণে…পি বা। (৩১)…যথোৎসাহং তু সমরে নজঘ্নুস্তাবকা রণে—বা নি।

CENTRAL LIBRARY

তৌ তস্য তুরগান্ হত্বা ত্বরমাণৌ মহারথৌ।
ছাদয়ামাসতুরুভৌ শরবর্ষেণ পার্ষতম্ ॥৩৪॥
অবপ্লুত্যাথ পাঞ্চাল্যো রথাত্তূর্ণং মহাবলঃ।
আরুরোহ রথং তূর্ণং সাত্যকেস্তু মহাত্মনঃ ॥৩৫॥
ততো যুধিষ্ঠিরো রাজা মহত্যা সেনয়া বৃতঃ।
আবন্ত্যৌ সমরে ক্রুদ্ধাবভ্যধাবৎ পরন্তপঃ ॥৩৬॥
তথৈব তব পুত্রোঽপি সর্বোদ্‌যোগেন মারিষ!।
বিন্দানুবিন্দৌ সমরে পরিবার্য্যাবতস্থিবান্ ॥৩৭॥
অর্জ্জুনশ্চাপি সংক্রুদ্ধঃ ক্ষত্রিয়ান্ ক্ষত্রিয়র্ষভঃ।
অযোধয়ত সংগ্রামে বজ্রপাণিরিবাসুরান্ ॥৩৮॥
দ্রোণস্তু সমরে ক্রুদ্ধঃ পুত্রস্য প্রিয়কৃত্তব।
ব্যধমৎ সর্বপাঞ্চালাংস্তূলরাশিমিবানলঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

তাবিতি। তৌ বিন্দানুবিন্দৌ, তস্য পার্ষতস্য ॥৩৪॥
অবেতি। তূর্ণমবপ্লুত্য তূর্ণমারুরোহেতি পুনরুক্ত্যভাবঃ ॥৩৫॥
তত ইতি। আবন্ত্যৌ বিন্দানুবিন্দৌ। অভ্যধাবৎ ধৃষ্টদ্যুম্ন সাহায্যার্থমিত্যাশয়ঃ ॥৩৬॥
তথেতি। তব পুত্রো দুর্য্যোধনঃ, তথা পরত্রাভিধানাৎ। পরিবার্য্য হননায় পরিবেষ্ট্য ॥৩৭॥
অর্জ্জুন ইতি। বজ্রপাণিরিন্দ্রঃ। এতেন বিপক্ষবিধ্বংসঃ সূচিতঃ ॥৩৮॥
দ্রোণ ইতি। তব পুত্রস্য দুর্য্যোধনস্য। ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥৩৯॥

এবং মহারথ বিন্দ ও অনুবিন্দ সত্বর ধৃষ্টদ্যুম্নের রথের অশ্বগুলিকে বধ করিয়া বাণবর্ষণদ্বারা তাঁহাকে আবৃত করিলেন ॥৩৪॥

তাহার পর মহাবল ধৃষ্টদ্যুম্ন আপন রথ হইতে সত্বর লাফাইয়া পড়িয়া সত্বর যাইয়া মহাত্মা সাত্যকির রথে আরোহণ করিলেন ॥৩৫॥

তদনন্তর পরন্তপ রাজা যুধিষ্ঠির বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া ধৃষ্টদ্যুম্নের সাহায্য করিবার জন্য ক্রুদ্ধ বিন্দ ও অনুবিন্দের দিকে ধাবিত হইলেন ॥৩৬॥

মাননীয় রাজা! সেইরূপই আপনার পুত্র দুর্য্যোধনও সর্ব্বপ্রযত্নে সমরাঙ্গনে বিন্দ ও অনুবিন্দকে পরিবেষ্টন করিয়া অবস্থান করিতে লাগিলেন ॥৩৭॥

ইন্দ্র যেমন অসুরগণের সহিত যুদ্ধ করিতেন, সেইরূপ ক্ষত্রিয়শ্রেষ্ঠ অর্জ্জুনও ক্রুদ্ধ হইয়া সমরাঙ্গনে ক্ষত্রিয়গণের সহিত যুদ্ধ করিতে থাকিলেন ॥৩৮॥

(৩৬)…পরন্তপৌ—রা নি। (৩৮)…ক্ষত্রিয়র্ষভ!…পি বা।

দুর্য্যোধনপুরোগাস্তু পুত্রাস্তব বিশাংপতে!।
পরিবার্য্য রণে ভীষ্মং যুযুধুঃ পাণ্ডবৈঃ সহ ॥৪০॥
ততো দুর্য্যোধনো রাজা লোহিতায়তি ভাস্করে।
অব্রবীত্তাবকান্ সর্বাংস্ত্বরধ্বমিতি ভারত! ॥৪১॥
যুধ্যতাস্তু তথা তেষাং কুর্বতাং কর্ম্ম দুষ্করম্।
অস্তং গিরিমথারূঢ়ে ন প্রকাশতি ভাস্করে ॥৪২॥
প্রাবর্ত্তত নদী ঘোরা শোণিতৌঘতরঙ্গিণী।
গোমায়ুগণসঙ্কীর্ণা ক্ষণেন ক্ষণদামুখে ॥৪৩॥
শিবাভিরশিবাভিশ্চ রুবতীভিঃ সমন্ততঃ।
ঘোরমায়োধনং জজ্ঞে ভূতসংঘসমাকুলম্ ॥৪৪॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

দুর্য্যোধনেতি। পুরোগা অগ্রগামিনঃ। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥৪০॥

তত ইতি। লোহিতায়তি অস্তোন্মুখতয়া রক্তবর্ণে সতি। ত্বরধ্বং শত্রুসংহারায় ॥৪১॥

যুধ্যতামিতি। যুধ্যতাং যুধ্যমানানাম্। ন প্রকাশতি অপ্রকাশমানে। গোমায়ূনাং শৃগালানাং গণেন সঙ্কীর্ণা ব্যাপ্তা, ক্ষণদামুখে রজনীমুখে। অশিবাভিঃ অমঙ্গলসূচিকাভিঃ। এতেন পর্য্যায়ত্বেঽপি গোমায়ূনাং শিবত্বং ধ্বনিতম্। আয়োধনং যুদ্ধম্ ॥৪২—৪৪॥

রাজা! অগ্নি যেমন তূলরাশি দগ্ধ করে, সেইরূপ আপনার পুত্রের প্রিয়-কার্য্যকারী দ্রোণ যুদ্ধে সমস্ত পাঞ্চালসৈন্যকে দগ্ধ করিতে লাগিলেন ॥৩৯॥

নরনাথ! দুর্য্যোধনের অগ্রগামী আপনার পুত্রেরা সমরাঙ্গনে ভীষ্মকে পরিবেষ্টন করিয়া পাণ্ডবগণের সহিত যুদ্ধ করিতে থাকিলেন ॥৪০॥

ভরতনন্দন! তাহার পর সূর্য্য রক্তবর্ণ হইয়া উঠিলে, রাজা দুর্য্যোধন আপনার সমস্ত যোদ্ধাকে বলিলেন—'আপনারা শত্রুসংহারে সত্বর হউন' ॥৪১॥

তাহার পর সৈন্যগণের ভয়ঙ্কর যুদ্ধ হইতে লাগিল। সুতরাং সূর্য্য অস্তাচল-গত হইয়া অপ্রকাশিত হইলে, সেই প্রদোষসময়ে দুষ্কর-কার্য্যকারী সেই যুধ্যমান সৈন্যগণের মধ্যে ভয়ঙ্কর একটা নদী প্রবাহিত হইল; তাহাতে রক্তের তরঙ্গ চলিতে লাগিল এবং সাধারণ শৃগালগণ, অমঙ্গলসূচক শব্দায়মান অন্য শৃগালগণ ও অন্যান্য প্রাণিগণ সকল দিকে ক্ষণকালমধ্যে সেই নদীটাকে ব্যাপ্ত করিল ॥৪২—৪৪॥

(৪২)…অপ্রকাশতি ভাস্করে…রা নি। (৪৪)…অশিবাভিশ্চ রুবদ্ভির্ভৈরবং রবম্…ভূতসংঘৈঃ সমাকুলম্—রা নি।

রাক্ষসাশ্চ পিশাচাশ্চ তথান্যে পিশিতাশিনঃ।
সমন্ততো ব্যদৃশ্যন্ত শতশোঽথ সহস্রশঃ ॥৪৫॥
অর্জ্জুনোঽথ সুশর্ম্মাদীন্ রাজ্ঞঃ সহপদানুগান্।
বিভিদ্য পৃতনামধ্যে যযৌ স্বশিবিরং প্রতি ॥৪৬॥
যুধিষ্ঠিরোঽপি কৌরব্যো ভ্রাতৃভ্যাং সহিতস্তথা।
যযৌ স্বশিবিরং রাজা নিশায়াং সেনয়া বৃতঃ ॥৪৭॥
ভীমসেনোঽপি রাজেন্দ্র! দুর্য্যোধনমুখান্ রথান্।
অবজিত্য ততঃ সংখ্যে যযৌ স্বশিবিরং প্রতি ॥৪৮॥
দুর্য্যোধনোঽপি নৃপতিঃ পরিবার্য্য মহারণে।
ভীষ্মং শান্তনবং তূর্ণং প্রয়াতঃ শিবিরং প্রতি ॥৪৯॥
দ্রোণো দ্রৌণিঃ কৃপঃ শল্যঃ কৃতবর্ম্মা চ সাত্বতঃ।
পরিবার্য্য চমূং সর্বাং প্রযযুঃ শিবিরং প্রতি ॥৫০॥

ভারতকৌমুদী

রাক্ষসা ইতি। অন্যে কুক্কুরাদয়ঃ, পিশিতাশিনো মাংসভোজিনঃ ॥৪৫॥
অর্জ্জুন ইতি। পদানুগৈরনুচরৈঃ সহেতি সহপদানুগাস্তান্। বিভিদ্য বিজিত্য ॥৪৬॥
যুধীতি। ভ্রাতৃভ্যাং নকুলসহদেবাভ্যাং তথৈব পূর্ব্বমুক্তত্বাৎ পারিশেষ্যাচ্চ ॥৪৭॥
ভীমেতি। দুর্য্যোধনমুখান্ দুর্য্যোধনাদীন্, রথান্ রথিনঃ ॥৪৮॥
দুর্য্যোধন ইতি। পরিবার্য্য রক্ষার্থং পরিবেষ্ট্য ॥৪৯॥
দ্রোণ ইতি। দ্রৌণিরশ্বত্থামা। সাত্বতস্তদ্বংশীয়ঃ ॥৫০॥

এবং সকল দিকে শত শত ও সহস্র সহস্র রাক্ষস, পিশাচ ও অন্যান্য মাংস-ভোজী জন্তুগণকে দেখা যাইতে লাগিল ॥৪৫॥

তাহার পর অর্জ্জুন বিপক্ষসৈন্যমধ্যে অনুচরবর্গের সহিত সুশর্ম্মাদি রাজগণকে জয় করিয়া আপন শিবিরের দিকে গমন করিলেন ॥৪৬॥

কৌরবনন্দন রাজা যুধিষ্ঠিরও নকুল এবং সহদেবের সহিত সৈন্যে পরিবেষ্টিত হইয়া রাত্রিতে নিজ শিবিরে প্রস্থান করিলেন ॥৪৭॥

রাজশ্রেষ্ঠ! তদনন্তর ভীমসেনও দুর্য্যোধনপ্রভৃতি রথীদিগকে জয় করিয়া স্বকীয় শিবিরের দিকে গমন করিতে লাগিলেন ॥৪৮॥

রাজা দুর্য্যোধনও মহাযুদ্ধে শান্তনুনন্দন ভীষ্মকে পরিবেষ্টন করিয়া থাকিয়া তখন সত্বর শিবিরে প্রস্থান করিলেন ॥৪৯॥

(৪৬)···রাজ্ঞস্তান্ সপদানুগান্। বিজিত্য···রা নি। (৪৭)···সহিতস্তদা···স্বশিবিরং রাজন্!···পি বা। (৫০)···চমূং সর্ব্বে···পি বা।

তথৈব সাত্যকী রাজন্! ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ।
পরিবার্য্য রণে যোধান্ যযতুঃ শিবিরং প্রতি ॥৫১॥
এবমেতে মহারাজ! তাবকাঃ পাণ্ডবৈঃ সহ।
পর্য্যবর্ত্তন্ত সহিতা নিশাকালে পরন্তপাঃ ॥৫২॥
ততঃ স্বশিবিরং গত্বা পাণ্ডবাঃ কুরবস্তথা।
ন্যবসন্ত মহারাজ! পূজয়ন্তঃ পরস্পরম্ ॥৫৩॥
রক্ষাং কৃত্বা ততঃ শূরা ন্যস্য গুল্মান্ যথাবিধি।
অপনীয় চ শল্যানি স্নাত্বা চ বিবিধৈর্জলৈঃ ॥৫৪॥
কৃতস্বস্ত্যয়নাঃ সর্ব্বে স্তূয়মানাশ্চ বন্দিভিঃ।
গীতবাদিত্রশব্দেন চিক্রীড়ুস্তে যশস্বিনঃ ॥৫৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তথেতি। যোধান্ পাণ্ডবপক্ষীয়ান্ ॥৫১॥

এবমিতি। পর্য্যবর্ত্তন্ত সমরাঙ্গনাৎ প্রতিনিবৃত্তাঃ ॥৫২॥

তত ইতি। পূজয়ন্তঃ সমরনৈপুণ্যাদ্যুল্লেখেন প্রশংসন্তঃ ॥৫৩॥

রক্ষামিতি। ততঃ সর্বে যশস্বিনস্তে শূরা উভয়পক্ষীয়া এব বীরাঃ, যথাবিধি রক্ষিস্থাপনাদিনা শিবিরাণাং রক্ষাং কৃত্বা, গুল্মান্ সৈন্যসন্নিবেশান্, ন্যস্য বিশ্রামায় বিধায়, শল্যানি শরাগ্রাদীনি, অপনীয় দেহাদ্দূরীকৃত্য, বিবিধৈর্গন্ধদ্রব্যাদিযুক্তৈর্জলৈঃ স্নাত্বা চ, কৃতস্বস্ত্যয়না বিহিতসন্ধ্যাবন্দনাদিমঙ্গলব্যাপারাঃ, বন্দিভির্বৈতালীকৈঃ স্তূয়মানাশ্চ সন্তঃ, গীতবাদিত্রশব্দেন চিক্রীড়ুঃ আননন্দুঃ ॥৫৪—৫৫॥

দ্রোণ, অশ্বত্থামা, কৃপ, শল্য ও সাত্বতবংশীয় কৃতবর্ম্মা সমস্ত সৈন্যকে পরিবেষ্টন করিয়া শিবিরের দিকে চলিলেন ॥৫০॥

রাজা! সেইরূপই সাত্যকি ও পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন যুদ্ধে সৈন্যদিগকে পরিবেষ্টনপূর্ব্বক থাকিয়া তৎকালে শিবিরে যাইতে লাগিলেন ॥৫১॥

মহারাজ! এইভাবে সেই শত্রুসন্তাপক কৌরবযোদ্ধারা পাণ্ডবযোদ্ধাদের সহিত রাত্রিকালে একসময়েই সমরাঙ্গন হইতে প্রতিনিবৃত্ত হইলেন ॥৫২॥

মহারাজ! তাহার পর পাণ্ডবগণ ও কৌরবগণ আপন আপন শিবিরে যাইয়া পরস্পর প্রশংসা করিতে থাকিয়া (কিয়ৎকাল) বাস করিলেন ॥৫৩॥

তদনন্তর সেই যশস্বী বীরেরা সকলে যথাবিধানে শিবিররক্ষা, সৈন্যসংস্থাপন, দেহ হইতে শল্য-(বাণের অগ্রপ্রভৃতি-) নিঃসারণ এবং নানাবিধ জলে স্নান

(৫২)…পরন্তপ!—রা নি। (৫৩)…কুরুভিঃ সহ। ন্যবিশন্ত…পি। (৫৪) রক্ষাং কৃত্বাত্মনঃ…শল্যাংস্তে…বিধিবজ্জলৈঃ—পি বা।

মুহূর্ত্তাদিব তৎ সর্বমভবৎ স্বর্গসন্নিভম্ ।
ন হি যুদ্ধকথাং কাঞ্চিত্তত্রাকুর্বন্ মহারথাঃ ॥৫৬॥
তে প্রসুপ্তে বলে তত্র পরিশ্রান্তজনে নৃপ ! ।
হস্ত্যশ্ববহুলে রাত্রৌ প্রেক্ষণীয়ে বভূবতুঃ ॥৫৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে সপ্তমদিবসযুদ্ধসমাপ্তির্নাম ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

চতুরশীতিতমোঽধ্যায়ঃ ।

——:*:——

সঞ্জয় উবাচ ।
পরিণাম্য নিশাং তাং তু সুখসুপ্তা জনেশ্বরাঃ ।
কুরবঃ পাণ্ডবাশ্চৈব পুনর্যুদ্ধায় নির্যযুঃ ॥১॥

ভারতকৌমুদী

মুহূর্ত্তাদিতি । সর্বং শিবিরং স্বর্গসন্নিভমভবৎ, আমোদময়ত্বাৎ ॥৫৬॥
তে ইতি । বলে উভে সেনে । প্রেক্ষণীয়ে সুদৃশ্যে নিদ্রয়া নিস্পন্দত্বাৎ ॥৫৭॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——(::)——

পরীতি । পরিণাম্য পরিণতাং কৃত্বা অতিবাহ্যেত্যর্থঃ । জনেশ্বরা রাজানঃ ॥১॥

করিয়া সন্ধ্যাবন্দনাদিসমাধানপূর্ব্বক বন্দিগণের স্তুতিবাদ শুনিতে থাকিয়া গান ও বাদ্যের শব্দে আমোদ করিতে লাগিলেন ॥৫৪—৫৫॥

সুতরাং মুহূর্ত্তকালমধ্যে সেই সমস্ত শিবিরই যেন স্বর্গতুল্য হইয়া গেল। কারণ, তৎকালে মহারথেরা যুদ্ধের কোন আলোচনাই করিতে লাগিলেন না ॥৫৬॥

রাজা ! ক্রমে রাত্রিতে হস্ত্যশ্ববহুল সেই পরিশ্রান্ত উভয়পক্ষীয় সৈন্যেরাই নিদ্রিত হইয়া পড়িল ; তখন তাহাদিগকে সুন্দর দেখা যাইতে লাগিল' ॥৫৭॥

——•::•——

---

তদনীকং মহাবাহো! ভিত্ত্বা পরমদুর্জ্জয়ম্।
বলেন মহতা যুক্তাঃ স্বর্গায় বিজয়ৈষিণঃ।
বিবিশুস্তে তদা হৃষ্টা গান্ধারা যুদ্ধদুর্ম্মদাঃ ॥২৯॥ (যুগ্মকম্)
তান্ প্রবিষ্টাংস্তদা দৃষ্ট্বা ইরাবানপি বীর্য্যবান্।
অব্রবীৎ সমরে যোধান্ স্বান্ বিচিত্রহয়স্থিতান্ ॥৩০॥
যথৈতে ধার্ত্তরাষ্ট্রস্য যোধাঃ সানুগবাহনাঃ।
হন্যন্তে সমরে সর্ব্বে তথা নীতির্বিধীয়তাম্ ॥৩১॥

ভারতকৌমুদী

বায়ুরিতি। জবে বেগে। বয়স্থান্ তরুণান্। বলাৎ কৌরবসৈন্যমধ্যাৎ ॥২৬—২৭॥
বার্য্যেতি। বার্য্যমাণা নিষিধ্যমানাঃ। সন্নদ্ধাঃ কৃতযুদ্ধসজ্জাঃ। তদনীকং পাণ্ডবসৈন্যম্। স্বর্গায় মরণাৎ পরং স্বর্গলাভায়, অথবা বিজয়ৈষিণঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৮—২৯॥
তানিতি। স্বান্ স্বকীয়ান্, বিচিত্রহয়স্থিতান্ নানাবর্ণাশ্ববর্ত্তিনঃ ॥৩০॥
যথেতি। ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য, অনুগৈরনুচরৈর্বাহনৈরশ্বাদিভিশ্চ সহেতি তে ॥৩১॥

গজ, গবাক্ষ, বৃষক, চর্ম্মবান্, আর্জ্জব ও শুক এই ছয় জন বলবান্ শকুনির ভ্রাতা বায়ুবেগের ন্যায় দৃঢ়স্পর্শ, বেগে বায়ুর তুল্য, তরুণ ও বলবান্ উত্তম উত্তম অশ্বে আরোহণ করিয়া বিশাল কৌরবসৈন্যমধ্য হইতে নির্গত হইলেন ॥২৬—২৭॥

মহাবাহু! তখন শকুনি তাঁহাদিগকে বারণ করিলেন, তাঁহাদের স্বকীয় যোদ্ধারাও নিষেধ করিলেন; তথাপি যুদ্ধসজ্জায় সজ্জিত, যুদ্ধনিপুণ, রৌদ্রমূর্ত্তি, মহাবল ও যুদ্ধদুর্দ্ধর্ষ সেই গান্ধারদেশীয় বীরেরা জয় বা স্বর্গ লাভের জন্য হৃষ্টচিত্তে বিশাল সৈন্য লইয়া যাইয়া পরমদুর্জ্জয় পাণ্ডবসৈন্য ভেদ করিয়া তাহার মধ্যে প্রবেশ করিলেন ॥২৮—২৯॥

তাঁহাদিগকে প্রবিষ্ট দেখিয়া বলবান্ ইরাবান্ও, বিচিত্রঘোটকারোহী স্বকীয় যোদ্ধাদিগকে বলিলেন—॥৩০॥

'যাহাতে অনুচর ও বাহনগণের সহিত দুর্য্যোধনের এই সমস্ত যোদ্ধাকেই যুদ্ধে বধ করা যায়, আপনারা সেইরূপ কৌশল অবলম্বন করুন' ॥৩১॥

(৩০)…যোধান্ বিচিত্রবরণায়ুধান্—পি বা।

বাঢ়মিত্যেবমুক্ত্বা তে সর্বে যোধা ইরাবতঃ।
জঘ্নুস্তেষাং বলানীকং দুর্জয়ং সমরে পরৈঃ ॥৩২॥
তদনীকমনীকেন সমরে বীক্ষ্য পাতিতম্।
অমৃষ্যমাণাস্তে সর্বে সুবলস্যাত্মজা রণে।
ইরাবন্তমভিদ্রুত্য সর্বতঃ পর্য্যবারয়ন্ ॥৩৩॥
তাড়য়ন্তঃ শিতৈঃ প্রাসৈশ্চোদয়ন্তঃ পরস্পরম্।
তে শূরাঃ পর্য্যধাবন্ত কুর্বন্তো মহদাকুলম্ ॥৩৪॥
ইরাবানথ নির্ভিন্নঃ প্রাসৈস্তীক্ষ্ণৈর্মহাত্মভিঃ।
স্রবতা রুধিরেণাক্তস্তোত্রৈর্বিদ্ধ ইব দ্বিপঃ ॥৩৫॥
উরস্যপি চ পৃষ্ঠে চ পার্শ্বয়োশ্চ ভৃশাহতঃ।
একো বহুভিরত্যর্থং ধৈর্য্যাদ্রাজন্! ন বিব্যথে ॥৩৬॥

ভারতকৌমুদী

বাঢ়মিতি। "ভৃশপ্রতিজ্ঞয়োর্বাঢ়ম্" ইত্যমরঃ। বলানীকং যোদ্ধৃসৈন্যম্ ॥৩২॥
তদিতি। অমৃষ্যমাণা অসহমানাঃ। পর্য্যবারয়ন্ পর্য্যবেষ্টয়ন্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৩॥
তাড়য়ন্ত ইতি। চোদয়ন্তঃ প্রেরয়ন্তঃ। পাণ্ডবসৈন্যং মহদাকুলং কুর্বন্তঃ ॥৩৪॥
ইরাবানিতি। নির্ভিন্নো বিদীর্ণদেহঃ। তোত্রৈরঙ্কুশৈঃ, দ্বিপো হস্তী ॥৩৫॥
উরসীতি। উরসি বক্ষসি। এক ইরাবান্ ॥৩৬॥

'তাহাই হইবে' এইরূপ বলিয়া ইরাবানের সেই যোদ্ধারা সকলে, যুদ্ধে পরের দুর্জয় সেই গান্ধারসৈন্যগণকে বধ করিল ॥৩২॥

গান্ধারসৈন্য বিপক্ষসৈন্যকর্ত্তৃক যুদ্ধে নিপাতিত হইল দেখিয়া সেই সুবল-পুত্রেরা সকলে সহ্য করিতে না পারিয়া দ্রুত যাইয়া সমরাঙ্গনে সকল দিক্ হইতে ইরাবান্‌কে বেষ্টন করিলেন ॥৩৩॥

সেই বীরেরা সুতীক্ষ্ণ প্রাসদ্বারা তাড়ন, পরস্পর প্রেরণ এবং পাণ্ডবসৈন্য-দিগকে অত্যন্ত আকুল করিতে থাকিয়া তখন ধাবিত হইলেন ॥৩৪॥

তাহার পর অঙ্কুশবিদ্ধ হস্তীর ন্যায় ইরাবান্, মহাশক্তিশালী সুবলপুত্রগণের তীক্ষ্ণ প্রাসের আঘাতে বিদীর্ণ ও রক্তাক্তদেহ হইলেন ॥৩৫॥

রাজা! তখন এক ইরাবান্ বক্ষে, পৃষ্ঠে এবং দুই পার্শ্বে বহুলোককর্ত্তৃক অত্যন্ত আহত হইয়াও ধৈর্য্যবশতঃ বিচলিত হইলেন না ॥৩৬॥

(৩৫) ইরাবানপি নির্বিদ্ধঃ···পি বা।

ইরাবানথ সংক্রুদ্ধঃ সর্বাংস্তান্ নিশিতৈঃ শরৈঃ।
মোহয়ামাস সমরে বিদ্ধা পরপুরঞ্জয়ঃ ॥৩৭॥
প্রাসানুৎকৃষ্য তরসা স্বশরীরাদরিন্দমঃ।
তৈরেব তাড়য়ামাস সুবলস্যাত্মজান্ রণে ॥৩৮॥
বিকৃষ্য চ শিতং খড়্গং গৃহীত্বা চ শরাবরম্।
পদাতির্দ্রুতমাগচ্ছজ্জিঘাংসুঃ সৌবলান্ যুধি ॥৩৯॥
ততঃ প্রত্যাগতপ্রাণাঃ সর্বে তে সুবলাত্মজাঃ।
ভূয়ঃ ক্রোধসমাবিষ্টা ইরাবন্তমথাদ্রবন্ ॥৪০॥
ইরাবানপি খড়্গেন দর্শয়ন্ পাণিলাঘবম্।
অভ্যবর্ত্তত তান্ সর্বান্ সৌবলান্ বলদর্পিতঃ ॥৪১॥
লাঘবেনাথ চরতঃ সর্বে তে সুবলাত্মজাঃ।
অন্তরং নাভ্যগচ্ছন্ত চরন্তঃ শীঘ্রগৈর্হয়ৈঃ ॥৪২॥

ভারতকৌমুদী

ইরাবানিতি। মোহয়ামাস মূর্চ্ছাং প্রাপয়ামাস ॥৩৭॥
প্রাসানিতি। প্রাসান্ কুন্তান্, উৎকৃষ্য উত্তোল্য, তরসা বেগেন। তৈঃ প্রাসৈঃ ॥৩৮॥
বিকৃষ্যেতি। বিকৃষ্য কোষাদাকৃষ্য। শরাবরং বর্ম্ম। পদাতিঃ পাদচারী সন্ ॥৩৯॥
তত ইতি। প্রত্যাগতপ্রাণাঃ পুনরাগতচৈতন্যাঃ ॥৪০॥
ইরাবানিতি। পাণিলাঘবং দক্ষিণহস্তস্য দ্রুতাস্ত্রসঞ্চালননৈপুণ্যম্ ॥৪১॥

তাহার পর শত্রুনগরবিজয়ী ইরাবান্ অত্যন্তক্রুদ্ধ হইয়া তীক্ষ্ণবাণসমূহদ্বারা যুদ্ধে বিদ্ধ করিয়া সকল সুবলপুত্রকেই মূর্চ্ছিত করিয়া ফেলিলেন ॥৩৭॥

সেই অবসরে শত্রুদমনকারী ইরাবান্ সত্বর আপন শরীর হইতে কুন্ত সকল উত্তোলন করিয়া সেইগুলিদ্বারাই যুদ্ধে সুবলপুত্রগণকে বিদ্ধ করিলেন ॥৩৮॥

এবং তিনি পুনরায় বর্ম্মধারণপূর্ব্বক কোষ হইতে তীক্ষ্ণ তরবারি নিষ্কাশিত করিয়া যুদ্ধে সুবলপুত্রগণকে বধ করিবার ইচ্ছায় পাদচারে দ্রুত তাঁহাদের নিকটে যাইতে লাগিলেন ॥৩৯॥

তদনন্তর চৈতন্য ফিরিয়া আসিলে, সেই সুবলপুত্রেরা সকলে ক্রোধাবিষ্ট হইয়া পুনরায় ইরাবানের দিকে ধাবিত হইলেন ॥৪০॥

বলদর্পিত ইরাবান্ও তরবারিচালনদ্বারা হস্তলাঘব দেখাইতে থাকিয়া সেই সমস্ত সুবলপুত্রের প্রতি চলিলেন ॥৪১॥

(৩৭) ইরাবানপি সংক্রুদ্ধঃ···রা নি। (৩৮) প্রাসাহুৎকৃষ্য সর্ব্বাংশ্চ···পি বা। (৩৯) নিকৃষ্য চ শিতম্···পি বা। (৪০)···ইরাবন্তমভিদ্রুতাঃ—রা নি।

ভূয়িষ্ঠমথ তং সংখ্যে সংপ্রদৃশ্য ততঃ পুনঃ।
পরিবার্য্য ভৃশং সর্বে গ্রহীতুমুপচক্রমুঃ ॥৪৩॥
অথাভ্যাসগতানাং স খড়্গেনামিত্রকর্শনঃ।
অসিহস্তোঽস্ত্রহস্তানাং তেষাং গাত্রাণ্যকৃন্তত ॥৪৪॥
আয়ুধানি চ সর্বেষাং বাহূনপি চ ভূষিতান্।
অপতন্ত নিকৃত্তাঙ্গা গতা ভূমিং গতাসবঃ ॥৪৫॥ (যুগ্মকম্)
বৃষকস্তু মহারাজ! বহুধা বিপরিক্ষতঃ।
অমুচ্যত মহারৌদ্রাত্তস্মাদ্বীরাবকর্ত্তনাৎ ॥৪৬॥
তান্ সর্বান্ পতিতান্ দৃষ্ট্বা সুতো দুর্য্যোধনস্তব।
অভ্যভাষত সংক্রুদ্ধো রাক্ষসং ঘোরদর্শনম্ ॥৪৭॥

ভারতকৌমুদী

লাঘবেনেতি। লাঘবেন ত্বরয়া, চরত ইরাবতঃ। অন্তরং প্রহারাবসরম্ ॥৪২॥

ভূয়িষ্ঠমিতি। ভূয়িষ্ঠং বহুলম্, তমিরাবন্তম্। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥৪৩॥

অথেতি। অভ্যাসগতানাং নিকটবর্ত্তিনাম্। অমিত্রকর্শনঃ শত্রুহন্তা। অকৃন্তত অচ্ছিনৎ। নিকৃত্তাঙ্গাশ্ছিন্নগাত্রাঃ, গতাসবো নির্গতপ্রাণাশ্চ সন্তো ভূমিং গতাঃ ॥৪৪—৪৫॥

বৃষক ইতি। বৃষকস্তেষাং সৌবলানামন্যতমঃ। বীরাবকর্ত্তনাৎ বীরধ্বংসনাদ্যুদ্ধাৎ ॥৪৬॥

ভারতভাবদীপঃ

বর্ত্তমান ইতি ॥১—২॥ বাজিনাং বেগবতাং বাজিনামশ্বানাং বহুভির্গণৈঃ পরিবারয়ন্নিতি গণশব্দাধ্যাহারেণ দ্বয়োঃ সম্বন্ধঃ ॥৩—৫॥ পাণ্ডবস্যার্জুনস্য সুত ইরাবান্ ॥৬॥ নাগরাজস্য ঐরাবতস্য ॥৭—৯॥ পিতৃব্যেণ অশ্বসেনেন ॥১০—১৬॥ সাহ্যং সাহায্যম্ ॥১৭—৪৪॥ অসি-

তৎপরে ইরাবান্ দ্রুত বিচরণ করিতে লাগিলে, সেই সুবলপুত্রেরা সকলে দ্রুতগামী অশ্বে বিচরণ করিতে থাকিয়াও তাঁহাকে প্রহার করিবার অবসর পাইলেন না ॥৪২॥

তাহার পর সুবলপুত্রেরা সকলে বার বার ইরাবানের প্রতি দৃষ্টিপাত করিয়া সমরাঙ্গনে পুনরায় পরিবেষ্টনপূর্ব্বক তাঁহাকে ধরিবার উপক্রম করিলেন ॥৪৩॥

ক্রমে অস্ত্রধারী সুবলপুত্রেরা নিকটবর্ত্তী হইলে, তরবারিহস্ত শত্রুহন্তা ইরাবান্ তাঁহাদের সকলের দেহ, অস্ত্র ও অলঙ্কৃত বাহু ছেদন করিলেন। তখন তাঁহারা ছিন্নদেহ ও প্রাণহীন হইয়া ভূতলে পতিত হইলেন ॥৪৪—৪৫॥

মহারাজ! তাঁহাদের মধ্যে বৃষক বহুভাবে ক্ষতবিক্ষত হইয়া মহাভয়ঙ্কর ও বীরনাশক সেই যুদ্ধ হইতে কোনপ্রকারে মুক্ত হইলেন ॥৪৬॥

(৪৪)···অসিহস্তাপহস্তাভ্যাম্···পি রা,· ·অসিহস্তাশ্চাপহস্তা···বা। (৪৫)···বাহুনপি বিভূষিতান্···মৃতা ভূমৌ গতাসবঃ—রা নি। (৪৬) বৃষভস্তু···বহুধা পরিবিক্ষতঃ···পি, বৃষভস্তু···পরিরক্ষিতঃ···বা। (৪৭)···ভীতো দুর্য্যোধনস্ততঃ। অভ্যধাবত সংক্রুদ্ধঃ···রা নি।

আর্য্যশৃঙ্গিং মহেষ্বাসং মায়াবিনমরিন্দমম্।
বৈরিণং ভীমসেনস্য পূর্বং বকবধেন বৈ ॥৪৮॥ (যুগ্মকম্)
পশ্য বীর! যথা হ্যেষ ফাল্গুনস্য সুতো বলী।
মায়াবী বিপ্রিয়ং ঘোরমকার্ষীন্মে বলক্ষয়ম্ ॥৪৯॥
ত্বঞ্চ কামগমস্তাত! মায়াস্ত্রে চ বিশারদঃ।
কৃতবৈরশ্চ পার্থেন তস্মাদেনং রণে জহি ॥৫০॥
বাঢ়মিত্যেবমুক্ত্বা তু রাক্ষসো ঘোরদর্শনঃ।
প্রযযৌ সিংহনাদেন যত্রার্জ্জুনসুতোঽভবৎ ॥৫১॥
স যোধৈর্যুদ্ধকুশলৈর্বিমলপ্রাসযোধিভিঃ।
বীরৈঃ প্রহারিভির্যুক্তৈঃ স্বৈরনীকৈঃ সমাবৃতঃ ॥৫২॥
হতশেষৈর্মহারাজ! দ্বিসাহস্রৈর্হয়োত্তমৈঃ।
নিহন্তুকামঃ সমরে ইরাবন্তং মহাবলম্ ॥৫৩॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

তানিতি। ঘোরদর্শনমুগ্রমূর্ত্তিম্। ঋষ্যশৃঙ্গস্যাপত্যমিতি আর্য্যশৃঙ্গিস্তমসম্বুধম্ ॥৪৭—৪৮॥
পশ্যেতি। ফাল্গুনস্য অর্জ্জুনস্য। বিপ্রিয়মপ্রিয়ম্ ॥৪৯॥
ত্বমিতি। কামগম ইচ্ছানুসারেণ গমনসমর্থঃ। পার্থেন ভীমেন কৃতবৈরো বকবধাৎ ॥৫০॥
বাঢ়মিতি। অর্জ্জুনসুত ইরাবান্, অভবৎ অতিষ্ঠৎ। স্বৈস্তদ্বীরসম্বন্ধিভিরনীকৈর্যুক্তৈঃ। হয়োত্তমৈঃ কৌরবীয়ৈরশ্বশ্রেষ্ঠৈশ্চ সমাবৃত ইতি সম্বন্ধঃ ॥৫১—৫৩॥

তখন আপনার পুত্র দুর্য্যোধন তাঁহাদের সকলকে পতিত দেখিয়া অত্যন্তক্রুদ্ধ হইয়া ভীষণমূর্ত্তি, মহাধনুর্দ্ধর, মায়াবী, শত্রুহন্তা এবং বকরাক্ষসকে বধ করায় ভীমসেনের পূর্ববৈরী রাক্ষস অলম্বুষকে বলিলেন—॥৪৭—৪৮॥

'বীর! তুমি দর্শন কর যে, বলবান্ ও মায়াবী অর্জ্জুনের এই পুত্রটা আমার ভয়ঙ্কর অপ্রিয়কার্য্য ও সৈন্যক্ষয় করিল ॥৪৯॥

বৎস! এদিকে তুমিও কামগামী, মায়াতে ও অস্ত্রে বিশারদ এবং ভীম পূর্বে তোমার বৈরাচরণ করিয়াছে। অতএব যুদ্ধে তুমি ইহাকে বধ কর' ॥৫০॥

'তাহাই হইবে' এই কথা বলিয়া সেই ভীষণাকৃতি রাক্ষস সিংহনাদ করিতে করিতে—যেখানে ইরাবান্ ছিলেন, সেই দিকে চলিল; তখন নির্ম্মলপ্রাস-যোধী, যুদ্ধনিপুণ ও দারুণপ্রহারকারী বীরযোদ্ধারা আসিয়া তাহাকে পরিবেষ্টন করিল; সেই সময়ে সেই বীরগণের আপন আপন সৈন্যেরাও তাহাদের সঙ্গে ছিল। মহারাজ! তৎকালে হতাবশিষ্ট দুই সহস্র উত্তম অশ্বারোহীও তাহাকে

(৪৯)··· মায়াবী বিপ্রিয়ং কর্ত্তুমকার্ষীৎ···রা নি। (৫১)···যত্রার্জ্জুনসুতো যুধা—রা নি।

ইরাবানপি সংক্রুদ্ধস্ত্বরমাণঃ পরাক্রমী।
হন্তুকামমমিত্রঘ্নো রাক্ষসং প্রত্যবারয়ৎ ॥৫৪॥
তমাপতন্তং সংপ্রেক্ষ্য রাক্ষসঃ সুমহাবলঃ।
ত্বরমাণস্ততো মায়াং প্রয়োক্তুমুপচক্রমে ॥৫৫॥
তেন মায়াময়াঃ সৃষ্টা হয়াস্তাবন্ত এব হি।
আরূঢ়া রাক্ষসৈর্ঘোরৈঃ শূলপট্টিশধারিভিঃ ॥৫৬॥
তে সংরব্ধাঃ সমাগম্য দ্বিসাহস্রাঃ প্রহারিণঃ।
অচিরাদ্‌গময়ামাসুঃ প্রেতলোকং পরস্পরম্ ॥৫৭॥
তস্মিংস্তু নিহতে সৈন্যে তাবুভৌ যুদ্ধদুর্ম্মদৌ।
সংগ্রামে সমতিষ্ঠেতাং যথা বৈ বৃত্রবাসবৌ ॥৫৮॥

ভারতকৌমুদী

ইরাবানিতি। অমিত্রঘ্নঃ শত্রুহন্তা, রাক্ষসম্ আর্য্যশৃঙ্গিম্ ॥৫৪॥
তমিতি। তম্ ইরাবন্তম্, আপতন্তং বারয়িতুমাগচ্ছন্তম্ ॥৫৫॥
তেনেতি। তাবন্ত ইরাবদশ্বসমসংখ্যকাঃ ॥৫৬॥
ত ইতি। সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ ॥৫৭॥
তস্মিন্নিতি। বৃত্রবাসবৌ বৃত্রাসুরদেবরাজৌ ॥৫৮॥

পরিবেষ্টন করিয়াছিল। এই অবস্থায় সেই রাক্ষস যুদ্ধে মহাবল ইরাবান্‌কে বধ করিবার ইচ্ছা করিল ॥৫১—৫৩॥

তখন পরাক্রমশালী ও শত্রুহন্তা ইরাবান্‌ও ক্রুদ্ধ ও ত্বরান্বিত হইয়া সেই জিঘাংসু রাক্ষসকে বারণ করিতে লাগিলেন ॥৫৪॥

তাঁহাকে আসিতে দেখিয়া মহাবল রাক্ষস সত্বর মায়া প্রয়োগ করিবার উপক্রম করিল ॥৫৫॥

ইরাবানের যতগুলি অশ্ব ছিল, রাক্ষস ততগুলি মায়াময় অশ্ব সৃষ্টি করিল এবং সেগুলির উপরে শূল ও পট্টিশধারী ভয়ঙ্কর রাক্ষসেরা আরূঢ় থাকিল ॥৫৬॥

দারুণপ্রহারকারী সেই দুই সহস্র অশ্বারোহী সৈন্য ক্রুদ্ধ হইয়া আসিয়া অচিরকালমধ্যে পরস্পরকে যমলোকে প্রেরণ করিল ॥৫৭॥

সেই উভয় সৈন্যই নিহত হইলে, সেই যুদ্ধদুর্দ্ধর্ষ দুই জনই বৃত্রাসুর ও ইন্দ্রের ন্যায় সমরাঙ্গনে অবস্থান করিতে লাগিলেন ॥৫৮॥

(৫৬)···আরূঢ়ৈঃ···পট্টিশপাণিভিঃ—পি,···স্বারূঢ়াঃ···পট্টসধারিভিঃ—নি।

আদ্রবন্তমভিপ্রেক্ষ্য রাক্ষসং যুদ্ধদুর্ম্মদম্।
ইরাবানথ সংরব্ধঃ প্রত্যধাবন্মহাবলঃ ॥৫৯॥
সমভ্যাসগতস্যাজৌ তস্য খড়্গেন দুর্ম্মদঃ।
চিচ্ছেদ কার্ম্মুকং দীপ্তং শরাবাপঞ্চ কঞ্চুকম্ ॥৬০॥
স নিকৃত্তং ধনুর্দৃষ্ট্বা খং জবেন সমাবিশৎ।
ইরাবন্তমভিক্রুদ্ধং মোহয়ন্নিব মায়য়া ॥৬১॥
ততোঽন্তরীক্ষমুৎপত্য ইরাবানপি রাক্ষসম্।
বিমোহয়িত্বা মায়াভিস্তস্য গাত্রাণি সায়কৈঃ।
চিচ্ছেদ সর্বমর্ম্মজ্ঞঃ কামরূপো দুরাসদঃ ॥৬২॥
তথা স রাক্ষসশ্রেষ্ঠঃ শরৈঃ কৃত্তঃ পুনঃ পুনঃ।
সংবভূব মহারাজ! সমবাপ চ যৌবনম্ ॥৬৩॥

ভারতকৌমুদী

আদ্রবন্তমিতি। আদ্রবন্তং দ্রুতমাগচ্ছন্তম্। সংরব্ধঃ ক্রুদ্ধঃ ॥৫৯॥

সমিতি। সমভ্যাসগতস্য অতীবাসন্নস্য। শরাবাপং কঞ্চুকং হস্তাবাপরূপমাবরণম্ ॥৬০॥

স ইতি। নিকৃত্তং ছিন্নম্, খমাকাশম্, জবেন বেগেন ॥৬১॥

তত ইতি। উৎপত্য নাগত্বেন মায়াবিত্বাৎ। সর্বমর্ম্মজ্ঞঃ সকলচাতুরীবিৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬২॥

তৎপরে যুদ্ধদুর্দ্ধর্ষ রাক্ষসকে আসিতে দেখিয়া মহাবল ইরাবান্‌ও ক্রুদ্ধ হইয়া তাহার দিকে ধাবিত হইলেন ॥৫৯॥

রাক্ষস যুদ্ধে নিকটবর্ত্তী হইলে, দুর্দ্ধর্ষ ইরাবান্ তরবারিদ্বারা তাহার ধনু এবং উজ্জ্বল হস্তাবাপ ছেদন করিলেন, (হস্তাবাপ—ধনুর গুণের আঘাত নিবারণ করিবার জন্য হস্তধৃত চর্ম্মনির্ম্মিত আবরণ) ॥৬০॥

ধনু ছিন্ন হইল দেখিয়া রাক্ষস মায়াদ্বারা ক্রুদ্ধ ইরাবান্‌কে মুগ্ধ করতই যেন বেগে আকাশে উঠিল ॥৬১॥

তাহার পর রাক্ষসের সমস্তচাতুরীবিৎ, কামরূপী ও দুর্দ্ধর্ষ ইরাবান্‌ও আকাশে উঠিয়া আপন মায়াদ্বারা রাক্ষসকে মোহিত করিয়া বাণদ্বারা তাহার সমস্ত অঙ্গ ছেদন করিলেন ॥৬২॥

মহারাজ! সেই রাক্ষসশ্রেষ্ঠ অলম্বুষ বাণদ্বারা সেইভাবে বার বার ছিন্ন হইয়াও জন্মিতে লাগিল এবং যৌবন লাভ করিতে থাকিল! ॥৬৩॥

(৫৯) প্রাদ্রবন্তম্…পি বা। (৬০)…শরাবাপঞ্চ পঞ্চধা—পি বা। (৬১)…মোহয়ন্ মায়য়া তদা—পি বা।

মায়া হি সহজা তেষাং বয়ো রূপঞ্চ কামজম্ ।
এবং তদ্রাক্ষসস্যাঙ্গং ছিন্নং ছিন্নমজায়ত ॥৬৪॥
ইরাবানপি সংক্রুদ্ধো রাক্ষসং তং মহাবলম্ ।
পরশ্বধেন তীক্ষ্ণেন চিচ্ছেদ চ পুনঃ পুনঃ ॥৬৫॥
স তেন বলিনা বীরশ্ছিদ্যমান ইব দ্রুমঃ ।
রাক্ষসো ব্যনদদ্‌ঘোরং স শব্দস্তুমুলোঽভবৎ ॥৬৬॥
পরশ্বধক্ষতং রক্ষঃ সুস্রাব বহু শোণিতম্ ।
ততশ্চুক্রোধ বলবাংশ্চক্রে বেগঞ্চ সংযুগে ॥৬৭॥
আর্য্যশৃঙ্গিস্ততো দৃষ্ট্বা সমরে শত্রুমূর্জিতম্ ।
কৃত্বা ঘোরং মহদ্রূপং গ্রহীতুমুপচক্রমে ॥৬৮॥
অর্জ্জুনস্য সুতং বীরমিরাবন্তং যশস্বিনম্ ।
সংগ্রামশিরসো মধ্যে সর্বেষাং তত্র পশ্যতাম্ ॥৬৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তথেতি। কৃত্তশ্ছিন্নঃ। সংবভূব জায়তে স্ম, সমবাপ প্রাপ ।৬৩॥
মায়েতি। তেষাং রাক্ষসানাম্। এবমনেন হেতুনা ।৬৪॥
ইরাবানিতি। পরশ্বধেন পরশুনা, চিচ্ছেদ আজঘানেত্যর্থঃ ।৬৫॥
স ইতি। তেন ইরাবতা। তুমুলো মহান্ ॥৬৬॥
পরশ্বধেতি। রক্ষো রাক্ষসঃ, সুস্রাব দেহান্নিঃসারয়ামাস ॥৬৭॥
আর্য্যেতি। উর্জিতং ক্রমশো বর্দ্ধমানম্। যশস্বিনং শৌর্য্যাতিরেকাৎ ।৬৮—৬৯॥

কারণ, রাক্ষসদের মায়া স্বাভাবিক এবং বয়স বা রূপও কামজ। এই কারণে সেই রাক্ষসের অঙ্গ বার বার ছিন্ন হইয়াও বার বারই জন্মিতে লাগিল ॥৬৪॥

ইরাবান্‌ও অত্যন্তক্রুদ্ধ হইয়া তীক্ষ্ণ পরশুদ্বারা বার বার সেই মহাবল রাক্ষসকে আঘাত করিতে লাগিলেন ॥৬৫॥

বলবান্ ইরাবান্ বৃক্ষের ন্যায় রাক্ষসকে আঘাত করিতে থাকিলে, বীর রাক্ষস ভয়ঙ্কর গর্জন করিতে থাকিল; তখন সেই শব্দ তুমুল হইয়া প্রকাশ পাইতে লাগিল ॥৬৬॥

পরশুক্ষত রাক্ষসের দেহ হইতে বহুতর রক্ত নিঃসৃত হইতে থাকিল। তখন প্রবল রাক্ষস ক্রুদ্ধ হইল এবং যুদ্ধের দিকে বিশেষ বেগ করিল ॥৬৭॥

তাহার পর অলম্বুষ ইরাবান্‌কে ক্রমে বৃদ্ধি পাইতে দেখিয়া নিজের ভীষণ

(৬৪)···ছিন্নং ছিন্নং বারোহত—রা নি। (৬৭)···সুস্রাব রুধিরং বহু···পি বা। (৬৮) আর্য্যশৃঙ্গিস্তদা দৃষ্টা···পি আর্য্যশৃঙ্গিস্তথা দৃষ্টা···বা।

তাং দৃষ্ট্বা তাদৃশীং মায়াং রাক্ষসস্য দুরাত্মনঃ।
ইরাবানপি সংক্রুদ্ধো মায়াং স্রষ্টুং প্রচক্রমে ॥৭০॥
তস্য ক্রোধাভিভূতস্য সমরেষ্বনিবর্ত্তিনঃ।
যোঽন্বয়ো মাতৃকস্তস্য স এনমভিপেদিবান্ ॥৭১॥
স নাগৈর্বহুভী রাজন্! সর্বতঃ সংবৃতো রণে।
দধার সুমহদ্রূপমনন্ত ইব ভোগবান্।
ততো বহুবিধৈর্নাগৈশ্ছাদয়ামাস রাক্ষসম্ ॥৭২॥
ছাদ্যমানস্তু নাগৈঃ স ধ্যাত্বা রাক্ষসপুঙ্গবঃ।
সৌপর্ণং রূপমাস্থায় ভক্ষয়ামাস পন্নগান্ ॥৭৩॥
মায়য়া ভক্ষিতে তস্মিন্নন্বয়ে তস্য মাতৃকে।
বিমোহিতমিরাবন্তং ন্যহনদ্রাক্ষসোঽসিনা ॥৭৪॥

ভারতকৌমুদী

তামিতি। তাদৃশীং রূপবৃদ্ধিকরীম্ ॥৭০॥

তস্যেতি। অন্বয়ো বংশঃ, মাতৃকো মাতৃসম্বন্ধী। অভিপেদিবান্ প্রাপ্তবান্ ॥৭১॥

স ইতি। ভোগবান্ বৃহচ্ছরীরঃ, "ভোগঃ সুখে স্ত্র্যাদিভূতাবহেশ্চ ফণকায়য়োঃ" ইত্যমরঃ। নাগৈরিরাবতো মাতৃপক্ষীয়ৈঃ, রাক্ষসমার্ষ্যাশৃঙ্গিম্। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৭২॥

ছাদ্যেতি। সৌপর্ণং গারুড়ম্, আস্থায় ধৃত্বা, পন্নগান্ ইরাবন্মাতৃপক্ষীয়ান্ ॥৭৩॥

ও বিশাল মূর্ত্তি করিয়া যুদ্ধমধ্যে সকলের সমক্ষে অর্জ্জুনের পুত্র বীর ও যশস্বী ইরাবান্‌কে ধরিবার উপক্রম করিল ॥৬৮—৬৯॥

দুরাত্মা রাক্ষসের সেইরূপ সেই মায়া দেখিয়া ইরাবান্‌ও ক্রুদ্ধ হইয়া মায়া-সৃষ্টি করিবার উপক্রম করিলেন ॥৭০॥

যুদ্ধে অনিবর্ত্তী ইরাবান্ ক্রোধে অধীর হইয়া পড়িলে, তাঁহার যে মাতৃবংশ ছিল, তাহা উহার নিকট উপস্থিত হইল ॥৭১॥

রাজা! তাহার পর ইরাবান্ সমরাঙ্গনে বহুতরনাগকর্ত্তৃক সকল দিকে বেষ্টিত হইয়া বিশালশরীর অনন্তনাগের ন্যায় অতিবৃহৎ মূর্ত্তি ধারণ করিলেন এবং নানাবিধ নাগদ্বারা রাক্ষসকে আবৃত করিলেন ॥৭২॥

রাক্ষসশ্রেষ্ঠ অলম্বুষ নাগসমূহকর্ত্তৃক আবৃত হইতে থাকিয়া একটু চিন্তা করিয়া গরুড়মূর্ত্তি ধারণপূর্ব্বক সেই নাগসমূহকে ভক্ষণ করিল ॥৭৩॥

(৭০)···রাক্ষসস্য মহাত্মনঃ···পি। (৭১)··সংযুগেষ্বনিবর্ত্তিনঃ···পি বা। (৭২)···ইরাবান্ সংবৃতো রণে···রা নি।

সকুণ্ডলং সমুকুটং পদ্মেন্দুসদৃশপ্রভম্ ।
ইরাবতঃ শিরো রক্ষঃ পাতয়ামাস ভূতলে ॥৭৫॥
তস্মিংস্তু নিহতে বীরে রাক্ষসেনার্জ্জুনাত্মজে ।
বিশোকাঃ সমপদ্যন্ত ধার্ত্তরাষ্ট্রাঃ সরাজকাঃ ॥৭৬॥
তস্মিন্ মহতি সংগ্রামে তাদৃশে ভৈরবে পুনঃ ।
মহাব্যতিকরো ঘোরঃ সেনয়োঃ সমপদ্যত ॥৭৭॥
গজা হয়াঃ পদাতাশ্চ বিমিশ্রা দন্তিভির্হতাঃ ।
রথাশ্বা দন্তিনশ্চৈব পত্তিভিস্তত্র সূদিতাঃ ॥৭৮॥
তথা পত্তিরথৌঘাশ্চ হয়াশ্চ বহবো রণে ।
রথিভির্নিহতা রাজন্ ! তব তেষাঞ্চ সঙ্কুলে ॥৭৯॥

ভারতকৌমুদী

মায়য়েতি। অন্বয়ে বংশে। স্তহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ ॥৭৪॥
সকুণ্ডলমিতি। ইন্দুশ্চন্দ্রঃ। রক্ষো রাক্ষস আর্ষাশৃঙ্গিঃ ॥৭৫॥
তস্মিন্নিতি। বিশোকাঃ স্বসৈন্যবিনাশজনিতশোকহীনাঃ, সমপদ্যন্ত সমজায়ন্ত ॥৭৬॥
তস্মিন্নিতি। ভৈরবে ভীষণে। মহাব্যতিকরঃ অতীবসংঘর্ষঃ ॥৭৭॥
গজা ইতি। পদাতাঃ পদাতয়ঃ, বিমিশ্রা মিলিতা অপি। পত্তিভিঃ পদাতিভিঃ ॥৭৮॥
তথেতি। সঙ্কুলে রণে ইতি সম্বন্ধঃ ॥৭৯॥

মায়াদ্বারা ইরাবানের সেই মাতৃবংশীয় নাগসমূহ ভক্ষিত হইলে, ইরাবান্ মোহিত হইয়া পড়িলেন, তখন রাক্ষস তরবারিদ্বারা তাঁহাকে বধ করিল ॥৭৪॥

চন্দ্র ও পদ্মের তুল্য সুন্দর এবং কুণ্ডল ও মুকুটযুক্ত ইরাবানের সেই মস্তকটীকে রাক্ষস ভূতলে পাতিত করিল ॥৭৫॥

রাক্ষস অর্জ্জুনের পুত্র বীর ইরাবান্‌কে বধ করিলে, স্বপক্ষীয় রাজাদের সহিত ধার্ত্তরাষ্ট্রেরা শোকবিহীন হইলেন ॥৭৬॥

পরে সেইরূপ ভয়ঙ্কর মহাযুদ্ধে পুনরায় উভয়সৈন্যের ভীষণ ও গুরুতর সংঘর্ষ উপস্থিত হইল ॥৭৭॥

হস্তী সকল পৃথক্ পৃথক্‌ভাবে হস্তী, অশ্ব ও পদাতিদিগকে এবং সম্মিলিত হস্তিপ্রভৃতিকে বধ করিতে লাগিল ; আবার পদাতিরাও রথের অশ্ব ও পদাতি-সমূহকে সংহার করিতে থাকিল ॥৭৮॥

রাজা ! সেইরূপই সেই সঙ্কুলযুদ্ধে আপনার পক্ষের ও পাণ্ডবপক্ষের রথীরা বহুতর পদাতি, রথী ও অশ্বারোহী বধ করিতে লাগিলেন ॥৭৯॥

(৭৫) সুকুণ্ডলং সুমুকুটম্…পি।

অজানন্নর্জ্জুনশ্চাপি নিহতং পুত্রমৌরসম্।
জঘান সমরে শূরান্ রাজ্ঞস্তান্ ভীষ্মরক্ষিণঃ ॥৮০॥
তথৈব তাবকা রাজন্! সৃঞ্জয়াশ্চ সহস্রশঃ।
জুহ্বতঃ সমরে প্রাণান্ নিজঘ্নুরিতরেতরম্ ॥৮১॥
মুক্তকেশা বিকবচা বিরথাশ্ছিন্নকার্ম্মুকাঃ।
বাহুভিঃ সমযুধ্যন্ত সমবেতাঃ পরস্পরম্ ॥৮২॥
তথা মর্ম্মাতিগৈর্ভীষ্মো নিজঘান মহারথান্।
কম্পয়ন্ সমরে সেনাং পাণ্ডবানাং পরন্তপঃ ॥৮৩॥
তেন যৌধিষ্ঠিরে সৈন্যে বহবো মানবা হতাঃ।
দন্তিনঃ সাদিনশ্চৈব রথিনোঽথ হয়াস্তথা ॥৮৪॥
তত্র ভারত! ভীষ্মস্য রণে দৃষ্ট্বা পরাক্রমম্।
অত্যদ্ভুতমপশ্যাম শক্রস্যেব পরাক্রমম্ ॥৮৫॥

ভারতকৌমুদী

অজানন্নিতি। অজানন্ দূরবর্ত্তিত্বাদিতি ভাবঃ ॥৮০॥
তথেতি। তাবকা যোদ্ধারঃ। জুহ্বত আহুতিরূপেণ সমর্পয়ন্তঃ ॥৮১॥
মুক্তেতি। সমযুধ্যন্ত উভয়পক্ষীয়যোদ্ধার এবেতি শেষঃ ॥৮২॥
তথেতি। মর্ম্মাতিগৈঃ বক্ষোভেদিভির্বাণৈঃ ॥৮৩॥
তেনেতি। তেন ভীষ্মেণ। সাদিনঃ অশ্বারোহিণঃ, হয়া অশ্বাশ্চ পৃথক্ ॥৮৪॥
তত্রেতি। অপশ্যাম সমভাবয়াম, শক্রস্য ইন্দ্রস্য ॥৮৫॥

অর্জ্জুনও নিজের ঔরসপুত্র ইরাবানের নিধনবৃত্তান্ত না জানিয়া ভীষ্মের রক্ষক সেই সকল বীর রাজাকে সংহার করিতে থাকিলেন ॥৮০॥

রাজা! সেইরূপই আপনার পক্ষের সহস্র সহস্র যোদ্ধা এবং সৃঞ্জয়গণ সমরানলে প্রাণ আহুতি দিতে থাকিয়া পরস্পর বধ করিতে লাগিল ॥৮১॥

উভয়পক্ষের সৈন্যেরাই মুক্তকেশ, কবচবিহীন, রথশূন্য ও ছিন্নকার্ম্মুক হওয়ায় পরস্পর মিলিত হইয়া বাহুদ্বারা যুদ্ধ করিতে থাকিল ॥৮২॥

এবং শত্রুসন্তাপক ভীষ্ম যুদ্ধে পাণ্ডবসেনাকে কম্পিত করিতে থাকিয়া মর্ম্মভেদী বাণসমূহদ্বারা মহারথগণকে সংহার করিতে লাগিলেন ॥৮৩॥

তিনি যুধিষ্ঠিরসৈন্যমধ্যে বহুতর পদাতি, হস্তী, অশ্বারোহী, রথী ও অশ্ব বধ করিলেন ॥৮৪॥

(৮৩)···পাণ্ডবানাং পরন্তপ!—পি।

CENTRAL LIBRARY

তথৈব ভীমসেনস্য পার্ষতস্য চ ভারত ! ।
রৌদ্রমাসীদ্রণে রাজন্ ! সাত্যকেশ্চৈব ধন্বিনঃ ॥৮৬॥
দৃষ্ট্বা দ্রোণস্য বিক্রান্তং পাণ্ডবান্ ভয়মাবিশৎ ।
এক এব রণে শক্তো নিহন্তুং সর্বসৈনিকান্ ॥৮৭॥
কিং পুনঃ পৃথিবীশূরৈর্যোধব্রাতৈঃ সমাবৃতঃ ।
ইত্যব্রুবন্ মহারাজ ! রণে দ্রোণেন পীড়িতাঃ ॥৮৮॥ (যুগ্মকম্)
বর্ত্তমানে তথা রৌদ্রে সংগ্রামে ভরতর্ষভ ! ।
উভয়োঃ সেনয়োঃ শূরা নামৃষ্যন্ত পরস্পরম্ ॥৮৯॥
আবিষ্টা ইব যুধ্যন্তে রক্ষোভূতৈর্মহাবলৈঃ ।
তাবকাঃ পাণ্ডবেয়াশ্চ সংরব্ধাস্তাত ! ধন্বিনঃ ॥৯০॥

ভারতকৌমুদী

তথেতি। পার্ষতস্য ধৃষ্টদ্যুম্নস্য। রৌদ্রং ভয়ঙ্করং প্রহরণমিতি শেষঃ ॥৮৬॥
দৃষ্ট্বেতি। বিক্রান্তং বিক্রমম্। যোধব্রাতৈর্যোদ্ধৃসমূহৈঃ ॥৮৭—৮৮॥
বর্ত্তমান ইতি। নামৃষ্যন্ত নাসহন্ত ॥৮৯॥
আবিষ্টা ইতি। আবিষ্টা অধিষ্ঠিতাঃ, রক্ষোভূতৈ রাক্ষসদেবযোনিবিশেষৈঃ ॥৯০॥

ভরতনন্দন ! তখন আমরা যুদ্ধে ইন্দ্রের পরাক্রমের ন্যায় ভীষ্মের পরাক্রম দেখিয়া অতি অদ্ভুত ব্যাপার মনে করিতে লাগিলাম ॥৮৫॥

ভরতনন্দন রাজা ! ধনুর্দ্ধর ভীমসেন, ধৃষ্টদ্যুম্ন এবং সাত্যকিরও সমরাঙ্গনে সেইরূপ ভয়ঙ্কর যুদ্ধই হইতে লাগিল ॥৮৬॥

দ্রোণের বিক্রম দেখিয়া পাণ্ডবগণের ভয় জন্মিল এবং দ্রোণপীড়িত যোদ্ধারা এইরূপ বলিতে লাগিলেন যে, 'এক দ্রোণই যুদ্ধে সমস্ত পাণ্ডবসৈন্য সংহার করিতে পারেন ; তাহাতে পৃথিবীর বীর যোদ্ধৃগণে পরিবেষ্টিত হইয়া যে পারিবেন, সে বিষয়ে আর বক্তব্য আছে কি' ॥৮৭—৮৮॥

ভরতশ্রেষ্ঠ ! সেইরূপ ভয়ঙ্কর যুদ্ধ চলিতে লাগিলে, উভয় সৈন্যেরই বীরেরা পরস্পর সহ্য করিলেন না ॥৮৯॥

মাননীয় রাজা ! আপনার পক্ষের এবং পাণ্ডবপক্ষের ধনুর্দ্ধরেরা ক্রুদ্ধ অবস্থায় মহাবল রাক্ষস ও ভূতগণে আবিষ্ট হইয়াই যেন যুদ্ধ করিতে লাগিলেন ॥৯০॥

---

(৮৬)…রণে যুদ্ধং সাত্যকস্য চ ধন্বিনঃ—রা নি। (৯০)…রক্ষোভূতা মহাবলাঃ—পি রা,…রক্ষোভূতৈর্মহাবলাঃ—বা।

ন স্ম পশ্যামহে কঞ্চিৎ প্রাণান্ যঃ পরিরক্ষতি।
সংগ্রামে দৈত্যসঙ্কাশে তস্মিন্ বীরবরক্ষয়ে ॥৯১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভীষ্মবধে ইরাবদ্বধে সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।
ইরাবন্তন্তু নিহতং দৃষ্ট্বা পার্থা মহারথাঃ।
কিমকুর্বত সংগ্রামে তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥১॥

ভারতকৌমুদী

নেতি। দৈত্যসঙ্কাশে দেবৈঃ সহ দৈত্যযুদ্ধতুল্যে ॥৯১॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

ইরাবন্তমিতি। পার্থাঃ পাণ্ডবাঃ। আচক্ষ্ব ব্রূহি ॥১॥

ভারতভাবদীপঃ

হস্তো দক্ষিণবাহুবিভ্রান্তচ্ছেদঃ অপহস্তো বামবাহুবিভ্রান্তচ্ছেদঃ ॥৪৫—৮৯॥ আবিষ্টাঃ গ্রহাস্থাবিষ্টাঃ ॥৯০—৯১॥
ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮৭॥

প্রধান প্রধান বীরনাশক ও দেবদানবযুদ্ধতুল্য সেই যুদ্ধে যে প্রাণ রক্ষা করিতে পারে, এমন কোন যোদ্ধাকে আমরা দেখিতে পাইলাম না' ॥৯১॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! ইরাবান্‌কে নিহত দেখিয়া মহারথ পাণ্ডবেরা সমরাঙ্গনে কি করিলেন, তাহা আমার নিকট বল' ॥১॥

---

(৯১)…দেবাসুরাভে সমরে তস্মিন্ যোধা নরাধিপ!—নি। * '…একনবতিতমোঽধ্যায়ঃ' বা,…'নবতিতমোঽধ্যায়ঃ' ব রা নি। (১)…সংগ্রামে কিমকুর্বন্ত…বা রা নি।

CENTRAL LIBRARY

সঞ্জয় উবাচ।

ইরাবন্তন্তু নিহতং সমরে বীক্ষ্য রাক্ষসঃ।
ব্যনদৎ সুমহানাদং ভৈমসেনির্ঘটোৎকচঃ ॥২॥
নদতস্তস্য শব্দেন পৃথিবী সাগরাম্বরা।
সপর্বতবনা রাজংশ্চচাল সুভৃশং তদা।
অন্তরীক্ষং দিশশ্চৈব সর্বাশ্চ প্রদিশস্তথা ॥৩॥
তং শ্রুত্বা সুমহানাদং তব সৈন্যস্য ভারত!।
উরুস্তম্ভঃ সমভবদ্বেপথুঃ স্বেদ এব চ ॥৪॥
সর্ব এব চ রাজেন্দ্র! তাবকা দীনচেতসঃ।
সর্বতঃ সমচেষ্টন্ত সিংহভীতা গজা ইব ॥৫॥
নদিত্বা সুমহানাদং নির্ঘাতমিব রাক্ষসঃ।
জ্বলিতং শূলমুদ্যম্য রূপং কৃত্বা বিভীষণম্ ॥৬॥
নানারূপপ্রহরণৈর্বৃতো রাক্ষসপুঙ্গবৈঃ।
আজগাম সুসংক্রুদ্ধঃ কালান্তকযমোপমঃ ॥৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ইরেতি। ব্যনদৎ অকরোৎ, ভৈমসেনির্ভীমসেনপুত্রঃ ॥২॥

নদত ইতি। সাগর এব অম্বরং বসনং যস্যাঃ সা সাগরবেষ্টিতেত্যর্থঃ। পর্ব্বতৈর্বনৈশ্চ [সহেতি সা। প্রদিশো বিদিশশ্চ চেলুরিব। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩॥

তমিতি। বেপথুঃ কম্পঃ, স্বেদো ঘর্ম্মশ্চ সমভবৎ, ভয়াদিত্যাশয়ঃ ॥৪॥

সর্ব্ব ইতি। দীনচেতসো ভয়েন কাতরচিত্তাঃ। সমচেষ্টন্ত ব্যসীদন্ ॥৫॥

সঞ্জয় বলিলেন—'ইরাবান্‌কে যুদ্ধে নিহত দেখিয়া ভীমসেনের পুত্র রাক্ষস ঘটোৎকচ অতিবিশাল গর্জন করিয়া উঠিল ॥২॥

রাজা! গর্জনকারী ঘটোৎকচের শব্দে পর্বত ও বনের সহিত সমুদ্রবেষ্টিত সমগ্র পৃথিবীটাই যেন তখন অত্যন্ত কম্পিত হইল; আর আকাশ এবং সমস্ত দিক্ ও বিদিক্ যেন কাঁপিতে লাগিল ॥৩॥

ভরতনন্দন! আর সেই বিশাল গর্জন শুনিয়া আপনার সৈন্যগণের উরু-স্তম্ভ, কম্প ও ঘর্ম্ম উপস্থিত হইল ॥৪॥

এবং রাজশ্রেষ্ঠ! আপনার পক্ষের সকল দিকের সকল যোদ্ধাই কাতরচিত্ত হইয়া সিংহভীত হস্তিগণের ন্যায় বিষণ্ণ হইয়া পড়িল ॥৫॥

(২)···সংগ্রামে বীক্ষ্য···বা রা নি। (৫) সর্ব এব মহারাজ!···বা ব রা নি। (৬)··· নন্দিত্বা সুমহানাদম্···রা নি। (৭)··· আজগাম সুসংক্রুদ্ধঃ··· বা রা নি।

তমাপতন্তং সংপ্রেক্ষ্য সংক্রুদ্ধং ভীমদর্শনম্।
স্ববলঞ্চ ভয়াত্তস্য প্রায়শো বিমুখীকৃতম্ ॥৮॥
ততো দুর্য্যোধনো রাজা ঘটোৎকচমুপাদ্রবৎ।
প্রগৃহ্য বিপুলং চাপং সিংহবদ্বিনদন্ মুহুঃ ॥৯॥ (যুগ্মকম্)
পৃষ্ঠতোঽনুযযৌ চৈনং স্রবদ্ভিঃ পর্বতোপমৈঃ।
কুঞ্জরৈর্দশসাহস্রৈর্বঙ্গানামধিপঃ স্বয়ম্ ॥১০॥
তমাপতন্তং সংপ্রেক্ষ্য গজানীকেন সংবৃতম্।
পুত্রং তব মহারাজ! চুকোপ স নিশাচরঃ ॥১১॥
ততঃ প্রববৃতে যুদ্ধং তুমুলং লোমহর্ষণম্।
রাক্ষসানাঞ্চ রাজেন্দ্র! দুর্য্যোধনবলস্য চ ॥১২॥

ভারতকৌমুদী

নদিত্বেতি। নদিত্বা কৃত্বা। বাতাহতবাতপাতো নির্ঘাত ইতি সপ্রমাণং প্রাগুক্তম্, অত্র তচ্ছব্দো লক্ষ্যতে। কালে মৃত্যুসময়ে অন্তকো বন্ধা যো যমঃ স উপমা যস্য সঃ ॥৬—৭॥

তমিতি। স্ববলং নিজসৈন্যম্। উপাদ্রবৎ অভ্যধাবৎ ॥৮—৯॥

পৃষ্ঠত ইতি। স্রবদ্ভির্মদং নিঃসারয়দ্ভিঃ। কুঞ্জরৈর্হস্তিভিঃ ॥১০॥

তমিতি। গজানীকেন হস্তিসৈন্যেন। পুত্রং দুর্য্যোধনম্ ॥১১॥

তত ইতি। দুর্য্যোধনস্য যদ্বলং সৈন্যং তস্য চ ॥১২॥

অত্যন্তক্রুদ্ধ ঘটোৎকচ নির্ঘাতশব্দের ন্যায় মহাগর্জন, ভয়ঙ্কর মূর্ত্তিধারণ ও উজ্জ্বল শূল উত্তোলন করিয়া, নানাবিধ রূপ ও অস্ত্রধারী রাক্ষসশ্রেষ্ঠগণে পরিবেষ্টিত হইয়া কালান্তক যমের ন্যায় আসিতে লাগিল ॥৬—৭॥

তখন অত্যন্তক্রুদ্ধ ও ভয়ঙ্করমূর্ত্তি ঘটোৎকচ আসিতেছে এবং নিজের প্রায় সৈন্যই তাহার ভয়ে বিমুখ হইতেছে ইহা দেখিয়া রাজা দুর্য্যোধন বিশাল ধনু ধারণ করিয়া বার বার সিংহনাদ করিতে থাকিয়া সেই ঘটোৎকচের দিকে ধাবিত হইলেন ॥৮—৯॥

এই সময়ে বঙ্গদেশের রাজা নিজে—মদস্রাবী ও পর্ব্বতপ্রমাণ দশ সহস্র হস্তীর সহিত তাঁহার পিছনে গমন করিলেন ॥১০॥

মহারাজ! আপনার পুত্র দুর্য্যোধন হস্তিসৈন্যে পরিবেষ্টিত হইয়া আসিতেছেন, ইহা দেখিয়া সেই রাক্ষস (ঘটোৎকচ) ক্রুদ্ধ হইল ॥১১॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর রাক্ষসগণের সহিত দুর্য্যোধনসৈন্যের তুমুল ও লোমহর্ষণ যুদ্ধ প্রবৃত্ত হইল ॥১২॥

(১২)...রোমহর্ষণম্—নি।

গজানীকঞ্চ সংপ্রেক্ষ্য মেঘবৃন্দমিবোদিতম্ ।
অভ্যধাবন্ত সংক্রুদ্ধা রাক্ষসাঃ শস্ত্রপাণয়ঃ ॥১৩॥
নদন্তো বিবিধান্ নাদান্ মেঘা ইব সবিদ্যুতঃ ।
শরশক্ত্যৃষ্টিনারাচৈর্নিঘ্নন্তো গজযোধিনঃ ॥১৪॥ (যুগ্মকম্)
ভিন্দিপালৈস্তথা শূলৈর্মুদ্গরৈঃ সপরশ্বধৈঃ ।
পর্বতাগ্রৈশ্চ বৃক্ষৈশ্চ নিজঘ্নুস্তে মহাগজান্ ॥১৫॥
ভিন্নকুম্ভান্ বিরুধিরান্ ভিন্নগাত্রাংশ্চ বারণান্ ।
অপশ্যাম মহারাজ ! বধ্যমানান্ নিশাচরৈঃ ॥১৬॥
তেষু প্রক্ষীয়মাণেষু ভগ্নেষু গজযোধিষু ।
দুর্য্যোধনো মহারাজ ! রাক্ষসান্ সমুপাদ্রবৎ ॥১৭॥
অমর্ষবশমাপন্নস্ত্যক্ত্বা জীবিতমাত্মনঃ ।
মুমোচ নিশিতান্ বাণান্ রাক্ষসেষু পরন্তপ ! ॥১৮॥

ভারতকৌমুদী

গজেতি। গজানীকং হস্তিসৈন্যম্। নদন্তঃ কুর্বন্তঃ ॥১৩—১৪॥
ভিন্দিপালৈরিতি। তে রাক্ষসাঃ, মহাগজান্ কৌরবপক্ষীয়ান্ ॥১৫॥
ভিন্নেতি। বিরুধিরান্ বিক্ষতরক্তান্, বারণান্ হস্তিনঃ। নিশাচরৈ রাক্ষসৈঃ ॥১৬॥
তেষ্বিতি। ভগ্নেষু পরাজিতেষু। সমুপাদ্রবৎ অভ্যধাবৎ ॥১৭॥
অমর্ষেতি। অমর্ষবশমাপন্নঃ ক্রোধাধীনতাং প্রাপ্তো দুর্য্যোধনঃ, জীবিতং জীবনাশাম্ ॥১৮॥

মেঘসমূহের ন্যায় উপস্থিত হস্তিসৈন্য দেখিয়া অস্ত্রধারী রাক্ষসেরা ক্রুদ্ধ হইয়া বিদ্যুৎসমন্বিত মেঘের ন্যায় নানাবিধ গর্জন করিতে থাকিয়া বাণ, শক্তি, ঋষ্টি ও নারাচদ্বারা কৌরবপক্ষীয় হস্তিযোধিগণকে বিনাশ করিতে করিতে ধাবিত হইল ॥১৩—১৪॥

রাক্ষসেরা ভিন্দিপাল, শূল, মুদ্গর, পরশু, পর্বতশৃঙ্গ ও বৃক্ষদ্বারা কুরুপক্ষীয় বিশাল হস্তিগুলিকে বধ করিতে লাগিল ॥১৫॥

মহারাজ! তখন আমরা দেখিলাম—রাক্ষসেরা আঘাত করিতে থাকায় কুরুপক্ষের হস্তিগুলির কুম্ভ বিদীর্ণ হইয়াছে, রক্ত নির্গত হইতেছে এবং দেহ ক্ষতবিক্ষত হইয়াছে ॥১৬॥

মহারাজ! সেই হস্তিযোধীরা ক্ষীণ হইয়া পরাজিত হইলে, দুর্য্যোধন রাক্ষসগণের দিকে ধাবিত হইলেন ॥১৭॥

(১৩)···মেঘবৃন্দমিবোন্নতম্···পি,···মেঘবৃন্দমিবোদ্ধতম্···বা।

জঘান চ মহেষ্বাসঃ প্রধানাংস্তত্র রাক্ষসান্।
সংক্রুদ্ধো ভরতশ্রেষ্ঠ! পুত্রো দুর্য্যোধনস্তব ॥১৯॥
বেগবন্তং মহারৌদ্রং বিদ্যুজ্জিহ্বং প্রমাথিনম্।
শরৈশ্চতুর্ভিশ্চতুরো নিজঘান মহাবলঃ ॥২০॥
ততঃ পুনরমেয়াত্মা শরবর্ষং দুরাসদম্।
মুমোচ ভরতশ্রেষ্ঠো নিশাচরবলং প্রতি ॥২১॥
তত্তু দৃষ্ট্বা মহৎ কর্ম্ম পুত্রস্য তব মারিষ!।
ক্রোধেনাভিপ্রজজ্বাল ভৈমসেনির্মহাবলঃ ॥২২॥
স বিস্ফার্য্য মহচ্চাপমিন্দ্রাশনিসমস্বনম্।
অভিদুদ্রাব বেগেন দুর্য্যোধনমরিন্দমম্ ॥২৩॥
তমাপতন্তমুদ্বীক্ষ্য কালসৃষ্টমিবান্তকম্।
ন বিব্যথে মহারাজ! পুত্রো দুর্য্যোধনস্তব ॥২৪॥

ভারতকৌমুদী

জঘানেতি। ইষূন্ বাণান্ অস্যতি ক্ষিপত্যনেনেতি ইষ্বাসো ধনুঃ স মহান্ যস্য সঃ ।১৯।
বেগেতি। চতুরো বেগবদাদিনামকান্ চতুঃসংখ্যকান্ রাক্ষসান্ ॥২০॥
তত ইতি। অমেয়াত্মা অজ্ঞেয়শক্তির্দুর্য্যোধনঃ। নিশাচরবলং রাক্ষসসৈন্যম্ ।২১॥
তদিতি। হে মারিষ! আর্য্য! মাননীয়! রাজন্! ভৈমসেনির্ঘটোৎকচঃ ॥২২॥
স ইতি। ইন্দ্রস্য অশনির্বজ্রং তস্য তৎস্বনস্য সমঃ স্বনঃ শব্দো যস্য তৎ ।২৩॥

শত্রুসন্তাপক রাজা! তিনি অত্যন্তক্রুদ্ধ হইয়া নিজের জীবনের আশা পরিত্যাগ করিয়া রাক্ষসগণের উপরে সুতীক্ষ্ণ বাণ সকল নিক্ষেপ করিতে লাগিলেন ॥১৮॥

ভরতশ্রেষ্ঠ! আপনার পুত্র মহাধনুর্দ্ধর দুর্য্যোধন তখন অত্যন্তক্রুদ্ধ হইয়া প্রধান প্রধান রাক্ষসকে বধ করিলেন ॥১৯॥

এবং মহাবল দুর্য্যোধন চারিটা বাণদ্বারা বেগবান্, মহারৌদ্র, বিদ্যুজ্জিহ্ব ও প্রমাথী এই চারি জন রাক্ষসকে বধ করিলেন ॥২০॥

তাহার পর আবার অজ্ঞেয়শক্তি ও ভরতবংশশ্রেষ্ঠ দুর্য্যোধন রাক্ষসসৈন্যের প্রতি দুর্দ্ধর্ষ বাণ বর্ষণ করিতে লাগিলেন ॥২১॥

মাননীয় রাজা! মহাবল ঘটোৎকচ আপনার পুত্রের সেই গুরুতর কার্য্য দেখিয়া ক্রোধে জ্বলিয়া উঠিল ॥২২॥

তৎপরে ঘটোৎকচ ইন্দ্রের বজ্রের তুল্য শব্দকারী বিশাল ধনু বিস্তৃত করিয়া বেগে অরিন্দম দুর্য্যোধনের অভিমুখে ধাবিত হইল ॥২৩॥

CENTRAL LIBRARY

অথৈনমব্রবীৎ ক্রুদ্ধঃ ক্রূরঃ সংরক্তলোচনঃ।
অদ্যানৃণ্যং গমিষ্যামি পিতৄণাং মাতুরেব চ ॥২৫॥
যে ত্বয়া সুনৃশংসেন দীর্ঘকালং প্রবাসিতাঃ।
যচ্চ তে পাণ্ডবা রাজন্! ছলদ্যূতে পরাজিতাঃ ॥২৬॥
যচ্চৈব দ্রৌপদী কৃষ্ণা একবস্ত্রা রজস্বলা।
সভামানীয় দুর্বুদ্ধে! বহুধা ক্লেশিতা ত্বয়া ॥২৭॥
তব চ প্রিয়কামেণ আশ্রমস্থা দুরাত্মনা।
সৈন্ধবেন পরামৃষ্টা পরিভূয় পিতৄন্ মম ॥২৮॥
এতেষামপরাধানামন্যেষাঞ্চ কুলাধম!।
অন্তমদ্য গমিষ্যামি যদি নোৎসৃজসে রণম্ ॥২৯॥ (কলাপকম্)
এবমুক্ত্বা তু হৈড়িম্বো মহদ্বিস্ফার্য্য কার্ম্মুকম্।
সন্দশ্য দশনৈরোষ্ঠং সৃক্কণী পরিসংলিহন্ ॥৩০॥

ভারতকৌমুদী

তমিতি। কালে মৃত্যুসময়ে বিধাত্রা সৃষ্টম্। ন বিবাথে নোদ্বিগ্নবান্ ॥২৪॥
অথেতি। ক্রূরো ঘটোৎকচঃ। পিতৄণাং পাণ্ডবানাম্, মাতুর্দ্রৌপদ্যাঃ ॥২৫॥
অথ কে তে পিতর ইত্যাহ য ইতি। দীর্ঘকালং দ্বাদশ বৎসরান্। কৃষ্ণা নাম্না। সৈন্ধবেন সিন্ধুরাজেন জয়দ্রথেন, যচ্চ পরামৃষ্টা গৃহীতা। অন্যেষাং বিদুরাদীনাম্ ॥২৬—২৯॥

মহারাজ! তখন কালসৃষ্ট যমের ন্যায় তাহাকে আসিতে দেখিয়াও আপনার পুত্র দুর্য্যোধন উদ্বিগ্ন হইলেন না ॥২৪॥

তদনন্তর ক্রুদ্ধ ও আরক্তনয়ন সেই রাক্ষস দুর্য্যোধনকে বলিল—'আজ আমি পিতৃগণ ও মাতৃদেবীর নিকটে অনৃণী হইব ॥২৫॥

রাজা! অতিনৃশংসস্বভাব তুমি যাঁহাদিগকে দীর্ঘকালের জন্য বনে নির্ব্বাসিত করিয়াছিলে, আবার সেই পাণ্ডবগণকে যে ছলদ্যূতে পরাজয় করিয়াছিলে, আর দুর্বুদ্ধি! তুমি—রজস্বলা ও একবস্ত্রা দ্রুপদনন্দিনী কৃষ্ণাকে সভায় আনয়ন করিয়া বহুপ্রকারে যে কষ্ট দিয়াছিলে এবং দুরাত্মা জয়দ্রথ তোমারই প্রিয়কার্য্য করিবার ইচ্ছায় আমার পিতৃগণকে অগ্রাহ্য করিয়া আশ্রমস্থিতা দ্রৌপদীকে যে গ্রহণ করিয়াছিল; কুরুকুলাধম! তুমি যদি সমরাঙ্গন পরিত্যাগ করিয়া না যাও, তবে আজ আমি ঐ সকল অপরাধ ও অন্যান্য অপরাধের শোধ লইব' ॥২৬—২৯॥

(২৫) পূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'ঘটোৎকচ উবাচ' নি। (২৭) যচ্চৈব দ্রৌপদী দেবী…পি। (২৯) এতেষামপমানানাম্…বা রা নি। (৩০)…সৃক্কিণী…বা রা নি।

শরবর্ষেণ মহতা দুর্য্যোধনমবাকিরৎ।
পর্বতং বারিধারাভিঃ প্রাবৃষীব বলাহকঃ ॥৩১॥ (যুগ্মকম্)
ততস্তদ্বাণবর্ষন্তু দুঃসহং দানবৈরপি।
দধার যুধি রাজেন্দ্রো যথা বর্ষং মহাদ্বিপঃ ॥৩২॥
ততঃ ক্রোধসমাবিষ্টো নিশ্বসন্নিব পন্নগঃ।
সংশয়ং পরমং প্রাপ্তঃ পুত্রস্তে ভরতর্ষভ! ॥৩৩॥
মুমোচ নিশিতাংস্তীক্ষ্ণান্ নারাচান্ পঞ্চবিংশতিম্।
তেঽপতন্ সহসা রাজন্! তস্মিন্ রাক্ষসপুঙ্গবে ॥৩৪॥
আশীবিষা ইব ক্রুদ্ধাঃ পর্বতে গন্ধমাদনে।
স তৈর্বিদ্ধঃ স্রবন্ রক্তং প্রভিন্ন ইব কুঞ্জরঃ ॥৩৫॥
দধ্রে মতিং বিনাশায় রাজ্ঞঃ স পিশিতাশনঃ।
জগ্রাহ চ মহাশক্তিং গিরীণামপি দারিণীম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

এবমিতি। হৈড়িম্বো ঘটোৎকচঃ। দশনৈর্দন্তৈঃ। প্রাবৃষি বর্ষাকালে ॥৩০—৩১॥
তত ইতি। রাজেন্দ্রো দুর্য্যোধনঃ। বর্ষং মেঘবৃষ্টং জলম্ ॥৩২॥
তত ইতি। সংশয়ং জীবনসন্দেহম্, প্রাপ্তো নিরন্তরশরাঘাতাৎ ॥৩৩॥
মুমোচেতি। মুমোচ দুর্য্যোধন ইতি শেষঃ। আশীবিষাঃ সর্পাঃ। প্রভিন্নো বিদীর্ণ-

এইরূপ বলিয়া হিড়িম্বানন্দন ঘটোৎকচ বিশাল ধনু বিস্ফারিত করিয়া, দন্তদ্বারা ওষ্ঠদংশন ও জিহ্বাদ্বারা ওষ্ঠদ্বয়লেহন করতঃ, বর্ষাকালে মেঘ যেমন পর্বতের উপরে জলধারা বর্ষণ করে, সেইরূপ দুর্য্যোধনের উপরে বিশাল শরবর্ষণ করিতে লাগিল—॥৩০—৩১॥

তাহার পর মহাহস্তী যেমন আপন দেহে বারিবর্ষণ ধারণ করে, সেইরূপ রাজশ্রেষ্ঠ দুর্য্যোধন যুদ্ধে দানবগণেরও দুঃসহ সেই বাণবর্ষণ শরীরে ধারণ করিতে লাগিলেন ॥৩২॥

ভরতনন্দন! তদনন্তর আপনার পুত্র দুর্য্যোধন ক্রুদ্ধ হইয়া সর্পের ন্যায় নিশ্বাস ত্যাগ করিতে থাকিয়া অত্যন্ত জীবনসংশয় প্রাপ্ত হইলেন ॥৩৩॥

রাজা! তাহার পর দুর্য্যোধন পঁচিশটা শিলাশাণিত সুতীক্ষ্ণ নারাচ নিক্ষেপ করিলেন। তখন সেই নারাচগুলি যাইয়া গন্ধমাদনপর্ব্বতের উপরে ক্রুদ্ধ সর্পের

(৩১) শ্লোকাৎ পরম্ 'দ্বিনবতিতমোঽধ্যায়ঃ' 'সঞ্জয় উবাচ' বা, '...একনবতি তমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' বা নি। (৩৬)...গিরীণামপি দারণীম্—পি।

সংপ্রদীপ্তাং মহোল্কাভামশনিং মঘবানিব।
সমুদ্যচ্ছন্ মহাবাহুর্জিঘাংসুস্তনয়ং তব ॥৩৭॥ (কলাপকম্)
তামুদ্যতামভিপ্রেক্ষ্য বঙ্গানামধিপস্ত্বরন্।
কুঞ্জরং গিরিসঙ্কাশং রাক্ষসং প্রত্যচোদয়ৎ ॥৩৮॥
স নাগপ্রবরেণাজৌ বলিনা শীঘ্রগামিনা।
যতো দুর্য্যোধনরথস্তং মার্গং প্রত্যপদ্যত ॥৩৯॥
রথঞ্চ বারয়ামাস কুঞ্জরেণ সুতস্য তে।
মার্গমাবারিতং দৃষ্ট্বা রাজ্ঞা বঙ্গেন ধীমতা ॥৪০॥
ঘটোৎকচো মহারাজ! ক্রোধসংরক্তলোচনঃ।
উদ্যতাং তাং মহাশক্তিং তস্মিংশ্চিক্ষেপ বারণে ॥৪১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

দেহঃ। রাজ্ঞো দুর্য্যোধনস্য, পিশিতাশনো মাংসভোজী। দারিণীং ভেদিনীম্। অশনিং বজ্রম্, মঘবান্ ইন্দ্রঃ। সমুদ্যচ্ছন্ সমুত্তোলয়ন্, জিঘাংসুরভবদিতি শেষঃ ॥৩৪—৩৭॥

তামিতি। কুঞ্জরং স্বকীয়ং হস্তিনম্। অচোদয়ৎ প্রৈরয়ৎ ॥৩৮॥

স ইতি। নাগপ্রবরেণ হস্তিশ্রেষ্ঠেন, আজৌ যুদ্ধে। প্রত্যপদ্যত প্রাপ্নোৎ ॥৩৯॥

রথমিতি। বারয়ামাস বঙ্গাধিপঃ। বঙ্গেন বঙ্গদেশীয়েন। বারণে হস্তিনি ॥৪০—৪১॥

ন্যায় সেই রাক্ষসশ্রেষ্ঠ ঘটোৎকচের উপরে পতিত হইল। সেই নারাচবিদ্ধ মহাবাহু রাক্ষস ঘটোৎকচ বিদীর্ণদেহ হস্তীর ন্যায় দেহ হইতে রক্ত নিঃসারণ করিতে থাকিয়া দুর্য্যোধনকে বিনাশ করিবার ইচ্ছা করিল এবং ইন্দ্র যেমন বজ্র গ্রহণ করেন, সেইরূপ মহোল্কার তুল্য উজ্জ্বল ও পর্ব্বতবিদারণসমর্থ একটা মহাশক্তি গ্রহণ করিল, ক্রমে সেই শক্তিটা উত্তোলন করিয়া আপনার পুত্রকে বধ করিবার ইচ্ছা করিল ॥৩৪—৩৭॥

এই সময়ে বঙ্গাধিপতি সেই মহাশক্তিটাকে উত্তোলিত দেখিয়া সত্বর হইয়া পর্ব্বতপ্রমাণ স্বকীয় হস্তীটাকে ঘটোৎকচের দিকে চালাইয়া দিলেন ॥৩৮॥

ক্রমে বলবান্ ও দ্রুতগামী সেই হস্তিশ্রেষ্ঠটা যাইয়া—যেখানে দুর্য্যোধনের সেই রথখানা ছিল, সেই পথে উপস্থিত হইল ॥৩৯॥

বঙ্গাধিপতি সেই হস্তীটাদ্বারা আপনার পুত্রের রথখানাকে আবৃত করিলেন। মহারাজ! বুদ্ধিমান্ বঙ্গাধিপতি শক্তিপাতের পথ আবৃত করিলেন দেখিয়া

(৩৭)…অশনিং জ্বলিতামিব—বা ব রা নি,…স যুযুৎসন্ মহাবাহুঃ…পি,…তমাগচ্ছন্ মহাবাহুঃ…নি। (৪০)…পন্থানং বারয়ামাস…নি।

স তয়াভিহতো রাজংস্তেন বাহুপ্রমুক্তয়া।
সঞ্জাতরুধিরোৎপীড়ঃ পপাত চ মমার চ ॥৪২॥
পতত্যথ গজে চাপি বঙ্গানামীশ্বরো বলী।
জবেন সমভিক্রুত্য জগাম ধরণীতলম্ ॥৪৩॥
দুর্য্যোনোঽপি সংপ্রেক্ষ্য পতিতং বরবারণম্।
প্রভগ্নঞ্চ বলং দৃষ্ট্বা জগাম পরমাং ব্যথাম্ ॥৪৪॥
ক্ষত্রধর্ম্মং পুরস্কৃত্য আত্মনশ্চাতিমানিতাম্।
প্রাপ্তেঽপক্রমণে রাজা তস্থৌ গিরিরিবাচলঃ ॥৪৫॥
সন্ধায় চ শিতং বাণং কালাগ্নিসমতেজসম্।
মুমোচ পরমক্রুদ্ধস্তস্মিন্ ঘোরে নিশাচরে ॥৪৬॥

ভারতকৌমুদী

স ইতি। তেন ঘটোৎকচেন। সঞ্জাতো রুধিরোৎপীড়ো রক্তশেখরো যস্য সঃ ॥৪২॥
পততীতি। জবেন বেগেন, সমভিক্রুত্য গজপৃষ্ঠাদবপ্লুত্য ॥৪৩॥
দুর্য্যোধন ইতি। বরবারণম্, উত্তমহস্তিনম্। প্রভগ্নং বিশ্লিষ্টম্, জগাম প্রাপ ॥৪৪॥
ক্ষত্রেতি। প্রাপ্তে উচিতে, অপক্রমণে পলায়নে, রাজা দুর্য্যোধনঃ ॥৪৫॥
সন্ধায়েতি। শিতং তীক্ষ্ণম্। নিশাচরে রাক্ষসে ঘটোৎকচে ॥৪৬॥

ঘটোৎকচ ক্রোধে আরক্তনয়ন হইয়া সেই উত্তোলিত মহাশক্তিটাকে সেই হস্তীটার উপরে নিক্ষেপ করিল ॥৪০—৪১॥

রাজা! ঘটোৎকচের বাহুনিক্ষিপ্ত সেই শক্তিটা যাইয়া আঘাত করিলে, হাতীটার মাথা হইতে রক্তের ধারা নির্গত হইয়া শেখরের ন্যায় হইল এবং সেটা ভূতলে পড়িল ও মরিল ॥৪২॥

হস্তীটা পতিত হইতে থাকিলে, বলবান্ বঙ্গেশ্বর বেগে লম্ফ প্রদান করিয়া ভূতলে পতিত হইলেন ॥৪৩॥

দুর্য্যোধনও উত্তম হস্তীটাকে পতিত দেখিয়া এবং সৈন্যগুলিকে বিশ্লিষ্ট দর্শন করিয়া অত্যন্ত দুঃখ অনুভব করিলেন ॥৪৪॥

এবং পলায়ন করা সঙ্গত হইলেও, রাজা দুর্য্যোধন ক্ষত্রিয়ধর্ম্ম ও নিজের অত্যন্ত সম্মান অক্ষুণ্ণ রখিবার জন্য সেই স্থানেই পর্ব্বতের ন্যায় অচল হইয়া রহিলেন ॥৪৫॥

(৪৩)···জগাম চ ধরাতলম্—পি। (৪৪) দুর্য্যোধনোঽপি সংক্রুদ্ধঃ···পি। (৪৫)··· আত্মনশ্চাপি মানিতাম্···রাজংস্তস্থৌ···পি,···আত্মনশ্চাভিমানিতাম্···বা।

তমাপতন্তং সংপ্রেক্ষ্য বাণমিন্দ্রাশনিপ্রভম্ ।
লাঘবান্মোচয়ামাস মহামায়ো ঘটোৎকচঃ ॥৪৭॥
ভূয়শ্চ বিননাদোগ্রং ক্রোধসংরক্তলোচনঃ ।
ত্রাসয়ামাস সৈন্যানি যুগান্তে জলদো যথা ॥৪৮॥
তং শ্রুত্বা নিনদং ঘোরং তস্য ভীমস্য রক্ষসঃ ।
আচার্য্যমুপসংগম্য ভীষ্মঃ শান্তনবোঽব্রবীৎ ॥৪৯॥
যথৈষ নিনদো ঘোরঃ শ্রূয়তে রাক্ষসেরিতঃ ।
হৈড়িম্বো যুধ্যতে নূনং রাজ্ঞা দুর্য্যোধনেন হ ॥৫০॥
নৈষ শক্যো হি সংগ্রামে জেতুং ভূতেন কেনচিৎ ।
তত্র গচ্ছত ভদ্রং বো রাজানং পরিরক্ষিতুম্ ॥৫১॥

ভারতকৌমুদী

তমিতি। লাঘবাৎ দ্রুতমেকস্মিন্ পার্শ্বে অপসরণাৎ, মোচয়ামাস আত্মানম্ ॥৪৭॥
ভূয় ইতি। বিননাদ ঘটোৎকচ ইত্যনুবৃত্তিঃ। সৈন্যানি কৌরবপক্ষীয়াণি ॥৪৮॥
তমিতি। ভীমস্য ভয়ঙ্করস্য, রক্ষসো রাক্ষসস্য। আচার্য্যং দ্রোণম্ ॥৪৯॥
যথেতি। রাক্ষসেন ঈরিতঃ প্রযুক্তঃ। হৈড়িম্বো হিড়িম্বায়াঃ পুত্রো ঘটোৎকচঃ ॥৫০॥
নেতি। ভূতেন প্রাণিনা। বো যুষ্মাকং ভদ্রং মঙ্গলং ভবত্বিতি শেষঃ। অত্র বাক্যান্তরমধ্যে বাক্যান্তরপ্রবেশাদ্গর্ভিততাদোষঃ সোঢ়ব্য আর্ষত্বাৎ ॥৫১॥

এবং তিনি অত্যন্তক্রুদ্ধ হইয়া প্রলয়কালের অগ্নির ন্যায় উজ্জ্বল একটা সুতীক্ষ্ণ বাণ সন্ধান করিয়া সেই ভয়ঙ্কর রাক্ষসের প্রতি নিক্ষেপ করিলেন ॥৪৬॥

ইন্দ্রের বজ্রের তুল্য সেই বাণটা আসিতেছে দেখিয়া মহামায়াবী ঘটোৎকচ সত্বর একপার্শ্বে অপসৃত হইয়া তাহার আঘাত হইতে আপনাকে মুক্ত করিল ॥৪৭॥

এবং সে, ক্রোধে আরক্তনয়ন হইয়া প্রলয়কালীন মেঘের ন্যায় পুনরায় ভয়ঙ্কর গর্জন করিল, আর তাহাদ্বারা কৌরবসৈন্যগণকে ভয়াকুল করিয়া ফেলিল ॥৪৮॥

সেই ভয়ঙ্কর রাক্ষসের সেই ভয়ঙ্কর গর্জন শুনিয়া শান্তনুনন্দন ভীষ্ম দ্রোণের নিকট যাইয়া বলিলেন—॥৪৯॥

'যখন রাক্ষসের এই ভয়ঙ্কর গর্জন শুনা যাইতেছে, তখন নিশ্চয়ই ঘটোৎকচ রাজা দুর্য্যোধনের সহিত যুদ্ধ করিতেছে ॥৫০॥

অথ চ কোন প্রাণীই যুদ্ধে ওটাকে জয় করিতে সমর্থ হয় না। অতএব

(৪৭)···মহাত্মা বৈ ঘটোৎকচঃ—বা ব রা নি। (৪৮)···ত্রাসয়ন্ সর্বসৈন্যানি···পি। (৫০)···দুর্য্যোধনেন চ—রা নি। (৫১)···রাজানং পরিরক্ষত—পি বা।

CENTRAL LIBRARY

অভিদ্রুতো মহাভাগো রাক্ষসেন দুরাত্মনা।
এতদ্ধি পরমং কৃত্যং সর্বেষাং নঃ পরন্তপাঃ! ॥৫২॥
পিতামহবচঃ শ্রুত্বা ত্বরমাণা মহারথাঃ।
উত্তমং জবমাস্থায় প্রযযুর্যত্র কৌরবঃ ॥৫৩॥
দ্রোণশ্চ সোমদত্তশ্চ বাহ্লিকোঽথ জয়দ্রথঃ।
কৃপো ভূরিশ্রবাঃ শল্য আবন্ত্যঃ স বৃহদ্বলঃ ॥৫৪॥
অশ্বত্থামা বিকর্ণশ্চ চিত্রসেনো বিবিংশতিঃ।
রথাশ্চানেকসাহস্রা যে তেষামনুযায়িনঃ ॥৫৫॥
অভিদ্রুতং পরীপ্সন্তঃ পুত্রং দুর্য্যোধনং তব।
তদানীকমনাধৃষ্যং পালিতন্তু মহারথৈঃ ॥৫৬॥
আততায়িনমায়ান্তং প্রেক্ষ্য রাক্ষসসত্তমঃ।
নাকম্পত মহাবাহুর্মৈনাক ইব পর্বতঃ ॥৫৭॥
প্রগৃহ্য বিপুলং চাপং জ্ঞাতিভিঃ পরিবারিতঃ।
শূলমুদ্গরহস্তৈশ্চ নানাপ্রহরণৈরপি ॥৫৮॥ (কুলকম্)

ভারতকৌমুদী

অভীতি। অভিদ্রুত আক্রান্তঃ মহাভাগো দুর্য্যোধনঃ। কৃত্যং কর্ত্তব্যম্ ॥৫২॥

পিতেতি। জবং বেগম্, আস্থায় আশ্রিত্য। কৌরবো দুর্য্যোধনঃ ॥৫৩॥

অথ কে তে মহারথা ইত্যাহ দ্রোণ ইতি। আবন্ত্যঃ অবন্তিদেশীয়ঃ, স বিন্দোঽনুবিন্দশ্চ। তেষাং দ্রোণাদীনাম্। অভিদ্রুতমাক্রান্তম্, পরীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ, প্রযযুরিত্যনুবৃত্তিঃ। আততায়িনং শস্ত্রপাণিম্, "অনীকমস্ত্রিয়াম্" ইত্যমরোক্তেরনীকশব্দস্য পক্ষে পুংস্ত্বাৎ পুংস্ত্বম্।

আপনারা রাজা দুর্য্যোধনকে রক্ষা করিবার জন্য সত্বর সেখানে গমন করুন; আপনাদের মঙ্গল হউক ॥৫১॥

দুরাত্মা রাক্ষস নিশ্চয়ই মহাভাগ দুর্য্যোধনকে আক্রমণ করিয়াছে। অতএব শত্রুসন্তাপকগণ! তাঁহাকে রক্ষা করাই আমাদের সকলের প্রধান কর্ত্তব্য' ॥৫২॥

ভীষ্মের এই কথা শুনিয়া মহারথেরা ত্বরান্বিত হইয়া অত্যন্ত বেগ অবলম্বন করিয়া—যেখানে দুর্য্যোধন ছিলেন, সেইখানে গমন করিলেন ॥৫৩॥

দ্রোণ, সোমদত্ত, বাহ্লিক, জয়দ্রথ, কৃপ, ভূরিশ্রবা, শল্য, অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ, বৃহদ্বল, অশ্বত্থামা, বিকর্ণ, চিত্রসেন ও বিবিংশতি এবং

(৫২) অভিদ্রুতা মহাবাহুং রাক্ষসেন প্রপীড়িতম্…নি,…রাক্ষসেন মহাত্মনা…রা,… এতদ্ধি বঃ পরং কৃত্যম্…বা রা।

CENTRAL LIBRARY

ততঃ সমভবদ্‌যুদ্ধং তুমুলং লোমহর্ষণম্ ।
রাক্ষসানাঞ্চ মুখ্যস্য দুর্য্যোধনবলস্য চ ॥৫৯॥
ধনুষাং কূজতাং শব্দঃ সর্বতস্তুমুলো রণে ।
অশ্রূয়ত মহারাজ ! বংশানাং দহ্যতামিব ॥৬০॥
অস্ত্রাণাং পাত্যমানানাং কবচেষু শরীরিণাম্ ।
শব্দঃ সমভবদ্রাজন্ ! গিরীণামিব ভিদ্যতাম্ ॥৬১॥
বীরবাহুবিসৃষ্টানাং তোমরাণাং বিশাংপতে ! ।
রূপমাসীদ্বিয়ৎস্থানাং সর্পাণামিব সর্পতাম্ ॥৬২॥

ভারতকৌমুদী

স চাসাবনীকশ্চেতি তমিতি চোপপত্তিঃ। রাক্ষসসত্তমো ঘটোৎকচঃ। নানাপ্রহরণানি আয়ুধানি যেষাং তৈঃ ।৫৪—৫৮॥

তত ইতি। মুখ্যস্য প্রধানস্য ঘটোৎকচস্য ॥৫৯॥

ধনুষামিতি। কূজতামব্যক্তং শব্দং কুর্ব্বতাম্। দহ্যতাং দহ্যমানানাম্ ।৬০॥

অস্ত্রাণামিতি। শরীরিণাং সৈন্যানাম্। ভিদ্যতাং ভিদ্যমানানাম্ ॥৬১॥

বীরেতি। বিয়ৎস্থানাম্ আকাশগতানাম্ সর্পতাং বিচরতাম্ ।৬২॥

তাঁহাদের যাঁহারা অনুগামী ছিলেন, সেই অনেকসহস্র রথীরা, ঘটোৎকচকর্ত্তৃক আক্রান্ত আপনার পুত্র দুর্য্যোধনকে রক্ষা করিবার জন্য সে স্থানে আগমন করিলেন। এদিকে শূল, মুদ্গর ও অন্য নানাবিধ অস্ত্রধারী জ্ঞাতিবর্গে পরিবেষ্টিত রাক্ষসশ্রেষ্ঠ মহাবাহু ঘটোৎকচ, বিশাল ধনু ধারণ করিয়া, মহারথগণকর্ত্তৃক রক্ষিত দুর্দ্ধর্ষ ও অস্ত্রধারী সেই সৈন্যগণকে আসিতে দেখিয়াও মৈনাকপর্ব্বতের ন্যায় স্থিরই থাকিল ॥৫৪—৫৮॥

তাহার পর দুর্য্যোধনের সৈন্যের সহিত রাক্ষসশ্রেষ্ঠ ঘটোৎকচের তুমুল ও লোমহর্ষণ যুদ্ধ হইতে লাগিল ॥৫৯॥

মহারাজ ! তখন দহ্যমান বংশের শব্দের ন্যায় সমরাঙ্গনের সকল দিকেই অব্যক্তশব্দকারী ধনুর শব্দ শুনা যাইতে লাগিল ॥৬০॥

এবং রাজা ! ভিদ্যমান পর্বতের শব্দের ন্যায় সৈন্যগণের বর্ম্মে নিক্ষিপ্যমান অস্ত্রসমূহের শব্দ হইতে থাকিল ॥৬১॥

নরনাথ ! বীরগণের বাহুনিক্ষিপ্ত তোমর সকল আকাশে চলিতে লাগিলে, আকাশচারী সর্পগণের ন্যায় সেগুলির আকৃতি দৃষ্টিগোচর হইতে লাগিল ॥৬২॥

(৬১) শস্ত্রাণাং পাত্যমানানাম্…নি।

ততঃ পরমসংক্রুদ্ধো বিস্ফার্য্য সুমহদ্ধনুঃ।
রাক্ষসেন্দ্রো মহাবাহুর্বিনদন্ ভৈরবং রবম্ ॥৬৩॥
আচার্য্যস্যার্দ্ধচন্দ্রেণ ক্রুদ্ধশ্চিচ্ছেদ কার্ম্মুকম্।
সোমদত্তস্য ভল্লেন ধ্বজঞ্চোন্মথ্য চানদৎ ॥৬৪॥ (যুগ্মকম্)
বাহ্লীকঞ্চ ত্রিভির্বাণৈঃ প্রত্যবিধ্যৎ স্তনান্তরে।
কৃপমেকেন বিব্যাধ চিত্রসেনং ত্রিভিঃ শরৈঃ ॥৬৫॥
পূর্ণায়তবিসৃষ্টেন সম্যক্ প্রণিহিতেন চ।
জত্রুদেশে সমাসাদ্য বিকর্ণং সমতাড়য়ৎ ॥৬৬॥
ন্যষীদৎ স রথোপস্থে শোণিতেন পরিপ্লুতঃ।
ততঃ পুনরমেয়াত্মা নারাচান্ দশ পঞ্চ চ ॥৬৭॥
ভূরিশ্রবসি সংক্রুদ্ধঃ প্রাহিণোদ্ভরতর্ষভ!।
তে বর্ম্ম ভিত্ত্বা তস্যাশু বিবিশুর্ধরণীতলম্ ॥৬৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। বিনদন্ কুর্বন্। অর্দ্ধচন্দ্রেণ বাণেন। উন্মথ্য ছিত্ত্বা ॥৬৩—৬৪॥

বাহ্লীকমিতি। স্তনান্তরে বক্ষসি। একেন বাণেন ॥৬৫॥

পূর্ণেতি। পূর্ণমায়তং বিস্তৃতং যদ্ধনুস্তেন বিসৃষ্টো নিক্ষিপ্তস্তেন, সম্যক্ প্রণিহিতেন সংহিতেন বাণেন, জত্রুদেশে স্কন্ধসন্ধৌ, সমাসাদ্য উপস্থায় ॥৬৬॥

ন্যষীদদিতি। ন্যষীদৎ উপাবিশৎ। অমেয়াত্মা অজ্ঞেয়শক্তিঃ। প্রাহিণোন্ন্যক্ষিপৎ ॥৬৭-৬৮॥

তাহার পর মহাবাহু ঘটোৎকচ অত্যন্তক্রুদ্ধ হইয়া, বিশাল ধনু বিস্ফারিত করিয়া, ভয়ঙ্কর গর্জন করিতে থাকিয়া, একটা অর্দ্ধচন্দ্র বাণদ্বারা দ্রোণের ধনু ছেদন করিল এবং একটা ভল্লদ্বারা সোমদত্তের ধ্বজ ছেদন করিয়া সিংহনাদ করিয়া উঠিল ॥৬৩—৬৪॥

আর, তিনটা বাণদ্বারা বাহ্লীকের বক্ষস্থল বিদ্ধ করিল, একটা বাণদ্বারা কৃপকে তাড়ন করিল এবং তিনটা বাণদ্বারা চিত্রসেনকে পীড়ন করিল ॥৬৫॥

তৎপরে কিছু নিকটবর্ত্তী হইয়া, ধনুখানাকে পূর্ণ আকর্ষণপূর্ব্বক সম্যক্ সন্ধান করিয়া একটা বাণদ্বারা বিকর্ণের স্কন্ধদেশে আঘাত করিল ॥৬৬॥

তখন বিকর্ণ সেই আঘাতে রক্তাক্তদেহ হইয়া রথের উপরে উপবেশন করিলেন। ভরতশ্রেষ্ঠ! তাহার পর আবার অজ্ঞেয়শক্তি ঘটোৎকচ অত্যন্ত-ক্রুদ্ধ হইয়া ভূরিশ্রবার উপরে পনরটা নারাচ নিক্ষেপ করিল; তখন সেই নারাচগুলি যাইয়া ভূরিশ্রবার বর্ম্ম ভেদ করিয়া সত্বর ভূতলে প্রবেশ করিল ॥৬৭—৬৮॥

বিবিংশতেশ্চ দ্রৌণেশ্চ যন্তারৌ সমতাড়য়ৎ।
তৌ পেততূ রথোপস্থে রশ্মীনুৎসৃজ্য বাজিনাম্ ॥৬৯॥
সিন্ধুরাজ্ঞোঽর্দ্ধচন্দ্রেণ বারাহং স্বর্ণভূষিতম্।
উন্মমাথ মহারাজ! দ্বিতীয়েনাচ্ছিনদ্ধনুঃ ॥৭০॥
চতুর্ভিরথ নারাচৈরাবন্ত্যস্য মহাত্মনঃ।
জঘান চতুরো বাহান্ ক্রোধসংরক্তলোচনঃ ॥৭১॥
পূর্ণায়তবিসৃষ্টেন পীতেন নিশিতেন চ।
নির্বিভেদ মহারাজ! রাজপুত্রং বৃহদ্বলম্ ॥৭২॥
স গাঢ়বিদ্ধো ব্যথিতো রথোপস্থ উপাবিশৎ।
ভৃশং ক্রোধেন চাবিষ্টো রথস্থো রাক্ষসাধিপঃ ॥৭৩॥
চিক্ষেপ নিশিতাংস্তীক্ষ্ণান্ শরানাশীবিষোপমান্।
বিভিদুস্তে মহারাজ! শল্যং যুদ্ধবিশারদম্ ॥৭৪॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে হৈড়িম্বযুদ্ধে অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

বিবিংশতেরিতি। দ্রৌণেরশ্বত্থাম্নঃ, যন্তারৌ সারথী। পেততুঃ পতিতৌ ॥৬৯॥
সিন্ধিতি। সিন্ধুরাজ্ঞো জয়দ্রথস্য, বারাহং বরাহচিহ্নিতং ধ্বজম্ ॥৭০॥
চতুর্ভিরিতি। আবন্ত্যস্য অবন্তিদেশীয়স্য প্রাথম্যাদ্বিন্দস্য। বাহান্ অশ্বান্ ॥৭১॥
পূর্ণেতি। পীতেন প্রাক্পীতশক্ররক্তেন স্বর্ণখচিতত্বাৎ পীতবর্ণেন বা বাণেন ॥৭২॥

তদনন্তর ঘটোৎকচ, বিবিংশতি ও অশ্বত্থামার সারথি দুই জনকে তাড়ন করিল; তখন তাহারা ঘোড়ার লাগাম ছাড়িয়া দিয়া রথের উপরে পড়িয়া গেল ॥৬৯॥

মহারাজ! তৎপরে ঘটোৎকচ একটা অর্দ্ধচন্দ্রবাণদ্বারা জয়দ্রথের বরাহ-চিহ্নিত ও স্বর্ণভূষিত ধ্বজটাকে কাটিয়া ফেলিল এবং দ্বিতীয় বাণদ্বারা তাঁহার ধনু ছেদন করিল ॥৭০॥

তাহার পর সে—ক্রোধে আরক্তনয়ন হইয়া চারিটা নারাচদ্বারা মহাত্মা অবন্তিরাজ বিন্দের চারিটা অশ্বকে বধ করিল ॥৭১॥

মহারাজ! ক্রমে ঘটোৎকচ ধনুখানাকে পূর্ণ আকর্ষণপূর্ব্বক একটা সুতীক্ষ্ণ ও পীতবর্ণ বাণ নিক্ষেপ করিয়া রাজপুত্র বৃহদ্বলকে বিদীর্ণ করিল ॥৭২॥

* '...ত্রিনবতিতমোঽধ্যায়ঃ' বা, '...দ্বিনবতিতমোঽধ্যায়ঃ' ব রা নি।

CENTRAL LIBRARY

ঊননবতিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

বিমুখাকৃত্য সর্বাংস্তু তাবকান্ যুধি রাক্ষসঃ।
জিঘাংসুর্ভরতশ্রেষ্ঠ! দুর্য্যোধনমুপাদ্রবৎ ॥১॥
তমাপতন্তং সংপ্রেক্ষ্য রাজানং প্রতি বেগিতম্।
অভ্যধাবন্ জিঘাংসন্তস্তাবকা যুদ্ধদুর্ম্মদাঃ ॥২॥
তালমাত্রাণি চাপানি বিকর্ষন্তো মহারথাঃ।
তমেকমভ্যধাবন্ত নদন্তঃ সিংহসংঘবৎ ॥৩॥

ভারতকৌমুদী

স ইতি। রথোপস্থে রথোপরিদেশে। আশীবিষোপমান্ সর্পতুল্যান্ দীর্ঘান্ ॥৭৩—৭৪॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

বিমুখীতি। তাবকান্ ত্বৎপক্ষীয়যোধান্। জিঘাংসুর্হন্তুমিচ্ছুঃ ॥১॥
তমিতি। রাজানং দুর্য্যোধনম্, বেগিতং সঞ্জাতবেগম্ ॥২॥
তালেতি। তালমাত্রাণি চতুর্হস্তপ্রমাণানি। মহারথা দ্রোণাদয়ঃ ॥৩॥

তখন বৃহদ্বল দৃঢ়বিদ্ধ ও ব্যথিত হইয়া রথের উপরে উপবেশন করিলেন। এবং অত্যন্তক্রুদ্ধ ও রথস্থিত ঘটোৎকচ শিলাশাণিত, সুতীক্ষ্ণ ও সর্পতুল্য কতকগুলি বাণ নিক্ষেপ করিল; মহারাজ! তখন সেগুলি যাইয়া যুদ্ধবিশারদ শল্যকে বিদীর্ণ করিল ॥৭৩—৭৪॥

সঞ্জয় বলিলেন—'ভরতশ্রেষ্ঠ! ঘটোৎকচ যুদ্ধে আপনার পক্ষের যোদ্ধাদিগকে বিমুখ করিয়া বধ করিবার ইচ্ছায় দুর্য্যোধনের দিকে ধাবিত হইল ॥১॥

তখন ঘটোৎকচকে দুর্য্যোধনের দিকে বেগে আসিতে দেখিয়া আপনার পক্ষের যুদ্ধদুর্দ্ধর্ষ যোদ্ধারা তাহাকে বধ করিবার ইচ্ছায় ধাবিত হইলেন ॥২॥

মহারথেরা তালপ্রমাণ ধনুগুলি আকর্ষণ এবং সিংহসমূহের ন্যায় গর্জন করতঃ এক ঘটোৎকচের দিকে ধাবিত হইয়াছিলেন ॥৩॥

CENTRAL LIBRARY

অথৈনং শরবর্ষেণ সমন্তাৎ পর্য্যবাকিরন্ ।
পর্বতং বারিধারাভিঃ শরদীব বলাহকাঃ ॥৪॥
স গাঢ়বিদ্ধো ব্যথিতস্তোত্রার্দ্দিত ইব দ্বিপঃ ।
উৎপপাত তদাকাশং সমন্তাদ্বৈনতেয়বৎ ॥৫॥
ব্যনদৎ সুমহানাদং জীমূত ইব শারদঃ ।
দিশঃ খং বিদিশশ্চৈব নাদয়ন্ ভৈরবস্বনঃ ॥৬॥
রাক্ষসস্য তু তং শব্দং শ্রুত্বা রাজা যুধিষ্ঠিরঃ ।
উবাচ ভরতশ্রেষ্ঠ ! ভীমসেনমরিন্দমম্ ॥৭॥
যুধ্যতে রাক্ষসো নূনং ধার্ত্তরাষ্ট্রৈর্মহারথৈঃ ।
যথাস্য শ্রূয়তে শব্দো নদতো ভৈরবং রবম্ ॥৮॥
অতিভারঞ্চ পশ্যামি তস্মিন্ রাক্ষসপুঙ্গবে ।
পিতামহশ্চ সংক্রুদ্ধঃ পাঞ্চালান্ হন্তুমুদ্যতঃ ॥৯॥

ভারতকৌমুদী

অথেতি। এনং ঘটোৎকচম্। বলাহকা মেঘাঃ ॥৪॥
স ইতি। তোত্রার্দ্দিতঃ অঙ্কুশপীড়িতঃ, দ্বিপো হস্তী। বৈনতেয়বৎ গরুড় ইব ॥৫॥
ব্যনদদিতি। ব্যনদৎ অকরোৎ, জীমূতো মেঘঃ। খমাকাশম্ ॥৬॥
রাক্ষসস্যেতি। রাক্ষসস্য ঘটোৎকচস্য। উবাচ বক্ষ্যমাণং বচনম্ ॥৭॥
যুধ্যত ইতি। রাক্ষসো ঘটোৎকচঃ। যথা যতঃ। নদতঃ কুর্বতঃ ॥৮॥
অতীতি। অতিভারম্ অতিভারবহনবৎ দুষ্করমাত্মরক্ষণমিত্যর্থঃ ॥৯॥

তাহার পর শরৎকালে মেঘসমূহ যেমন পর্ব্বতের উপরে জলধারা বর্ষণ করে, সেইরূপ তাঁহারা সকল দিক্ হইতে ঘটোৎকচের উপরে বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৪॥

তখন ঘটোৎকচ, অঙ্কুশাহত হস্তীর ন্যায় গাঢ়বিদ্ধ ও ব্যথিত হইয়া গরুড়ের ন্যায় বেগে আকাশে উঠিল ॥৫॥

এবং ভীষণশব্দশালী ঘটোৎকচ শরৎকালের মেঘের ন্যায় আকাশ, দিক্ ও বিদিক্ নিনাদিত করিয়া মহানাদ করিতে লাগিল ॥৬॥

ভরতশ্রেষ্ঠ ! তখন রাজা যুধিষ্ঠির ঘটোৎকচের সেই শব্দ শুনিয়া শত্রুদমনকারী ভীমসেনকে বলিলেন—॥৭॥

'নিশ্চয়ই ঘটোৎকচ, মহারথ ধার্ত্তরাষ্ট্রগণের সহিত যুদ্ধ করিতেছে ; যে হেতু ভীষণ-শব্দকারী উহারই কণ্ঠস্বর শুনা যাইতেছে ॥৮॥

(৭)…উবাচ ভরতশ্রেষ্ঠঃ…পি। (৮)…ভৈরবং স্বনম্—রা নি।

তেষাঞ্চ রক্ষণার্থায় যুধ্যতে ফাল্গুনঃ পরৈঃ।
এতজ্জ্ঞাত্বা মহাবাহো! কার্য্যদ্বয়মুপস্থিতম্ ॥১০॥
গচ্ছ রক্ষস্ব হৈড়িম্বং সংশয়ং পরমং গতম্।
ভ্রাতুর্বচনমাজ্ঞায় ত্বরমাণো বৃকোদরঃ ॥১১॥
প্রযযৌ সিংহনাদেন ত্রাসয়ন্ সর্বপার্থিবান্।
বেগেন মহতা রাজন্! পর্বকালে যথোদধিঃ ॥১২॥ (বিশেষকম্)
তমন্বগাৎ সত্যধৃতিঃ সৌচিত্তির্যুদ্ধদুর্মদঃ।
শ্রেণিমান্ বসুদানশ্চ পুত্রঃ কাশ্যস্য চাভিভূঃ ॥১৩॥
অভিমন্যুমুখাশ্চৈব দ্রৌপদেয়া মহারথাঃ।
ক্ষত্রদেবশ্চ বিক্রান্তঃ ক্ষত্রধর্ম্মা তথৈব চ ॥১৪॥
অনূপাধিপতিশ্চৈব নীলঃ স্ববলমাস্থিতঃ।
মহতা রথবংশেন হৈড়িম্বং পর্য্যবারয়ন্ ॥১৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তেষামিতি। ফাল্গুনোঽর্জ্জুনঃ। কার্য্যদ্বয়ম্ এককস্যার্জ্জুনস্য দুষ্করতয়া পাঞ্চালরক্ষণং ঘটোৎকচরক্ষণঞ্চ। সংশয়ং জীবনস্য। পর্বকালে পূর্ণিমায়ামমাবস্যায়াঞ্চ ॥১০—১২॥

তমিতি। অভিভবতি শত্রূনিতি অভিভূঃ শত্রুবিজয়ী ॥১৩॥

অভীতি। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ। অনূপাধিপতিঃ সমুদ্রজলপ্রায়দেশপতিঃ। রথানাং বংশেন সমূহেন ॥১৪—১৫॥

সুতরাং সেই রাক্ষসশ্রেষ্ঠের গুরুতর ভার উপস্থিত হইয়াছে বলিয়াই আমি মনে করি। ওদিকে ভীষ্মও অত্যন্তক্রুদ্ধ হইয়া পাঞ্চালসৈন্যগণকে বধ করিতে উদ্যত হইয়াছেন ॥৯॥

অতএব তাহাদের রক্ষার জন্য অর্জ্জুন বিপক্ষগণের সহিত যুদ্ধ করিতেছেন। সুতরাং মহাবাহু! দুইটা কর্ত্তব্য উপস্থিত হইয়াছে, ইহা বুঝিয়া তুমি যাও, যাইয়া অত্যন্তজীবনসংশয়াপন্ন ঘটোৎকচকে রক্ষা কর'। রাজা! যুধিষ্ঠিরের এই কথা শুনিয়া ভীমসেন ত্বরান্বিত হইয়া সিংহনাদে সকল রাজাকে উদ্বিগ্ন করিতে থাকিয়া, অমাবস্যা বা পূর্ণিমায় সমুদ্রের ন্যায় মহাবেগে গমন করিলেন ॥১০—১২॥

তখন সত্যধৃতি, যুদ্ধদুর্দ্ধর্ষ সৌচিত্তি, শ্রেণিমান্ এবং কাশীরাজের পুত্র শত্রু-বিজয়ী বসুদান ইঁহারা ভীমসেনের পিছনে গমন করিলেন ॥১৩॥

আর অভিমন্যু, মহারথ দ্রৌপদীপুত্রগণ, বিক্রমশালী ক্ষত্রদেব, ক্ষত্রধর্ম্ম এবং

CENTRAL LIBRARY

কুঞ্জরৈশ্চ সদা মত্তৈঃ ষট্‌সহস্রৈঃ প্রহারিভিঃ।
অভ্যরক্ষন্ত সহিতা রাক্ষসেন্দ্রং ঘটোৎকচম্ ॥১৬॥
সিংহনাদেন মহতা নেমিঘোষেণ চৈব হ।
খুরশব্দনিপাতৈশ্চ কম্পয়ন্তো বসুন্ধরাম্ ॥১৭॥ (যুগ্মকম্)
তেষামাপততাং শ্রুত্বা শব্দং তত্তাবকং বলম্।
ভীমসেনভয়োদ্বিগ্নং বিবর্ণবদনং তথা ॥১৮॥
প্রণিবৃত্তং মহারাজ! পরিত্যজ্য ঘটোৎকচম্।
ততঃ প্রববৃতে যুদ্ধং তত্র তেষাং মহাত্মনাম্ ॥১৯॥
তাবকানাং পরেষাঞ্চ সংগ্রামেষ্বনিবর্ত্তিনাম্।
নানারূপাণি শস্ত্রাণি বিসৃজন্তো মহারথাঃ ॥২০॥
অন্যোন্যমভিধাবন্তঃ সংপ্রহারং প্রচক্রিরে।
ব্যতিষক্তং মহারৌদ্রং যুদ্ধং ভীরুভয়াবহম্ ॥২১॥ (কলাপকম্)
হয়া হয়ৈঃ সমাজগ্মুঃ পাদাতাশ্চ পদাতিভিঃ।
অন্যোন্যং সমরে রাজন্! প্রার্থয়ানা মহদ্‌যশঃ ॥২২॥

ভারতকৌমুদী

কুঞ্জরৈরিতি। অভ্যরক্ষন্ত তে ভীমসেনাদয়ঃ। খুরশব্দানাং নিপাতৈঃ প্রয়োগৈঃ ॥১৬-১৭॥
তেষামিতি। ভীমসেনভয়েন উদ্বিগ্নমস্থিরম্। প্রণিবৃত্তং প্রণিবৃত্য স্থিতম্। বিসৃজন্তো নিক্ষিপন্তঃ। ব্যতিষক্তং পরস্পরং লগ্নম্। ভীরূণাং ভয়শীলানামেব ভয়াবহম্ ॥১৮—২১॥

আপন সৈন্যসমন্বিত অনূপদেশাধিপতি নীল ইহারা বিশাল রথিসৈন্যের সহিত যাইয়া (রক্ষা করিবার জন্য) ঘটোৎকচকে পরিবেষ্টন করিলেন ॥১৪—১৫॥

ভীমসেনপ্রভৃতি বীরেরা, সর্ব্বদা মত্ত ও প্রহারনিপুণ ষট্‌সহস্র হস্তিসৈন্যের সহিত মিলিত হইয়া, বিশাল সিংহনাদ, চক্রের শব্দ ও খুরের শব্দে ভূতল কম্পিত করিতে থাকিয়া রাক্ষসশ্রেষ্ঠ ঘটোৎকচকে সকল দিক্ হইতে রক্ষা করিতে লাগিলেন ॥১৬—১৭॥

মহারাজ! তখন আপনার সেই সৈন্যগণ তাঁহাদের আগমনের শব্দ শুনিয়া, ভীমের ভয়ে অস্থির ও বিবর্ণবদন হইয়া, ঘটোৎকচকে পরিত্যাগ করিয়া, ফিরিয়া দাঁড়াইল। তাহার পর যুদ্ধে অনিবর্ত্তী ও মহাত্মা ভবদীয় সৈন্য এবং পাণ্ডবসৈন্যগণের যুদ্ধারম্ভ হইল। ক্রমে মহারথেরা ধাবিত হইয়া, নানারূপ অস্ত্রনিক্ষেপ করিতে থাকিয়া পরস্পর প্রহার করিতে লাগিলেন। এইভাবে ভীরুলোকের ভয়জনক মহাভয়ঙ্কর যুদ্ধ উপস্থিত হইল ॥১৮—২১॥

(১৮)…শব্দং তং তাবকং বলম্…বা নি। (২২)…প্রার্থয়ানাঃ সমভ্যয়ুঃ বা নি।

সহসা চাভবত্তীব্রং সন্নিপাতান্মহদ্রজঃ।
গজাশ্বরথপত্তীনাং পাদনেমিসমুদ্ধতম্ ॥২৩॥
ধূম্রারুণং রজস্তীব্রং রণভূমিং সমাবৃণোৎ।
নৈব স্বে ন পরে রাজন্! সমজানন্ পরস্পরম্ ॥২৪॥
পিতা পুত্রং ন জানীতে পুত্রো বা পিতরং তথা।
নির্মর্য্যাদে তথাভূতে বৈশসে লোমহর্ষণে ॥২৫॥
শস্ত্রাণাং ভরতশ্রেষ্ঠ! মনুষ্যাণাঞ্চ গর্জ্জতাম্।
সুমহানভবচ্ছব্দঃ প্রেতানামিব ভারত! ॥২৬॥
গজবাজিমনুষ্যাণাং শোণিতানাং তরঙ্গিণী।
প্রাবর্ত্তত নদী তত্র কেশশৈবলশাদ্বলা ॥২৭॥

ভারতকৌমুদী

হয়া ইতি। সমাজগ্মুঃ সম্মিলিতা বভূবুঃ। প্রার্থয়ানাঃ প্রার্থয়মানাঃ ॥২২॥
সহসেতি। সন্নিপাতাৎ সংঘর্ষাৎ, রজো ধূলিঃ। পাদৈর্নেমিভিশ্চ সমুদ্ধতমুত্তোলিতম্ ॥২৩॥
ধূম্রেতি। মৃত্তিকানাং ধূম্রারুণত্বাৎ রজসোঽপি ধূম্রারুণত্বম্। স্বে স্বপক্ষাঃ ॥২৪॥
পিতেতি। নির্মর্য্যাদে শৃঙ্খলাশূন্যে, বৈশসে হিংসায়াম্ ॥২৫॥
শস্ত্রাণামিতি। প্রেতানাং দেবযোনিবিশেষাণামিব নানাপ্রকারঃ ॥২৬॥

রাজা! যুদ্ধে মহাযশোলাভের কামনা করিয়া অশ্বারোহীরা অশ্বারোহীদের সহিত এবং পদাতিরা পদাতিদের সঙ্গে পরস্পর মিলিত হইল ॥২২॥

হঠাৎ হস্তী, অশ্ব, রথ ও পদাতির পাদসংঘর্ষে এবং রথচক্রপ্রান্তের আঘাতে আর মল্লযোদ্ধাদের উরুপ্রভৃতির তাড়নে ভূতল হইতে তীব্র ও বিশাল ধূলিজাল উত্থিত হইল ॥২৩॥

রাজা! ধূম্রবর্ণ ও অরুণবর্ণ গুরুতর ধূলি উঠিয়া রণভূমিকে আবৃত করিয়া ফেলিল। সুতরাং স্বপক্ষেরা বা বিপক্ষেরা পরস্পর পরিচয় পাইতে লাগিল না ॥২৪॥

শৃঙ্খলাশূন্য ও লোমহর্ষণ সেইরূপ হত্যা চলিতে থাকিলে, পিতা পুত্রকে বা পুত্র পিতাকে চিনিতে পারিল না ॥২৫॥

ভরতশ্রেষ্ঠ রাজা! তৎকালে নিক্ষিপ্যমাণ অস্ত্র ও গর্জনকারী মনুষ্যগণের, প্রেতগণেরই তুল্য নানাপ্রকার গুরুতর শব্দ হইতে লাগিল ॥২৬॥

(২৫)…রোমহর্ষণে…নি। (২৭)…শোণিতাক্তা তরঙ্গিণী…পি,…শোণিতাম্বুতরঙ্গিণী …রা নি।

CENTRAL LIBRARY

নরাণাঞ্চৈব কায়েভ্যঃ শিরসাং পততাং রণে।
শুশ্রুবে সুমহান্ শব্দঃ পততামশ্মনামিব ॥২৮॥
বিশিরস্কৈর্মনুষ্যৈশ্চ ছিন্নগাত্রৈশ্চ বারণৈঃ।
অশ্বৈঃ সংভিন্নদেহৈশ্চ সঙ্কীর্ণাভূদ্বসুন্ধরা ॥২৯॥
নানাবিধানি শস্ত্রাণি বিসৃজন্তো মহারথাঃ।
অন্যোন্যমভিধাবন্তঃ সংপ্রহারার্থমুদ্যতাঃ ॥৩০॥
হয়া হয়ান্ সমাসাদ্য প্রেষিতা হয়সাদিভিঃ।
সমাহত্য রণেঽন্যোন্যং নিপেতুর্গতজীবিতাঃ ॥৩১॥
নরা নরান্ সমাসাদ্য ক্রোধরক্তেক্ষণা ভৃশম্।
উরাংস্যুরোভিরন্যোন্যং সমাশ্লিষ্য নিজঘ্নিরে ॥৩২॥

ভারতকৌমুদী

গজেতি। তরঙ্গিণী তরঙ্গযুক্তা। কেশা এব শৈবলাস্তৈঃ শাদ্বলা হরিদ্বর্ণা ॥২৭॥
নরাণামিতি। রণে রণাঙ্গনে। অশ্মনাং পাষাণানাম্ ॥২৮॥
বিশিরস্কৈরিতি। বারণৈর্হস্তিভিঃ। সঙ্কীর্ণা ব্যাপ্তা, বসুন্ধরা রণভূমিঃ ॥২৯॥
নানেতি। বিসৃজন্তো নিক্ষিপন্তঃ উদ্যতা অভবন্নিতি শেষঃ ॥৩০॥
হয়া ইতি। সমাসাদ্য প্রাপ্য, হয়সাদিভিঃ অশ্বারোহিভিঃ ॥৩১॥
নরা ইতি। উরাংসি বক্ষাংসি, উরোভির্বক্ষোভিঃ সমাশ্লিষ্য সমালিঙ্গ্য ॥৩২॥

ক্রমে সেস্থানে হস্তী, অশ্ব ও মনুষ্যগণের রক্তের একটা নদী প্রবাহিত হইল, তাহাতে তরঙ্গ চলিতে লাগিল এবং কেশরূপ শৈবালে (শেওলাতে) সে নদীটা হরিদ্বর্ণ দেখা যাইতে থাকিল ॥২৭॥

ভূতলে প্রস্তরপতনশব্দের ন্যায় সমরাঙ্গনে মনুষ্যগণের দেহ হইতে মস্তক-পতনের গুরুতর শব্দ শুনা যাইতে লাগিল ॥২৮॥

ক্রমে মস্তকবিহীন মনুষ্য, ছিন্নগাত্র হস্তী ও বিদীর্ণদেহ অশ্বে সমরভূমি ব্যাপ্ত হইয়া গেল ॥২৯॥

মহারথেরা নানাবিধ অস্ত্রক্ষেপ করতঃ পরস্পর ধাবিত হইতে থাকিয়া প্রহার করিবার জন্য উদ্যত হইতে লাগিলেন ॥৩০॥

অশ্বারোহীরা অশ্বগুলিকে চালাইয়া দিলে, সেগুলি অপর অশ্বগণকে পাইয়া পরস্পর আঘাত করিয়া প্রাণহীন হইয়া পতিত হইতে লাগিল ॥৩১॥

ক্রোধে আরক্তনয়ন পদাতিরা অপর পদাতিদিগকে পাইয়া পরস্পর বক্ষ-দ্বারা বক্ষ আলিঙ্গন করিয়া গুরুতর আঘাত করিতে থাকিল ॥৩২॥

প্রেষিতাশ্চ মহামাত্রৈর্বারণাঃ পরবারণৈঃ।
অভ্যঘ্নন্ত বিষাণাগ্রৈর্বারণানেব সংযুগে ॥৩৩॥
তে জাতরুধিরোৎপীড়াঃ পতাকাভিরলঙ্কৃতাঃ।
সংসক্তাঃ প্রত্যদৃশ্যন্ত মেঘা ইব সবিদ্যুতঃ ॥৩৪॥
কেচিদ্ভিন্না বিষাণাগ্রৈর্ভিন্নকুম্ভাশ্চ তোমরৈঃ।
বিনদন্তোঽভ্যধাবন্ত গর্জমানা ঘনা ইব ॥৩৫॥
কেচিদ্ধস্তৈর্দ্বিধা চ্ছিন্নৈশ্ছিন্নগাত্রাস্তথাপরে।
নিপেতুস্তুমুলে তস্মিংশ্ছিন্নপক্ষা ইবাদ্রয়ঃ ॥৩৬॥
পার্শ্বৈস্তু দারিতৈরন্যে বারণৈর্বরবারণাঃ।
মুমুচুঃ শোণিতং ভূরি ধাতূনিব মহীধরাঃ ॥৩৭॥
নারাচনিহতাশ্চান্যে তথা বিদ্ধাশ্চ তোমরৈঃ।
হতারোহা ব্যদৃশ্যন্ত বিশৃঙ্গা ইব পর্বতাঃ ॥৩৮॥

ভারতকৌমুদী

প্রেষিতা ইতি। মহামাত্রৈর্হস্তিপকৈঃ। পরবারণৈঃ সহ যোদ্ধুমিতি শেষঃ ॥৩৩॥
ত ইতি। জাতা রুধিরোৎপীড়া রক্তধারারূপশেখরা যেষাং তে ॥৩৪॥
কেচিদিতি। বিষাণাগ্রৈর্দন্তাগ্রৈঃ। গর্জমানা গর্জন্তঃ, ঘনা মেঘাঃ ॥৩৫॥
কেচিদিতি। হস্তৈঃ শুণ্ডাভিরুপলক্ষিতাঃ। অদ্রয়ঃ পর্বতাঃ ॥৩৬॥
পার্শ্বৈরিতি। অত্রাপি পার্শ্বৈরিতি বিশেষণে তৃতীয়া। ধাতূন্ রক্তবর্ণান্ ॥৩৭॥

বিপক্ষ হস্তিগণের সহিত যুদ্ধ করিবার জন্য হস্তিপকেরা চালাইয়া দিলে, হস্তীগুলি যাইয়া দন্তাগ্রদ্বারা সেই বিপক্ষ হস্তীগুলিকেই আঘাত করিতে লাগিল ॥৩৩॥

তখন সেই আহত হস্তীগুলির মস্তক হইতে রক্তের ধারা নির্গত হইয়া রক্তবর্ণপুষ্পমালার ন্যায় হইতে থাকিল; সেই সময়ে পতাকালঙ্কৃত পরস্পর সংলগ্ন সেই হস্তীগুলিকে বিদ্যুদ্যুক্ত মেঘের ন্যায় দেখা যাইতে লাগিল ॥৩৪॥

কতকগুলি দন্তাগ্রবিদীর্ণ এবং কতকগুলি তোমরবিদীর্ণকুম্ভ হস্তী বৃংহিতধ্বনি করিতে থাকিয়া গর্জনশীল মেঘের ন্যায় ধাবিত হইতে থাকিল ॥৩৫॥

কতকগুলি ছিন্নশুণ্ড এবং অন্য কতকগুলি ছিন্নগাত্র হস্তী, ছিন্নপক্ষ পর্ব্বতসমূহের ন্যায় সেই তুমুল যুদ্ধে পতিত হইল ॥৩৬॥

বিপক্ষ হস্তীরা দন্তদ্বারা পার্শ্ব বিদারণ করিলে, বিশাল হস্তী সকল—পর্ব্বত যেমন রক্তবর্ণ ধাতু নিঃসারণ করে, সেইরূপ প্রচুর রক্ত নিঃসারণ করিতে থাকিল ॥৩৭॥

(৩৭) পার্শ্বৈঃ সুদারিতৈঃ…বা। (৩৮)…বিনদন্তোঽভ্যধাবন্ত বিশৃঙ্গা ইব পর্বতাঃ—বা রা নি।

কেচিৎ ক্রোধসমাবিষ্টা মদান্ধা নিরবগ্রহাঃ।
রথান্ হয়ান্ পদাতীংশ্চ মমৃদুঃ শতশো রণে ॥৩৯॥
তথা হয়া হয়ারোহৈস্তাড়িতাঃ প্রাসতোমরৈঃ।
তেন তেনাভ্যবর্ত্তন্ত কুর্বন্তো ব্যাকুলা দিশঃ ॥৪০॥
রথিনো রথিভিঃ সার্দ্ধং কুলপুত্রাস্তনুত্যজঃ।
পরাং শক্তিং সমাস্থায় চক্রুঃ কর্ম্মাণ্যভীতবৎ ॥৪১॥
স্বয়ংবর ইবামর্দ্দে প্রজহ্রুরিতরেতরম্।
প্রার্থয়ানা যশো রাজন্! স্বর্গং বা যুদ্ধশালিনঃ ॥৪২॥
তস্মিংস্তথা বর্ত্তমানে সংগ্রামে লোমহর্ষণে।
ধার্ত্তরাষ্ট্রং মহৎ সৈন্যং প্রায়শো বিমুখীকৃতম্ ॥৪৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে সঙ্কুলযুদ্ধে ঊননবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

নারাচেতি। হতারোহা নিহতারোহিণঃ, অতএব বিশৃঙ্গাঃ শৃঙ্গশূন্যাঃ ॥৩৮॥
কেচিদিতি। নিরবগ্রহা দুর্নিবারা হস্তিনঃ। মমৃদুর্মর্দ্দয়ামাসুঃ ॥৩৯॥
তথেতি। তেন তেন মার্গেণ, অভ্যবর্ত্তন্ত বাচরন্ ॥৪০॥
রথিন ইতি। কুলপুত্রাঃ সদ্বংশজাতা যোদ্ধারঃ, তনুত্যজো দেহত্যাগায়োদ্যতাঃ ॥৪১॥
স্বয়মিতি। স্বয়ংবরে কন্যায়াঃ স্বয়ংবরণসমাজে, আমর্দ্দে সংঘর্ষে ॥৪২॥

অন্য অনেক হস্তী নারাচদ্বারা নিহত, অপর বহুতর হস্তী তোমরবিদ্ধ ও অন্য কতকগুলি হতারোহী হইয়া শৃঙ্গশূন্য পর্ব্বতের ন্যায় দৃষ্টিগোচর হইতে লাগিল ॥৩৮॥

ক্রোধাবিষ্ট, মদান্ধ ও দুর্নিবার কতকগুলি হস্তী সমরাঙ্গনে শত শত রথ, অশ্ব ও পদাতিকে মর্দ্দন করিতে থাকিল ॥৩৯॥

অশ্বারোহীরা প্রাস ও তোমরদ্বারা আঘাত করিলে বহুতর অশ্ব সকল দিক্ আকুল করিতে থাকিয়া সেই সেই পথে বিচরণ করিতে লাগিল ॥৪০॥

রথারোহী সদ্বংশজাত যোদ্ধারা দেহত্যাগে উদ্যত হইয়া পরম শক্তি অবলম্বন করিয়া নির্ভয়ের ন্যায় অপর রথিগণের সহিত যুদ্ধ করিতে থাকিলেন ॥৪১॥

রাজা! যোদ্ধারা স্বয়ংবরসংঘর্ষের ন্যায় সেই যুদ্ধসংঘর্ষে যশ বা স্বর্গ উদ্দেশ্য করিয়া পরস্পর প্রহার করিতে লাগিলেন ॥৪২॥

---

(৪৩)···রোমহর্ষণে···নি। * '···চতুর্নবতিতমোঽধ্যায়ঃ' বা, '···ত্রিনবতিতমোঽধ্যায়' রা নি।

CENTRAL LIBRARY

নবতিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

স্বসৈন্যং নিহতং দৃষ্ট্বা রাজা দুর্য্যোধনঃ স্বয়ম্।
অভ্যধাবৎ সুসংক্রুদ্ধো ভীমসেনমরিন্দমম্ ॥১॥
প্রগৃহ্য সুমহচ্চাপমিন্দ্রাশনিসমস্বনম্।
মহতা শরবর্ষেণ পাণ্ডবং সমবাকিরৎ ॥২॥
অর্দ্ধচন্দ্রঞ্চ সন্ধায় সুতীক্ষ্ণং লোমবাহিনম্।
ভীমসেনস্য চিচ্ছেদ চাপং ক্রোধসমন্বিতঃ ॥৩॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। বিমুখীকৃতম্, পাণ্ডবসৈন্যৈঃ কতিপয়াংশহননাদিত্যাশয়ঃ ॥৪৩॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে উননবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

স্বেতি। ভীমসেনং প্রত্যেব তস্য চিরবিদ্বেষাদিত্যাশয়ঃ ॥১॥

প্রেতি। ইন্দ্রস্য অশনের্বজ্রস্বনস্য সমঃ স্বনঃ শব্দো যস্য তৎ। পাণ্ডবং ভীমসেনম্ ॥২॥

অর্দ্ধেতি। অর্দ্ধচন্দ্রং তদাকারফলকং বাণম্ ॥৩॥

সেই লোমহর্ষণ যুদ্ধ সেইভাবে চলিতে লাগিলে, পাণ্ডবসৈন্য বিশাল ধার্ত্তরাষ্ট্র সৈন্যকে প্রায় পরাঙ্মুখ করিয়া ফেলিল' ॥৪৩॥

সঞ্জয় বলিলেন—'আপন সৈন্য নিহত দেখিয়া রাজা দুর্য্যোধন অত্যন্তক্রুদ্ধ হইয়া নিজেই অরিন্দম ভীমসেনের দিকে ধাবিত হইলেন ॥১॥

তিনি, ইন্দ্রের বজ্রের শব্দের তুল্য শব্দকারী বিশাল ধনু ধারণ করিয়া ভীমসেনের উপরে বহুতর বাণ বর্ষণ করিলেন ॥২॥

পরে ক্রুদ্ধ দুর্য্যোধন সুতীক্ষ্ণ ও লোমযুক্ত একটা অর্দ্ধচন্দ্র বাণ সন্ধান করিয়া তাহাদ্বারা ভীমসেনের ধনু ছেদন করিলেন ॥৩॥

(১)…অভ্যধাবত সংক্রুদ্ধঃ…পি বা রা।

তদন্তরঞ্চ সংপ্রেক্ষ্য ত্বরমাণো মহারথঃ।
প্রসন্দধে শিতং বাণং গিরীণামপি দারণম্।
তেনোরসি মহারাজ! ভীমসেনমতাড়য়ৎ ॥৪॥
স গাঢ়বিদ্ধো ব্যথিতঃ সৃক্কণী পরিসংলিহন্।
সমাললম্বে তেজস্বী ধ্বজং হেমপরিষ্কৃতম্ ॥৫॥
তথা বিমনসং দৃষ্ট্বা ভীমসেনং ঘটোৎকচঃ।
ক্রোধেনাভিপ্রজজ্বাল দিধক্ষন্নিব পাবকঃ ॥৬॥
অভিমন্যুমুখাশ্চাপি পাণ্ডবানাং মহারথাঃ।
সমভ্যধাবন্ ক্রোশন্তো রাজানং জাতসংভ্রমাঃ ॥৭॥
সংপ্রেক্ষ্য তানাপততঃ সংক্রুদ্ধান্ জাতসম্ভ্রমান্।
ভারদ্বাজোঽব্রবীদ্বাক্যং তাবকানাং মহারথান্ ॥৮॥

ভারতকৌমুদী

তদিতি। তদন্তরম্ অন্যচাপগ্রহণপর্য্যন্তমবসরম্। উরসি বক্ষসি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥

স ইতি। স ভীমসেনঃ। সমাললম্বে দধার। হেমপরিষ্কৃতং স্বর্ণালঙ্কৃতম্ ॥৫॥

তথেতি। বিমনসং বেদনাক্রান্তচিত্তম্। দিধক্ষন্ কাষ্ঠং দগ্ধুমিচ্ছন্ ॥৬॥

অভীতি। ক্রোশন্তো গর্জন্তঃ, রাজানং দুর্য্যোধনম্, জাতসংভ্রমা ব্যস্তচিত্তাঃ ॥৭॥

সংপ্রেক্ষ্যেতি। ভারদ্বাজো দ্রোণঃ। তাবকানাং স্বৎপক্ষীয়যোধানাং মধ্যে মহারথান্ ॥৮॥

মহারাজ! তখন মহারথ দুর্য্যোধন সেই অবসর দেখিয়া সত্বর হইয়া পর্বতবিদারণেও সক্ষম একটা তীক্ষ্ণ বাণ সন্ধান করিলেন এবং তাহাদ্বারা ভীমসেনের বক্ষস্থলে আঘাত করিলেন ॥৪॥

তাহাতে গাঢ়বিদ্ধ ও ব্যথিত হইয়া তেজস্বী ভীমসেন ওষ্ঠপ্রান্তযুগল লেহন করতঃ স্বর্ণালঙ্কৃত রথধ্বজ ধারণ করিলেন ॥৫॥

ভীমসেনকে সেইরূপ বেদনাকুল দেখিয়া ঘটোৎকচ ক্রোধে কাষ্ঠদহনপ্রবৃত্ত অগ্নির ন্যায় জ্বলিয়া উঠিল ॥৬॥

এবং অভিমন্যুপ্রভৃতি পাণ্ডবপক্ষীয় মহারথেরাও ব্যস্ত হইয়া গর্জন করিতে থাকিয়া দুর্য্যোধনের প্রতি ধাবিত হইলেন ॥৭॥

তাঁহাদিগকে ক্রুদ্ধ ও ব্যস্ত অবস্থায় আসিতে দেখিয়া দ্রোণাচার্য্য আপনার পক্ষীয় যোদ্ধাদের মধ্যে মহারথগণকে এই কথা বলিলেন—॥৮॥

(৪)···স সন্দধে···পি। (৫)···সৃক্কিণী···বা রা নি।

CENTRAL LIBRARY

ক্ষিপ্রং গচ্ছত ভদ্রং বো রাজানং পরিরক্ষত।
সংশয়ং পরমং প্রাপ্তং মজ্জন্তং ব্যসনার্ণবে ॥৯॥
এতে ক্রুদ্ধা মহেষ্বাসাঃ পাণ্ডবানাং মহারথাঃ।
ভীমসেনং পুরস্কৃত্য দুর্য্যোধনমুপাদ্রবন্ ॥১০॥
নানাবিধানি শস্ত্রাণি বিসৃজন্তো জয়ে ধৃতাঃ।
নদন্তো ভৈরবান্ নাদাংস্ত্রাসয়ন্তশ্চ ভূমিপান্ ॥১১॥ (যুগ্মকম্)
তদাচার্য্যবচঃ শ্রুত্বা সৌমদত্তিপুরোগমাঃ।
তাবকাঃ সমবর্ত্তন্ত পাণ্ডবানামনীকিনীম্ ॥১২॥
কৃপো ভূরিশ্রবাঃ শল্যো দ্রোণপুত্রো বিবিংশতিঃ।
চিত্রসেনো বিকর্ণশ্চ সৈন্ধবোঽথ বৃহদ্বলঃ।
আবন্ত্যৌ চ মহেষ্বাসৌ কৌরবং পর্য্যবারয়ন্ ॥১৩॥
তে বিংশতিপদং গত্বা সংপ্রহারং প্রচক্রিরে।
পাণ্ডবা ধার্ত্তরাষ্ট্রাশ্চ পরস্পরজিঘাংসবঃ ॥১৪॥

ভারতকৌমুদী

ক্ষিপ্রমিতি। বো যুষ্মাকং ভদ্রং মঙ্গলমেবাস্তীতি গচ্ছত। ব্যসনার্ণবে বিপৎসমুদ্রে ॥৯॥
এত ইতি। পুরস্কৃত্য অগ্রেসরীকৃত্য। জয়ে ধৃতা ধৃতাগ্রহাঃ। নদন্তঃ কুর্বন্তঃ ॥১০—১১॥
তদিতি। সৌমদত্তিপুরোগমা ভূরিশ্রবঃপ্রভৃতয়ঃ। সমবর্ত্তন্ত অভ্যধাবন্ ॥১২॥
কৃপ ইতি। সৈন্ধবো জয়দ্রথঃ। আবন্ত্যৌ বিন্দানুবিন্দৌ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩॥

'মহারথগণ! আপনারা কুশলেই আছেন। সুতরাং সত্বর যান, যাইয়া রাজাকে রক্ষা করুন। কারণ, তিনি গুরুতর জীবনসংশয়াপন্ন হইয়াছেন এবং বিপৎসমুদ্রে পড়িয়াছেন ॥৯॥

কারণ, পাণ্ডবপক্ষীয় এই সকল মহাধনুর্দ্ধর মহারথেরা ক্রুদ্ধ ও জয়াভিলাষী হইয়া, ভীমসেনকে অগ্রবর্ত্তী করিয়া, নানাবিধ অস্ত্রক্ষেপ, ভীষণ সিংহনাদ ও রাজগণকে বিত্রস্ত করিতে থাকিয়া দুর্য্যোধনের দিকে ধাবিত হইয়াছেন' ॥১০—১১॥

দ্রোণাচার্য্যের সেই কথা শুনিয়া ভূরিশ্রবাপ্রভৃতি আপনার পক্ষীয় যোদ্ধারা পাণ্ডবসৈন্যের দিকে ধাবিত হইলেন ॥১২॥

কৃপ, ভূরিশ্রবা, শল্য, অশ্বত্থামা, বিবিংশতি, চিত্রসেন, বিকর্ণ, জয়দ্রথ, বৃহদ্বল এবং অবন্তিদেশীয় মহাধনুর্দ্ধর বিন্দ ও অনুবিন্দ ইঁহারা যাইয়া রক্ষা করিবার জন্য দুর্য্যোধনকে পরিবেষ্টন করিলেন ॥১৩॥

(১১)···বিসৃজন্তো মহারথাঃ···নি।

দ্রোণস্ততো মহাবাহুর্মহদ্বিস্ফার্য্য কার্ম্মুকম্ ।
ভারদ্বাজস্ততো ভীমং ষড়্‌বিংশত্যা সমার্পয়ৎ ॥১৫॥
ভূয়শ্চৈনং মহাবাহুঃ শরৈর্বহুভিরাবৃণোৎ ।
পর্বতং বারিধারাভিঃ শরদীব বলাহকঃ ॥১৬॥
তং প্রত্যবিধ্যদ্দশভির্ভীমসেনঃ শিলীমুখৈঃ ।
ত্বরমাণো মহেষ্বাসঃ সব্যে পার্শ্বে মহাবলঃ ॥১৭॥
স গাঢ়বিদ্ধো ব্যথিতো বয়োবৃদ্ধশ্চ ভারত ! ।
প্রনষ্টসংজ্ঞঃ সহসা রথোপস্থ উপাবিশৎ ॥১৮॥
গুরুং প্রব্যথিতং দৃষ্ট্বা রাজা দুর্য্যোধনঃ স্বয়ম্ ।
দ্রৌণায়নিশ্চ সংক্রুদ্ধৌ ভীমসেনমভিদ্রুতৌ ॥১৯॥

ভারতকৌমুদী

ত ইতি। পরঞ্চ পরস্পরজিঘাংসবঃ অভবন্নিতি শেষঃ ॥১৪॥
দ্রোণ ইতি। ভারদ্বাজস্তদ্বংশ্যঃ। ষড়্‌বিংশত্যা বাণৈঃ, সমার্পয়দপীড়য়ৎ ॥১৫॥
ভূয় ইতি। মহাবাহুর্দ্রোণঃ। বলাহকো মেঘঃ ॥১৬॥
তমিতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ। সব্যে বামে ॥১৭॥
স ইতি। প্রনষ্টসংজ্ঞো লুপ্তচৈতন্যঃ, রথোপস্থে রথোপরিদেশে ॥১৮॥
গুরুমিতি। গুরুং দ্রোণম্। দ্রৌণায়নিরশ্বত্থামা ॥১৯॥

তাঁহারা বিংশতিপদ যাইয়া সেই স্থান হইতেই প্রহার করিতে আরম্ভ করিয়া দিলেন। তাহার পর পাণ্ডবগণ ও ধার্ত্তরাষ্ট্রগণ পরস্পর জিঘাংসু হইলেন ॥১৪॥

তৎপরে ভরদ্বাজনন্দন মহাবাহু দ্রোণ বিশাল ধনু বিস্ফারিত করিয়া ছাব্বিশটা বাণদ্বারা ভীমসেনকে তাড়ন করিলেন ॥১৫॥

শরৎকালে মেঘ যেমন জলধারাদ্বারা পর্বত আবৃত করে, সেইরূপ মহাবাহু দ্রোণ পুনরায় বহুতর বাণদ্বারা ভীমকে আবৃত করিলেন ॥১৬॥

তখন মহাধনুর্দ্ধর ও মহাবল ভীমসেন ত্বরান্বিত হইয়া দশটা বাণদ্বারা বামপার্শ্বে দ্রোণকে বিদ্ধ করিলেন ॥১৭॥

ভরতনন্দন! বয়োবৃদ্ধ দ্রোণ তাহাতে গাঢ়বিদ্ধ, ব্যথিত ও চৈতন্যবিহীন হইয়া রথের উপরে উপবেশন করিলেন ॥১৮॥

(১৫) এবমুক্ত। মহাবাহুঃ…বা রা নি। (১৬) শরৈঃ শীঘ্রমবাকিরৎ…বা রা নি। (১৭)…সব্যে পার্শ্বে সমর্দ্দয়ৎ—পি।

তাবাপতন্তৌ সংপ্রেক্ষ্য কালান্তকযমোপমৌ।
ভীমসেনো মহাবাহুর্গদামাদায় সত্বরম্ ॥২০॥
অবপ্লুত্য রথাত্তূর্ণং তস্থৌ গিরিরিবাচলঃ।
সমুদ্যম্য গদাং গুর্বীং যমদণ্ডোপমাং রণে ॥২১॥ (যুগ্মকম্)
তমুদ্যতগদং দৃষ্ট্বা কৈলাসমিব শৃঙ্গিণম্।
কৌরবো দ্রোণপুত্রশ্চ সহিতাবভ্যধাবতাম্ ॥২২॥
তাবাপতন্তৌ সংপ্রেক্ষ্য ত্বরিতৌ বলিনাং বরৌ।
অভ্যধাবত বেগেন ত্বরমাণো বৃকোদরঃ ॥২৩॥
তমাপতন্তং সংপ্রেক্ষ্য সংক্রুদ্ধং ভীমদর্শনম্।
সমভ্যধাবংস্ত্বরিতাঃ কৌরবাণাং মহারথাঃ ॥২৪॥
ভারদ্বাজমুখাঃ সর্বে ভীমসেনজিঘাংসয়া।
নানাবিধানি শস্ত্রাণি ভীমস্যোরস্যপাতয়ন্ ॥২৫॥

ভারতকৌমুদী

তাবিতি। কালেত্যাদি প্রাগ্ব্যাখ্যাতম্। গুর্বীং ভারবতীম্ ॥২০—২১॥
তমিতি। উদ্যতা গদা যেন তম্। কৌরবো দুর্য্যোধনঃ ॥২২॥
তাবিতি। আপতন্তৌ আগচ্ছন্তৌ, তৌ দুর্য্যোধনাশ্বত্থামানৌ ॥২৩॥
তমিতি। ভারদ্বাজমুখা দ্রোণপ্রভৃতয়ঃ কৌরবাণাং মহারথা ইতি সম্বন্ধঃ। উরসি

তখন দ্রোণাচার্য্যকে অত্যন্ত ব্যথিত দেখিয়া রাজা দুর্য্যোধন নিজে ও অশ্বত্থামা অত্যন্তক্রুদ্ধ হইয়া ভীমসেনের দিকে ধাবিত হইলেন ॥১৯॥

কালান্তক যমের ন্যায় তাঁহাদিগকে আসিতে দেখিয়া মহাবাহু ভীমসেন সত্বর গদা লইয়া দ্রুত রথ হইতে লাফাইয়া পড়িয়া যমদণ্ডের তুল্য সেই গদাটাকে উত্তোলন করিয়া সমরাঙ্গনে পর্বতের ন্যায় অচল হইয়া রহিলেন ॥২০—২১॥

শৃঙ্গযুক্ত কৈলাসপর্বতের ন্যায় উত্তোলিত-গদাধারী ভীমসেনকে দেখিয়া দুর্য্যোধন ও অশ্বত্থামা মিলিত হইয়া তাঁহার দিকে ধাবিত হইলেন ॥২২॥

বলিশ্রেষ্ঠ দুর্য্যোধন ও অশ্বত্থামাকে সত্বর আসিতে দেখিয়া ত্বরাপরায়ণ ভীমসেনও বেগে তাঁহাদের দিকে ধাবিত হইলেন ॥২৩॥

তখন অত্যন্তক্রুদ্ধ ও ভয়ঙ্করমূর্ত্তি ভীমসেনকে আসিতে দেখিয়া দ্রোণপ্রভৃতি কৌরবপক্ষের মহারথেরা সকলে ত্বরান্বিত হইয়া সেই ভীমসেনকে বধ করিবার ইচ্ছায় ধাবিত হইলেন এবং সকলে মিলিত হইয়া সকল দিক্ হইতে তাঁহাকে

(২০)···ক্রুদ্ধৌ কালান্তকোপমৌ···পি বা। (২৩) তাবাপতন্তৌ সহিতৌ···বা নি।

সহিতাঃ পাণ্ডবং সর্বে পীড়য়ন্তঃ সমন্ততঃ।
তং দৃষ্ট্বা সংশয়ং প্রাপ্তং পীড্যমানং মহারথম্ ॥২৬॥
অভিমন্যুপ্রভৃতয়ঃ পাণ্ডবানাং মহারথাঃ।
অভ্যধাবন্ পরীপ্সন্তঃ প্রাণাংস্ত্যক্ত্বা সুদুস্ত্যজান্ ॥২৭॥ (কলাপকম্)
অনূপাধিপতিঃ শূরো ভীমস্য দয়িতঃ সখা।
নীলো নীলাম্বুদপ্রখ্যঃ সংক্রুদ্ধো দ্রৌণিমভ্যয়াৎ ॥২৮॥
স্পর্দ্ধতে হি মহেষ্বাসো নিত্যং দ্রোণসুতেন সঃ।
স বিস্ফার্য্য মহচ্চাপং দ্রৌণিং বিব্যাধ পত্রিণা ॥২৯॥
যথা শক্রো মহারাজ! পুরা বিব্যাধ দানবম্।
বিপ্রচিত্তিং দুরাধর্ষং দেবতানাং ভয়ঙ্করম্ ॥৩০॥ (যুগ্মকম্)
যেন লোকত্রয়ং ক্রোধাত্রাসিতং স্বেন তেজসা।
তথা নীলেন নির্ভিন্নঃ সুপ্রযুক্তেন পত্রিণা ॥৩১॥

ভারতকৌমুদী

বক্ষসি। সংশয়ং জীবনস্থিতিসন্দেহম্। পরীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ, প্রাণান্ প্রাণমমতাম্ ॥২৪—২৭॥

অনূপেতি। দয়িতঃ প্রিয়ঃ। নীলাম্বুদপ্রখ্যো নীলমেঘতুল্যবর্ণঃ ॥২৮॥

স্পর্দ্ধত ইতি। স নীলঃ। পত্রিণা বাণেন। বিপ্রচিত্তিং নাম ॥২৯—৩০॥

যেনেতি। যেন বিপ্রচিত্তিনা। নির্ভিন্নো বিদীর্ণো দ্রৌণিরিতি শেষঃ ॥৩১॥

পীড়ন করিবার জন্য তাঁহার বক্ষস্থলে নানাবিধ অস্ত্র ক্ষেপ করিতে লাগিলেন। মহারথ ভীমসেন পীড়িত হইতেছেন এবং জীবনসন্দেহ প্রাপ্ত হইয়াছেন ইহা দেখিয়া অভিমন্যুপ্রভৃতি পাণ্ডবপক্ষের মহারথেরাও অতিদুস্ত্যজ প্রাণের মমতা ত্যাগ করিয়া ভীমসেনকে রক্ষা করিবার জন্য সেই দিকে ধাবিত হইলেন ॥২৪—২৭॥

অনূপদেশের অধিপতি, ভীমসেনের প্রিয়সখা, জলপূর্ণ মেঘের ন্যায় নীলকান্তি ও বীর নীলরাজা ক্রুদ্ধ হইয়া অশ্বত্থামার দিকে ধাবিত হইলেন ॥২৮॥

কারণ, মহাধনুর্দ্ধর নীলরাজা সর্ব্বদাই অশ্বত্থামার সহিত স্পর্দ্ধা করিয়া থাকেন। সুতরাং মহারাজ! পূর্ব্বকালে ইন্দ্র যেমন দেবগণের ভয়জনক দুর্দ্ধর্ষ বিপ্রচিত্তিনামক দানবকে বিদ্ধ করিয়াছিলেন, সেইরূপ নীলরাজা বিশাল ধনু বিস্ফারিত করিয়া বাণদ্বারা অশ্বত্থামাকে বিদ্ধ করিলেন ॥২৯—৩০॥

(২৯)···নিত্যং দ্রোণসুতেন যঃ···পি। (৩১)···নির্ভিন্নঃ সুমুক্তেন পতত্রিণা—বা রা,··· নির্ভিন্নঃ সম্যগ্‌যুক্তেন পত্রিণা···নি।

সঞ্জাতরুধিরোৎপীড়ো দ্রৌণিঃ ক্রোধসমন্বিতঃ।
স বিস্ফার্য্য ধনুশ্চিত্রমিন্দ্রাশনিসমস্বনম্ ॥৩২॥
দধ্রে নীলবিনাশায় মতিং মতিমতাং বরঃ।
ততঃ সন্ধায় বিমলান্ ভল্লান্ কর্ম্মারমার্জ্জিতান্ ॥৩৩॥
জঘান চতুরো বাহান্ সারথিং ধ্বজমেব চ।
দ্বাভ্যামেকেন ভল্লেন নীলং বিব্যাধ বক্ষসি ॥৩৪॥ (বিশেষকম্)
স গাঢ়বিদ্ধো ব্যথিতো রথোপস্থ উপাবিশৎ।
মোহিতং বীক্ষ্য রাজানং নীলমভ্রচয়োপমম্ ॥৩৫॥
ঘটোৎকচোঽভিসংক্রুদ্ধো জ্ঞাতিভিঃ পরিবারিতঃ।
অভিদুদ্রাব বেগেন দ্রৌণিমাহবশোভিনম্ ॥৩৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সঞ্জাতেতি। সঞ্জাতো রুধিরোৎপীড়ো রক্তমালা যস্য সঃ। কর্ম্মারমার্জ্জিতান্ কর্ম্মকার-সুধারীকৃতান্। বাহানশ্বান্। দ্বাভ্যাং ভল্লাভ্যাং সারথিং ধ্বজমেব চ জঘান ॥৩২—৩৪॥
স ইতি। অভ্রচয়োপমং নীলমেঘসমূহসদৃশম্। দ্রৌণিমশ্বত্থামানম্ ॥৩৫—৩৬॥

যে বিপ্রচিত্তি ক্রোধবশতঃ আপন তেজে ত্রিভুবনের ত্রাস উৎপাদন করিত। (সে যাহা হউক) নীলরাজা সুসংহিত বাণদ্বারা অশ্বত্থামাকে সেইভাবে বিদ্ধ করিলেন ॥৩১॥

তাহাতে রক্তের ধারা নির্গত হওয়ায় অশ্বত্থামার বক্ষস্থলে যেন রক্তবর্ণ ফুলের মালা দুলিতে লাগিল। তখন তিনি ক্রুদ্ধ হইয়া ইন্দ্রের বজ্রের শব্দের তুল্য শব্দকারী বিচিত্র ধনু বিস্ফারিত করিয়া নীলরাজাকে বিনষ্ট করিবার ইচ্ছা করিলেন। তৎপরে বুদ্ধিমৎপ্রধান অশ্বত্থামা কর্ম্মকারমার্জ্জিত নির্ম্মল কতকগুলি ভল্ল সন্ধান করিয়া, তাহার চারিটাদ্বারা নীলরাজার চারিটা অশ্বকে এবং একটা-দ্বারা তাঁহার সারথিকে বধ করিলেন; আর একটাদ্বারা ধ্বজচ্ছেদন করিলেন, তাহার পর অপর একটাদ্বারা নীলরাজার বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥৩২—৩৪॥

তখন নীলরাজা গাঢ়বিদ্ধ ও ব্যথিত হইয়া রথের উপরে উপবেশন করিলেন। সেই সময়ে নীলবর্ণ মেঘসমূহতুল্য নীলরাজাকে মোহিত দেখিয়া ঘটোৎকচ অত্যন্তক্রুদ্ধ ও জ্ঞাতিবর্গে পরিবেষ্টিত হইয়া যুদ্ধশোভী অশ্বত্থামার দিকে বেগে ধাবিত হইল ॥৩৫—৩৬॥

(৩২)…সমপ্রভম্—পি। (৩৪)…পাতয়ামাস চ ধ্বজম্। সপ্তমেন চ ভল্লেন…বা রা নি। (৩৫)…নীলমশ্রচয়োপমম্—নি। (৩৬)…আহবশোভনম্—বা।

তথেতরে চাভ্যধাবন্ রাক্ষসা যুদ্ধদুর্ম্মদাঃ।
তমাপতন্তং সংপ্রেক্ষ্য রাক্ষসং ঘোরদর্শনম্ ॥৩৭॥
অভ্যধাবত তেজস্বী ভারদ্বাজাত্মজস্ত্বরন্।
নিজঘান চ সংক্রুদ্ধো রাক্ষসান্ ভীমদর্শনান্ ॥৩৮॥
যেঽভবন্নগ্রতঃ ক্রুদ্ধা রাক্ষসস্য পুরঃসরাঃ।
বিমুখাংশ্চৈব তান্ দৃষ্ট্বা দ্রৌণিচাপচ্যুতৈঃ শরৈঃ ॥৩৯॥
অক্রুধ্যত মহাকায়ো ভৈমসেনির্ঘটোৎকচঃ।
প্রাদুশ্চক্রে ততো মায়াং ঘোররূপাং সুদারুণাম্ ॥৪০॥
মোহয়ন্ সমরে দ্রৌণিং মায়াবী রাক্ষসাধিপঃ।
ততস্তে তাবকাঃ সর্বে মায়য়া বিমুখীকৃতাঃ ॥৪১॥
অন্যোন্যং সমপশ্যন্ত নিকৃত্তান্ মেদিনীতলে।
বিচেষ্টমানান্ কৃপণান্ শোণিতেন পরিপ্লুতান্ ॥৪২॥

ভারতকৌমুদী

তথেতি। ইতরে ঘটোৎকচজ্ঞাতিভূতাঃ। আপতন্তং দ্রৌণিমভিদ্রবন্তম্ ।৩৭॥
অভ্যধাবতেতি। ভারদ্বাজাত্মজো দ্রোণপুত্রোঽশ্বত্থামা, ত্বরন্ ত্বরমাণঃ ॥৩৮॥
য ইতি। রাক্ষসস্য ঘটোৎকচস্য। ভৈমসেনির্ভীমসেনপুত্রঃ। ঘোররূপাং মহতীম্।

এবং যুদ্ধদুর্দ্ধর্ষ অন্য রাক্ষসেরাও ঘোরদর্শন ঘটোৎকচকে ধাবিত হইতে দেখিয়া অশ্বত্থামার দিকে ধাবিত হইল ॥৩৭॥

তখন তেজস্বী অশ্বত্থামাও ত্বরান্বিত হইয়া ধাবিত হইলেন এবং অত্যন্তক্রুদ্ধ হইয়া ভয়ঙ্করমূর্ত্তি রাক্ষসগণকে বধ করিলেন ॥৩৮॥

যে সকল রাক্ষস ক্রুদ্ধ হইয়া প্রথমে ঘটোৎকচের অগ্রবর্ত্তী হইয়াছিল, তাহাদিগকে অশ্বত্থামার কার্ম্মুকনির্গত বাণে পরাঙ্মুখ হইতে দেখিয়া বিশালদেহ ভীমসেনপুত্র ঘটোৎকচ ক্রুদ্ধ হইল। তাহার পর সেই মায়াবী রাক্ষসশ্রেষ্ঠ যুদ্ধে অশ্বত্থামাকে মোহিত করিবার জন্য অতিদারুণ ও গুরুতর মায়া আবিষ্কার করিল। তদনন্তর আপনার পক্ষের যোদ্ধারা সকলে সেই মায়ার প্রভাবে বিমুখ হইয়া পরস্পর দেখিতে লাগিল—দ্রোণ, দুর্য্যোধন, শল্য ও অশ্বত্থামা ইঁহারা ছিন্নদেহ ও কাতর হইয়া ভূতলে ছট্‌ফট্ করিতেছেন এবং রক্তাক্তদেহ হইয়া-

(৩৮)···রাক্ষসং ভীমদর্শনম্—পি। (৪২)···নিকৃত্তা মেদিনীতলে। বিচেষ্টমানাঃ কৃপণাঃ শোণিতেন পরিপ্লুতাঃ—বা রা নি।

দ্রোণং দুর্য্যোধনং শল্যমশ্বত্থামানমেব চ।
প্রায়শশ্চ মহেষ্বাসা যে প্রধানাঃ স্ম কৌরবাঃ ॥৪৩॥
বিধ্বস্তা রথিনঃ সর্বে রাজানশ্চ নিপাতিতাঃ।
হয়াশ্চ সহয়ারোহাঃ সন্নিকৃত্তাঃ সহস্রশঃ ॥৪৪॥ (কুলকম্)
তদ্দৃষ্ট্বা তাবকং সৈন্যং বিদ্রুতং শিবিরং প্রতি।
মম প্রাক্রোশতো রাজন্! তথা দেবব্রতস্য চ ॥৪৫॥
যুধ্যধ্বং মা পলায়ধ্বং মায়ৈষা রাক্ষসী রণে।
ঘটোৎকচপ্রযুক্তেতি নাতিষ্ঠন্ত বিমোহিতাঃ ॥৪৬॥
নৈব তে শ্রদ্দধুর্ভীতা বদতোরাবয়োর্বচঃ।
তাংশ্চ প্রদ্রবতো দৃষ্ট্বা জয়ং প্রাপ্তাশ্চ পাণ্ডবাঃ ॥৪৭॥

ভারতকৌমুদী

দ্রৌণিমশ্বত্থামানম্। নিকৃত্তান্ ছিন্নান্। বিচেষ্টমানান্ স্পন্দমানান্, কৃপণান্ দীনান্। প্রধানাঃ কৃতবর্ম্মাদয়ঃ। হয়া অশ্বাঃ, সহয়ারোহাঃ সাশ্বারোহিণঃ, সন্নিকৃত্তাশ্ছিন্নাঃ ॥৩৯—৪৪॥

তদিতি। হে রাজন্! তাবকং ত্বদীয়ং সৈন্যং কর্ত্তৃ, তৎ দ্রোণবধাদিকং দৃষ্ট্বা, প্রাক্রোশত উচ্চৈর্বদতঃ, মম সঞ্জয়স্য, তথা দেবব্রতস্য ভীষ্মস্য চ উভাবপ্যনাদৃত্যেত্যর্থঃ। উভয়ত্রাপ্যনাদরে ষষ্ঠী। শিবিরং প্রতি, বিদ্রুতং দ্রুতং পলায়িতুং প্রবৃত্তম্ ॥৪৫॥

কিং প্রাক্রোশত ইত্যাহ যুধ্যধ্বমিতি। বিমোহিতাস্তে যোদ্ধারঃ ॥৪৬॥

ভারতভাবদীপঃ

স্বসৈন্যমিতি ॥১—৪২॥ দ্রোণাদীংশ্চাপশ্যন্তেতি সম্বন্ধঃ ॥৪৩—৪৯॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবতিতমোঽধ্যায়ঃ ॥৯০॥

ছেন; আর যাঁহারা মহাধনুর্দ্ধর ও কুরুপক্ষের প্রধান যোদ্ধা ছিলেন, তাঁহারা প্রায় ও রথীরা সকলে বিধ্বস্ত হইয়াছেন, রাজারা নিপাত পাইয়াছেন এবং আরোহীর সহিত সহস্র সহস্র অশ্ব ছিন্ন হইয়া রহিয়াছে ॥৩৯—৪৪॥

রাজা! তখন আমি ও ভীষ্ম উচ্চস্বরে বলিতে লাগিলাম; কিন্তু আপনার সৈন্যেরা সেই ঘটনা দেখিয়া আমাদের কথা অগ্রাহ্য করিয়া শিবিরের দিকে পলায়ন করিতে লাগিল ॥৪৫॥

(আমরা বলিয়াছিলাম—) 'সৈন্যগণ! সমরাঙ্গনে এটা ঘটোৎকচপ্রযুক্ত রাক্ষসী মায়া। সুতরাং তোমরা যুদ্ধ কর, পলায়ন করিও না'। কিন্তু তাহারা সেই মায়ায় মোহিত থাকায় দাঁড়াইল না ॥৪৬॥

---

(৪৪)···গজাশ্চ বিনিপাতিতাঃ নি,···হয়াশ্চৈব হয়ারোহাঃ···বা রা নি। (৪৭)··· জয়প্রাপ্তাশ্চ পাণ্ডবাঃ···পি।

ঘটোৎকচেন সহিতাঃ সিংহনাদান্ প্রচক্রিরে।
শঙ্খদুন্দুভিনির্ঘোষৈঃ সমন্তান্নেদিরে ভৃশম্ ॥৪৮॥ (যুগ্মকম্)
এবং তব বলং সর্বং হৈড়িম্বেন দুরাত্মনা।
সূর্য্যাস্তমনবেলায়াং প্রভগ্নং বিদ্রুতং দিশঃ ॥৪৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে অষ্টমদিবসযুদ্ধে হৈড়িম্বমায়ায়াং নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

একনবতিতমোঽধ্যায়ঃ।

——:*:——

সঞ্জয় উবাচ।

তস্মিন্ মহতি সংক্রন্দে রাজা দুর্য্যোধনস্তদা।
গাঙ্গেয়মুপসংগম্য বিনয়েনাভিবাদ্য চ ॥১॥

ভারতকৌমুদী

নেতি। শ্রদ্দধুঃ বিশশ্বসুঃ। নেদিরে আনন্দনাদান্ চক্রুঃ ॥৪৭—৪৮॥
এবমিতি। হৈড়িম্বেন হিড়িম্বাপুত্রেণ ঘটোৎকচেন। প্রভগ্নং বিশ্লিষ্টং সৎ ॥৪৯॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——(::)——

কারণ, তাহারা ভীত হওয়ায় আমাদের সে কথায় বিশ্বাস করিল না। সুতরাং তাহাদিগকে পলায়ন করিতে দেখিয়া পাণ্ডবেরা জয় লাভ করিলেন এবং ঘটোৎকচের সহিত মিলিত হইয়া সিংহনাদ করিতে লাগিলেন, আর সকল দিকেই শঙ্খ ও দুন্দুভির শব্দে বিশেষভাবে জয়ঘোষণা করিতে থাকিলেন ॥৪৭—৪৮॥

মহারাজ! এইভাবে সূর্য্যাস্তকালে আপনার সমস্ত সৈন্য, দুরাত্মা ঘটোৎকচের চক্রান্তে বিশ্লিষ্ট হইয়া নানাদিকে পলায়ন করিল' ॥৪৯॥

——•::•——

সঞ্জয় বলিলেন—'রাজা! সেই মহাভীষণ যুদ্ধ হইয়া গেলে, তখন রাজা দুর্য্যোধন ভীষ্মের নিকটে যাইয়া বিনয় সহকারে তাঁহাকে অভিবাদন করিয়া

* 'পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ' বা,···চতুর্নবতিতমোঽধ্যায়ঃ' রা মি।

তস্য সর্বং যথাবৃত্তমাখ্যাতুমুপচক্রমে।
ঘটোৎকচস্য বিজয়মাত্মনশ্চ পরাজয়ম্ ॥২॥
কথয়ামাস দুর্দ্ধর্ষো বিনিশ্বস্য পুনঃ পুনঃ।
অব্রবীচ্চ তদা রাজন্! ভীষ্মং কুরুপিতামহম্ ॥৩॥ (বিশেষকম্)
ভবন্তং সমুপাশ্রিত্য বাসুদেবং যথা পরৈঃ।
পাণ্ডবৈর্বিগ্রহো ঘোরঃ সমারব্ধো ময়া প্রভো! ॥৪॥
একাদশ সমাখ্যাতা অক্ষৌহিণ্যশ্চ যা মম।
নিদেশে তব তিষ্ঠন্তি ময়া সার্দ্ধং পরন্তপ! ॥৫॥
সোঽহং ভরতশার্দ্দূল! ভীমসেনপুরোগমৈঃ।
ঘটোৎকচং সমাশ্রিত্য পাণ্ডবৈর্যুধি নির্জ্জিতঃ ॥৬॥
তন্মে দহতি গাত্রাণি শুষ্কং বৃক্ষমিবানলঃ।
তদিচ্ছামি মহাভাগ! ত্বৎপ্রসাদাৎ পরন্তপ! ॥৭॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। সংক্রন্দে দারুণযুদ্ধে। তস্যান্তিকে। দুর্দ্ধর্ষো দুর্য্যোধন এব ॥১—৩॥
ভবন্তমিতি। পরৈঃ পাণ্ডবৈঃ। বিগ্রহো যুদ্ধম্, প্রভো! সেনাপতে! ॥৪॥
একাদশেতি। সমাখ্যাতাঃ প্রসিদ্ধতয়া। নিদেশে আদেশে ॥৫॥
স ইতি। ভীমসেনঃ পুরোগমঃ অগ্রবর্ত্তী যেষাং তৈঃ ॥৬॥

তাঁহার নিকটে যথাবদ্‌বৃত্তান্ত সমস্ত বলিবার উপক্রম করিলেন। দুর্দ্ধর্ষ দুর্য্যোধন তখন বার বার নিশ্বাস ত্যাগ করিয়া ঘটোৎকচের জয় এবং নিজের পরাজয়ের বিষয় বলিলেন। তাহার পর তিনি, কুরুপিতামহ ভীষ্মকে বলিলেন—॥১—৩॥

'প্রভাবশালী পিতামহ! পাণ্ডবেরা যেমন কৃষ্ণকে অবলম্বন করিয়া আমাদের সহিত ভীষণ যুদ্ধ আরম্ভ করিয়াছে, আমিও তেমনই আপনাকে অবলম্বন করিয়া পাণ্ডবগণের সহিত ভীষণ যুদ্ধ আরম্ভ করিয়াছি ॥৪॥

তা'র পর, পরন্তপ! আমার যে এগার অক্ষৌহিণী প্রসিদ্ধ সৈন্য আছে, আমার সহিত তাহারা আপনার আদেশের অধীনই রহিয়াছে ॥৫॥

ভরতশ্রেষ্ঠ! এই অবস্থাতেও ভীমপ্রভৃতি পাণ্ডবেরা ঘটোৎকচকে অবলম্বন করিয়া যুদ্ধে আমাকে জয় করিয়াছে! ॥৬॥

অতএব মহাভাগ! পরন্তপ! অগ্নি যেমন শুষ্ক বৃক্ষ দগ্ধ করে, সেইরূপ

(৬)···ভবন্তং সমুপাশ্রিত্য দ্রোণঞ্চৈব পিতামহ!···নি।

CENTRAL LIBRARY

রাক্ষসাপসদং হন্তুং স্বয়মেব পিতামহ ! ।
ত্বাং সমাশ্রিত্য দুর্দ্ধর্ষ ! তন্মে কর্ত্তুং ত্বমর্হসি ॥৮॥ (যুগ্মকম্)
এতচ্ছ্রুত্বা তু বচনং রাজ্ঞো ভরতসত্তম ! ।
দুর্য্যোধনমিদং বাক্যং ভীষ্মঃ শান্তনবোঽব্রবীৎ ॥৯॥
শৃণু রাজন্ ! মম বচো যত্ত্বাং বক্ষ্যামি কৌরব ! ।
যথা ত্বয়া মহারাজ ! বর্ত্তিতব্যং পরন্তপ ! ॥১০॥
আত্মা রক্ষ্যো রণে তাত ! সর্বাবস্থাস্বরিন্দম ! ।
ধর্ম্মরাজেন সংগ্রামস্ত্বয়া কার্য্যঃ সদাঽনঘ ! ॥১১॥
অর্জ্জুনেন যমাভ্যাং বা ভীমসেনেন বা পুনঃ ।
রাজধর্ম্মং পুরস্কৃত্য রাজা রাজানমৃচ্ছতি ॥১২॥ (যুগ্মকম্)
অহং দ্রোণঃ কৃপো দ্রৌণিঃ কৃতবর্ম্মা চ সাত্বতঃ ।
শল্যশ্চ বৃষসেনশ্চ বিকর্ণশ্চ মহারথঃ ॥১৩॥

ভারতকৌমুদী

তদিতি। তব প্রসাদাদনুগ্রহাৎ রাক্ষসেষ্বপসদমধমং ঘটোৎকচম্ ॥৭—৮॥
এবমিতি। শান্তনবপদং ভীষ্মান্তরব্যাবৃত্ত্যর্থম্ ॥৯॥
শৃণ্বিতি। বর্ত্তিতব্যং যুদ্ধে ব্যবহর্ত্তব্যম্ ॥১০॥
আত্মেতি। ধর্ম্মরাজেন যুধিষ্ঠিরেণ। যমাভ্যাং নকুলসহদেবাভ্যাম্ ॥১১—১২॥

সেই পরাজয় আমাকে দগ্ধ করিতেছে। অতএব দুর্দ্ধর্ষ ! পিতামহ ! আপনাকে অবলম্বন করিয়া আপনারই অনুগ্রহে আমি নিজেই সেই রাক্ষসাধমটাকে বধ করিতে ইচ্ছা করি ; আপনি আমার জন্য তাহা করিতে পারেন ॥৭—৮॥

ভরতশ্রেষ্ঠ ! দুর্য্যোধনের এই কথা শুনিয়া শান্তনুনন্দন ভীষ্ম তাঁহাকে এই কথা বলিলেন—॥৯॥

'রাজা ! কৌরবনন্দন ! মহারাজ ! পরন্তপ ! তুমি যুদ্ধে যে ভাবে চলিবে, সে বিষয়ে আমি তোমাকে যাহা বলিব, তাহা তুমি শ্রবণ কর ॥১০॥

বৎস ! অরিন্দম ! তুমি যুদ্ধে সমস্ত অবস্থাতেই আত্মরক্ষা করিবে। আর, হে নিষ্পাপ ! যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল কিংবা সহদেবের সঙ্গেই তুমি সর্ব্বদা যুদ্ধ করিবে। কারণ, রাজা রাজধর্ম্ম অনুসারে রাজার সঙ্গেই যুদ্ধ করিয়া থাকেন ॥১১—১২॥

---

(৮)···ত্বাং সমাশ্রিত্য দুর্দ্ধর্ষম্··· রা নি। (৯)···ভরতসত্তমঃ···পি বা। (১১)···রক্ষ্যস্ত্বয়া তাত !··· রা নি। (১২)···অন্যৈর্বা পৃথিবীপালৈ রাজা রাজানমৃচ্ছতি—নি।

তব যে ভ্রাতরঃ শ্রেষ্ঠা দুঃশাসনপুরোগমাঃ।
ত্বদর্থে প্রতিযোৎস্যামো রাক্ষসং তং মহাবলম্ ॥১৪॥ (যুগ্মকম্)
রৌদ্রে তস্মিন্ রাক্ষসেন্দ্রে যদি তেঽনুশয়ো মহান্।
অয়ং বা গচ্ছতু রণে তস্য যুদ্ধায় দুর্ম্মতেঃ ॥১৫॥
ভগদত্তো মহীপালঃ পুরন্দরসমো যুধি।
এতাবদুক্ত্বা রাজানং ভগদত্তমথাব্রবীৎ ॥১৬॥
সমক্ষং পার্থিবেন্দ্রস্য বাক্যং বাক্যবিশারদঃ।
গচ্ছ শীঘ্রং মহারাজ! হৈড়িম্বং যুদ্ধদুর্ম্মদম্ ॥১৭॥ (বিশেষকম্)
বারয়স্ব রণে যত্তো মিষতাং সর্বধন্বিনাম্।
রাক্ষসং ক্রূরকর্ম্মাণং যথেন্দ্রস্তারকং পুরা ॥১৮॥

ভারতকৌমুদী

অহমিতি। দ্রৌণিরশ্বত্থামা। তং ঘটোৎকচম্ ॥১৩—১৪॥

রৌদ্র ইতি। অনুশয়ঃ পরাজয়বশাদনুতাপঃ। অয়ং ভগদত্তো বা, তস্য দুর্ম্মতের্ঘটোৎকচস্য রণে গচ্ছতু। পার্থিবেন্দ্রস্য দুর্য্যোধনস্য সমক্ষম্, বাক্যবিশারদো ভীষ্মঃ ॥১৫—১৭॥

বারয়স্বেতি। যত্তো যত্নবান্ সন্, মিষতাং পশ্যতাম্। তারকমসুরম্ ॥১৮॥

আর, আমি, দ্রোণ, কৃপ, অশ্বত্থামা, যদুবংশীয় কৃতবর্ম্মা, শল্য, বৃষসেন, মহারথ বিকর্ণ এবং দুঃশাসনপ্রভৃতি তোমার যে সকল ভ্রাতা যুদ্ধে নিপুণ, তাঁহারা, এই আমরাই তোমার জন্য সেই মহাবল রাক্ষসের সহিত যুদ্ধ করিব ॥১৩—১৪॥

অথবা সেই ভয়ঙ্কর রাক্ষসশ্রেষ্ঠবিষয়ে যদি তোমার গুরুতর অনুতাপই হইয়া থাকে, তবে যুদ্ধে ইন্দ্রের তুল্য বিক্রমশালী এই রাজা ভগদত্ত সেই দুর্মতি রাক্ষসের সহিত যুদ্ধ করিবার জন্য সমরাঙ্গনে গমন করুন'। বাক্যবিশারদ ভীষ্ম দুর্য্যোধনকে এই পর্য্যন্ত বলিয়া পরে সেই রাজশ্রেষ্ঠের সমক্ষে ভগদত্তকে বলিলেন—'মহারাজ! আপনি সত্বর সেই যুদ্ধদুর্দ্ধর্ষ হিড়িম্বার পুত্র ঘটোৎকচের দিকে গমন করুন ॥১৫—১৭॥

পূর্ব্বকালে ইন্দ্র যেমন তারকাসুরকে বারণ করিতেন, আপনিও যাইয়া সেইরূপই যুদ্ধে যত্নবান্ হইয়া সমস্ত ধনুর্দ্ধরগণের সমক্ষে সেই নিষ্ঠুরকর্ম্মা রাক্ষসকে বারণ করুন ॥১৮॥

---

(১৪) শেষাশ্চ ভ্রাতরস্ত্বন্তে…নি, তব চ ভ্রাতরঃ শ্রেষ্ঠাঃ…রা।

তব দিব্যানি চাস্ত্রাণি বিক্রমশ্চ পরন্তপ ! ।
সমাগমশ্চ বহুভিঃ পুরাভূদমরৈঃ সহ ॥১৯॥
ত্বং তস্য নৃপশার্দ্দূল ! প্রতিযোদ্ধা মহাহবে ।
স্ববলেনাবৃতো গচ্ছ জহি রাক্ষসপুঙ্গবম্ ॥২০॥
এতচ্ছ্রুত্বা তু বচনং ভীষ্মস্য পৃতনাপতেঃ ।
প্রযযৌ সিংহনাদেন পরানভিমুখো দ্রুতম্ ॥২১॥
তমাপতন্তং সংপ্রেক্ষ্য গর্জন্তমিব তোয়দম্ ।
অভ্যবর্ত্তন্ত সংক্রুদ্ধাঃ পাণ্ডবানাং মহারথাঃ ॥২২॥
ভীমসেনোঽভিমন্যুশ্চ রাক্ষসশ্চ ঘটোৎকচঃ ।
দ্রৌপদেয়াঃ সত্যধৃতিঃ ক্ষত্রদেবশ্চ ভারত ! ॥২৩॥
চেদিপো বসুদানশ্চ দশার্ণাধিপতিস্তথা ।
সুপ্রতীকেন তাংশ্চাপি ভগদত্তোঽপ্যুপাদ্রবৎ ॥২৪॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

তবেতি। অস্ত্রাণি বিদ্যন্তে, বিক্রমশ্চ বর্ত্ততে। সমাগমো যুদ্ধে সম্মেলনম্ ॥১৯॥
ত্বমিতি। তস্য ঘটোৎকচস্য। স্ববলেন নিজসৈন্যেন ॥২০॥
এতদিতি। পৃতনাপতেঃ সেনাপতেঃ। প্রযযৌ ভগদত্ত ইতি শেষঃ ॥২১॥
তমিতি। তোয়দং মেঘম্। দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ। সুপ্রতীকেন হস্তিনা ॥২২-২৪॥

শত্রুসন্তাপক ! আপনার দিব্য অস্ত্র সকল ও পরাক্রম রহিয়াছে এবং পূর্বে আপনার অনেক দেবতার সহিত যুদ্ধে সম্মেলন হইয়া গিয়াছে ॥১৯॥

অতএব রাজশ্রেষ্ঠ ! আপনিই মহাযুদ্ধে সেই রাক্ষসের প্রতিযোদ্ধা। সুতরাং আপনি নিজসৈন্যে পরিবেষ্টিত হইয়া যান এবং যাইয়া সেই রাক্ষস-শ্রেষ্ঠটাকে বধ করুন' ॥২০॥

সেনাপতি ভীষ্মের এই কথা শুনিয়া ভগদত্ত সিংহনাদ করিতে থাকিয়া বিপক্ষের অভিমুখ হইয়া সত্বর গমন করিতে লাগিলেন ॥২১॥

ভরতনন্দন ! তখন ভীমসেন, অভিমন্যু, রাক্ষস ঘটোৎকচ, দ্রৌপদীর পুত্রগণ, সত্যধৃতি, ক্ষত্রদেব, চেদিরাজ, বসুদান এবং দশার্ণাধিপতি এই সকল পাণ্ডবপক্ষীয় মহারথেরা গর্জনশীল মেঘের ন্যায় ভগদত্তকে আসিতে দেখিয়া অত্যন্তক্রুদ্ধ হইয়া তাঁহার অভিমুখ হইয়া দাড়াইলেন। তখন ভগদত্তও সুপ্রতীক-নামক হস্তীতে আরোহণ করিয়া তাঁহাদের দিকে ধাবিত হইলেন ॥২২—২৪॥

(২০) ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ'—নি।

ততঃ সমভবদ্‌যুদ্ধং ঘোররূপং ভয়ানকম্।
পাণ্ডূনাং ভগদত্তেন যমরাষ্ট্রবিবর্দ্ধনম্ ॥২৫॥
প্রযুক্তা রথিভির্বাণা ভীমবেগাঃ সুতেজনাঃ।
তে নিপেতুর্মহারাজ! নাগেষু চ রথেষু চ ॥২৬॥
প্রভিন্নাশ্চ মহানাগা বিনীতা হস্তিসাদিভিঃ।
পরস্পরং সমাসাদ্য সন্নিপেতুরভীতবৎ ॥২৭॥
মদান্ধা রোষসংরব্ধা বিষাণাগ্রৈর্মহাহবে।
বিভিদুর্দন্তমুসলৈঃ সমাসাদ্য পরস্পরম্ ॥২৮॥
হয়াশ্চ চামরাপীড়াঃ প্রাসপাণিভিরাস্থিতাঃ।
চোদিতাঃ সাদিভিঃ ক্ষিপ্রং নিজঘ্নুরিতরেতরম্ ॥২৯॥
পাদাতাশ্চ পদাত্যোঘৈস্তাড়িতাঃ শক্তিতোমরৈঃ।
ন্যপতন্ত সদা ভূমৌ শতশোঽথ সহস্রশঃ ॥৩০॥

ভারতকৌমুদী

তত ইতি। ঘোরশব্দো বিশালার্থে কবিভির্ব্যবহ্রিয়ত ইত্যপৌনরুক্ত্যম্ ॥২৫॥
প্রেতি। প্রযুক্তা নিক্ষিপ্তাঃ। সুতেজনাঃ সম্যক্‌শিলাশাণিতাঃ। নাগেষু হস্তিষু ॥২৬॥
প্রেতি। প্রভিন্না মদস্রাবিণঃ, বিনীতাঃ শিক্ষিতপূর্ব্বাঃ। সন্নিপেতুঃ সংঘর্ষং চক্রুঃ ॥২৭॥
মদেতি। রোষেণ সংরব্ধা উদ্রিক্তাঃ, বিষাণাগ্রৈস্তীক্ষ্ণৈঃ, দন্তমুসলৈশ্চাতীক্ষ্ণৈঃ ॥২৮॥
হয়া ইতি। চামরাণ্যেব আপীড়াঃ শেখরা যেষাং তে। আস্থিতা আরূঢ়াঃ ॥২৯॥
পাদাতা ইতি। পাদাতাঃ পদাতিসমূহাঃ, পদাতীনামোঘৈঃ সমূহৈঃ ॥৩০॥

তাহার পর ভগদত্তের সহিত পাণ্ডবগণের যমরাজ্যবিবর্দ্ধক মহাভয়ানক যুদ্ধ হইতে লাগিল ॥২৫॥

মহারাজ! রথীরা ভয়ঙ্করবেগশালী ও সম্যক্ শিলাশাণিত বাণ সকল নিক্ষেপ করিতে লাগিলে, সেগুলি যাইয়া হস্তী ও রথের উপরে পড়িতে থাকিল ॥২৬॥

হস্ত্যারোহিগণকর্ত্তৃক শিক্ষিত ও মদস্রাবী মহাহস্তী সকল যাইয়া নির্ভয়ের ন্যায় পরস্পর সংঘর্ষ করিতে লাগিল ॥২৭॥

মদান্ধ ও ক্রোধোত্তেজিত হস্তীগুলি যাইয়া সেই মহাযুদ্ধে তীক্ষ্ণদন্তাগ্রদ্বারা পরস্পর বিদারণ এবং স্থূলদন্তমুসলদ্বারা পরস্পর আঘাত করিতে থাকিল ॥২৮॥

কুন্তধারী আরোহীরা চালাইয়া দিলে, চামরশেখরযুক্ত অশ্বসমূহ যাইয়া সত্বর পরস্পর প্রহার করিতে আরম্ভ করিল ॥২৯॥

রথিনো রথিনো রাজন্ ! কর্ণিনালীকশায়কৈঃ ।
নিহত্য সমরে বীরাঃ সিংহনাদান্ বিনেদিরে ॥৩১॥
তস্মিংস্তথা বর্ত্তমানে সংগ্রামে লোমহর্ষণে ।
ভগদত্তো মহেষ্বাসো ভীমসেনমথাদ্রবৎ ॥৩২॥
কুঞ্জরেণ প্রভিন্নেন সপ্তধা স্রবতা মদম্ ।
পর্বতেন যথা তোয়ং স্রবমাণেন সর্বশঃ ॥৩৩॥
কিরন্ শরসহস্রাণি সুপ্রতীকশিরোগতঃ ।
ঐরাবতস্থো মঘবান্ বারিধারা ইবানঘ ! ॥৩৪॥ (বিশেষকম্)
স ভীমং শরধারাভিস্তাড়য়ামাস পার্থিবঃ ।
পর্বতং বারিধারাভিস্তপান্তে জলদো যথা ॥৩৫॥

ভারতকৌমুদী

রথিন ইতি। রথিনঃ কর্ত্তারঃ, রথিনঃ কর্ম্মীভূতান্। বিনেদিরে চক্রুঃ ॥৩১॥

তস্মিন্নিতি। অদ্রবৎ অধাবৎ। সপ্তধা গণ্ডদ্বয়নাসিকাদ্বয়মুখপায়ূপস্থরূপদ্বারসপ্তকনির্গমপ্রকারম্, মদং মদজলম্, স্রবতা নিঃসারয়তা। অতএব প্রভিন্নেন মদস্রাবিণা। সর্বশঃ সর্বদেশাৎ। সুপ্রতীকস্য তদাখ্যস্য স্বকীয়হস্তিনঃ শিরোগতঃ। মঘবান্ ইন্দ্রঃ ॥৩২—৩৪॥

স ইতি। তপান্তে গ্রীষ্মাবসানে বর্ষাসু, জলদো মেঘঃ ॥৩৫॥

পদাতিরা শক্তি ও তোমরদ্বারা আঘাত করিতে থাকিলে, শত শত ও সহস্র সহস্র পদাতি ভূতলে পতিত হইতে থাকিল ॥৩০॥

রাজা ! বীর রথীরা যুদ্ধে কর্ণী, নালীক ও বাণদ্বারা বিপক্ষ বীর রথীদিগকে বধ করিয়া সিংহনাদ করিতে লাগিলেন ॥৩১॥

নিষ্পাপ রাজা ! সেই লোমহর্ষণ যুদ্ধ সেইভাবে চলিতে লাগিল ; সেই সময়ে পর্বত যেমন তাহার সকল দেশ হইতে জল নিঃসারণ করে, সেইরূপ ভগদত্তের হস্তীটা গণ্ডদ্বয়, নাসিকাদ্বয়, মুখ, পায়ু ও উপস্থ এই সাতটা স্থান হইতে মদজল নিঃসারণ করিতে থাকিল ; তখন ইন্দ্র যেমন ঐরাবতহস্তীতে থাকিয়া জল বর্ষণ করেন, সেইরূপ মহাধনুর্দ্ধর ভগদত্ত সুপ্রতীকনামক সেই স্বকীয় মহাহস্তীর মস্তকদেশে থাকিয়া বহুতর বাণ বর্ষণ করতঃ ভীমসেনের দিকে ধাবিত হইলেন ॥৩২—৩৪॥

এবং গ্রীষ্মকাল অতীত হইলে মেঘ যেমন জলধারাদ্বারা পর্ব্বতকে তাড়ন

(৩১) রথিনশ্চ রথৈ রাজন্ !…বীরান্…বা রা, রথিনশ্চ রথাংশ্চিত্রান্ কর্ণিনালীকতোমরৈঃ …বীরান্…নি। (৩৪)…ঐরাবস্থো মঘবা…পি বা।

ভীমসেনস্তু সংক্রুদ্ধঃ পাদরক্ষান্ পরঃশতান্।
নিজঘান মহেষ্বাসঃ সংরব্ধঃ শরবৃষ্টিভিঃ ॥৩৬॥
তান্ দৃষ্ট্বা নিহতান্ ক্রুদ্ধো ভগদত্তঃ প্রতাপবান্।
চোদয়ামাস নাগেন্দ্রং ভীমসেনরথং প্রতি ॥৩৭॥
স নাগঃ প্রেষিতস্তেন বাণো জ্যাচোদিতো যথা।
অভ্যধাবত বেগেন ভীমসেনমরিন্দমম্ ॥৩৮॥
তমাপতন্তং সংপ্রেক্ষ্য পাণ্ডবানাং মহারথাঃ।
অভ্যবর্ত্তন্ত বেগেন ভীমসেনপুরোগমাঃ ॥৩৯॥
কেকয়াশ্চাভিমন্যুশ্চ দ্রৌপদেয়াশ্চ সর্বশঃ।
দশার্ণাধিপতিঃ শূরঃ ক্ষত্রদেবশ্চ মারিষ ! ॥৪০॥
চেদিপো ধৃষ্টকেতুশ্চ সংরব্ধাঃ সর্ব এব তে।
উত্তমাস্ত্রাণি দিব্যানি দর্শয়ন্তো মহাবলাঃ।
তমেকং কুঞ্জরং ক্রুদ্ধাঃ সমন্তাৎ পর্য্যবারয়ন্ ॥৪১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ভীমেতি। শতাৎ পরে ইতি পরঃশতান্তান্, "অপঞ্চরাদয়শ্চ" ইতি সমুড়্‌নিপাতঃ ॥৩৬॥
তানিতি। চোদয়ামাস চালয়ামাস, নাগেন্দ্রং হস্তিশ্রেষ্ঠম্ ॥৩৭॥
স ইতি। জ্যয়া ধনুর্গুণেন চোদিতঃ প্রেরিতঃ, "মৌর্বী জ্যা শিঞ্জিনী গুণঃ" ইত্যমরঃ ॥৩৮॥
তমিতি। তং নাগম্। অভ্যবর্ত্তন্ত অভ্যধাবন্ ॥৩৯॥
কে তে মহারথা ইত্যাহ যুগ্মকেন কেকয়া ইতি। সর্বশঃ সর্বে। সংরব্ধাঃ সাটোপাঃ। দর্শয়ন্তঃ প্রয়োগেণেতি শেষঃ। কুঞ্জরং ভগদত্তহস্তিনম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪০—৪১॥

করে, সেইরূপ ভগদত্তরাজা বাণধারাদ্বারা ভীমসেনকে তাড়ন করিতে লাগিলেন ॥৩৫॥

তখন মহাধনুর্দ্ধর ভীমসেন অত্যন্তক্রুদ্ধ ও উৎসাহী হইয়া বাণবৃষ্টিদ্বারা ভগদত্তের শতাধিক পাদরক্ষককে বধ করিলেন ॥৩৬॥

তাহাদিগকে নিহত দেখিয়া প্রতাপশালী ভগদত্ত ভীমসেনের রথের দিকে আপন মহাহস্তীটাকে চালাইয়া দিলেন ॥৩৭॥

তখন ভগদত্তপ্রেরিত সেই হস্তীটা, ধনুর্গুণপ্রেরিত বাণের ন্যায় বেগে অরিন্দম ভীমসেনের দিকে ধাবিত হইল ॥৩৮॥

সেই হস্তীটাকে আসিতে দেখিয়া ভীমসেনপ্রভৃতি পাণ্ডবপক্ষীয় মহারথেরা বেগে তাহার দিকে ধাবিত হইলেন ॥৩৯॥

(৩৮) স নাগঃ প্রেরিতস্তেন বাণো জ্যাচোদিতো যথা···পি।

CENTRAL LIBRARY

স বিদ্ধো বহুভির্বাণৈর্ব্যরোচত মহাদ্বিপঃ।
সঞ্জাতরুধিরোৎপীড়ো ধাতুচিত্র ইবাদ্রিরাট্ ॥৪২॥
দশার্ণাধিপতিশ্চাপি গজং ভূমিধরোপমম্।
সমাস্থিতোঽভিদুদ্রাব ভগদত্তস্য বারণম্ ॥৪৩॥
তমাপতন্তং সমরে গজং গজপতিঃ স চ।
দধার সুপ্রতীকোঽপি বেলেব মকরালয়ম্ ॥৪৪॥
বারিতং প্রেক্ষ্য নাগেন্দ্রং দশার্ণস্য মহাত্মনঃ।
সাধু সাধ্বিতি সৈন্যানি ত্বদীয়ান্যভ্যপূজয়ন্ ॥৪৫॥
ততঃ প্রাগ্জ্যোতিষঃ ক্রুদ্ধস্তোমরান্ বৈ চতুর্দ্দশ।
প্রাহিণোত্তস্য নাগস্য প্রমুখে নৃপসত্তম! ॥৪৬॥

ভারতকৌমুদী

স ইতি। সঞ্জাতরুধিরোৎপীড়ঃ সঞ্জাতরক্তশেখরঃ, ধাতুভির্গৈরিকৈশ্চিত্রঃ ॥৪২॥
দশেতি। ভূমিধরোপমং পর্বতপ্রমাণম্। সমাস্থিত আরূঢ়ঃ। বারণং হস্তিনম্ ॥৪৩॥
তমিতি। তং দশার্ণরাজগজম্। বেলা তীরম্, মকরালয়ং সমুদ্রম্ ॥৪৪॥
বারিতমিতি। নাগেন্দ্রং হস্তিশ্রেষ্ঠম্। অভ্যপূজয়ন্ ভগদত্তগজং প্রাশংসন্ ॥৪৫॥

মাননীয় রাজা! কেকয়গণ, অভিমন্যু, দ্রৌপদীর সকল পুত্র, দশার্ণদেশাধিপতি বীর ক্ষত্রদেব এবং চেদিরাজ ধৃষ্টকেতু, এই মহাবলেরা সকলেই উৎসাহী ও ক্রুদ্ধ হইয়া, উত্তম ও অলৌকিক অস্ত্র সকল প্রয়োগ করিতে থাকিয়া, সকল দিক্ হইতে যাইয়া সেই একটা হস্তীকে পরিবেষ্টন করিলেন ॥৪০—৪১॥

তখন ভগদত্তের সেই মহাহস্তীটা বহুতর বাণে বিদ্ধ এবং রক্তধারারূপশেখরযুক্ত হইয়া, গৈরিকধাতুবিচিত্র পর্ব্বতশ্রেষ্ঠের ন্যায় শোভা পাইতে লাগিল ॥৪২॥

এই সময়ে দশার্ণদেশের রাজাও পর্বতপ্রমাণ একটা হস্তীতে আরোহণ করিয়া ভগদত্তের সেই হস্তীটার দিকে ধাবিত হইলেন ॥৪৩॥

দশার্ণরাজের সেই হস্তীটা আসিতে লাগিলে, তীর যেমন সমুদ্রকে স্থগিত করে, সেইরূপ সেই গজপতি সুপ্রতীক দশার্ণরাজের হস্তীকে স্থগিত করিল ॥৪৪॥

মহাত্মা দশার্ণরাজের হস্তীটাকে নিবারিত দেখিয়া আপনার সৈন্যেরা 'সাধু সাধু' বলিয়া ভগদত্তহস্তীর প্রশংসা করিল ॥৪৫॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর ভগদত্ত ক্রুদ্ধ হইয়া সেই দশার্ণরাজহস্তীর কুম্ভদেশে চৌদ্দটা তোমর নিক্ষেপ করিলেন ॥৪৬॥

(৪৫)…সৈন্যানি পাণ্ডবেয়াস্তপূজয়ন্—পি বা।

তস্য কুম্ভপরিত্রাণং শাতকুম্ভপরিষ্কৃতম্।
বিদার্য্য প্রাবিশন্ ক্ষিপ্রং বল্মীকমিব পন্নগাঃ ॥৪৭॥
স গাঢ়বিদ্ধো ব্যথিতো নাগো ভরতসত্তম!।
উপাবৃত্তমদঃ ক্ষিপ্রমভ্যবর্ত্তত বেগিতঃ ॥৪৮॥
স প্রদুদ্রাব বেগেন প্রণদন্ ভৈরবং রবম্।
সংমর্দ্দমানঃ স্ববলং বায়ুর্বৃক্ষানিবৌজসা ॥৪৯॥
তস্মিন্ পরাজিতে নাগে পাণ্ডবানাং মহারথাঃ।
সিংহনাদং বিনদ্যোচ্চৈর্যুদ্ধায়ৈবাবতস্থিরে ॥৫০॥
ততো ভীমং পুরস্কৃত্য ভগদত্তমুপাদ্রবন্।
কিরন্তো বিবিধান্ বাণান্ শস্ত্রাণি বিবিধানি চ ॥৫১॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রাগ্জ্যোতিষস্তদধিপতির্ভগদত্তঃ। প্রমুখে সম্মুখে কুম্ভদেশে ॥৪৬॥
তস্যেতি। কুম্ভস্য পরিত্রাণং বর্ম্ম, শাতকুম্ভপরিষ্কৃতং স্বর্ণালঙ্কৃতম্ ॥৪৭॥
স ইতি। উপাবৃত্তো নিবৃত্তো মদো মত্ততা যস্য সঃ। অভ্যবর্ত্তত পরিবৃত্তঃ ॥৪৮॥
স ইতি। স দশার্ণরাজগজঃ। প্রণদন্ কুর্বন্। স্ববলং পাণ্ডবসৈন্যম্ ॥৪৯॥
তস্মিন্নিতি। নাগে দশার্ণরাজগজে। বিনদ্য বিধায় ॥৫০॥
তত ইতি। উপাদ্রবন্ অভ্যধাবন্, পাণ্ডবানাং মহারথা ইত্যনুবৃত্তিঃ ॥৫১॥

তখন সাপ যেমন উয়ীর মাটীর ভিতরে প্রবেশ করে, সেইরূপ সেই তোমরগুলি যাইয়া সেই হাতীটার স্বর্ণখচিত কুম্ভবর্ম্ম ভেদ করিয়া মস্তকের ভিতরে প্রবেশ করিল ॥৪৭॥

ভরতশ্রেষ্ঠ! তখন গাঢ়বিদ্ধ ও ব্যথিত সেই হাতীটা সত্বর মত্ততাশূন্য হইয়া বেগে ফিরিয়া দাঁড়াইল ॥৪৮॥

পরে সেই হাতীটা ভয়ঙ্কর গর্জ্জন করিতে থাকিয়া—বায়ু যেমন বৃক্ষ মর্দ্দন করে, সেইরূপ আপন তেজে স্বপক্ষসৈন্য মর্দ্দন করতঃ বেগে পলায়ন করিতে লাগিল ॥৪৯॥

সেই হাতীটা পরাজিত হইলে, পাণ্ডবপক্ষের মহারথেরা উচ্চ সিংহনাদ করিয়া যুদ্ধের জন্যই প্রথমে অবস্থান করিলেন ॥৫০॥

পরে তাঁহারা ভীমসেনকে অগ্রবর্ত্তী করিয়া নানাবিধ বাণ ও নানাবিধ অস্ত্র ক্ষেপ করিতে করিতে ভগদত্তের দিকে ধাবিত হইলেন ॥৫১॥

(৪৭) বর্ম্ম মুখ্যং তস্যত্রাণং শাতকুম্ভ····পি বা রা। (৫০)···যুদ্ধায়ৈবোপতস্থিরে—পি বা।

CENTRAL LIBRARY

তেষামাপততাং রাজন্! সংক্রুদ্ধানামমর্ষিণাম্।
শ্রুত্বা স নিনদং ঘোরমমর্ষাদ্‌গতসাধ্বসঃ ॥৫২॥
ভগদত্তো মহেষ্বাসঃ স্বনাগং প্রত্যচোদয়ৎ।
অঙ্কুশাঙ্গুষ্ঠনুদিতঃ স গজপ্রবরো যুধি ॥৫৩॥
তস্মিন্ ক্ষণে সমভবৎ সাংবর্ত্তক ইবানলঃ।
রথসংঘাংস্তথা নাগান্ হয়াংশ্চ হয়সাদিনঃ ॥৫৪॥
পাদাতাংশ্চ সুসংক্রুদ্ধঃ শতশোঽথ সহস্রশঃ।
অমৃদ্নাৎ সমরে নাগঃ সংপ্রধাবংস্ততস্ততঃ ॥৫৫॥ (কলাপকম্)
তেন সংলোড্যমানস্তু পাণ্ডবানাং বলং মহৎ।
সঙ্কুকোচ মহারাজ! চর্ম্মেবাগ্নৌ সমাহিতম্ ॥৫৬॥
ভগ্নস্তু স্ববলং দৃষ্ট্বা ভগদত্তেন ধীমতা।
ঘটোৎকচোঽথ সংক্রুদ্ধো ভগদত্তমুপাদ্রবৎ ॥৫৭॥

ভারতকৌমুদী

তেষামিতি। অমর্ষিণামসহিষ্ণূনাম্। অমর্ষাৎ ক্রোধাৎ, গতসাধ্বসো নির্ভয়ঃ সন্। স্বনাগং নিজহস্তিনম্, পাণ্ডববলং প্রতি, অচোদয়ৎ প্রৈরয়ৎ। অঙ্কুশেন অঙ্গুষ্ঠেন চ নুদিতঃ প্রেরিতঃ। সংবর্ত্তস্য প্রলয়স্যায়মিতি সাংবর্ত্তঃ, ততঃ স্বার্থে কঃ। নাগঃ স হস্তী ॥৫২—৫৫॥

তেনেতি। সঙ্কুকোচ সঙ্কুচিতং বভূব। সমাহিতং প্রক্ষিপ্তম্ ॥৫৬॥

ভগ্নমিতি। ভগ্নং বিশ্লিষ্টম্, স্ববলং নিজসৈন্যম্। উপাদ্রবৎ অভ্যধাবৎ ॥৫৭॥

রাজা! ক্রুদ্ধ ও অসহিষ্ণু পাণ্ডবযোদ্ধারা আসিতে লাগিলে, তাঁহাদের ভয়ঙ্কর কোলাহল শুনিয়া মহাধনুর্দ্ধর ভগদত্ত ক্রোধবশতঃ নির্ভয় হইয়া আপন হাতীটাকে চালাইয়া দিলেন। তখন অঙ্কুশ ও অঙ্গুষ্ঠ সঞ্চালিত সেই হস্তিশ্রেষ্ঠ যুদ্ধে প্রলয়কালের অগ্নির ন্যায় হইয়া উঠিল। ক্রমে সেই হাতীটা অত্যন্তক্রুদ্ধ হইয়া ইতস্ততঃ দ্রুত বেগে বিচরণ করিতে থাকিয়া শত শত ও সহস্র সহস্র রথ, হস্তী, অশ্ব, অশ্বারোহী ও পদাতিকে মর্দ্দন করিতে লাগিল ॥৫২—৫৫॥

মহারাজ! ভগদত্তের সেই হাতীটা আলোড়ন করিতে থাকিলে, পাণ্ডবগণের বিশাল সৈন্যও, অগ্নিতে নিক্ষিপ্ত চর্ম্মের ন্যায় সঙ্কুচিত হইয়া পড়িল ॥৫৬॥

বুদ্ধিমান্ ভগদত্ত আপন সৈন্যকে বিশ্লিষ্ট করিয়া ফেলিয়াছেন দেখিয়া ঘটোৎকচ অত্যন্তক্রুদ্ধ হইয়া ভগদত্তের দিকে ধাবিত হইল ॥৫৭॥

---

(৫৪)…সংবর্ত্তক ইবানলঃ…রথসাদিনঃ—পি বা। (৫৬)…পাণ্ডবানাং মহদ্বলম্…পি বা।

বিকটঃ পরুষো রাজন্! দীপ্তাস্যো দীপ্তলোচনঃ।
রূপং বিভীষণং কৃত্বা রোষেণ প্রজ্বলন্নিব ॥৫৮॥
জগ্রাহ বিমলং শূলং গিরীণামপি দারণম্।
নাগং জিঘাংসুঃ সহসা চিক্ষেপ চ মহাবলঃ।
স বিস্ফুলিঙ্গমালাভিঃ সমন্তাৎ পরিবেষ্টিতম্ ॥৫৯॥ (যুগ্মকম্)
তমাপতন্তং সহসা দৃষ্ট্বা প্রাগ্জ্যোতিষো নৃপঃ।
চিক্ষেপ রুচিরং তীক্ষ্ণমর্দ্ধচন্দ্রং সুদারুণম্ ॥৬০॥
চিচ্ছেদ সুমহচ্ছূলং তেন বাণেন বেগবৎ।
উৎপপাত দ্বিধা চ্ছিন্নং শূলং হেমপরিষ্কৃতম্ ॥৬১॥
মহাশনির্যথা ভ্রষ্টা শক্রমুক্তা নভোগতা।
শূলং নিপতিতং দৃষ্ট্বা দ্বিধা কৃত্তঞ্চ পার্থিবঃ ॥৬২॥
রুক্মদণ্ডাং মহাশক্তিং জগ্রাহাগ্নিশিখোপমাম্।
চিক্ষেপ তাং রাক্ষসস্য তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥৬৩॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

বিকট ইতি। বিকটো বিশালমূর্ত্তিঃ, পরুষো নিষ্ঠুরঃ, দীপ্তাস্য উজ্জ্বলমুখঃ। দারণং বিদারণক্ষমম্। নাগং ভগদত্তহস্তিনম্, জিঘাংসুর্হন্তুমিচ্ছুঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৮—৫৯॥

তমিতি। তং শূলম্, "অস্ত্রী শূলং রুগায়ুধম্" ইত্যমরোক্তেঃ সর্ব্বত্রোপপত্তিঃ ॥৬০॥

চিচ্ছেদেতি। উৎপপাত ছেদকালীনাঘাতাৎ কিঞ্চিদুৎপত্য নিপপাতেত্যর্থঃ। শক্রমুক্তা ইন্দ্রক্ষিপ্তা। কৃত্তং ছিন্নম্, পার্থিবো রাজা ভগদত্তঃ। রুক্মদণ্ডাং স্বর্ণখচিতদণ্ডাম্ ॥৬১—৬৩॥

এবং রাজা! সেই মহাবল ঘটোৎকচ বিশালমূর্ত্তি, নিষ্ঠুর, উজ্জ্বলমুখ ও উজ্জ্বলনয়ন হইয়া, অত্যন্তভীষণ রূপ করিয়া, ক্রোধে যেন জ্বলিতে থাকিয়া, নির্ম্মল ও পর্ব্বতবিদারণক্ষম একটা শূল গ্রহণ করিল এবং ভগদত্তের হাতীটাকে বধ করিবার ইচ্ছা করিয়া তৎক্ষণাৎ সেটাকে নিক্ষেপ করিল; তখন সেই শূলটা সকল দিকে স্ফুলিঙ্গমালায় পরিবেষ্টিত হইয়া চলিতে লাগিল ॥৫৮—৫৯॥

সেই শূলটাকে আসিতে দেখিয়া ভগদত্তরাজা তৎক্ষণাৎ একটা সুন্দর, তীক্ষ্ণ ও অতিদারুণ অর্দ্ধচন্দ্রবাণ নিক্ষেপ করিলেন ॥৬০॥

এবং তিনি সেই বাণদ্বারা বিশাল ও বেগবান্ সেই শূলটাকে ছেদন করিলেন। তখন ইন্দ্রনিক্ষিপ্ত মহাবজ্র যেমন একটু আকাশে উঠিয়া পতিত হয়,

(৫৮) বিকটঃ পুরুষো রাজন্!…পি বা। (৫৯) জগ্রাহ বিপুলং শূলম্…পি বা। (৬১)…তেন বাণেন বেগবান্…রা নি। (৬২)…কৃত্তঞ্চ পার্থিব!—পি বা।

তামাপতন্তীং সংপ্রেক্ষ্য বিয়ৎস্থামশনীমিব।
উৎপত্য রাক্ষসস্তূর্ণং জগ্রাহ চ ননাদ চ ॥৬৪॥
বভঞ্জ চৈনাং ত্বরতো জানুন্যারোপ্য ভারত!।
পশ্যতঃ পার্থিবেন্দ্রস্য তদদ্ভুতমিবাভবৎ ॥৬৫॥
তদবেক্ষ্য কৃতং কর্ম্ম রাক্ষসেন বলীয়সা।
দিবি দেবাঃ সগন্ধর্বা মুনয়শ্চাপি বিস্মিতাঃ ॥৬৬॥
পাণ্ডবাশ্চ মহারাজ! ভীমসেনপুরোগমাঃ।
সাধু সাধ্বিতি নাদেন পৃথিবীমন্বনাদয়ন্ ॥৬৭॥
তস্তু শ্রুত্বা মহানাদং প্রহৃষ্টানাং মহাত্মনাম্।
নামৃষ্যত মহেষ্বাসো ভগদত্তঃ প্রতাপবান্ ॥৬৮॥

ভারতকৌমুদী

তামিতি। বিয়ৎস্থামাকাশগতাম্, অশনীং বজ্রম্, "দম্ভোলিরশনির্দ্বয়োঃ" ইত্যমরাভিধানাদশনিশব্দস্য পক্ষে স্ত্রীত্বাৎ "ইতশ্চ ক্তিবর্জিতাদ্বা" ইতীপ্রত্যয়ঃ। রাক্ষসো ঘটোৎকচঃ ॥৬৪॥

বভঞ্জেতি। এনাং শক্তিম্। পার্থিবেন্দ্রস্য ভগদত্তস্য ॥৬৫॥

তদিতি। বিস্মিতাঃ, ঘটোৎকচস্য বলক্ষিপ্রকারিতয়োর্দর্শনাদিতি ভাবঃ ॥৬৬॥

পাণ্ডবা ইতি। পৃথিবীং সমরভূমিম্, অন্বনাদয়ন্ প্রতিধ্বনিতানকুর্ব্বন্ ॥৬৭॥

তমিতি। নামৃষ্যত নাসহত, মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ ॥৬৮॥

সেইরূপ স্বর্ণখচিত সেই শূলটা দুইভাগে খণ্ডিত হইয়া একটু উপরে উঠিয়া পতিত হইল। শূলটাকে দুইভাগে খণ্ডিত ও নিপাতিত দেখিয়া ভগদত্তরাজা স্বর্ণদণ্ড ও অগ্নিশিখাতুল্য একটা মহাশক্তি গ্রহণ করিলেন, 'থাক্ থাক্' এই কথা বলিলেন এবং সেই শক্তিটাকে ঘটোৎকচের উপরে নিক্ষেপ করিলেন ॥৬১—৬৩॥

সেই শক্তিটাকে বজ্রের ন্যায় আসিতে দেখিয়া ঘটোৎকচ লাফ দিয়া উঠিয়া আকাশস্থ অবস্থাতেই সেটাকে ধরিল ও গর্জন করিয়া উঠিল ॥৬৪॥

ভরতনন্দন! তৎপরে ঘটোৎকচ ভগদত্তের দৃষ্টিপথেই সেই শক্তিটাকে আপন জানুতে রাখিয়া ভাঙ্গিয়া ফেলিল; তাহা যেন আশ্চর্য্যের ন্যায় হইল ॥৬৫॥

বলবান্ ঘটোৎকচের সেই কার্য্য দেখিয়া আকাশস্থিত দেবগণ, গন্ধর্ব্বগণ ও মুনিগণ বিস্মিত হইলেন ॥৬৬॥

মহারাজ! ভীমসেনপ্রভৃতি পাণ্ডবেরাও 'সাধু সাধু' এই শব্দে সমরভূমি প্রতিধ্বনিত করিলেন ॥৬৭॥

স বিস্ফার্য্য মহচ্চাপমিন্দ্রাশনিসমস্বনম্।
অভিদুদ্রাব বেগেন পাণ্ডবানাং মহারথান্ ॥৬৯॥
বিসৃজন্ বিমলাংস্তীক্ষ্ণান্ নারাচান্ জ্বলনপ্রভান্।
ভীমমেকেন বিব্যাধ রাক্ষসং নবভিঃ শরৈঃ ॥৭০॥
অভিমন্যুং ত্রিভিশ্চৈব কেকয়ান্ পঞ্চ পঞ্চভিঃ।
পূর্ণায়তবিসৃষ্টেন শরেণানতপর্বণা ॥৭১॥
বিভেদ দক্ষিণং বাহুং ক্ষত্রদেবস্য চাহবে।
পপাত সহসা তস্য সশরং ধনুরুত্তমম্ ॥৭২॥ (কলাপকম্)
দ্রৌপদেয়াংস্ততঃ পঞ্চ পঞ্চভিঃ সমতাড়য়ৎ।
ভীমসেনস্য চ ক্রোধান্নিজঘান তুরঙ্গমান্ ॥৭৩॥
ধ্বজং কেশরিণঞ্চাস্য চিচ্ছেদ বিশিখৈস্ত্রিভিঃ।
নির্বিভেদ ত্রিভিশ্চান্যৈঃ সারথিঞ্চাস্য পত্রিভিঃ ॥৭৪॥

ভারতকৌমুদী

স ইতি। বিস্ফার্য্য আকৃষ্য। জ্বলনপ্রভান্ অগ্নিবদুজ্জ্বলান্। পূর্ণং যদায়তম্ আকৃষ্টং ধনুস্তেন বিসৃষ্টে। নিক্ষিপ্তেন, আনতপর্ব্বণা ঈষদ্বক্রোপান্তেন। আহবে যুদ্ধে। তদানীং তস্য দক্ষিণহস্ত এব সশরং ধনুরাসীৎ বেদনাতিরেকাদ্বামহস্তাদ্বা পপাত ॥৬৯—৭২॥

দ্রৌপেতি। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্, পঞ্চভিঃ শরৈঃ ॥৭৩॥

ধ্বজমিতি। কেশরিণং সিংহমূর্ত্তিযুক্তম্। পত্রিভির্বাণৈঃ ॥৭৪॥

তখন প্রহৃষ্ট মহাত্মা পাণ্ডবগণের সেই বিশাল সাধুবাদ শুনিয়া মহাধনুর্দ্ধর ও প্রতাপশালী ভগদত্ত সহ্য করিলেন না ॥৬৮॥

তিনি ইন্দ্রের বজ্রের শব্দের তুল্য শব্দকারী বিশাল ধনু বিস্ফারিত করিয়া নির্ম্মল, তীক্ষ্ণ ও অগ্নির তুল্য উজ্জ্বল নারাচ সকল নিক্ষেপ করিতে থাকিয়া বেগে পাণ্ডবপক্ষের মহারথগণের দিকে ধাবিত হইলেন। ক্রমে ভগদত্ত একটা বাণ-দ্বারা ভীমকে, নয়টাদ্বারা ঘটোৎকচকে, তিনটাদ্বারা অভিমন্যুকে এবং পাঁচটা বাণদ্বারা কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতাকে বিদ্ধ করিলেন; আর ধনুখানাকে পূর্ণ আকর্ষণ করিয়া একটা ঈষদ্বক্রপর্ব্ব বাণদ্বারা যুদ্ধে ক্ষত্রদেবের দক্ষিণবাহু ভেদ করিলেন। তখন তাঁহার বাণ ও উত্তম ধনুখানা পড়িয়া গেল ॥৬৯—৭২॥

তাহার পর ভগদত্ত পাঁচটা বাণদ্বারা দ্রৌপদীর পঞ্চ পুত্রকে তাড়ন করিলেন এবং ক্রোধবশতঃ ভীমের রথের অশ্বগুলিকে বধ করিলেন ॥৭৩॥

(৬৯)…ইন্দ্রাশনিসমপ্রভম্…রা নি। (৭০)…নারাচান্ বিমলপ্রভান্…পি বা।

স গাঢ়বিদ্ধো ব্যথিতো রথোপস্থ উপাবিশৎ।
বিশোকো ভরতশ্রেষ্ঠ! ভগদত্তেন সংযুগে ॥৭৫॥
ততো ভীমো মহাবাহুর্বিরথো রথিনাং বরঃ।
গদাং প্রগৃহ্য বেগেন প্রচস্কন্দ রথোত্তমাৎ ॥৭৬॥
তমুদ্যতগদং দৃষ্ট্বা সশৃঙ্গমিব পর্বতম্।
তাবকানাং ভয়ং ঘোরং সমপদ্যত ভারত! ॥৭৭॥
এতস্মিন্নেব কালে তু পাণ্ডবঃ কৃষ্ণসারথিঃ।
আজগাম মহারাজ! নিঘ্নন্ শত্রূন্ সমন্ততঃ ॥৭৮॥
যত্র তৌ পুরুষব্যাঘ্রৌ পিতাপুত্রৌ মহাবলৌ।
প্রাগ্জ্যোতিষেণ সংযুক্তৌ ভীমসেনঘটোৎকচৌ ॥৭৯॥

ভারতকৌমুদী

স ইতি। রথোপস্থে রথোপরিদেশে। বিশোকো নাম ভীমস্য সারথিঃ ॥৭৫॥
তত ইতি। বিরথঃ অশ্বনাশাদেব রথহীনঃ। প্রচস্কন্দ অবততার ॥৭৬॥
তমিতি। গদায়াঃ শৃঙ্গসাদৃশ্যমত্র দ্যোত্যতে। ঘোরং মহৎ ॥৭৭॥
এতস্মিন্নিতি। কৃষ্ণসারথিঃ পাণ্ডবোঽর্জ্জুনঃ। নিঘ্নন্ বিনাশয়ন্ ॥৭৮॥
কুত্রাজগামেত্যাহ যত্রেতি। প্রাগ্জ্যোতিষেণ ভগদত্তেন ॥৭৯॥

ভারতভাবদীপঃ

তস্মিন্নিতি ॥১—১৪॥ অনুশয়ঃ পশ্চাত্তাপঃ ॥১৫—৭৫॥ প্রচস্কন্দ অবততার ॥৭৬—৮৫॥
ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একনবতিতমোঽধ্যায়ঃ ॥৯১॥

আর তিনি তিনটা বাণদ্বারা ভীমের সিংহচিহ্নিত ধ্বজটাকে কাটিয়া ফেলিলেন এবং অপর তিনটা বাণদ্বারা উঁহার সারথিকে বিদীর্ণ করিলেন ॥৭৪॥

ভরতশ্রেষ্ঠ! ভীমের সারথি বিশোক যুদ্ধে ভগদত্তকর্ত্তৃক গাঢ়বিদ্ধ ও ব্যথিত হইয়া রথের উপরে উপবেশন করিল ॥৭৫॥

তাহার পর মহাবাহু ও রথিশ্রেষ্ঠ ভীম রথবিহীন হইয়া গদা ধারণ করিয়া বেগে রথ হইতে অবতরণ করিলেন ॥৭৬॥

ভরতনন্দন! শৃঙ্গযুক্ত পর্ব্বতের ন্যায় ভীমসেনকে উত্তোলিতগদাধারী দেখিয়া আপনার পক্ষের যোদ্ধাদের মহাভয় উপস্থিত হইল ॥৭৭॥

মহারাজ! এই সময়েই কৃষ্ণসারথি অর্জ্জুন সকল দিকের শত্রু সংহার করিতে করিতে আগমন করিলেন ॥৭৮॥

দৃষ্ট্বা চ পাণ্ডবো ভ্রাতৄন্ যুধ্যমানান্ মহারথান্।
ত্বরিতো ভরতশ্রেষ্ঠ! তত্রাযুধ্যৎ কিরন্ শরান্ ॥৮০॥
ততো দুর্য্যোধনো রাজা ত্বরমাণো মহারথঃ।
সেনামচোদয়ৎ ক্ষিপ্রং রথনাগাশ্বসঙ্কুলাম্ ॥৮১॥
তামাপতন্তীং সহসা কৌরবাণাং মহাচমূম্।
অভিদুদ্রাব বেগেন পাণ্ডবঃ শ্বেতবাহনঃ ॥৮২॥
ভগদত্তশ্চ সমরে তেন নাগেন ভারত!।
বিমৃদ্নন্ পাণ্ডববলং যুধিষ্ঠিরমুপাদ্রবৎ ॥৮৩॥
তদাসীৎ সুমহদ্‌যুদ্ধং ভগদত্তস্য মারিষ!।
পাঞ্চালৈঃ পাণ্ডবেয়ৈশ্চ কেকয়ৈশ্চোদ্যতায়ুধৈঃ ॥৮৪॥

ভারতকৌমুদী

দৃষ্টেতি। পাণ্ডবোঽর্জ্জুনঃ। কিরন্ বিক্ষিপন্ ॥৮০॥
তত ইতি। অচোদয়ৎ পাণ্ডবসেনাং প্রতি প্রৈরয়ৎ। নাগা হস্তিনঃ ॥৮১॥
তামিতি। শ্বেতা অশ্বা বাহনানি রথচালকা যস্য সঃ অর্জ্জুনঃ ॥৮২॥
ভগদত্ত ইতি। তেন পূর্ব্ববর্ণিতেন নাগেন নিজহস্তিনা। বিমৃদ্নন্ বিমর্দ্দয়ন্ ॥৮৩॥
তদেতি। মা রেষতি খলবৎ স্বভাবতো ন হিনস্তীতি মারিষ আর্য্যঃ, নাম্যুপধত্বাৎ কঃ। "আর্য্যস্তু মারিষঃ" ইত্যমরঃ ॥৮৪॥

যেখানে সেই পুরুষশ্রেষ্ঠ ও মহাবল পিতাপুত্র ভীমসেন ও ঘটোৎকচ ভগদত্তের সহিত যুদ্ধে ব্যাপৃত ছিলেন ॥৭৯॥

ভরতশ্রেষ্ঠ! তখন মহারথ ভ্রাতৃগণকে যুধ্যমান দেখিয়া অর্জ্জুন সত্বর বাণক্ষেপ করতঃ যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥৮০॥

তাহার পর মহারথ রাজা দুর্য্যোধন ত্বরান্বিত হইয়া পাণ্ডবসৈন্যের দিকে নিজের রথ, হস্তী ও অশ্বে পরিপূর্ণ সৈন্য প্রেরণ করিলেন ॥৮১॥

সেই বিশাল কৌরবসৈন্যকে হঠাৎ আসিতে দেখিয়া পাণ্ডুনন্দন অর্জ্জুনও সেই দিকে বেগে ধাবিত হইলেন ॥৮২॥

ভরতনন্দন! তখন ভগদত্তও সেই নিজহস্তীতে আরোহণ করিয়া পাণ্ডবসৈন্য মর্দ্দন করিতে থাকিয়া বেগে যুধিষ্ঠিরের দিকে চলিলেন ॥৮৩॥

মাননীয় মহারাজ! সেই সময়ে উদ্যতশস্ত্র পাঞ্চাল, পাণ্ডব ও কেকয়গণের সহিত ভগদত্তের অতিবিশাল যুদ্ধ হইতে লাগিল ॥৮৪॥

(৮০)…তত্রাযাদ্বিকিরন্ শরান্—পি বা।

CENTRAL LIBRARY

ভীমসেনোঽপি সমরে তাবুভৌ কেশবার্জ্জুনৌ।
অশ্রাবয়দ্‌যথাবৃত্তমিরাবদ্বধমুত্তমম্ ॥৮৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে অষ্টমদিবসযুদ্ধে ভগদত্তযুদ্ধে একনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

দ্বিনবতিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

পুত্রং বিনিহতং শ্রুত্বা ইরাবন্তং ধনঞ্জয়ঃ।
দুঃখেন মহতাবিষ্টো নিশ্বসন্ পন্নগো যথা ॥১॥
অব্রবীৎ সমরে রাজন্! বাসুদেবমিদং বচঃ।
ইদং নূনং মহাপ্রাজ্ঞো বিদুরো দৃষ্টবান্ পুরা ॥২॥
কুরূণাং পাণ্ডবানাঞ্চ ক্ষয়ং ঘোরং মহামতিঃ।
স ততো নিবারিতবান্ ধৃতরাষ্ট্রং জনেশ্বরম্ ॥৩॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ভীমেতি। ইরাবতোঽর্জ্জুনপুত্রস্য বধম্, উত্তমং সম্মুখযুদ্ধনিষ্পন্নয়া প্রশস্তম্ ॥৮৫॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে একনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

পুত্রমিতি। দুঃখেন শোকাত্মকেন। ক্ষয়মিত্যস্য বিশেষণত্বেঽপি ইদমিতি ক্লীবত্বমার্ষম্। দৃষ্টবান্ জ্ঞাননয়নেন। স বিদুরঃ, নিবারিতবান্ যুদ্ধাদিতি শেষঃ ॥১—৩॥

তখন ভীমসেনও কৃষ্ণ এবং অর্জ্জুনকে যথাযথভাবে যুদ্ধে ইরাবানের প্রশস্ত বধবৃত্তান্ত শুনাইলেন' ॥৮৫॥

সঞ্জয় বলিলেন—'রাজা! পুত্র ইরাবান্ যুদ্ধে নিহত হইয়াছেন শুনিয়া অর্জ্জুন মহাশোকাবিষ্ট হইয়া সর্পের ন্যায় নিশ্বাস ত্যাগ করিতে থাকিয়া কৃষ্ণকে

* '...যন্নবতিতমোঽধ্যায়ঃ' বা, '...পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ' রা নি। (৩)...ততো নিবারয়িতবান্...পি।

অন্যে চ বহবো বীরাঃ সংগ্রামে মধুসূদন !।
নিহতাঃ কৌরবৈঃ সংখ্যে তথাস্মাভিশ্চ কৌরবাঃ ॥৪॥
অর্থহেতোর্নরশ্রেষ্ঠ ! ক্রিয়তে কর্ম্ম কুৎসিতম্।
ধিগর্থান্ যৎকৃতে হ্যেবং ক্রিয়তে জ্ঞাতিসংক্ষয়ঃ ॥৫॥
অধনস্য মৃতং শ্রেয়ো ন চ জ্ঞাতিবধাদ্ধনম্।
কিং নু প্রাপ্স্যামহে কৃষ্ণ ! হত্বা জ্ঞাতীন্ সমাগতান্ ॥৬॥
দুর্য্যোধনাপরাধেন শকুনেঃ সৌবলস্য চ।
ক্ষত্রিয়া নিধনং যান্তি কর্ণদুর্মন্ত্রিতেন চ ॥৭॥
ইদানীঞ্চ বিজানামি সুকৃতং মধুসূদন !।
কৃতং রাজ্ঞা মহাবাহো ! যাচতা চ সুযোধনম্ ॥৮॥

ভারতকৌমুদী

অন্য ইতি। অন্যে উত্তরপ্রভৃতয়ঃ। কৌরবা দুর্য্যোধনভ্রাত্রাদয়ঃ ॥৪॥
অর্থেতি। অর্থহেতোর্ধনার্থম্। কুৎসিতং মানুষাদিহত্যারূপম্। যৎকৃতে যন্নিমিত্তে ॥৫॥
অধনস্যেতি। মৃতং বরং মৃত্যুঃ শ্রেয়ঃ। ধনং ধনলাভঃ ॥৬॥
দুর্য্যোধনেতি। সৌবলস্য সুবলপুত্রস্য। কর্ণস্য দুর্মন্ত্রিতেন কুমন্ত্রণাদানেন ॥৭॥
ইদানীমিতি। হে মহাবাহো ! মধুসূদন ! সুযোধনং রাজ্যার্দ্ধং পঞ্চ গ্রামান্ বা যাচতা

এই কথা বলিলেন—'কৃষ্ণ ! মহাপ্রাজ্ঞ ও মহাবুদ্ধি বিদুর নিশ্চয়ই কৌরব ও পাণ্ডবগণের এই ভয়ঙ্কর ক্ষয় পূর্বেই দেখিতে পাইয়াছিলেন। তাই তিনি রাজা ধৃতরাষ্ট্রকে যুদ্ধ করিতে বারণ করিয়াছিলেন ॥১—৩॥

মধুসূদন ! কৌরবেরা যুদ্ধে অন্য বহুতর বীরকেও বধ করিয়াছে, আবার আমরাও যুদ্ধে বহু কৌরবকে সংহার করিয়াছি ॥৪॥

নরশ্রেষ্ঠ ! হায় ! আমরা অর্থের জন্য গর্হিত কার্য্য করিতেছি। সুতরাং অর্থকে ধিক্ ; যাহার জন্য আমরা এইরূপ জ্ঞাতিক্ষয় করিতেছি ॥৫॥

কৃষ্ণ ! নির্ধনের বরং মৃত্যু ভাল ; কিন্তু জ্ঞাতিবধ করিয়া ধন লাভ করা ভাল নহে। আমরা সমাগত জ্ঞাতিগণকে বধ করিয়া কি লাভ করিব (বল দেখি !) ॥৬॥

হায় ! দুর্য্যোধন ও সুবলপুত্র শকুনির অপরাধে এবং কর্ণের কুমন্ত্রণায় ক্ষত্রিয়েরা মৃত্যুমুখে পতিত হইতেছেন ॥৭॥

(৪) অবধ্যা বহবো বীরাঃ…পি। (৬)…কিং নু প্রাপ্স্যামহং কৃষ্ণ !…পি,…কিং নু প্রাপ্স্যাম হে কৃষ্ণ !…বা।

CENTRAL LIBRARY

রাজ্যার্দ্ধং পঞ্চ বা গ্রামান্ নাকার্ষীৎ স চ দুর্মতিঃ।
দৃষ্ট্বা হি ক্ষত্রিয়ান্ শূরান্ শয়ানান্ ধরণীতলে ॥৯॥
নিন্দামি ভৃশমাত্মানং ধিগস্তু ক্ষত্রজীবিকাম্।
অশক্তমিতি মামেতে জ্ঞাস্যন্তে ক্ষত্রিয়া রণে ॥১০॥ (বিশেষকম্)
যুদ্ধং মমেতি রুচিতং জ্ঞাতিভির্মধুসূদন!।
সঞ্চোদয় হয়ান্ শীঘ্রং ধার্ত্তরাষ্ট্রবলং প্রতি ॥১১॥
প্রতরিষ্যে মহাপারং ভুজাভ্যাং সমরোদধেঃ।
নায়ং ক্লীবায়িতুং কালো বিদ্যতে মাধব! ক্বচিৎ ॥১২॥
এবমুক্তস্তু পার্থেন কেশবঃ পরবীরহা।
চোদয়ামাস তানশ্বান্ পাণ্ডুরান্ বাতরংহসঃ ॥১৩॥

ভারতকৌমুদী

যাচমানেন রাজ্ঞা যুধিষ্ঠিরেণ, সুকৃতং সম্যক্ কার্য্যং কৃতমিতীদানীং জানামি। স দুর্ম্মতি-র্দুর্য্যোধনশ্চ তদ্‌যাচ্ঞাপূরণং নাকার্ষীৎ। ক্ষত্রজীবিকাং ক্ষত্রিয়স্য জীবননির্ব্বাহোপায়ং যুদ্ধম্ ।৮—১০॥

যুদ্ধমিতি। রুচিতমিষ্টম্, জ্ঞাতিভিঃ সহ। সঞ্চোদয় সঞ্চালয় ॥১১॥

প্রেতি। মহাপারং দুরপরপারম্। ক্লীবায়িতুং ক্লীববদাচরিতুং নিস্তেজাঃ স্থাতুম্ ॥১২॥

এবমিতি। চোদয়ামাস চালয়ামাস, পাণ্ডুরান্ শ্বেতান্, বাতরংহসো বায়ুবেগান্ ॥১৩॥

মহাবাহু মধুসূদন! এখন বুঝিতে পারিলাম যে, রাজা যুধিষ্ঠির দুর্য্যোধনের নিকটে রাজ্যের অর্দ্ধ কিংবা পাঁচখানি গ্রামমাত্র চাহিয়া ভাল কাজই করিয়াছিলেন। কিন্তু দুর্বুদ্ধি দুর্য্যোধন তাহা করে নাই। হায়! এখন বীর ক্ষত্রিয়গণকে ভূতলে শয়িত দেখিয়া নিজের গুরুতর নিন্দা করিতেছি এবং ক্ষত্রিয়ের জীবিকাকে ধিক্কার দিতেছি। (সে যাহা হউক, আমি যুদ্ধ না করিলে,) এই ক্ষত্রিয়েরা আমাকে যুদ্ধে অসমর্থ মনে করিবেন ॥৮—১০॥

এই জন্যই আমার যুদ্ধে অভিরুচি হইয়াছিল। (সে যাহা হউক,) কৃষ্ণ! তুমি সত্বর অশ্বগুলিকে ধার্ত্তরাষ্ট্রসৈন্যের দিকে চালাইয়া দাও ॥১১॥

আমি বাহুযুগলদ্বারাই সমরসমুদ্রের দূরপারে উত্তীর্ণ হইব। কারণ, মাধব! কখনও এটা ক্লীবের ন্যায় থাকার সময় নহে' ॥১২॥

অর্জ্জুন এইরূপ বলিলে, বিপক্ষবীরহন্তা কৃষ্ণ, শ্বেতবর্ণ ও বায়ুর ন্যায় বেগবান্ সেই অশ্বগুলিকে চালাইয়া দিলেন ॥১৩॥

(১১) এতদর্থং ময়া যুদ্ধং রোচিতম্…ধার্ত্তরাষ্ট্রচমূং প্রতি—নি, যুদ্ধস্য মে ন রুচিতম্… বা রা। (১২)…সমরোদধিম্…বা রা নি। ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ' নি।

অথ শব্দো মহানাসীত্তব সৈন্যস্য ভারত ! ।
মারুতোদ্ধূতবেগস্য সাগরস্যেব পর্বণি ॥১৪॥
অপরাহ্ণে মহারাজ ! সংগ্রামঃ সমপদ্যত ।
পর্জন্যসমনির্ঘোষো ভীষ্মস্য সহ পাণ্ডবৈঃ ॥১৫॥
ততো রাজংস্তব সুতা ভীমসেনমুপাদ্রবন্ ।
পরিবার্য্য রণে দ্রোণং বসবো বাসবং যথা ॥১৬॥
ততঃ শান্তনবো ভীষ্মঃ কৃপশ্চ রথিনাং বরঃ ।
ভগদত্তঃ সুশর্ম্মা চ ধনঞ্জয়মুপাদ্রবন্ ॥১৭॥
হার্দ্দিক্যো বাহ্লিকশ্চৈব সাত্যকিং সমভিদ্রুতৌ ।
অম্বষ্ঠকস্তু নৃপতিরভিমন্যুমুপাদ্রবৎ ॥১৮॥
শেষাস্ত্বন্যে মহারাজ ! শেষানেব মহারথান্ ।
ততঃ প্রববৃতে যুদ্ধং ঘোররূপং ভয়াবহম্ ॥১৯॥

ভারতকৌমুদী

অথেতি। মারুতেন বায়ুনা উদ্ধূতো জনিতো বেগো যস্য তস্য ॥১৪॥
অপেতি। সমপদ্যত অভবৎ। পর্জন্যসমো মেঘগর্জনতুল্যো নির্ঘোষো যস্য সঃ ॥১৫॥
তত ইতি। পরিবার্য্য পরিবেষ্ট্য। বসবো বসুদেবতাঃ, বাসবমিন্দ্রম্ ॥১৬॥
তত ইতি। ধনঞ্জয়দর্শনেন পাণ্ডবান্তরং পরিহায় ভীষ্মস্তমেবাদ্রবৎ যোগ্যতাজ্ঞানাৎ ॥১৭॥
হার্দ্দিক্য ইতি। হার্দ্দিক্যঃ কৃতবর্ম্মা। অম্বষ্ঠকঃ অম্বষ্ঠদেশাধিপতিঃ শ্রুতায়ুঃ ॥১৮॥

ভরতনন্দন! তাহার পর বায়ু আসিয়া বেগ জন্মাইয়া দিলে পূর্ণিমা বা অমাবস্যাতে সমুদ্রের যেমন মহাকোলাহল হয়, আপনার সৈন্যেরও সেইরূপ কোলাহল হইতে লাগিল ॥১৪॥

মহারাজ! ক্রমে পাণ্ডবগণের সহিত ভীষ্মের যুদ্ধ হইতে লাগিল; তখন মেঘনির্ঘোষের ন্যায় যুদ্ধনির্ঘোষ হইতে থাকিল ॥১৫॥

রাজা! তাহার পর বসুদেবতারা যেমন ইন্দ্রকে পরিবেষ্টন করিয়া যুদ্ধে ধাবিত হইতেন, সেইরূপ আপনার পুত্রেরা দ্রোণকে পরিবেষ্টন করিয়া যুদ্ধে ভীমের দিকে ধাবিত হইলেন ॥১৬॥

তৎপরে শান্তনুনন্দন ভীষ্ম, রথিশ্রেষ্ঠ কৃপ, ভগদত্ত ও সুশর্ম্মা ইহারা অর্জ্জুনের প্রতি ধাবিত হইলেন ॥১৭॥

কৃতবর্ম্মা ও বাহ্লিক সাত্যকির দিকে চলিলেন এবং অম্বষ্ঠদেশের রাজা শ্রুতায়ু অভিমন্যুর দিকে ধাবিত হইলেন ॥১৮॥

(১৬)…অমরা বাসবং যথা—পি। (১৮)…অভিমন্যুমবস্থিতঃ—বা রা নি।

CENTRAL LIBRARY

ভীমসেনস্তু সংপ্রেক্ষ্য পুত্রাংস্তব বিশাংপতে ! ।
প্রজজ্বাল রণে ক্রুদ্ধো হবিষা হব্যবাড়িব ॥২০॥
পুত্রাস্তু তব কৌন্তেয়ং ছাদয়াঞ্চক্রিরে শরৈঃ ।
প্রাবৃষীব মহারাজ ! জলদা ইব পর্বতম্ ॥২১॥
স চ্ছাদ্যমানো বহুধা পুত্রৈস্তব বিশাংপতে ! ।
সৃক্কণী সংলিহন্ বীরঃ শার্দ্দূল ইব দর্পিতঃ ॥২২॥
ব্যূঢ়োরস্কং ততো ভীমঃ পাতয়ামাস পার্থিব ! ।
ক্ষুরপ্রেণ সুতীক্ষ্ণেন সোঽভবদ্গতজীবিতঃ ॥২৩॥
অপরেণ তু ভল্লেন পীতেন নিশিতেন চ ।
অপাতয়ৎ কুণ্ডলিনং সিংহঃ ক্ষুদ্রমৃগং যথা ॥২৪॥

ভারতকৌমুদী

শেষা ইতি। শেষাঃ শল্যাদয়ঃ, শেষান্ বিরাটাদীন্, উপাদ্রবন্নিত্যনুবৃত্তিঃ ॥১৯॥
ভীমেতি। হবিষা ঘৃতেন, হব্যবাট্ অগ্নিঃ ॥২০॥
পুত্রা ইতি। প্রাবৃষি বর্ষাসু, জলদা মেঘাঃ। এক ইবশব্দঃ সম্ভাবনায়াম্ ॥২১॥
স ইতি। সংলিহন্ রসনয়া স্পৃশন্, বীরো ভীমসেনঃ, দর্পিতোঽভবদিতি শেষঃ ॥২২॥
ব্যূঢ়োরস্কমিতি। ব্যূঢ়োরস্কং নাম ধৃতরাষ্ট্রপুত্রং। গতজীবিতো জীবনহীনঃ ॥২৩॥
অপরেণেতি। পীতেন স্বর্ণখচিতত্বাৎ পীতবর্ণেন। কুণ্ডলিনং তদাখ্যং ধার্ত্তরাষ্ট্রম্ ॥২৪॥

এবং মহারাজ ! আপনার পক্ষের অবশিষ্ট অন্য বীরেরা পাণ্ডবপক্ষের অবশিষ্ট মহারথগণের প্রতি গমন করিলেন। তাহার পর ভয়াবহ মহাযুদ্ধ উপস্থিত হইল ॥১৯॥

নরনাথ ! ভীমসেন যুদ্ধে আপনার পুত্রগণকে দেখিয়া ক্রুদ্ধ হইয়া ঘৃতদ্বারা অগ্নির ন্যায় জ্বলিয়া উঠিলেন ॥২০॥

মহারাজ ! বর্ষাকালে মেঘসমূহ যেমন জলদ্বারা পর্বতকে আবৃত করে, সেইরূপ আপনার পুত্রেরা বাণদ্বারা ভীমসেনকে আবৃত করিয়া ফেলিলেন ॥২১॥

নরনাথ ! আপনার পুত্রেরা শরদ্বারা বহুপ্রকারে ভীমসেনকে আবৃত করিলে, তিনি ওষ্ঠপ্রান্ত লেহন করতঃ ব্যাঘ্রের ন্যায় দর্পিত হইয়া উঠিলেন ॥২২॥

রাজা ! তাহার পর ভীম একটা সুতীক্ষ্ণ ক্ষুরপ্রদ্বারা ব্যূঢ়োরস্ককে নিপাতিত করিলেন ; তাহাতে তখনই তিনি জীবনশূন্য হইলেন ॥২৩॥

এবং সিংহ যেমন ক্ষুদ্রমৃগকে নিপাতিত করে, সেইরূপ ভীমসেন পীতবর্ণ ও সুতীক্ষ্ণ অন্য একটা ভল্লদ্বারা কুণ্ডলীকে নিপাতিত করিলেন ॥২৪॥

(২০)…পুত্রাংস্তব জনেশ্বর !…পি বা। (২২)…সৃক্কিণী সংলিহন্…বা রা নি।

ততঃ সুনিশিতান্ বাণান্ ভীমসেনঃ শিলাশিতান্।
স সপ্ত সন্দধে হন্তুং পুত্রাংস্তে ভরতর্ষভ! ॥২৫॥
প্রেষিতা ভীমসেনেন শরাস্তে দৃঢ়ধন্বনা।
অপাতয়ন্ত পুত্রাংস্তে রথেভ্যঃ সুমহারথান্ ॥২৬॥
অনাধৃষ্টিং কুণ্ডভেদিং বিরাজং দীপ্তলোচনম্।
দীর্ঘবাহুং সুবাহুঞ্চ তথৈব কনকধ্বজম্ ॥২৭॥ (যুগ্মকম্)
প্রপতন্তি স্ম বীরাস্তে বিরেজুর্ভরতর্ষভ!।
বসন্তে পুষ্পশবলাঃ কিংশুকাঃ পতিতা ইব ॥২৮॥
ততঃ প্রদুদ্রুবুঃ শেষাস্তব পুত্রা মহাহবে।
তং কালমিব মন্যন্তো ভীমসেনং মহাবলম্ ॥২৯॥
দ্রোণস্তু সমরে বীরং নির্দ্দহন্তং সুতাংস্তব।
যথাদ্রিং বারিধারাভিঃ সমন্তাদ্ব্যকিরচ্ছরৈঃ ॥৩০॥

ভারতকৌমুদী

তত ইতি। শিলায়াং শিতান্ ঘর্ষিতান্, অতএব সুনিশিতান্ সুতীক্ষ্ণান্ ॥২৫॥
প্রেষিতা ইতি। তে তব পুত্রান্। সপ্তানাং নামাহ অনাধৃষ্টিমিত্যাদিনা ॥২৬—২৭॥
প্রেতি। বসন্তে কালে, পুষ্পৈঃ শবলা বিচিত্রাঃ ॥২৮॥
তত ইতি। কালং যমম্, মন্যন্তো মন্যমানাঃ ॥২৯॥
দ্রোণ ইতি। বীরং ভীমসেনম্। অদ্রিং পর্ব্বতম্। ব্যকিরং আবৃণোৎ ॥৩০॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর ভীমসেন আপনার পুত্রগণকে বধ করিবার জন্য শিলাশাণিত ও সুতীক্ষ্ণ সাতটা বাণ সন্ধান করিলেন ॥২৫॥

দৃঢ়ধন্বা ভীমসেন নিক্ষেপ করিলে, সেই সাতটা বাণ যাইয়া অনাধৃষ্টি, কুণ্ডভেদি, বিরাজ, দীপ্তলোচন, দীর্ঘবাহু, সুবাহু ও কনকধ্বজ আপনার এই সাত জন মহারথ পুত্রকে রথ হইতে নিপাতিত করিল ॥২৬—২৭॥

ভরতশ্রেষ্ঠ! সেই বীরেরা পতিত হইলেন এবং বসন্তকালে ভূতলপতিত পুষ্পবিচিত্র কিংশুকবৃক্ষসমূহের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥২৮॥

তাহার পর আপনার অবশিষ্ট পুত্রেরা মহাযুদ্ধে মহাবল ভীমসেনকে যমের ন্যায় মনে করিয়া পলায়ন করিলেন ॥২৯॥

বীর ভীমসেন আপনার পুত্রগণকে বিনাশ করিতে লাগিলে, মেঘ যেমন

(২৫) ততঃ সুনিশিতান্ বাণান্ সমাদত্ত শিলীমুখান্। সসর্জ্জ ত্বরয়া যুক্তঃ পুত্রাংস্তে প্রাপ্য মারিষ! পি বা। (২৭)…তথৈব মকরধ্বজম্—রা নি। (২৮) প্রপতন্তঃ স্মঃ—পি।

CENTRAL LIBRARY

তত্রাদ্ভুতমপশ্যাম কুন্তীপুত্রস্য পৌরুষম্ ।
দ্রোণেন বার্য্যমাণোঽপি নিজঘ্নে যৎ সুতাংস্তব ॥৩১॥
যথা গোবৃষভো বর্ষং সংধারয়তি খাৎ পতৎ ।
ভীমস্তথা দ্রোণমুক্তং শরবর্ষমদীধরৎ ॥৩২॥
অদ্ভুতঞ্চ মহারাজ ! তত্র চক্রে বৃকোদরঃ ।
যৎ পুত্রাংস্তেঽবধীৎ সংখ্যে দ্রোণঞ্চৈব ন্যবারয়ৎ ॥৩৩॥
পুত্রেষু তব বীরেষু চিক্রীড়ার্জ্জুনপূর্ব্বজঃ ।
মৃগেষ্বিব মহারাজ ! চরন্ ব্যাঘ্রো মহাবলঃ ॥৩৪॥
যথা হি পশুমধ্যস্থো দ্রাবয়েত পশূন্ বৃকঃ ।
বৃকোদরস্তব সুতাংস্তথা ব্যদ্রাবয়দ্রণে ॥৩৫॥

ভারতকৌমুদী

তত্রেতি। কুন্তীপুত্রস্য ভীমসেনস্য, পৌরুষং কৌশলাত্মকং পুরুষকারম্ ॥৩১॥
যথেতি। গোবৃষভো গোশ্রেষ্ঠো বলীবর্দ্দঃ, বর্ষং বৃষ্টিম্, খাৎ আকাশাৎ ॥৩২॥
অদ্ভুতমিতি। যুগপদুভয়করণমেবাদ্ভুতমিতি ভাবঃ। সংখ্যে যুদ্ধে ॥৩৩॥
পুত্রেঽতি। অর্জ্জুনপূর্ব্বজো ভীমসেনঃ ॥৩৪॥
যথেতি। পশুমধ্যস্থশ্ছাগাদিমধ্যবর্ত্তী, দ্রাবয়েত সংহরেৎ, বৃকো ব্যাঘ্রবিশেষঃ ॥৩৫॥

জলধারাদ্বারা পর্ব্বত আবৃত করে, দ্রোণ সেইরূপ বাণদ্বারা সকল দিকে ভীমসেনকে আবৃত করিলেন ॥৩০॥

তখন আমরা ভীমের অদ্ভুত পুরুষকার দেখিলাম, যে হেতু তিনি দ্রোণকর্ত্তৃক নিবারিত হইতে থাকিয়াও আপনার পুত্রগণকে বিনাশ করিলেন ॥৩১॥

মহাবৃষ যেমন আকাশ হইতে পতনশীল বৃষ্টি অঙ্গে ধারণ করে, সেইরূপ ভীমসেন দ্রোণনিক্ষিপ্ত বাণবৃষ্টি অঙ্গে ধারণ করিতে লাগিলেন ॥৩২॥

মহারাজ ! তখন ভীমসেন অদ্ভুত কার্য্যই করিতে লাগিলেন। যে হেতু তিনি যুদ্ধে আপনার পুত্রগণকেও বধ করিতে থাকিলেন, আবার দ্রোণকেও বারণ করিতে লাগিলেন ॥৩৩॥

মহারাজ ! ব্যাঘ্র যেমন হরিণগণমধ্যে বিচরণ করতঃ খেলা করে, মহাবল ভীমসেনও তেমনই আপনার বীর পুত্রগণমধ্যে বিচরণ করতঃ যেন খেলা করিতে থাকিলেন ॥৩৪॥

এবং ব্যাঘ্র যেমন পশুগণের মধ্যে যাইয়া সেগুলিকে বিদ্রুত করে, সেইরূপ ভীমসেনও যুদ্ধে আপনার পুত্রগণকে বিদ্রুত করিলেন ॥৩৫॥

CENTRAL LIBRARY

গাঙ্গেয়ো ভগদত্তশ্চ গৌতমশ্চ মহারথাঃ।
পাণ্ডবং রভসং যুদ্ধে বারয়ামাসুরর্জ্জুনম্ ॥৩৬॥
অস্ত্রৈরস্ত্রাণি সংবার্য্য তেষাং সোঽতিরথো রণে।
প্রবীরাংস্তব সৈন্যেষু প্রেষয়ামাস মৃত্যবে ॥৩৭॥
অভিমন্যুস্তু রাজানমম্বষ্ঠং লোকবিশ্রুতম্।
বিরথং রথিনাং শ্রেষ্ঠং কারয়ামাস সায়কৈঃ ॥৩৮॥
বিরথো বধ্যমানস্তু সৌভদ্রেণ যশস্বিনা।
অবপ্লুত্য রথাত্তূর্ণমম্বষ্ঠো বসুধাধিপঃ ॥৩৯॥
অসিঞ্চিক্ষেপ সমরে সৌভদ্রস্য মহাত্মনঃ।
আরুরোহ রথঞ্চৈব হার্দ্দিক্যস্য মহাবলঃ ॥৪০॥ (যুগ্মকম্)
আপতন্তন্তু নিস্ত্রিংশং যুদ্ধমার্গবিশারদঃ।
লাঘবাদ্ব্যংসয়ামাস সৌভদ্রঃ পরবীরহা ॥৪১॥

ভারতকৌমুদী

গাঙ্গেয় ইতি। গাঙ্গেয়ো ভীষ্মঃ, গৌতমঃ কৃপঃ। রভসং বেগবন্তম্ ॥৩৬॥
অস্ত্রৈরিতি। অতিরথঃ সোঽর্জ্জুনঃ। প্রবীরান্ প্রধানবীরান্ ॥৩৭॥
অভীতি। অম্বষ্ঠম্ অম্বষ্ঠদেশাধিপতিম্। কারয়ামাসেতি স্বার্থে ইন্ ॥৩৮॥
বিরথ ইতি। বধ্যমানঃ প্রহ্রিয়মাণঃ। হার্দ্দিক্যস্য কৃতবর্ম্মণঃ ॥৩৯—৪০॥
আপতন্তমিতি। যুদ্ধমার্গবিশারদো যুদ্ধরীতিনিপুণঃ, পরবীরহা বিপক্ষবীরহন্তা চ, সৌভদ্রোঽভিমন্যুঃ, লাঘবাৎ দ্রুতমেকপার্শ্বাপসরণাৎ, আপতন্তমাগচ্ছন্তম্, নিস্ত্রিংশম্ অম্বষ্ঠ-রাজনিক্ষিপ্তমসিম্, ব্যংসয়ামাস ব্যর্থীচকার। "অংস সমাঘাতে" ইতি চৌরাদিকস্য প্রয়োগঃ ॥৪১॥

এদিকে ভীষ্ম, ভগদত্ত ও কৃপ এই তিন মহারথ যুদ্ধে বেগবান্ পাণ্ডুনন্দন অর্জ্জুনকে বারণ করিতে লাগিলেন ॥৩৬॥

তখন অতিরথ অর্জ্জুন আপন অস্ত্রদ্বারা যুদ্ধে ভীষ্মপ্রভৃতির অস্ত্র সকল বারণ করিয়া করিয়া আপনার সৈন্যগণের মধ্যের প্রধান প্রধান বীরকে যমালয়ে পাঠাইতে লাগিলেন ॥৩৭॥

ওদিকে অভিমন্যু বাণদ্বারা লোকবিখ্যাত রথিশ্রেষ্ঠ অম্বষ্ঠরাজকে রথবিহীন করিলেন ॥৩৮॥

তখন যশস্বী অভিমন্যু প্রহার করিতে থাকিলে, রথশূন্য মহাবল অম্বষ্ঠরাজ সত্বর লাফাইয়া পড়িয়া মহাত্মা অভিমন্যুর উপরে একখানা তরবারি নিক্ষেপ করিলেন এবং দ্রুত যাইয়া কৃতবর্ম্মার রথে আরোহণ করিলেন ॥৩৯—৪০॥

(৩৬)···গৌতমশ্চ মহারথঃ···পি বা।

CENTRAL LIBRARY

ব্যংসিতং বীক্ষ্য নিস্ত্রিংশং সৌভদ্রেণ রণে তদা।
সাধু সাধ্বিতি সৈন্যানাং প্রণাদোঽভূদ্বিশাংপতে! ॥৪২॥
ধৃষ্টদ্যুম্নমুখাস্ত্বন্যে তব সৈন্যমযোধয়ন্।
তথৈব তাবকাঃ সর্বে পাণ্ডুসৈন্যমযোধয়ন্ ॥৪৩॥
তত্রাক্রন্দো মহানাসীত্তব তেষাঞ্চ ভারত!।
নিঘ্নতাং দৃঢ়মন্যোন্যং কুর্বতাং কর্ম্ম দুষ্করম্ ॥৪৪॥
অন্যোন্যং হি রণে শূরাঃ কেশেষ্বাক্ষিপ্য মানিনঃ।
নখদন্তৈরযুধ্যন্ত মুষ্টিভির্জানুভিস্তথা ॥৪৫॥
তলৈশ্চৈবাথ নিস্ত্রিংশৈর্বাহুভিশ্চ সুসংস্থিতৈঃ।
বিবরং প্রাপ্য চান্যোন্যমনয়দ্যমসাদনম্ ॥৪৬॥

ভারতকৌমুদী

ব্যংসিতমিতি। ব্যংসিতং ব্যর্থীকৃতম্। সৈন্যানাং পাণ্ডবপক্ষীয়াণাম্ ॥৪২॥

ধৃষ্টেতি। তাবকাঃ ত্বৎপক্ষীয়া যোদ্ধারঃ, পাণ্ডূনাং পাণ্ডবানাং সৈন্যম্ ॥৪৩॥

তত্রেতি। আক্রন্দো দারুণরণঃ, "আক্রন্দো দারুণরণে মিত্রে ত্রাতরি রোদনে" ইতি বিশ্বঃ ॥৪৪॥

অন্যোন্যমিতি। শূরা ব্যয়িতাত্মানঃ, আক্ষিপ্য আকৃষ্য ॥৪৫॥

তলৈরিতি। তলৈশ্চপেটাঘাতৈঃ। বিবরং ছিদ্রং প্রহারাবসরমিতি যাবৎ ॥৪৬॥

অম্বষ্ঠরাজনিক্ষিপ্ত সেই তরবারিখানা আসিতে লাগিলে, যুদ্ধরীতিনিপুণ ও বিপক্ষবীরহন্তা অভিমন্যু সত্বর একদিকে সরিয়া তাহা ব্যর্থ করিয়া দিলেন ॥৪১॥

নরনাথ! অভিমন্যু তরবারিখানাকে ব্যর্থ করিলেন দেখিয়া পাণ্ডবসৈন্য-মধ্যে 'সাধু সাধু' এইরূপ শব্দ উঠিল ॥৪২॥

তখন ধৃষ্টদ্যুম্নপ্রভৃতি পাণ্ডবপক্ষের অন্য যোদ্ধারা আপনার সৈন্যদের সহিত এবং সেইরূপই আপনার পক্ষের যোদ্ধারাও পাণ্ডবসৈন্যদের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৪৩॥

ভরতনন্দন! ক্রমে উভয়পক্ষের যোদ্ধারাই পরস্পর গুরুতর প্রহার ও দুষ্কর কার্য্য সকল করিতে লাগিলেন। সুতরাং তখন আপনার পক্ষ ও পাণ্ডব-পক্ষের দারুণ মহাযুদ্ধ হইতে লাগিল ॥৪৪॥

যুদ্ধে অস্ত্রশস্ত্র নিঃশেষ হইয়া গেলে, অভিমানী বীরেরা পরস্পর কেশাকর্ষণ করিয়া নখ, দন্ত, মুষ্টি ও জানুদ্বারা যুদ্ধ করিতে থাকিলেন ॥৪৫॥

ন্যহনচ্চ পিতা পুত্রং পুত্রশ্চ পিতরং তথা।
ব্যাকুলীকৃতসর্বাঙ্গা যুযুধুস্তত্র মানবাঃ ॥৪৭॥
রণে চারূণি চাপানি হেমপৃষ্ঠানি মারিষ!।
হতানামপবিদ্ধানি কলাপাশ্চ মহাধনাঃ ॥৪৮॥
জাতরূপময়ৈঃ পুঙ্খৈ রাজতৈর্নিশিতাঃ শরাঃ।
তৈলধৌতা ব্যরাজন্ত নির্ম্মুক্তভুজগোপমাঃ ॥৪৯॥
হস্তিদন্তত্সরূন্ খড়্গান্ জাতরূপপরিষ্কৃতান্।
চর্ম্মাণি চাপবিদ্ধানি রুক্মচিত্রাণি ধন্বিনাম্ ॥৫০॥
সুবর্ণবিকৃতপ্রাসান্ পট্টিশান্ হেমভূষিতান্।
জাতরূপময়াশ্চর্ষ্টীঃ শক্তীশ্চ কনকোজ্জ্বলাঃ ॥৫১॥
সুসন্নাহাশ্চ পতিতাঃ মুষলানি গুরূণি চ।
পরিঘান্ পট্টিশাংশ্চৈব ভিন্দিপালাংশ্চ মারিষ! ॥৫২॥

ভারতকৌমুদী

ন্যহনদিতি। ব্যাকুলীকৃতসর্বাঙ্গা বিশৃঙ্খলীকৃতহস্ত্যশ্বাদিসেনাঙ্গাঃ ॥৪৭॥
রণ ইতি। অপবিদ্ধানি পতিতানি, কলাপাস্তূণীরাঃ, মহাধনা মহামূল্যাঃ ॥৪৮॥
জাতেতি। জাতরূপময়ৈঃ স্বর্ণময়ৈঃ, রাজতৈ রজতময়ৈশ্চ পুঙ্খৈর্বিশিষ্টাঃ ॥৪৯॥
অথ পঞ্চভিঃ কুলকেন সমরভূমেরবস্থান্তরাণ্যাহ হস্তীতি। দ্বিতীয়ান্তপদানাং প্রগৃহ্যেতি

ভারতভাবদীপঃ

পুত্রমিতি ॥১—৪৭॥ অপবিদ্ধানি পতিতানি ॥৪৮—৮০॥
ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিনবতিতমোঽধ্যায়ঃ ॥৯২॥

এবং ছিদ্র পাইয়া চপেট, তরবারি ও সুঘটিত বাহুদ্বারা পরস্পর যমালয়ে প্রেরণ করিতে লাগিলেন ॥৪৬॥

পিতা পুত্রকে এবং পুত্র পিতাকে বধ করিতে লাগিল; আর মানুষেরা হস্তী, অশ্ব, রথ ও পদাতিগুলিকে বিশৃঙ্খল করিয়া যুদ্ধ করিতে থাকিল ॥৪৭॥

মাননীয় রাজা! নিহত যোদ্ধাদের স্বর্ণখচিত সুন্দর ধনু ও মহামূল্য তূণ সকল পতিত হইল ॥৪৮॥

স্বর্ণময় ও রৌপ্যময় পুঙ্খযুক্ত, শিলাশাণিত এবং তৈলপরিষ্কৃত বাণ সকল খোলসশূন্য সর্পের ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥৪৯॥

মাননীয় রাজা! ধনুর্দ্ধরগণের হস্তিদন্তের মুষ্টিদেশযুক্ত ও সুবর্ণভূষিত

(৪৭)···ব্যাকুলীকৃতসঙ্কল্পাঃ···নি। (৫০) খড়্গাশ্চ দান্তত্সরবঃ—ইত্যাদিপ্রথমান্তাঃ পাঠাঃ নি।

CENTRAL LIBRARY

পতিতান্ বিবিধাংশ্চাপাংশ্চিত্রান্ হেমপরিষ্কৃতান্।
কুথা বহুবিধাকারাশ্চামরান্ ব্যজনানি চ ॥৫৩॥
নানাবিধানি শস্ত্রাণি প্রগৃহ্য পতিতা নরাঃ।
জীবন্ত ইব দৃশ্যন্তে গতসত্ত্বা মহারথাঃ ॥৫৪॥ (কুলকম্)
গদাবিমথিতৈর্গাত্রৈর্মুষলৈর্ভিন্নমস্তকাঃ।
গজবাজিরথক্ষুণ্ণাঃ শেরতে স্ম নরাঃ ক্ষিতৌ ॥৫৫॥
তথৈবাশ্বনৃনাগানাং শরীরৈর্বিবভৌ তদা।
সংছন্না বসুধা রাজন্! পর্বতৈরিব শাতিতৈঃ ॥৫৬॥
সমরে পতিতৈশ্চৈব শক্ত্যৃষ্টিশরতোমরৈঃ।
নিস্ত্রিংশৈঃ পট্টিশৈঃ প্রাসৈরয়স্কুন্তৈঃ পরশ্বধৈঃ ॥৫৭॥

ভারতকৌমুদী

পরেণাম্বয়ঃ। হস্তিদন্তানাং তৎসরবো মুষ্টিদেশা যেষাং তান্। অপবিদ্ধানি পতিতানি, রুক্মচিত্রাণি স্বর্ণখচিতত্বাদ্বিচিত্রাণি। সুবর্ণবিকৃতপ্রাসান্ স্বর্ণখচিতকুন্তান্। ঋষ্টীরস্ত্রবিশেষান্। সুসন্নাহাঃ সুন্দরপরিচ্ছদাঃ, শক্তীরিত্যস্য বিশেষণমেতৎ, পতিতা ইত্যপি। কুথা বর্ণকম্বলানি, "কুথঃ স্ত্রীপুংসয়োর্বর্ণকম্বলে পুংসি বর্হিষি" ইতি মেদিনী। গতসত্ত্বা নির্গতপ্রাণাঃ ॥৫০—৫৪॥

গদেতি। গাত্রৈর্বিশিষ্টাঃ। গজবাজিরথৈঃ ক্ষুণ্ণা মর্দ্দিতাঃ, শেরতে স্ম শয়িতাঃ ॥৫৫॥

তথেতি। নাগা হস্তিনঃ। বসুধা সমরভূমিঃ। শাতিতৈশ্ছিন্না পাতিতৈঃ ॥৫৬॥

তরবারি, স্বর্ণখচিত ভূতলপতিত চর্ম্ম, স্বর্ণখচিত কুন্ত, স্বর্ণভূষিত পট্টিশ, স্বর্ণময় ঋষ্টি, ভূতলপতিত স্বর্ণোজ্জ্বল ও সুপরিচ্ছদ শক্তি, বিশাল মুষল, পরিঘ, পট্টিশ, ভিন্দিপাল, ভূতলপতিত নানাবিধ বিচিত্র ও স্বর্ণভূষিত ধনু, বহুবিধ বর্ণকম্বল, চামর, ব্যজন এবং অন্য নানাবিধ অস্ত্র সকল ধারণ করিয়া মহারথ মানুষেরা প্রাণশূন্য হইয়া ভূতলে পতিত রহিয়াছিলেন; তথাপি তাঁহাদিগকে জীবিতের ন্যায়ই দেখা যাইতেছিল ॥৫০—৫৪॥

যোদ্ধারা গদামর্দ্দিতদেহ, মুষলচূর্ণিতমস্তক এবং হস্তি, অশ্ব ও রথদ্বারা নিষ্পেষিতদেহ হইয়া শয়ন করিতে লাগিল ॥৫৫॥

রাজা! তৎকালে নিপাতিত পর্ব্বতসমূহের ন্যায় হস্তী, অশ্ব ও মানুষের দেহে আবৃত হইয়া সমরভূমি শোভা পাইতে থাকিল ॥৫৬॥

মাননীয় মহারাজ! সমরনিপতিত শক্তি, ঋষ্টি, বাণ, তোমর, তরবারি,

(৫৫)···শেরতে নৃপতে! ক্ষিতৌ—পি বা। (৫৬)···পর্বতৈরিব সর্ব্বশঃ—পি বা রা। (৫৭)··· অবস্কন্দৈঃ পরশ্বধৈঃ—নি।

পরিঘৈর্ভিন্দিপালৈশ্চ শতঘ্নীভিশ্চ মারিষ !।
শরীরৈঃ শস্ত্রনির্ভিন্নৈঃ সমাস্তীর্য্যত মেদিনী ॥৫৮॥ (যুগ্মকম্)
বিশব্দৈরল্পশব্দৈশ্চ শোণিতৌঘপরিপ্লুতৈঃ।
গতাসুভিরমিত্রঘ্ন ! বিবভৌ নিচিতা মহী ॥৫৯॥
সতলত্রৈঃ সকেয়ূরৈর্বাহুভিশ্চন্দনোক্ষিতৈঃ।
হস্তিহস্তোপমৈশ্ছিন্নৈরূরুভিশ্চ তরস্বিনাম্ ॥৬০॥
বদ্ধচূড়ামণিবরৈঃ শিরোভিশ্চ সকুণ্ডলৈঃ।
পাতিতৈ ঋষভাক্ষাণাং বভৌ ভারত ! মেদিনী ॥৬১॥ (যুগ্মকম্)
কবচৈঃ শোণিতাদিগ্ধৈর্বিপ্রকীর্ণৈশ্চ কাঞ্চনৈঃ।
ররাজ সুভৃশং ভূমিঃ শান্তার্চ্চিভিরিবানলৈঃ ॥৬২॥
বিপ্রবিদ্ধৈঃ কলাপৈশ্চ পতিতৈশ্চ শরাসনৈঃ।
বিপ্রকীর্ণৈঃ শরৈশ্চৈব রুক্মপুঙ্খৈঃ সমন্ততঃ ॥৬৩॥

ভারতকৌমুদী

সমর ইতি। প্রাসৈর্লৌহমুখৈর্বংশশলাকাযুক্তৈঃ কুন্তৈঃ, অয়স্কুন্তৈঃ সম্পূর্ণলৌহময়ৈঃ কুন্তৈরিতি বিশেষঃ। সমাস্তীর্য্যত ব্যাপ্যত, মেদিনী সমরভূমিঃ ॥৫৭—৫৮॥

বীতি। বিশব্দৈর্নীরবৈঃ। গতাসুভির্নির্গতপ্রাণৈঃ। নিচিতা ব্যাপ্তা ॥৫৯॥

সেতি। সতলত্রৈর্হস্তাবাপযুক্তৈঃ। হস্তিহস্তোপমৈর্গজশুণ্ডাতুল্যৈঃ। তরস্বিনাং বলবতাম্। বদ্ধচূড়ামণিবরৈর্বৃত্তোত্তমচূড়ামণিভিঃ। ঋষভাক্ষাণাং বৃষতুল্যবৃহন্নয়নানাম্ ॥৬০-৬১॥

কবচৈরিতি। শোণিতাদিগ্ধৈ রক্তধারয়া সম্যগ্লিপ্তৈঃ। অতএব নিবৃত্তশিখানলোপমাসিদ্ধিঃ ॥৬২॥

পট্টিশ, বংশকুন্ত, লৌহকুন্ত, পরশু, পরিঘ, ভিন্দিপাল, শতঘ্নী ও অস্ত্রবিদীর্ণ শরীরে সমরভূমি একেবারে আচ্ছন্ন হইয়া গেল ॥৫৭—৫৮॥

শত্রুনাশক রাজা ! নীরব, অল্পরব, রক্তাক্ত ও মৃত লোকে ব্যাপ্ত হইয়া সমরভূমি প্রকাশ পাইতে লাগিল ॥৫৯॥

ভরতনন্দন ! বৃষতুল্য বিশালনয়ন বীরগণের হস্তাবাপ ও কেয়ূরযুক্ত এবং চন্দনাক্ত বাহুতে, বলবান্‌দিগের হস্তিশুণ্ডতুল্য উরুসমূহে, আর চূড়ামণি ও কুণ্ডলযুক্ত মস্তকরাশিতে সমরভূমিটা অদ্ভুত শোভা ধারণ করিল ॥৬০—৬১॥

শিখাশূন্য অগ্নির ন্যায় ইতস্ততঃ বিক্ষিপ্ত রক্তলিপ্ত স্বর্ণময় বর্ম্মসমূহদ্বারাও সমরভূমি অত্যন্ত শোভা পাইতে লাগিল ॥৬২॥

---

(৫৯) বিশব্দৈরপশব্দৈশ্চ…পি।

রথৈশ্চ সর্বতো ভগ্নৈঃ কিঙ্কিণীজালভূষিতৈঃ।
বাজিভিশ্চ হতৈর্বাণৈঃ স্রস্তজিহ্বৈঃ সশোণিতৈঃ ॥৬৪॥
অনুকর্ষৈঃ পতাকাভিরুপাসঙ্গৈর্ধ্বজৈরপি।
প্রবীরাণাং মহাশঙ্খৈর্বিপ্রকীর্ণৈশ্চ পাণ্ডুরৈঃ ॥৬৫॥
স্রস্তহস্তৈশ্চ মাতঙ্গৈঃ শয়ানৈর্বিবভৌ মহী।
নানারূপৈরলঙ্কারৈঃ প্রমদেবাভ্যলঙ্কৃতা ॥৬৬॥ (কলাপকম্)
দন্তিভিশ্চাপরৈস্তত্র সপ্রাণৈর্গাঢ়বেদনৈঃ।
করৈঃ শব্দং বিমুঞ্চদ্ভিঃ শীকরঞ্চ মুহুর্মুহুঃ।
বিবভৌ তদ্রণস্থানং স্যন্দমানৈরিবাচলৈঃ ॥৬৭॥
নানারাগৈঃ কম্বলৈশ্চ পরিস্তোমৈশ্চ দন্তিনাম্।
বৈদূর্য্যমণিদণ্ডৈশ্চ পতিতৈরঙ্কুশৈঃ শুভৈঃ ॥৬৮॥

ভারতকৌমুদী

বিপ্রেতি। বিপ্রবিদ্ধৈরিতস্ততো বিক্ষিপ্তৈঃ, কলাপৈস্তূণীরৈঃ। বাণৈরিতি করণে তৃতীয়া। স্রস্তজিহ্বৈঃ লম্বিতনিস্পন্দজিহ্বৈ। অনুকর্ষাস্তে এভিরিত্যনুকর্ষা অশ্বমুখরশ্ময়স্তৈঃ, উপাসঙ্গৈস্তূণৈঃ। প্রকারবৈষম্যাদপৌনরুক্ত্যম্। পাণ্ডুরৈঃ শুভ্রৈঃ। স্রস্তহস্তৈর্গলিতনিস্পন্দশুণ্ডৈঃ। প্রমদা স্ত্রী ॥৬৩—৬৬॥

দন্তিভিরিতি। করৈঃ শুণ্ডাভিঃ। শীকরং জলবিন্দুম্। স্যন্দমানৈর্জলং স্রবদ্ভিঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৭॥

নানেতি। নানারাগৈর্বহুবর্ণৈঃ, পরিস্তোমৈঃ পৃষ্ঠাস্তরণৈঃ। বিপাটিতাঃ সংঘর্ষাদর্দ্ধচ্ছিন্নাশ্চ তা বিচিত্রাশ্চেতি তাভিঃ, কুথাভির্হস্তিপৃষ্ঠাস্তরণৈঃ। বিপাটিতা বিপাটিতাভেদেন

ইতস্ততঃ বিক্ষিপ্ত বিশাল তূণ, নিপতিত ধনু, সকল দিকে বিক্ষিপ্ত স্বর্ণপুঙ্খ বাণ, সমস্ত অংশে ভগ্ন ও কিঙ্কিণীজালভূষিত রথ, বাণনিহত স্রস্তজিহ্ব ও রক্তাক্ত অশ্ব, লাগাম, পতাকা, ক্ষুদ্র তূণ, ধ্বজ, প্রধান বীরগণের নানাদিকে বিক্ষিপ্ত শুভ্রবর্ণ মহাশঙ্খ এবং স্রস্তশুণ্ড শয়িত হস্তিদ্বারা সমরভূমিটা—নানারূপ অলঙ্কারে অলঙ্কৃত মহিলার ন্যায় বিশেষরূপে শোভিত হইল ॥৬৩—৬৬॥

তখনও প্রাণ রহিয়াছে, অথ চ তীব্র বেদনা অনুভব করিতেছে; সুতরাং শুণ্ডদ্বারা শব্দ করিতেছে এবং মুহুর্মুহু জলবিন্দু বাহির করিতেছে; এ হেন অন্যান্য হস্তিগুলি—জলস্রাবী পর্ব্বতসমূহের ন্যায় রহিয়াছিল; সেগুলিদ্বারাও সেই সমরাঙ্গন শোভা পাইতেছিল ॥৬৭॥

(৬৭)···সীৎকারঞ্চ মুহুর্মুহুঃ···বা।

ঘণ্টাভিশ্চ গজেন্দ্রাণাং পতিতাভিঃ সমন্ততঃ।
বিপাটিতবিচিত্রাভিঃ কুথাভী রাঙ্কবৈস্তথা ॥৬৯॥
গ্রৈবেয়কৈশ্চিত্ররূপৈ রুক্মকক্ষ্যাভিরেব চ।
যন্ত্রৈশ্চ বহুধা চ্ছিন্নৈস্তোমরৈশ্চাপি কাঞ্চনৈঃ ॥৭০॥
অশ্বানাং রেণুকপিলৈ রুক্মচ্ছন্নৈরুরশ্ছদৈঃ।
সাদিনাঞ্চ ভুজৈশ্ছিন্নৈঃ পতিতৈঃ সাঙ্গদৈস্তথা ॥৭১॥
প্রাসৈশ্চ বিমলৈস্তীক্ষ্ণৈর্বিমলাভিস্তথর্ষ্টিভিঃ।
উষ্ণীষৈশ্চ তথা চিত্রৈর্বিপ্রবিদ্ধৈস্ততস্ততঃ ॥৭২॥
বিচিত্রৈর্বাণবর্ষৈশ্চ জাতরূপপরিষ্কৃতৈঃ।
অশ্বাস্তরপরিস্তোমৈরাঙ্কবৈর্মৃদিতৈস্তথা ॥৭৩॥
নরেন্দ্রচূড়ামণিভির্বিচিত্রৈশ্চ মহাধনৈঃ।
ছত্রৈস্তথাপবিদ্ধৈশ্চ চামরৈর্ব্যজনৈরপি ॥৭৪॥
পদ্মেন্দুদ্যুতিভিশ্চৈব বদনৈশ্চারুকুণ্ডলৈঃ।
কৃপ্তশ্মশ্রুভিরত্যর্থং বীরাণাং সমলঙ্কৃতৈঃ ॥৭৫॥
অপবিদ্ধৈর্মহারাজ! সুবর্ণোজ্জ্বলকুণ্ডলৈঃ।
গ্রহনক্ষত্রশবলা দ্যৌরিবাসীদ্বসুন্ধরা ॥৭৬॥ (কুলকম্)

ভারতকৌমুদী

বৈষম্যাৎ পৃথগুক্তিঃ। রাঙ্কবৈঃ রঙ্কুমৃগচর্ম্মরূপৈরাস্তরণৈঃ। গ্রৈবেয়কৈরশ্বাদীনাং গ্রীবালঙ্কারৈঃ, রুক্মকক্ষ্যাভিঃ স্বর্ণময়হস্তিমধ্যবন্ধনরজ্জুভিঃ। যন্ত্রৈর্গুলিকাক্ষেপকৈঃ। রেণুভিঃ পিঙ্গলবর্ণধূলিভিঃ কপিলাঃ পিঙ্গলবর্ণাস্তৈঃ, রুক্মচ্ছন্নৈঃ স্বর্ণাবৃতৈঃ, উরশ্ছদৈর্বক্ষোবর্ম্মভিঃ। সাদিনামারোহিণাম্। সাঙ্গদৈঃ সকেয়ূরৈঃ। বিপ্রবিদ্ধৈর্নিক্ষিপ্তৈঃ। জাতরূপপরিষ্কৃতৈঃ স্বর্ণভূষিতৈঃ। অশ্বানামাস্তরাঃ পৃষ্ঠাস্তরণীভূতা যে পরিস্তোমাঃ কম্বলানি তৈঃ, মৃদিতৈর্মর্দ্দনেন বিকৃতীকৃতৈঃ, রাঙ্কবৈ রঙ্কুমৃগচর্ম্মভিঃ। মহাধনৈর্মহামূল্যৈঃ। অপবিদ্ধৈঃ পতিতৈঃ। পদ্মস্য ইন্দোশ্চন্দ্রস্য চ দ্যুতিরিব দ্যুতিঃ কান্তির্যেষাং তৈঃ। কৃপ্তানি রক্ষিতানি শ্মশ্রূণি মুখলোমানি যেষু তৈঃ। অপবিদ্ধৈর্নিপতিতৈঃ কেবলৈঃ সুবর্ণোজ্জ্বলকুণ্ডলৈশ্চ। গ্রহৈর্নক্ষত্রৈশ্চ শবলা বিচিত্রা, দ্যৌরাকাশমিব, বসুন্ধরা রণভূমিরাসীৎ ॥৬৮—৭৬॥

নিপতিত নানাবর্ণ কম্বল, হস্তিগণের পৃষ্ঠাস্তরণ, বৈদূর্য্যমণিময় দণ্ড ও সুন্দর সুন্দর অঙ্কুশ এবং সকল দিকে নিপতিত গজেন্দ্রগণের ঘণ্টা, অর্দ্ধচ্ছিন্ন ও বিচিত্র পৃষ্ঠাস্তরণ ও রঙ্কুমৃগের চর্ম্ম, বিচিত্র গ্রীবালঙ্কার, স্বর্ণময় গজবন্ধনরজ্জু, নানারূপে ছিন্ন যন্ত্র (কামান), স্বর্ণময় তোমর, ধূলিযোগে পিঙ্গলবর্ণ ও স্বর্ণাবৃত অশ্বগণের

(৬৯)…কুথাভিরঙ্কুশৈস্তথা—নি। (৭০) গ্রৈবেয়ৈশ্চিত্ররূপৈশ্চ…বা রা নি।

এবমেতে মহাসেনে সূদিতে তত্র ভারত ! ।
পরস্পরং সমাসাদ্য তব তেষাঞ্চ সংযুগে ॥৭৭॥
তেষু শ্রান্তেষু ভগ্নেষু মৃদিতেষু চ ভারত ! ।
রাত্রিঃ সমভবত্তত্র নাপশ্যাম ততো রণম্ ॥৭৮॥
ততোঽবহারং সৈন্যানাং প্রচক্রুঃ কুরুপাণ্ডবাঃ ।
ঘোরে নিশামুখে রৌদ্রে বর্ত্তমানে মহাভয়ে ॥৭৯॥
অবহারং ততঃ কৃত্বা সহিতাঃ কুরুপাণ্ডবাঃ ।
ন্যবিশন্ত যথাকালং গত্বা স্বশিবিরং তদা ॥৮০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে অষ্টমদিবসযুদ্ধাবহারে দ্বিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এবমিতি। তব তেষাং পাণ্ডবানাঞ্চ এতে মহাসেনে মহাসেনাদ্বয়ম্, সূদিতে নাশিতে ॥৭৭॥
তেষ্বিতি। ভগ্নেষু বিশ্লিষ্টেষু, মৃদিতেষু পীড়িতেষু। নাপশ্যাম অন্ধকারাৎ ॥৭৮॥
তত ইতি। অবহারং যুদ্ধবিরামম্। ঘোরে গাঢ়ে, রৌদ্রে খরে ॥৭৯॥

বক্ষের বর্ম্ম, অশ্বারোহিগণের কেয়ূরযুক্ত নিপতিত ছিন্ন বাহু, নির্ম্মল ও তীক্ষ্ণ কুন্ত, নির্ম্মল ঋষ্টি, ইতস্ততঃ বিক্ষিপ্ত বিচিত্র উষ্ণীষ, স্বর্ণখচিত বিচিত্র বাণ, অশ্বগণের পৃষ্ঠাস্তরণ, বিমর্দ্দিত রঙ্কুমৃগের চর্ম্ম, রাজগণের বিচিত্র ও মহামূল্য চূড়ামণি, নিপতিত ছত্র, চামর ও ব্যজন এবং পদ্ম ও চন্দ্রের ন্যায় সুন্দর, মনোহরকুণ্ডলযুক্ত, বৃহৎশ্মশ্রুসমন্বিত ও বিশেষরূপে অলঙ্কৃত বীরগণের মুখ সকল, আর নিপতিত উজ্জ্বল স্বর্ণকুণ্ডল, এইগুলিদ্বারা সমরভূমিটা গ্রহনক্ষত্র-বিচিত্র আকাশের ন্যায় হইয়া গেল ॥৬৮—৭৬॥

ভরতনন্দন ! এইভাবে আপনার ও পাণ্ডবগণের সেই দুইটা বিশাল সৈন্য পরস্পর যুদ্ধে প্রাপ্ত হইয়া পরস্পর বিধ্বস্ত করিল ॥৭৭॥

ভরতনন্দন ! উভয়পক্ষের সৈন্যেরা পরিশ্রান্ত, বিশ্লিষ্ট ও পীড়িত হইলে, রাত্রি উপস্থিত হইল। সুতরাং আমরা আর যুদ্ধ দেখিতে পাইলাম না ॥৭৮॥

ক্রমে প্রখর ও ভয়ঙ্কর গাঢ় প্রদোষকাল উপস্থিত হইলে, কৌরবগণ ও পাণ্ডবগণ সৈন্যগণের যুদ্ধবিরাম করিবার আদেশ দিলেন ॥৭৯॥

(৭৮)…নাপশ্যাম ততোঽনুগান্—বা রা নি। (৭৯)…রজনীমুখে স্বরৌদ্রে তু…বা রা। (৮০)…ন্যবিশন্ত নিশাকালে…নি। * '…সপ্তনবতিতমোঽধ্যায়ঃ' বা, '…ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ' রা নি।

CENTRAL LIBRARY

ত্রিনবতিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

ততো দুর্য্যোধনো রাজা শকুনিশ্চাপি সৌবলঃ।
দুঃশাসনশ্চ পুত্রস্তে সূতপুত্রশ্চ দুর্জয়ঃ ॥১॥
সমাগম্য মহারাজ! মন্ত্রং চক্রুর্বিবক্ষিতম্।
কথং পাণ্ডুসুতাঃ সংখ্যে জেতব্যাঃ সগণা ইতি ॥২॥ (যুগ্মকম্)
ততো দুর্য্যোধনো রাজা সর্বাংস্তানাহ মন্ত্রিণঃ।
সূতপুত্রং সমাভাষ্য সৌবলঞ্চ মহাবলম্ ॥৩॥
দ্রোণো ভীষ্মঃ কৃপঃ শল্যঃ সৌমদত্তিশ্চ সংযুগে।
ন পার্থান্ যুধি বাধন্তে ন জানে তত্র কারণম্ ॥৪॥

ভারতকৌমুদী

অবেতি। সহিতা যৌগপদ্যমাপন্না একদেত্যর্থঃ। স্ববিশন্ত প্রাবিশন্ ॥৮০॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ত্রিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

(::)

তত ইতি। সূতপুত্রঃ কর্ণঃ। সমাগম্য মিলিত্বা। সগণাঃ সসহায়াঃ ॥১—২॥
তত ইতি। সমাভাষ্য সংবোধ্য, সৌবলং শকুনিম্ ॥৩॥

তাহার পর কৌরবগণ ও পাণ্ডবগণ এক সময়েই যুদ্ধবিরাম করিয়া যথাকালে আপন আপন শিবিরে যাইয়া প্রবেশ করিলেন' ॥৮০॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তাহার পর আপনার পুত্র রাজা দুর্য্যোধন ও দুঃশাসন এবং সুবলপুত্র শকুনি ও দুর্জয় সূতপুত্র কর্ণ ইঁহারা সম্মিলিত হইয়া 'কিভাবে যুদ্ধে সহায়দিগের সহিত পাণ্ডবগণকে জয় করা যায়' এই বিষয়ে পূর্বাভিপ্রেত মন্ত্রণা করিতে লাগিলেন ॥১—২॥

তদনন্তর রাজা দুর্য্যোধন মহাবল কর্ণ ও শকুনিকে সম্বোধন করিয়া সেই সকল মন্ত্রীকে বলিলেন—॥৩॥

(৪)…ন পার্থান্ প্রতিবাধন্তে ন জানে তত্র কারণম্—বা রা,…ন পার্থান্ প্রতিবাধন্তে ন জানে কিং নু কারণম্—নি।

CENTRAL LIBRARY

অবধ্যমানাস্তে চাপি ক্ষপয়ন্তি বলং মম।
সোঽস্মি ক্ষীণবলঃ কর্ণ! ক্ষীণশস্ত্রশ্চ সংযুগে ॥৫॥
দ্রোণস্য প্রমুখে বীরা হতাস্তে ভ্রাতরো মম।
ভীমসেনেন রাধেয়! মম চৈব চ পশ্যতঃ ॥৬॥
নিকৃতঃ পাণ্ডবৈঃ শূরৈরবধ্যৈর্দৈবতৈরপি।
সোহং সংশয়মাপন্নঃ প্রকরিষ্যে কথং রণম্ ॥৭॥

সঞ্জয় উবাচ। *

তমব্রবীন্মহারাজ! সূতপুত্রো নরাধিপম্।
মা শোচ ভরতশ্রেষ্ঠ! করিষ্যেঽহং প্রিয়ং তব ॥৮॥

ভারতকৌমুদী

দ্রোণ ইতি। সৌমদত্তির্ভূরিশ্রবাঃ। ন বাধন্তে শক্তা অপি ন পীড়য়ন্তি ॥৪॥
অবধ্যেতি। ক্ষপয়ন্তি ক্ষয়ং নয়ন্তি, বলং সৈন্যম্ ॥৫॥
দ্রোণস্যৌদাসীন্যে প্রমাণং দর্শয়তি দ্রোণস্যেতি। প্রমুখে সম্মুখ এব ॥৬॥
নিকৃত ইতি। নিকৃতঃ পরাজিতঃ। সংশয়ং জয়বিষয়ে ॥৭॥
তমিতি। নরাধিপং দুর্যোধনম্। মা শোচ শোকং ন কুরু ॥৮॥

'ভীষ্ম, দ্রোণ, কৃপ, শল্য ও ভূরিশ্রবা ইঁহারা সমরাঙ্গনে পাণ্ডবগণকে পাইয়াও যুদ্ধে তাহাদিগকে পীড়ন করেন না; সে বিষয়ে কারণ আমি বুঝিতেছি না ॥৪॥

অথ চ কর্ণ! তাহারা অবধ্যমান থাকিয়া আমার সৈন্য ক্ষয় করে।। সুতরাং যুদ্ধে আমার সৈন্য ও অস্ত্র ক্ষয় পাইতেছে ॥৫॥

কর্ণ! (তাহার প্রমাণ দেখ,) দ্রোণের সম্মুখে ও আমার সাক্ষাতে ভীমসেন আমার সেই বীর ভ্রাতৃগণকে বধ করিয়াছে ॥৬॥

দেবগণেরও অবধ্য বীর পাণ্ডবেরা আমাকে (এযাবৎ) পরাজয়ই করিয়া আসিতেছে। সুতরাং আমি যুদ্ধজয়বিষয়ে সংশয়াপন্ন হইয়াছি। এখন কি করিয়া যুদ্ধ করি (বল)? ॥৭॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তখন কর্ণ, রাজা দুর্যোধনকে বলিলেন—'ভরতশ্রেষ্ঠ! আপনি শোক করিবেন না; আমি আপনার প্রিয়কার্য্য করিব ॥৮॥

(৫,—ক্ষয়ন্তি বলং মম…পি। (৬) অয়ং শ্লোকঃ পি বা রা নাস্তি। (৭)…প্রহরিষ্যে কথং রণে—পি বা রা। * অয়ং পাঠঃ পি বা রা নাস্তি (৮) প্রথমার্দ্ধাৎ পরম্ 'কর্ণ উবাচ' পি বা রা। মা শুচঃ…পি বা রা।

ভীষ্মঃ শান্তনবস্তূর্ণমপযাতু মহারণাৎ।
নিবৃত্তে যুধি গাঙ্গেয়ে ন্যস্তশস্ত্রে চ ভারত! ॥৯॥
অহং পার্থান্ হনিষ্যামি সহিতান্ সর্বসৈনিকৈঃ।
পশ্যতো যুধি ভীষ্মস্য শপে সত্যেন তে নৃপ! ॥১০॥ (যুগ্মকম্)
পাণ্ডবেষু দয়াং নিত্যং স হি ভীষ্মঃ করোতি বৈ।
অশক্তশ্চ রণে ভীষ্মো জেতুমেতান্ মহারথান্ ॥১১॥
অভিমানী রণে ভীষ্মো নিত্যঞ্চাপি রণপ্রিয়ঃ।
স কথং পাণ্ডবান্ যুদ্ধে জেষ্যতে তাত! সংগতান্ ॥১২॥
স ত্বং শীঘ্রমিতো গত্বা ভীষ্মস্য শিবিরং প্রতি।
অনুমান্য গুরুং বৃদ্ধং শস্ত্রং ন্যাসয় ভারত! ॥১৩॥
ন্যস্তশস্ত্রে ততো ভীষ্মে নিহতান্ পশ্য পাণ্ডবান্।
ময়ৈকেন রণে রাজন্! সসুহৃদ্গণবান্ধবান্ ॥১৪॥

ভারতকৌমুদী

ভীষ্ম ইতি। ন্যস্তশস্ত্রে ত্যক্তাস্ত্রে। শপে শপথং করোমি ॥৯—১০॥
পাণ্ডবেষ্বিতি। এতান্ মহারথান্ পাণ্ডবান্ ॥১১॥
অভীতি। অভিমানী শক্ত্যভাবেঽপি কেবলাহঙ্কারকারী ॥১২॥
স ইতি। অনুমান্য লোকাচাররক্ষার্থং সম্মান্য। ন্যাসয় ত্যাজয় ॥১৩॥
ন্যস্তেতি। ভীষ্মস্যাস্ত্রত্যাগাভাবে নাহং যোদ্ধুমর্হামি পূর্ব্বপ্রতিজ্ঞাবশাদিতি ভাবঃ ॥১৪॥

ভরতনন্দন! শান্তনুর পুত্র ভীষ্ম সত্বর মহাযুদ্ধ হইতে অপসৃত হউন। তিনি অস্ত্র ত্যাগ করিয়া যুদ্ধে নিবৃত্তি পাইলে, আমিই তাঁহার সমক্ষে সমস্ত সৈন্যের সহিত পাণ্ডবগণকে বধ করিব। রাজা! আমি আপনার নিকট এই সত্য শপথ করিতেছি ॥৯—১০॥

সেই ভীষ্মটা সর্ব্বদাই পাণ্ডবগণের উপরে দয়া করিয়া থাকে, বিশেষতঃ ভীষ্ম যুদ্ধে এই মহারথগণকে জয় করিতে অসমর্থ ॥১১॥

অথ চ ভীষ্ম যুদ্ধে অভিমানী এবং সর্বদাই যুদ্ধপ্রিয়। অতএব মাননীয় রাজা! সে ভীষ্ম যুদ্ধে সম্মিলিত পাণ্ডবগণকে কি করিয়া জয় করিবে? ॥১২॥

সুতরাং ভরতনন্দন! সত্বর আপনি এস্থান হইতে ভীষ্মের শিবিরে যাইয়া সেই গুরু ও বৃদ্ধের প্রতি সম্মান দেখাইয়া তাঁহাকে অস্ত্রত্যাগ করান ॥১৩॥

রাজা! তাহার পর ভীষ্ম অস্ত্রত্যাগ করিলে, এক আমিই যুদ্ধে সুহৃৎ ও বন্ধুগণের সহিত পাণ্ডবগণকে নিহত করিয়াছি, দেখুন'— ॥১৪॥

(১০)···সর্বসোমকৈঃ···রা নি।

CENTRAL LIBRARY

এবমুক্তস্তু কর্ণেন পুত্রো দুর্য্যোধনস্তব।
অব্রবীদ্ভ্রাতরং তত্র দুঃশাসনমিদং বচঃ ॥১৫॥
অনুযাত্রং যথা সর্বং সজ্জীভবতি সর্বশঃ।
দুঃশাসন! তথা ক্ষিপ্রং সর্বমেবোপপাদয় ॥১৬॥
এবমুক্ত্বা ততো রাজন্! কর্ণমাহ জনেশ্বরঃ।
অনুমান্য রণে ভীষ্মমেবোঽহং দ্বিপদাং বর! ॥১৭॥
আগমিষ্যে ততঃ ক্ষিপ্রং ত্বৎসকাশমরিন্দম!।
অপক্রান্তে ততো ভীষ্মে প্রহরিষ্যসি সংযুগে ॥১৮॥ (যুগ্মকম্)
নিষ্পপাত ততস্তূর্ণং পুত্রস্তব বিশাংপতে!।
সহিতো ভ্রাতৃভিস্তৈস্তু দেবৈরিব শতক্রতুঃ ॥১৯॥
ততস্তং নৃপশার্দ্দূলং শার্দ্দূলসমবিক্রমম্।
আরোহয়দ্ধয়ং তূর্ণং ভ্রাতা দুঃশাসনস্তদা ॥২০॥

ভারতকৌমুদী

এবমিতি। তত্র স্বশিবির এব ॥১৫॥

অন্বিতি। অনু পশ্চাদ্যাত্রা যস্য তৎ অনুচরং সৈন্যম্। সর্বশঃ সর্ব্বথা ॥১৬॥

এবমিতি। জনেশ্বরো রাজা দুর্য্যোধনঃ। দ্বিপদাং নরাণাম্। অপক্রান্তে অপসৃতে ॥১৭—১৮॥

নিরিতি। নিষ্পপাত নির্জগাম, ততঃ শিবিরাৎ। শতক্রতুরিন্দ্রঃ ॥১৯॥

তত ইতি। হয়ম্ অশ্বম্ ॥২০॥

রাজা! কর্ণ এইরূপ বলিলে, আপনার পুত্র দুর্য্যোধন সেই আপন শিবিরে থাকিয়াই ভ্রাতা দুঃশাসনকে এই কথা বলিলেন—॥১৫॥

'দুঃশাসন! অনুচরেরা সকলে যাহাতে সর্ব্বপ্রকারে সজ্জিত হন, তুমি সত্বর সেই সমস্ত সম্পাদন কর' ॥১৬॥

রাজা! নরনাথ দুর্য্যোধন দুঃশাসনকে এইরূপ বলিয়া কর্ণকে বলিলেন—'অরিন্দম! নরশ্রেষ্ঠ! এই আমি যুদ্ধবিষয়ে ভীষ্মকে সম্মান দেখাইয়া সেস্থান হইতে সত্বরই তোমার নিকট আসিতেছি। তৎপরে ভীষ্ম অপসৃত হইলে, তুমি যুদ্ধে শত্রুগণকে প্রহার করিবে' ॥১৭—১৮॥

নরনাথ! ক্রমে আপনার পুত্র দুর্য্যোধন ভ্রাতাদের সহিত মিলিত হইয়া, দেবগণমিলিত ইন্দ্রের ন্যায় সত্বর সেস্থান হইতে নির্গত হইলেন ॥১৯॥

(১৭)…দ্বিপদাং বরম্—রা নি।

CENTRAL LIBRARY

অঙ্গদী বদ্ধমুকুটো হস্তাভরণবান্ নৃপঃ।
ধার্ত্তরাষ্ট্রো মহারাজ! বিবভৌ স পথি ব্রজন্ ॥২১॥
ভণ্ডীপুষ্পনিকাশেন তপনীয়নিভেন চ।
অনুলিপ্তঃ পরার্দ্ধেন চন্দনেন সুগন্ধিনা ॥২২॥
অরজোঽম্বরসংবীতঃ সিংহখেলগতির্নৃপ!।
শুশুভে বিমলার্চ্চিষ্মান্ নভসীব দিবাকরঃ ॥২৩॥ (যুগ্মকম্)
তং প্রয়ান্তং নরব্যাঘ্রং ভীষ্মস্য শিবিরং প্রতি।
অনুজগ্মুর্মহেষ্বাসাঃ সর্বলোকস্য ধন্বিনঃ।
ভ্রাতরশ্চ মহেষ্বাসাস্ত্রিদশা ইব বাসবম্ ॥২৪॥
হয়ানন্যে সমারুহ্য গজানন্যে চ ভারত!।
রথানন্যে নরশ্রেষ্ঠং পরিবব্রুঃ সমন্ততঃ ॥২৫॥

ভারতকৌমুদী

অঙ্গদীতি। অঙ্গদী কেয়ূরবান্ ॥২১॥

ভণ্ডীতি। ভণ্ডীপুষ্পনিকাশেন মঞ্জিষ্ঠাপুষ্পসমানবর্ণেন, তপনীয়নিভেন স্বর্ণতুল্যপীতবর্ণেন চ, পরার্দ্ধেন উত্তমেন। অরজসা ধূলিরহিতেন অম্বরেণ বস্ত্রেণ সংবীত আবৃতঃ। বিমলার্চ্চিষ্মান্ নির্ম্মলকিরণবান্, নভসি আকাশে ॥২২—২৩॥

তমিতি। সর্বলোকস্য মধ্যে ধন্বিনো ধন্বিতয়া প্রসিদ্ধাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৪॥

হয়ানিতি। হয়ান্ অশ্বান্। পরিবব্রুঃ পরিবেষ্টিতবন্তঃ ॥২৫॥

তাহার পর তখনই ভ্রাতা দুঃশাসন, ব্যাঘ্রের তুল্য বিক্রমশালী রাজশ্রেষ্ঠ দুর্য্যোধনকে সত্বর অশ্বে আরোহণ করাইয়া দিলেন ॥২০॥

মহারাজ! ক্রমে কেয়ূর, মুকুট ও হস্তাভরণধারী রাজা দুর্য্যোধন পথে যাইবার সময়ে বিশেষ শোভা পাইতে লাগিলেন ॥২১॥

তখন মঞ্জিষ্ঠাপুষ্প ও স্বর্ণের ন্যায় পীতবর্ণ, উত্তম ও সৌরভযুক্ত চন্দনদ্বারা তাঁহার অঙ্গ সকল লিপ্ত ছিল এবং তিনি পরিষ্কৃত বস্ত্র পরিধান করিয়াছিলেন; আর সিংহের ন্যায় সখেল গতিতে যাইতেছিলেন। সুতরাং তিনি তখন আকাশে নির্ম্মলকিরণশালী সূর্য্যের ন্যায় শোভা পাইতেছিলেন ॥২২—২৩॥

নরশ্রেষ্ঠ দুর্য্যোধন ভীষ্মের শিবিরের দিকে প্রস্থান করিলে, দেবতারা যেমন ইন্দ্রের অনুগমন করেন, সেইরূপ সমগ্র জগতে ধনুর্দ্ধর বলিয়া বিখ্যাত মহাধনুর্দ্ধরেরা এবং মহাধনুর্দ্ধর ভ্রাতারা তাঁহার অনুগমন করিলেন ॥২৪॥

(২১)…নৃপ!…রা নি। (২৩) বিরজোঽম্বরসংবীতঃ…পি।

CENTRAL LIBRARY

আত্তশস্ত্রাশ্চ সুহৃদো রক্ষণার্থং মহীপতেঃ।
প্রাদুর্বভূবুঃ সহিতাঃ শক্রস্যেবামরা দিবি ॥২৬॥
স পূজ্যমানঃ কুরুভিঃ কৌরবাণাং মহাবলঃ।
প্রযযৌ সদনং রাজন্! গাঙ্গেয়স্য যশস্বিনঃ।
অন্বীয়মানঃ সততং সোদরৈঃ পরিবারিতঃ ॥২৭॥
দক্ষিণং দক্ষিণঃ কালে সংভৃত্য স্বভুজং তদা।
হস্তিহস্তোপমং সৌম্যং সর্বশত্রুনিবর্হণম্ ॥২৮॥
প্রগৃহ্নমঞ্জলীন্ নৃণামুদ্যতান্ সর্বতো দিশঃ।
শুশ্রাব মধুরা বাচঃ সর্বদেশনিবাসিনাম্ ॥২৯॥
সংস্তূয়মানঃ সূতৈশ্চ মাগধৈশ্চ মহাযশাঃ।
পূজয়ানশ্চ তান্ সর্বান্ সর্বলোকেশ্বরেশ্বরঃ ॥৩০॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

আত্তেতি। আত্তশস্ত্রা গৃহীতাস্ত্রাঃ। মহীপতের্দুর্য্যোধনস্য ॥২৬॥
স ইতি। গাঙ্গেয়স্য ভীষ্মস্য। অন্বীয়মানঃ অনুগম্যমানঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৭॥
দক্ষিণমিতি। দক্ষিণঃ সরলঃ। সঞ্জয়স্য তদ্‌ভৃত্যতয়া স্তুতিরিয়ম্। সংভৃত্য উত্তোল্য। হস্তিহস্তোপমং গজশুণ্ডাতুল্যম্, সৌম্যং সুন্দরম্। প্রগৃহ্নন্ স্বীকুর্ব্বন্। উদ্যতান্ উত্তোলিতান্। মধুরাঃ স্তুতিরূপত্বাৎ। সর্ব্বলোকেশ্বরেশ্বরো রাজাধিরাজঃ ॥২৮—৩০॥

ভরতনন্দন! কেহ কেহ অশ্বে, কেহ কেহ হস্তিতে এবং কেহ কেহ রথে আরোহণ করিয়া নরশ্রেষ্ঠ দুর্য্যোধনকে সকল দিকে বেষ্টন করিলেন ॥২৫॥

স্বর্গে দেবতারা যেমন ইন্দ্রের রক্ষণার্থ আবির্ভূত হন, সেইরূপ অস্ত্রধারী সম্মিলিত সুহৃদ্‌গণ দুর্য্যোধনের রক্ষণার্থ আবির্ভূত হইলেন ॥২৬॥

রাজা! কৌরবগণ স্তব করিতে লাগিলে এবং সহোদরেরা পরিবেষ্টনপূর্ব্বক অনুসরণ করিতে থাকিলে, কৌরবগণের মধ্যে মহাবল দুর্য্যোধন যশস্বী ভীষ্মের ভবনে গমন করিতে লাগিলেন ॥২৭॥

তখন সর্বদেশবাসী লোকেরা আসিয়া কৃতাঞ্জলি হইয়া সকল দিক্ হইতে মধুর বাক্য সকল বলিতে লাগিল এবং সূত ও মাগধগণ স্তব করিতে থাকিল; সেই সময়ে মহারাজাধিরাজ সরলপ্রকৃতি দুর্য্যোধন—হস্তিশুণ্ডতুল্য, সমস্তশত্রু-দমনকারী ও সুন্দর স্বকীয় দক্ষিণ হস্ত উত্তোলন করিয়া, তাহাদের অভিবাদন

(২৭)…কৌরবাণাং মহারথঃ…পি। (২৮)…হস্তিহস্তোপমং পীনম্…বা,…হস্তি-হস্তোপমং শৈক্ষম্ বা।

প্রদীপৈঃ কাঞ্চনৈস্তত্র গন্ধতৈলাবসেচিতৈঃ।
পরিবব্রুর্মহারাজং প্রজ্বলদ্ভিঃ সমন্ততঃ ॥৩১॥
স তৈঃ পরিবৃতো রাজা প্রদীপৈঃ কাঞ্চনৈর্জ্বলন্।
শুশুভে চন্দ্রমা যুক্তো দীপ্তৈরিব মহাগ্রহৈঃ ॥৩২॥
কঞ্চুকোষ্ণীষিণস্তত্র বেত্রঝর্ঝরপাণয়ঃ।
প্রোৎসারয়ন্তঃ শনকৈস্তং জনং সর্বতো দিশম্ ॥৩৩॥
সংপ্রাপ্য তু ততো রাজা ভীষ্মস্য সদনং শুভম্।
অবতীর্য্য হয়াচ্চাপি ভীষ্মং প্রাপ্য জনেশ্বরঃ ॥৩৪॥
অভিবাদ্য ততো ভীষ্মং নিষণ্ণঃ পরমাসনে।
কাঞ্চনে সর্বতোভদ্রে স্পর্দ্ধাস্তরণসংবৃতে ॥৩৫॥

ভারতকৌমুদী

প্রদীপৈরিতি। কাঞ্চনস্য স্বর্ণস্যেমে ইতি কাঞ্চনাস্তৈঃ। পরিবব্রুর্ভৃত্যাঃ ॥৩১॥

স ইতি। জ্বলন্, প্রদীপালোকানাং মণিময়পরিচ্ছদেষু পতনাদিতি ভাবঃ ॥৩২॥

কঞ্চুকেতি। তত্র পথি, কঞ্চুকানি বারবাণানি উষ্ণীষাণি চ এষাং সন্তীতি তে, বেত্রাণি ঝর্ঝরা রাজগমনসূচকা বাদ্যবিশেষাশ্চ পাণিষু যেষাং তে। "নদপ্রভেদে বাদ্যে চ ঝর্ঝরঃ" ইতি ত্রিকাণ্ডশেষঃ। তং জনং দ্রষ্টুমাগতং লোকম্, সর্ব্বতোদিশং শনকৈঃ প্রোৎসারয়ন্তো জগ্মুঃ ॥৩৩॥

গ্রহণপূর্বক তাহাদিগকে সম্মান দেখাইতে থাকিয়া তাহাদের মধুর বাক্য সকল শ্রবণ করিতে লাগিলেন ॥২৮—৩০॥

সকল দিকে প্রজ্বলিত গন্ধতৈলযুক্ত স্বর্ণময় প্রদীপ লইয়া মহারাজ দুর্য্যোধনকে পরিবেষ্টন করিয়া ভৃত্যেরাও সঙ্গে সঙ্গে চলিতে লাগিল ॥৩১॥

তখন রাজা দুর্য্যোধন সেই স্বর্ণময় প্রদীপসমূহে পরিবেষ্টিত হইয়া উজ্জ্বল মূর্ত্তি ধারণ করিয়া, উজ্জ্বল-মহাগ্রহ-বেষ্টিত চন্দ্রের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৩২॥

কঞ্চুক (আলখেল্লা) ও উষ্ণীষধারী এবং বেত্র ও ঝর্ঝরবাদ্যহস্ত রক্ষী পুরুষেরা আগত লোকদিগকে সকল দিকে ধীরে ধীরে সরাইয়া দিতে থাকিয়া পথে সঙ্গে সঙ্গে চলিতে থাকিল ॥৩৩॥

তাহার পর রাজা দুর্য্যোধন ভীষ্মের সুন্দর শিবিরের নিকটে যাইয়া, অশ্বপৃষ্ঠ হইতে অবতীর্ণ হইয়া, ভীষ্মের নিকটে গমন করিয়া, তাঁহাকে অভিবাদনপূর্ব্বক

(৩১)…পরিবব্রুর্মহাত্মানঃ…বা। (৩২)…কাঞ্চনৈঃ শুভৈঃ…পি।

CENTRAL LIBRARY

উবাচ প্রাঞ্জলির্ভীষ্মং বাষ্পকণ্ঠোঽশ্রুলোচনঃ।
ত্বাং বয়ং হি সমাশ্রিত্য সংযুগে শত্রুসূদন ! ॥৩৬॥
উৎসহেম রণে জেতুং সেন্দ্রানপি সুরাসুরান্।
কিমু পাণ্ডুসুতান্ বীরান্ সসুহৃদ্গণবান্ধবান্ ॥৩৭॥ (কলাপকম্)
তস্মাদর্হসি গাঙ্গেয় ! কৃপাং কর্ত্তুং ময়ি প্রভো !।
জহি পাণ্ডুসুতান্ বীরান্ মহেন্দ্র ইব দানবান্ ॥৩৮॥
পূর্বমুক্তং মহাবাহো ! হনিষ্যামি সসোমকান্।
পাঞ্চালান্ কেকয়ৈঃ সার্দ্ধং করূষাংশ্চেতি ভারত ! ॥৩৯॥
তদ্বচঃ সত্যমেবাস্তু জহি পার্থান্ সমাগতান্।
সোমকাংশ্চ মহেষ্বাসান্ সত্যবাগ্ভব ভারত ! ॥৪০॥
দয়য়া যদি বা রাজন্ ! দ্বেষ্যভাবান্মম প্রভো !।
মন্দভাগ্যতয়া বাপি মম রক্ষসি পাণ্ডবান্ ॥৪১॥

ভারতকৌমুদী

সমিতি। হয়াদশ্বাৎ। নিষণ্ণ উপবিষ্টঃ, সর্ব্বতোভদ্রে তদাখ্যে। স্পর্দ্ধি স্বর্ণস্পর্দ্ধাকারি যদাস্তরণং বস্ত্রং তেন সংবৃতে। সংযুগে যুদ্ধে। উৎসহেম শক্নুয়াম ॥৩৪—৩৭॥

তস্মাদিতি। হে গাঙ্গেয় ! গঙ্গাপুত্র !। প্রভো ! সেনাপতিত্বাৎ প্রভাবসম্পন্ন ! ॥৩৮॥

পূর্বমিতি। সোমকৈঃ সহেতি সসোমকাস্তান্। করূষান্ করূষদেশীয়ান্ যোধান্ ॥৩৯॥

তদিতি। পার্থান্ পাণ্ডবান্। সোমকপদং পাঞ্চালকেকয়করূষাণামপ্যুপলক্ষণম্ ॥৪০॥

স্বর্ণতুল্য উজ্জ্বল আস্তরণে আবৃত 'সর্বতোভদ্র-'নামক স্বর্ণময় উত্তম আসনে উপবেশন করিয়া, বাষ্পরুদ্ধকণ্ঠ ও অশ্রুসিক্তনয়ন হইয়া কৃতাঞ্জলিপুটে ভীষ্মকে বলিতে লাগিলেন—'শত্রুদমন পিতামহ ! আমরা আপনাকে অবলম্বন করিয়া যুদ্ধে ইন্দ্রের সহিত দেবাসুরগণকেও জয় করিতে পারি, তাহাতে সুহৃদ্গণ ও বান্ধবগণের সহিত বীর পাণ্ডবগণের বিষয় আর কি বলিব ॥৩৪—৩৭॥

অতএব প্রভাবসম্পন্ন গঙ্গানন্দন ! আপনি আমার প্রতি দয়া করুন ; ইন্দ্র যেমন দানবগণকে বধ করিতেন, আপনিও সেইরূপ পাণ্ডবগণকে বধ করুন ॥৩৮॥

মহাবাহু ভরতনন্দন ! আপনি পূর্ব্বে বলিয়াছিলেন যে, 'আমি—সোমক ও কেকয়গণের সহিত পাঞ্চাল ও করূষগণকে বধ করিব' ॥৩৯॥

ভরতনন্দন ! আপনার সেই বাক্য সত্যই হউক ; আপনি—সমাগত পাণ্ডব, সোমক, পাঞ্চাল, কেকয় ও করূষগণকে বধ করুন এবং সত্যবাদী হউন ॥৪০॥

(৩৭) উৎসহামো রণে জেতুম্…পি।

অনুজানীহি সমরে কর্ণমাহবশোভিনম্।
স জেষ্যতি রণে পার্থান্ সসুহৃজ্জনবান্ধবান্ ॥৪২॥ (যুগ্মকম্)
স এবমুক্ত্বা নৃপতিঃ পুত্রো দুর্য্যোধনস্তব।
নোবাচ বচনং কিঞ্চিদ্ভীষ্মং সত্যপরাক্রমম্ ॥৪৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ভীষ্মং প্রতি দুর্য্যোধনবাক্যে ত্রিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

ভারতকৌমুদী

পক্ষান্তরমাহ দয়য়েতি। পাণ্ডবান্ প্রতি দয়য়া। হে রাজন্! রাজপুত্র! দ্বেষ্যভাবাৎ দ্বেষাৎ। মম মন্দভাগ্যতয়া মন্দভাগ্যত্বাদাত্মন এবাশক্ততয়া। তদেতি শেষঃ। আহবশোভিনং বীরশ্রিয়া সমরে শোভমানম্। অত্রায়মাশয়ঃ—ভীষ্মে অস্ত্রং গৃহ্ণতি নাহমস্ত্রং গ্রহীষ্যামীতি হি কর্ণপ্রতিজ্ঞাসীৎ। ততশ্চ স্বয়মস্ত্রগ্রহণে কর্ণং প্রত্যস্ত্রগ্রহণানুজ্ঞা নোপপদ্যত ইত্যস্ত্রং ত্যজেতি ॥৪১—৪২॥

স ইতি। সত্যপরাক্রমমিত্যনেন বিপক্ষহননে ভীষ্মস্য শক্তিরাসীদিতি সূচিতম্ ॥৪৩॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ত্রিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

———:-*-:———

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—১৮॥ হয়ং হয়যানং রথমিতি যাবৎ ॥১৯—২০॥ ভণ্ডীপুষ্পং মঞ্জিষ্ঠাপুষ্পম্ ॥২১—২৬॥ অন্বীয়মানঃ অনুগম্যমানঃ ॥২৭॥ দক্ষিণং স্বভুজং সংভৃত্য সমুদ্ধৃত্য, শৈক্ষং শস্ত্রাদিশিক্ষাসম্পন্নম্ ॥২৮—৪৩॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিনবতিতমোঽধ্যায়ঃ ॥৯৩॥

———(::)———

প্রভাবসম্পন্ন রাজপুত্র! পক্ষান্তরে আপনি যদি দয়াবশতঃ, কিংবা আমার প্রতি বিদ্বেষনিবন্ধন, অথবা আমার দুর্ভাগ্যতার জন্য পাণ্ডবগণকে রক্ষাই করেন, তবে আপনি—যুদ্ধশোভী কর্ণের উপরে যুদ্ধ করিবার অনুমতি করুন; তিনি যুদ্ধে সুহৃদ্গণ ও বন্ধুগণের সহিত পাণ্ডবগণকে জয় করিবেন' ॥৪১—৪২॥

এইরূপ বলিয়া আপনার পুত্র রাজা দুর্য্যোধন সত্যপরাক্রম ভীষ্মকে আর কোন কথা বলিলেন না' ॥৪৩॥

———•::•———

(৪২)…সসুহৃদ্গণবান্ধবান্—রা নি। ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ' নি। * '…অষ্টনবতিতমোঽধ্যায়ঃ' বা, '…সপ্তনবতিতমোঽধ্যায়ঃ' রা নি।

চতুর্নবতিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

বাক্‌শল্যৈস্তব পুত্রেণ সোঽতিবিদ্ধো মহামনাঃ।
দুঃখেন মহতাবিষ্টো নোবাচাপ্রিয়মণ্বপি ॥১॥
স ধ্যাত্বা সুচিরং কালং দুঃখরোষসমন্বিতঃ।
শ্বসন্নিব মহানাগঃ প্রণুন্নো বাক্‌শলাকয়া ॥২॥
উদ্ধৃত্য চক্ষুষী কোপান্নির্দ্দহন্নিব ভারত!।
সদেবাসুরগন্ধর্বং লোকং কাল ইবাপরঃ ॥৩॥
অব্রবীত্তব পুত্রং স সামপূর্বমিদং বচঃ।
কিং ত্বং দুর্য্যোধনৈবং মাং বাক্‌শল্যৈরপকৃন্তসি ॥৪॥
ঘটমানং যথাশক্তি কুর্বাণঞ্চ তব প্রিয়ম্।
জুহ্বানং সমরে প্রাণাংস্তব বৈ প্রিয়কাম্যয়া ॥৫॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

বাগিতি। বাচ এব শল্যানি শঙ্কবস্তৈঃ। অণু অল্পমপি নোবাচ মহামনস্ত্বাদেব ॥১॥
স ইতি। ধ্যাত্বা চিন্তয়িত্বা। প্রণুন্নঃ প্রবিদ্ধঃ। উদ্ধৃত্য উত্তোল্য। লোকং জগৎ, কালো মহাকালো রুদ্রঃ। সামপূর্বং সান্ত্বপ্রযুক্তম্। অপকৃন্তসি হৃদয়ং ছিনৎসি। ঘটমানং পাণ্ডবান্ জেতুং চেষ্টমানম্। জুহ্বানং হোতুমুদ্যচ্ছন্তম্। সমরস্থানলরূপত্বং ব্যঞ্জ্যতে ॥২—৫॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! আপনার পুত্র দুর্য্যোধনকর্ত্তৃক সেইরূপ বাক্যশল্যদ্বারা অত্যন্তবিদ্ধ এবং মহাদুঃখিত হইয়াও মহামনা ভীষ্ম (তাহার উত্তরে) অল্প অপ্রিয় বাক্যও বলিলেন না ॥১॥

ভরতনন্দন! তিনি বাক্যশল্যদ্বারা তাড়িত হওয়ায় দুঃখিত ও ক্রুদ্ধ হইয়া, মহাসর্পের ন্যায় শ্বাস ত্যাগ করিতে থাকিয়া, দীর্ঘকাল চিন্তা করিয়া, দ্বিতীয় রুদ্রের ন্যায় ক্রোধবশতঃ দেবতা, অসুর ও গন্ধর্বগণের সহিত ত্রিভুবনই যেন দগ্ধ করতঃ, নয়নযুগল উত্তোলনপূর্ব্বক কোমলতাযুক্ত এই কথাগুলি দুর্য্যোধনকে

(১)···নোবাচ দুঃখোপহতো হ্যপ্রিয়ং প্রিয়মণ্বপি—নি। (২)···শ্বসমানো যথা নাগঃ প্রতুন্নো বৈ শলাকয়া—পি,···শ্বসমানো যথা নাগঃ···রা। (৩)···লোকং লোকবিদাং বরঃ—পি বা রা।

CENTRAL LIBRARY

যদা তু পাণ্ডবঃ শূরঃ খাণ্ডবেঽগ্নিমতর্পয়ৎ।
পরাজিত্য রণে শক্রং পর্য্যাপ্তং তন্নিদর্শনম্ ॥৬॥
যদা চ ত্বাং মহাবাহো! গন্ধর্বৈর্হৃতমোজসা।
অমোচয়ৎ পাণ্ডুসুতঃ পর্য্যাপ্তং তন্নিদর্শনম্ ॥৭॥
দ্রবমাণেষু শূরেষু সোদরেষু তব প্রভো!।
সূতপুত্রে চ রাধেয়ে পর্য্যাপ্তং তন্নিদর্শনম্ ॥৮॥
যচ্চ নঃ সহিতান্ সর্বান্ বিরাটনগরে তদা।
এক এবাজয়ৎ পার্থঃ পর্য্যাপ্তং তন্নিদর্শনম্ ॥৯॥

ভারতকৌমুদী

অষ্টভিঃ শ্লোকৈরর্জ্জুনস্যাজয্যত্বং সূচয়ন্ প্রথমমর্জ্জুনস্য খাণ্ডবদাহে দেবগণজয়মাহ যদেতি। যদা যৎ, পাণ্ডবোঽর্জ্জুনঃ। পর্য্যাপ্তং যথেষ্টম্, নিদর্শনং তদ্বীরত্বস্য দৃষ্টান্তঃ ॥৬॥

ঘোষযাত্রায়ামর্জ্জুনবীরত্বমাহ যদেতি। ওজসা বলেন। পাণ্ডুসুতোঽর্জ্জুনঃ ॥৭॥

অথ কীদৃশ্যামবস্থায়াং হৃতমিত্যাহ দ্রবেতি। দ্রবমাণেষু দ্রবৎসু পলায়মানেষু। সূতপুত্রে রাধেয়ে কর্ণে চ পলায়মানে। পর্য্যাপ্তং তন্নিদর্শনমিতি পুনরভিধানান্নেদং যুগ্মকম্ ॥৮॥

উত্তরগোগ্রহবৃত্তান্তমাহ চতুর্ভির্যদিতি। নঃ অস্মান্। তদা গোহরণকালে ॥৯॥

বলিলেন—'দুর্য্যোধন! আমি শক্তি অনুসারে পাণ্ডবগণকে জয় করিবার চেষ্টা করিতেছি, তোমার প্রিয়কার্য্য করিতেছি এবং তোমারই প্রীতি কামনা করিয়া সমরানলে প্রাণ আহুতি দিতে উদ্যত রহিয়াছি; তথাপি তুমি বাক্যশল্যদ্বারা আমাকে এরূপ বিদীর্ণ করিতেছ কেন? ॥২—৫॥

দেখ, খাণ্ডবদাহের সময়ে মহাবীর অর্জ্জুন যুদ্ধে ইন্দ্রকে পর্য্যন্ত জয় করিয়া অগ্নিদেবকে যে সন্তুষ্ট করিয়াছিলেন, তাহাই তাঁহার বীরত্বের যথেষ্ট নিদর্শন ॥৬॥

মহাবাহু! গন্ধর্ব্বেরা বলপূর্ব্বক তোমাকে হরণ করিয়া লইয়া চলিয়াছিল; তখন অর্জ্জুন যে তোমাকে মুক্ত করিয়াছিলেন, তাহাই তাঁহার বীরত্বের যথেষ্ট নিদর্শন ॥৭॥

রাজা! তখন তোমার বীর ভ্রাতারা এবং কর্ণও পলায়ন করিয়াছিলেন; সেই অবস্থায় অর্জ্জুন যে তোমাকে মুক্ত করিয়াছিলেন, তাহাই তাঁহার বীরত্বের যথেষ্ট নিদর্শন ॥৮॥

বিরাটরাজধানীতে সেই উত্তরগোগ্রহের যুদ্ধের সময়ে একমাত্র অর্জ্জুনই যে আমাদের সম্মিলিত সকলকে জয় করিয়াছিলেন, তাহাই তাঁহার বীরত্বের যথেষ্ট নিদর্শন ॥৯॥

(৯)···এক এব সমুদ্যাতঃ···পি বা ব রা।

দ্রোণঞ্চ যুধি সংরব্ধং মাঞ্চ নির্জ্জিত্য সংযুগে।
বাসাংসি স সমাদত্ত পর্য্যাপ্তং তন্নিদর্শনম্ ॥১০॥
তথা দ্রৌণিং মহেষ্বাসং শারদ্বতমথাপি চ।
গোগ্রহে জিতবান্ পূর্বং পর্য্যাপ্তং তন্নিদর্শনম্ ॥১১॥
বিজিত্য চ যথা কর্ণং সদা পুরুষমানিনম্।
উত্তরায়ৈ দদৌ বস্ত্রং পর্য্যাপ্তং তন্নিদর্শনম্ ॥১২॥
নিবাতকবচান্ যুদ্ধে বাসবেনাপি দুর্জ্জয়ান্।
জিতবান্ সমরে পার্থঃ পর্য্যাপ্তং তন্নিদর্শনম্ ॥১৩॥
কো হি শক্তো রণে জেতুং পাণ্ডবং রভসং সদা।
যস্য গোপ্তা জগদ্গোপ্তা শঙ্খচক্রগদাধরঃ ॥১৪॥
বাসুদেবোঽনন্তশক্তিঃ সৃষ্টিসংহারকারকঃ।
সর্বেশ্বরো দেবদেবঃ পরমাত্মা সনাতনঃ ॥১৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

দ্রোণমিতি। সংরব্ধং ক্রুদ্ধম্। স পার্থঃ পার্থপ্রযুক্ত উত্তর ইত্যর্থঃ।১০॥
তথেতি। দ্রৌণিমশ্বত্থামানম্, শারদ্বতং কৃপম্।১১॥
বিজিত্যেতি। যথা যং। পুরুষমানিনমিত্যনেন কর্ণস্যাভিমানিত্বমাত্রমিতি সূচিতম্।১২॥
অর্জ্জুনস্য স্বর্গবাসকালীনং বীরত্বং সূচয়তি নিবাতেতি। বাসবেন ইন্দ্রেণ ॥১৩॥
ক ইতি। পাণ্ডবমর্জ্জুনম্, রভসং বেগবন্তম্। গোপ্তা রক্ষিতা। সনাতনো নিত্যঃ ॥১৪-১৫॥

সেই যুদ্ধে ক্রুদ্ধ দ্রোণকে এবং আমাকে জয় করিয়া অর্জ্জুন উত্তরকে দিয়া যে আমাদের বস্ত্র হরণ করাইয়াছিলেন, তাহাই তাঁহার বীরত্বের যথেষ্ট নিদর্শন ॥১০॥

এবং তিনি সেই উত্তরগোগ্রহযুদ্ধে মহাধনুর্দ্ধর অশ্বত্থামাকে ও কৃপাচার্য্যকে পূর্বে যে জয় করিয়াছিলেন, তাহাই তাঁহার বীরত্বের যথেষ্ট নিদর্শন ॥১১॥

আর অর্জ্জুন সেই যুদ্ধে সর্ব্বদা পুরুষাভিমানী কর্ণকেও জয় করিয়া উত্তরাকে যে বস্ত্র দান করিয়াছিলেন, তাহাই তাঁহার বীরত্বের যথেষ্ট নিদর্শন ॥১২॥

যুদ্ধে ইন্দ্রেরও অজেয় নিবাতকবচনামক অসুরগণকে অর্জ্জুন যুদ্ধে যে জয় করিয়াছিলেন, তাহাই তাঁহার বীরত্বের যথেষ্ট নিদর্শন ॥১৩॥

তা'র পর অনন্তশক্তি, জগতের সৃষ্টি, স্থিতি ও সংহারকারী, সর্বেশ্বর, দেবদেব, পরমাত্মা, সনাতন ও শঙ্খ-চক্র-গদাধারী স্বয়ং বাসুদেব যাঁহার রক্ষক, যুদ্ধে

(১০) দ্রোণঞ্চ যুধি নির্জ্জিত্য…পি। (১১) জিতবান্ পার্থঃ…পি। (১৪)…রভসং তদা—নি।

উক্তোঽসি বহুশো রাজন্! নারদাদ্যৈর্মহর্ষিভিঃ।
ত্বন্তু মোহান্ন জানীষে বাচ্যাবাচ্যং সুযোধন! ॥১৬॥
মুমূর্ষুর্হি নরঃ সর্বান্ বৃক্ষান্ পশ্যতি কাঞ্চনান্।
তথা ত্বমপি গান্ধারে! বিপরীতানি পশ্যসি ॥১৭॥
স্বয়ং বৈরং মহৎ কৃত্বা পাণ্ডবৈঃ সহ সৃঞ্জয়ৈঃ।
যুধ্যস্ব তানদ্য রণে পশ্যামঃ পুরুষো ভব ॥১৮॥
অহন্তু সোমকান্ সর্বান্ পাঞ্চালাংশ্চ সমাগতান্।
নিহনিষ্যে নরব্যাঘ্র! বর্জ্জয়িত্বা শিখণ্ডিনম্ ॥১৯॥
তৈর্বাহং নিহতঃ সংখ্যে গমিষ্যে যমসাদনম্।
তান্ বা নিহত্য সমরে প্রীতিং দাস্যাম্যহং তব ॥২০॥
পূর্বং হি স্ত্রী সমুৎপন্না শিখণ্ডী রাজবেশ্মনি।
বরদানাৎ পুমান্ জাতঃ সৈষা বৈ স্ত্রী শিখণ্ডিনী ॥২১॥

ভারতকৌমুদী

উক্ত ইতি। উক্তোঽসি কৃষ্ণার্জ্জুনয়োর্নরনারায়ণত্বমিতি শেষঃ ॥১৬॥
মুমূর্ষুরিতি। কাঞ্চনান্ স্বর্ণময়ান্। বিপরীতানি পরাজয়াদিবিষয়ে জয়াদীন্ ॥১৭॥
স্বয়মিতি। যুধ্যস্ব ত্বং স্বয়মেবেত্যাশয়ঃ ॥১৮॥
তর্হি কিং নিবর্ত্তিষ্যস ইত্যাহ অহমিতি। চকারাৎ কেকয়াংশ্চ ॥১৯॥
তৈরিতি। সংখ্যে যুদ্ধে, গমিষ্যে গমিষ্যামি, যমস্য সাদনং গৃহম্ ॥২০॥

সর্ব্বদা বেগবান্ সেই অর্জ্জুনকে যুদ্ধে কোন্ ব্যক্তি জয় করিতে সমর্থ হয়? ॥১৪—১৫॥

রাজা দুর্য্যোধন! নারদপ্রভৃতি মহর্ষিরা তোমাকে বহুবার বলিয়াছেন; কিন্তু তুমি মোহবশতঃ বক্তব্যাবক্তব্য বুঝিতেছ না ॥১৬॥

গান্ধারীনন্দন! মুমূর্ষু লোক যেমন সকল বৃক্ষকেই স্বর্ণময় দেখে, তুমিও সেইরূপ বিপরীতই দেখিতেছ ॥১৭॥

তুমি নিজে পাণ্ডব ও সৃঞ্জয়গণের সহিত গুরুতর শত্রুতা জন্মাইয়া এখন নিজেই তাঁহাদের সহিত যুদ্ধ কর, পুরুষ হও, আমরা দেখি ॥১৮॥

কিন্তু নরশ্রেষ্ঠ! আমি শিখণ্ডীকে ত্যাগ করিয়া যুদ্ধে সমাগত সমস্ত সোমক, পাঞ্চাল ও কেকয়গণকে বধ করিব ॥১৯॥

হয়—আমি তাহাদের হাতে যুদ্ধে নিহত হইয়া যমালয়ে যাইব, না হয়—তাহাদিগকে যুদ্ধে সংহার করিয়া তোমার সন্তোষ জন্মাইব ॥২০॥

(১৭)···নরঃ সর্বো বৃক্ষান্··পি।

তমহং ন হনিষ্যামি প্রাণত্যাগেঽপি ভারত ! ।
যাঽসৌ প্রাঙ্‌নির্ম্মিতা ধাত্রা সৈষা বৈ স্ত্রী শিখণ্ডিনী ॥২২॥
সুখং স্বপিহি গান্ধারে ! শ্বোঽস্মি কর্ত্তা মহারণম্ ।
যং জনাঃ কথয়িষ্যন্তি যাবৎ স্থাস্যতি মেদিনী ॥২৩॥
এবমুক্তস্তব সুতো নির্জগাম জনেশ্বর ! ।
অভিবাদ্য গুরুং মূর্দ্ধ্না প্রযযৌ স্বং নিবেশনম্ ॥২৪॥
আগম্য তু ততো রাজা বিসৃজ্য চ মহাজনম্ ।
প্রবিবেশ ততস্তূর্ণং ক্ষয়ং শত্রুক্ষয়ঙ্করঃ ॥২৫॥
প্রবিষ্টঃ স নিশাং তাঞ্চ গময়ামাস পার্থিবঃ ।
প্রভাতায়াঞ্চ শর্বর্য্যাং প্রাতরুত্থায় তান্ নৃপঃ ॥২৬॥

ভারতকৌমুদী

নন্থ শিখণ্ডিনো বর্জনে কো হেতুরিত্যাহ পূর্বমিতি। বৃত্তান্তোঽয়মুদ্‌যোগপর্বণি দৃশ্যঃ ॥২১॥
তমিতি। স্ত্রীপূর্বত্বাদেব স্ত্রীত্যাশয়ঃ ॥২২॥
সুখমিতি। শ্বঃ পরদিনে। কর্ত্তেতি তাচ্ছীল্যতৃন্‌প্রত্যয়ান্ততয়া কর্ম্মণি ন ষষ্ঠী ॥২৩॥
এবমিতি। নির্জগাম ভীষ্মশিবিরাৎ। গুরুং পিতামহং ভীষ্মম্ ॥২৪॥
আগম্যেতি। মহাজনং সহচরং লোকসমূহম্। ক্ষয়ং গৃহং স্বশিবিরমিত্যর্থঃ ॥২৫॥

দেখ, শিখণ্ডী দ্রুপদরাজার গৃহে প্রথমে স্ত্রী হইয়া জন্মিয়াছিল, পরে শিবের বরে পুরুষ হইয়াছে। সুতরাং সে স্ত্রী—শিখণ্ডিনী ॥২১॥

সুতরাং ভরতনন্দন! আমার প্রাণত্যাগের সম্ভাবনা হইলেও আমি শিখণ্ডীকে বধ করিব না। কারণ, বিধাতা যাহাকে পূর্ব্বে স্ত্রী করিয়া সৃষ্টি করিয়াছিলেন, সে স্ত্রী—শিখণ্ডিনীই বটে ॥২২॥

গান্ধারীনন্দন! এখন যাও, যাইয়া সুখে নিদ্রা যাও; আমি আগামী কল্য এমন মহাযুদ্ধ করিব যে, যতকাল পৃথিবী থাকিবে, ততকাল যাহার বিষয় লোকে বলিবে' ॥২৩॥

নরনাথ! ভীষ্ম এইরূপ বলিলে, আপনার পুত্র দুর্য্যোধন মস্তকদ্বারা ভীষ্মকে নমস্কার করিয়া ভীষ্মের শিবির হইতে নির্গত হইলেন এবং আপন শিবিরে প্রস্থান করিলেন ॥২৪॥

শত্রুক্ষয়কারী রাজা দুর্য্যোধন সেস্থান হইতে আসিয়া সহচর লোকদিগকে বিদায় দিয়া পরে সত্বর আপন শিবিরে প্রবেশ করিলেন ॥২৫॥

(২৫)···ক্ষয়ং বংশক্ষয়ঙ্করঃ—পি। (২৬) প্রহৃষ্টঃ স নিশাম্···নি।

রাজ্ঞঃ সমাজ্ঞাপয়ত সেনাং যোজয়তেতি হ।
অদ্য ভীষ্মো রণে ক্রুদ্ধো নিহনিষ্যতি সোমকান্ ॥২৭॥ (যুগ্মকম্)
দুর্য্যোধনস্য তচ্ছ্রুত্বা রাত্রৌ বিলপিতং বহু।
মন্যমানঃ স তং রাজন্! প্রত্যাদেশমিবাত্মনঃ ॥২৮॥
নির্বেদং পরমং গত্বা বিনিন্দ্য পরবশ্যতাম্।
দীর্ঘং দধ্যৌ শান্তনবো যোদ্ধুকামোঽর্জ্জুনং রণে ॥২৯॥ (যুগ্মকম্)
ইঙ্গিতেন তু তজ্জ্ঞাত্বা গাঙ্গেয়েন বিচিন্তিতম্।
দুর্য্যোধনো মহারাজ! দুঃশাসনমচোদয়ৎ ॥৩০॥
দুঃশাসন! রথাস্তূর্ণং যুজ্যন্তাং ভীষ্মরক্ষিণঃ।
দ্বাবিংশতিমনীকানি সর্বাণ্যেবাভিচোদয় ॥৩১॥

ভারতকৌমুদী

প্রবিষ্ট ইতি। গময়ামাস অতিবাহয়ামাস। সোমকপদং কেকয়াদীনামুপলক্ষণম্ ॥২৬-২৭॥
দুর্য্যোধনস্যেতি। প্রত্যাদেশং সৈনাপত্যান্নিরাকরণম্। নির্বেদমাত্মগ্লানিম্ ॥২৮—২৯॥
ইঙ্গিতেনেতি। ইঙ্গিতেনানুমানেন। গাঙ্গেয়েন ভীষ্মেণ। অচোদয়ৎ প্রৈরয়ৎ ॥৩০॥
দুঃশাসনেতি। অনীকানি সৈন্যানি, অভিচোদয় সর্ব্বতঃ প্রেরয় ॥৩১॥

শিবিরে প্রবেশ করিয়া তিনি সেই রাত্রি অতিবাহিত করিলেন, পরে রাত্রি প্রভাত হইলে প্রাতঃকালে গাত্রোত্থান করিয়া সেই রাজগণকে আদেশ করিলেন যে, 'আজ ভীষ্ম ক্রুদ্ধ হইয়া যুদ্ধে সোমকপ্রভৃতি বিপক্ষগণকে বিনাশ করিবেন। সুতরাং আপনারা সৈন্য যোজনা করুন' ॥২৬—২৭॥

রাজা! এদিকে ভীষ্ম পূর্ব্বরাত্রিতে দুর্য্যোধনের সেই নানাবিধ বিলাপ শুনিয়া, তাহাকেই নিজের প্রত্যাখ্যান মনে করিয়া, অত্যন্ত আত্মগ্লানি পাইয়া, পরাধীনতার বিশেষ নিন্দা করিয়া, সমরাঙ্গনে অর্জ্জুনের সহিত যুদ্ধ করিবার অভিলাষী হইয়া, দীর্ঘকাল চিন্তা করিলেন ॥২৮—২৯॥

মহারাজ! এখানে দুর্য্যোধন প্রভাতকালে ভীষ্মের সেই চিন্তিত বিষয় অনুমান করিয়া দুঃশাসনকে আদেশ করিলেন—॥৩০॥

'দুঃশাসন! তুমি সত্বর ভীষ্মরক্ষক রথগুলিকে প্রস্তুত কর এবং দ্বাবিংশতি-সংখ্যক সমস্ত সৈন্যকেই প্রেরণ কর ॥৩১॥

---

(২৯)…বিনিন্দ্য পরবাধ্যতাম্…পি,…বিনিন্দ্য পরবাচ্যতাম্…বা।

CENTRAL LIBRARY

অয়ং হি সমনুপ্রাপ্তো বর্ষপূগাভিচিন্তিতঃ।
পাণ্ডবানাং সসৈন্যানাং বধো রাজ্যস্য চাগমঃ ॥৩২॥
তত্র কার্য্যতমং মন্যে ভীষ্মস্যৈবাভিরক্ষণম্।
স নো গুপ্তঃ সহায়ঃ স্যাদ্ধন্যাৎ পার্থাংশ্চ সংযুগে ॥৩৩॥
অব্রবীদ্ধি বিশুদ্ধাত্মা নাহং হন্যাং শিখণ্ডিনম্।
স্ত্রীপূর্ব্বকো হ্যসৌ রাজন্! তস্মাদ্বর্জ্জ্যো ময়া রণে ॥৩৪॥
লোকস্তদ্বেদ যদহং পিতুঃ প্রিয়চিকীর্ষয়া।
রাজ্যং স্ফীতং মহাবাহো! স্ত্রিয়শ্চ ত্যক্তবান্ পুরা ॥৩৫॥
নৈব চাহং স্ত্রিয়ং জাতু ন স্ত্রীপূর্বং কথঞ্চন।
হন্যাং যুধি নরশ্রেষ্ঠ! সত্যমেতদ্ব্রবীমি তে ॥৩৬॥

ভারতকৌমুদী

অয়মিতি। বর্ষপূগেন বৎসরসমূহেনাভিচিন্তিতঃ। আগমঃ প্রাপ্তিঃ ॥৩২॥

তত্রেতি। কার্য্যতমং সর্ব্বপ্রধানকর্ত্তব্যম্। নঃ অস্মাকম্, গুপ্তো রক্ষিতঃ ॥৩৩॥

অব্রবীদিতি। বিশুদ্ধাত্মা কামাভাবেন নির্ম্মলচিত্তো ভীষ্মঃ ॥৩৪॥

ভীষ্মেণ প্রাগনুক্তমপি তদাদরজননার্থমাহ লোক ইতি। বেদ জানাতি। স্ফীতং বৃদ্ধম্ ॥৩৫॥

নেতি। জাতু কদাচিৎ, স্ত্রীপূর্বং পুমাংসম্, কথঞ্চন জীবনসঙ্কটেঽপি ॥৩৬॥

সৈন্যগণের সহিত পাণ্ডবগণের বধ এবং সম্পূর্ণরাজ্যলাভ এই দুইটা বিষয়ই আমি বহুবৎসর যাবৎ চিন্তা করিয়া আসিতেছি; তাহাই এই উপস্থিত হইয়াছে ॥৩২॥

তাহাতে আমি মনে করি—সর্ব্বতোভাবে ভীষ্মকে রক্ষা করাই আমাদের সর্ব্বপ্রধান কর্ত্তব্য। কারণ, তিনি রক্ষিত হইয়া আমাদের সহায় হইবেন এবং যুদ্ধে পাণ্ডবগণকে বধ করিতে পারিবেন ॥৩৩॥

কেন না, বিশুদ্ধচিত্ত ভীষ্ম আমাকে বলিয়াছেন—'রাজা! আমি শিখণ্ডীকে বধ করিব না। কারণ, সে স্ত্রীপূর্ব পুরুষ। সুতরাং আমি যুদ্ধে শিখণ্ডীকে ত্যাগ করিব ॥৩৪॥

মহাবাহু! আমি পূর্ব্বে পিতার প্রিয়কার্য্য করিবার ইচ্ছায় যে সমৃদ্ধ রাজ্য এবং স্ত্রী পরিত্যাগ করিয়াছিলাম, তাহা লোকে জানে ॥৩৫॥

(৩২) ইদং হি সমনুপ্রাপ্তং বর্ষপূগাভিচিন্তিতম্…পি বা রা। (৩৩) তত্র কার্য্যমহং মন্যে…নি।

অয়ং স্ত্রীপূর্ব্বকো রাজন্! শিখণ্ডী যদি তে শ্রুতঃ।
উদ্‌যোগে কথিতং সর্বং যথা জাতা শিখণ্ডিনী ॥৩৭॥
কন্যা ভূত্বা পুমান্ জাতঃ স চ যোৎস্যতি ভারত!।
তস্যাহং প্রমুখে বাণান্ ন মুঞ্চেয়ং কথঞ্চন ॥৩৮॥
যুদ্ধে হি ক্ষত্রিয়াংস্তাত! পাণ্ডবানাং জয়ৈষিণঃ।
সর্বানন্যান্ হনিষ্যামি সম্প্রাপ্তান্ রণমূর্দ্ধনি ॥৩৯॥
এবং মাং ভরতশ্রেষ্ঠো গাঙ্গেয়ঃ প্রাহ শস্ত্রবিৎ।
তত্র সর্বাত্মনা মন্যে গাঙ্গেয়স্যৈব পালনম্ ॥৪০॥

ভারতকৌমুদী

অয়মিতি। উদ্‌যোগে এতদ্‌যুদ্ধোদ্‌যোগকালে, উদ্‌যোগপর্ব্বণি চেতি কবিনা সূচিতম্ ॥৩৭॥
কন্যেতি। কন্যা স্ত্রী। স শিখণ্ডী চ। প্রমুখে সম্মুখে ॥৩৮॥
যুদ্ধ ইতি। অন্যান্ শিখণ্ডীতরান্, সম্প্রাপ্তানুপস্থিতান্ ॥৩৯॥
এবমিতি। গাঙ্গেয়ো ভীষ্মঃ। সর্বাত্মনা সর্বপ্রযত্নেন। পালনং রক্ষণং কর্ত্তব্যম্ ॥৪০॥

ভারতভাবদীপঃ

বাক্‌শল্যৈরিতি ॥১—৫॥ পর্য্যাপ্তং প্রাপ্তম্ ॥৬—২৪॥ মহাজনং জনসমূহম্, ক্ষয়ং গৃহম্ ॥২৫—২৭॥ প্রত্যাদেশং নিরাকরণম্ ॥২৮॥ নির্ব্বেদং খেদম্ ॥২৯—৩৬॥ উদ্‌যোগে যুদ্ধাৎ প্রাক্ ॥৩৭—৫১॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্নবতিতমোঽধ্যায়ঃ ॥৯৪॥

নরশ্রেষ্ঠ! আমি যুদ্ধে কখনও কোন প্রকারেও স্ত্রী বা স্ত্রীপূর্ব পুরুষকে বধ করিব না; ইহা আমি তোমার নিকট সত্য বলিতেছি ॥৩৬॥

রাজা! আমি মনে করি—এই শিখণ্ডী যে স্ত্রীপূর্ব্ব পুরুষ, তাহা তুমি শুনিয়াছ। কারণ, শিখণ্ডিনী যেভাবে জন্মিয়াছিল, সে সমস্ত বৃত্তান্তই আমি এই যুদ্ধোদ্‌যোগের সময় তোমার নিকট বলিয়াছিলাম ॥৩৭॥

ভরতনন্দন! শিখণ্ডী প্রথমে স্ত্রী হইয়া পরে পুরুষ হইয়াছে এবং সে যুদ্ধ করিবে। সুতরাং আমি কোন প্রকারেই তাহার সম্মুখে বাণক্ষেপ করিব না ॥৩৮॥

বৎস! পাণ্ডবগণের জয়াভিলাষী সমরাঙ্গনে উপস্থিত অপর সকল ক্ষত্রিয়কেই আমি যুদ্ধে বিনাশ করিব' ॥৩৯॥

ভরতবংশশ্রেষ্ঠ এবং অস্ত্রজ্ঞ ভীষ্ম আমাকে এইরূপ বলিয়াছেন। অতএব সমরাঙ্গনে সর্ব্বপ্রযত্নে ভীষ্মকে রক্ষা করাই আমাদের উচিত বলিয়া মনে করি ॥৪০॥

(৩৮)···কন্যা মনুষ্যঃ স চ মাং যোধয়িষ্যতি ভারত!···পি,···স চ মাং যোধয়িষ্যতি···বা রা।
(৩৯)···সম্প্রাপ্তান্ বাণগোচরম্···পি। (৪০) এবং মাং ভরতশ্রেষ্ঠ!···পি রা নি।

অরক্ষ্যমাণং হি বৃকো হন্যাৎ সিংহং মহাবনে।
মা বৃকেণেব গাঙ্গেয়ং ঘাতয়েম শিখণ্ডিনা ॥৪১॥
মাতুলঃ শকুনিঃ শল্যঃ কৃপো দ্রোণো বিবিংশতিঃ।
যত্তা রক্ষন্তু গাঙ্গেয়ং তস্মিন্ গুপ্তে ধ্রুবো জয়ঃ ॥৪২॥
এতচ্ছ্রুত্বা তু তে সর্বে দুর্য্যোধনবচস্তদা।
সর্বতো রথবংশেন গাঙ্গেয়ং পর্য্যবারয়ন্ ॥৪৩॥
পুত্রাশ্চ তব গাঙ্গেয়ং পরিবার্য্য যযুর্মুদা।
কম্পয়ন্তো ভুবং দ্যাঞ্চ ক্ষোভয়ন্তশ্চ পাণ্ডবান্ ॥৪৪॥
তে রথৈঃ সুপ্রসংযুক্তৈর্দন্তিভিশ্চ মহারথাঃ।
পরিবার্য্য রণে ভীষ্মং দংশিতাঃ সমবস্থিতাঃ ॥৪৫॥
যথা দেবাসুরে যুদ্ধে ত্রিদশা বজ্রধারিণম্।
সর্বে তে স্ম ব্যতিষ্ঠন্ত রক্ষন্তস্তং মহারথম্ ॥৪৬॥

ভারতকৌমুদী

অরক্ষ্যেতি। বৃকঃ ক্ষুদ্রো ব্যাঘ্রবিশেষঃ। গাঙ্গেয়ং সিংহমিবেত্যাশয়ঃ ॥৪১॥
মাতুল ইতি। যত্তা যত্নবন্তঃ সন্তঃ। গুপ্তে রক্ষিতে, জয়ঃ অস্মাকম্ ॥৪২॥
এতদিতি। রথানাং বংশেন সমূহেন, পর্য্যবারয়ন্ পর্য্যবেষ্টয়ন্ ॥৪৩॥
পুত্রা ইতি। দ্যাং গগনম্, ক্ষোভয়ন্তো বিচলিতান্ কুর্বন্তঃ ॥৪৪॥
ত ইতি। সুপ্রসংযুক্তৈঃ সুসজ্জিতৈঃ। দংশিতাঃ কৃতসন্নাহাঃ ॥৪৫॥

কারণ, মহাবনে সিংহ যদি আত্মরক্ষা না করে, তবে ক্ষুদ্র ব্যাঘ্রও তাহাকে বধ করিতে পারে। সুতরাং আমরা যেন ক্ষুদ্রব্যাঘ্রতুল্য শিখণ্ডীদ্বারা সিংহতুল্য ভীষ্মকে বধ না করাই ॥৪১॥

অতএব মাতুল শকুনি, শল্য, কৃপ, দ্রোণ ও বিবিংশতি ইঁহারা যত্নবান্ হইয়া ভীষ্মকে রক্ষা করুন; ভীষ্ম রক্ষিত হইলে আমাদের জয় নিশ্চিত' ॥৪২॥

দুর্য্যোধনের এই কথা শুনিয়া তখন তাঁহারা সকলে রথসমূহদ্বারা সকল দিকেই ভীষ্মকে বেষ্টন করিলেন ॥৪৩॥

আর আপনার পুত্রেরাও আনন্দের সহিত ভীষ্মকে পরিবেষ্টনপূর্ব্বক ভূতল ও গগনতল কম্পিত এবং পাণ্ডবগণকে বিচলিত করিতে থাকিয়া গমন করিতে লাগিলেন ॥৪৪॥

যুদ্ধসজ্জায় সজ্জিত সেই মহারথেরা সুসজ্জিত রথ ও হস্তীদ্বারা ভীষ্মকে পরিবেষ্টন করিয়া সমরাঙ্গনে অবস্থান করিতে লাগিলেন ॥৪৫॥

(৪১)···সিংহং মহাহবে···পি বা রা, সা বৃকেণ চ···পি। (৪৫) তে রথৈস্তু সুসংযতৈঃ···পি।

ততো দুর্য্যোধনো রাজা পুনর্ভ্রাতরমব্রবীৎ।
সব্যং চক্রং যুধামন্যুরুত্তমৌজাশ্চ দক্ষিণম্।
গোপ্তারাবর্জ্জুনস্যৈতাবর্জ্জুনোঽপি শিখণ্ডিনঃ ॥৪৭॥
রক্ষ্যমাণঃ স পার্থেন তথাস্মাভির্বিবর্জ্জিতঃ।
যথা ভীষ্মং ন নো হন্যাদ্দুঃশাসন! তথা কুরু ॥৪৮॥
ভ্রাতুস্তদ্বচনং শ্রুত্বা পুত্রো দুঃশাসনস্তব।
ভীষ্মং প্রমুখতঃ কৃত্বা প্রযযৌ সহ সেনয়া ॥৪৯॥
ভীষ্মন্তু রথবংশেন দৃষ্ট্বা সমভিসংবৃতম্।
অর্জ্জুনো রথিনাং শ্রেষ্ঠো ধৃষ্টদ্যুম্নমুবাচ হ ॥৫০॥

ভারতকৌমুদী

যথেতি। ত্রিদশা দেবাঃ, বজ্রধারিণমিন্দ্রম্। স্বশব্দঃ পাদপূরণে। তং ভীষ্মম্ ॥৪৬॥

তত ইতি। ভ্রাতরং দুঃশাসনম্। সব্যং বামম্। গোপ্তারৌ রক্ষিতারৌ। অর্জ্জুনোঽপি শিখণ্ডিনো গোপ্তেতি বচনবিপরিণামেনান্বয়ঃ, ভবেদিতি শেষঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৭॥

রক্ষ্যেতি। বিবর্জ্জিত উপেক্ষিতঃ, স শিখণ্ডী। নঃ অস্মাকম্ ॥৪৮॥

ভ্রাতুরিতি। প্রমুখতঃ সম্মুখে ॥৪৯॥

ভীষ্মমিতি। রথানাং বংশেন সমূহেন। হশব্দঃ পাদপূরণে ॥৫০॥

দেবাসুরযুদ্ধে দেবতারা যেমন ইন্দ্রকে রক্ষা করিতে থাকিয়া অবস্থান করিতেন, সেই মহারথেরা সকলেও তেমন মহারথ ভীষ্মকে রক্ষা করিতে থাকিয়া অবস্থান করিতে লাগিলেন ॥৪৬॥

তাহার পর রাজা দুর্য্যোধন পুনরায় দুঃশাসনকে বলিলেন—'দুঃশাসন! যুধামন্যু অর্জুনের বাম চক্র এবং উত্তমৌজা তাহার দক্ষিণ চক্র রক্ষা করিবেন; আবার অর্জুনও শিখণ্ডীকে রক্ষা করিবে ॥৪৭॥

অতএব দুঃশাসন! শিখণ্ডী অর্জুনকর্ত্তৃক রক্ষিত হইবে, অথচ আমরা তাহাকে উপেক্ষা করিলে সে যাহাতে আমাদের ভীষ্মকে বধ না করিতে পারে, তুমি তাহা কর' ॥৪৮॥

দুর্য্যোধনের সেই কথা শুনিয়া আপনার পুত্র দুঃশাসন ভীষ্মকে সম্মুখে রাখিয়া সৈন্যগণের সহিত গমন করিতে লাগিলেন ॥৪৯॥

তখন ভীষ্মকে রথসমূহে পরিবেষ্টিত দেখিয়া ওদিকে রথিশ্রেষ্ঠ অর্জুন ধৃষ্টদ্যুম্নকে বলিলেন—॥৫০॥

(৪৯) ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ' নি।

শিখণ্ডিনং নরব্যাঘ্রং ভীষ্মস্য প্রমুখে নৃপ ! ।
স্থাপয়স্বাদ্য পাঞ্চাল্য ! তস্য গোপ্তাহমিত্যুত ॥৫১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভীষ্মবধে নবমদিবসযুদ্ধে ভীষ্মদুর্য্যোধনসংবাদে
চতুর্নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ ।

সঞ্জয় উবাচ ।

ততঃ শান্তনবো ভীষ্মো নির্যযৌ সহ সেনয়া ।
ব্যূহঞ্চাব্যূহত মহৎ সর্বতোভদ্রমাত্মনঃ ॥১॥
কৃপশ্চ কৃতবর্ম্মা চ শৈব্যশ্চৈব মহারথঃ ।
শকুনিঃ সৈন্ধবশ্চৈব কাম্বোজশ্চ সুদক্ষিণঃ ॥২॥
ভীষ্মেণ সহিতাঃ সর্বে পুত্রৈশ্চ তব ভারত ! ।
অগ্রতঃ সর্বসৈন্যানাং ব্যূহস্য প্রমুখে স্থিতাঃ ॥৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

শিখণ্ডিনমিতি। প্রমুখে সম্মুখে, নৃপ ! নৃপপুত্র ! । গোপ্তা রক্ষিতা ॥৫১॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে চতুর্নবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

ততঃ ইতি। "ব্যূহং রচনায়ামপি" ইতি ক্লীবে হলায়ুধঃ। সর্ব্বতোভদ্রং নাম ॥১॥

কৃপ ইতি। সৈন্ধবো জয়দ্রথঃ। তব পুত্রৈশ্চ সহিতাঃ। প্রমুখে সম্মুখে ॥২—৩॥

'পাঞ্চালরাজপুত্র ! আপনি আজ নরশ্রেষ্ঠ শিখণ্ডীকে ভীষ্মের সম্মুখে স্থাপন করুন ; আমি তাঁহার রক্ষক হইব' ॥৫১॥

সঞ্জয় বলিলেন—'তাহার পর শান্তনুনন্দন ভীষ্ম সৈন্যগণের সহিত নির্গত হইলেন এবং আপনার পক্ষে 'সর্ব্বতোভদ্র-'নামে একটা মহাব্যূহ রচনা করিলেন ॥১॥

* '...নবনবতিতমোঽধ্যায়ঃ' বা, '...অষ্টনবতিতমোঽধ্যায়ঃ' রা নি।

CENTRAL LIBRARY

দ্রোণো ভূরিশ্রবাঃ শল্যো ভগদত্তশ্চ মারিষ !।
দক্ষিণং পক্ষমাশ্রিত্য স্থিতা ব্যূহস্য দংশিতাঃ ॥৪॥
অশ্বত্থামা সোমদত্তশ্চাবন্ত্যৌ চ মহারথৌ।
মহত্যা সেনয়া যুক্তা বামং পক্ষমপালয়ন্ ॥৫॥
দুর্য্যোধনো মহারাজ ! ত্রিগর্ত্তৈঃ সর্বতো বৃতঃ।
ব্যূহমধ্যে স্থিতো রাজন্ ! পাণ্ডবান্ প্রতি ভারত ! ॥৬॥
অলম্বুষো রথশ্রেষ্ঠঃ শ্রুতায়ুশ্চ মহারথঃ।
পৃষ্ঠতঃ সর্বসৈন্যানাং স্থিতৌ ব্যূহস্য দংশিতৌ ॥৭॥
এবঞ্চ তত্তদা ব্যূহং কৃত্বা ভারত ! তাবকাঃ।
সন্নদ্ধাঃ সমদৃশ্যন্ত প্রতপন্ত ইবাগ্নয়ঃ ॥৮॥

ভারতকৌমুদী

দ্রোণ ইতি। হে মারিষ ! আর্য্য !। দংশিতাঃ কৃতসন্নাহাঃ ॥৪॥
অশ্বেতি। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ বিন্দানুবিন্দৌ ॥৫॥
দুর্য্যোধন ইতি। ত্রিগর্ত্তৈস্ত্রিগর্ত্তদেশীয়ৈঃ সুশর্ম্মাদিভিঃ ॥৬॥
অলম্বুষ ইতি। অলম্বুষো রাক্ষসঃ, শ্রুতায়ুরম্বষ্ঠদেশাধিপতিঃ ॥৭॥
এবমিতি। পূর্ব্বং ব্যূহশব্দস্য ক্লীবে প্রয়োগাদত্রাপি তথেতি। সন্নদ্ধাঃ কৃতসন্নাহাঃ ॥৮॥

ভরতনন্দন ! কৃপ, কৃতবর্ম্মা, মহারথ শৈব্য, শকুনি, জয়দ্রথ ও কাম্বোজ-দেশীয় সুদক্ষিণ ইঁহারা সকলে ভীষ্ম ও আপনার পুত্রগণের সহিত মিলিত হইয়া সমস্ত সৈন্যের অগ্রে ব্যূহের সম্মুখভাগে রহিলেন ॥২—৩॥

মাননীয় রাজা ! যুদ্ধসজ্জায় সজ্জিত দ্রোণ, ভূরিশ্রবা, শল্য ও ভগদত্ত ইঁহারা ব্যূহের দক্ষিণ পক্ষ আশ্রয় করিয়া থাকিলেন ॥৪॥

অশ্বত্থামা, সোমদত্ত এবং অবন্তিদেশীয় মহারথ বিন্দ ও অনুবিন্দ ইঁহারা বিশাল সৈন্যের সহিত ব্যূহের বামপক্ষ রক্ষা করিতে লাগিলেন ॥৫॥

ভরতনন্দন মহারাজ রাজা ! দুর্য্যোধন ত্রিগর্ত্তদেশীয় যোদ্ধৃগণে পরিবেষ্টিত হইয়া পাণ্ডবগণের প্রতিপক্ষে ব্যূহের মধ্যস্থানে অবস্থান করিতে থাকিলেন ॥৬॥

আর রথিশ্রেষ্ঠ অলম্বুষ ও মহারথ শ্রুতায়ু ইঁহারা যুদ্ধসজ্জায় সজ্জিত হইয়া সমস্ত সৈন্যের ব্যূহের পশ্চাদ্ভাগে রহিলেন ॥৭॥

ভরতনন্দন ! তৎকালে এইভাবে ব্যূহ রচনা করিয়া আপনার পক্ষের যোদ্ধারা যুদ্ধসজ্জায় সজ্জিত হইয়া সন্তাপকারী অগ্নির ন্যায় রহিলেন দেখা গেল ॥৮॥

(৮) এবঞ্চ তং তদা···বা রা নি।

CENTRAL LIBRARY

ততো যুধিষ্ঠিরো রাজা ভীমসেনশ্চ পাণ্ডবঃ।
নকুলঃ সহদেবশ্চ মাদ্রীপুত্রাবুভাবপি।
অগ্রতঃ সর্ব্বসৈন্যানাং স্থিতা ব্যূহস্য দংশিতাঃ ॥৯॥
ধৃষ্টদ্যুম্নো বিরাটশ্চ সাত্যকিশ্চ মহারথঃ।
স্থিতাঃ সৈন্যেন মহতা পরানীকবিনাশনাঃ ॥১০॥
শিখণ্ডী বিজয়শ্চৈব রাক্ষসশ্চ ঘটোৎকচঃ।
চেকিতানো মহাবাহুঃ কুন্তিভোজশ্চ বীর্য্যবান্ ॥১১॥
স্থিতা রণে মহারাজ! মহত্যা সেনয়া বৃতাঃ।
অভিমন্যুর্মহেষ্বাসো দ্রুপদশ্চ মহাবলঃ ॥১২॥
যুযুধানো মহেষ্বাসো যুধামন্যুশ্চ বীর্য্যবান্।
কেকয়া ভ্রাতরশ্চৈব স্থিতা যুদ্ধায় দংশিতাঃ ॥১৩॥ (বিশেষকম্)
এবং তেঽপি মহাব্যূহং প্রতিব্যূহ্য সুদুর্জ্জয়ম্।
পাণ্ডবাঃ সমরে শূরাঃ স্থিতা যুদ্ধায় দংশিতাঃ ॥১৪॥

ভারতকৌমুদী

তত ইতি। দংশিতাঃ কৃতযুদ্ধসজ্জাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৯॥
ধৃষ্টেতি। পরানীকবিনাশনা বিপক্ষসৈন্যধ্বংসকরাঃ ॥১০॥
শিখণ্ডীতি। বিজয়োঽর্জ্জুনঃ। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ। যুযুধানঃ সাত্যকীতরঃ ॥১১-১৩॥
এবমিতি। প্রতিব্যূহ্য প্রতিব্যূহভাবেন বিধায়। দংশিতাঃ কৃতসন্নাহাঃ ॥১৪॥

তাহার পর রাজা যুধিষ্ঠির, পাণ্ডুনন্দন ভীমসেন এবং মাদ্রীপুত্র নকুল ও সহদেব ইঁহারা যুদ্ধসজ্জায় সজ্জিত হইয়া ব্যূহের সমস্ত সৈন্যের অগ্রে থাকিলেন ॥৯॥

এবং শত্রুসৈন্যবিনাশক ধৃষ্টদ্যুম্ন, বিরাট ও মহারথ সাত্যকি ইঁহারাও বিশাল সৈন্যের সহিত ব্যূহের সম্মুখে রহিলেন ॥১০॥

আর, মহারাজ! শিখণ্ডী, অর্জুন, রাক্ষস ঘটোৎকচ, মহাবাহু চেকিতান ও বলবান্ কুন্তিভোজ ইঁহারা বিশাল সৈন্যে বেষ্টিত হইয়া যথাস্থানে অবস্থান করিতে লাগিলেন। ক্রমে মহাধনুর্দ্ধর অভিমন্যু, মহাবল দ্রুপদ, বিশিষ্ট ধনুর্যোদ্ধা যুযুধান, বলবান্ যুধামন্যু ও কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতা ইঁহারাও যুদ্ধ-সজ্জায় সজ্জিত হইয়া রহিলেন ॥১১—১৩॥

এইভাবে সেই বীর পাণ্ডবেরাও কৌরবব্যূহের প্রতিপক্ষে মহাব্যূহ রচনা করিয়া যুদ্ধসজ্জায় সজ্জিত হইয়া যুদ্ধের জন্য অবস্থান করিতে লাগিলেন ॥১৪॥

(১৩) পূর্ব্বার্দ্ধং পি বা নাস্তি।

তাবকাস্তু রণে যত্তাঃ সহসেনা নরাধিপাঃ।
অভ্যুদ্যযু রণে পার্থান্ ভীষ্মং কৃত্বাগ্রতো নৃপ! ॥১৫॥
তথৈব পাণ্ডবা রাজন্! ভীমসেনপুরোগমাঃ।
ভীষ্মং সমভ্যয়ুঃ সর্ব্বে সংগ্রামে বিজয়ৈষিণঃ ॥১৬॥
ক্ষ্বেড়াঃ কিলকিলাশব্দান্ ক্রকচান্ গোবিষাণিকাঃ।
ভেরীমৃদঙ্গপণবান্ নাদয়ন্তশ্চ পুষ্কলান্ ॥১৭॥
পাণ্ডবা অভ্যবর্ত্তন্ত নদন্তো ভৈরবান্ রবান্।
ভেরীমৃদঙ্গশঙ্খানাং দুন্দুভীনাঞ্চ নিস্বনৈঃ ॥১৮॥
উৎকৃষ্টসিংহনাদৈশ্চ বল্গিতৈশ্চ পৃথগ্বিধৈঃ।
বয়ং প্রতিনদন্তস্তানগচ্ছাম ত্বরান্বিতাঃ ॥১৯॥
সহসৈবাভিসংক্রুদ্ধাস্তদাসীত্তুমুলং মহৎ।
ততোঽন্যোন্যং প্রধাবন্তঃ সম্প্রহারং প্রচক্রিরে ॥২০॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

তাবকা ইতি। যত্তা যত্নবন্তঃ সন্তঃ, সেনয়া সহেতি সহসেনাঃ ॥১৫॥

তথেতি। পাণ্ডবাঃ পাণ্ডবপক্ষাঃ। সমভ্যয়ুঃ অভ্যগচ্ছন্ ॥১৬॥

ক্ষ্বেড়া ইতি। ক্ষ্বেড়াঃ সিংহনাদান্। ক্রকচান্ বাদ্যবিশেষান্। পুষ্কলান্ বহূন্। নদন্তঃ কুর্বন্তঃ। বল্গিতৈস্তাণ্ডবৈঃ। তান্ পাণ্ডবান্। তুমুলং মহচ্চ যুদ্ধমিতি শেষঃ ॥১৭—২০॥

রাজা! ক্রমে আপনার পক্ষের রাজারা যুদ্ধে যত্নবান্ হইয়া সৈন্য লইয়া ভীষ্মকে অগ্রবর্ত্তী করিয়া পাণ্ডবগণের অভিমুখে চলিলেন ॥১৫॥

রাজা! যুদ্ধে জয়াভিলাষী পাণ্ডবেরা সকলেও সেইরূপই ভীমসেনকে অগ্রবর্ত্তী করিয়া ভীষ্মের দিকে ধাবিত হইলেন ॥১৬॥

সিংহনাদ ও কিলকিলশব্দ করিতে করিতে এবং বহুসংখ্যক ক্রকচ, গোবিষাণিকা, ভেরী, মৃদঙ্গ ও পণব বাজাইতে বাজাইতে আর মুখে ভয়ঙ্কর গর্জ্জন করিতে করিতে পাণ্ডবেরা আসিতে লাগিলেন। ক্রমে আমরাও ত্বরান্বিত ও অত্যন্তক্রুদ্ধ হইয়া ভেরী, মৃদঙ্গ, শঙ্খ ও দুন্দুভির শব্দে এবং উৎকৃষ্ট সিংহনাদ ও নানাবিধ তাণ্ডবনৃত্যে তাঁহাদের প্রত্যুত্তর দিতে থাকিয়া তাঁহাদের প্রতি ধাবিত হইলাম। তখন তুমুল মহাযুদ্ধ লাগিয়া গেল, ক্রমে যোদ্ধারা পরস্পর ধাবিত হইয়া প্রহার করিতে লাগিলেন ॥১৭—২০॥

(১৬)…ভীষ্মং যোদ্ধুমভীপ্সন্তঃ…বা রা নি। (১৭) ক্ষ্বেড়াঃ কিলকিলশব্দাঃ…নাদয়ন্তশ্চ কুঞ্জরান্—বা, ক্ষ্বেড়াঃ কিলকিলাঃ শঙ্খান্…নাদয়ন্তশ্চ পুষ্করান্—রা নি। (১৯) উৎক্রুষ্টসিংহনাদৈশ্চ…পি বা।

CENTRAL LIBRARY

ততঃ শব্দেন মহতা প্রচকম্পে বসুন্ধরা।
পক্ষিণশ্চ মহাঘোরং ব্যাহরন্তো বিবভ্রমুঃ ॥২১॥
সপ্রভশ্চোদিতঃ সূর্য্যো নিষ্প্রভঃ সমপদ্যত।
ববুশ্চ বাতাস্তুমুলাঃ শংসন্তস্তুমুলং ভয়ম্ ॥২২॥
ঘোরাশ্চ ঘোরনির্হ্রাদাঃ শিবাস্তত্র ববাশিরে।
বেদয়ন্ত্যো মহারাজ! মহদ্বৈশসমাগতম্ ॥২৩॥
দিশঃ প্রজ্বলিতা রাজন্! পাংশুবর্ষং পপাত চ।
রুধিরেণ সমুন্মিশ্রমস্থিবর্ষং তথৈব চ ॥২৪॥
রুদতাং বাহনানাঞ্চ নেত্রেভ্যঃ প্রাপতজ্জলম্।
সুস্রুবুশ্চ শকৃন্মূত্রং প্রধ্যায়ন্তো বিশাংপতে! ॥২৫॥
অন্তর্হিতা মহানাদাঃ শ্রূয়ন্তে ভরতর্ষভ!।
রক্ষসাং পুরুষাদানাং নদতাং ভৈরবান্ রবান্ ॥২৬॥

ভারতকৌমুদী

তত ইতি। ব্যাহরন্তো রুবন্তঃ, বিবভ্রমুঃ গগনে বিচেরুঃ ॥২১॥
সপ্রভ ইতি। সমপদ্যত সমজায়ত। শংসন্তঃ সূচয়ন্তঃ ॥২২॥
ঘোরা ইতি। শিবাঃ শৃগালাঃ, ববাশিরে রুরুবুঃ। মহদ্বৈশসং মহামারীম্ ॥২৩॥
দিশ ইতি। প্রজ্বলিতা দগ্ধা ইব লোহিতা জাতা ইত্যর্থঃ, পাংশুবর্ষং ধূলিবৃষ্টিঃ ॥২৪॥
রুদতামিতি। বাহনানাং হস্ত্যশ্বাদীনাম্। শকৃদ্বিষ্ঠা। প্রধ্যায়ন্তঃ কিমপি চিন্তয়ন্তঃ ॥২৫॥

তাহার পর বিশাল শব্দে পৃথিবী কাঁপিতে লাগিল এবং পক্ষী সকল মহাভীষণ রব করতঃ আকাশে বিচরণ করিতে থাকিল ॥২১॥

উজ্জ্বলরূপে উদিত সূর্য্য নিষ্প্রভ হইয়া উঠিল এবং মহাভয়ের সূচনা করতঃ তুমুল বায়ু বহিতে লাগিল ॥২২॥

মহারাজ! ভয়ঙ্করমূর্ত্তি ও ভয়ঙ্করনাদী শৃগালগণ, উপস্থিত মহামারীর সূচনা করিতে থাকিয়া রব করিতে থাকিল ॥২৩॥

রাজা! দিক্ সকল জ্বলিতে লাগিল এবং ধূলিবৃষ্টি ও রক্তমিশ্রিত অস্থিবৃষ্টি হইতে থাকিল ॥২৪॥

নরনাথ! হস্তী ও অশ্বপ্রভৃতি বাহনগুলি রোদন করিতে থাকায় সেগুলির নয়ন হইতে জল পড়িতে লাগিল এবং সেগুলি কোন বিষয় যেন চিন্তা করিতে থাকিয়া বিষ্ঠা ও মূত্র ত্যাগ করিতে থাকিল ॥২৫॥

(২৩)…তত্র ররাসিরে—পি। (২৫) দ্রবতাং বাহনানাঞ্চ…পি।

সংপতন্তশ্চ দৃশ্যন্তে গোমায়ুবলবায়সাঃ।
শ্বানশ্চ বিবিধৈর্নাদৈর্ভয়ন্তস্তত্র মারিষ ! ॥২৭॥
জ্বলিতাশ্চ মহোল্কা বৈ সমাহত্য দিবাকরম্।
নিপেতুঃ সহসা ভূমৌ বেদয়ন্ত্যো মহদ্ভয়ম্ ॥২৮॥
মহান্ত্যনীকানি মহাসমুচ্ছ্রয়ে ততস্তয়োঃ পাণ্ডবধার্ত্তরাষ্ট্রয়োঃ।
চকম্পিরে শঙ্খমৃদঙ্গনিস্বনৈঃ প্রকম্পিতানীব বনানি বায়ুনা ॥২৯॥
নরেন্দ্রনাগাশ্বসমকুলানামভ্যায়তীনামশিবে মুহূর্ত্তে।
বভূব ঘোষস্তুমুলশ্চমূনাং বাতোদ্ধূতানামিব সাগরাণাম্ ॥৩০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে নবমদিবসযুদ্ধে উৎপাতদর্শনে পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অন্তরিতি। অন্তর্হিতা অদৃশ্যোৎপত্তিস্থানাঃ। পুরুষাদানাং নরমাংসভোজিনাম্ ॥২৬॥
সমিতি। গোমায়বঃ শৃগালাঃ, বলবায়সা বলবন্তঃ কাকাঃ। ভয়ন্তঃ শব্দায়মানাঃ ॥২৭॥
জ্বলিতা ইতি। বেদয়ন্ত্যঃ সূচয়ন্ত্যঃ ॥২৮॥
মহান্তীতি। অনীকানি সৈন্যানি, মহাসমুচ্ছ্রয়ে মহাযুদ্ধে ॥২৯॥
নরেন্দ্রতি। অভ্যায়তীনামভিমুখমাগচ্ছন্তীনাম্, অশিবে অমঙ্গলকরে ॥৩০॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—২৬॥ বলবায়সা বলোদগ্রাঃ কাকাঃ ॥২৭—২৮॥ মহাসমুচ্ছ্রয়ে মহতি যুদ্ধে। "যুদ্ধে সমুচ্ছ্রয়ঃ পুমান্" ইতি মেদিনী ॥২৯॥ অভ্যায়তীনামভিমুখমাগচ্ছন্তীনাম্ ॥৩০॥
ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চনবতিতমোঽধ্যায়ঃ ॥৯৫॥

ভরতশ্রেষ্ঠ! নরমাংসভোজী ও ভয়ঙ্কররবকারী অদৃশ্য রাক্ষসগণের বিশাল শব্দ শুনা যাইতে লাগিল ॥২৬॥

মাননীয় রাজা! শৃগাল ও বলবান্ কাকগুলিকে আসিতে এবং কুক্কুর-গুলিকে নানাবিধভাবে শব্দ করিতে দেখা গেল ॥২৭॥

উজ্জ্বল ও বিশাল উল্কা সকল সূর্য্যমণ্ডলে আঘাত করিয়া মহাভয়ের সূচনা করিতে থাকিয়া হঠাৎ ভূতলে পতিত হইতে থাকিল ॥২৮॥

তাহার পর পাণ্ডবগণ ও ধার্ত্তরাষ্ট্রগণের সেই বিশাল সৈন্য মহাযুদ্ধের উপক্রমে, বায়ুচালিত বনের ন্যায় শঙ্খ ও মৃদঙ্গের শব্দে কাঁপিতে লাগিল ॥২৯॥

* '...শততমোঽধ্যায়ঃ' বা, '...উনশততমোঽধ্যায়ঃ' রা ব নি।

CENTRAL LIBRARY

ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

অভিমন্যু রথোদারঃ পিশঙ্গৈস্তুরগোত্তমৈঃ।
অভিদুদ্রাব তেজস্বী দুর্য্যোধনবলং মহৎ ॥১॥
বিকিরন্ শরবর্ষাণি বারিধারা ইবাম্বুদঃ।
ন শেকুঃ সমরে ক্রুদ্ধং সৌভদ্রমরিসূদনম্ ॥২॥
শস্ত্রৌঘিণং গাহমানং সেনাসাগরমক্ষয়ম্।
নিবারয়িতুমপ্যাজৌ ত্বদীয়াঃ কুরুনন্দন! ॥৩॥ (বিশেষকম্)
তেন মুক্তা রণে রাজন্! শরাঃ শত্রুনিবর্হণাঃ।
ক্ষত্রিয়াননয়ন্ শূরান্ প্রেতরাজনিবেশনম্ ॥৪॥

ভারতকৌমুদী

অভীতি। রথে উদারো মহান্ যোদ্ধেতি রথোদারো মহারথ ইত্যর্থঃ, পিশঙ্গৈঃ পিঙ্গলবর্ণৈঃ। সৌভদ্রম্ অভিমন্যুম্। শস্ত্রৌঘিণং শস্ত্রসমূহবন্তম্, গাহমানং বিলোড়য়ন্তম্ ॥১—৩॥
তেনেতি। তেন অভিমন্যুনা, মুক্তা নিক্ষিপ্তা। প্রেতরাজনিবেশনং যমভবনম্ ॥৪॥

আর সেই অমঙ্গলজনক সময়ে রাজগণ, হস্তিগণ ও অশ্বগণে পরিপূর্ণ সেই সৈন্য দুইটা পরস্পরের অভিমুখে আসিতে লাগিলে, বায়ুচালিত সমুদ্রের ন্যায় সেগুলির তুমুল শব্দ হইতে থাকিল' ॥৩০॥

সঞ্জয় বলিলেন—'মহারথ ও তেজস্বী অভিমন্যু পিঙ্গলবর্ণঘোটকচালিত রথে আরোহণ করিয়া—মেঘ যেমন জলধারা বর্ষণ করে, সেইরূপ বাণ বর্ষণ করিতে করিতে দুর্য্যোধনের বিশাল সৈন্যের দিকে ধাবিত হইলেন। কুরুনন্দন! ক্রমে শত্রুসূদন অভিমন্যু ক্রুদ্ধ হইয়া যুদ্ধে দুর্য্যোধনের শস্ত্রসমূহযুক্ত ও অক্ষয় সেই সৈন্যসমুদ্রকে আড়োলন করিতে লাগিলেন; কিন্তু আপনার পক্ষের যোদ্ধারা তাঁহাকে যুদ্ধে নিবারণ করিতেও পারিলেন না ॥১—৩॥

রাজা! যুদ্ধে অভিমন্যুকর্ত্তৃক নিক্ষিপ্ত শত্রুনাশক বাণ সকল যাইয়া বীর ক্ষত্রিয়গণকে যমভবনে প্রেরণ করিতে লাগিল ॥৪॥

(২)·· ন শেকুঃ সমরে যোদ্ধুম্···পি।

CENTRAL LIBRARY

যমদণ্ডোপমান্ ঘোরান্ জ্বলিতাশীবিষোপমান্।
সৌভদ্রঃ সমরে ক্রুদ্ধঃ প্রেষয়ামাস সায়কান্ ॥৫॥
সরথান্ রথিনস্তূর্ণং হয়াংশ্চৈব সসাদিনঃ।
গজারোহাংশ্চ সগজান্ দারয়ামাস ফাল্গুনিঃ ॥৬॥
তস্য তৎ কুর্বতঃ কর্ম্ম মহৎ সংখ্যে মহীভৃতঃ।
পূজয়াঞ্চক্রিরে হৃষ্টাঃ প্রশশংসুশ্চ ফাল্গুনিম্ ॥৭॥
তান্যনীকানি সৌভদ্রো দ্রাবয়ামাস ভারত!।
তূলরাশীনিবাকাশে মারুতঃ সর্বতো দিশম্ ॥৮॥
তেন বিদ্রাব্যমাণানি তব সৈন্যানি ভারত!।
ত্রাতারং নাধ্যগচ্ছন্ত পঙ্কে মগ্না ইব দ্বিপাঃ ॥৯॥
বিদ্রাব্য সর্বসৈন্যানি তাবকানি নরোত্তম!।
অভিমন্যুঃ স্থিতো রাজন্! বিধূমোঽগ্নিরিব জ্বলন্ ॥১০॥

ভারতকৌমুদী

যমেতি। জলিতাশীবিষোপমান্ উজ্জ্বলসর্পসদৃশান্। সায়কান্ বাণান্ ॥৫॥
সরথানিতি। হয়ান্ অশ্বান্, সসাদিন আরোহিসহিতান্। ফাল্গুনিরভিমন্যুঃ ॥৬॥
তস্যেতি। পূজয়াঞ্চক্রিরে গৌরবাস্পদীচক্রুঃ। ফাল্গুনিমভিমন্যুম্ ॥৭॥
তানীতি। দ্রাবয়ামাস মর্দ্দয়ামাস চালয়ামাস চ। মারুতো বায়ুঃ ॥৮॥
তেনেতি। ত্রাতারং রক্ষকম্, নাধ্যগচ্ছন্ত নালভন্ত। দ্বিপা হস্তিনঃ ॥৯॥

অভিমন্যু ক্রুদ্ধ হইয়া যমদণ্ডের তুল্য ভয়ঙ্কর এবং সর্পের ন্যায় উজ্জ্বল বাণসমূহ নিক্ষেপ করিতে থাকিলেন ॥৫॥

অর্জুননন্দন অভিমন্যু ক্রমে সত্বরই রথের সহিত রথিগণ এবং আরোহীর সহিত অশ্বসমূহ ও হস্তিসমূহকে বিদীর্ণ করিতে লাগিলেন ॥৬॥

যুদ্ধে অভিমন্যু যখন সেই গুরুতর কার্য্য করিতেছিলেন, তখন রাজারা আনন্দিত হইয়া তাঁহার গৌরব ও প্রশংসা করিতে লাগিলেন ॥৭॥

ভরতনন্দন! বায়ু যেমন আকাশে সকল দিকে তূলরাশি সঞ্চালিত করে, অভিমন্যুও তেমন আপনার সৈন্যগণকে মর্দ্দনপূর্ব্বক সকল দিকে সঞ্চালিত করিলেন ॥৮॥

ভরতনন্দন! অভিমন্যু আপনার সৈন্যগণকে মর্দ্দন করিতে থাকিলে, কর্দ্দমমগ্ন হস্তিগণের ন্যায় তাহারা রক্ষক পাইল না ॥৯॥

(৭)··· সংখ্যেঽদ্ভুতং নৃপাঃ· পি। (৮)···তূলরাশিমিবাকাশে···পি।

CENTRAL LIBRARY

ন চৈনং তাবকা রাজন্ ! বিসেহুররিঘাতিনম্ ।
প্রদীপ্তং পাবকং যদ্বৎ পতঙ্গাঃ কালচোদিতাঃ ॥১১॥
প্রহরন্ সর্বশত্রুভ্যঃ পাণ্ডবানাং মহারথঃ ।
অদৃশ্যত মহেষ্বাসঃ সবজ্র ইব বাসবঃ ॥১২॥
হেমপৃষ্ঠং ধনুশ্চাস্য দদৃশে বিচরদ্দিশঃ ।
তোয়দেষু যথা রাজন্ ! রাজমানা শতহ্রদা ॥১৩॥
শরাশ্চ নিশিতাঃ পীতা নিশ্চরন্তি স্ম সংযুগে ।
বনাৎ ফুল্লদ্রুমাদ্রাজন্ ! ভ্রমরাণামিব ব্রজাঃ ॥১৪॥
তথৈব চরতস্তস্য সৌভদ্রস্য মহাত্মনঃ ।
রথেন কাঞ্চনাঙ্গেন দদৃশুর্নান্তরং জনাঃ ॥১৫॥

ভারতকৌমুদী

বিদ্রাব্যেতি। তাবকানি ত্বদীয়ানি। বিধূমো ধূমশূন্যঃ ॥১০॥
নেতি। প্রদীপ্তং প্রজ্বলিতম্। কালচোদিতা দৈবপ্রেরিতাঃ ॥১১॥
প্রহরন্নিতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরোঽভিমন্যুঃ, বাসব ইন্দ্রঃ ॥১২॥
হেমেতি। হেমপৃষ্ঠং স্বর্ণখচিতপৃষ্ঠম্। তোয়দেষু মেঘেষু, শতহ্রদা বিদ্যুৎ ॥১৩॥
শরা ইতি। পীতাঃ স্বর্ণখচিতত্বাৎ পীতবর্ণাঃ। ফুল্লদ্রুমাদিত্যনেন হেমপৃষ্ঠধনুষঃ সাদৃশ্যং সূচিতম্ ॥১৪॥

নরশ্রেষ্ঠ রাজা ! অভিমন্যু আপনার সমস্ত সৈন্য মর্দ্দন করিয়া ধূমশূন্য অগ্নির ন্যায় সতেজে অবস্থান করিতে লাগিলেন ॥১০॥

রাজা ! দৈবপ্রেরিত পতঙ্গ (ফড়িং) যেমন প্রজ্বলিত অগ্নি সহ্য করিতে পারে না, সেইরূপ আপনার সৈন্যেরা শত্রুঘাতী অভিমন্যুকে সহ্য করিতে পারিল না ॥১১॥

পাণ্ডবপক্ষের মহারথ ও মহাধনুর্দ্ধর অভিমন্যু সমস্ত শত্রুর উপরে প্রহার করিয়া বজ্রধারী ইন্দ্রের ন্যায় দৃষ্টিগোচর হইতে লাগিলেন ॥১২॥

এবং রাজা ! অভিমন্যুর স্বর্ণখচিত ধনুখানা সকল দিকে চলিতে লাগিলে, মেঘের উপরে শোভমানা বিদ্যুতের ন্যায় সেখানাকে দেখা গেল ॥১৩॥

রাজা ! যে বনে প্রস্ফুটিতপুষ্প বৃক্ষ থাকে, সেই বন হইতে ভ্রমরগণ যেমন নির্গত হয়, সেইরূপ স্বর্ণখচিত অভিমন্যুর ধনু হইতে সুতীক্ষ্ণ ও পীতবর্ণ বাণ সকল নির্গত হইতেছিল ॥১৪॥

অভিমন্যু যখন সুবর্ণখচিত রথে সেইভাবে বিচরণ করিতেছিলেন, তখন তত্রত্য লোকেরা তাঁহাকে প্রহার করিবার অবসর দেখিতে পায় নাই ॥১৫॥

মোহয়িত্বা কৃপং দ্রোণং দ্রৌণিঞ্চ সবৃহদ্বলম্।
সৈন্ধবঞ্চ মহেষ্বাসো ব্যচরল্লঘু সুষ্ঠু চ ॥১৬॥
মণ্ডলীকৃতমেবাস্য ধনুঃ পশ্যাম ভারত!।
সূর্য্যমণ্ডলসঙ্কাশং দহতস্তব বাহিনীম্ ॥১৭॥
তং দৃষ্ট্বা ক্ষত্রিয়াঃ শূরাঃ প্রতপন্তং শরার্চ্চিষা।
দ্বিফাল্গুনমিমং লোকং মেনিরে তস্য কর্ম্মভিঃ ॥১৮॥
তেনার্দ্দিতা মহারাজ! ভারতী সা মহাচমূঃ।
ব্যভ্রমত্তত্র তত্রৈব যোষিন্মদবশাদিব ॥১৯॥
দ্রাবয়িত্বা মহাসৈন্যং কম্পয়িত্বা মহারথান্।
নন্দয়ামাস সুহৃদো ময়ং জিত্বেব বাসবঃ ॥২০॥
তেন বিদ্রাব্যমাণানি তব সৈন্যানি সংযুগে।
চক্রুরার্ত্তস্বরং ঘোরং পর্জ্জন্যনিনদোপমম্ ॥২১॥

ভারতকৌমুদী

তথেতি। কাঞ্চনাঙ্গেন স্বর্ণখচিতাবয়বেন। অন্তরং প্রহারাবসরম্ ॥১৫॥
মোহেতি। বৃহদ্বলেন সহেতি তম্। সৈন্ধবং জয়দ্রথম্। লঘু দ্রুতম্, সুষ্ঠু সুন্দরঞ্চ ॥১৬॥
মণ্ডলীতি। অস্য অভিমন্যোঃ। বাহিনীং সেনাম্ ॥১৭॥
তমিতি। দ্বৌ ফাল্গুনৌ অর্জ্জুনৌ যত্র তম্, অভিমন্যোরপি তত্তুল্যত্বাদিতি ভাবঃ ॥১৮॥
তেনেতি। তেনাভিমন্যুনা। ভারতী ভরতবংশীয়া কৌরবপক্ষীয়েত্যর্থঃ ॥১৯॥
দ্রাবেতি। দ্রাবয়িত্বা মর্দ্দয়িত্বা। ময়ং ময়দানবম্, বাসব ইন্দ্রঃ ॥২০॥

মহাধনুর্দ্ধর অভিমন্যু—কৃপ, দ্রোণ, অশ্বত্থামা, বৃহদ্বল ও জয়দ্রথকে মোহিত করিয়া দ্রুত ও সুন্দরভাবে বিচরণ করিতেছিলেন ॥১৬॥

ভরতনন্দন! অভিমন্যু যখন আপনার সৈন্য দগ্ধ করিতেছিলেন, তখন আমরা তাঁহার মণ্ডলীকৃত ধনুখানাকে সূর্য্যমণ্ডলের ন্যায় দেখিতেছিলাম ॥১৭॥

বাণের তেজে সন্তাপকারী অভিমন্যুকে দেখিয়া বীর ক্ষত্রিয়েরা তাঁহার কার্য্যে এই জগৎটাকে অর্জ্জুনদ্বয়যুক্ত বলিয়া মনে করিতেছিলেন ॥১৮॥

মহারাজ! অভিমন্যুমর্দ্দিত সেই কৌরবীয় মহাসেনা, মদমত্তা রমণীর ন্যায় সেই সেই স্থানে ভ্রমণ করিতেছিল ॥১৯॥

ক্রমে ইন্দ্র যেমন ময়দানবকে জয় করিয়া বন্ধুবর্গকে আনন্দিত করিয়াছিলেন, সেইরূপ অভিমন্যুও কৌরবীয় মহাসৈন্যকে মর্দ্দিত এবং মহারথগণকে কম্পিত করিয়া বন্ধুবর্গকে আনন্দিত করিলেন ॥২০॥

(১৮)···প্রতপন্তং তরস্বিনম্···বা ব রা নি। (২০) ভ্রাময়িত্বা মহাসৈন্যম্···পি।

তং শ্রুত্বা নিনদং ঘোরং তব সৈন্যস্য ভারত ! ।
মারুতোদ্ধূতবেগস্য সাগরস্যেব পর্বণি ।
দুর্য্যোধনস্তদা রাজন্ ! আর্য্যশৃঙ্গিমভাষত ॥২২॥
এষ কার্ষ্ণির্মহাবাহো ! দ্বিতীয় ইব ফাল্গুনঃ ।
চমূং দ্রাবয়তে ক্রোধাদ্বৃত্রো দেবচমূমিব ॥২৩॥
তস্য চান্যন্ন পশ্যামি সংযুগে ভেষজং মহৎ ।
ঋতে ত্বাং রাক্ষসশ্রেষ্ঠ ! সর্ববিদ্যাসু পারগম্ ॥২৪॥
স গত্বা ত্বরিতং বীর ! জহি সৌভদ্রমাহবে ।
বয়ং পার্থং হনিষ্যামো ভীষ্মদ্রোণপুরোগমাঃ ॥২৫॥

ভারতকৌমুদী

তেনেতি। পর্জন্যনিনদোপমং মেঘশব্দতুল্যম্ ॥২১॥

তমিতি। মারুতোদ্ধূতবেগস্য বায়ুৎপাদিতবেগস্য, পর্বণি পূর্ণিমায়ামমাবস্যায়াং বা। ঋষ্যশৃঙ্গস্যাপত্যমিত্যার্য্যশৃঙ্গিরলম্বুষস্তম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২২॥

এষ ইতি। কৃষ্ণস্যার্জ্জুনস্যাপত্যমিতি কার্ষ্ণিরভিমন্যুঃ। ফাল্গুনোঽর্জ্জুনঃ ॥২৩॥

তস্যেতি। ভেষজমৌষধং নিবারকমিত্যর্থঃ। ঋতে বিনা ॥২৪॥

স ইতি। স ত্বম্। সৌভদ্রমভিমন্যুম্, আহবে যুদ্ধে। পার্থমর্জ্জুনম্ ॥২৫॥

অভিমন্যু পীড়ন করিতে লাগিলে, আপনার সৈন্যেরা মেঘগর্জনের ন্যায় ভয়ঙ্কর আর্তধ্বনি করিতে লাগিল ॥২১॥

ভরতনন্দন রাজা ! পূর্ণিমা বা অমাবস্যায় বায়ুসঞ্চালিত-সমুদ্রশব্দের ন্যায় তখন আপনার সৈন্যগণের সেই ভয়ঙ্কর আর্তধ্বনি শুনিয়া দুর্য্যোধন অলম্বুষকে বলিলেন—॥২২॥

'মহাবাহু ! পূর্বকালে বৃত্রাসুর যেমন দেবসৈন্য পীড়ন করিয়াছিল, সেইরূপ এই অভিমন্যু দ্বিতীয় অর্জ্জুনের ন্যায় ক্রোধে আমাদের সৈন্য পীড়ন করিতেছে ॥২৩॥

রাক্ষসশ্রেষ্ঠ ! অথ চ সর্ববিদ্যাপারদর্শী আপনি ব্যতীত যুদ্ধে তাহার অন্য মহৌষধ আমি দেখিতেছি না ॥২৪॥

অতএব বীর ! আপনি সত্বর যাইয়া যুদ্ধে অভিমন্যুকে বধ করুন ; আর এদিকে আমরা ভীষ্ম ও দ্রোণকে অগ্রবর্তী করিয়া অর্জ্জুনকে বধ করিব' ॥২৫॥

---

(২৪)…রাক্ষসশ্রেষ্ঠম্…রা নি। (২৫)…ত্বরিতং বীরম্…রা নি।

স এবমুক্তো বলবান্ রাক্ষসেন্দ্রঃ প্রতাপবান্।
প্রযযৌ সমরে তূর্ণং তব পুত্রস্য শাসনাৎ।
নদমানো মহানাদং প্রাবৃষীব বলাহকঃ ॥২৬॥
তস্য শব্দেন মহতা পাণ্ডবানাং বলং মহৎ।
প্রাচলৎ সর্বতো রাজন্! বাতোদ্ধূত ইবার্ণবঃ ॥২৭॥
বহবশ্চ মহারাজ! তস্য নাদেন ভীষিতাঃ।
প্রিয়ান্ প্রাণান্ পরিত্যজ্য নিপেতুর্ধরণীতলে ॥২৮॥
কার্ষ্ণিশ্চাপি মুদা যুক্তঃ প্রগৃহ্য সশরং ধনুঃ।
নৃত্যন্নিব রথোপস্থে তদ্রক্ষঃ সমুপাদ্রবৎ ॥২৯॥
ততঃ স রাক্ষসঃ ক্রুদ্ধঃ সংপ্রাপ্যৈবার্জ্জুনিং রণে।
নাতিদূরে স্থিতস্তস্য দ্রাবয়ামাস বৈ চমূম্ ॥৩০॥

ভারতকৌমুদী

স ইতি। শাসনাদাদেশাৎ। নদমানঃ কুর্ব্বন্, প্রাবৃষি বর্ষাসু। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৬॥

তস্যেতি। বলং সৈন্যম্। প্রাচলৎ প্রাকম্পত। বাতোদ্ধতো বায়ুদ্বেলিতঃ ॥২৭॥

বহব ইতি। বহবঃ পাণ্ডবসৈন্যাশ্চ। ভীষিতা ভয়ং প্রাপিতাঃ ॥২৮॥

কার্ষ্ণিরিতি। কার্ষ্ণিরভিমন্যুঃ, মুদা যুক্তো বীরবৈরিলাভাৎ। রক্ষো রাক্ষসম্ ॥২৯॥

তত ইতি। আর্জ্জুনিমভিমন্যুম্। চমূঃ পাণ্ডবসেনাম্ ॥৩০॥

দুর্য্যোধন এইরূপ বলিলে, বলবান্ ও প্রতাপশালী রাক্ষসশ্রেষ্ঠ অলম্বুষ বর্ষাকালে মেঘের ন্যায় মহাগর্জ্জন করিতে করিতে আপনার পুত্রের আদেশে সত্বর যুদ্ধে গমন করিল ॥২৬॥

রাজা! তাহার মহাগর্জ্জনে পাণ্ডবগণের বিশাল সৈন্য, বায়ুদ্বেলিত সমুদ্রের ন্যায় সর্ব্বতোভাবে বিচলিত হইয়া পড়িল ॥২৭॥

মহারাজ! ক্রমে পাণ্ডবপক্ষের বহুতর সৈন্য অলম্বুষের গর্জ্জনে ভীত হইয়া প্রিয় প্রাণ পরিত্যাগ করিয়া ভূতলে পতিত হইতে লাগিল ॥২৮॥

এই সময়ে অভিমন্যুও আনন্দিত হইয়া, ধনু ও বাণ ধারণ করিয়া, রথের উপরে যেন নৃত্য করিতে থাকিয়া সেই রাক্ষসের দিকে ধাবিত হইলেন ॥২৯॥

তাহার পর অলম্বুষ যুদ্ধে অভিমন্যুকে পাইয়াই ক্রুদ্ধ হইয়া তাঁহার অনতিদূরে থাকিয়া পাণ্ডবসৈন্য পীড়ন করিতে লাগিল ॥৩০॥

(৩০)…নাতিদূরে স্থিতাং তস্য…বা রা নি।

CENTRAL LIBRARY

সা বধ্যমানা চ তথা পাণ্ডবানাং মহাচমূঃ।
প্রত্যুদ্‌যযৌ রণে রক্ষো দেবসেনা যথা বলম্ ॥৩১॥
বিমর্দ্দঃ সুমহানাসীত্তস্য সৈন্যস্য মারিষ!।
রক্ষসা ঘোররূপেণ বধ্যমানস্য সংযুগে ॥৩২॥
ততঃ শরসহস্রৈস্তাং পাণ্ডবানাং মহাচমূম্।
ব্যদ্রাবয়দ্রণে রক্ষো দর্শয়ৎ স্বপরাক্রমম্ ॥৩৩॥
সা বধ্যমানা চ তথা পাণ্ডবানামনীকিনী।
রক্ষসা ঘোররূপেণ প্রদুদ্রাব রণে ভয়াৎ ॥৩৪॥
প্রমৃদ্য চ রণে সেনাং পদ্মিনীং বারণো যথা।
ততোঽভিদুদ্রাব রণে দ্রৌপদেয়ান্ মহাবলান্ ॥৩৫॥
তে তু ক্রুদ্ধা মহেষ্বাসা দ্রৌপদেয়াঃ প্রহারিণঃ।
রাক্ষসং দুদ্রুবুঃ সংখ্যে গ্রহাঃ পঞ্চ রবিং যথা ॥৩৬॥

ভারতকৌমুদী

সেতি। রক্ষো রাক্ষসম্। বলং বলনামকমসুরম্ ॥৩১॥
বিমর্দ্দ ইতি। বিমর্দ্দো যুদ্ধসংঘর্ষঃ। তস্য পাণ্ডবীয়স্য ॥৩২॥
তত ইতি। ব্যদ্রাবয়ৎ ন্যপীড়য়ৎ, রক্ষো রাক্ষসোঽলম্বুষঃ ॥৩৩॥
সেতি। অনীকিনী সেনা। প্রদুদ্রাব দ্রুতমপসসার ॥৩৪॥
প্রেতি। প্রমৃদ্য নিপীড্য। বারণো হস্তী। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্ ॥৩৫॥

তখন পাণ্ডবগণের সেই বিশাল সৈন্য বধ্যমান হইতে থাকিয়াও—দেবসৈন্য যেমন বলাসুরের দিকে ধাবিত হইয়াছিল, সেইরূপ যুদ্ধে অলম্বুষের দিকে ধাবিত হইল ॥৩১॥

মাননীয় রাজা! সেই সময়ে ভয়ঙ্করমূর্ত্তি অলম্বুষের সহিত যুদ্ধে বধ্যমান পাণ্ডবসৈন্যের মহাসংঘর্ষ হইতে লাগিল ॥৩২॥

তদনন্তর অলম্বুষ যুদ্ধে নিজের পরাক্রম দেখাইতে থাকিয়া বহুতর বাণদ্বারা পাণ্ডবগণের সেই বিশাল সৈন্যকে পীড়ন করিতে থাকিল ॥৩৩॥

তখন সেই পাণ্ডবসৈন্য ভয়ঙ্কর-রাক্ষস-কর্ত্তৃক যুদ্ধে বধ্যমান হইতে থাকিয়া ভয়ে পলায়ন করিতে লাগিল ॥৩৪॥

হস্তী যেমন পদ্মিনী মর্দ্দন করে, অলম্বুষও তেমন পাণ্ডববাহিনী মর্দ্দন করিয়া পরে মহাবল দ্রৌপদীপুত্রগণের দিকে ধাবিত হইল ॥৩৫॥

(৩১) তাং বধ্যমানাঞ্চ তথা···মহাচমূম্···দেবসেনাং যথা বলঃ—বা রা নি।

বীর্য্যবদ্ভিস্ততস্তৈস্তু পীড়িতো রাক্ষসোত্তমঃ।
যথা যুগক্ষয়ে ঘোরে চন্দ্রমাঃ পঞ্চভির্গ্রহৈঃ ॥৩৭॥
প্রতিবিন্ধ্যস্ততো রক্ষো বিভেদ নিশিতৈঃ শরৈঃ।
সর্বপারশবৈস্তূর্ণমকুণ্ঠাগ্রৈর্মহাবলঃ ॥৩৮॥
স তৈর্ভিন্নতনুত্রাণঃ শুশুভে রাক্ষসোত্তমঃ।
মরীচিভিরিবার্কস্য সংস্যূতো জলদো মহান্ ॥৩৯॥
বিষক্তৈঃ স শরৈশ্চাপি তপনীয়পরিচ্ছদৈঃ।
আর্য্যশৃঙ্গির্বভৌ রাজন্! দীপ্তশৃঙ্গ ইবাচলঃ ॥৪০॥
ততস্তে ভ্রাতরঃ পঞ্চ রাক্ষসেন্দ্রং মহাহবে।
বিব্যধুর্নিশিতৈর্বাণৈস্তপনীয়বিভূষিতৈঃ ॥৪১॥

ভারতকৌমুদী

ত ইতি। প্রহারিণো যোদ্ধারঃ। দুষ্কুর্দধাবুঃ, সংখ্যে সমরাঙ্গনে ॥৩৬॥
বীর্য্যেতি। তৈর্দ্রৌপদেয়ৈঃ। যুগক্ষয়ে প্রলয়কালে ॥৩৭॥
প্রতীতি। প্রতিবিন্ধ্যো যুধিষ্ঠিরাদ্দ্রৌপদ্যাং জাতঃ। সর্বপারশবৈঃ সর্বলৌহময়ৈঃ ॥৩৮॥
স ইতি। ভিন্নতনুত্রাণো বিদীর্ণবর্ম্মা। সংস্যূতো ঘনবিদ্ধঃ, জলদো মেঘঃ ॥৩৯॥
বিষক্তৈরিতি। বিষক্তৈর্দেহলগ্নৈঃ। তপনীয়পরিচ্ছদৈঃ বহিঃস্বর্ণখচিতৈঃ ॥৪০॥

ভারতভাবদীপঃ

অভিমন্যুরিতি ॥১—১৫॥ লঘু হৃষ্টং চ শীঘ্রং শোভনঞ্চ যথা স্যাত্তথা ॥১৬—২২॥ আর্য্যশৃঙ্গিমলম্বুষম্ ॥২৩—৩৮॥ সর্ব্বপারশবৈঃ সর্বলৌহময়ৈঃ ॥৩৯॥ সংস্যূতো গ্রথিতঃ ॥৪০—৫২॥
ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তবতিতমোঽধ্যায়ঃ ॥৯৬॥

তখন পাঁচটা গ্রহ যেমন সূর্য্যের প্রতি ধাবিত হয়, সেইরূপ মহাধনুর্দ্ধর ও যোদ্ধা দ্রৌপদীর পঞ্চ পুত্র ক্রুদ্ধ হইয়া যুদ্ধে অলম্বুষের প্রতি ধাবিত হইলেন ॥৩৬॥

তদনন্তর, ভয়ঙ্কর প্রলয়কালে যেমন পাঁচটা গ্রহ চন্দ্রকে পীড়ন করে, সেইরূপ বলবান্ দ্রৌপদীর পঞ্চ পুত্র অলম্বুষকে পীড়ন করিলেন ॥৩৭॥

তাহার পর মহাবল প্রতিবিন্ধ্য সুতীক্ষ্ণ, সম্পূর্ণ লৌহময় ও অকুণ্ঠিতমুখ বহুতর বাণদ্বারা অলম্বুষকে বিদীর্ণ করিলেন ॥৩৮॥

সেই বাণগুলি যাইয়া বর্ম্ম ভেদ করিয়া লাগিয়া থাকিলে, সূর্য্যকিরণবিদ্ধ মহামেঘের ন্যায় অলম্বুষ শোভা পাইতে লাগিল ॥৩৯॥

অথবা রাজা! সূর্য্যকিরণে সমুজ্জ্বলশৃঙ্গ পর্বতের ন্যায় গাত্রলগ্ন স্বর্ণখচিত সেই বাণগুলিদ্বারা অলম্বুষ শোভা পাইতে থাকিল ॥৪০॥

CENTRAL LIBRARY

স নির্ভিন্নঃ শরৈর্ঘোরৈর্ভুজগৈঃ কোপিতৈরিব।
অলম্বুষো ভৃশং রাজন্! নাগেন্দ্র ইব চুক্রুধে ॥৪২॥
সোঽতিবিদ্ধো মহারাজ! মুহূর্ত্তমথ মারিষ!।
প্রবিবেশ তমো দীর্ঘং পীড়িতস্তৈর্মহারথৈঃ ॥৪৩॥
প্রতিলভ্য ততঃ সংজ্ঞাং ক্রোধেন দ্বিগুণীকৃতঃ।
চিচ্ছেদ সায়কৈস্তেষাং ধ্বজাংশ্চৈব ধনূংষি চ ॥৪৪॥
একৈকং পঞ্চভির্বাণৈরাজঘান স্ময়ন্নিব।
অলম্বুষো রথোপস্থে নৃত্যন্নিব মহারথঃ ॥৪৫॥
ত্বরমাণঃ সুসংরব্ধো হয়াংস্তেষাং মহাত্মনাম্।
জঘান রাক্ষসঃ ক্রুদ্ধঃ সারথীংশ্চ মহাবলঃ ॥৪৬॥

ভারতকৌমুদী

তত ইতি। তে দ্রৌপদেয়াঃ। তপনীয়বিভূষিতৈঃ স্বর্ণালঙ্কৃতৈঃ ॥৪১॥
স ইতি। নির্ভিন্নো বিদীর্ণঃ। ভুজগৈঃ সর্পৈঃ। নাগেন্দ্রো হস্তিশ্রেষ্ঠঃ ॥৪২॥
স ইতি। প্রবিবেশ প্রাপ, দীর্ঘং তমো গাঢ়মজ্ঞানমিত্যর্থঃ ॥৪৩॥
প্রতীতি। ক্রোধেন দ্বিগুণীকৃতো দ্বিগুণীকৃতক্রোধ ইতি তাৎপর্য্যম্ ॥৪৪॥
একৈকমিতি। পঞ্চভিরিত্যত্র বীপ্সাবগন্তব্যা। স্ময়ন্ ঈষদ্ধসন্ ॥৪৫॥
ত্বরেতি। সুসংরব্ধঃ অতীবোৎসাহিতঃ, হয়ান্ অশ্বান্ ॥৪৬॥

তাহার পর সেই পঞ্চ ভ্রাতা সুতীক্ষ্ণ ও স্বর্ণভূষিত বাণসমূহদ্বারা মহাযুদ্ধে রাক্ষসশ্রেষ্ঠ অলম্বুষকে বিদ্ধ করিলেন ॥৪১॥

রাজা! তখন অলম্বুষ কোপিত সর্পসমূহের ন্যায় ভয়ঙ্কর বাণসমূহদ্বারা বিদীর্ণ হইয়া হস্তিশ্রেষ্ঠের ন্যায় অত্যন্তক্রুদ্ধ হইল ॥৪২॥

মাননীয় মহারাজ! তাহার পর অলম্বুষ সেই মহারথগণকর্ত্তৃক অত্যন্ত বিদ্ধ ও পীড়িত হইয়া কিছুকাল গাঢ়ভাবে অচৈতন্য হইল ॥৪৩॥

তৎপরে অলম্বুষ চৈতন্য লাভ করিয়া দ্বিগুণ ক্রুদ্ধ হইয়া বাণদ্বারা দ্রৌপদীর পুত্রগণের ধ্বজ ও ধনুগুলি ছেদন করিল ॥৪৪॥

তদনন্তর মহারথ অলম্বুষ ঈষৎ হাস্য করতই যেন এবং রথের উপরে নৃত্য করিতে থাকিয়াই যেন পাঁচ পাঁচটা বাণদ্বারা তাঁহাদের প্রত্যেককে আঘাত করিল ॥৪৫॥

তাহার পর মহাবল অলম্বুষ ক্রুদ্ধ, ত্বরান্বিত ও অত্যন্ত উৎসাহিত হইয়া সেই মহাত্মাদের অশ্ব ও সারথিগণকে বধ করিল ॥৪৬॥

CENTRAL LIBRARY

বিভেদ চ সুসংরব্ধঃ পুনশ্চৈনান্ সুসংশিতৈঃ।
শরৈর্বহুবিধাকারৈঃ শতশোঽথ সহস্রশঃ ॥৪৭॥
বিরথাংশ্চ মহেষ্বাসান্ কৃত্বা তত্র স রাক্ষসঃ।
অভিদুদ্রাব বেগেন হন্তুকামো নিশাচরঃ ॥৪৮॥
তানর্দ্দিতান্ রণে তেন রাক্ষসেন দুরাত্মনা।
দৃষ্ট্বার্জ্জুনসুতঃ সংখ্যে রাক্ষসং সমুপাদ্রবৎ ॥৪৯॥
তয়োঃ সমভবদ্‌যুদ্ধং বৃত্রবাসবয়োরিব।
দদৃশুস্তাবকাঃ সর্বে পাণ্ডবাশ্চ মহারথাঃ ॥৫০॥
তৌ সমেতৌ মহাযুদ্ধে ক্রোধদীপ্তৌ পরস্পরম্।
মহাবলৌ মহারাজ! ক্রোধসংরক্তলোচনৌ।
পরস্পরমবেক্ষেতাং কালানলসমৌ যুধি ॥৫১॥

ভারতকৌমুদী

বিভেদেতি। বিভেদ বিদারয়ামাস। সুসংশিতৈঃ অতীবতীক্ষ্ণীকৃতৈঃ ॥৪৭॥
বিরথানিতি। মহেষ্বাসান্ মহাধনুর্দ্ধরান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্। অভিদুদ্রাব তানভিদধাব ॥৪৮॥
তানিতি। অর্দ্দিতান্ পীড়িতান্। অর্জ্জুনসুতঃ অভিমন্যুঃ ॥৪৯॥
তয়োরিতি। বৃত্রবাসবয়োর্বৃত্রাসুরেন্দ্রয়োঃ। তাবকাস্ত্বৎপক্ষীয়া যোদ্ধারঃ ॥৫০॥
তাবিতি। সমেতৌ মিলিতৌ, ক্রোধেন দীপ্তৌ জ্বলিতহৃদয়ৌ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫১॥

ক্রমে অতিশয় ক্রুদ্ধ হইয়া সুতীক্ষ্ণীকৃত ও বহুবিধাকৃতি শত শত ও সহস্র সহস্র বাণদ্বারা পুনরায় উঁহাদিগকে বিদীর্ণ করিল ॥৪৭॥

সেই নিশাচর রাক্ষস মহাধনুর্দ্ধর দ্রৌপদীর পুত্রগণকে রথবিহীন করিয়া তাঁহাদিগকে বধ করিবার জন্য বেগে ধাবিত হইল ॥৪৮॥

সেই দুরাত্মা রাক্ষসকর্ত্তৃক তাঁহাদিগকে যুদ্ধে নিপীড়িত দেখিয়া অভিমন্যু যুদ্ধে সেই রাক্ষসের প্রতি ধাবিত হইলেন ॥৪৯॥

ক্রমে ইন্দ্র ও বৃত্রাসুরের ন্যায় তাঁহাদের যুদ্ধ হইতে লাগিল। তখন আপনার পক্ষের ও পাণ্ডবপক্ষের মহারথ যোদ্ধারা সকলে তাহা দেখিতে লাগিলেন ॥৫০॥

মহারাজ! মহাযুদ্ধে সম্মিলিত, পরস্পর ক্রোধজ্বলিতচিত্ত, মহাবল, ক্রোধে আরক্তনয়ন ও প্রলয়কালের অগ্নির ন্যায় ভীষণ সেই বীরেরা দুই জন পরস্পর দৃষ্টিপাত করিতে থাকিলেন ॥৫১॥

তয়োঃ সমাগমো ঘোরো বভূব কটুকোদয়ঃ।
যথা দেবাসুরে যুদ্ধে শক্রশম্বরয়োঃ পুরা ॥৫২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে নবমদিবসযুদ্ধে অলম্বুষাভিমন্যুসমাগমে ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

সপ্তনবতিতমোঽধ্যায়ঃ।

——:*:——

ধৃতরাষ্ট্র উবাচ।

আর্জ্জুনিং সমরে শূরং বিনিঘ্নন্তং মহারথান্।
অলম্বুষঃ কথং যুদ্ধে প্রত্যযুধ্যত সঞ্জয়! ॥১॥
আর্য্যশৃঙ্গিং কথঞ্চৈব সৌভদ্রঃ পরবীরহা।
তন্মমাচক্ষ্ব তত্ত্বেন যথা বৃত্তং স্ম সংযুগে ॥২॥

ভারতকৌমুদী

তয়োরিতি। কটুকো নিষ্ঠুরতয়া বিরক্তিকর উদয় আবির্ভাবো যস্য সঃ। শম্বরোঽসুরঃ ॥৫২॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ষণ্ণবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——(::)——

আর্জ্জুনিমিতি। আর্জ্জুনিমভিমন্যুম্। কথং কীদৃশম্ ॥১॥
আর্য্যেতি। আর্য্যশৃঙ্গিমলম্বুষম্, কথং কীদৃশম্। তত্ত্বেন যাথার্থ্যেন, বৃত্তং জাতম্ ॥২॥

পূর্ব্বকালে দেবাসুরযুদ্ধের সময়ে ইন্দ্র ও শম্বরাসুরের যেমন সম্মেলন হইয়াছিল, সেইরূপ অভিমন্যু ও অলম্বুষের ভীষণ ও নিষ্ঠুর সম্মেলন হইল' ॥৫২॥

——:::——

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! বীর অভিমন্যু যুদ্ধে আমার পক্ষের মহারথগণকে বধ করিতে লাগিলে, অলম্বুষ সমরাঙ্গনে কিপ্রকার প্রতিযুদ্ধ করিয়াছিল? ॥১॥

* '...একাধিকশততমোঽধ্যায়ঃ' বা, '... শততমোঽধ্যায়ঃ' রা নি। (২)...যাবদ্বৃত্তং স্ম...পি বা।

ধনঞ্জয়শ্চ কিং চক্রে মম সৈন্যেষু সংযুগে।
ভীমো বা রথিনাং শ্রেষ্ঠো রাক্ষসো বা ঘটোৎকচঃ ॥৩॥
নকুলঃ সহদেবো বা সাত্যকির্বা মহারথঃ।
এতদাচক্ষ্ব মে সত্যং কুশলো হ্যসি সঞ্জয়! ॥৪॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ।

হন্ত তেঽহং প্রবক্ষ্যামি সংগ্রামং লোমহর্ষণম্।
যথাভূদ্রাক্ষসেন্দ্রস্য সৌভদ্রস্য চ মারিষ! ॥৫॥
অর্জ্জুনশ্চ যথা চক্রে ভীমসেনশ্চ পাণ্ডবঃ।
নকুলঃ সহদেবশ্চ রণে চক্রুঃ পরাক্রমম্ ॥৬॥
তথৈব তাবকাঃ সর্বে ভীষ্মদ্রোণপুরঃসরাঃ।
অদ্ভুতানি বিচিত্রাণি চক্রুঃ কর্ম্মাণ্যভীতবৎ ॥৭॥

ভারতকৌমুদী

ধনঞ্জয় ইতি। সংযুগে যুদ্ধে। কুশলো যুদ্ধবৃত্তান্তকথননিপুণঃ ॥৩—৪॥
হন্তেতি। হন্তশব্দো হর্ষে। হর্ষশ্চ যুদ্ধবৃত্তান্তকথনমাত্রে। সৌভদ্রস্যাভিমন্যোঃ ॥৫॥
অর্জ্জুন ইতি। চক্রুঃ ভীমসেননকুলসহদেবাঃ ॥৬॥
তথেতি। বিচিত্রাণি নানাবিধানি। অভীতবদিত্যনেন ভয়মপি সূচিতম্ ॥৭॥

বিপক্ষবীরহন্তা অভিমন্যুই বা অলম্বুষের সহিত কীদৃশ যুদ্ধ করিল এবং যুদ্ধে অন্যান্য যাহা ঘটিয়াছিল, তাহা তুমি আমার নিকট যথার্থরূপে বল ॥২॥

যুদ্ধে আমার সৈন্যগণের উপরে অর্জ্জুন, রথিশ্রেষ্ঠ ভীম, রাক্ষস ঘটোৎকচ, নকুল, সহদেব, কিংবা মহারথ সাত্যকি কি করিয়াছিল, তাহা তুমি আমার নিকট সত্য বল। কেননা, সঞ্জয়! তুমি যুদ্ধবৃত্তান্ত বলিতে বড়ই নিপুণ ॥৩—৪॥

সঞ্জয় বলিলেন—'মাননীয় রাজা! অলম্বুষ ও অভিমন্যুর যেরূপ যুদ্ধ হইয়াছিল আমি আপনার নিকট সেই লোমহর্ষণ যুদ্ধের বৃত্তান্ত বলিব ॥৫॥

আর অর্জ্জুন যেরূপ করিয়াছিলেন এবং ভীম, নকুল ও সহদেব যুদ্ধে যেরূপ পরাক্রম দেখাইয়াছিলেন, তাহাও বলিব ॥৬॥

এবং ভীষ্ম ও দ্রোণপ্রভৃতি আপনার পক্ষের যোদ্ধারা সকলে নির্ভয়ের ন্যায় যে সকল অদ্ভুত ও নানাপ্রকার কার্য্য করিয়াছিলেন, সে সকলও বলিব ॥৭॥

---

(৫) হন্ত তে সম্প্রবক্ষ্যামি…পি,…রোমহর্ষণম্…নি।

অলম্বুষস্তু সমরে অভিমন্যুং মহাবলম্ ।
বিনদ্য সুমহানাদং তর্জয়িত্বা মুহুর্মুহুঃ ॥৮॥
অভিদুদ্রাব বেগেন তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ।
অভিমন্যুশ্চ বেগেন সিংহবদ্বিনদন্ মুহুঃ ॥৯॥
আর্য্যশৃঙ্গিং মহেষ্বাসং পিতুরত্যন্তবৈরিণম্ ।
ততঃ সমীয়তুঃ সংখ্যে ত্বরিতৌ নররাক্ষসৌ ॥১০॥
রথাভ্যাং রথিনাং শ্রেষ্ঠৌ যথা বৈ দেবদানবৌ ।
মায়াবী রাক্ষসশ্রেষ্ঠো দিব্যাস্ত্রজ্ঞশ্চ ফাল্গুনিঃ ॥১১॥ (কলাপকম্)
ততঃ কাঞ্চির্মহারাজ ! নিশিতৈঃ সায়কৈস্ত্রিভিঃ ।
আর্য্যশৃঙ্গিং রণে বিদ্ধা পুনর্বিব্যাধ পঞ্চভিঃ ॥১২॥
অলম্বুষোঽপি সংক্রুদ্ধঃ কাঞ্চিং নবভিরাশুগৈঃ ।
হৃদি বিব্যাধ বেগেন তোত্ত্রৈরিব মহাদ্বিপম্ ॥১৩॥
ততঃ শরসহস্রেণ ক্ষিপ্রকারী নিশাচরঃ ।
অর্জ্জুনস্য সুতং সংখ্যে পীড়য়ামাস ভারত ! ॥১৪॥

ভারতকৌমুদী

অলম্বুষ ইতি। বিনদ্য বিধায়। অভিমন্যুশ্চ অভিদুদ্রাবেত্যনুবৃত্তিঃ। পিতুরত্যন্ত-বৈরিণম্ ইরাবতো বধাৎ। সমীয়তুঃ সম্মিলিতৌ বভূবতুঃ। ফাল্গুনিরভিমন্যুঃ ॥৮—১১॥

তত ইতি। কৃষ্ণস্যার্জ্জুনস্য পুত্র ইতি কাঞ্চিরভিমন্যুঃ। আর্য্যশৃঙ্গিমলম্বুষম্ ॥১২॥

অলম্বুষ ইতি। তোত্ত্রৈরঙ্কুশবিশেষৈঃ, মহাদ্বিপং মহাহস্তিনম্ ॥১৩॥

অলম্বুষ অতিবিশাল সিংহনাদ করিয়া মহাবল অভিমন্যুকে বার বার ভর্ৎসনাপূর্বক তাঁহার দিকে বেগে ধাবিত হইল এবং 'থাক্ থাক্' এই কথাও বলিল। আবার অভিমন্যুও মুহুর্মুহুঃ সিংহের ন্যায় গর্জন করিয়া মহাধনুর্দ্ধর ও পিতার অত্যন্তশত্রু অলম্বুষের প্রতি বেগে ধাবিত হইলেন। তাহার পর মায়াবী ও রাক্ষসশ্রেষ্ঠ অলম্বুষ এবং দিব্যাস্ত্রবিৎ অভিমন্যু এই দুই জন রথি-শ্রেষ্ঠ রাক্ষস ও মানুষ, দেব ও দানবের ন্যায় রথারোহণে সত্বর সমরাঙ্গনে সম্মিলিত হইলেন ॥৮—১১॥

মহারাজ ! তাহার পর অভিমন্যু তিনটা তীক্ষ্ণ বাণদ্বারা অলম্বুষকে বিদ্ধ করিয়া পুনরায় পাঁচটা বাণদ্বারা তাহাকে বিদ্ধ করিলেন ॥১২॥

তখন অলম্বুষও অত্যন্তক্রুদ্ধ হইয়া অঙ্কুশদ্বারা মহাহস্তীর ন্যায় নয়টা বাণ-দ্বারা বেগে অভিমন্যুর বক্ষস্থল বিদ্ধ করিল ॥১৩॥

(৮)···অভিমন্যুং মহারথম্···রা নি। (১১)···রথিনৌ শ্রেষ্ঠৌ···দিব্যাস্ত্রশ্চৈব···রা নি।

ততো দ্রোণশ্চ পার্থশ্চ সমেয়াতাং মহামৃধে।
যথা বুধশ্চ শুক্রশ্চ মহারাজ! নভস্তলে ॥৫৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে নবমদিবসযুদ্ধে দ্রোণার্জ্জুনসমাগমে সপ্তনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

অষ্টনবতিতমোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

কথং দ্রোণো মহেষ্বাসঃ পাণ্ডবশ্চ ধনঞ্জয়ঃ।
সমীয়তু রণে বীরৌ তাবুভৌ পুরুষর্ষভৌ ॥১॥
প্রিয়ো হি পাণ্ডবো নিত্যং ভারদ্বাজস্য ধীমতঃ।
আচার্য্যশ্চ রণে নিত্যং প্রিয়ঃ পার্থস্য সঞ্জয়! ॥২॥

ভারতকৌমুদী

তত ইতি। সমেয়াতাং সম্মিলিতাবভবতাম্ ॥৫৮॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে সপ্তনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

কথমিতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ। ইদমুভয়ত্রৈব সম্বধ্যতে। সমীয়তুঃ সম্মিলিতৌ ॥১॥

প্রিয় ইতি। পরস্পরমুভয়োঃ প্রিয়ত্বে কথং যুদ্ধসম্ভব ইত্যাশয়ঃ ॥২॥

মহারাজ! তাহার পর আকাশে বুধ ও শুক্রের ন্যায় দ্রোণ ও অর্জ্জুন মহাযুদ্ধে মিলিত হইলেন ॥৫৮॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! মহাধনুর্দ্ধর দ্রোণ এবং মহাধনুর্দ্ধর অর্জ্জুন এই বীর ও পুরুষশ্রেষ্ঠ দুই জন কি করিয়া যুদ্ধে সম্মিলিত হইলেন? ॥১॥

কেন না, অর্জ্জুন সর্বদাই বুদ্ধিমান্ দ্রোণাচার্য্যের প্রিয়; আবার দ্রোণাচার্য্যও সর্ব্বদা অর্জ্জুনের প্রিয় ॥২॥

---

* 'দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ' বা, '...একাধিকশততমোঽধ্যায়ঃ' রা নি। (১)...রণে যত্তৌ...বা রা নি।

তাবুভৌ রথিনৌ সংখ্যে হৃষ্টৌ সিংহাবিবোৎকটৌ।
কথং সমীয়তুর্যত্তৌ ভারদ্বাজধনঞ্জয়ৌ ॥৩॥

সঞ্জয় উবাচ।

ন দ্রোণঃ সমরে পার্থং জানীতে প্রিয়মাত্মনঃ।
ক্ষত্রধর্ম্মং পুরস্কৃত্য পার্থো বা গুরুমাহবে ॥৪॥
ন ক্ষত্রিয়া রণে রাজন্! বর্জয়ন্তি পরস্পরম্।
নির্মর্য্যাদং হি যুধ্যন্তে পিতৃভির্ভ্রাতৃভিঃ সহ ॥৫॥
ততঃ পার্থেন সমরে দ্রোণো বিদ্ধস্ত্রিভিঃ শরৈঃ।
নাচিন্তয়চ্চ তান্ বাণান্ পার্থচাপচ্যুতান্ যুধি ॥৬॥
শরবৃষ্ট্যা পুনঃ পার্থশ্ছাদয়ামাস তং রণে।
স প্রজজ্বাল রোষেণ গহনেঽগ্নিরিবোর্জিতঃ ॥৭॥

ভারতকৌমুদী

তাবিতি। সংখ্যে যুদ্ধে। উৎকটৌ দুর্দ্ধর্ষৌ। কথং কেন প্রকারেণ। যত্তৌ সযত্নৌ ॥৩॥
নেতি। যুদ্ধকালে ক্ষত্রধর্ম্মানুসারেণ কস্যাপি প্রিয়তা নাস্তীতি ভাবঃ ॥৪॥
নেতি। নির্মর্য্যাদং সম্পর্কনিয়মশূন্যং যথা স্যাত্তথা ॥৫॥
তত ইতি। নাচিন্তয়ৎ, পার্থেনাদৃঢ়প্রহারাৎ দ্রোণস্য চ মহাবীরত্বাদিত্যভিপ্রায়ঃ ॥৬॥
শরেতি। গহনে শুষ্কদারুপূর্ণে বনে, উর্জিতঃ প্রবলঃ ॥৭॥

সুতরাং সিংহের ন্যায় দুর্দ্ধর্ষ দ্রোণ ও অর্জুন রথারোহণ করিয়া, হৃষ্টচিত্ত ও যত্নবান্ হইয়া কি করিয়া যুদ্ধে মিলিত হইলেন?' ॥৩॥

সঞ্জয় বলিলেন—'রাজা! দ্রোণও ক্ষত্রিয়ধর্ম্ম অনুসারে যুদ্ধের সময়ে অর্জুনকে নিজের প্রিয় বলিয়া মনে করেন না; আবার অর্জুনও ক্ষত্রিয়ের নিয়ম অনুসরণ করিয়া যুদ্ধকালে দ্রোণকে প্রিয় বলিয়া ধারণা করেন না ॥৪॥

কারণ, ক্ষত্রিয়েরা যুদ্ধের সময়ে আত্মীয়দিগকে পরস্পর ত্যাগ করেন না। সুতরাং তাঁহারা আত্মীয়তার নিয়ম ত্যাগ করিয়া পিতা ও ভ্রাতাপ্রভৃতির সহিতও যুদ্ধ করিয়া থাকেন ॥৫॥

(সে যাহা হউক,) তাহার পর অর্জুন তিনটা বাণদ্বারা যুদ্ধে দ্রোণকে বিদ্ধ করিলেন; কিন্তু দ্রোণ অর্জুনকার্ম্মুকনির্গত সেই বাণ কয়টাকে গ্রাহ্যই করিলেন না ॥৬॥

অর্জ্জুন পুনরায় বাণবৃষ্টিদ্বারা যুদ্ধে দ্রোণকে আবৃত করিলেন; তখন দ্রোণ, বনে প্রবল অগ্নির ন্যায় ক্রোধে জ্বলিয়া উঠিলেন ॥৭॥

(৬) রণে ভারত! পার্থেন দ্রোণঃ…বা রা নি। (৭)…প্রজজ্বাল চ রোষেণ…পি।

CENTRAL LIBRARY

ততোঽর্জ্জুনং রণে দ্রোণঃ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
ছাদয়ামাস রাজেন্দ্র! নচিরাদেব ভারত! ॥৮॥
ততো দুর্য্যোধনো রাজা সুশর্ম্মাণমচোদয়ৎ।
দ্রোণস্য সমরে রাজন্! পার্ষ্ণিগ্রহণকারণাৎ ॥৯॥
ত্রিগর্ত্তরাড়পি ক্রুদ্ধো ভৃশমায়ম্য কার্ম্মুকম্।
ছাদয়ামাস সমরে পার্থং বাণৈরয়োমুখৈঃ ॥১০॥
তাভ্যাং মুক্তা শরা রাজন্নন্তরীক্ষে বিরেজিরে।
হংসা ইব মহারাজ! শরৎকালে নভস্তলে ॥১১॥
তে শরাঃ প্রাপ্য কৌন্তেয়ং সমন্তাদ্বিবিশুঃ প্রভো!।
ফলভারনতং যদ্বৎ স্বাদুবৃক্ষং বিহঙ্গমাঃ ॥১২॥
অর্জ্জুনস্তু রণে নাদং বিনদ্য রথিনাং বরঃ।
ত্রিগর্ত্তরাজং সমরে সপুত্রং বিব্যধে শরৈঃ ॥১৩॥

ভারতকৌমুদী

তত ইতি। সন্নতানি ঈষদ্বক্রাণি পর্ব্বাণি উপান্ত্যদেশা যেষাং তৈঃ ॥৮॥
তত ইতি। অচোদয়ৎ প্রৈরয়ৎ। পার্ষ্ণিগ্রহণকারণাৎ পৃষ্ঠবর্ত্তিত্বহেতোঃ ॥৯॥
ত্রিগর্ত্তেতি। ত্রিগর্ত্তরাট্ সুশর্ম্মা। আয়ম্য বিস্তার্য্য। অয়োমুখৈর্লৌহময়াগ্রৈঃ ॥১০॥
তাভ্যামিতি। তাভ্যাং দ্রোণসুশর্ম্মভ্যাম্, মুক্তা নিক্ষিপ্তাঃ ॥১১॥
ত ইতি। স্বাদুবৃক্ষং স্বাদুফলযুক্তবৃক্ষম্, তত এব বিহঙ্গমপ্রবেশ ইতি ভাবঃ ॥১২॥

ভরতনন্দন রাজশ্রেষ্ঠ! তাহার পর দ্রোণ সত্বরই অবনতপর্ব বাণসমূহদ্বারা যুদ্ধে অর্জ্জুনকে আচ্ছাদন করিলেন ॥৮॥

রাজা! তদনন্তর রাজা দুর্য্যোধন যুদ্ধে দ্রোণের পৃষ্ঠবর্ত্তী হইবার জন্য সুশর্ম্মাকে প্রেরণ করিলেন ॥৯॥

সুশর্ম্মাও ক্রুদ্ধ হইয়া যাইয়া ধনুখানাকে অত্যন্তবিস্তৃত করিয়া লৌহমুখ বাণসমূহদ্বারা যুদ্ধে অর্জ্জুনকে আবৃত করিয়া ফেলিলেন ॥১০॥

মহারাজ! তাঁহাদের নিক্ষিপ্ত বাণসমূহ আকাশে যাইয়া—শরৎকালে আকাশে হংসশ্রেণীর ন্যায় দৃষ্টিগোচর হইতে লাগিল ॥১১॥

রাজা! পক্ষিগণ যেমন স্বাদুফলযুক্ত ও সেই ফলের ভারে অবনত বৃক্ষে যাইয়া প্রবেশ করে, সেইরূপ সেই বাণগুলি যাইয়া অর্জ্জুনের সকল দিকে প্রবেশ করিল ॥১২॥

---

(৮)···অচিরাদিব ভারত!—পি।

CENTRAL LIBRARY

তে বধ্যমানাঃ পার্থেন কালেনেব যুগক্ষয়ে।
পার্থমেবাভ্যবর্ত্তন্ত মরণে কৃতনিশ্চয়াঃ।
মুমুচুঃ শরবৃষ্টিঞ্চ পাণ্ডবস্য রথং প্রতি ॥১৪॥
শরবৃষ্টিং ততস্তাং তু শরবর্ষৈঃ সমন্ততঃ।
প্রতিজগ্রাহ রাজেন্দ্র! তোয়বৃষ্টিমিবাচলঃ ॥১৫॥
তত্রাদ্ভুতমপশ্যাম বীভৎসোর্হস্তলাঘবম্।
বিমুক্তাং বহুভির্যোধৈঃ শস্ত্রবৃষ্টিং দুরাসদাম্ ॥১৬॥
যদেকো বারয়ামাস মারুতোঽভ্রগণানিব।
কর্ম্মণা তেন পার্থস্য তুতুষুর্দেবতাগণাঃ ॥১৭॥ (যুগ্মকম্)
অথ ক্রুদ্ধো রণে পার্থস্ত্রিগর্ত্তান্ প্রতি ভারত!।
মুমোচাস্ত্রং মহারাজ! বায়ব্যং পৃতনামুখে ॥১৮॥

ভারতকৌমুদী

অর্জ্জুন ইতি। নাদং সিংহনাদম্, বিনদ্য বিধায় ॥১৩॥

তত ইতি। কালেন রুদ্রেণ, যুগক্ষয়ে প্রলয়কালে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

শরেতি। প্রতিজগ্রাহ বারয়ামাসেত্যর্থঃ, পাণ্ডব ইতি বিভক্তিবিপরিণামেনানুবৃত্তিঃ ॥১৫॥

তত্রেতি। বীভৎসোরর্জ্জুনস্য, হস্তস্য লাঘবং দ্রুতাস্ত্রনিক্ষেপযোগ্যতাম্। মারুতো বায়ুঃ, অভ্রগণান্ মেঘসমূহান্। দেবতাগণা আকাশবর্ত্তিন ইত্যর্থঃ ॥১৬—১৭॥

তখন রথিশ্রেষ্ঠ অর্জ্জুন সমরাঙ্গনে সিংহনাদ করিয়া বাণসমূহদ্বারা যুদ্ধে পুত্রের সহিত সুশর্ম্মাকে বিদ্ধ করিলেন ॥১৩॥

প্রলয়কালে রুদ্রের ন্যায় অর্জ্জুন তাহাদিগকে বধ করিতে লাগিলে, তাহারা মরণে কৃতনিশ্চয় হইয়া অর্জ্জুনের দিকেই ধাবিত হইল এবং অর্জ্জুনের রথের উপরে বাণ বর্ষণ করিতে লাগিল ॥১৪॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর পর্ব্বত যেমন জলবর্ষণ গ্রহণ করে, সেইরূপ অর্জ্জুন সকল দিকে বাণবর্ষণ করিয়া সেই বাণবর্ষণ গ্রহণ করিলেন ॥১৫॥

তৎকালে আমরা অর্জ্জুনের অদ্ভুত লঘুহস্ততা দেখিলাম। যে হেতু বায়ু যেমন মেঘসমূহকে বারণ করে, সেইরূপ এক অর্জ্জুন বহুতর যোদ্ধার নিক্ষিপ্ত দুর্দ্ধর্ষ বাণবৃষ্টি বারণ করিতে লাগিলেন। সুতরাং অর্জ্জুনের সেই কার্য্যে দেবতারা সন্তুষ্ট হইলেন ॥১৬—১৭॥

ভরতনন্দন মহারাজ! তাহার পর অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া বিপক্ষসৈন্যের সম্মুখবর্ত্তী ত্রিগর্ত্তদেশীয় যোদ্ধাদের প্রতি বায়ব্যাস্ত্র নিক্ষেপ করিলেন ॥১৮॥

(১৭)…তুতুষুর্দেবদানবাঃ—বা রা নি।

প্রাদুরাসীত্ততো বায়ুঃ ক্ষোভয়াণো নভস্তলম্।
পাতয়ন্ বৈ তরুগণান্ বিনিঘ্নংশ্চৈব সৈনিকান্ ॥১৯॥
ততো দ্রোণোঽভিবীক্ষ্যৈব বায়ব্যাস্ত্রং সুদারুণম্।
শৈলমন্যন্মহারাজ! ঘোরমস্ত্রং মুমোচ হ ॥২০॥
দ্রোণেন যুধি নির্মুক্তে তস্মিন্নস্ত্রে নরাধিপ!।
প্রশশাম ততো বায়ুঃ প্রসন্নাশ্চ দিশো দশ ॥২১॥
ততঃ পাণ্ডুসুতো বীরস্ত্রিগর্ত্তস্য রথব্রজান্।
নিরুৎসাহান্ রণে চক্রে বিমুখান্ বিপরাক্রমান্ ॥২২॥
ততো দুর্য্যোধনশ্চৈব কৃপশ্চ রথিনাং বরঃ।
অশ্বত্থামা তথা শল্যঃ কাম্বোজশ্চ সুদক্ষিণঃ ॥২৩॥
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ বাহ্লিকঃ সহ বাহ্লিকৈঃ।
মহতা রথবংশেন পার্থস্যাবারয়ন্ দিশঃ ॥২৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অথেতি। পৃতনামুখে বিপক্ষসেনাগ্রে স্থিতানিতি শেষঃ ॥১৮॥
প্রাদুরিতি। ক্ষোভয়াণঃ সকালয়ন্নিব। মকারাগমাভাব আর্ষঃ ॥১৯॥
তত ইতি। শৈলং পর্বতভূতম্। মুমোচ আবিশ্চকারেত্যর্থঃ ॥২০॥
দ্রোণেনেতি। প্রশশাম নিববৃতে। প্রসন্না নির্ম্মলা অভবন্ ॥২১॥
তত ইতি। রথানাং ব্রজান্ সমূহান্। চক্রে প্রহারাতিশয়েনেতি শেষঃ ॥২২॥
তত ইতি। কাম্বোজঃ কম্বোজরাজঃ। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ। রথানাং বংশেন সমূহেন ॥২৩—২৪॥

তদনন্তর আকাশমণ্ডল বিক্ষুব্ধ, বৃক্ষসমূহ নিপাতিত এবং বিপক্ষসৈন্য নিহত করিতে থাকিয়া প্রবল বায়ু প্রাদুর্ভূত হইল ॥১৯॥

মহারাজ! তৎপরে দ্রোণ সেই সুদারুণ বায়ব্যাস্ত্র দেখিয়াই তাহার প্রতিষেধক ভয়ঙ্কর পর্ব্বতাস্ত্র আবিষ্কার করিলেন ॥২০॥

নরনাথ! দ্রোণ সেই পর্বতাস্ত্র প্রয়োগ করিলে, তখন বায়ু নিবৃত্তি পাইল এবং দশ দিক্ নির্ম্মল হইল ॥২১॥

তাহার পর মহাবীর অর্জুন (সাতিশয় প্রহার করিয়া) ত্রিগর্ত্তদেশীয় রথিসমূহকে যুদ্ধে নিরুৎসাহ, পরাঙ্মুখ ও পরাক্রমবিহীন করিলেন ॥২২॥

তদনন্তর দুর্য্যোধন, রথিশ্রেষ্ঠ কৃপ, অশ্বত্থামা, শল্য, কম্বোজরাজ সুদক্ষিণ, অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ এবং বাহ্লিকসৈন্যের সহিত বাহ্লিক ইহারা বিশাল রথসমূহদ্বারা অর্জুনের সকল দিক্ বেষ্টন করিলেন—॥২৩—২৪॥

CENTRAL LIBRARY

তথৈব ভগদত্তশ্চ শ্রুতায়ুশ্চ মহাবলঃ।
গজানীকেন ভীমস্য তাববারয়তাং দিশঃ ॥২৫॥
ভূরিশ্রবাঃ শলশ্চৈব সৌবলশ্চ বিশাংপতে!।
শরৌঘৈর্বিমলৈস্তীক্ষ্ণৈর্মাদ্রীপুত্রাববারয়ন্ ॥২৬॥
ভীষ্মস্তু সহিতঃ সংখ্যে ধার্ত্তরাষ্ট্রৈঃ সসৈনিকৈঃ।
যুধিষ্ঠিরং সমাসাদ্য সর্বতঃ পর্য্যবারয়ৎ ॥২৭॥
আপতন্তং গজানীকং দৃষ্ট্বা পার্থো বৃকোদরঃ।
লেলিহন্ স্বক্কণী বীরো মৃগরাড়িব কাননে ॥২৮॥
ততস্তু বলিনাং শ্রেষ্ঠো গদাং গৃহ্য মহাহবে।
অবপ্লুত্য রথাত্তূর্ণং তব সৈন্যান্যভীষয়ৎ ॥২৯॥ (যুগ্মকম্)
তমুদ্বীক্ষ্য গদাহস্তং ততস্তে গজসাদিনঃ।
পরিবব্রু রণে যত্তা ভীমসেনং সমন্ততঃ ॥৩০॥

ভারতকৌমুদী

তথেতি। গজানীকেন হস্তিসৈন্যেন। দিশ আক্রমণপথানিত্যর্থঃ ॥২৫॥
ভূরীতি। সৌবলঃ সুবলপুত্রঃ শকুনিঃ। মাদ্রীপুত্রৌ নকুলসহদেবৌ ॥২৬॥
ভীষ্ম ইতি। দুর্যোধনস্য পূর্বমুপাদানাৎ ধার্ত্তরাষ্ট্রৈর্দুর্যোধনেতরৈর্ধৃতরাষ্ট্রপুত্রৈঃ সহ ॥২৭॥
আপতন্তমিতি। মৃগরাট্ সিংহঃ। গৃহ্য গৃহীত্বা। অভীষয়দ্ভয়ং প্রাপয়ৎ ॥২৮—২৯॥

সেইরূপই মহাবল ভগদত্ত ও শ্রুতায়ু হস্তিসৈন্যদ্বারা ভীমসেনের আক্রমণের পথ রুদ্ধ করিলেন ॥২৫॥

নরনাথ! ভূরিশ্রবা, শল ও শকুনি নির্ম্মল ও তীক্ষ্ণ বাণসমূহদ্বারা নকুল ও সহদেবকে বারণ করিতে লাগিলেন ॥২৬॥

আর ভীষ্ম সৈন্যসমন্বিত ধার্ত্তরাষ্ট্রগণের সহিত মিলিত হইয়া যুদ্ধে যুধিষ্ঠিরকে পাইয়া তাঁহার সকল দিক্ বেষ্টন করিলেন ॥২৭॥

তাহার পর বলিশ্রেষ্ঠ ও মহাবীর পৃথানন্দন ভীমসেন মহাযুদ্ধে সেই হস্তি-সৈন্যকে আসিতে দেখিয়া, বনে সিংহের ন্যায় ওষ্ঠপ্রান্ত লেহন করিতে থাকিয়া, গদা ধারণ করিয়া, সহর রথ হইতে লাফাইয়া পড়িয়া, আপনার সৈন্যগণের ভয় উৎপাদন করিলেন ॥২৮—২৯॥

তদনন্তর সেই গজারোহীরা গদাহস্ত ভীমসেনকে দেখিয়া তাঁহাকে জয় করিবার জন্য যত্নবান্ হইয়া সমরাঙ্গনে সকল দিকে তাঁহাকে বেষ্টন করিল ॥৩০॥

(২৭) ভীষ্মস্তু সংহতঃ সংখ্যে…বা রা নি। (২৮) লেলিহন্ স্বক্কণী বীরঃ…বা রা নি। (২৯) ভীমস্তু বলিনাং শ্রেষ্ঠঃ…বা রা নি।

গজমধ্যমনুপ্রাপ্তঃ পাণ্ডবঃ স ব্যরাজত।
মেঘজালস্য মহতো যথা মধ্যগতো রবিঃ ॥৩১॥
ব্যধমৎ স গজানীকং গদয়া পাণ্ডবর্ষভঃ।
মহাভ্রজালমতুলং মাতরিশ্বেব সন্ততম্ ॥৩২॥
তে বধ্যমানা বলিনা ভীমসেনেন দন্তিনঃ।
আর্ত্তনাদং রণে চক্রুর্গর্জন্তো জলদা ইব ॥৩৩॥
বহুধা দারিতশ্চৈব বিষাণৈস্তত্র দন্তিভিঃ।
ফুল্লাশোকনিভঃ পার্থঃ শুশুভে রণমূর্দ্ধনি ॥৩৪॥
সাদিনাং শস্ত্রবৃষ্টিঞ্চ ব্যধমদ্‌গদয়া ততঃ।
বায়ুবেগসমাযুক্তো ব্যচরৎ পাণ্ডবো যুধি ॥৩৫॥
বিষাণোল্লিখিতৈর্গাত্রৈর্বিষাণাভিহতো ভৃশম্।
বিষাণে দন্তিনং গৃহ্য নির্বিষাণমথাকরোৎ ॥৩৬॥

ভারতকৌমুদী

তমিতি। গজসাদিনো হস্ত্যারোহিণঃ। যত্তা জয়ায় যত্নবন্তঃ সন্তঃ ॥৩০॥
গজেতি। স পাণ্ডবো ভীমসেনঃ ॥৩১॥
ব্যধমদিতি। ব্যধমৎ ব্যদ্রাবয়ৎ। মহাভ্রজালং মহামেঘসমূহম্। মাতরিশ্বা বায়ুঃ ॥৩২॥
ত ইতি। জলদা মেঘাঃ ॥৩৩॥
বহুধেতি। বিষাণৈর্দন্তৈঃ। ফুল্লাশোকনিভঃ স্ফুটিতপুষ্পাশোকতরুতুল্যো রক্তস্রবণাৎ ॥৩৪॥
সাদিনামিতি। সাদিনাং গজারোহিণাম্, ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥৩৫॥
বিষাণেতি। বিষাণং দন্তঃ। দন্তিনং গজম্, গৃহ্য গৃহীত্বা ॥৩৬॥

তখন ভীমসেন সেই হস্তিমধ্যে থাকিয়া—বিশাল মেঘসমূহমধ্যবর্ত্তী সূর্য্যের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥৩১॥

এবং বায়ু যেমন বিস্তৃত ও অতুলনীয় মহামেঘসমূহকে বিধ্বস্ত করে, সেইরূপ পাণ্ডবশ্রেষ্ঠ ভীমসেন গদাদ্বারা সেই হস্তিসৈন্যকে বিধ্বস্ত করিতে লাগিলেন ॥৩২॥

বলবান্ ভীমসেন বধ করিতে লাগিলে, সেই হস্তীগুলি, গর্জনশীল মেঘসমূহের ন্যায় সমরাঙ্গনে আর্ত্তনাদ করিতে লাগিল ॥৩৩॥

আবার সেই হস্তীগুলিও দন্তদ্বারা বহুপ্রকার বিদারণ করিলে, ভীমসেন সমরাঙ্গনে প্রস্ফুটিতপুষ্প অশোকবৃক্ষের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৩৪॥

তদনন্তর ভীমসেন গদাদ্বারা গজারোহিগণের অস্ত্রবৃষ্টি নিবারণ করিতে থাকিলেন এবং বায়ুর ন্যায় বেগে সমরাঙ্গনে বিচরণ করিতে লাগিলেন ॥৩৫॥

(৩৫) এতৎ পূর্ব্বার্দ্ধাবধিপরশ্লোকপূর্ব্বার্দ্ধপর্য্যন্তো গ্রন্থঃ পি বা ব রা নাস্তি।

বিষাণেন চ তেনৈব কুম্ভেঽভ্যাহত্য দন্তিনম্ ।
পাতয়ামাস সমরে দণ্ডহস্ত ইবান্তকঃ ॥৩৭॥
শোণিতাক্তাং গদাং বিভ্রন্মেদোমজ্জকৃতচ্ছবিঃ ।
কৃতাভ্যঙ্গঃ শোণিতেন রুদ্রবৎ প্রত্যদৃশ্যত ॥৩৮॥
এবং তে বধ্যমানাশ্চ হতশেষা মহাগজাঃ ।
প্রাদ্রবন্ত দিশো রাজন্ ! প্রমৃদ্নন্তঃ স্বকং বলম্ ॥৩৯॥
দ্রবদ্ভিস্তৈর্মহানাগৈঃ সমন্তাদ্ভরতর্ষভ ! ।
দুর্য্যোধনবলং সর্বং পুনরাসীৎ পরাঙ্মুখম্ ॥৪০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে নবমদিবসযুদ্ধে ভীমপরাক্রমে অষ্টনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

বিষাণেনেতি। তেনৈব স্বয়মুৎপাটিতেনৈব ॥৩৭॥
শোণিতেতি। মেদোমজ্জভ্যাং কৃতা চ্ছবিঃ কান্তির্যস্য সঃ ॥৩৮॥
এবমিতি। প্রমৃদ্নন্তঃ প্রকর্ষেণ মর্দ্দয়ন্তঃ, স্বকং স্বকীয়ম্, বলং সৈন্যম্ ॥৩৯॥
দ্রবদ্ভিরিতি। সমন্তাদ্দ্রবদ্ভিঃ তৈর্মহানাগৈর্মহাগজৈর্হেতুভিঃ ॥৪০॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে অষ্টনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

হস্তিগণ দন্তদ্বারা ভীমকে অত্যন্ত আঘাত করিতে লাগিল, তাহাতে তাঁহার গাত্র ক্ষত-বিক্ষত হইতে থাকিল ; এই অবস্থায় তিনি সেগুলির দন্ত ধারণ করিয়া তাহা উৎপাটন করিতে লাগিলেন ॥৩৬॥

এবং দণ্ডহস্ত যমের ন্যায় তিনি সেই দন্তদ্বারাই কুম্ভদেশে আঘাত করিয়া করিয়া হস্তিগুলিকে সমরাঙ্গনে নিপাতিত করিতে থাকিলেন ॥৩৭॥

তখন হস্তিগণের মেদ ও মজ্জা তাঁহার সৌন্দর্য্য বাড়াইল, সেই অবস্থায় তিনি রক্তাক্ত গদা ধারণ করতঃ, রক্তাক্তদেহ রুদ্রের ন্যায় দৃষ্টিগোচর হইতে লাগিলেন ॥৩৮॥

রাজা ! এইভাবে ভীমসেন বধ করিতে লাগিলে, হতাবশিষ্ট মহাহস্তিগণ স্বপক্ষের সৈন্যগণকেই মর্দ্দন করিতে থাকিয়া নানাদিকে পলায়ন করিতে থাকিল ॥৩৯॥

ভরতশ্রেষ্ঠ ! সেই মহাহস্তীগুলি সকল দিকে পলায়ন করিতে থাকিলে, দুর্য্যোধনের সমস্ত সৈন্যই পুনরায় পরাঙ্মুখ হইল' ॥৪০॥

(৩৯)···বিনিঘ্নন্তঃ স্বকং বলম্—পি বা। * '···ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ' বা, '···দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ' রা নি।

CENTRAL LIBRARY

নবনবতিতমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

মধ্যন্দিনে মহারাজ! সংগ্রামঃ সমপদ্যত।
লোকক্ষয়করো রৌদ্রো ভীষ্মস্য সহ সোমকৈঃ ॥১॥
গাঙ্গেয়ো রথিনাং শ্রেষ্ঠঃ পাণ্ডবানামনীকিনীম্।
ব্যধমন্নিশিতৈর্বাণৈঃ শতশোঽথ সহস্রশঃ ॥২॥
সংমমর্দ্দ চ তৎ সৈন্যং পিতা দেবব্রতস্তব।
ধান্যানামিব লূনানাং প্রকরং গোগণা ইব ॥৩॥
ধৃষ্টদ্যুম্নঃ শিখণ্ডী চ বিরাটো দ্রুপদস্তথা।
ভীষ্মমাসাদ্য সমরে শরৈর্জঘ্নুর্মহারথম্ ॥৪॥
ধৃষ্টদ্যুম্নং ততো বিদ্ধা বিরাটঞ্চ শরৈস্ত্রিভিঃ।
দ্রুপদস্য চ নারাচং প্রেষয়ামাস ভারত! ॥৫॥

ভারতকৌমুদী

মধ্যন্দিন ইতি। সমপদ্যত সমজায়ত। রৌদ্রো ভয়ঙ্করঃ ॥১॥
গাঙ্গেয় ইতি। গাঙ্গেয়ো ভীষ্মঃ। অনীকিনীং সেনাম্। ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥২॥
সংমমর্দ্দেতি। লূনানাং ছিন্নানাম্, প্রকরং রাশিম্। এক ইবশব্দঃ সম্ভাবনায়াম্ ॥৩॥
ধৃষ্টেতি। আসাদ্য প্রাপ্য। জঘ্নুঃ প্রজহ্রুঃ ॥৪॥
ধৃষ্টেতি। ত্রিভিরিত্যত্র বীপ্সা কল্প্যা। দ্রুপদস্যোপরি ॥৫॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! ক্রমে মধ্যাহ্নকালে সোমকগণের সহিত ভীষ্মের লোকক্ষয়জনক ভয়ঙ্কর যুদ্ধ উপস্থিত হইল ॥১॥

রথিশ্রেষ্ঠ ভীষ্ম শত শত ও সহস্র সহস্র তীক্ষ্ণ বাণদ্বারা পাণ্ডবসৈন্য বিনাশ করিতে লাগিলেন ॥২॥

ক্রমে গোসমূহ যেমন ছিন্নধান্যরাশি মর্দ্দন করে, ভীষ্ম সেইরূপ পাণ্ডবসৈন্য মর্দ্দন করিতে থাকিলেন ॥৩॥

তখন ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী, বিরাট ও দ্রুপদ যুদ্ধে মহারথ ভীষ্মকে পাইয়া বাণদ্বারা তাঁহাকে আঘাত করিলেন ॥৪॥

(৩)…মর্দ্দয়েচ্চ যথা রাজন্! সিংহঃ প্রাপ্য মৃগব্রজম্…ইতি পরার্দ্ধপাঠঃ—নি।

CENTRAL LIBRARY

তেন বিদ্ধা মহেষ্বাসা ভীষ্মেণামিত্রকর্শিনা।
চুক্রুশুঃ সমরে রাজন্! পাদস্পৃষ্টা ইবোরগাঃ ॥৬॥
শিখণ্ডী তঞ্চ বিব্যাধ ভরতানাং পিতামহম্।
স্ত্রীত্যয়ং মনসাধ্যাত্বা নাস্মৈ প্রাহরদচ্যুতঃ ॥৭॥
ধৃষ্টদ্যুম্নস্তু সমরে ক্রোধেনাগ্নিরিব জ্বলন্।
পিতামহং ত্রিভির্বাণৈর্বাহ্বোরুরসি চার্পয়ৎ ॥৮॥
দ্রুপদঃ পঞ্চবিংশত্যা বিরাটো দশভিঃ শরৈঃ।
শিখণ্ডী পঞ্চবিংশত্যা ভীষ্মং বিব্যাধ সায়কৈঃ ॥৯॥
সোঽতিবিদ্ধো মহারাজ! শোণিতৌঘপরিপ্লুতঃ।
বসন্তে পুষ্পশবলো রক্তাশোক ইবাবভৌ ॥১০॥
তান্ প্রত্যবিধ্যদ্গাঙ্গেয়স্ত্রিভিস্ত্রিভিরজিহ্মগৈঃ।
দ্রুপদস্য চ ভল্লেন ধনুশ্চিচ্ছেদ মারিষ! ॥১১॥

ভারতকৌমুদী

তেনেতি। অমিত্রকর্শিনা শত্রুনাশকেন। চুক্রুশুরাক্রোশং চক্রুঃ। উরগা সর্পাঃ ॥৬॥
শিখণ্ডীতি। অয়ম্ অচ্যুতঃ প্রতিজ্ঞায়া অভ্রষ্টো ভীষ্মঃ ॥৭॥
ধৃষ্টেতি। পিতামহং ভীষ্মম্। উরসি বক্ষসি, আর্পয়ৎ অপীড়য়ৎ ॥৮॥
দ্রুপদ ইতি। পঞ্চবিংশত্যা শরৈরিতি সম্বন্ধঃ ॥৯॥
স ইতি। বসন্ত ইতি পুষ্পসম্ভবপ্রদর্শনার্থম্, পুষ্পৈঃ শবলো বিচিত্রঃ ॥১০॥

ভরতনন্দন! তাহার পর ভীষ্ম তিন তিনটা বাণদ্বারা ধৃষ্টদ্যুম্ন ও বিরাটকে বিদ্ধ করিয়া দ্রুপদের উপরে একটা নারাচ নিক্ষেপ করিলেন ॥৫॥

রাজা! শত্রুহন্তা ভীষ্ম বিদ্ধ করিলে, সেই মহাধনুর্দ্ধরেরা পাদস্পৃষ্ট সর্পের ন্যায় আক্রোশ করিলেন ॥৬॥

এবং শিখণ্ডী ভীষ্মকে বিদ্ধ করিলেন বটে; কিন্তু অক্ষুণ্ণপ্রতিজ্ঞ ভীষ্ম মনে মনে শিখণ্ডীকে স্ত্রী ভাবিয়া তাঁহাকে প্রহার করিলেন না ॥৭॥

ধৃষ্টদ্যুম্ন ক্রোধে অগ্নির ন্যায় জ্বলিতে থাকিয়া তিনটা বাণদ্বারা ভীষ্মের বাহুযুগল ও বক্ষস্থল পীড়ন করিলেন ॥৮॥

আর দ্রুপদ পঁচিশটা, বিরাট দশটা এবং শিখণ্ডী পঁচিশটা বাণদ্বারা ভীষ্মকে বিদ্ধ করিলেন ॥৯॥

মহারাজ! তখন ভীষ্ম অত্যন্তবিদ্ধ ও রক্তাক্তদেহ হইয়া, বসন্তকালে পুষ্পবিচিত্র রক্তাশোকবৃক্ষের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥১০॥

(৭)…স্ত্রীময়ং মনসা ধ্যাত্বা…বা রা নি।

সোঽন্যৎ কার্ম্মুকমাদায় ভীষ্মং বিব্যাধ পঞ্চভিঃ।
সারথিঞ্চ ত্রিভির্বাণৈঃ সুশিতৈ রণমূর্দ্ধনি ॥১২॥
তথা ভীমো মহারাজ! দ্রৌপদ্যাঃ পঞ্চ চাত্মজাঃ।
কেকয়া ভ্রাতরঃ পঞ্চ সাত্যকিশ্চৈব সাত্বতঃ ॥১৩॥
অভ্যদ্রবন্ত গাঙ্গেয়ং যুধিষ্ঠিরসমাজ্ঞয়া।
রিরক্ষিষন্তঃ পাঞ্চাল্যং ধৃষ্টদ্যুম্নপুরোগমাঃ ॥১৪॥ (যুগ্মকম্)
তথৈব তাবকাঃ সর্বে ভীষ্মরক্ষার্থমুদ্যতাঃ।
প্রত্যুদ্যযুঃ পাণ্ডুসেনাং সহসৈন্যা নরাধিপ! ॥১৫॥
তত্রাসীৎ সুমহদ্যুদ্ধং তব তেষাঞ্চ সঙ্কুলম্।
নরাশ্বরথনাগানাং যমরাষ্ট্রবিবর্দ্ধনম্ ॥১৬॥

ভারতকৌমুদী

তানিতি। গাঙ্গেয়ো ভীষ্মঃ। অজিহ্মগৈঃ সরলগামিভির্বাণৈঃ ॥১১॥
স ইতি। স দ্রুপদঃ। সুশিতৈঃ সুতীক্ষ্ণীকৃতৈঃ ॥১২॥
তথেতি। সাত্বতস্তদ্বংশীয়ঃ। রিরক্ষিষন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ, পাঞ্চাল্যং দ্রুপদম্ ॥১৩ ১৪॥
তথেতি। পাণ্ডুসেনাং পাণ্ডবসৈন্যম্, সৈন্যৈঃ সহেতি সহসৈন্যাঃ ॥১৫॥
তত্রেতি। তত্র তদানীম্। নাগা হস্তিনঃ, রাষ্ট্রং রাজ্যম্ ॥১৬॥

মাননীয় রাজা! তৎপরে ভীষ্ম তিন তিনটা বাণদ্বারা তাঁহাদের প্রত্যেককে প্রতিবিদ্ধ করিলেন এবং একটা ভল্লদ্বারা দ্রুপদের ধনুখানাকে ছেদন করিয়া ফেলিলেন ॥১১॥

তখন দ্রুপদ অন্য একখানা ধনু লইয়া সমরাঙ্গনে পাঁচটা সুতীক্ষ্ণ বাণদ্বারা ভীষ্মকে এবং তিনটা বাণদ্বারা তাঁহার সারথিকে বিদ্ধ করিলেন ॥১২॥

মহারাজ! এই সময়ে যুধিষ্ঠিরের আদেশে ভীমসেন, দ্রৌপদীর পঞ্চ পুত্র, কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতা এবং সাত্বতবংশীয় সাত্যকি ইঁহারা ধৃষ্টদ্যুম্নকে অগ্রবর্ত্তী করিয়া দ্রুপদরাজাকে রক্ষা করিবার জন্য ভীষ্মের দিকে ধাবিত হইলেন ॥১৩—১৪॥

নরনাথ! সেইরূপই আপনার পক্ষের যোদ্ধারা সকলে ভীষ্মকে রক্ষা করিবার জন্য প্রস্তুত হইয়া সৈন্যগণের সহিত, পাণ্ডবসৈন্যের দিকে ধাবিত হইলেন ॥১৫॥

তখন আপনার পক্ষের ও পাণ্ডবপক্ষের হস্তী, অশ্ব, রথ ও পদাতিগণের অতিবিশাল, তুমুল ও যমরাজ্যবিবর্দ্ধক যুদ্ধ হইতে লাগিল ॥১৬॥

(১৪) প্রতিরক্ষণকার্য্যার্থং ধৃষ্টদ্যুম্নমুখান্ রণে—ইতি পরার্দ্ধপাঠঃ নি।

CENTRAL LIBRARY

রথী রথিনমাসাদ্য প্রাহিণোদ্‌যমসাদনম্ ।
তথেতরান্ সমাসাদ্য নরনাগাশ্বসাদিনঃ ॥১৭॥
অনয়ন্ পরলোকায় শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ।
শস্ত্রৈশ্চ বিবিধৈর্ঘোরৈস্তত্র তত্র বিশাংপতে ! ॥১৮॥ (যুগ্মকম্)
রথাস্তু রথিভির্হীনা হতসারথয়স্তথা ।
বিপ্রদ্রুতাশ্বাঃ সমরে দিশো জগ্মুঃ সমন্ততঃ ॥১৯॥
মৃদ্নন্তস্তে নরান্ রাজন্ ! হয়াংশ্চ সুবহূন্ রণে ।
বাতায়মানা দৃশ্যন্তে গন্ধর্ব্বনগরোপমাঃ ॥২০॥
রথিনশ্চ রথৈর্হীনা বর্ম্মিণস্তেজসা যুতাঃ ।
কুণ্ডলোষ্ণীষিণঃ সর্ব্বে নিষ্কাঙ্গদবিভূষণাঃ ॥২১
দেবপুত্রসমাঃ সর্ব্বে শৌর্য্যে শক্রসমা যুধি ।
পীতকৌষেয়সংবীতো মণিশ্যামো জনার্দ্দনঃ।
শুশুভে বিদ্রবন্ ভীষ্মং বিদ্যুন্মালা যথাম্বুদঃ ॥৬০॥
স সিংহ ইব মাতঙ্গং যূথর্ষভ ইবর্ষভম্।
অভিদুদ্রাব বেগেন বিনদন্ যাদবর্ষভঃ ॥৬১॥

ভারতকৌমুদী

দারয়ন্নিতি। জগতীং ভূমিম্। জিঘাংসুঃ ভীষ্মং হন্তুমিচ্ছুঃ। গ্রসন্নিব অধাবদিতি শেষঃ। আক্রন্দে দারুণে রণে। ভীষ্মায় ভীষ্মবধায়। মহৎ উচ্চৈঃ ॥৫৭—৫৯॥

পীতেতি। পীতেন পীতবর্ণেন কৌষেয়েণ বস্ত্রেণ সংবীত আবৃতদেহঃ, মণির্নীলমণিরিব শ্যামঃ শ্যামবর্ণঃ। বিদ্রবন্ অভিধাবন্। বিদ্যুন্মালী বিদ্যুন্মালাযুক্তঃ ॥৬০॥

স ইতি। যূথর্ষভো যূথপ্রধানো বৃষঃ, ঋষভং সাধারণবৃষম্ ॥৬১॥

জগতের অধীশ্বর ও অমিততেজা কৃষ্ণ পদভরে যেন সমরভূমি বিদীর্ণ করিতে থাকিয়া, ক্রোধে আরক্তনয়ন হইয়া, ভীষ্মকে বধ করিবার ইচ্ছা করিয়া, মহাযুদ্ধে আপনার পক্ষীয় যোদ্ধাদের তেজ গ্রাস করতই যেন ভীষ্মের দিকে ধাবিত হইলেন। মহারাজ! তখন মহাযুদ্ধে কৃষ্ণকে ভীষ্মবধের জন্য উদ্যত দেখিয়া 'ভীষ্ম নিহত হইলেন, ভীষ্ম নিহত হইলেন' এইরূপ নানাস্থানে কৃষ্ণের ভয়ে বিশাল কোলাহল শুনা গেল ॥৫৭—৫৯॥

তখন পীতবর্ণকৌষেয়বস্ত্রধারী এবং ইন্দ্রনীলমণির ন্যায় শ্যামবর্ণ কৃষ্ণ ভীষ্মের দিকে ধাবিত হইয়া বিদ্যুন্মালাযুক্ত মেঘের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৬০॥

তৎকালে সিংহ যেমন হস্তীর দিকে ধাবিত হয় এবং যূথপ্রধান বৃষ যেরূপ সাধারণ বৃষের প্রতি ছুটিয়া যায়, সেইরূপ যদুবংশশ্রেষ্ঠ কৃষ্ণ সিংহনাদ করিতে করিতে বেগে ভীষ্মের দিকে ছুটিয়াছিলেন ॥৬১॥

---

(৫৭)···জগতীশ্বরঃ···পি। (৫৯)···হতো ভীষ্ম ইতি তত্র স্ম সৈনিকাঃ। ক্রোশন্তঃ প্রাদ্রবন্ সর্বে বাসুদেবভয়রাত্তু—নি। (৬১)···যূথর্ষভ ইবর্ষভম্···রা নি।

CENTRAL LIBRARY

তমাপতন্তং সংপ্রেক্ষ্য পুণ্ডরীকাক্ষমাহবে।
অসংভ্রমং রণে ভীষ্মো বিচকর্ষ মহদ্ধনুঃ।
উবাচ চৈব গোবিন্দমসংভ্রান্তেন চেতসা ॥৬২॥
এহ্যেহি পুণ্ডরীকাক্ষ! দেবদেব! নমোঽস্তু তে।
মামদ্য সাত্বতশ্রেষ্ঠ! পাতয়স্ব মহাহবে ॥৬৩॥
ত্বয়া হি দেব! সংগ্রামে হতস্যাপি মমানঘ!।
শ্রেয় এব পরং কৃষ্ণ! লোকে ভবতি সর্বতঃ ॥৬৪॥
সম্ভাবিতোঽস্মি গোবিন্দ! ত্রৈলোক্যেনাদ্য সংযুগে।
প্রহরস্ব যথেষ্টং বৈ দাসোঽস্মি তব চানঘ! ॥৬৫॥
অন্বগেব ততঃ পার্থঃ সমভিদ্রুত্য কেশবম্।
নিজগ্রাহ মহাবাহুর্বাহুভ্যাং পরিগৃহ্য বৈ ॥৬৬॥

ভারতকৌমুদী

তমিতি। অসম্ভ্রমং সধৈর্য্যম্। বিচকর্ষ আকৃষ্টবিপরীতং সঙ্কুচিতং চকার। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬২॥

ত্রিভির্ভক্ত্যা প্রার্থয়তে এহীতি। সাত্বতো যদুবংশস্তত্র শ্রেষ্ঠ! ॥৬৩॥

ত্বয়েতি। সর্বতঃ সর্বত্র। ইহলোকে যশসঃ পরত্র চাক্ষয়স্বর্গস্য লাভাদিতি ভাবঃ ॥৬৪॥

সমিতি। সম্ভাবিতঃ সম্মানিতঃ, জগদীশ্বরেণ ত্বয়াপ্যাক্রমণাদিত্যাশয়ঃ ॥৬৫॥

অন্বগেতি। অন্বক্তীতি অন্বক্ পশ্চাদ্গামী সন্। নিজগ্রাহ নিরুরোধ ॥৬৬॥

তখন ভীষ্ম যুদ্ধে কৃষ্ণকে আসিতে দেখিয়া অবিচলিতভাবে বিশাল ধনুখানাকে সঙ্কুচিত করিলেন এবং স্থিরচিত্তে কৃষ্ণকে বলিলেন—॥৬২॥

'পুণ্ডরীকাক্ষ! আসুন আসুন, দেবদেব! আপনাকে নমস্কার, সাত্বতশ্রেষ্ঠ! আপনি আজ মহাযুদ্ধে আমাকে নিপাতিত করুন ॥৬৩॥

দেব! নিষ্পাপ! কৃষ্ণ! আপনি যুদ্ধে আমাকে নিহত করিলেও উভয় লোকে আমার পরম মঙ্গলই হইবে ॥৬৪॥

কৃষ্ণ! আজ যুদ্ধে ত্রিজগদ্বাসী লোকের নিকটেই আমি সম্মানিত হইলাম। নিষ্পাপ প্রভো! আপনি ইচ্ছানুসারে আমাকে প্রহার করুন; আমি আপনার দাস' ॥৬৫॥

তাহার পর মহাবাহু অর্জুন কৃষ্ণের পিছনে ছুটিয়া যাইয়া বাহুযুগলদ্বারা ধারণ করিয়া তাঁহাকে নিরুদ্ধ করিলেন ॥৬৬॥

---

(৬৫) ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ' নি।

নিগৃহ্যমাণঃ পার্থেন কৃষ্ণো রাজীবলোচনঃ।
জগামৈবৈনমাদায় বেগেন পুরুষোত্তমঃ ॥৬৭॥
পার্থস্তু বিষ্টভ্য বলাচ্চরণৌ পরবীরহা।
নিজগ্রাহ হৃষীকেশং কথঞ্চিদ্দশমে পদে ॥৬৮॥
তত এবমুবাচার্ত্তঃ ক্রোধপর্য্যাকুলেক্ষণম্।
নিশ্বসন্তং যথা নাগমর্জ্জুনঃ প্রণয়াৎ সখা ॥৬৯॥
নিবর্ত্তস্ব মহাবাহো! নানৃতং কর্ত্তুমর্হসি।
যত্ত্বয়া কথিতং পূর্বং ন যোৎস্যামীতি কেশব! ॥৭০॥
মিথ্যাবাদীতি লোকস্ত্বাং কথয়িষ্যতি মাধব!।
মমৈষ ভারঃ সর্বো হি হনিষ্যামি পিতামহম্ ॥৭১॥
শপে কেশব! শস্ত্রেণ সত্যেন সুকৃতেন চ।
অন্তং যথা গমিষ্যামি শত্রূণাং শত্রুসূদন! ॥৭২॥

ভারতকৌমুদী

নিগৃহ্যেতি। রাজীবলোচনঃ পদ্মনয়নঃ। এনং পার্থম্ ॥৬৭॥
পার্থ ইতি। বিষ্টভ্য আশ্রিত্য ধৃত্বা। পদে পদক্ষেপে ॥৬৮॥
তত ইতি। আর্ত্তঃ কৃষ্ণস্য প্রতিজ্ঞাভঙ্গসম্ভবাদ্দুঃখিতঃ। নাগং সর্পম্ ॥৬৯॥
নিবর্ত্তস্বেতি। অনৃতং মিথ্যা। পূর্ব্বং যুদ্ধোদ্যোগকালে ॥৭০॥
মিথ্যেতি। এষ শত্রুবিজয়রূপঃ, ভারো নির্বহণীয়ো বিষয়ঃ ॥৭১॥

অর্জুন ধারণ করিলেও পদ্মনয়ন পুরুষোত্তম কৃষ্ণ তাঁহাকে লইয়াই বেগে কতক দূর গমন করিলেন ॥৬৭॥

কিন্তু বিপক্ষবীরহন্তা অর্জুন বলপূর্ব্বক চরণযুগল ধারণ করিয়া কোন প্রকারে (অতিকষ্টে) দশম পদক্ষেপের সময়ে কৃষ্ণকে নিরুদ্ধ করিলেন ॥৬৮॥

তদনন্তর সখা অর্জুন দুঃখিত হইয়া ক্রোধে অস্থিরনয়ন ও সর্পের ন্যায় নিশ্বাসত্যাগকারী কৃষ্ণকে প্রণয়বশতঃ এইরূপ বলিলেন—॥৬৯॥

'মহাবাহু! নিবৃত্ত হও, তুমি নিজের বাক্য মিথ্যা করিতে পারিবে না। কৃষ্ণ! তুমি পূর্ব্বে বলিয়াছিলে যে, 'আমি যুদ্ধ করিব না' ॥৭০॥

কৃষ্ণ! (তুমি আজ যুদ্ধ করিলে) লোকে তোমাকে মিথ্যাবাদী বলিবে। সুতরাং এ সমস্ত ভারই আমার; আমি ভীষ্মকে বধ করিব ॥৭১॥

(৬৭)···জগাম চৈনমাদায়···পি। (৬৯) তত এনমুবাচার্ত্তঃ···পি। (৭১)···লোকাস্ত্বাং কথয়িষ্যন্তি···রা নি।

CENTRAL LIBRARY

অদ্যৈব পশ্য দুর্দ্ধর্ষং পাত্যমানং মহারথম্ ।
তারাপতিমিবাপূর্ণমন্তকালে যদৃচ্ছয়া ॥৭৩॥
মাধবস্তু বচঃ শ্রুত্বা ফাল্গুনস্য মহাত্মনঃ ।
ন কিঞ্চিদুক্ত্বা সক্রোধ আরুরোহ রথং পুনঃ ॥৭৪॥
তৌ রথস্থৌ নরব্যাঘ্রৌ ভীষ্মঃ শান্তনবঃ পুনঃ ।
ববর্ষ শরবর্ষেণ মেঘো বৃষ্ট্যা যথাচলৌ ॥৭৫॥
প্রাণানাদত্ত যোধানাং পিতা দেবব্রতস্তব ।
গভস্তিভিরিবাদিত্যস্তোয়ানি শিশিরাত্যয়ে ॥৭৬॥

ভারতকৌমুদী

শপ ইতি। শপে শপথং করোমি। সুকৃতেন ধর্ম্মেণ। অন্তং শেষম্ ॥৭২॥
অদ্যেতি। মহারথং ভীষ্মম্। তারাপতিং চন্দ্রম্, আপূর্ণং পূর্ণমণ্ডলম্ ॥৭৩॥
মাধব ইতি। মাধবঃ কৃষ্ণঃ। ফাল্গুনস্য অর্জ্জুনস্য ॥৭৪॥
তাবিতি। তৌ কৃষ্ণার্জ্জুনৌ। অচলৌ পর্ব্বতৌ ॥৭৫॥
প্রাণানিতি। আদত্ত অগ্রহীৎ। গভস্তিভিঃ কিরণৈঃ। শিশিরাত্যয়ে বসন্তে ॥৭৬॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৩॥ দ্বাদশার্থ্যঃ দ্বাদশসংখ্যঃ ॥৪-৬০॥ মণিরিন্দ্রনীলঃ ॥৬১—৬৫॥ সর্ব্বতঃ ইহামুত্র চ ॥৬৬॥ অন্বক্ পশ্চাদ্গামী ॥৬৭—৭৪॥ আপূর্ণং কলাভিরিতি শেষঃ ॥৭৫—৮৪॥
ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১০২॥

কেশব! শত্রুসূদন! আমি যে শত্রু শেষ করিব, সে বিষয়ে অস্ত্র, সত্য ও ধর্ম্মদ্বারা শপথ করিতেছি ॥৭২॥

প্রলয়কালে স্বভাবতই যেমন পূর্ণমণ্ডল চন্দ্র নিপাতিত হন, সেইরূপ দুর্দ্ধর্ষ ও মহারথ ভীষ্ম অদ্যই নিপাতিত হইবেন দেখ' ॥৭৩॥

মহাত্মা অর্জুনের বাক্য শুনিয়া কৃষ্ণ কোন কথা না বলিয়া ক্রুদ্ধ অবস্থাতেই পুনরায় রথে আরোহণ করিলেন ॥৭৪॥

নরশ্রেষ্ঠ কৃষ্ণ ও অর্জুন রথস্থ হইলে, মেঘ যেমন দুইটা পর্বতের উপরে জল বর্ষণ করে, সেইরূপ শান্তনুনন্দন ভীষ্ম পুনরায় তাঁহাদের উপরে শরবর্ষণ করিতে লাগিলেন ॥৭৫॥

মহারাজ! বসন্তকালে সূর্য্য যেমন কিরণদ্বারা জল গ্রহণ করেন, সেইরূপ আপনার জ্যেষ্ঠতাত ভীষ্ম বাণদ্বারা বিপক্ষ যোদ্ধাদের প্রাণ গ্রহণ করিতে থাকিলেন ॥৭৬॥

(৭৪)···অকিঞ্চিদুক্ত্বা···পি বা। (৭৬)···তেজাংসি শিশিরাত্যয়ে—বা রা নি।

যথা কুরূণাং সৈন্যানি বভঞ্জুর্যুধি পাণ্ডবাঃ।
তথা পাণ্ডবসৈন্যানি বভঞ্জ যুধি তে পিতা ॥৭৭॥
হতবিদ্রুতসৈন্যাস্তু নিরুৎসাহা বিচেতসঃ।
নিরীক্ষিতুং ন শেকুস্তে ভীষ্মমপ্রতিমং রণে ॥৭৮॥
মধ্যং গতমিবাদিত্যং প্রতপন্তং স্বতেজসা।
তে বধ্যমানা ভীষ্মেণ শতশোঽথ সহস্রশঃ ॥৭৯॥
কুর্বাণং সমরে কর্ম্মাণ্যতিমানুষবিক্রমম্।
বীক্ষাঞ্চক্রুর্মহারাজ! পাণ্ডবা ভয়পীড়িতাঃ ॥৮০॥ (যুগ্মকম্)
তথা পাণ্ডবসৈন্যানি দ্রাব্যমাণানি ভারত!।
ত্রাতারং নাধ্যগচ্ছন্ত গাবঃ পঙ্কগতা ইব ॥৮১॥

ভারতকৌমুদী

যথেতি। বভঞ্জুঃ আমর্দ্দয়ামাসুঃ। পিতা পিতৃপর্য্যায়ো ভীষ্মঃ ॥৭৭॥

হতেতি। হতা বিদ্রুতাঃ পলায়িতাশ্চ সৈন্যা যেষাং তে। বিচেতসঃ কর্ত্তব্যমূঢ়াঃ ॥৭৮॥

মধ্যমিতি। মধ্যং গগনস্য মধ্যদেশম্। অতিমানুষো বিক্রমো যস্য তং ভীষ্মম্। বীক্ষাঞ্চক্রুর্দদৃশুঃ। পাণ্ডবাঃ পাণ্ডবপক্ষীয়া যোদ্ধারঃ ॥৭৯—৮০॥

তথেতি। দ্রাব্যমাণানি আমর্দ্দ্যমানানি। নাধ্যগচ্ছন্ত নালভন্ত ॥৮১॥

পাণ্ডবেরা যেমন যুদ্ধে কৌরবসৈন্য মর্দ্দন করিতে লাগিলেন, আপনার জ্যেষ্ঠতাত ভীষ্মও তেমনই যুদ্ধে পাণ্ডবসৈন্য মর্দ্দন করিতে থাকিলেন ॥৭৭॥

কতক সৈন্য নিহত হইলে এবং কতক সৈন্য পলায়ন করিলে, পাণ্ডবপক্ষীয় যোদ্ধারা সমরাঙ্গনে অতুলনীয় যোদ্ধা ভীষ্মের দিকে দৃষ্টিপাত করিতেও সমর্থ হইল না ॥৭৮॥

মহারাজ! তৎকালে ভীষ্ম, আকাশের মধ্যস্থানবর্ত্তী সূর্য্যের ন্যায় আপন তেজে পাণ্ডবসৈন্যগণের সন্তাপ জন্মাইতেছিলেন এবং শত শত ও সহস্র সহস্র সৈন্য বধ করিতেছিলেন, আর অলৌকিক বিক্রমে যুদ্ধে অসাধারণ কার্য্য করিতেছিলেন। সুতরাং পাণ্ডবসৈন্যেরা ভয়ার্ত্ত হইয়া কেবল তাঁহাকে দেখিতেছিল ॥৭৯—৮০॥

এবং ভরতনন্দন! ভীষ্ম পাণ্ডবসৈন্য মর্দ্দন করিতে লাগিলে, তাহারা কর্দ্দমমগ্ন গোসমূহের ন্যায় রক্ষক পাইতে থাকিল না ॥৮১॥

(৭৯) মধ্যন্দিনমিবাদিত্যম্…পি।

পিপীলিকা ইব ক্ষুণ্ণা দুর্বলা বলিনা রণে।
তথৈব যোধা রাজেন্দ্র! ভীষ্মেণামিত্রঘাতিনা।
সমরে মৃদিতাঃ সর্বে পাণ্ডবাঃ সহ সৃঞ্জয়ৈঃ ॥৮২॥
মহারথং ভারত! দুষ্প্রকম্পং শরৌঘিণং প্রতপন্তং নরেন্দ্রান্।
ভীষ্মং ন শেকুঃ প্রতিবীক্ষিতুং তে শরার্চ্চিষং সূর্য্যমিবাতপন্তম্ ॥৮৩॥
বিমৃদ্নতস্তস্য তু পাণ্ডুসেনামস্তং জগামাথ সহস্ররশ্মিঃ।
ততো বলানাং শ্রমকর্শিতানাং মনোঽবহারং প্রতি সংবভূব ॥৮৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভীষ্মবধে নবমদিবসযুদ্ধসমাপ্তৌ দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:০:———

ভারতকৌমুদী

পিপীলিকা ইতি। ক্ষুণ্ণা মর্দ্দিতাঃ। পাণ্ডবাস্তৎপক্ষীয়াঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ।৮২।
মহেতি। দুঃখেন প্রকম্পাত ইতি তম্। শরা অর্চ্চীংষীব যস্য তম্ ।৮৩।
বিমৃদ্নত ইতি। বলানাং সৈন্যানাম্। অবহারং তদ্দিবসীয়যুদ্ধসমাপ্তিম্ ।৮৪।
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

রাজশ্রেষ্ঠ! বলবান্ লোক যেমন দুর্ব্বল পিপীলিকাগণকে মর্দ্দন করে, সেইরূপ শত্রুহন্তা ভীষ্ম, সৃঞ্জয়গণের সহিত সমস্ত পাণ্ডবযোদ্ধাকেই যুদ্ধে মর্দ্দন করিলেন ॥৮২॥

ভরতনন্দন! মহারথ, অচালনীয়, বাণসমূহসমন্বিত, রাজগণের সন্তাপকারী, কিরণতুল্য-শরবিক্ষেপী এবং সূর্য্যের ন্যায় তেজস্বী ভীষ্মের প্রতি পাণ্ডবপক্ষীয় যোদ্ধারা দৃষ্টিপাত করিতেও সমর্থ হইল না ॥৮৩॥

এইভাবে ভীষ্ম যখন পাণ্ডবসৈন্য মর্দ্দন করিতেছিলেন, তখন সূর্য্য অস্তাচলে গমন করিলেন। তাহার পর পরিশ্রমক্লান্ত সৈন্যগণের মন সেই দিনের যুদ্ধসমাপ্তির প্রতি অভিলাষী হইল' ॥৮৪॥

———০::০———

(৮৩)…ভারত! নিষ্প্রকম্পম্…নি। ইতঃ পরং বিবিধাঃ পাঠভেদাঃ—নি। * '… সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ' বা,। 'ষড়ধিকশততমোঽধ্যায়ঃ' রা নি।

CENTRAL LIBRARY

ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

যুধ্যতামেব তেষান্তু ভাস্করেঽস্তমুপাগতে।
সন্ধ্যা সমভবদ্‌ঘোরা নাপশ্যাম ততো রণম্ ॥১॥
ততো যুধিষ্ঠিরো রাজা সন্ধ্যাং সংদৃশ্য ভারত!।
বধ্যমানঞ্চ ভীষ্মেণ ত্যক্ত্বাস্ত্রং ভয়বিহ্বলম্ ॥২॥
স্বসৈন্যঞ্চ পরাবৃত্তং পলায়নপরায়ণম্।
ভীষ্মঞ্চ যুধি সংরব্ধং পীড়য়ন্তং মহারথান্ ॥৩॥
সোমকাংশ্চ জিতান্ দৃষ্ট্বা নিরুৎসাহান্ মহারথান্।
চিন্তয়িত্বা ততো রাজ্ঞামবহারমরোচয়ৎ ॥৪॥ (বিশেষকম্)
ততোঽবহারং সৈন্যানাং চক্রে রাজা যুধিষ্ঠিরঃ।
তথৈব তব সৈন্যানামবহারো হ্যভূত্তদা ॥৫॥

ভারতকৌমুদী

যুধ্যতামিতি। যুধ্যতাং যুধ্যমানানাম্। নাপশ্যাম অন্ধকারাবরণাৎ ॥১॥

তত ইতি। অস্ত্রং ত্যক্ত্বা পরাবৃত্তমিতি সম্বন্ধঃ। সংরব্ধং ক্রুদ্ধম্। রাজ্ঞাং ক্ষত্রিয়াণাম্, অবহারং যুদ্ধবিরামম্, অরোচয়ৎ অভ্যলাষয়ৎ ॥২—৪॥

সঞ্জয় বলিলেন—'তাঁহারা যুদ্ধ করিতেছিলেন, এই অবস্থাতেই সূর্য্য অস্তমিত হইলে, ভয়ঙ্কর সন্ধ্যাকাল উপস্থিত হইল। সুতরাং আমরা আর যুদ্ধ দেখিতে পারিলাম না ॥১॥

ভরতনন্দন! তাহার পর, সন্ধ্যাকাল আসিয়াছে, ভীষ্ম সৈন্যগণকে বধ করিতেছেন, আপন সৈন্যগণের মধ্যে কতকগুলি ভয়ে বিহ্বল হইয়া অস্ত্র ত্যাগ করিয়া ফিরিয়া দাঁড়াইয়াছে, অপর কতকগুলি পলায়ন করিতেছে, ভীষ্ম ক্রুদ্ধ হইয়া মহারথগণকে পীড়ন করিতেছেন, সোমকসৈন্যেরা পরাজিত হইয়াছে এবং মহারথেরাও নিরুৎসাহ হইয়া পড়িয়াছেন, এই সমস্ত দেখিয়া ও চিন্তা করিয়া রাজা যুধিষ্ঠির স্বপক্ষীয় রাজগণের যুদ্ধবিরামে অভিরুচি জন্মাইলেন ॥২—৪॥

(৩)…পীড়য়ন্তং মহারথম্—রা নি। (৪)…অবহারমকারয়ৎ—নি,…রাজা অবহারমরোচয়ৎ—পি বা।

ততোঽবহারং সৈন্যানাং কৃত্বা তত্র মহারথাঃ।
ন্যবিশন্ত কুরুশ্রেষ্ঠ! সংগ্রামে ক্ষতবিক্ষতাঃ ॥৬॥
ভীষ্মস্য সমরে কর্ম্ম চিন্তয়ানাস্তু পাণ্ডবাঃ।
নালভন্ত তদা শান্তিং ভীষ্মবাণপ্রপীড়িতাঃ ॥৭॥
ভীষ্মোঽপি সমরে জিত্বা পাণ্ডবান্ সহসৃঞ্জয়ান্।
পূজ্যমানস্তব সুতৈর্বন্দ্যমানশ্চ ভারত! ॥৮॥
ন্যবিশৎ কুরুভিঃ সার্দ্ধং হৃষ্টরূপৈঃ সমন্ততঃ।
ততো রাত্রিঃ সমভবৎ সর্বভূতপ্রমোহিনী ॥৯॥ (যুগ্মকম্)
তস্মিন্ রাত্রিমুখে ঘোরে পাণ্ডবা বৃষ্ণিভিঃ সহ।
সৃঞ্জয়াশ্চ দুরাধর্ষা মন্ত্রায় সমুপাবিশন্ ॥১০॥

ভারতকৌমুদী

তত ইতি। সৈন্যানাং স্বকীয়ানাম্। অভূৎ, ভীষ্মানুমত্যা ॥৫॥
তত ইতি। ন্যবিশন্ত, স্বস্বশিবিরেষ্বিতি শেষঃ ॥৬॥
ভীষ্মস্যেতি। চিন্তয়ানাশ্চিন্তয়মানাঃ। মকারাগমাভাব আর্ষঃ ॥৭॥
ভীষ্ম ইতি। সৃঞ্জয়ৈঃ সহেতি সহসৃঞ্জয়াস্তান্। পূজ্যমানঃ কৃতযুদ্ধালোচনয়া প্রশস্যমানঃ। সর্বভূতপ্রমোহিনী নিদ্রাসম্পাদনাদিত্যাশয়ঃ ॥৮—৯॥
তস্মিন্নিতি। ঘোরে মহামারীপরপ্রবৃত্তত্বাৎ। মন্ত্রায় মন্ত্রণাকরণায় ॥১০॥

তদনন্তর রাজা যুধিষ্ঠির আপন সৈন্যগণকে যুদ্ধে বিরত করিলেন এবং কৌরবসৈন্যেরাও সেইরূপই তখন বিরত হইল ॥৫॥

কৌরবশ্রেষ্ঠ! তৎপরে যুদ্ধে ক্ষতবিক্ষতদেহ মহারথেরা সৈন্যগণের যুদ্ধ-নিবৃত্তি করিয়া আপন আপন শিবিরে যাইয়া প্রবেশ করিলেন ॥৬॥

তখন ভীষ্মের বাণে প্রপীড়িত পাণ্ডবেরা যুদ্ধে ভীষ্মের কার্য্য চিন্তা করিতে থাকিয়া শান্তিলাভ করিতে পারিলেন না ॥৭॥

ভরতনন্দন! ভীষ্মও যুদ্ধে সৃঞ্জয়গণের সহিত পাণ্ডবগণকে জয় করিয়া আপনার পুত্রগণের নিকট প্রশংসা ও গৌরব লাভ করিতে থাকিয়া সকল দিকে আনন্দিত কৌরবগণের সহিত মিলিত হইয়া যাইয়া শিবিরে প্রবেশ করিলেন। তাহার পর সর্ব্বপ্রাণীর প্রমোহজনক রাত্রি উপস্থিত হইল ॥৮—৯॥

ওদিকে সেই ভয়ঙ্কর প্রদোষকালে দুর্দ্ধর্ষ পাণ্ডবগণ ও সৃঞ্জয়গণ বৃষ্ণিগণের সহিত মিলিত হইয়া মন্ত্রণা করিবার জন্য উপবেশন করিলেন ॥১০॥

(৯)…সর্বভূতপ্রমোহনী—পি।

আত্মনিঃশ্রেয়সং সর্বং প্রাপ্তকালং মহাবলাঃ।
মন্ত্রয়ামাসুরব্যগ্রা মন্ত্রনিশ্চয়কোবিদাঃ ॥১১॥
ততো যুধিষ্ঠিরো রাজা মন্ত্রয়িত্বা চিরং নৃপ!।
বাসুদেবং সমুদ্বীক্ষ্য বচনঞ্চেদমব্রবীৎ ॥১২॥
কৃষ্ণ! পশ্য মহাত্মানং ভীষ্মং ভীমপরাক্রমম্।
গজং নলবনানীব বিমৃদ্নন্তং বলং মম ॥১৩॥
ন চৈবৈনং মহাত্মানমুৎসহামো নিরীক্ষিতুম্।
লেলিহ্যমানং সৈন্যেষু প্রবৃদ্ধমিব পাবকম্ ॥১৪॥
যথা ঘোরো মহানাগস্তক্ষকো বৈ বিষোল্বণঃ।
তথা ভীষ্মো রণে ক্রুদ্ধস্তীক্ষ্ণশস্ত্রঃ প্রতাপবান্ ॥১৫॥
গৃহীতচাপঃ সমরে প্রমুঞ্চন্ নিশিতান্ শরান্।
শক্যো জেতুং যমঃ ক্রুদ্ধো বজ্রপাণিশ্চ দেবরাট্ ॥১৬॥

ভারতকৌমুদী

আত্মেতি। আত্মনো নিঃশ্রেয়সং মঙ্গলম্, প্রাপ্তকালং কালোচিতম্ ॥১১॥
তত ইতি। বাসুদেবসমুদ্বীক্ষণং তৎপ্রাধান্যাদিতি ভাবঃ ॥১২॥
কৃষ্ণেতি। পশ্য পর্য্যালোচয়। বিমৃদ্নন্তং বিশেষেণ মর্দ্দয়ন্তম্ ॥১৩॥
নেতি। উৎসহামঃ শক্নুমঃ। পুনঃ পুনর্লেঢ়ীতি লেলিহ্যমানন্তম্ ॥১৪॥
যথেতি। ইদং দ্বয়মেব সমানমপ্রতিবিধেয়মিতি ভাবঃ ॥১৫

কর্ত্তব্যনিরূপণনিপুণ সেই মহাবলেরা স্থিরচিত্তে স্বপক্ষের কালোচিত সর্ব্বপ্রকার মঙ্গলের বিষয় আলোচনা করিলেন ॥১১॥

রাজা! তাহার পর রাজা যুধিষ্ঠির দীর্ঘকাল মন্ত্রণা করিয়া কৃষ্ণের দিকে দৃষ্টিপাতপূর্ব্বক এই কথা বলিলেন—॥১২॥

'কৃষ্ণ! দেখ—হস্তী যেমন নলবন মর্দ্দন করে, সেইরূপ মহাত্মা ও ভীষণপরাক্রমশালী ভীষ্ম আমার সৈন্য মর্দ্দন করিতেছেন ॥১৩॥

প্রজ্বলিত অগ্নির ন্যায় আমার সৈন্যগ্রাসে প্রবৃত্ত এই মহাত্মার প্রতি আমরা দৃষ্টিপাত করিতেও সমর্থ হইতেছি না ॥১৪॥

বিষোন্মত্ত মহাসর্প তক্ষক যেমন ভয়ঙ্কর, তীক্ষ্ণশস্ত্র ও প্রতাপশালী ভীষ্মও তেমনই যুদ্ধে ক্রুদ্ধ অবস্থায় ভয়ঙ্কর ॥১৫॥

ধনুর্দ্ধারী ও তীক্ষ্ণবাণক্ষেপী ক্রুদ্ধ যমকে, কিংবা বজ্রপাণি ইন্দ্রকে, অথবা

(১২)…বচনঞ্চেদমাদদে—বা রা নি।

CENTRAL LIBRARY

বরুণঃ পাশভৃচ্চাপি সগদো বা ধনেশ্বরঃ।
ন তু ভীষ্মঃ সুসংক্রুদ্ধঃ শক্যো জেতুং মহাহবে ॥১৭॥ (যুগ্মকম্)
সোঽহমেবং গতে কৃষ্ণ! নিমগ্নঃ শোকসাগরে।
আত্মনো বুদ্ধিদৌর্বল্যাদ্ভীষ্মমাসাদ্য সংযুগে ॥১৮॥
বনং যাস্যামি দুর্দ্ধর্ষ! শ্রেয়ো মে তত্র বৈ গতম্।
ন যুদ্ধং রোচয়ে কৃষ্ণ! হন্তি ভীষ্মো হি নঃ সদা ॥১৯॥
যথা প্রজ্বলিতং বহ্নিং পতঙ্গঃ সমভিদ্রবন্।
একতো মৃত্যুমভ্যেতি তথাহং ভীষ্মমেযিবান্ ॥২০॥
ক্ষয়ং নীতোঽস্মি বার্ষ্ণেয়! রাজ্যহেতোঃ পরাক্রমী।
ভ্রাতরশ্চৈব মে শূরাঃ সায়কৈর্ভৃশপীড়িতাঃ ॥২১॥
মৎকৃতে ভ্রাতৃসৌহার্দ্দাদ্রাজ্যভ্রষ্টা বনং গতাঃ।
পরিক্লিষ্টা তথা কৃষ্ণা মৎকৃতে মধুসূদন! ॥২২॥

ভারতকৌমুদী

গৃহীতেতি। প্রমুঞ্চন্ নিক্ষিপন্। গদয়া সহেতি সগদঃ ॥১৬—১৭॥
স ইতি। গতে স্থিতে। বুদ্ধিদৌর্বল্যাৎ বুদ্ধিদোষাদিত্যর্থঃ ॥১৮॥
বনমিতি। শ্রেয়ো ভদ্রম্, গতং গমনম্। হি যস্মাৎ, নঃ অস্মান্ ॥১৯॥
যথেতি। একত একং কেবলমিতি যাবৎ। এযিবান্ প্রাপ্তবান্ ॥২০॥
ক্ষয়মিতি। নীতো ভীষ্মেণেতি শেষঃ। সায়কৈর্ভীষ্মস্যৈব শরৈঃ ॥২১॥

পাশহস্ত বরুণকে বা গদাধারী কুবেরকেও যুদ্ধে জয় করা যাইতে পারে; কিন্তু মহাযুদ্ধে অত্যন্তক্রুদ্ধ ভীষ্মকে জয় করিতে পারা যায় না ॥১৬—১৭॥

কৃষ্ণ! এই অবস্থায় আমি নিজের বুদ্ধির দোষে যুদ্ধে ভীষ্মের সহিত মিলিত হইয়া শোকসাগরে মগ্ন হইলাম ॥১৮॥

অতএব দুর্দ্ধর্ষ কৃষ্ণ! আমি বনে যাইব, সেইখানে যাওয়াই আমার ভাল; কিন্তু আমি আর যুদ্ধ করিতে ইচ্ছা করি না। কারণ, প্রত্যহই ভীষ্ম আমাদিগকে সংহার করিতেছেন ॥১৯॥

পতঙ্গ (ফড়িং) যেমন প্রজ্বলিত অগ্নিকে পাইয়া অবশ্যই মৃত্যুকে বরণ করে, আমিও সেইরূপই ভীষ্মকে পাইয়া মৃত্যুকে বরণ করিয়াছি ॥২০॥

বৃষ্ণিনন্দন! আমি পরাক্রমশালী, অথ চ রাজ্যের জন্য ভীষ্ম আমার ক্ষয় সাধন করিতেছেন এবং আমার বীর ভ্রাতারা ভীষ্মের বাণে অত্যন্ত পীড়িত হইতেছেন ॥২১॥

(২১)···শায়কৈর্ভৃশপীড়িতাঃ—পি।

জীবিতং বহু মন্যেঽহং জীবিতং হ্যদ্য দুর্লভম্।
জীবিতস্যাদ্য শেষেণ চরিষ্যে ধর্ম্মমুত্তমম্ ॥২৩॥
যদি তেঽহমনুগ্রাহ্যো ভ্রাতৃভিঃ সহ মাধব!।
স্বধর্ম্মস্যাবিরোধেন হিতং ব্যাহর কেশব! ॥২৪॥
এবং শ্রুত্বা বচস্তস্য কারুণ্যাদ্বহুবিস্তরম্।
প্রত্যুবাচ ততঃ কৃষ্ণঃ সান্ত্বয়ানো যুধিষ্ঠিরম্ ॥২৫॥
ধর্ম্মপুত্র! বিষাদং ত্বং মা কৃথাঃ সত্যসঙ্গর!।
যস্য তে ভ্রাতরঃ শূরা দুর্জ্জয়াঃ শত্রুসূদনাঃ ॥২৬॥
অর্জ্জুনো ভীমসেনশ্চ বায়ুগ্নিসমতেজসৌ।
মাদ্রীপুত্রৌ চ বিক্রান্তৌ ত্রিদশানামিবেশ্বরৌ ॥২৭॥

ভারতকৌমুদী

মদিতি। মৎকৃতে মন্নিমিত্তম্। গতা ভ্রাতর ইত্যনুবৃত্তিঃ। কৃষ্ণা দ্রৌপদী ॥২২॥
জীবিতমিতি। বহু মন্যে সর্ব্বাধিকপ্রিয়ত্বাৎ। দুর্লভং ভীষ্মান্তিকে ত্রাণাসম্ভবাৎ ॥২৩॥
যদীতি। স্বধর্ম্মস্য ক্ষত্রিয়ধর্ম্মস্য। ব্যাহর ব্রূহি ॥২৪॥
এবমিতি। কারুণ্যাৎ স্বসৈন্যাদিষু দয়াবশাৎ। সান্ত্বয়ানঃ সান্ত্বয়মানঃ ॥২৫॥
ধর্ম্মেতি। হে সত্যসঙ্গর! সত্যপ্রতিজ্ঞ!। শত্রূণাং সূদনা দময়িতারঃ ॥২৬॥
অর্জ্জুন ইতি। ত্রিদশানামীশ্বরাবিব দেবরাজদ্বয়মিব ॥২৭॥

মধুসূদন! আমার জন্যই তাঁহারা ভ্রাতৃসৌহার্দ্দবশতঃ বনে গিয়াছিলেন এবং আমার জন্যই দ্রৌপদী সর্বপ্রকারে কষ্ট পাইয়াছেন ॥২২॥

আমি জীবনের অত্যন্ত আদর করি, অথ চ সে জীবন আজ দুর্লভ হইয়া দাঁড়াইয়াছে। সুতরাং এখন হইতে সে জীবনের অবশিষ্ট অংশদ্বারা উত্তম ধর্ম্মাচরণ করিব ॥২৩॥

অতএব মাধব! ভ্রাতাদের সহিত আমি যদি তোমার অনুগ্রহের পাত্র হই, তবে কেশব! ক্ষত্রিয়ধর্ম্মের অবিরোধে আমার হিত বল' ॥২৪॥

দয়াবশতঃ যুধিষ্ঠিরের এইরূপ অতিবিস্তৃত বাক্য শুনিয়া তাহার পর কৃষ্ণ তাঁহাকে সান্ত্বনা দিবার জন্য বলিতে লাগিলেন—॥২৫॥

'সত্যপ্রতিজ্ঞ ধর্ম্মরাজ! আপনার ভ্রাতারা শত্রুদমনকারী দুর্জয় বীর। সুতরাং আপনি বিষাদ করিবেন না ॥২৬॥

(২৪)···সহ কেশব! রা নি। ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ' নি। (২৫) অতঃ পরম্ 'শ্রীভগবানুবাচ' নি।

CENTRAL LIBRARY

মাং বা নিযুঙ্ক্ষ্ব সৌহার্দ্দাদ্‌যোৎস্যে ভীষ্মেণ পাণ্ডব ! ।
ত্বৎপ্রযুক্তো মহারাজ ! কিং ন কুর্য্যাং মহাহবে ॥২৮॥
হনিষ্যামি রণে ভীষ্মমাহূয় পুরুষর্ষভম্ ।
পশ্যতাং ধার্ত্তরাষ্ট্রাণাং যদি নেচ্ছতি ফাল্গুনঃ ॥২৯॥
যদি ভীষ্মে হতে বীরে জয়ং পশ্যসি পাণ্ডব ! ।
হন্তাস্ম্যেকরথেনাদ্য কুরুবৃদ্ধং পিতামহম্ ॥৩০॥
পশ্য মে বিক্রমং রাজন্ ! মহেন্দ্রস্যেব সংযুগে ।
বিমুঞ্চন্তং মহাস্ত্রাণি পাতয়িষ্যামি তং রথাৎ ॥৩১॥
যঃ শত্রুঃ পাণ্ডুপুত্রাণাং মচ্ছত্রুঃ স ন সংশয়ঃ ।
মদর্থা ভবদর্থা যে যে মদীয়াস্তবৈব তে ॥৩২॥

ভারতকৌমুদী

ভ্রাতৃণামশক্তত্বসম্ভাবনায়াং পক্ষান্তরমাহ মামিতি । মহাহবে মহাযুদ্ধে ॥২৮॥
হনিষ্যামীতি । নেচ্ছতি ভীষ্মং হন্তুমিতি শেষঃ, ফাল্গুনঃ অর্জ্জুনঃ ॥২৯॥
যদীতি । পশ্যসি সম্ভাবয়সি । একরথেন সহায়ান্তরং বিনৈবেত্যর্থঃ ॥৩০॥
পশ্যেতি । বিমুঞ্চন্তং নিক্ষিপন্তম্ । তং ভীষ্মম্ ॥৩১॥
ত্বমত্র কথং প্রবর্ত্তেথা ইত্যাহ য ইতি । অর্থাঃ প্রয়োজনানি ধনানি বা ॥৩২॥

অর্জ্জুন ও ভীমসেন বায়ু ও অগ্নির তুল্য তেজস্বী এবং বিক্রমশালী নকুল ও সহদেব যেন দুইটী দেবরাজ ॥২৭॥

অথবা পাণ্ডুনন্দন মহারাজ ! আপনি সৌহার্দ্দবশতঃ আমাকে নিযুক্ত করুন, আমি ভীষ্মের সহিত যুদ্ধ করিব । আপনি নিযুক্ত করিলে, আমি মহাযুদ্ধে কি না করিতে পারিব ? ॥২৮॥

অর্জ্জুন যদি ভীষ্মকে বধ করিতে ইচ্ছা না করেন, তবে আমিই যুদ্ধে পুরুষশ্রেষ্ঠ ভীষ্মকে আহ্বান করিয়া ধার্ত্তরাষ্ট্রগণের সমক্ষেই তাঁহাকে বধ করিব ॥২৯॥

পাণ্ডুনন্দন ! মহাবীর ভীষ্ম নিহত হইলেই যদি আপনি আপনার জয় হইবে বলিয়া মনে করেন, তবে আমি একরথেই আজ কুরুবৃদ্ধ ভীষ্মকে বধ করিব ॥৩০॥

রাজা ! যুদ্ধে ইন্দ্রের ন্যায় আমার বিক্রম দর্শন করুন । ভীষ্ম মহাস্ত্র সকল নিক্ষেপ করিতে থাকিলেও আমি তাঁহাকে রথ হইতে পাতিত করিব ॥৩১॥

(৩২)···মদীয়া ভবদীয়া যে···পি ।

তব ভ্রাতা মম সখা সম্বন্ধী শিষ্য এব চ।
মাংসান্যুৎকৃত্য দাস্যামি ফাল্গুনার্থে মহীপতে! ॥৩৩॥
এষ চাপি নরব্যাঘ্রো মৎকৃতে জীবিতং ত্যজেৎ।
এষ নঃ সময়স্তাত! তারয়েম পরস্পরম্ ॥৩৪॥
স মাং নিযুঙ্ক্ষ্ব রাজেন্দ্র! যাবৎ সজ্জো ভবাম্যহম্।
প্রতিজ্ঞাতমুপপ্লব্যে যত্তৎ পার্থেন পূর্বতঃ ॥৩৫॥
পাতয়িষ্যামি গাঙ্গেয়মিত্যুলূকস্য সন্নিধৌ।
পরিরক্ষ্যমিদং তাবদ্বচঃ পার্থস্য ধীমতঃ ॥৩৬॥ (যুগ্মকম্)
অনুজ্ঞাতেন পার্থেন ময়া কার্য্যং ন সংশয়ঃ।
অথবা ফাল্গুনস্যৈষ ভারঃ পরিমিতো রণে ॥৩৭॥

ভারতকৌমুদী

তবেতি। ভ্রাতা অর্জ্জুনঃ। সম্বন্ধী ভগিনীপতিঃ ফাল্গুনার্থে অর্জ্জুনার্থে ॥৩৩॥
এষ ইতি। নরব্যাঘ্রঃ অর্জ্জুনঃ। সময়ঃ শপথঃ ॥৩৪॥
স ইতি। সজ্জো যুদ্ধায় সন্নদ্ধঃ। পরিরক্ষ্যং ময়েতি শেষঃ ॥৩৫—৩৬॥
অস্বিতি। কার্য্যং ভীষ্মপাতনং কর্ত্তব্যম্। ফাল্গুনস্যার্জ্জুনস্য, পরিমিত উপযুক্তঃ ॥৩৭॥

যে লোক পাণ্ডবগণের শত্রু, সে লোক আমারও শত্রু; এ বিষয়ে কোন সন্দেহ নাই। তা'র পর আপনার যেগুলি প্রয়োজন, আমারও সেইগুলিই প্রয়োজন এবং আমার যেগুলি প্রয়োজন, আপনারও সেইগুলিই প্রয়োজন ॥৩২॥

রাজা! আপনার ভ্রাতা (অর্জ্জুন) আমার সখা, ভগিনীপতি এবং শিষ্য। সুতরাং আমি অর্জ্জুনের জন্য নিজের গায়ের মাংসও ছেদন করিয়া দিতে পারি ॥৩৩॥

আবার এই নরশ্রেষ্ঠ অর্জ্জুনও আমার জন্য জীবন ত্যাগ করিতে পারেন। আর রাজা! আমাদের এইরূপ শপথ আছে যে, আমরা পরস্পরকে বিপদ্ হইতে উদ্ধার করিব ॥৩৪॥

সুতরাং রাজশ্রেষ্ঠ! আপনি আমাকে নিযুক্ত করুন, আমি যুদ্ধসজ্জায় সজ্জিত হই। তবে অর্জ্জুন পূর্ব্বে উপপ্লব্যনগরে উলূকের নিকটে সেই যে প্রতিজ্ঞা করিয়াছিলেন—'আমি ভীষ্মকে নিপাতিত করিব'। বুদ্ধিমান্ অর্জ্জুনের সেই বাক্য ত আমার অবশ্যই রক্ষা করিতে হইবে ॥৩৫—৩৬॥

(৩৬)···ইতি লোকস্য সন্নিধৌ···পি, ঘাতয়িষ্যামি গাঙ্গেয়মিতি লোকস্য সন্নিধৌ···বা।
(৩৭) অনুজ্ঞাতস্তু পার্থেন···ফাল্গুনস্যৈব ভারঃ পরমিতঃ···পি বা।

স হনিষ্যতি সংগ্রামে ভীষ্মং পরপুরঞ্জয়ম্ ।
অশক্যমপি কুর্য্যাদ্ধি রণে পার্থঃ সমুদ্যতঃ ॥৩৮॥
ত্রিদশান্ বা সমুদ্যুক্তান্ সহিতান্ দৈত্যদানবৈঃ ।
নিহন্যাদর্জ্জুনঃ সংখ্যে কিমু ভীষ্মং নরাধিপ ! ॥৩৯॥
বিপরীতো মহাবীর্য্যো গতসত্ত্বোঽল্পজীবনঃ ।
ভীষ্মঃ শান্তনবো নূনং কর্ত্তব্যং নাববুধ্যতে ॥৪০॥

যুধিষ্ঠির উবাচ ।

এবমেতন্মহাবাহো ! যথা বদসি মাধব ! ।
সর্বে হ্যেতে ন পর্য্যাপ্তাস্তব বেগবিধারণে ॥৪১॥
নিয়তং সমবাপ্স্যামি সর্বমেতদ্যথেপ্সিতম্ ।
যস্য মে পুরুষব্যাঘ্র ! ভবান্ পক্ষে ব্যবস্থিতঃ ॥৪২॥

ভারতকৌমুদী

স ইতি। স ফাল্গুনঃ। অশক্যমন্যেষামসাধ্যমপি ॥৩৮॥
ত্রিদশানিতি। ত্রিদশান্ দেবান্। কিমু ভীষ্মং ন নিহন্যাদিত্যর্থঃ ॥৩৯॥
বীতি। বিপরীতো বিপরীতপক্ষগামী তৎপক্ষস্যান্যায়ত্বাৎ। গতসত্ত্বো নষ্টবলঃ ॥৪০॥
এবমিতি। এতে বিপক্ষাঃ, ন পর্য্যাপ্তা ন শক্তাঃ ॥৪১॥
নিয়তমিতি। নিয়তং নিশ্চিতম্। যথেপ্সিতং যথাভিলষিতম্ ॥৪২॥

সুতরাং অর্জুন অনুমতি করিলে আমি একার্য্য করিব ; এ বিষয়ে কোন সন্দেহ নাই। অথবা যুদ্ধে অর্জুনের পক্ষেই এটা উপযুক্ত ভার ॥৩৭॥

অতএব তিনিই যুদ্ধে বিপক্ষনগরবিজয়ী ভীষ্মকে বধ করিবেন। কেন না, অর্জুন উদ্যম করিলে যুদ্ধে অন্যের অসাধ্য কার্য্যও করিতে পারেন ॥৩৮॥

নরনাথ ! দৈত্য ও দানবগণের সহিত সম্মিলিত ও সমুদ্যত দেবগণকেও অর্জুন যুদ্ধে বধ করিতে পারেন, তাহাতে ভীষ্মকে কি বধ করিতে পারিবেন না ? ॥৩৯॥

মহাবীর শান্তনুনন্দন ভীষ্ম বিপরীত পক্ষ অবলম্বন করিয়াছেন, ক্ষীণবল ও অল্পজীবন হইয়া পড়িয়াছেন এবং নিশ্চয়ই কর্ত্তব্য বুঝিতেছেন না' ॥৪০॥

যুধিষ্ঠির বলিলেন—'মহাবাহু কৃষ্ণ ! তুমি যাহা বলিলে, সে সমস্তই সত্য ; কেন না, এই বিপক্ষেরা সকলেও তোমার বেগ ধারণ করিতে সমর্থ নহে ॥৪১॥

(৩৮) নিহনিষ্যতি সংগ্রামে···পি।

সেন্দ্রানপি রণে দেবান্ জয়েয়ং জয়তাং বর ! ।
ত্বয়া নাথেন গোবিন্দ ! কিমু ভীষ্মং মহারথম্ ॥৪৩॥
ন তু ত্বামনৃতং কর্ত্তুমুৎসহে স্বার্থগৌরবাৎ।
অযুধ্যমানঃ সাহায্যং যথোক্তং কুরু মাধব ! ॥৪৪॥
সময়স্তু কৃতঃ কশ্চিন্মম ভীষ্মেণ সংযুগে।
মন্ত্রয়িষ্যে তবার্থায় ন তু যোৎস্যে কথঞ্চন ॥৪৫॥
দুর্য্যোধনার্থং যোৎস্যামি সত্যমেতদিতি প্রভো ! ।
স হি রাজ্যস্য মে দাতা মন্ত্রস্যৈব চ মাধব ! ॥৪৬॥
তস্মাদ্দেবব্রতং ভূয়ো বধোপায়ার্থমাত্মনঃ।
ভবতা সহিতাঃ সর্বে প্রয়াম মধুসূদন ! ॥৪৭॥

ভারতকৌমুদী

সেন্দ্রানিতি। জয়েয়ং জেতুং শক্নুয়াম্। নাথেন রক্ষকেণ ॥৪৩॥

নেতি। অনৃতং মিথ্যা মিথ্যাবাদিনমিত্যর্থঃ। স্বার্থস্য রাজ্যাদেগৌরবাল্লিপ্সাতিরেকাৎ ॥৪৪॥

সময় ইতি। সময়ঃ শপথঃ, কৃতো যুদ্ধারম্ভকালে। কোঽসৌ সময় ইত্যাহ মন্ত্রেতি ॥৪৫॥

দুর্য্যোধনেতি। প্রভো ইত্যন্তো ভীষ্মশপথবাক্যানুবাদঃ। স ভীষ্মঃ, হি তস্মাৎ ॥৪৬॥

তস্মাদিতি। দেবব্রতং ভীষ্মম্, ভূয়ঃ পুনঃ, যুদ্ধারম্ভে একবারপ্রয়াণাৎ ॥৪৭॥

অতএব পুরুষশ্রেষ্ঠ ! যে আমার পক্ষে তুমি রহিয়াছ, সে আমি নিশ্চয়ই এই সমস্ত অভীষ্টই লাভ করিব ॥৪২॥

বিজয়িশ্রেষ্ঠ কৃষ্ণ ! তুমি রক্ষক থাকায় আমি যুদ্ধে ইন্দ্রের সহিত দেবগণকেও জয় করিতে পারি ; তাহাতে মহারথ ভীষ্মের কথা আর কি বলিব ॥৪৩॥

কিন্তু আমি স্বার্থের গুরুত্বনিবন্ধন তোমাকে মিথ্যাবাদী করিতে পারি না। সুতরাং মাধব ! তুমি যুদ্ধ না করিয়া যথোক্ত সাহায্যই করিতে থাক ॥৪৪॥

(দেখ,) যুদ্ধের প্রারম্ভে ভীষ্ম আমার নিকট একটা শপথ করিয়াছিলেন যে, 'যুধিষ্ঠির ! আমি তোমার হিতের জন্য মন্ত্রণা দিব, কিন্তু কোন প্রকারেই তোমার পক্ষে থাকিয়া যুদ্ধ করিতে পারিব না ॥৪৫॥

কিন্তু রাজা ! দুর্য্যোধনের পক্ষে থাকিয়াই যুদ্ধ করিব ; ইহা সত্য।' সুতরাং কৃষ্ণ ! ভীষ্ম নিশ্চয়ই আমাকে মন্ত্রণা দিবেন এবং আমাকে রাজ্য দান করিবার পক্ষেও তাঁহার ইচ্ছা আছে ॥৪৬॥

---

(৪৪)···স্বাত্মগৌরবাৎ···রা নি।

CENTRAL LIBRARY

তদ্বয়ং সহিতা গত্বা ভীষ্মমাশু নরোত্তমম্ ।
ন চিরাৎ সর্বে বার্ষ্ণেয় ! মন্ত্রং পৃচ্ছাম কৌরবম্ ॥৪৮॥
স বক্ষ্যতি হিতং বাক্যং তথ্যমস্মান্ জনার্দ্দন ! ।
যথা চ বক্ষ্যতে কৃষ্ণ ! তথা কর্ত্তাস্মি সংযুগে ॥৪৯॥
স নো জয়স্য দাতা স্যান্মন্ত্রস্য চ দৃঢ়ব্রতঃ ।
বালাঃ পিত্রা বিহীনাশ্চ তেন সংবর্দ্ধিতা বয়ম্ ॥৫০॥
তঞ্চেৎ পিতামহং বৃদ্ধং হন্তুমিচ্ছামি মাধব ! ।
পিতুঃ পিতরমিষ্টঞ্চ ধিগস্তু ক্ষত্রজীবিকাম্ ॥৫১॥

সঞ্জয় উবাচ ।

ততোঽব্রবীন্মহারাজ ! বার্ষ্ণেয়ঃ কুরুনন্দনম্ ।
রোচতে মে মহাপ্রাজ্ঞ ! রাজেন্দ্র ! তব ভাষিতম্ ॥৫২॥

ভারতকৌমুদী

তদিতি । নরোত্তমত্বাদেবাসৌ নানিষ্টং করিষ্যতীতি ভাবঃ । কৌরবং ভীষ্মম্ ॥৪৮॥
স ইতি । স ভীষ্মঃ । তথ্যং সত্যম্ । বক্ষ্যতে ভীষ্ম ইতি শেষঃ ॥৪৯॥
স ইতি । নঃ অস্মাকম্ । তদুভয়দানং প্রতি হেতুমাহ বালা ইতি ॥৫০॥
তমিতি । চেৎ যদিত্যর্থঃ । পিতরং পিতৃপর্য্যায়ম্, ইষ্টং প্রিয়ম্ ॥৫১॥
তত ইতি । বার্ষ্ণেয়ো বৃষ্ণিবংশীয়ঃ কৃষ্ণঃ । ভাষিতম্ উক্তং বাক্যম্ ॥৫২॥

অতএব মধুসূদন ! আমরা সকলে তোমার সহিত মিলিত হইয়া ভীষ্মের বধের উপায় জানিবার জন্য তাঁহার নিকট আবার যাইব ॥৪৭॥

বৃষ্ণিনন্দন ! আমরা সকলে মিলিত হইয়া সত্বরই নরশ্রেষ্ঠ ভীষ্মের নিকট যাইয়া সত্বরই তাঁহার নিকট তাঁহার বধের পরামর্শ জিজ্ঞাসা করিব ॥৪৮॥

জনার্দ্দন কৃষ্ণ ! নিশ্চয়ই তিনি আমাদের নিকট আমাদের হিতজনক সত্য বাক্য বলিবেন । তিনি যেমন বলিবেন, আমি যুদ্ধে তেমন করিব ॥৪৯॥

দৃঢ়প্রতিজ্ঞ ভীষ্ম নিশ্চয়ই আমাদিগকে জয় ও মন্ত্রণা দান করিবেন । কারণ, তিনিই বালক ও পিতৃহীন অবস্থায় আমাদিগকে বর্দ্ধিত করিয়াছিলেন ॥৫০॥

হায় ! কৃষ্ণ ! বৃদ্ধ, পিতার পিতৃপর্য্যায় এবং ভক্তিভাজন সেই ভীষ্মকে যে আমি বধ করিবার ইচ্ছা করিতেছি, ইহাতে ক্ষত্রিয়ধর্ম্মকে ধিক্কার দিতেছি' ॥৫১॥

সঞ্জয় কহিলেন—'মহারাজ ! তাহার পর কৃষ্ণ যুধিষ্ঠিরকে বলিলেন—'মহাপ্রাজ্ঞ রাজশ্রেষ্ঠ ! আপনার বাক্যে আমার অভিরুচি জন্মিয়াছে ॥৫২॥

(৪৮)···নরোত্তমম্ । রুচিতে তব পৃচ্ছামি মন্ত্রং বার্ষ্ণেয় ! মা চিরম্—নি ।

দেবব্রতঃ কৃতী ভীষ্মঃ প্রেক্ষিতেনাপি নির্দ্দহেৎ।
গম্যতাং স বধোপায়ং প্রষ্টুং সাগরগাসুতম্ ॥৫৩॥
বক্তুমর্হতি সত্যং স ত্বয়া পৃষ্টো বিশেষতঃ।
তে বয়ং তত্র গচ্ছামঃ প্রষ্টুং কুরুপিতামহম্ ॥৫৪॥
গত্বা শান্তনবং বৃদ্ধং মন্ত্রং পৃচ্ছাম ভারত!।
স নো দাস্যতি মন্ত্রং যং তেন যোৎস্যামহে পরান্ ॥৫৫॥
এবমামন্ত্র্য তে বীরাঃ পাণ্ডবাঃ পাণ্ডুপূর্ব্বজ!।
জগ্মুস্তে সহিতাঃ সর্ব্বে বাসুদেবশ্চ বীর্য্যবান্ ॥৫৬॥
বিমুক্তশস্ত্রকবচা ভীষ্মস্য সদনং প্রতি।
প্রবিশ্য চ তদা ভীষ্মং শিরোভিঃ প্রণিপেদিরে ॥৫৭॥

ভারতকৌমুদী

দেবেতি। নির্দ্দহেৎ, অতো বিপক্ষাক্রমণাশঙ্কা নাস্তীতি ভাবঃ। সাগরগা গঙ্গা ॥৫৩॥
বক্তুমিতি। বিশেষতো ভবতোঽতিপ্রিয়ত্বাত্তস্যেত্যাশয়ঃ ॥৫৪॥
গত্বেতি। মন্ত্রং তদ্বধবিষয়ে মন্ত্রণাম্। নঃ অস্মাকম্ ॥৫৫॥
এবমিতি। আমন্ত্র্য সম্যঙ্মন্ত্রয়িত্বা। জগ্মুর্ভীষ্মভবনমিতি শেষঃ ॥৫৬॥
বিমুক্তেতি। প্রণিপেদিরে প্রণিপত্য প্রাপুঃ ॥৫৭॥

কারণ, কার্য্যনিপুণ দেবব্রত ভীষ্ম দৃষ্টিপাতদ্বারাও লোককে দগ্ধ করিতে পারেন। অতএব ভীষ্মের বধের উপায় জিজ্ঞাসা করিবার জন্য তাঁহার নিকটেই গমন করা হউক ॥৫৩॥

বিশেষতঃ আপনি জিজ্ঞাসা করিলে, তিনি অবশ্যই (নিজের বধের উপায়) বলিবেন। অতএব চলুন, আমরা তাহা জিজ্ঞাসা করিবার জন্য তাঁহার নিকটেই যাই ॥৫৪॥

ভরতনন্দন! আমরা যাইয়া বৃদ্ধ ভীষ্মের নিকটে জয়লাভের পরামর্শ জিজ্ঞাসা করি। তা'র পর তিনি যে পরামর্শ দিবেন, তদনুসারে আমরা বিপক্ষদের সহিত যুদ্ধ করিব' ॥৫৫॥

পাণ্ডুপূর্ব্বজ! সেই বীর পাণ্ডবেরা এবং বলবান্ কৃষ্ণ এইরূপ আলোচনা করিয়া সকলে মিলিত হইয়া ভীষ্মের শিবিরের দিকে প্রস্থান করিলেন ॥৫৬॥

তাঁহারা অস্ত্র ও কবচ পরিত্যাগ করিয়া ভীষ্মের শিবিরে যাইয়া মস্তক অবনত করিয়া তাঁহাকে প্রণাম করিলেন ॥৫৭॥

(৫৩)…গম্যতাং স্ববধোপায়ম্…নি। (৫৫) ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ' নি।

পূজয়ন্তো মহারাজ ! পাণ্ডবা ভরতর্ষভম্ ।
প্রণম্য শিরসা চৈনং ভীষ্মং শরণমভ্যয়ুঃ ॥৫৮॥
তানুবাচ মহাবাহুর্ভীষ্মঃ কুরুপিতামহঃ ।
স্বাগতং তব বার্ষ্ণেয় ! স্বাগতং তে ধনঞ্জয় ! ॥৫৯॥
স্বাগতং ধর্ম্মপুত্রায় ভীমায় যময়োস্তথা ।
কিং বা কার্য্যং করোম্যদ্য যুষ্মাকং প্রীতিবর্দ্ধনম্ ॥৬০॥
যুদ্ধাদন্যত্র হে বৎসাঃ ! প্রীয়ন্তাং মা বিশঙ্কথ ।
সর্বাত্মনাপি কর্ত্তাস্মি যদ্যপি স্যাৎ সুদুষ্করম্ ॥৬১॥ (যুগ্মকম্)
তথা ব্রুবাণং গাঙ্গেয়ং প্রীতিযুক্তং পুনঃ পুনঃ ।
উবাচ রাজা দীনাত্মা প্রীতিপূর্বমিদং বচঃ ॥৬২॥
কথং জয়েম সর্বজ্ঞ ! কথং রাজ্যং লভেমহি ।
প্রজানাং সংশয়ো ন স্যাৎ কথং তন্মে বদ প্রভো ! ॥৬৩॥

ভারতকৌমুদী

পূজয়ন্ত ইতি। পূজয়ন্তঃ অঞ্জলিবন্ধনেন গৌরবাস্পদীকুর্বন্তঃ। অভ্যয়ুঃ প্রাপ্তাঃ ॥৫৮॥
তানিতি। স্বাগতং শুভেনাগমনং কিমিতি কাকুঃ, হে বার্ষ্ণেয়! কৃষ্ণ! ॥৫৯॥
স্বাগতমিতি। যময়োর্নকুলসহদেবয়োঃ। অন্যত্র অন্যৎ। বিশঙ্কথ শঙ্কন্ ॥৬০—৬১॥
তথেতি। গাঙ্গেয়ং ভীষ্মম্। দীনাত্মা কাতরচিত্তঃ সন্ ॥৬২॥

মহারাজ ! ক্রমে পাণ্ডবেরা মস্তকদ্বারা প্রণাম করিয়া অঞ্জলিবন্ধনপূর্ব্বক সম্মান দেখাইয়া ভীষ্মের শরণাপন্ন হইলেন ॥৫৮॥

তখন মহাবাহু কুরুপিতামহ ভীষ্ম তাঁহাদিগকে বলিলেন—'বৃষ্ণিনন্দন ! আপনার শুভাগমন ত ? অর্জ্জুন ! তোমার শুভাগমন ত ? ॥৫৯॥

ধর্ম্মপুত্র ! (যুধিষ্ঠির !) ভীমসেন ! নকুল ! ও সহদেব ! তোমাদের শুভাগমন ত ? বৎসগণ ! যুদ্ধ ব্যতীত তোমাদের প্রীতিবর্দ্ধক কোন্ কার্য্য আমি আজ করিব, (তাহা বল ;) তোমরা কোন আশঙ্কা করিও না, আশ্বস্ত থাক। তোমাদের কার্য্য যদি অতিদুষ্করও হয়, তথাপি আমি সর্ব্বপ্রযত্নে তাহা করিব' ॥৬০—৬১॥

ভীষ্ম প্রণয়পূর্ব্বক বার বার সেইরূপ বলিতে লাগিলে, যুধিষ্ঠির কাতর হইয়া প্রীতিপূর্ব্বক এই কথা বলিলেন—॥৬২॥

(৫৮)…শরণমন্বয়ুঃ—পি। (৬১) পূর্বার্দ্ধঃ পি বা ব রা নাস্তি।…যদপি স্যাৎ সুদুষ্করম্—বা রা নি।

ভবান্ হি নো বধোপায়ং ব্রবীতু স্বয়মাত্মনঃ।
ভবন্তং সমরে বীর! বিষহেম কথং বয়ম্ ॥৬৪॥
ন হি তে সূক্ষ্মমপ্যস্তি রন্ধ্রং কুরুপিতামহ!।
মণ্ডলেনৈব ধনুষা দৃশ্যসে সংযুগে সদা ॥৬৫॥
আদদানং সন্দধানং বিকর্ষন্তং ধনুর্ন চ।
পশ্যামস্ত্বাং মহাবাহো! রথে সূর্য্যমিব স্থিতম্ ॥৬৬॥
রথাশ্বনরনাগানাং হন্তারং পরবীরহন্!।
কোঽথবোৎসহতে জেতুং ত্বাং পুমান্ ভরতর্ষভ! ॥৬৭॥
বর্ষতা শরবর্ষাণি মহান্তি পুরুষর্ষভ!।
ক্ষয়ং নীতা হি পৃতনা সংযুগে মহতী মম ॥৬৮॥

ভারতকৌমুদী

কথমিতি। প্রজানাং পুত্রাদিসন্তানানাম্, সংশয়ো যুদ্ধে জীবনসন্দেহঃ ॥৬৩॥

ভবানিতি। নঃ অস্মান্। ক্ষত্রিয়াণাং যুদ্ধে মৃত্যোরেব শ্রেয়স্করত্বাদিয়ং প্রার্থনোপপদ্যতে ॥৬৪॥

নেতি। রন্ধ্রং প্রহারাবসর ইত্যর্থঃ। মণ্ডলেন গোলাকারেণ ধনুষা যুক্তঃ ॥৬৫॥

আদদানমিতি। শরমিতি শেষঃ। শরাণামাদানাদিকং ন পশ্যাম ইত্যর্থঃ ॥৬৬॥

রথেতি। নাগো হস্তী। উৎসহতে শক্নোতি ॥৬৭॥

'সর্বজ্ঞ! প্রভু! আমরা কি করিয়া বিজয়ী হইব? কিপ্রকারেই বা রাজ্য লাভ করিব? কোন্ ভাবেই বা সন্তানগণের জীবনসন্দেহ হইবে না? এই সকল বিষয় আপনি আমার নিকট বলুন ॥৬৩॥

পিতামহ! আপনি নিজেই নিজের বধের উপায় আমাদের নিকট বলুন। বীর! আমরা কি প্রকারে যুদ্ধে আপনাকে সহ্য করিব? ॥৬৪॥

কারণ, পিতামহ! যুদ্ধের সময় আপনার অতিসূক্ষ্ম ছিদ্রও থাকে না; কেবল মণ্ডলাকারকার্ম্মুকযুক্ত অবস্থাতেই আপনাকে সর্বদা দেখা যায়! ॥৬৫॥

মহাবাহু! আপনি কখন বাণ গ্রহণ করেন কখন, সন্ধান করেন, কখন বা ধনু আকর্ষণ করেন, তাহার কিছুই দেখা যায় না; কেবল রথে সূর্য্যের ন্যায় থাকিতে দেখা যায় ॥৬৬॥

বিপক্ষবীরহন্তা ভরতশ্রেষ্ঠ! আপনি হস্তী, অশ্ব, রথ ও পদাতি সংহার করিতে থাকেন। সুতরাং কোন্ মানুষ আপনাকে জয় করিতে সমর্থ হয়? ॥৬৭॥

---

(৬৬)·· সূর্য্যমিবাপরম্—বা রা নি।

যথা যুধি জয়েম ত্বাং যথা রাজ্যং ভবেন্মম।
মম সৈন্যস্য চ ক্ষেমং তন্মে ব্রূহি পিতামহ! ॥৬৯॥
ততোঽব্রবীচ্ছান্তনবঃ পাণ্ডবান্ পাণ্ডুপূর্ব্বজ!।
ন কথঞ্চন কৌন্তেয়! ময়ি জীবতি সংযুগে ॥৭০॥
জয়ো ভবতি ধর্ম্মজ্ঞ! সত্যমেতদ্ব্রবীমি তে।
নির্জ্জিতে ময়ি যুদ্ধেন রণে জেষ্যথ পাণ্ডবাঃ! ॥৭১॥ (যুগ্মকম্)
ক্ষিপ্রং ময়ি প্রহরত যদীচ্ছথ রণে জয়ম্।
অনুজানামি বঃ পার্থাঃ! প্রহরধ্বং যথাসুখম্ ॥৭২॥
এবং হি সুকৃতং মন্যে ভবতাং বিদিতো হ্যহম্।
হতে ময়ি হতং সর্ব্বং তস্মাদেবং বিধীয়তাম্ ॥৭৩॥

ভারতকৌমুদী

বর্ষতেতি। বর্ষতা ভবতেতি শেষঃ। পৃতনা সেনা ॥৬৮॥
যথেতি। ক্ষেমং মঙ্গলম্ ॥৬৯॥
তত ইতি। শান্তনবো ভীষ্মঃ। ভবতীতি ভবিষ্যৎসামীপ্যে বর্ত্তমানা ॥৭০—৭১॥
ক্ষিপ্রমিতি। নন্থ গুরোরপি গুরৌ ত্বয়ি প্রহারে মহাপাপমিত্যাহ আত্মেতি ॥৭২॥
এবমিতি। সুকৃতং যুষ্মাভিঃ সুষ্ঠু কৃতম্। সর্ব্বং হতং কৌরববলস্য মৎপ্রধানত্বাৎ ॥৭৩॥

পুরুষশ্রেষ্ঠ! আপনি যুদ্ধে বিশাল শরবর্ষণ করিয়া করিয়া আমার বিশাল সেনা ক্ষয় করিয়া তুলিয়াছেন ॥৬৮॥

অতএব পিতামহ! আমি যেভাবে আপনাকে জয় করিতে পারি, যেভাবে আমার রাজ্য হইতে পারে এবং যেভাবে আমার সৈন্যের মঙ্গল হয়, তাহা আপনি বলুন' ॥৬৯॥

পাণ্ডুজ্যেষ্ঠ রাজা! তাহার পর ভীষ্ম পাণ্ডবগণকে বলিলেন—'ধর্ম্মজ্ঞ কুন্তীনন্দন! অপর পাণ্ডবগণ! আমি সত্য বলিতেছি—আমি জীবিত থাকিতে কোন প্রকারেই যুদ্ধে তোমাদের জয় হইবে না; আর আমাকে জয় করিতে পারিলে যুদ্ধে জয় করিতে পারিবে ॥৭০—৭১॥

পাণ্ডবগণ! যদি যুদ্ধে জয় লাভ করিবার ইচ্ছা কর, তবে সত্বর আমাকে প্রহার কর। আমি তোমাদিগকে অনুমতি দিতেছি, তোমরা যথাসুখে আমাকে প্রহার কর ॥৭২॥

আমি মনে করি—এইরূপ করিলেই ভাল করা হইবে। কেন না, আমি

(৬৯)···রাজ্যং ভূশং মম···বা রা নি। ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ' নি।

যুধিষ্ঠির উবাচ।

ব্রূহি তস্মাদুপায়ং নো যথা যুদ্ধে জয়েমহি।
ভবন্তং সমরে ক্রুদ্ধং দণ্ডহস্তমিবান্তকম্ ॥৭৪॥
শক্যো বজ্রধরো জেতুং বরুণোঽপি যমস্তথা।
ন ভবান্ সমরে শক্যঃ সেন্দ্রৈরপি সুরাসুরৈঃ ॥৭৫॥

ভীষ্ম উবাচ।

সত্যমেতন্মহারাজ! যথা বদসি পাণ্ডব!।
নাহং শক্যো রণে জেতুং সেন্দ্রৈরপি সুরাসুরৈঃ ॥৭৬॥
আত্তশস্ত্রো রণে যুক্তো গৃহীতবরকার্ম্মুকঃ।
ন্যস্তশস্ত্রন্তু মাং রাজন্! এতে হন্যুর্মহারথাঃ ॥৭৭॥ (যুগ্মকম্)
নিক্ষিপ্তশস্ত্রে পতিতে বিমুক্তকবচধ্বজে।
দ্রবমাণে চ ভীতে চ তবাস্মীতি চ বাদিনি ॥৭৮॥

ভারতকৌমুদী

ব্রূহীতি। নঃ অস্মান্। অন্তকং যমম্ ॥৭৪॥
শক্য ইতি। বজ্রধর ইন্দ্রঃ। শক্যো জেতুমিত্যনুবৃত্তিঃ ॥৭৫॥
সত্যমিতি। সুরাসুরৈর্দেবদানবৈঃ। আত্তশস্ত্রো গৃহীতাস্ত্রঃ, যুক্তো ব্যাপৃতঃ ॥৭৬—৭৭॥

কিরূপ, তাহা ত তোমরা জান। সুতরাং আমি নিহত হইলে, সকলেই নিহত হইবে। অতএব এইরূপই কর' ॥৭৩॥

যুধিষ্ঠির বলিলেন—'পিতামহ! অতএব দণ্ডহস্ত যমের ন্যায় যুদ্ধে ক্রুদ্ধ আপনাকে আমরা যেভাবে জয় করিতে পারিব, সেই উপায় আপনি আমাদিগকে বলুন ॥৭৪॥

ইন্দ্র, বরুণ বা যমকেও জয় করিতে পারা যায়, কিন্তু ইন্দ্রের সহিত সমস্ত দেবাসুরেরাও আপনাকে যুদ্ধে জয় করিতে পারেন না' ॥৭৫॥

ভীষ্ম বলিলেন—'পাণ্ডুনন্দন মহারাজ! তুমি যাহা বলিলে, তাহা সত্য। আমি অস্ত্র ও উত্তম ধনু ধারণ করিয়া যুদ্ধে ব্যাপৃত থাকিলে, ইন্দ্রের সহিত সমস্ত দেবাসুরেরাও আমাকে জয় করিতে সমর্থ হন না। কিন্তু রাজা! আমি অস্ত্র ত্যাগ করিলে এই মহারথেরা আমাকে বধ করিতে পারিবেন ॥৭৬—৭৭॥

অস্ত্রশূন্য, ভূতলপতিত, কবচ ও ধ্বজরহিত, পলায়মান, ভীত, 'আমি

(৭৪)···বরুণোঽথ যমস্তথা···রা নি। (৭৬) সত্যমেতন্মহাবাহো!···রা নি। (৭৭)··· রণে যত্তঃ···রা নি। (৭৮) নিক্ষিপ্য শস্ত্রে ··পি।

CENTRAL LIBRARY

স্ত্রিয়াং স্ত্রীনামধেয়ে চ বিকলে চৈকপুত্রিণি।
অপ্রশস্তে নরে চৈব ন যুদ্ধং মম রোচতে ॥৭৯॥ (যুগ্মকম্)
ইমং মে শৃণু রাজেন্দ্র! সঙ্কল্পং পূর্ব্বচিন্তিতম্।
অমঙ্গল্যধ্বজং দৃষ্ট্বা ন যুধ্যেয়ং কথঞ্চন ॥৮০॥
য এষ দ্রৌপদো রাজন্! তব সৈন্যে মহারথঃ।
শিখণ্ডী সমরামর্ষী শূরশ্চ সমিতিঞ্জয়ঃ ॥৮১॥
যথাঽভবচ্চ স্ত্রীপূর্ব্বং পশ্চাৎ পুংস্ত্বং সমাগতঃ।
জানন্তি চ ভবন্তোঽপি সর্বমেতদ্‌যথাতথম্ ॥৮২॥ (যুগ্মকম্)
অর্জ্জুনঃ সমরে শূরঃ পুরস্কৃত্য শিখণ্ডিনম্।
মামেব বিশিখৈস্তীক্ষ্ণৈরভিদ্রবতু দংশিতঃ ॥৮৩॥
অমঙ্গল্যধ্বজে তস্মিন্ স্ত্রীপূর্ব্বে চ বিশেষতঃ।
ন প্রহর্ত্তুমভীপ্সামি গৃহীতেষুঃ কথঞ্চন ॥৮৪॥

ভারতকৌমুদী

নিক্ষিপ্তেতি। পতিতে ভূমৌ। দ্রবমাণে পলায়মানে। স্ত্রীনামধেয়ে পুরুষে, বিকলে কাণখঞ্জাদৌ। অপ্রশস্তে নরে শ্বপচাদৌ। অত্র ভাবাঃ সুগমাঃ ॥৭৮—৭৯॥

ইমমিতি। অমঙ্গলাঃ অমঙ্গলসূচকগর্দ্দভাদিচিহ্নিতো ধ্বজো যস্য তম্ ॥৮০॥

য ইতি। দ্রৌপদো দ্রুপদপুত্রঃ। সমরে অমর্ষী ক্রোধী। সমাগতঃ প্রাপ্তঃ ॥৮১—৮২॥

অর্জ্জুন ইতি। বিশিখৈস্তাড়য়ন্নিতি শেষঃ। অভিদ্রবতু ধাবতু, দংশিতঃ সন্নদ্ধঃ ॥৮৩॥

অমঙ্গলেতি। তস্মিন্ শিখণ্ডিনি। গৃহীতেষুঃ ধৃতবাণঃ ॥৮৪॥

আপনার' এইরূপ উক্তিকারী, স্ত্রী, স্ত্রীনামক পুরুষ, কাণ ও খঞ্জপ্রভৃতি বিকলেন্দ্রিয়, একপুত্রযুক্ত এবং নীচলোক ইহাদের সহিত যুদ্ধ করিতে আমার অভিরুচি হয় না ॥৭৮—৭৯॥

রাজশ্রেষ্ঠ! আমার এই পূর্ব্বাবধারিত সঙ্কল্প শ্রবণ কর—আমি অমঙ্গল-সূচক ধ্বজ দেখিয়া কোন প্রকারেই যুদ্ধ করি না ॥৮০॥

রাজা! তোমার সৈন্যের মধ্যে মহারথ, সমরক্রোধী, বীর ও যুদ্ধবিজয়ী এই যে দ্রুপদপুত্র শিখণ্ডী রহিয়াছে এবং এ যে প্রথমে স্ত্রী হইয়াছিল—পরে পুরুষ হইয়াছে, এই সমস্ত বৃত্তান্ত যথাযথভাবে তোমরাও জান ॥৮১—৮২॥

যুদ্ধসজ্জায় সজ্জিত মহাবীর অর্জ্জুন যুদ্ধে এই শিখণ্ডীকে অগ্রবর্ত্তী করিয়া তীক্ষ্ণ বাণদ্বারা আমাকে আঘাত করিতে থাকিয়া ধাবিত হইবেন ॥৮৩॥

(৭৯)···বিকলে চৈব পুত্রক!। অপস্থতে দুষ্কৃতৌ চ ন যুদ্ধং রোচতে মম—পি। (৮০) ···অসঙ্কল্পধ্বজং দৃষ্ট্বা ন যুধ্যেয়ং কদাচন—নি। (৮৩) অসঙ্কল্পধ্বজে তস্মিন্ · নি।

তদন্তরং সমাসাদ্য পাণ্ডবো মাং ধনঞ্জয়ঃ।
শরৈর্ঘাতয়তু ক্ষিপ্রং সমন্তাদ্ভরতর্ষভ! ॥৮৫॥
ন তং পশ্যামি লোকেষু যো মাং হন্যাৎ সমুদ্যতম্।
ঋতে কৃষ্ণান্মহাভাগাৎ পাণ্ডবাদ্বা ধনঞ্জয়াৎ ॥৮৬॥
এষ তস্মাৎ পুরোধায় পাঞ্চাল্যং তং মমাগ্রতঃ।
আত্তশস্ত্রো রণে যত্তো গৃহীতবরকার্ম্মুকঃ।
মাং পাতয়তু বীভৎসুরেবং তব জয়ো ধ্রুবম্ ॥৮৭॥
এতৎ কুরুষ্ব কৌন্তেয়! যথোক্তং বচনং মম।
ততো জেষ্যসি সংগ্রামে ধার্ত্তরাষ্ট্রান্ সমাগতান্ ॥৮৮॥

ভারতকৌমুদী

তদিতি। অন্তরম্ অবকাশম্। ঘাতয়তু শিখণ্ডিনা ॥৮৫॥

নেতি। সমুদ্যতং যুদ্ধায়েতি শেষঃ। ঋতে বিনা ॥৮৬॥

এষ ইতি। তং শিখণ্ডিনম্। আত্তশস্ত্রো গৃহীতাস্ত্রঃ, যত্তো যত্নবান্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৮৭॥

এতদিতি। বচনং বচনানুরূপং কার্য্যম্। জেষ্যসি মাদৃশপ্রতিপক্ষাভাবাৎ ॥৮৮॥

আমি বাণধারী হইয়াও অমঙ্গল্যধ্বজযুক্ত বিশেষতঃ স্ত্রীপূর্ব্ব সেই শিখণ্ডীর উপরে কোন প্রকারেই প্রহার করিতে ইচ্ছা করিব না ॥৮৪॥

ভরতশ্রেষ্ঠ! সেই অবকাশ পাইয়া পাণ্ডুনন্দন অর্জ্জুন সকল দিক্ হইতে বাণদ্বারা শিখণ্ডীকে দিয়া আমাকে সত্বর সত্বর আঘাত করাইতে থাকিবেন ॥৮৫॥

আমি যুদ্ধে উদ্যত থাকিলে, মহাত্মা কৃষ্ণ ও অর্জ্জুন ব্যতীত যে লোক আমাকে বধ করিতে পারে, তেমন লোক আমি ত্রিভুবনে দেখিতে পাই না ॥৮৬॥

অতএব এই অর্জ্জুন অস্ত্র ও উত্তম ধনু ধারণ করিয়া যুদ্ধে যত্নবান্ হইয়া আমার সম্মুখে সেই শিখণ্ডীকে অগ্রবর্ত্তী করিয়া আমাকে নিপাতিত করুন। এইরূপ করিলেই তোমার নিশ্চিত জয় হইবে ॥৮৭॥

কুন্তীনন্দন! আমার এই উক্তির অনুরূপ কার্য্য কর। তাহা হইলেই যুদ্ধে সমাগত ধার্ত্তরাষ্ট্রগণকে জয় করিতে পারিবে' ॥৮৮॥

---

(৮৫) তদনন্তরমাসাদ্য…পি। (৮৬)…মাং হন্যাদ্যঃ…বা রা নি। (৮৭) পার্থতস্তু পুরোধায় ক্লীবমদ্য মমাগ্রতঃ…নি। (৮৮)…যথোক্তং মম সুব্রত!—বা রা নি।

সঞ্জয় উবাচ।

তেঽনুজ্ঞাতাস্ততঃ পার্থা জগ্মুঃ স্বশিবিরং প্রতি।
অভিবাদ্য মহাত্মানং ভীষ্মং কুরুপিতামহম্ ॥৮৯॥
তথোক্তবতি গাঙ্গেয়ে পরলোকায় দীক্ষিতে।
অর্জ্জুনো দুঃখসন্তপ্তঃ সব্রীড়মিদমব্রবীৎ ॥৯০॥
গুরুণা কুরুবৃদ্ধেন কৃতপ্রজ্ঞেন ধীমতা।
পিতামহেন সংগ্রামে কথং যোদ্ধাস্মি মাধব! ॥৯১॥
ক্রীড়তা হি ময়া বাল্যে বাসুদেব! মহামনাঃ।
পাংশুরূষিতগাত্রেণ মহাত্মা পরুষীকৃতঃ ॥৯২॥
যস্যাহমধিরুহ্যাঙ্কং বালঃ কিল গদাগ্রজ!।
তাতেত্যবোচং পিতরং পিতুঃ পাণ্ডোর্মহাত্মনঃ ॥৯৩॥

ভারতকৌমুদী

ত ইতি। অনুজ্ঞাতা ভীষ্মেণ গন্তুমনুমতাঃ, পার্থাঃ পাণ্ডবাঃ ॥৮৯॥
তথেতি। গাঙ্গেয়ে ভীষ্মে, পরলোকায় পরলোকগমনায়, দীক্ষিতে কৃতসঙ্কল্পে ॥৯০॥
গুরুণেতি। গুরুণা পিতামহত্বাদেব। কৃতপ্রজ্ঞেন অর্জিতজ্ঞানেন ॥৯১॥
ক্রীড়তেতি। পাংশুরূষিতগাত্রেণ ধূলিরঞ্জিতাঙ্গেন, পরুষীকৃতো ধূলিযুক্তীকৃতঃ ॥৯২॥
যস্যেতি। অঙ্কং ক্রোড়ম্। গদো নাম কশ্চিদ্যাদবস্তস্যাগ্রজ! ॥৯৩॥

ভারতভাবদীপঃ

যুধ্যতামিতি ॥১—১৯॥ একত ইতি দ্বিতীয়ান্তাত্তসিঃ। একং কেবলং মৃত্যুমেবাভ্যেতীত্যর্থঃ ॥২০—২২॥ অদ্য ইদানীম্ ॥২৩—৩৯॥ বিপরীতঃ ক্ষুদ্রেষু পরাক্রমী, গতসত্ত্বো

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তাহার পর পাণ্ডবেরা কুরুপিতামহ মহাত্মা ভীষ্মকে অভিবাদন করিয়া তাঁহার অনুমতিক্রমে আপন শিবিরে গমন করিলেন ॥৮৯॥

ভীষ্ম পরলোকে যাইবার জন্য কৃতসঙ্কল্প হইয়া সেইরূপ বলিলে, দুঃখসন্তপ্ত অর্জ্জুন লজ্জার সহিত এইকথা বলিলেন—॥৯০॥

'কৃষ্ণ! গুরু, কুরুকুলবৃদ্ধ, জ্ঞানী ও বুদ্ধিমান্ ভীষ্মের সহিত আমি কি করিয়া সমরাঙ্গনে যুদ্ধ করিব? ॥৯১॥

কেন না, বাসুদেব! আমি বাল্যকালে ধূলিখেলা করিয়া ধূলিরঞ্জিত গাত্রে যাইয়া সেই মহামনা ও মহাত্মাকে ধূলিধূসরদেহ করিয়াছি ॥৯২॥

(৯০) ইতঃ পরম্ 'অর্জ্জুন উবাচ' পি। (৯১) গুরুণা কুলবৃদ্ধেন…বা।

নাহং তাতস্তব পিতুস্তাতোঽস্মি তব ভারত !।
ইতি মামব্রবীদ্বাল্যে যঃ স বধ্যঃ কথং ময়া ॥৯৪॥
কামং বধ্যতু সৈন্যং মে নাহং যোৎস্যে মহাত্মনা।
জয়ো বাস্তু বধো বা মে কথং বা কৃষ্ণ ! মন্যসে ॥৯৫॥

বাসুদেব উবাচ।

প্রতিজ্ঞায় বধং জিষ্ণো ! পুরা ভীষ্মস্য সংযুগে।
ক্ষত্রধর্ম্মে স্থিতঃ পার্থ ! কথং নৈনং হনিষ্যসি ॥৯৬॥
পাতয়ৈনং রথাৎ পার্থ ! ক্ষত্রিয়ং যুদ্ধদুর্ম্মদম্।
নাহত্বা যুধি গাঙ্গেয়ং বিজয়স্তে ভবিষ্যতি ॥৯৭॥
দৃষ্টমেতৎ পুরা দেবৈর্গমিষ্যতি যমক্ষয়ম্।
যদ্দৃষ্টং হি পুরা পার্থ ! তত্তথা ন তদন্যথা ॥৯৮॥

ভারতকৌমুদী

নেতি। অহং তব তাতো ন, অপি তু তব পিতুস্তাতো জ্যেষ্ঠতাতোঽস্মি। এতদ্রহস্যং পাণ্ডবানাং জন্মস্থানে ভীষ্মস্য গতৌ বোধ্যম্। অতো ন "পাণ্ডবানামিহায়ুষ্যম্" ইত্যাদ্যাদি-পর্বোক্তিবিরোধ ইতি দিক্ ॥৯৪॥

কামমিতি। কামং যথেষ্টম্, বধ্যতু ভীষ্মেণ বধ্যতাম্। মহাত্মনা ভীষ্মেণ ॥৯৫॥

প্রতিজ্ঞায়েতি। হে জিষ্ণো ! অর্জ্জুন ! পুরা যুদ্ধোদ্যোগকালে ॥৯৬॥

পাতয়েতি। ক্ষত্রিয়মিত্যনেন তস্য যুদ্ধে হননে ন দোষ ইতি সূচিতম্ ॥৯৭॥

কৃষ্ণ ! আমি বাল্যকালে যাঁহার কোলে উঠিয়া মহাত্মা পিতা পাণ্ডুর পিতৃপর্য্যায়কে 'পিতা' এইরূপ বলিতাম ॥৯৩॥

তখন যিনি আমাকে এইরূপ বলিতেন—যে 'ভরতনন্দন ! আমি তোমার পিতা নহি—তোমার পিতার পিতা'। আমি তাঁহাকে কি করিয়া বধ করিব ? ॥৯৪॥

অতএব তিনি ইচ্ছানুসারে আমার সৈন্য বধ করেন করুন ; আমি সেই মহাত্মার সঙ্গে যুদ্ধ করিব না। ইহাতে আমার জয়ই হউক, বা বধই হউক। কৃষ্ণ ! তুমিই বা এ বিষয়ে কি মনে কর ?' ॥৯৫॥

কৃষ্ণ বলিলেন—'পৃথানন্দন অর্জ্জুন ! তুমি পূর্ব্বে যুদ্ধে ভীষ্মবধের প্রতিজ্ঞা করিয়া ক্ষত্রিয়ধর্ম্মে থাকিয়া এখন উঁহাকে বধ করিবে না কেন ? ॥৯৬॥

অতএব অর্জ্জুন ! তুমি, যুদ্ধদুর্দ্ধর্ষ ঐ ক্ষত্রিয়কে রথ হইতে নিপাতিত কর। কারণ, ভীষ্মকে বধ না করিয়া যুদ্ধে তোমার জয় হইবে না ॥৯৭॥

(৯৮) দৃষ্টমেতৎ পুরা দেবৈর্ভবিষ্যত্যবশস্য তে···নি।

ন হি ভীষ্মং দুরাধর্ষং ব্যাত্তাননমিবান্তকম্ ।
ত্বদন্যঃ শক্নুয়াদ্ধন্তুমপি বজ্রধরঃ স্বয়ম্ ॥৯৯॥
জহি ভীষ্মং স্থিরো ভূত্বা শৃণু চেদং বচো মম ।
যথোবাচ পুরা শক্রং মহাবুদ্ধির্বৃহস্পতিঃ ॥১০০॥
জ্যায়াংসমপি চেদ্বৃদ্ধং গুণৈরপি সমন্বিতম্ ।
আততায়িনমায়ান্তং হন্যাদ্ঘাতকমাত্মনঃ ॥১০১॥
শাশ্বতোঽয়ং স্থিতো ধর্ম্মঃ ক্ষত্রিয়াণাং ধনঞ্জয় ! ।
যোদ্ধব্যং রক্ষিতব্যঞ্চ যষ্টব্যঞ্চানসূয়ুভিঃ ॥১০২॥

অর্জ্জুন উবাচ ।

শিখণ্ডী নিধনং কৃষ্ণ ! ভীষ্মস্য ভবিতা ধ্রুবম্ ।
দৃষ্ট্বৈব হি সদা ভীষ্মঃ পাঞ্চাল্যং বিনিবর্ত্ততে ॥১০৩॥

ভারতকৌমুদী

দৃষ্টমিতি । দৃষ্টং সর্বজ্ঞতয়া জ্ঞাতম্, গমিষ্যতি ভীষ্ম ইতি শেষঃ ॥৯৮॥
নেতি । ব্যাত্তাননং প্রকটিতবদনম্ । বজ্রধর ইন্দ্রঃ ॥৯৯॥
স্বাভিপ্রেতবিষয়ে প্রমাণং বক্তুমাহ জহীতি । শক্রমিন্দ্রম্ ॥১০০॥
জ্যায়াংসমিতি । ষড়্বিধাততায়িমধ্যে আত্মনো ঘাতকরূপমাততায়িনমিত্যর্থঃ ॥১০১॥
শাশ্বত ইতি । শাশ্বতো নিত্যঃ । যষ্টব্যো যাগঃ কর্ত্তব্যঃ ॥১০২॥

(আর এক কথা—) অর্জুন ! দেবতারা পূর্বেই ইহা জানিয়াছেন যে, ভীষ্ম যমালয়ে যাইবেন । সুতরাং তাঁহারা পূর্ব্বে যাহা জানিয়াছেন, তাহা সেইরূপই হইবে, তাহার অন্যরূপ হইবে না ॥৯৮॥

অর্জুন ! তুমি ভিন্ন স্বয়ং ইন্দ্রও, প্রকটিতবদন যমের ন্যায় দুর্দ্ধর্ষ ভীষ্মকে বধ করিতে সমর্থ হইবেন না ॥৯৯॥

সুতরাং তুমি স্থির হইয়া ভীষ্মকে বধ কর । পূর্ব্বকালে মহাবুদ্ধি বৃহস্পতি ইন্দ্রকে যাহা বলিয়াছিলেন, আমার নিকট সেই কথা শ্রবণ কর—॥১০০॥

'কেহ যদি জ্যেষ্ঠ, বৃদ্ধ ও গুণসমন্বিত হইয়াও নিজের হন্তা আততায়িরূপে আসিতে থাকে, তবে মানুষ তাহাকে বধ করিবে' ॥১০১॥

অর্জুন ! (আর এক কথা—) ক্ষত্রিয়গণের ইহাই চিরন্তন ধর্ম্ম রহিয়াছে যে, ক্ষত্রিয়েরা যুদ্ধ করিবেন, রক্ষা করিবেন এবং অসূয়াশূন্য হইয়া যজ্ঞ করিবেন' ॥১০২॥

---

(৯৯)…ত্বদন্য. শক্নুয়াদ্যোদ্ধুম্…বা রা নি ।

তে বয়ং প্রমুখে তস্য পুরস্কৃত্য শিখণ্ডিনম্।
গাঙ্গেয়ং পাতয়িষ্যাম উপায়েনেতি মে মতিঃ ॥১০৪॥
অহমন্যান্ মহেষ্বাসান্ বারয়িষ্যামি সায়কৈঃ।
শিখণ্ডাপি যুধাং শ্রেষ্ঠং ভীষ্মমেব হি যোধয়েৎ ॥১০৫॥
শ্রুতং মে কুরুমুখ্যস্য নাহং হন্যাং শিখণ্ডিনম্।
কন্যা হ্যেষা পুরা ভূত্বা পুরুষঃ সমপদ্যত ॥১০৬॥
অর্জ্জুনস্য বচঃ শ্রুত্বা ভীষ্মস্য বধসংযুতম্।
জহৃষুর্হৃষ্টরোমাণঃ সকৃষ্ণাঃ পাণ্ডবাস্তদা ॥১০৭॥

ভারতকৌমুদী

শিখণ্ডীতি। নিধনং নিধনকারণম্। হি যস্মাৎ, পাঞ্চাল্যং শিখণ্ডিনম্ ॥১০৩॥
ত ইতি। প্রমুখে সম্মুখে, তস্য ভীষ্মস্য। গাঙ্গেয়ং ভীষ্মম্, উপায়েন কৌশলেন ॥১০৪॥
অহমিতি। অন্যান্ ভীষ্মস্য রক্ষণার্থমাগতান্, মহেষ্বাসান্ মহাধনুর্দ্ধরান্ ॥১০৫॥
শ্রুতমিতি। মে মম, কুরুমুখ্যস্য ভীষ্মস্য মুখাৎ শ্রুতমাসীদিতি শেষঃ ॥১০৬॥
অর্জ্জুনস্যেতি। বধসংযুতং বধসম্বন্ধং বধবিষয়কমিত্যর্থঃ ॥১০৭॥

ভারতভাবদীপঃ

গতবুদ্ধিঃ ॥৪০—৯১॥ পরুষীকৃতঃ রুক্ষীকৃতঃ ॥৯২—৯৬॥ যুদ্ধদুর্ম্মদং যুদ্ধোৎসুকম্ ॥৯৭॥ গমিষ্যতি যমক্ষয়ং ভীষ্ম ইতি শেষঃ ॥৯৮—১০০॥ আততায়িনমিত্যস্য ঘাতকমিতি বিশেষণমন্যেভ্য আততায়িভ্যো ব্যবচ্ছেদায়োক্তম্ ॥১০১—১০২॥ নিধনং নিধনহেতুঃ ॥১০৩—১০৮॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১০৩॥

অর্জ্জুন বলিলেন—'কৃষ্ণ! নিশ্চয়ই শিখণ্ডী ভীষ্মের মৃত্যুর কারণ হইবেন। কেন না, ভীষ্ম শিখণ্ডীকে দেখিয়াই সর্ব্বদা নিবৃত্তি পাইয়া থাকেন ॥১০৩॥

অতএব আমরা ভীষ্মের সম্মুখে শিখণ্ডীকে অগ্রবর্ত্তী করিয়া যাইয়া কৌশলক্রমে তাঁহাকে নিপাতিত করিব, ইহাই আমার ইচ্ছা ॥১০৪॥

আমি বাণদ্বারা অন্য মহাধনুর্দ্ধরদিগকে নিবারণ করিতে থাকিব; আর শিখণ্ডী যোদ্ধৃশ্রেষ্ঠ ভীষ্মের সহিতই যুদ্ধ করিবেন ॥১০৫॥

আমি, কৌরবশ্রেষ্ঠ ভীষ্মের নিকট শুনিয়াছি যে, 'আমি শিখণ্ডীকে বধ করিব না। কারণ, এ—পূর্ব্বে স্ত্রী হইয়া পরে পুরুষ হইয়াছে' ॥১০৬॥

ভীষ্মের বধবিষয়ে অর্জ্জুনের বাক্য শুনিয়া কৃষ্ণের সহিত পাণ্ডবেরা তখন রোমাঞ্চিতদেহ ও আনন্দিত হইলেন ॥১০৭॥

---

(১০৫)—ভীষ্মমেবাভিযোধয়েৎ—বা রা নি। (১০৬) শ্রুতং হি কুরুমুখ্যস্য··· বা রা নি। (১০৭) অয়ং শ্লোকঃ পি বা ব রা নাস্তি।

ইত্যেবং নিশ্চয়ং কৃত্বা পাণ্ডবাঃ সহমাধবাঃ।
অনুমান্য মহাত্মানং প্রযযুর্হৃষ্টমানসাঃ।
শয়নানি মহার্হাণি ভেজিরে পুরুষর্ষভাঃ ॥১০৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে নবমদিবসাবহারোত্তরমন্ত্রে ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

চতুরধিকশততমোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

কথং শিখণ্ডী গাঙ্গেয়মভ্যবর্ত্তত সংযুগে।
পাণ্ডবাশ্চ কথং ভীষ্মং তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥১॥

সঞ্জয় উবাচ।

ততঃ প্রভাতে বিমলে সূর্য্যস্যোদয়নং প্রতি।
তাড্যমানাসু ভেরীষু মৃদঙ্গেষ্বানকেষু চ ॥২॥

ভারতকৌমুদী

ইতীতি। অনুমান্য সম্মান্য, মহাত্মানং ভীষ্মম্। শয়নানি শয্যাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১০৮॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

কথমিতি। ভীষ্মম্ অভ্যবর্ত্তন্তেতি বিভক্তিবিপরিণামেনানুবৃত্তিঃ ॥১॥

কৃষ্ণের সহিত পুরুষশ্রেষ্ঠ পাণ্ডবেরা এইরূপ নিশ্চয় করিয়া, মহাত্মা ভীষ্মকে সম্মান দেখাইয়া, হৃষ্টচিত্তে প্রস্থান করিলেন এবং যাইয়া আপন আপন মহামূল্য শয্যা গ্রহণ করিলেন' ॥১০৮॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! শিখণ্ডী কি ভাবে যুদ্ধে ভীষ্মের অভিমুখে গেলেন, পাণ্ডবেরাই বা কি ভাবে তাঁহার অভিমুখবর্ত্তী হইলেন, তাহা আমার নিকট বল' ॥১॥

---

(১০৮)···শয়নানি যথাস্থানি···রা নি। শেষপাদদ্বয়ং বা নাস্তি। * '···অষ্টোত্তরশততমোঽধ্যায়ঃ' বা, 'সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ' রা নি।

ধ্মায়মানেষু শঙ্খেষু পাণ্ডরেষু সমন্ততঃ।
শিখণ্ডিনং পুরস্কৃত্য নির্যাতাঃ পাণ্ডবা যুধি ॥৩॥
কৃত্বা ব্যূহং মহারাজ! সর্বশত্রুনিবর্হণম্।
শিখণ্ডী সর্বসৈন্যানামগ্র আসীদ্বিশাংপতে! ॥৪॥ (বিশেষকম্)
চক্ররক্ষৌ ততস্তস্য ভীমসেনধনঞ্জয়ৌ।
পৃষ্ঠতো দ্রৌপদেয়াশ্চ সৌভদ্রশ্চৈব বীর্য্যবান্ ॥৫॥
সাত্যকিশ্চেকিতানশ্চ তেষাং গোপ্তা মহারথঃ।
ধৃষ্টদ্যুম্নস্ততঃ পশ্চাৎ পাঞ্চালৈরভিরক্ষিতঃ ॥৬॥
ততো যুধিষ্ঠিরো রাজা যমাভ্যাং সহিতঃ প্রভুঃ।
প্রযযৌ সিংহনাদেন নাদয়ন্ ভরতর্ষভ! ॥৭॥

ভারতকৌমুদী

তত ইতি। উদয়নং প্রতি উদয়কালে। ধ্মায়মানেষু বায়ুভিঃ পূর্য্যমাণেষু, পাণ্ডরেষু শুভ্রেষু। নির্যাতাঃ শিবিরেভ্যঃ। সর্ব্বেষাং শত্রূণাং নিবর্হণং বিজয়করম্ ॥২—৪॥

চক্রেতি। চক্ররক্ষৌ অভবতামিতি শেষঃ। সৌভদ্রোঽভিমন্যুঃ ॥৫॥

সাত্যকিরিতি। গোপ্তা রক্ষক আসীৎ। ধৃষ্টদ্যুম্নশ্চ গোপ্তাভূৎ ॥৬॥

তত ইতি। যমাভ্যাং নকুলসহদেবাভ্যাম্। নাদয়ন্ সমরদেশম্ ॥৭॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ নরনাথ! তাহার পর নির্ম্মল প্রভাতকাল ও সূর্য্যোদয় হইলে এবং সকল দিকে ভেরী, মৃদঙ্গ ও আনক বাজাইতে লাগিলে, আর শুভ্রবর্ণ-শঙ্খধ্বনি হইতে থাকিলে, পাণ্ডবেরা সর্বশত্রুবিজয়ী ব্যূহ রচনা করিয়া শিখণ্ডীকে তাহার সম্মুখে রাখিয়া শিবির হইতে সমরাঙ্গনে নির্গত হইলেন। তখন শিখণ্ডী সমস্ত সৈন্যের অগ্রে থাকিলেন ॥২—৪॥

তৎপরে ভীম ও অর্জুন শিখণ্ডীর চক্ররক্ষক হইলেন এবং দ্রৌপদীর পুত্রগণ ও বলবান্ অভিমন্যু তাঁহাদের পৃষ্ঠবর্ত্তী রহিলেন ॥৫॥

মহারথ সাত্যকি ও চেকিতান আবার তাঁহাদের রক্ষক হইলেন এবং তাঁহাদের পশ্চাতে পাঞ্চালগণে অভিরক্ষিত হইয়া ধৃষ্টদ্যুম্ন থাকিলেন ॥৬॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর প্রভাবশালী রাজা যুধিষ্ঠির—নকুল ও সহদেবের সহিত মিলিত হইয়া সিংহনাদে সমরভূমি নিনাদিত করিতে থাকিয়া গমন করিতে লাগিলেন ॥৭॥

(৩) ধ্মায়ৎসু দধিবর্ণেষু জলজেষু সমন্ততঃ···পি রা, ধ্মায়ৎসু দধিবর্ণেষু জলজেষু সমন্ততঃ···বা।

বিরাটস্তু ততঃ পশ্চাৎ স্বেন সৈন্যেন সংবৃতঃ।
দ্রুপদশ্চ মহাবাহো! ততঃ পশ্চাদুপাদ্রবৎ ॥৮॥
কেকয়া ভ্রাতরঃ পঞ্চ ধৃষ্টকেতুশ্চ বীর্য্যবান্।
জঘনং পালয়ামাসুঃ পাণ্ডুসৈন্যস্য ভারত! ॥৯॥
এবং ব্যূহ্য মহাসৈন্যং পাণ্ডবাস্তব বাহিনীম্।
অভ্যদ্রবন্ত সংগ্রামে ত্যক্ত্বা জীবিতমাত্মনঃ ॥১০॥
তথৈব কুরবো রাজন্! ভীষ্মং কৃত্বা মহারথম্।
অগ্রতঃ সর্বসৈন্যানাং প্রযযুঃ পাণ্ডবান্ প্রতি ॥১১॥
পুত্রৈস্তব দুরাধর্ষৈ রক্ষিতঃ সুমহাবলৈঃ।
ততো দ্রোণো মহেষ্বাসঃ পুত্রশ্চাস্য মহাবলঃ ॥১২॥

ভারতকৌমুদী

বিরাট ইতি। স্বেন স্বকীয়েন। উপাদ্রবৎ কৌরবসেনামভ্যধাবৎ ॥৮॥
কেকয়া ইতি। জঘনং পশ্চাদ্ভাগম্, পাণ্ডুসৈন্যস্য পাণ্ডবসেনায়াঃ ॥৯॥
এবমিতি। অভ্যদ্রবন্ত অভ্যধাবন্। জীবিতং জীবনাশাম্ ॥১০॥
তথেতি। কুরবঃ কৌরবপক্ষীয়া যোদ্ধারঃ ॥১১॥
পুত্রৈরিতি। রক্ষিতো ভীষ্মো যযাবিতি শেষঃ। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ ॥১২॥

মহাবাহু! তদনন্তর বিরাটরাজা আপন সৈন্যে পরিবেষ্টিত হইয়া যুধিষ্ঠিরের পশ্চাতে যাইতে থাকিলেন এবং তাঁহার পশ্চাতে দ্রুপদরাজা চলিলেন ॥৮॥

আর ভরতনন্দন! কেকয়দেশীয় পঞ্চ ভ্রাতা ও বলবান্ ধৃষ্টকেতু পাণ্ডব-সৈন্যের পশ্চাদ্ভাগ রক্ষা করিতে লাগিলেন ॥৯॥

রাজা! পাণ্ডবেরা এইভাবে আপন সৈন্যদিগকে ব্যূহরূপে সন্নিবেশিত করিয়া এবং আপন আপন জীবনের আশা ছাড়িয়া দিয়া আপনার সৈন্যের দিকে ধাবিত হইলেন ॥১০॥

রাজা! কৌরবেরাও সেইভাবেই মহারথ ভীষ্মকে সমস্ত সৈন্যের অগ্রবর্ত্তী করিয়া পাণ্ডবগণের প্রতি চলিলেন ॥১১॥

তখন আপনার মহাবল ও দুর্দ্ধর্ষ পুত্রেরা ভীষ্মকে রক্ষা করিতে লাগিলেন। তাঁহাদের পশ্চাতে মহাধনুর্দ্ধর দ্রোণ ও তাঁহার মহাবল পুত্র অশ্বত্থামা রহিলেন ॥১২॥

(৯) জঘনং পালয়ামাসুঃ পাণ্ডবেয়শ্চ রাক্ষসঃ—নি। (১২)…দুরাধর্ষঃ…রা নি।

ভগদত্তস্ততঃ পশ্চাদ্‌গজানীকেন সংবৃতঃ।
কৃপশ্চ কৃতবর্ম্মা চ ভগদত্তমনুব্রতৌ ॥১৩॥
কাম্বোজরাজো বলবাংস্ততঃ পশ্চাৎ সুদক্ষিণঃ।
মাগধশ্চ জয়ৎসেনঃ সৌবলশ্চ বৃহদ্বলঃ ॥১৪॥
তথৈবান্যে মহেষ্বাসাঃ সুশর্ম্মপ্রমুখা নৃপাঃ।
জঘনং পালয়ামাসুস্তব সৈন্যস্য ভারত! ॥১৫॥
দিবসে দিবসে প্রাপ্তে ভীষ্মঃ শান্তনবো যুধি।
আসুরানকরোদ্‌ব্যূহান্ পৈশাচানথ রাক্ষসান্ ॥১৬॥
ততঃ প্রববৃতে যুদ্ধং তব তেষাঞ্চ ভারত!।
অন্যোন্যং নিঘ্নতাং রাজন্! যমরাষ্ট্রবিবর্দ্ধনম্ ॥১৭॥
অর্জ্জুনপ্রমুখাঃ পার্থাঃ পুরস্কৃত্য শিখণ্ডিনম্।
ভীষ্মং যুদ্ধেঽভ্যবর্ত্তন্ত কিরন্তো বিবিধান্ শরান্ ॥১৮॥

ভারতকৌমুদী

ভগদত্ত ইতি। গজানীকেন হস্তিসৈন্যেন। অনুব্রতৌ অনুসৃতৌ ॥১৩॥
কাম্বোজেতি। মাগধো মগধরাজঃ, সৌবলঃ শকুনিঃ ॥১৪॥
তথেতি। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ। জঘনং পশ্চাদ্ভাগম্ ॥১৫॥
দিবস ইতি। আসুরান্ অসুররীত্যা সন্নিবেশিতান্। এবমন্যত্র ॥১৬॥
তত ইতি। তব সৈন্যানাম্, তেষাং পাণ্ডবসৈন্যানাঞ্চ ॥১৭॥
অর্জ্জুনেতি। পার্থাঃ পাণ্ডবাঃ। কিরন্তো নিক্ষিপন্তঃ ॥১৮॥

তৎপরে হস্তিসৈন্য পরিবেষ্টিত ভগদত্ত চলিলেন এবং তাঁহার পশ্চাতে কৃপ ও কৃতবর্ম্মা যাইতে লাগিলেন ॥১৩॥

তৎপরে বলবান্ কাম্বোজরাজ সুদক্ষিণ, মগধরাজ জয়ৎসেন, সুবলপুত্র শকুনি ও বৃহদ্বল চলিলেন ॥১৪॥

ভরতনন্দন! সেইরূপই সুশর্ম্মপ্রভৃতি অন্যান্য মহাধনুর্দ্ধর রাজারা আপনার সৈন্যের পশ্চাদ্ভাগ রক্ষা করিতে থাকিলেন ॥১৫॥

শান্তনুনন্দন ভীষ্ম ভিন্ন ভিন্ন দিনে যুদ্ধে আসুর, পৈশাচ ও রাক্ষস ব্যূহ রচনা করিতেন ॥১৬॥

ভরতনন্দন রাজা! তাহার পর পরস্পর প্রহারকারী আপনার সৈন্য ও পাণ্ডবসৈন্যগণের যমরাজ্যবিবর্দ্ধক যুদ্ধ লাগিয়া গেল ॥১৭॥

(১৩)…গজানীকেষু…পি। (১৫) তথেতরে মহেষ্বাসাঃ…পি।

তত্র ভারত ! ভীমেন তাড়িতাস্তাবকাঃ শরৈঃ ।
রুধিরৌঘপরিক্লিন্নাঃ পরলোকং যযুস্তদা ॥১৯॥
নকুলঃ সহদেবশ্চ সাত্যকিশ্চ মহারথঃ ।
তব সৈন্যং সমাসাদ্য পীড়য়ামাসুরোজসা ॥২০॥
তে বধ্যমানাঃ সমরে তাবকা ভরতর্ষভ ! ।
নাশক্নুবন্ বারয়িতুং পাণ্ডবানাং মহদ্বলম্ ॥২১॥
ততস্তু তাবকং সৈন্যং বধ্যমানং সমন্ততঃ ।
সংপ্রাদ্রবদ্দশ দিশঃ কাল্যমানং মহারথৈঃ ॥২২॥
ত্রাতারং নাধ্যগচ্ছন্ত তাবকা ভরতর্ষভ ! ।
বধ্যমানাঃ শিতৈর্বাণৈঃ পাণ্ডবৈঃ সহ সৃঞ্জয়ৈঃ ॥২৩॥

ভারতকৌমুদী

তত্রেতি। তাবকাঃ তব সৈন্যাঃ। রুধিরৌঘেন পরিক্লিন্নাঃ সিক্তদেহাঃ ॥১৯॥
নকুল ইতি। সমাসাদ্য প্রাপ্য। ওজসা বলেন ॥২০॥
ত ইতি। তাবকাঃ তব পক্ষীয়া যোদ্ধারঃ। মহদ্বলং বিশালং সৈন্যম্ ॥২১॥
তত ইতি। সংপ্রাদ্রবং পলায়ত। কাল্যমানং মর্দ্দ্যমানম্ ॥২২॥
ত্রাতারমিতি। নাধ্যগচ্ছন্ত নালভন্ত। শিতৈঃ শিলাশাণিতৈঃ ॥২৩॥

অর্জ্জুনপ্রভৃতি পাণ্ডবেরা শিখণ্ডীকে অগ্রবর্ত্তী করিয়া নানাবিধ বাণক্ষেপ করিতে থাকিয়া সমরাঙ্গনে ভীষ্মের দিকে ধাবিত হইলেন ॥১৮॥

ভরতনন্দন ! তখন ভীমকর্ত্তৃক বাণদ্বারা তাড়িত আপনার সৈন্যেরা রক্ত-সিক্তগাত্র হইয়া পরলোকে গমন করিতে লাগিল ॥১৯॥

নকুল, সহদেব ও মহারথ সাত্যকি অগ্রসর হইয়া বলপূর্ব্বক আপনার সৈন্য পীড়ন করিতে থাকিলেন ॥২০॥

ভরতশ্রেষ্ঠ ! আপনার পক্ষের সেই যোদ্ধারা যুদ্ধে বধ্যমান হইতে থাকিয়া পাণ্ডবগণের সেই বিশাল সৈন্য বারণ করিতে সমর্থ হইলেন না ॥২১॥

তাহার পর আপনার সৈন্য সকল দিক্ হইতে মহারথগণকর্ত্তৃক বধ্যমান ও মর্দ্দ্যমান হইতে থাকিয়া দশ দিকে পলায়ন করিতে লাগিল ॥২২॥

ভরতশ্রেষ্ঠ ! পাণ্ডবগণ ও সৃঞ্জয়গণ তীক্ষ্ণ বাণদ্বারা বধ করিতে লাগিলে, আপনার সৈন্যেরা রক্ষক পাইল না ॥২৩॥

---

(২০)…তব সৈন্যং সমাশ্রিত্য…পি।

ধৃতরাষ্ট্র উবাচ।

পীড্যমানং বলং দৃষ্ট্বা পার্থৈর্ভীষ্মঃ পরাক্রমী।
যদকার্ষীদ্রণে ক্রুদ্ধস্তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥২৪॥
কথং বা পাণ্ডবান্ যুদ্ধে প্রত্যুদ্যাতঃ পরন্তপঃ।
বিনিঘ্নন্ সোমকান্ বীরস্তদাচক্ষ্ব মমানঘ! ॥২৫॥

সঞ্জয় উবাচ।

আচক্ষে তে মহারাজ! যদকার্ষীৎ পিতা তব।
পীড়িতে তব পুত্রস্য সৈন্যে পাণ্ডবসৃঞ্জয়ৈঃ ॥২৬॥
প্রহৃষ্টমনসঃ শূরাঃ পাণ্ডবাঃ পাণ্ডুপূর্ব্বজ!।
অভ্যবর্ত্তন্ত নিঘ্নন্তস্তব পুত্রস্য বাহিনীম্ ॥২৭॥
তং বিনাশং মনুষ্যেন্দ্র! নরবারণবাজিনাম্।
নাম্বৃষ্যত তদা ভীষ্মঃ সৈন্যঘাতং রণে পরৈঃ ॥২৮॥

ভারতকৌমুদী

পীড্যেতি। বলং কৌরবসৈন্যম, পার্থৈঃ পাণ্ডবৈঃ ॥২৪॥
কথমিতি। কথং কেন প্রকারেণ। বীরো ভীষ্মঃ। হে অনঘ! নিষ্পাপ! ॥২৫॥
আচক্ষ ইতি। আচক্ষে ব্রবীমি, তে তবাস্তিকে। পুত্রস্য দুর্য্যোধনস্য ॥২৬॥
প্রহৃষ্টেতি। প্রহৃষ্টমনসঃ প্রহার্য্যবীরলাভাৎ। অভ্যবর্ত্তন্ত অভ্যধাবন্ ॥২৭॥
তমিতি। নরাঃ সৈন্যেতরে কর্ম্মকরাস্তেষাং বারণবাজিনাঞ্চ বিনাশং সৈন্যঘাতঞ্চ ॥২৮॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! পাণ্ডবেরা কৌরবসৈন্য পীড়ন করিতে থাকিলে, তাহা দেখিয়া পরাক্রমশালী ভীষ্ম ক্রুদ্ধ হইয়া যুদ্ধে যাহা করিয়াছিলেন, তাহা আমার নিকট বল ॥২৪॥

নিষ্পাপ সঞ্জয়! শত্রুসন্তাপকারী বীর ভীষ্ম সোমকদিগকে সংহার করিতে থাকিয়া কিভাবে পাণ্ডবগণের দিকে ধাবিত হইলেন, তাহাও আমার নিকট বল' ॥২৫॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! পাণ্ডবগণ ও সৃঞ্জয়গণ আপনার পুত্রের সৈন্য পীড়ন করিতে লাগিলে, আপনার জ্যেষ্ঠতাত যাহা করিলেন, তাহা আপনার নিকট বলিতেছি ॥২৬॥

পাণ্ডুপূর্ব্বজ! বীর পাণ্ডবেরা হৃষ্টচিত্ত হইয়া আপনার পুত্রের সৈন্য বিনাশ করিতে থাকিয়া অগ্রসর হইতে লাগিলেন ॥২৭॥

(২৫) কথং বা পাণ্ডবা যুদ্ধে প্রত্যুদ্যাতাঃ পরন্তপাঃ। নিঘ্নন্তো মামকান্ বীরাংস্তন্মমাচক্ষ্ব সঞ্জয়!—নি।

স পাণ্ডবান্ মহেষ্বাসঃ পাঞ্চালাংশ্চৈব সৃঞ্জয়ান্।
নারাচৈর্বৎসদন্তৈশ্চ শিতৈরঞ্জলিকৈস্তথা ॥২৯॥
অভ্যবর্ত্তত দুর্দ্ধর্ষস্ত্যক্ত্বা জীবিতমাত্মনঃ।
স পাণ্ডবানাং প্রবরান্ পঞ্চ রাজন্! মহারথান্ ॥৩০॥
আত্তশস্ত্রো রণে যত্নাদ্বারয়ামাস সায়কৈঃ।
নানাশস্ত্রাস্ত্রবর্ষৈস্তান্ বীর্য্যামর্ষপ্রবেপিতৈঃ ॥৩১॥ (বিশেষকম্)
নিজঘ্নে সমরে ক্রুদ্ধো হস্ত্যশ্বং চামিতং বহু।
রথিনোঽপাতয়দ্রাজন্! রথেভ্যঃ পুরুষর্ষভঃ ॥৩২॥
সাদিনশ্চাশ্বপৃষ্ঠেভ্যঃ পাদাতাংশ্চ সমাগতান্।
গজারোহান্ গজেভ্যশ্চ পরেষাং জয়কারিণঃ ॥৩৩॥ (যুগ্মকম্)
তমেকং সমরে ভীষ্মং ত্বরমাণং মহারথম্।
পাণ্ডবাঃ সমবর্ত্তন্ত বজ্রহস্তমিবাসুরাঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

স ইতি। তাড়য়ন্নিতি শেষঃ। জীবিতং জীবনাশাম্। আত্তশস্ত্রো গৃহীতাস্ত্রঃ। বীর্য্যামর্ষাভ্যাং বলক্রোধাভ্যাং প্রবেপিতৈঃ সঞ্চালিতৈঃ ক্ষিপ্তৈরিতি যাবৎ ॥২৯—৩১॥

নিজঘ্ন ইতি। হস্তিনশ্চ অশ্বাশ্চেতি হস্ত্যশ্বং সেনাঙ্গত্বাদ্বহুত্বে সমাহারদ্বন্দ্বৈকবদ্ভাবঃ। পুরুষর্ষভো ভীষ্মঃ। সাদিন আরোহিণঃ ॥৩২—৩৩॥

তমিতি। ভীষ্মং প্রতি। সমবর্ত্তন্ত যোদ্ধুমধাবন্, বজ্রহস্তমিন্দ্রম্ ॥৩৪॥

নরনাথ! তখন বিপক্ষকর্ত্তৃক স্বপক্ষের মানুষ, হস্তী ও অশ্বের বিনাশ এবং সৈন্যসংহার ভীষ্ম সহ্য করিলেন না ॥২৮॥

সুতরাং রাজা! মহাধনুর্দ্ধর ও দুর্দ্ধর্ষ ভীষ্ম নিজের জীবনের আশা ত্যাগ করিয়া নিশিত নারাচ, বৎসদন্ত ও অঞ্জলিকদ্বারা পাণ্ডব, পাঞ্চাল ও সৃঞ্জয়গণকে তাড়ন করিতে করিতে ধাবিত হইলেন এবং অস্ত্রধারী ভীষ্ম বলে ও ক্রোধে নিক্ষিপ্ত বাণ ও নানাবিধ অন্যান্য শস্ত্রাস্ত্রদ্বারা যত্নপূর্ব্বক যুদ্ধে পাণ্ডবপক্ষের পাঁচ জন শ্রেষ্ঠ মহারথকে বারণ করিলেন ॥২৯—৩১॥

রাজা! ক্রমে পুরুষশ্রেষ্ঠ ভীষ্ম ক্রুদ্ধ হইয়া যুদ্ধে পাণ্ডবপক্ষের অপরিমিত হস্তী ও অশ্ব বধ করিলেন এবং রথ হইতে রথীদিগকে, অশ্বপৃষ্ঠ হইতে অশ্বারোহিগণকে, সমাগত পদাতিসমূহকে, আর গজপৃষ্ঠ হইতে শত্রুবিজয়ী গজারোহীদিগকে নিপাতিত করিলেন ॥৩২—৩৩॥

(৩১)···বীর্য্যামর্ষপ্রবেপিতৈঃ—বা রা নি। (৩২)···পুরুষর্ষভ!—রা নি।

CENTRAL LIBRARY

শক্রাশনিসমস্পর্শান্ বিমুঞ্চন্ নিশিতান্ শরান্।
দিক্ষ্বদৃশ্যত সর্বাসু ঘোরং সন্ধারয়ন্ বপুঃ ॥৩৫॥
মণ্ডলীভূতমেবাস্য নিত্যং ধনুরদৃশ্যত।
সংগ্রামে যুধ্যমানস্য শক্রচাপোপমং মহৎ ॥৩৬॥
তদ্দৃষ্ট্বা সমরে কর্ম্ম পুত্রাস্তব বিশাংপতে!।
বিস্ময়ং পরমং গত্বা পিতামহমপূজয়ন্ ॥৩৭॥
পার্থা বিমনসো ভূত্বা প্রৈক্ষন্ত পিতরং তব।
যুধ্যমানং রণে শূরং বিপ্রচিত্তিমিবামরাঃ।
ন চৈকং বারয়ামাসুর্ব্যাত্তাননমিবান্তকম্ ॥৩৮॥
দশমেঽহনি সংপ্রাপ্তে রথানীকং শিখণ্ডিনঃ।
অদহন্নিশিতৈর্বাণৈঃ কৃষ্ণবর্ত্মেব কাননম্ ॥৩৯॥

ভারতকৌমুদী

শক্রেতি। সর্বাসু দিক্ষ্বদৃশ্যত ভীষ্মঃ, সারথে রথচালননৈপুণ্যাদিতি ভাবঃ ॥৩৫॥

মণ্ডলীতি। মণ্ডলীভূতম্ অনবরতাকর্ষণাদ্গোলাকারীভূতম্, নিত্যং সর্বদা ॥৩৬॥

তদিতি। গত্বা প্রাপ্য, পিতামহং ভীষ্মম্, অপূজয়ন্ প্রাশংসন্ ॥৩৭॥

পার্থা ইতি। বিপ্রচিত্তিং তদাখ্যমসুরম্। বারয়ামাসুর্বারয়িতুং শেকুঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৮॥

দশম ইতি। কৃষ্ণবর্ত্মা অগ্নিঃ, "বহ্নিস্তমা কৃষ্ণবর্ত্মা" ইত্যমরঃ ॥৩৯॥

পূর্ব্বকালে অসুরেরা যেমন ইন্দ্রের দিকে ধাবিত হইত, সেইরূপ পাণ্ডবেরা তখন যুদ্ধে ত্বরান্বিত মহারথ একমাত্র ভীষ্মের দিকে ধাবিত হইলেন ॥৩৪॥

ভীষ্ম তখন ইন্দ্রের বজ্রের তুল্যস্পর্শ তীক্ষ্ণ বাণ সকল নিক্ষেপ করিতেছিলেন এবং ভীষণ মূর্ত্তি ধারণ করিয়াছিলেন; সেই অবস্থায় তাঁহাকে সকল দিকে দেখা যাইতে লাগিল ॥৩৫॥

আর সমরাঙ্গনে যুধ্যমান ভীষ্মের ইন্দ্রধনুর তুল্য বিশাল ধনুখানাকে সর্বদা মণ্ডলীভূতই দেখা যাইতে থাকিল ॥৩৬॥

নরনাথ! আপনার পুত্রেরা যুদ্ধে সেই ব্যাপার দেখিয়া বিস্ময়াপন্ন হইয়া ভীষ্মের প্রশংসা করিতে লাগিলেন ॥৩৭॥

ওদিকে দেবতারা বিপ্রচিত্তি দানবকে যেমন দেখিতেন, সেইরূপ পাণ্ডবেরা বিষণ্ণ হইয়া যুধ্যমান বীর ভীষ্মকে কেবল দেখিতেই লাগিলেন, কিন্তু প্রকটিত-মুখ যমের ন্যায় তাঁহাকে আর বারণ করিতে পারিলেন না ॥৩৮॥

(৩৬) মণ্ডলীকৃতমেবাস্য···পি।

CENTRAL LIBRARY

তং শিখণ্ডী ত্রিভির্বাণৈরভ্যবিধ্যৎ স্তনান্তরে।
আশীবিষমিব ক্রুদ্ধং কালসৃষ্টমিবান্তকম্ ॥৪০॥
স তেনাতিভৃশং বিদ্ধঃ প্রেক্ষ্য ভীষ্মঃ শিখণ্ডিনম্।
পুনর্নালোকয়ৎ ক্রুদ্ধঃ প্রহসন্নিদমব্রবীৎ ॥৪১॥
কামং প্রহর বা মা বা ন ত্বাং যোৎস্যে কথঞ্চন।
যৈব হি ত্বং কৃতা ধাত্রা সৈব হি ত্বং শিখণ্ডিনী ॥৪২॥
তস্য তদ্বচনং শ্রুত্বা শিখণ্ডী ক্রোধমূর্চ্ছিতঃ।
উবাচ ভীষ্মং সমরে সৃক্কণী পরিসংলিহন্ ॥৪৩॥
জানামি ত্বাং মহাবাহো! ক্ষত্রিয়াণাং ভয়ঙ্করম্।
ময়া শ্রুতঞ্চ তে যুদ্ধং জামদগ্ন্যেন বৈ সহ ॥৪৪॥

ভারতকৌমুদী

তমিতি। স্তনান্তরে বক্ষসি। কালসৃষ্টং দৈবপ্রেরিতম্ ॥৪০॥
স ইতি। প্রেক্ষ্য আকস্মিকভাবেন। পুনর্নালোকয়ৎ স্ত্রীপূর্ব্বত্বাত্তস্য ॥৪১॥
কামমিতি। কামং যথেচ্ছম্। মা বা ন বা প্রহর। যা স্ত্রী ॥৪২॥
তস্যেতি। ক্রোধেন মূর্চ্ছিতো জ্ঞানহীনঃ। পরিসংলিহন্ রসনয়া স্পৃশন্ ॥৪৩॥
জানামীতি। ভয়ঙ্করং মহাবীরত্বাৎ। জামদগ্ন্যেন পরশুরামেণ ॥৪৪॥

অগ্নি যেমন বন দগ্ধ করে, সেইরূপ ভীষ্ম সেই দশম দিনে নিশিত বাণসমূহ-দ্বারা শিখণ্ডীর রথিসৈন্য দগ্ধ করিতে লাগিলেন ॥৩৯॥

সেই সময়ে শিখণ্ডী তিনটা বাণদ্বারা, সর্পের ন্যায় ক্রুদ্ধ ও দৈবপ্রেরিত যমের ন্যায় ভীষণ ভীষ্মের বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥৪০॥

ভীষ্ম শিখণ্ডীর বাণে অত্যন্ত বিদ্ধ হইয়া একবারমাত্র তাঁহাকে দেখিয়া পুনরায় আর দেখিলেন না এবং হাসিতে হাসিতে এই কথা বলিলেন—॥৪১॥

'শিখণ্ডী! তুমি ইচ্ছানুসারে আমাকে প্রহার কর বা না কর; কিন্তু আমি কোন প্রকারেই তোমাকে প্রহার করিব না। কারণ, বিধাতা তোমাকে যে স্ত্রী করিয়া সৃষ্টি করিয়াছিলেন, তুমি সেই স্ত্রী শিখণ্ডিনীই আছ' ॥৪২॥

শিখণ্ডী ভীষ্মের সেই কথা শুনিয়া ক্রোধে জ্ঞানবিহীন হইয়া ওষ্ঠপ্রান্ত লেহন করিতে থাকিয়া ভীষ্মকে বলিলেন—॥৪৩॥

'মহাবাহু! আপনি যে ক্ষত্রিয়গণের পক্ষে ভয়ঙ্কর, তাহা আমি জানি এবং পরশুরামের সহিত আপনার যে যুদ্ধ হইয়াছিল, তাহাও আমি শুনিয়াছি ॥৪৪॥

(৪২) কামমভ্যস বা মা বা…পি বা। (৪৩)…সৃক্কিণী পরিলেলিহন্…নি। (৪৪) ক্ষত্রিয়াণাং ক্ষয়ঙ্করম্…বা রা নি।

দৃষ্টশ্চ তে প্রভাবোঽয়ং স ময়া বহুশঃ শ্রুতঃ
জানন্নপি প্রভাবং তে যোৎস্যেঽদ্যাহং ত্বয়া সহ ॥৪৫॥
পাণ্ডবানাং প্রিয়ং কর্ত্তুমাত্মনশ্চ নরোত্তম!।
অদ্য ত্বাং যোধয়িষ্যামি রণে পুরুষসত্তম! ॥৪৬॥
ধ্রুবঞ্চ ত্বাং হনিষ্যামি শপে সত্যেন তেঽগ্রতঃ।
এতচ্ছ্রুত্বা চ মদ্বাক্যং যৎ কৃত্যং তৎ সমাচর ॥৪৭॥
কামং যুধ্যস্ব বা মা বা ন মে জীবন্ প্রমোক্ষ্যসে।
সুদৃষ্টঃ ক্রিয়তাং ভীষ্ম! লোকোঽয়ং সমিতিঞ্জয়! ॥৪৮॥

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বা ততো ভীষ্মং পঞ্চভির্নতপর্ব্বভিঃ।
আবিধ্যত রণে ভীষ্মং প্রতুদন্ বাক্যসায়কৈঃ ॥৪৯॥

ভারতকৌমুদী

দৃষ্ট ইতি। দৃষ্টশ্চাস্মৎসেনায়াম্, প্রভাবো বীরশক্তিঃ ॥৪৫॥
পাণ্ডবানামিতি। প্রিয়ং কর্ত্তুং ত্বদ্বধস্যোভয়াভিপ্রেতত্বাৎ ॥৪৬॥
ধ্রুবমিতি। শপে শপথং করোমি। কৃত্যং কর্ত্তব্যম্ ॥৪৭॥
কামমিতি। সুদৃষ্টঃ সম্যগ্দৃষ্টঃ পুনর্দর্শনাসম্ভবাৎ। হে সমিতিঞ্জয়! যুদ্ধজয়িন্! ॥৪৮॥

আপনার এই প্রভাব আমি বহুবার দেখিয়াছি এবং শুনিয়াছি। সুতরাং আপনার প্রভাব জানিয়াও আমি আজ আপনার সহিত যুদ্ধ করিব ॥৪৫॥

নরশ্রেষ্ঠ পুরুষোত্তম! আজ আমি নিজের ও পাণ্ডবগণের প্রিয় কার্য্য করিবার জন্য সমরাঙ্গনে আপনার সহিত যুদ্ধ করিব ॥৪৬॥

আমি আপনার সম্মুখে সত্যদ্বারা শপথ করিতেছি যে, নিশ্চয়ই আপনাকে বধ করিব; আমার এই কথা শুনিয়া যাহা আপনার কর্ত্তব্য তাহা করুন ॥৪৭॥

যুদ্ধবিজয়ী ভীষ্ম! তুমি ইচ্ছানুসারে যুদ্ধ কর বা না কর, কিন্তু আমার নিকট হইতে জীবিত অবস্থায় মুক্তি পাইবে না। সুতরাং এই জগৎটাকে ভাল করিয়া দেখিয়া লও ॥৪৮॥

সঞ্জয় বলিলেন—'শিখণ্ডী ভীষ্মকে এইরূপ বলিয়া বাক্যবাণে বিশেষ ব্যথিত করিয়া পরে ঈষদ্বক্রপ্রান্ত পাঁচটা বাণদ্বারা যুদ্ধে ভীষ্মকে বিদ্ধ করিলেন ॥৪৯॥

---

(৪৫) দিব্যশ্চ তে…বা রা নি। (৪৬)…প্রিয়ং কুর্ব্বন্…নি। (৪৮) কামমভাস বা মা বা…পি বা। (৪৯)…প্রতুন্নন্ বাক্যসায়কৈঃ—পি,…সুহুন্নং বাক্যসায়কৈঃ—বা,…প্রণুন্নং বাক্যসায়কৈঃ—নি।

তস্য তদ্বচনং শ্রুত্বা সব্যসাচী মহারথঃ।
কালোঽয়মিতি সঞ্চিন্ত্য শিখণ্ডিনমচোদয়ৎ ॥৫০॥
অহং ত্বামনুযাস্যামি পরান্ বিদ্রাবয়ন্ শরৈঃ।
অভিদ্রব সুসংরব্ধো ভীষ্মং ভীমপরাক্রমম্ ॥৫১॥
ন হি তে সংযুগে পীড়াং কর্ত্তুং শক্তা মহাবলাঃ।
তস্মাদদ্য মহাবাহো! যত্নাদ্ভীষ্মমভিদ্রব ॥৫২॥
অহত্বা সমরে ভীষ্মং যদি যাস্যসি মারিষ!।
অবহাস্যোঽস্য লোকস্য ভবিষ্যসি ময়া সহ ॥৫৩॥
নাবহাস্যা যথা বীর! ভবেম পরমাহবে।
তথা কুরু রণে যত্নং সাধয়স্ব পিতামহম্ ॥৫৪॥

ভারতকৌমুদী

এবমিতি। নতপর্ব্বভিঃ ঈষদ্বক্রোপাত্তৈঃ শরৈঃ। প্রতুদন্ পূর্বং প্রব্যথয়ন্ শিখণ্ডী ॥৪৯॥
তস্যেতি। সব্যসাচী অর্জ্জুনঃ। কালোঽয়ং ভীষ্মবধস্য। অচোদয়ৎ প্রৈরয়ৎ ॥৫০॥
অহমিতি। বিদ্রাবয়ন্ মর্দ্দনেনাপসারয়ন্। অভিদ্রব অভিধাব, সুসংরব্ধঃ অত্যুৎসাহী ॥৫১॥
নেতি। সংযুগে যুদ্ধে। মহাবলা অপি বিপক্ষাঃ ॥৫২॥
অহত্বেতি। হে মারিষ! আর্য্য! সভ্য। অবহাস্য উপহাস্যঃ ॥৫৩॥
নেতি। পরমাহবে মহাযুদ্ধে। সাধয়স্ব পরলোকং গময়, "প্রায়েণ ণ্যন্তকঃ সাধির্গমেঃ স্থানে প্রযুজ্যতে" ইতি সাহিত্যদর্পণোক্তেঃ। পিতামহং ভীষ্মম্ ॥৫৪॥

শিখণ্ডীর সেই কথা শুনিয়া 'ইহাই ভীষ্মবধের সময়' এইরূপ ভাবিয়া মহারথ অর্জ্জুন শিখণ্ডীকে ভীষ্মবধে আদেশ করিলেন (বলিলেন—) ॥৫০॥

'আমি বাণদ্বারা বিপক্ষদিগকে অপসারণ করিতে থাকিয়া আপনার অনুসরণ করিব; আপনি অত্যন্ত উৎসাহী হইয়া ভয়ঙ্কর পরাক্রমশালী ভীষ্মের দিকে ধাবিত হউন ॥৫১॥

মহাবাহু! মহাবল শত্রুরাও যুদ্ধে আপনাকে পীড়ন করিতে সমর্থ হইবেন না। অতএব আপনি এখনই যত্নপূর্বক ভীষ্মের প্রতি ধাবিত হউন ॥৫২॥

সজ্জন! আপনি যদি আজ যুদ্ধে ভীষ্মকে বধ না করিয়া ফিরিয়া যান, তবে আমার সহিতই আপনি এই লোকসমাজের নিকট উপহাস্য হইবেন ॥৫৩॥

বীর! আমরা যাহাতে মহাযুদ্ধে উপহাস্য না হই, আপনি সেইভাবে যুদ্ধে যত্ন করুন, ভীষ্মকে পরলোকে প্রেরণ করুন ॥৫৪॥

---

(৫২)···শক্তঃ কর্ত্তুং মহাবলঃ···পি বা রা।

অহং তে রক্ষণং যুদ্ধে করিষ্যামি মহাবল ! ।
বারয়ন্ রথিনঃ সর্বান্ সাধয়স্ব পিতামহম্ ॥৫৫॥
দ্রোণঞ্চ দ্রোণপুত্রঞ্চ কৃপঞ্চাথ সুযোধনম্ ।
চিত্রসেনং বিকর্ণঞ্চ সৈন্ধবঞ্চ জয়দ্রথম্ ॥৫৬॥
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ কাম্বোজঞ্চ সুদক্ষিণম্ ।
ভগদত্তং তথা শূরং মাগধঞ্চ মহাবলম্ ॥৫৭॥
সৌমদত্তিং তথা শূরমার্য্যশৃঙ্গিঞ্চ রাক্ষসম্ ।
ত্রিগর্ত্তরাজঞ্চ রণে সহ সর্বৈর্মহারথৈঃ ।
অহমাবারয়িষ্যামি বেলেব মকরালয়ম্ ॥৫৮॥ (বিশেষকম্)
কুরূংশ্চ সহিতান্ সর্বান্ যুধ্যমানান্ মহাবলান্ ।
নিবারয়িষ্যামি রণে সাধয়স্ব পিতামহম্ ॥৫৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে দশমদিবসযুদ্ধে ভীষ্মশিখণ্ডিসমাগমে চতুরধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অথান্যে যদি মাং হনিষ্যন্তীত্যাহ অহমিতি। রথিনো বিপক্ষান্ ॥৫৫॥

দ্রোণমিতি। সৈন্ধবঃ সিন্ধুরাজম্। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ, কাম্বোজঃ কম্বোজদেশাধিপতিম্। সৌমদত্তিং ভূরিশ্রবসম্, আর্য্যশৃঙ্গমলম্বুষম্। বেলা তীরম্, মকরালয়ং সমুদ্রম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৬—৫৮॥

ভারতভাবদীপঃ

কথমিতি ॥১—৪২॥ কামং স্বচ্ছন্দম্ অভ্যস প্রক্ষিপ ॥৪৩—৪৮॥ সুদৃষ্টঃ ক্রিয়তাং ন পুনর্দ্রক্ষ্যসি লোকমিমমিতি ভাবঃ ॥৪৯—৫৪॥ সাধয়স্ব স্বীকুরু জহি বা ॥৫৫—৫৯॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুরধিকশততমোঽধ্যায়ঃ ॥১০৪॥

মহাবল! আমি সমস্ত বিপক্ষ রথীকে বারণ করিতে থাকিয়া আপনাকে রক্ষা করিব ; আপনি পিতামহকে পরলোকে প্রেরণ করুন ॥৫৫॥

তীর যেমন সমুদ্রকে বারণ করে, আমিও সেইরূপই দ্রোণ, অশ্বত্থামা, কৃপ, দুর্য্যোধন, চিত্রসেন, বিকর্ণ, সিন্ধুরাজ জয়দ্রথ, অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ, কম্বোজরাজ সুদক্ষিণ, বীর ভগদত্ত, মহাবল মগধরাজ, বীর ভূরিশ্রবা, রাক্ষস অলম্বুষ এবং অন্য সকল মহারথের সহিত সুশর্ম্মাকে বারণ করিব ॥৫৬—৫৮॥

* '...নবোত্তরশততমোঽধ্যায়ঃ' বা, '...অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ' রা নি।

CENTRAL LIBRARY

পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

কথং শিখণ্ডী গাঙ্গেয়মভ্যধাবৎ পিতামহম্।
পাঞ্চাল্যঃ সমরে ক্রুদ্ধো ধর্ম্মাত্মানং যতব্রতম্ ॥১॥
কেঽরক্ষন্ পাণ্ডবানীকে শিখণ্ডিনমুদায়ুধাঃ।
ত্বরমাণাস্ত্বরাকালে জিগীষন্তো মহারথাঃ ॥২॥
কথং শান্তনবো ভীষ্মঃ স তস্মিন্ দশমেঽহনি।
অযুধ্যত মহাবীর্য্যঃ পাণ্ডবৈঃ সহ সৃঞ্জয়ৈঃ ॥৩॥

ভারতকৌমুদী

কুরুনিতি। কুরুন্ দুঃশাসনাদীন্। সাধয়স্ব পরলোকং গময় ॥৫৯॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে চতুরধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

কথমিতি। তদানীং ভীষ্মস্য পিতামহতয়া প্রসিদ্ধের্ধৃতরাষ্ট্রস্যাপি পিতামহমিত্যুক্তিঃ ॥১॥
ক ইতি। উদায়ুধা উত্তোলিতাস্ত্রাঃ। জিগীষন্তো জেতুমিচ্ছন্তঃ ॥২॥
কথমিতি। শান্তনবপদং ভীষ্মান্তরব্যাবৃত্ত্যর্থম্ ॥৩॥

আর যুধ্যমান মহাবল সম্মিলিত সমস্ত কৌরবকে যুদ্ধে বারণ করিব; আপনি ভীষ্মকে পরলোকে প্রেরণ করুন' ॥৫৯॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! পাঞ্চালরাজপুত্র শিখণ্ডী ক্রুদ্ধ হইয়া কি ভাবে সমরাঙ্গনে ধর্ম্মাত্মা, সংযমব্রত ও গঙ্গানন্দন ভীষ্মের দিকে ধাবিত হইয়াছিলেন? ॥১॥

সেই ত্বরার সময়ে পাণ্ডবসৈন্যের মধ্যে কোন্ মহারথেরাই বা ত্বরান্বিত ও জয়াভিলাষী হইয়া অস্ত্র উত্তোলন করিয়া শিখণ্ডীকে রক্ষা করিতেছিলেন? ॥২॥

সেই দশম দিনে মহাবীর ও শান্তনুনন্দন ভীষ্মই বা কোন্ ভাবে পাণ্ডব ও সৃঞ্জয়গণের সহিত যুদ্ধ করিয়াছিলেন? ॥৩॥

(২)···শিখণ্ডিনমুদায়ুধম্···পি।

CENTRAL LIBRARY

ন মৃষ্যামি রণে ভীষ্মং প্রত্যুদ্‌যাতং শিখণ্ডিনা।
কচ্চিন্ন রথভঙ্গোঽস্য ধনুর্বাঽশীর্য্যতাস্যতঃ ॥৪॥

সঞ্জয় উবাচ।

নাশীর্য্যত ধনুশ্চাস্য রথভঙ্গো ন চাপ্যভূৎ।
যুধ্যমানস্য সংগ্রামে ভীষ্মস্য ভরতর্ষভ! ॥৫॥
নিঘ্নতঃ সমরে শত্রূন্ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
অনেকশতসাহস্রাস্তাবকানাং মহারথাঃ ॥৬॥
তথা দন্তিগণা রাজন্! হয়াশ্চৈব সুসজ্জিতাঃ।
অভ্যবর্ত্তন্ত যুদ্ধায় পুরস্কৃত্য পিতামহম্ ॥৭॥ (বিশেষকম্)
যথাপ্রতিজ্ঞং কৌরব্য! স চাপি সমিতিঞ্জয়ঃ।
পার্থানামকরোদ্ভীষ্মঃ সততং সমিতি ক্ষয়ম্ ॥৮॥

ভারতকৌমুদী

নেতি। মৃষ্যামি সহে। প্রত্যুদ্‌যাতং যোদ্ধুম্, শিখণ্ডিনা সহ। অস্যতো বাণান্ ক্ষিপতঃ ॥৪॥

নেতি। অশীর্য্যত ভগ্নম্। নিঘ্নতঃ সংহরতঃ। পুরস্কৃত্য অগ্রবর্ত্তীকৃত্য ॥৫—৭॥

যথেতি। যথাপ্রতিজ্ঞং দুর্য্যোধনাস্তিকে পূর্ব্বপ্রতিজ্ঞানুসারেণ। সমিতি জিতবানিতি সমিতিঞ্জয়ঃ। সমিতি যুদ্ধে, "স্ত্রিয়ঃ সংযৎসমিত্যাজিসমিদযুধঃ" ইত্যমরঃ ॥৮॥

(দেখ সঞ্জয়!) আমি কিন্তু শিখণ্ডীর সহিত যুদ্ধ করিবার জন্য ভীষ্মের সমরাঙ্গনে প্রত্যুদ্‌গমনটাই সহ্য করিতে পারিতেছি না। তখন ভীষ্মের রথখানা ভাঙ্গিয়া যায় নাই ত? এবং বাণক্ষেপ করিবার সময়ে উঁহার ধনুখানা ভগ্ন হয় নাই ত?' ॥৪॥

সঞ্জয় বলিলেন—'ভরতশ্রেষ্ঠ! ভীষ্ম যখন সমরাঙ্গনে যুদ্ধ করিতেছিলেন এবং নতপর্ব্ব বাণসমূহদ্বারা যুদ্ধে শত্রুসংহার করিতেছিলেন, তখন উঁহার ধনুখানাও ভগ্ন হয় নাই, রথখানাও ভাঙ্গিয়া যায় নাই। রাজা! আপনার পক্ষের বহুসংখ্যক মহারথ, সুসজ্জিত গজারোহী ও অশ্বারোহী ভীষ্মকে অগ্রবর্ত্তী করিয়া যুদ্ধ করিবার জন্য ধাবিত হইলেন ॥৫—৭॥

কৌরবনন্দন! যুদ্ধবিজয়ী ভীষ্মও পূর্ব্বপ্রতিজ্ঞানুসারে যুদ্ধে অনবরত পাণ্ডবপক্ষের ক্ষয় করিতে লাগিলেন ॥৮॥

---

(৪)…প্রত্যুদ্‌যাতং শিখণ্ডিনম্…ধনুর্বাঽশীর্য্যদস্যতঃ—বা।

যুধ্যমানং মহেষ্বাসং বিনিঘ্নন্তং পরান্ শরৈঃ।
পাঞ্চালাঃ পাণ্ডবৈঃ সার্দ্ধং সর্বতঃ পর্য্যবারয়ন্ ॥৯॥
দশমেঽহনি সংপ্রাপ্তে ততস্তাং রিপুবাহিনীম্।
কীর্য্যমাণাং শিতৈর্বাণৈঃ শতশোঽথ সহস্রশঃ ॥১০॥
নহি ভীষ্মং মহেষ্বাসং পাণ্ডবাঃ পাণ্ডুপূর্বজ!।
অশক্নুবন্ রণে জেতুং পাশহস্তমিবান্তকম্ ॥১১॥
অথোপায়াম্মহারাজ! সব্যসাচী ধনঞ্জয়ঃ।
ত্রাসয়ন্ রথিনঃ সর্বান্ বীভৎসুরপরাজিতঃ ॥১২॥
সিংহবদ্বিনদন্নুচ্চৈর্ধনুর্জ্যাং বিক্ষিপন্ মুহুঃ।
শরৌঘান্ বিসৃজন্ পার্থো ব্যচরৎ কালবদ্রণে ॥১৩॥
তস্য শব্দেন বিত্রস্তাস্তাবকা ভরতর্ষভ!।
সিংহস্যেব মৃগা রাজন্! ব্যদ্রবন্ত মহাভয়াৎ ॥১৪॥

ভারতকৌমুদী

যুধ্যেতি। মহেষ্বাসং মহাধনুর্দ্ধরং ভীষ্মম্। পর্য্যবারয়ন্ পর্য্যবেষ্টন্ত ॥৯॥
দশম ইতি। কীর্য্যমাণাং ভীষ্মেণাব্রিয়মাণামপশ্যামীত শেষঃ ॥১০॥
নহীতি। হে পাণ্ডুপূর্ব্বজ! পাণ্ডুজ্যেষ্ঠভ্রাতঃ!। পাশহস্তং বন্ধনার্থকরজ্জুপাণিম্ ॥১১॥
অথেতি। উপায়াদুপাগচ্ছৎ। সব্যসাচী বামদক্ষিণহস্তাভ্যাং বাণক্ষেপী ॥১২॥
সিংহবদিতি। ধনুষো জ্যাং গুণম্, বিক্ষিপন্নাকর্ষন্। কালবৎ যম ইব ॥১৩॥
তস্যেতি। তাবকাস্ত্বৎপক্ষীয়াঃ সৈন্যাঃ। ব্যদ্রবন্ত পলায়ন্ত ॥১৪॥

মহাধনুর্দ্ধর ভীষ্ম বাণদ্বারা শত্রুসংহার করিতে লাগিলে, পাঞ্চালেরা পাণ্ডবগণের সহিত মিলিত হইয়া তাঁহাকে সকল দিকে বেষ্টন করিল ॥৯॥

দশমদিন উপস্থিত হইলে, ভীষ্ম শত শত ও সহস্র সহস্র বাণদ্বারা সেই বিপক্ষসৈন্য আবৃত করিয়া ফেলিলেন—দেখিলাম ॥১০॥

পাণ্ডুপূর্ব্বজ! পাশপাণি যমের ন্যায় মহাধনুর্দ্ধর ভীষ্মকে পাণ্ডবেরা যুদ্ধে জয় করিতে সমর্থ হইলেন না ॥১১॥

মহারাজ! তাহার পর সব্যসাচী, বীভৎসু ও অপরাজিত অর্জ্জুন সমস্ত বিপক্ষ রথীকে বিত্রস্ত করিয়া উপস্থিত হইলেন ॥১২॥

এবং তিনি সিংহের ন্যায় উচ্চ নাদ, মুহুর্মুহু ধনুর্গুণসঞ্চালন ও বাণসমূহ বর্ষণ করিতে থাকিয়া যমের ন্যায় সমরাঙ্গনে বিচরণ করিতে লাগিলেন ॥১৩॥

(৯)···সার্দ্ধং সর্বে তে নাভ্যবারয়ন্—পি রা,·· সার্দ্ধং সর্ব্বে তে নাভ্যধারয়ন্—বা।

জয়ন্তং পাণ্ডবং দৃষ্ট্বা ত্বৎসৈন্যঞ্চাভিপীড়িতম্।
দুর্য্যোধনস্ততো ভীষ্মমব্রবীদ্ভৃশপীড়িতঃ ॥১৫॥
এষ পাণ্ডুসুতস্তাত! শ্বেতাশ্বঃ কৃষ্ণসারথিঃ।
দহতে মামকান্ সর্বান্ কৃষ্ণবর্ত্মেব কাননম্ ॥১৬॥
পশ্য সৈন্যানি গাঙ্গেয়! দ্রবমাণানি সর্বশঃ।
পাণ্ডবেন যুধাং শ্রেষ্ঠ! কাল্যমানানি সংযুগে ॥১৭॥
যথা পশুগণান্ পালঃ সংকালয়তি কাননে।
তথেদং মামকং সৈন্যং কাল্যতে শত্রুসূদন! ॥১৮॥
ধনঞ্জয়শরৈর্ভগ্নং দ্রবমাণং ততস্ততঃ।
ভীমোঽপ্যেবং দুরাধর্ষো বিদ্রাবয়তি মে বলম্ ॥১৯॥
সাত্যকিশ্চেকিতানশ্চ মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ।
অভিমন্যুশ্চ বিক্রান্তো বাহিনীং দহতে মম ॥২০॥

ভারতকৌমুদী

জয়ন্তমিতি। পাণ্ডবমর্জ্জুনম্, প্রকরণাৎ। ভৃশপীড়িতঃ অতীবদুঃখিতঃ ॥১৫॥
এষ ইতি। কৃষ্ণো দহনেন কৃষ্ণবর্ণো বর্ত্মা পন্থা যস্য স কৃষ্ণবর্ত্মা অগ্নিঃ ॥১৬॥
পশ্যেতি। দ্রবমাণানি পলায়মানানি। কাল্যমানানি আমর্দ্দ্যমানানি ॥১৭॥
যথেতি। পালঃ পশুরক্ষকঃ, সংকালয়তি সংতাড়য়তি। কাল্যতে অর্জ্জুনেন তাড্যতে ॥১৮॥
ধনঞ্জয়েতি। ভগ্নং বিশ্লিষ্টম্, দ্রবমাণং পলায়মানম্। বিদ্রাবয়তি পীড়য়তি ॥১৯॥

ভরতশ্রেষ্ঠ রাজা! সিংহের শব্দে হরিণগণের ন্যায় অর্জ্জুনের শব্দে আপনার সৈন্যেরা বিত্রস্ত হইয়া মহাভয়ে পলায়ন করিতে লাগিল ॥১৪॥

তাহার পর অর্জ্জুনকে বিজয়ী দেখিয়া এবং আপনার সৈন্যগণকে অত্যন্ত-পীড়িত দর্শন করিয়া দুর্য্যোধন অতিদুঃখিত হইয়া ভীষ্মকে বলিলেন—॥১৫॥

'পিতামহ! অগ্নি যেমন বন দগ্ধ করে, সেইরূপ শ্বেতবাহন ও কৃষ্ণসারথি এই অর্জ্জুন আমার সমস্ত সৈন্য দগ্ধ করিতেছে ॥১৬॥

যোদ্ধৃশ্রেষ্ঠ গঙ্গানন্দন! দেখুন—অর্জ্জুন যুদ্ধে পীড়ন করিতে থাকায় আমার সৈন্যেরা সকল দিকে পলায়ন করিতেছে ॥১৭॥

শত্রুদমন! পশুপালক যেমন বনে পশুগণকে তাড়ন করে, সেইরূপ অর্জ্জুন আমার সৈন্যগণকে তাড়ন করিতেছে ॥১৮॥

আমার সৈন্যেরা অর্জুনের শরাঘাতে বিশ্লিষ্ট হইয়া যেমন ইতস্ততঃ পলায়ন করিতেছে, তেমন দুর্দ্ধর্ষ ভীমও আমার সৈন্য পীড়ন করিতেছে ॥১৯॥

(১৮)···কাল্যতে শত্রুতাপন!—রা নি। (২০)···অভিমন্যুঃ সুবিক্রান্তঃ···বা রা নি।

CENTRAL LIBRARY

ধৃষ্টদ্যুম্নস্তথা শূরো রাক্ষসশ্চ ঘটোৎকচঃ।
ব্যদ্রাবয়েতাং সহসা সৈন্যং মম মহারণে ॥২১॥
বধ্যমানস্য সৈন্যস্য সর্বৈরেতৈর্মহারথৈঃ।
নান্যাং গতিং প্রপশ্যামি স্থানে যুদ্ধে চ ভারত! ॥২২॥
ঋতে ত্বাং পুরুষব্যাঘ্র! দেবতুল্যপরাক্রমম্।
পর্য্যাপ্নোতু ভবান্ শীঘ্রং পীড়িতানাং গতির্ভব ॥২৩॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ। *

এবমুক্তো মহারাজ! পিতা দেবব্রতস্তব।
চিন্তয়িত্বা মুহূর্ত্তন্তু কৃত্বা নিশ্চয়মাত্মনঃ ॥২৪॥
তব সন্ধারয়ন্ পুত্রমব্রবীচ্ছান্তনোঃ সুতঃ।
দুর্য্যোধন! বিজানীহি স্থিরো ভূত্বা বিশাংপতে ॥২৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সাত্যকিরিতি। দহতে দহতি সংহরতীত্যর্থঃ ॥২০॥

ধৃষ্টেতি। ব্যদ্রাবয়েতাং ন্যপীড়য়তাম্। হৃতস্তাত্মনেপদপ্রথমপুরুষদ্বিবচনম্ ॥২১॥

বধ্যেতি। গতিমুপায়ম্, স্থানে স্থিতৌ। ঋতে বিনা। পর্য্যাপ্নোতু সর্ব্বতঃ পীড়িতং মৎসৈন্যমাশ্রয়তু। গতিঃ স্থিতৌ যুদ্ধে চ উপায়ো ভব ॥২২—২৩॥

এবমিতি। নিশ্চয়ং কর্ত্তব্যাবধারণম্। সন্ধারয়ন্ আলিঙ্গন্ আশ্বাসয়ন্ বা ॥২৪—২৫॥

সাত্যকি, চেকিতান, নকুল, সহদেব ও বিক্রমশালী অভিমন্যুও আমার বাহিনী দগ্ধ করিতেছে ॥২০॥

তা'র পর বীর ধৃষ্টদ্যুম্ন এবং রাক্ষস ঘটোৎকচও মহাযুদ্ধে আমার সৈন্যগণকে দ্রুত নিপীড়ন করিতেছে ॥২১॥

ভরতনন্দন পুরুষশ্রেষ্ঠ! এই মহারথেরা সকলে বধ করিতে থাকায় দেবতুল্যপরাক্রমশালী আপনি ব্যতীত আমার সৈন্যগণের সমরাঙ্গনে থাকা বা যুদ্ধ করার পক্ষে অপর কোন উপায় দেখিতেছি না। অতএব আপনি সত্বর এই পীড়িত সৈন্যগণের আশ্রয় ও উপায় হউন' ॥২২—২৩॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! দুর্য্যোধন এইরূপ বলিলে, আপনার জ্যেষ্ঠতাত ভীষ্ম একটু কাল ভাবিয়া নিজের কর্ত্তব্য স্থির করিয়া আপনার পুত্রকে আশ্বস্ত করতঃ বলিলেন—'নরনাথ দুর্য্যোধন! স্থির হইয়া শ্রবণ কর—॥২৪—২৫॥

(২৩)···পর্য্যাপ্তস্ত ভবান্ শীঘ্রম্···বা রা নি। * অয়ং পাঠঃ পি বা নাস্তি।

পূর্ব্বকালং তব ময়া প্রতিজ্ঞাতং মহাবল ! ।
হত্বা দশ সহস্রাণি ক্ষত্রিয়াণাং মহাত্মনাম্ ॥২৬॥
সংগ্রামাদ্ব্যপযাতব্যমেতৎ কর্ম্ম মমাহ্নিকম্ ।
ইতি তৎ কৃতবাংশ্চাহং যথোক্তং ভরতর্ষভ ! ॥২৭॥ (যুগ্মকম্)
অদ্য চাপি মহৎ কর্ম্ম প্রকরিষ্যে মহাবল ! ।
অহং বা নিহতঃ শেষ্যে হনিষ্যে বাদ্য পাণ্ডবান্ ॥২৮॥
অদ্য তে পুরুষব্যাঘ্র ! প্রতিমোক্ষ্যে ঋণং মহৎ ।
ভর্ত্তৃপিণ্ডকৃতং রাজন্ ! নিহতঃ পৃতনামুখে ॥২৯॥
ইত্যুক্ত্বা ভরতশ্রেষ্ঠ ! ক্ষত্রিয়ান্ প্রবপন্ শরৈঃ ।
আসসাদ দুরাধর্ষঃ পাণ্ডবানামনীকিনীম্ ॥৩০॥

ভারতকৌমুদী

পূর্ব্বেতি। তব সমীপে। ব্যাপযাতব্যম্ অপগন্তব্যম্। আহ্নিকং দৈনিকম্ ॥২৬—২৭॥
অদ্যেতি। শেষ্যে শয়িষ্যে। ইড়াগমাভাবঃ, হনিষ্য ইত্যাত্মনেপদঞ্চ ছন্দসম্যার্ষম্ ॥২৮॥
অদ্যেতি। প্রতিমোক্ষ্যে পরিশোধয়িষ্যে। ভর্ত্তুস্তব পিণ্ডেনান্নদানেন কৃতম্ ॥২৯॥

ভারতভাবদীপঃ

কথমিতি ॥১—৭॥ সমিতিঞ্জয়ঃ সংগ্রামজিৎ, সমিতি যুদ্ধে ॥৮—১৯॥ দ্রবতে দ্রাবয়তি ॥২০—২১॥ গতিং ধাম আশ্রয়মিতি যাবৎ, স্থানে অবস্থানে ॥২২—২৬॥ আহ্নিকং দিবস-কার্য্যম্ ॥২৭॥ শেষ্যে স্বপ্স্যামি ॥২৮—৩৯॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ ॥১০৫॥

মহাবল ! আমি পূর্ব্বে তোমার নিকট প্রতিজ্ঞা করিয়াছিলাম যে, আমি দশ সহস্র বীর ক্ষত্রিয় বিনাশ করিয়া সমরাঙ্গন হইতে ফিরিয়া যাইব, ইহা আমার দৈনিক কার্য্য হইবে। ভরতশ্রেষ্ঠ ! আমি তাহা উক্তরূপে করিয়াছিও ॥২৬—২৭॥

মহাবল ! অদ্যও আবার গুরুতর কার্য্য করিব—হয়, আমি নিহত হইয়া সমরাঙ্গনে শয়ন করিব ; না হয়, অদ্য পাণ্ডবগণকে বধ করিব ॥২৮॥

নরশ্রেষ্ঠ রাজা ! এযাবৎ তুমি আমাকে অন্ন দান করায় আমি তোমার নিকট হইতে যে গুরুতর ঋণ করিয়াছিলাম, তাহা আজ সেনাসম্মুখে নিহত হইয়া পরিশোধ করিব' ॥২৯॥

(২৭) সংগ্রামাদপযাস্যামি হ্যেতৎ কর্ম্ম সমাহিতম্—নি। (২৮)…অহং বাদ্য হতঃ শেষ্যে…রা নি। (২৯)…প্রতিমোক্ষ্যে ঋণং তব…বা রা,…প্রতরিষ্যে ঋণং তব…নি, ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ' নি।

CENTRAL LIBRARY

অনীকমধ্যে তিষ্ঠন্তং গাঙ্গেয়ং পুরুষর্ষভম্ ।
আশীবিষমিব ক্রুদ্ধং পাণ্ডবাঃ প্রত্যবারয়ন্ ॥৩১॥
দশমেঽহনি ভীষ্মস্তু দর্শয়ন্ শক্তিমাত্মনঃ ।
রাজন্ ! শতসহস্রাণি সোঽবধীৎ কুরুনন্দনঃ ॥৩২॥
পাঞ্চালানাঞ্চ যে শ্রেষ্ঠা রাজপুত্রা মহারথাঃ ।
তেষামাদত্ত তেজাংসি জলং সূর্য্য ইবাংশুভিঃ ॥৩৩॥
হত্বা দশ সহস্রাণি কুঞ্জরাণাং তরস্বিনাম্ ।
সারোহাণাং মহারাজ ! হয়ানাঞ্চাযুতং তথা ॥৩৪॥
পূর্ণে শতসহস্রে দ্বে পাদাতানাং নরোত্তমঃ ।
প্রজজ্বাল রণে ভীষ্মো বিধূম ইব পাবকঃ ॥৩৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ইতীতি। প্রবপন্ বিকিরন্ আবৃণ্বন্নিত্যর্থঃ। আসসাদ প্রাপ, দুরাধর্ষো ভীষ্মঃ ॥৩০॥
অনীকেতি। অনীকস্য স্বসৈন্যস্য মধ্যে, গাঙ্গেয়ং ভীষ্মম্। আশীবিষং সর্পম্ ॥৩১॥
দশম ইতি। শতসহস্রাণি বহূনি লক্ষাণি ॥৩২॥
পাঞ্চালানামিতি। অংশুভিরিত্যনেন শরৈরিত্যুপমেয়পক্ষে করণমাক্ষিপ্যতে ॥৩৩॥
হত্বেতি। তরস্বিনাং বলবতাম্। সারোহাণাম্ আরোহিসহিতানাম্। শতসহস্রে লক্ষে, পাদাতানাং পদাতিসমূহানাম্ ॥৩৪—৩৫॥

ভরতশ্রেষ্ঠ! দুর্দ্ধর্ষ ভীষ্ম এই কথা বলিয়া বাণদ্বারা বিপক্ষ ক্ষত্রিয়দিগকে আবৃত করিতে থাকিয়া পাণ্ডবসৈন্যের নিকটে উপস্থিত হইলেন ॥৩০॥

পুরুষশ্রেষ্ঠ ভীষ্ম সর্পের ন্যায় ক্রুদ্ধ হইয়া সৈন্যমধ্যে অবস্থান করিতে লাগিলে, পাণ্ডবেরা তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥৩১॥

রাজা! কুরুনন্দন ভীষ্ম সেই দশম দিনে নিজের শক্তি দেখাইতে থাকিয়া বিপক্ষের বহুলক্ষ সৈন্য সংহার করিলেন ॥৩২॥

পাঞ্চালগণের মধ্যে যে সকল শ্রেষ্ঠ মহারথ রাজপুত্র ছিলেন, সূর্য্য যেমন কিরণদ্বারা জল আকর্ষণ করেন, সেইরূপ ভীষ্ম বাণদ্বারা তাঁহাদের তেজ আকর্ষণ করিতে লাগিলেন ॥৩৩॥

মহারাজ! আরোহিগণের সহিত দশ সহস্র বলবান্ হস্তী, দশ সহস্র অশ্ব এবং পূর্ণ দুই লক্ষ পদাতি সংহার করিয়া নরশ্রেষ্ঠ ভীষ্ম, ধূমশূন্য অগ্নির ন্যায় সমরাঙ্গনে দীপ্তি পাইতে থাকিলেন ॥৩৪—৩৫॥

(৩১)…গাঙ্গেয়ং ভরতর্ষভ!…রা নি। (৩২)…কুরুনন্দন!—রা নি।

ন চৈনং পাণ্ডবেয়ানাং কেচিচ্ছেকুর্নিরীক্ষিতুম্।
উত্তরং মার্গমাস্থায় তপন্তমিব ভাস্করম্ ॥৩৬॥
তে পাণ্ডবেয়াঃ সংরব্ধা মহেষ্বাসেন পীড়িতাঃ।
বধায়াভ্যদ্রবন্ ভীষ্মং সৃঞ্জয়াশ্চ মহারথাঃ ॥৩৭॥
স বধ্যমানো বহুভির্ভীষ্মঃ শান্তনবস্তদা।
অবকীর্ণো মহামেরুঃ শৈলো মেঘৈরিবাসিতৈঃ ॥৩৮॥
পুত্রাস্তু তব গাঙ্গেয়ং সমন্তাৎ পর্য্যবারয়ন্।
মহত্যা সেনয়া সার্দ্ধং ততো যুদ্ধমবর্ত্তত ॥৩৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভীষ্মবধে দশমদিবসযুদ্ধে ভীষ্মদুর্য্যোধনসংবাদে
পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

নেতি। এনং ভীষ্মম্। শেকুঃ শক্তা বভূবুঃ। উত্তরং মার্গমুত্তরায়ণম্ ॥৩৬॥
ত ইতি। সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ, মহেষ্বাসেন মহাধনুর্দ্ধরেণ ভীষ্মেণ ॥৩৭॥
স ইতি। বধ্যমান আহন্যমানঃ। অবকীর্ণ আবৃতঃ। অসিতৈঃ কৃষ্ণৈঃ ॥৩৮॥
পুত্রা ইতি। গাঙ্গেয়ং ভীষ্মম্, পর্য্যবারয়ন্ পর্য্যবেষ্টন্ত রক্ষিতুমিতি শেষঃ ॥৩৯॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

সূর্য্য উত্তরায়ণে যাইয়া জগৎ সন্তপ্ত করিতে লাগিলে যেমন কেহই তাঁহার দিকে দৃষ্টিপাত করিতে পারে না, সেইরূপ পাণ্ডবগণের মধ্যে কেহই ভীষ্মের দিকে দৃষ্টিপাত করিতে পারিল না ॥৩৬॥

তদনন্তর মহাধনুর্দ্ধর-ভীষ্ম-কর্ত্তৃক নিপীড়িত সেই মহারথ পাণ্ডবগণ ও সৃঞ্জয়গণ ক্রুদ্ধ হইয়া বধ করিবার জন্য ভীষ্মের দিকে ধাবিত হইলেন ॥৩৭॥

তখন বহুতর যোদ্ধা শান্তনুনন্দন ভীষ্মকে আঘাত করিতে লাগিলেন এবং কৃষ্ণবর্ণ মেঘ যেমন মহামেরুপর্ব্বতকে আবৃত করে, সেইরূপ তাঁহারা ভীষ্মকে আবৃত করিলেন ॥৩৮॥

সেই সময়ে আপনার পুত্রেরা বিশাল সৈন্যের সহিত যাইয়া রক্ষা করিবার জন্য সকল দিকে ভীষ্মকে বেষ্টন করিলেন। তাহার পর যুদ্ধ লাগিয়া গেল' ॥৩৯॥

(৩৬) ন চৈবম্…নি। (৩৮) সংযুধ্যমানঃ…শান্তনবস্তথা…মেঘৈরিবাবৃতঃ—বা রা,… শান্তনবস্তথা। অবকীর্ণো মহেষ্বাসৈঃ শৈলো মেঘৈরিবাবৃতঃ—নি। * '…দশোত্তরশততমোঽধ্যায়ঃ' বা, 'নবাধিকশততমোঽধ্যায়ঃ' রা নি।

CENTRAL LIBRARY

ষড়ধিকশততমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

অর্জ্জুনস্তু রণে রাজন্! দৃষ্ট্বা ভীষ্মস্য বিক্রমম্।
শিখণ্ডিনমথোবাচ সমভ্যেহি পিতামহম্ ॥১॥
ন চাপি ভীস্ত্বয়া কার্য্যা ভীষ্মাদদ্য কথঞ্চন।
অহমেনং শরৈস্তীক্ষ্ণৈঃ পাতয়িষ্যে রথোত্তমাৎ ॥২॥
এবমুক্তস্তু পার্থেন শিখণ্ডী ভরতর্ষভ!।
অভ্যদ্রবত গাঙ্গেয়ং শ্রুত্বা পার্থস্য ভাষিতম্ ॥৩॥
ধৃষ্টদ্যুম্নস্তথা রাজন্! সৌভদ্রশ্চ মহারথঃ।
হৃষ্টাবাদ্রবতাং ভীষ্মং শ্রুত্বা পার্থস্য ভাষিতম্ ॥৪॥
বিরাটদ্রুপদৌ বৃদ্ধৌ কুন্তিভোজশ্চ দংশিতঃ।
অভ্যদ্রবত গাঙ্গেয়ং পুত্রস্য তব পশ্যতঃ ॥৫॥

ভারতকৌমুদী

অর্জ্জুন ইতি। অর্জ্জুনোক্তিমনুবদতি সমভ্যেহীত্যাদিনা পরশ্লোকান্তেন ॥১॥
নেতি। ভীর্ভয়ম্, কার্য্যা কর্ত্তব্যা ॥২॥
এবমিতি। পার্থেন প্রকরণাদর্জ্জুনেন। অভ্যদ্রবত অভ্যধাবৎ, গাঙ্গেয়ং ভীষ্মম্ ॥৩॥
ধৃষ্টেতি। সৌভদ্রোঽভিমন্যুঃ। হৃষ্টৌ, প্রতিবীরলাভে বীরাণাং হর্ষস্য স্বাভাবিকত্বাৎ ॥৪॥
বিরাটেতি। দংশিতঃ কৃতসন্নাহঃ। পুত্রস্যেত্যনাদরে ষষ্ঠী ॥৫॥

সঞ্জয় বলিলেন—'রাজা! তাহার পর অর্জ্জুন যুদ্ধে ভীষ্মের বিক্রম দেখিয়া শিখণ্ডীকে বলিলেন—'আপনি ভীষ্মের প্রতি ধাবিত হউন ॥১॥

আপনি আজ কোন প্রকারেই ভীষ্ম হইতে ভয় করিবেন না। কারণ, আমিই তীক্ষ্ণ বাণদ্বারা ইঁহাকে ঐ উত্তম রথ হইতে নিপাতিত করিব' ॥২॥

ভরতশ্রেষ্ঠ! অর্জুন এইরূপ বলিলে, শিখণ্ডী তাঁহার কথা শুনিয়া ভীষ্মের প্রতি ধাবিত হইলেন ॥৩॥

রাজা! মহারথ ধৃষ্টদ্যুম্ন এবং অভিমন্যুও অর্জুনের উক্তি শুনিয়া আনন্দিত হইয়া ভীষ্মের দিকে চলিলেন ॥৪॥

(২) ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ' নি।

নকুলঃ সহদেবশ্চ ধর্ম্মরাজশ্চ বীর্য্যবান্।
তথেতরাণি সৈন্যানি সর্বাণ্যেব বিশাংপতে!।
সমাদ্রবন্ত গাঙ্গেয়ং শ্রুত্বা পার্থস্য ভাষিতম্ ॥৬॥
অভ্যুদ্যযুস্তাবকাশ্চ সমেতাংস্তান্ মহারথান্।
যথাশক্তি যথোৎসাহং তন্মে নিগদতঃ শৃণু ॥৭॥
চিত্রসেনো মহারাজ! চেকিতানং সমভ্যয়াৎ।
ভীষ্মপ্রেপ্সুং রণে যত্তং বৃষং ব্যাঘ্রশিশুর্যথা ॥৮॥
ধৃষ্টদ্যুম্নং মহারাজ! ভীষ্মান্তিকমুপাগতম্।
ত্বরমাণং রণে যত্তং কৃতবর্ম্মা ন্যবারয়ৎ ॥৯॥
ভীমসেনং সুসংক্রুদ্ধং গাঙ্গেয়স্য বধৈষিণম্।
ত্বরমাণো মহারাজ! সৌমদত্তির্ন্যবারয়ৎ ॥১০॥

ভারতকৌমুদী

নকুল ইতি। সমাদ্রবন্ত অভ্যধাবন্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥
অভ্যুদ্যযুরিতি। সমেতান্ ভীষ্মং প্রতি সমাগতান্। নিগদতো ব্রুবতঃ ॥৭॥
চিত্রেতি। ভীষ্মপ্রেপ্সুং বধায় ভীষ্মঃ প্রাপ্তুমিচ্ছুম্, যত্তং যত্নবন্তম্ ॥৮॥
ধৃষ্টেতি। ত্বরমাণং ভীষ্মং হন্তুং ত্বরাযুক্তম্ ॥৯॥
ভীমেতি। গাঙ্গেয়স্য ভীষ্মস্য। সৌমদত্তির্ভূরিশ্রবাঃ ॥১০॥

বৃদ্ধ বিরাট ও দ্রুপদ এবং যুদ্ধসজ্জায় সজ্জিত কুন্তিভোজ ইঁহারাও আপনার পুত্রের (দুর্য্যোধনের) সমক্ষেই ভীষ্মের দিকে গমন করিতে লাগিলেন ॥৫॥

নরনাথ! নকুল, সহদেব, বলবান্ যুধিষ্ঠির এবং অন্যান্য সমস্ত সৈন্যও অর্জুনের উক্তি শুনিয়া ভীষ্মের দিকে যাইতে থাকিলেন ॥৬॥

তখন আপনার পক্ষের যোদ্ধারাও শক্তি ও উৎসাহ অনুসারে সমাগত সেই বিপক্ষ মহারথগণের অভিমুখে গমন করিলেন। তাহা আমি বলিতেছি, আপনি শ্রবণ করুন—॥৭॥

মহারাজ! চেকিতান যত্নবান্ হইয়া ভীষ্মের নিকটে যাইতে লাগিলে, ব্যাঘ্রশিশু যেমন বৃষের প্রতি ধাবিত হয়, সেইরূপ চিত্রসেন তাঁহার প্রতি ধাবিত হইলেন ॥৮॥

মহারাজ! ধৃষ্টদ্যুম্ন সত্বর ও সযত্নে ভীষ্মের নিকটে উপস্থিত হইতে লাগিলে, কৃতবর্ম্মা তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥৯॥

(৭) প্রত্যুদ্যযুস্তাবকাশ্চ···বা রা নি। (৯)···কৃতবর্ম্মাপ্যবারয়ৎ—পি।

CENTRAL LIBRARY

তথৈব নকুলং শূরং কিরন্তং সায়কান্ বহূন্।
বিকর্ণো বারয়ামাস ইচ্ছন্ ভীষ্মস্য জীবিতম্ ॥১১॥
সহদেবং তথা রাজন্! যান্তং ভীষ্মরথং প্রতি।
বারয়ামাস সংক্রুদ্ধঃ কৃপঃ শারদ্বতো যুধি ॥১২॥
রাক্ষসং ক্রূরকর্ম্মাণং ভৈমসেনিং মহাবলম্।
ভীষ্মস্য নিধনপ্রেপ্সুং দুর্ম্মুখোঽভ্যদ্রবদ্বলী ॥১৩॥
সাত্যকিং সমরে ক্রুদ্ধমার্য্যশৃঙ্গিরবারয়ৎ।
ভীষ্মস্য বধমিচ্ছন্তং পাণ্ডবপ্রীতিকাম্যয়া ॥১৪॥
অভিমন্যুং মহারাজ! যান্তং ভীষ্মরথং প্রতি।
সুদক্ষিণো মহারাজ! কাম্বোজঃ প্রত্যবারয়ৎ ॥১৫॥

ভারতকৌমুদী

তথেতি। কিরন্তং বিক্ষিপন্তম্। ইচ্ছন্ রক্ষিতুমিতি শেষঃ, জীবিতং জীবনম্ ॥১১॥
সহেতি। যান্তং গচ্ছন্তম্। শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ ॥১২॥
রাক্ষসমিতি। ভৈমসেনিং ভীমসেনপুত্রং ঘটোৎকচম্ ॥১৩॥
সাত্যকিমিতি। আর্য্যশৃঙ্গিঃ ঋষ্যশৃঙ্গপুত্রোঽলম্বুষঃ ॥১৪॥
অভীতি। সুদক্ষিণো নাম, কাম্বোজঃ কম্বোজদেশরাজঃ ॥১৫॥

মহারাজ! ভীমসেন অত্যন্তক্রুদ্ধ হইয়া ভীষ্মকে বধ করিবার ইচ্ছা করিলে, ভূরিশ্রবা ত্বরান্বিত হইয়া তাঁহাকে বারণ করিতে থাকিলেন ॥১০॥

বীর নকুল বহুতর বাণক্ষেপ করিতে করিতে আসিতে লাগিলে, বিকর্ণ ভীষ্মের জীবন রক্ষা করিবার ইচ্ছা করিয়া নকুলকে নিবারণ করিতে লাগিলেন ॥১১॥

রাজা! সহদেব ভীষ্মের রথের দিকে যাইতে থাকিলে, শরদ্বানের পুত্র কৃপ তাঁহাকে নিবৃত্ত করিতে থাকিলেন ॥১২॥

নিষ্ঠুরকর্ম্মা ও মহাবল ভীমসেননন্দন ঘটোৎকচ ভীষ্মবধার্থী হইলে, বলবান্ দুর্ম্মুখ তাহার প্রতি ধাবিত হইলেন ॥১৩॥

সাত্যকি পাণ্ডবগণের প্রীতি কামনা করিয়া ক্রুদ্ধ হইয়া যুদ্ধে ভীষ্মকে বধ করিবার ইচ্ছা করিলে, অলম্বুষ তাঁহাকে বারণ করিতে লাগিল ॥১৪॥

মহারাজ! অভিমন্যু ভীষ্মের রথের দিকে যাইতেছিলেন, তখন কম্বোজ-রাজ সুদক্ষিণ তাঁহাকে বারণ করিতে থাকিলেন ॥১৫॥

(১৪) দ্বিতীয়ার্দ্ধং পি বা ব রা নাস্তি।

CENTRAL LIBRARY

বিরাটদ্রুপদৌ বৃদ্ধৌ সমেতাবরিমর্দ্দনৌ।
অশ্বত্থামা ততঃ ক্রুদ্ধো বারয়ামাস ভারত! ॥১৬॥
তথা পাণ্ডুসুতং জ্যেষ্ঠং ভীষ্মস্য বধকাঙ্ক্ষিণম্।
ভারদ্বাজো রণে যত্তো ধর্ম্মপুত্রমবারয়ৎ ॥১৭॥
অর্জ্জুনং রভসং যুদ্ধে পুরস্কৃত্য শিখণ্ডিনম্।
ভীষ্মপ্রেপ্সুং মহারাজ! তাপয়ন্তং দিশো দশ।
দুঃশাসনো মহেষ্বাসো বারয়ামাস সংযুগে ॥১৮॥
অন্যে চ তাবকা যোধাঃ পাণ্ডবানাং মহারথান্।
ভীষ্মস্যাভিমুখান্ যাতান্ বারয়ামাসুরাহবে ॥১৯॥
ধৃষ্টদ্যুম্নস্তু সৈন্যানি প্রাক্রোশংস্তু পুনঃ পুনঃ।
অভ্যদ্রবত সংরব্ধো ভীষ্মমেকং মহারথঃ ॥২০॥

ভারতকৌমুদী

বিরাটেতি। সমেতৌ সমাগতৌ ॥১৬॥

তথেতি। ভারদ্বাজো দ্রোণঃ, যত্তো যত্নবান্ সন্ ॥১৭॥

অর্জ্জুনমিতি। রভসং বেগবন্তম্। ভীষ্মপ্রেপ্সুং বধায় ভীষ্মং প্রাপ্তুমিচ্ছুম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥

অন্য ইতি। অন্যে শল্যাদয়ঃ। পাণ্ডবানাং মহারথান্ দ্রৌপদীপুত্রাদীন্ ॥১৯॥

ধৃষ্টেতি। প্রাক্রোশন্ বক্ষ্যমাণং বাক্যমুচ্চৈর্বদন্। অভ্যদ্রবত অভ্যধাবৎ ॥২০॥

ভরতনন্দন! বৃদ্ধ অথ চ শত্রুমর্দ্দন বিরাট ও দ্রুপদ উপস্থিত হইলে, তখন অশ্বত্থামা ক্রুদ্ধ হইয়া তাঁহাদিগকে বারণ করিতে লাগিলেন ॥১৬॥

জ্যেষ্ঠ পাণ্ডুপুত্র যুধিষ্ঠির ভীষ্মের বধাভিলাষী হইয়া আসিতে থাকিলে, দ্রোণ যত্নপূর্ব্বক তাঁহাকে নিবৃত্ত করিতে থাকিলেন ॥১৭॥

মহারাজ! অর্জুন শিখণ্ডীকে অগ্রবর্ত্তী করিয়া দশ দিক্ সন্তপ্ত করিতে থাকিয়া ভীষ্মকে বধ করিবার ইচ্ছায় বেগে আসিতে লাগিলে, মহাধনুর্দ্ধর দুঃশাসন তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥১৮॥

রাজা! পাণ্ডবপক্ষের অন্যান্য মহারথেরা ভীষ্মের অভিমুখে যাইতে থাকিলে, আপনার পক্ষেরও অন্যান্য যোদ্ধারা তাঁহাদিগকে বারণ করিতে থাকিলেন ॥১৯॥

এই সময়ে ধৃষ্টদ্যুম্ন ক্রুদ্ধ হইয়া উচ্চস্বরে বার বার এই কথা বলিতে থাকিয়া মহারথ এক ভীষ্মের দিকে ধাবিত হইলেন ॥২০॥

(১৮)···তাপয়ন্তং দিশো দশ···পি বা রা।

CENTRAL LIBRARY

এষোঽর্জ্জুনো রণে ভীষ্মং প্রয়াতি কুরুনন্দনঃ।
অভিদ্রবত মা ভৈষ্ট ভীষ্মো ন প্রাপ্স্যতে হি বঃ ॥২১॥
অর্জ্জুনং সমরে যোদ্ধুং নোৎসহেতাপি বাসবঃ।
কিমু ভীষ্মো রণে বীরাঃ! গতসত্ত্বোঽল্পজীবিতঃ ॥২২॥
ইতি সেনাপতেঃ শ্রুত্বা পাণ্ডবানাং মহারথাঃ।
অভ্যদ্রবন্ত সংহৃষ্টা গাঙ্গেয়স্য রথং প্রতি ॥২৩॥
আগচ্ছতস্তান্ সমরে বার্য্যোঘানচলা ইব।
অবারয়ন্ত সংহৃষ্টাস্তাবকাঃ পুরুষর্ষভাঃ ॥২৪॥
দুঃশাসনো মহারাজ! ভয়ং ত্যক্ত্বা মহারথঃ।
ভীষ্মস্য জীবিতাকাঙ্ক্ষী ধনঞ্জয়মুপাদ্রবৎ ॥২৫॥

ভারতকৌমুদী

এষ ইতি। অভিদ্রবত ভীষ্মমভিধাবত। বো যুষ্মান্ ন প্রাপ্স্যতে অর্জ্জুনেন বারণাৎ ॥২১॥
অর্জ্জুনমিতি। উৎসহেত শক্নুয়াৎ। গতসত্ত্বো বৃদ্ধত্বাদ্দুর্বলঃ অল্পজীবিতশ্চ ॥২২॥
ইতীতি। সেনাপতের্ধৃষ্টদ্যুম্নস্য বাক্যমিতি শেষঃ। অভ্যদ্রবন্ত অভ্যধাবন্ ॥২৩॥
আগচ্ছত ইতি। বার্য্যোঘান্ জলপ্রবাহান্, অচলাঃ পর্ব্বতাঃ ॥২৪॥
দুঃশাসন ইতি। জীবিতাকাঙ্ক্ষী জীবনরক্ষণাভিলাষী সন্ ॥২৫॥

'কৌরবনন্দন এই অর্জুন যুদ্ধে ভীষ্মের দিকে যাইতেছেন। অতএব সৈন্যগণ! তোমরা ধাবিত হও, ভীত হইও না, ভীষ্ম তোমাদিকে ধরিতে পারিবেন না ॥২১॥

বীরগণ! স্বয়ং ইন্দ্রও সমরাঙ্গনে অর্জুনের সহিত যুদ্ধ করিতে সমর্থ হন না; তাহাতে বৃদ্ধ বলিয়া দুর্ব্বল ও অল্পজীবন ভীষ্মের কথা আর কি বলিব' ॥২২॥

সেনাপতি ধৃষ্টদ্যুম্নের এই কথা শুনিয়া পাণ্ডবপক্ষের মহারথেরা আনন্দিত হইয়া ভীষ্মের রথের দিকে ধাবিত হইলেন ॥২৩॥

তাঁহারা আসিতে লাগিলে, পর্ব্বতসমূহ যেমন জলপ্রবাহ বারণ করে সেইরূপ আপনার পক্ষের পুরুষশ্রেষ্ঠেরাও আনন্দিত হইয়া তাঁহাদিগকে বারণ করিতে লাগিলেন ॥২৪॥

মহারাজ! এই সময়ে মহারথ দুঃশাসন ভয় পরিত্যাগ করিয়া ভীষ্মের জীবনরক্ষার্থী হইয়া অর্জুনের দিকে ধাবিত হইলেন ॥২৫॥

(২১)···অভ্যদ্রবত মা ভৈষ্ট···রা নি। (২৪) আগচ্ছমানান্ সমরে বার্য্যোঘান্ প্রবলানিব ···পি, আগচ্ছমানান্ সমরে বীর্য্যোঘান্ প্রবলানিব···বা।

CENTRAL LIBRARY

তথৈব পাণ্ডবাঃ শূরা গাঙ্গেয়স্য রথং প্রতি।
অভ্যদ্রবন্ত সংগ্রামে তব পুত্রান্ মহারথান্ ॥২৬॥
তত্রাদ্ভুতমপশ্যাম চিত্ররূপং বিশাংপতে!।
দুঃশাসনরথং প্রাপ্য যৎ পার্থো নাত্যবর্ত্তত ॥২৭॥
যথা বারয়তে বেলা ক্ষুব্ধতোয়ং মহার্ণবম্।
তথৈব পাণ্ডবং ক্রুদ্ধং তব পুত্রো ন্যবারয়ৎ ॥২৮॥
উভৌ তৌ রথিনাং শ্রেষ্ঠাবুভৌ ভারতদুর্জ্জয়ৌ।
উভৌ চন্দ্রার্কসদৃশৌ কান্ত্যা দীপ্ত্যা চ ভারত! ॥২৯॥
তথা তৌ জাতসংরম্ভাবন্যোন্যবধকাঙ্ক্ষিণৌ।
সমীয়তুর্মহাসংখ্যে ময়শক্রৌ যথা পুরা ॥৩০॥
দুঃশাসনো মহারাজ! পাণ্ডবং বিশিখৈস্ত্রিভিঃ।
বাসুদেবঞ্চ বিংশত্যা তাড়য়ামাস সংযুগে ॥৩১॥

ভারতকৌমুদী

তথেতি। মহারথান্ তব পুত্রানপি অভি লক্ষ্যীকৃত্য অদ্রবন্ত অধাবন্ ॥২৬॥
তত্রেতি। চিত্ররূপং নানাবিধম্। পার্থো ধনঞ্জয়ঃ, নাত্যবর্ত্তত নাত্যক্রামৎ ॥২৭॥
যথেতি। বেলা তীরম্। পাণ্ডবং ধনঞ্জয়ম্, তব পুত্রো দুঃশাসনঃ ॥২৮॥
উভাবিতি। ভারতে ভরতবংশে দুর্জ্জয়ৌ। চন্দ্রার্কসদৃশৌ বর্ত্তেতে ইতি শেষঃ ॥২৯॥
তথেতি। জাতসংরম্ভৌ জাতক্রোধৌ। সমীয়তুঃ সম্মিলিতৌ, ময়ো নাম দানবঃ ॥৩০॥

সেইরূপই পাণ্ডবপক্ষের বীরেরাও ভীষ্মের রথ এবং আপনার মহারথ পুত্রগণের প্রতি বেগে চলিলেন ॥২৬॥

নরনাথ! তখন আমরা নানাপ্রকার অদ্ভুত ঘটনা দেখিলাম—যে হেতু অর্জ্জুনও দুঃশাসনের রথের নিকটে যাইয়া তাহা অতিক্রম করিতে পারিলেন না ॥২৭॥

তীর যেমন উদ্বেলিত মহাসমুদ্রকে বারণ করে, সেইরূপ আপনার পুত্র দুঃশাসন ক্রুদ্ধ অর্জ্জুনকে বারণ করিতে লাগিলেন ॥২৮॥

ভরতনন্দন! তাঁহারা দুই জনই রথিশ্রেষ্ঠ, দুই জনই ভরতবংশমধ্যে দুর্জ্জয় এবং দুই জনই কান্তিতে ও তেজে চন্দ্র ও সূর্য্যের তুল্য ॥২৯॥

পূর্ব্বকালে ময়দানব ও ইন্দ্র যেমন মহাযুদ্ধে সম্মিলিত হইয়াছিলেন, সেইরূপ তাঁহারা দুই জনও ক্রুদ্ধ এবং পরস্পর বধাভিলাষী হইয়া মহাযুদ্ধে সম্মিলিত হইলেন ॥৩০॥

(২৭)…যৎ পার্থো নাভ্যবর্ত্তত—পি।

ততোঽর্জ্জুনো জাতমন্যুর্বাক্ষ্যেয়ং বীক্ষ্য পীড়িতম্ ।
দুঃশাসনং শতেনাজৌ নারাচানাং সমার্পয়ৎ ॥৩২॥
তে তস্য কবচং ভিত্ত্বা পপুঃ শোণিতমাহবে ।
যথৈব পন্নগা রাজংস্তড়াগং তৃষিতাস্তথা ॥৩৩॥
দুঃশাসনস্ত্রিভিঃ ক্রুদ্ধঃ পার্থং বিব্যাধ পত্রিভিঃ ।
ললাটে ভরতশ্রেষ্ঠ ! শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥৩৪॥
ললাটস্থৈশ্চ তৈর্বাণৈঃ শুশুভে পাণ্ডবো রণে ।
যথা মেরুর্মহারাজ ! শৃঙ্গৈরত্যর্থমুচ্ছ্রিতৈঃ ॥৩৫॥
সোঽতিবিদ্ধো মহেষ্বাসঃ পুত্রেণ তব ধন্বিনা ।
ব্যরাজত রণে পার্থঃ কিংশুকঃ পুষ্পবানিব ॥৩৬॥

ভারতকৌমুদী

দুঃশাসন ইতি। পাণ্ডবমর্জ্জুনম্। বিংশত্যা বিশিখৈরিতি সম্বন্ধঃ ॥৩১॥
তত ইতি। জাতমন্যুরুৎপন্নক্রোধঃ, বাক্ষ্যেয়ং কৃষ্ণম্। সমার্পয়দপীড়য়ৎ ॥৩২॥
ত ইতি। তড়াগং জলাশয়তীরং ভিত্ত্বা তজ্জলং পিবন্তীত্যর্থঃ ॥৩৩॥
দুঃশাসন ইতি। পত্রাণি কঙ্কপক্ষা এষাং সন্তীতি তৈরিত্যপুনরুক্তিঃ ॥৩৪॥
ললাটস্থৈরিতি। পাণ্ডবোঽর্জ্জুনঃ। মেরুঃ পর্বতঃ। উচ্ছ্রিতৈরুন্নতৈঃ ॥৩৫॥
স ইতি। পুষ্পবানিবেত্যনেন পার্থস্য রক্তাক্ততা সূচিতা ॥৩৬॥

মহারাজ ! ক্রমে দুঃশাসন তিনটা বাণদ্বারা অর্জুনকে এবং কুড়িটা বাণদ্বারা কৃষ্ণকে তাড়ন করিলেন ॥৩১॥

তাহার পর অর্জুন কৃষ্ণকে তাড়িত দেখিয়া ক্রুদ্ধ হইয়া একশত নারাচদ্বারা দুঃশাসনকে পীড়ন করিলেন ॥৩২॥

রাজা ! তখন তৃষিত সর্প যেমন জলাশয়ের তীর ভেদ করিয়া জল পান করে, সেইরূপ অর্জুনের সেই নারাচগুলি যাইয়া দুঃশাসনের কবচ ভেদ করিয়া তাঁহার রক্ত পান করিল ॥৩৩॥

ভরতশ্রেষ্ঠ ! তখন দুঃশাসন ক্রুদ্ধ হইয়া কঙ্কপক্ষযুক্ত ও নতপর্ব্ব তিনটা বাণদ্বারা অর্জুনের ললাটদেশ বিদ্ধ করিলেন ॥৩৪॥

মহারাজ ! সেই সময়ে অত্যন্ত উচ্চ শৃঙ্গদ্বারা সুমেরুপর্ব্বত যেমন শোভা পায়, তেমন অর্জ্জুন ও ললাটস্থিত সেই তিনটা বাণদ্বারা শোভা পাইতে লাগিলেন ॥৩৫॥

(৩৩) দ্বিতীয়ার্দ্ধং পি বা ব রা নাস্তি। (৩৫) ললাটস্থৈস্ত ··বা রা নি।

দুঃশাসনং ততঃ ক্রুদ্ধঃ পীড়য়ামাস পাণ্ডবঃ।
পর্বণীব সুসংক্রুদ্ধো রাহুঃ পূর্ণনিশাকরম্ ॥৩৭॥
পীড্যমানো বলবতা পুত্রস্তব বিশাংপতে!।
বিব্যাধ সমরে পার্থং কঙ্কপত্রৈঃ শিলাশিতৈঃ ॥৩৮॥
তস্য পার্থো ধনুশ্ছিত্ত্বা রথঞ্চাস্য ত্রিভিঃ শরৈঃ।
আজঘান ততঃ পশ্চাৎ পুত্রং তে নিশিতৈঃ শরৈঃ ॥৩৯॥
সোঽন্যৎ কার্ম্মুকমাদায় ভীষ্মস্য প্রমুখে স্থিতঃ।
অর্জ্জুনং পঞ্চবিংশত্যা বাহ্বোরুরসি চার্পয়ৎ ॥৪০॥
তস্য ক্রুদ্ধো মহারাজ! পাণ্ডবঃ শত্রুতাপনঃ।
অপ্রৈষীদ্বিশিখান্ ঘোরান্ যমদণ্ডোপমান্ বহূন্ ॥৪১॥
অপ্রাপ্তানেব তান্ বাণাংশ্চিচ্ছেদ তনয়স্তব।
যতমানস্য পার্থস্য তদদ্ভুতমিবাভবৎ ॥৪২॥

ভারতকৌমুদী

দুঃশাসনমিতি। পাণ্ডবোঽর্জ্জুনঃ। পর্বণি পূর্ণিমায়াম্ ॥৩৭॥
পীড্যমান ইতি। বলবতা পার্থেন। কঙ্কপত্রৈঃ কঙ্কপক্ষিপক্ষযুক্তৈর্বাণৈঃ ॥৩৮॥
তস্যেতি। রথঞ্চ পুত্রঞ্চাজঘানেতি সম্বন্ধঃ ॥৩৯॥
স ইতি। স তব পুত্রঃ। উরসি বক্ষসি, আর্পয়ৎ অপীড়য়ৎ ॥৪০॥
তস্যেতি। অপ্রৈষীৎ নিক্ষিপ্তবান্। উপসর্গাৎ পূর্ব্বমড়াগম আর্ষঃ ॥৪১॥

আপনার ধনুর্দ্ধর পুত্র দুঃশাসন অত্যন্ত বিদ্ধ করিলে, মহাধনুর্দ্ধর অর্জ্জুন রক্তাক্তদেহ হইয়া পুষ্পযুক্ত কিংশুকবৃক্ষের ন্যায় সমরাঙ্গনে শোভা পাইতে লাগিলেন ॥৩৬॥

তাহার পর রাহু যেমন অত্যন্তক্রুদ্ধ হইয়া পূর্ণিমাতিথিতে পূর্ণচন্দ্রকে পীড়ন করে, সেইরূপ অর্জ্জুন অত্যন্তক্রুদ্ধ হইয়া দুঃশাসনকে পীড়ন করিলেন ॥৩৭॥

নরনাথ! বলবান্ অর্জুন পীড়ন করিলে, আপনার পুত্র দুঃশাসনও শিলা-শাণিত বহুতর বাণদ্বারা অর্জুনকে বিদ্ধ করিলেন ॥৩৮॥

তখন অর্জুন দুঃশাসনের ধনু ছেদন করিয়া, তিনটা বাণদ্বারা তাঁহার রথ-খানাকে এবং বহুতর বাণদ্বারা তাঁহাকে আঘাত করিলেন ॥৩৯॥

এই সময়ে ভীষ্মের সম্মুখবর্ত্তী দুঃশাসন অন্য ধনু লইয়া পঁচিশটা বাণদ্বারা অর্জুনের বাহুযুগল ও বক্ষস্থল পীড়ন করিলেন ॥৪০॥

মহারাজ! তখন শত্রুতাপন অর্জুন ক্রুদ্ধ হইয়া দুঃশাসনের উপরে যমদণ্ডের তুল্য ভয়ঙ্কর বহুতর বাণ নিক্ষেপ করিলেন ॥৪১॥

পার্থঞ্চ নিশিতৈর্বাণৈরবিধ্যত্তনয়স্তব।
ততঃ ক্রুদ্ধো রণে পার্থঃ শরান্ সন্ধায় কার্ম্মুকে ॥৪৩॥
প্রেষয়ামাস সমরে স্বর্ণপুঙ্খান্ শিলাশিতান্।
ন্যমজ্জংস্তে মহারাজ! তস্য কায়ে মহাত্মনঃ ॥৪৪॥
যথা হংসা মহারাজ! তড়াগং প্রাপ্য ভারত!।
পীড়িতশ্চৈব পুত্রস্তে পাণ্ডবেন মহাত্মনা ॥৪৫॥
হিত্বা পার্থং রণে তূর্ণং ভীষ্মস্য রথমাব্রজৎ।
অগাধে মজ্জতস্তস্য দ্বীপো ভীষ্মোঽভবত্তদা ॥৪৬॥ (কলাপকম্)
প্রতিলভ্য ততঃ সংজ্ঞাং পুত্রস্তব বিশাংপতে!।
অবারয়ত্ততঃ শূরো ভূয় এব পরাক্রমী ॥৪৭॥

ভারতকৌমুদী

অপ্রাপ্তানিতি। যতমানস্য জেতুমিতি শেষঃ। অভূতপূর্বত্বাদেবাদ্ভুতমিতি ভাবঃ ॥৪২॥
পার্থমিতি। অবিধ্যচ্চেতি সম্বন্ধঃ। ন্যমজ্জন্ প্রাবিশন্। তড়াগং জলাশয়বিশেষম্। অগাধে বিপৎসমুদ্রে। দ্বীপ ইবাশ্রয়ঃ, দ্বীপস্বরূপ আশ্রয়ো বা ॥৪৩—৪৬॥

ভারতভাবদীপঃ

অর্জ্জুন ইতি ॥১—১৭॥ রভসং কৃতোৎসাহম্ ॥১৮—২৩॥ প্রলয়ানিব প্রলয়কালীনানিব ॥২৪—২৬॥ অদ্ভুতম্ অভূতপূর্ব্বম্ ॥২৭—৪০॥ অপ্রৈষীৎ উপসর্গাৎ পূর্ব্বোঽড়াগমস্য ছান্দসঃ; এবমন্যত্রাপি ॥৪১—৪৫॥ দ্বীপ আশ্রয়ঃ ॥৪৬—৪৮॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষড়ধিকশততমোঽধ্যায়ঃ ॥১০৬॥

অর্জুন জয় করিবার জন্য যত্ন করিলেও, দুঃশাসন তাঁহার সেই বাণগুলি না আসিতেই সেগুলিকে ছেদন করিলেন; তাহা যেন আশ্চর্য্যের ন্যায় হইল ॥৪২॥

এবং দুঃশাসন সুতীক্ষ্ণ বাণদ্বারা অর্জুনকে বিদ্ধও করিলেন। মহারাজ! তাহার পর অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত বহুতর বাণ সন্ধান করিয়া নিক্ষেপ করিলেন। ভরতনন্দন মহারাজ! তখন হংসগণ যেমন জলাশয়ে যাইয়া প্রবেশ করে, সেইরূপ সেই অর্জ্জুনের বাণগুলি যাইয়া বলবান্ দুঃশাসনের দেহে প্রবেশ করিল। মহাত্মা অর্জ্জুন সেইরূপ পীড়ন করিলে, আপনার পুত্র দুঃশাসন যুদ্ধে অর্জ্জুনকে পরিত্যাগ করিয়া সত্বর যাইয়া ভীষ্মের রথে আরোহণ করিলেন। সুতরাং দুঃশাসন অগাধ বিপৎসাগরে মগ্ন হইতেছিলেন, সেই অবস্থায় ভীষ্ম তাঁহার দ্বীপস্বরূপ আশ্রয় হইলেন ॥৪৩—৪৬॥

নরনাথ! তাহার পর আপনার পুত্র বীর ও পরাক্রমশালী দুঃশাসন চৈতন্য লাভ করিয়া—পূর্ব্বে ইন্দ্র যেমন বৃত্রাসুরকে বারণ করিয়াছিলেন, সেইরূপ

শরৈঃ সুনিশিতৈঃ পার্থং যথা বৃত্রং পুরন্দরঃ।
নির্বিভেদ মহাকায়ো বিব্যথে নৈব চার্জ্জুনঃ ॥৪৮॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে দশমদিবসযুদ্ধে অর্জ্জুনদুঃশাসনসমাগমে ষড়ধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

সাত্যকিং দংশিতং যুদ্ধে ভীষ্মায়াভ্যুদ্যতং রণে।
আর্য্যশৃঙ্গির্মহেষ্বাসো বারয়ামাস সংযুগে ॥১॥
মাধবস্তু সুসংক্রুদ্ধো রাক্ষসং নবভিঃ শরৈঃ।
আজঘান রণে রাজন্! প্রহসন্নিব ভারত! ॥২॥

ভারতকৌমুদী

প্রতীতি। সংজ্ঞাং চৈতন্যম্। মহাকায়ো দৃঢ়তয়া প্রশস্তদেহঃ ॥৪৭—৪৮॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে ষড়ধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

সাত্যকিমিতি। দংশিতং কৃতসন্নাহম্। অভ্যুদ্যতং প্রহর্ত্তুম্। আর্য্যশৃঙ্গিরলম্বুষঃ ॥১॥
মাধব ইতি। মাধবো মধুবংশীয়ঃ সাত্যকিঃ। রাক্ষসমলম্বুষম্ ॥২॥

সুতীক্ষ্ণ বাণদ্বারা পুনরায় অর্জুনকে বারণ করিতে লাগিলেন এবং তাঁহাকে বিদীর্ণ করিলেন; কিন্তু দৃঢ়শরীর অর্জুন তাহাতে ব্যথিত হইলেন না' ॥৪৭—৪৮॥

সঞ্জয় বলিলেন—'যুদ্ধসজ্জায় সজ্জিত সাত্যকি যুদ্ধে ভীষ্মকে প্রহার করিতে উদ্যত হইলে, মহাধনুর্দ্ধর অলম্বুষ তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥১॥

---

(৪৮)…বৃত্রঃ পুরন্দরম্…পি। * '…একাদশোত্তরশততমোঽধ্যায়ঃ' বা, '…দশাধিকশততমোঽধ্যায়ঃ' রা নি। (২) মাধবস্তু রণে ক্রুদ্ধঃ…পি।

তথৈব রাক্ষসো রাজন্ ! মাধবং নবভিঃ শরৈঃ ।
অর্দ্দয়ামাস রাজেন্দ্র ! সংক্রুদ্ধঃ শিনিপুঙ্গবম্ ॥৩॥
শৈনেয়ঃ শরসংঘস্তু প্রেষয়ামাস সংযুগে ।
রাক্ষসায় সুসংক্রুদ্ধো মাধবঃ পরবীরহা ॥৪॥
ততো রক্ষো মহাবাহুং সাত্যকিং সত্যবিক্রমম্ ।
বিব্যাধ বিশিখৈস্তীক্ষ্ণৈঃ সিংহনাদং ননাদ চ ॥৫॥
মাধবস্তু ভৃশং বিদ্ধো রাক্ষসেন রণে তদা ।
ধৈর্য্যমালম্ব্য তেজস্বী জহাস চ ননাদ চ ॥৬॥
ভগদত্তস্ততঃ ক্রুদ্ধো মাধবং নবভিঃ শরৈঃ ।
তাড়য়ামাস সমরে তোত্ত্রৈরিব মহাগজম্ ॥৭॥
বিহায় রাক্ষসং যুদ্ধে শৈনেয়ো রথিনাং বরঃ ।
প্রাগ্‌জ্যোতিষায় চিক্ষেপ শরান্ সন্নতপর্বণঃ ॥৮॥

ভারতকৌমুদী

তথেতি। অর্দ্দয়ামাস পীড়য়ামাস। শিনিপুঙ্গবং শিনিবংশপ্রধানম্ ॥৩॥
শৈনেয় ইতি। রাক্ষসায় অলম্বুষপ্রহারায়। মাধবঃ সাত্যকিঃ ॥৪॥
তত ইতি। রক্ষো রাক্ষসোঽলম্বুষঃ। সিংহস্যেব নাদো যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা তথা ॥৫॥
মাধব ইতি। হাসনাদাভ্যাং ব্যথায়া অভাবঃ সূচিতঃ ॥৬॥
ভগদত্ত ইতি। মাধবং সাত্যকিম্। তোত্ত্রৈরঙ্কুশবিশেষৈঃ ॥৭॥

ভরতনন্দন রাজা ! তখন সাত্যকি ক্রুদ্ধ হইয়া হাসিতে হাসিতেই যেন নয়টা বাণদ্বারা অলম্বুষকে আঘাত করিলেন ॥২॥

রাজশ্রেষ্ঠ রাজা ! সেইরূপই অলম্বুষও অত্যন্তক্রুদ্ধ হইয়া নয়টা বাণদ্বারা শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকিকে পীড়ন করিল ॥৩॥

তখন বিপক্ষবীরহন্তা শিনিবংশীয় সাত্যকি অত্যন্তক্রুদ্ধ হইয়া অলম্বুষের প্রতি বহুতর বাণ নিক্ষেপ করিলেন ॥৪॥

তৎপরে অলম্বুষ বহুতর তীক্ষ্ণ বাণদ্বারা মহাবাহু ও সত্যবিক্রম সাত্যকিকে বিদ্ধ করিল এবং সিংহনাদ করিয়া উঠিল ॥৫॥

অলম্বুষ অত্যন্ত বিদ্ধ করিলেও তেজস্বী সাত্যকি ধৈর্য্য অবলম্বন করিয়া হাস্য করিলেন ও গর্জন করিয়া উঠিলেন ॥৬॥

তাহার পর ভগদত্ত ক্রুদ্ধ হইয়া—অঙ্কুশদ্বারা মহাহস্তীকে যেমন তাড়ন করে, সেইরূপ নয়টা বাণদ্বারা সাত্যকিকে তাড়ন করিলেন ॥৭॥

(৭)···মাধবং নিশিতৈঃ শরৈঃ···বা রা মি ।

তস্য প্রাগ্‌জ্যোতিষো রাজা মাধবস্য মহদ্ধনুঃ।
চিচ্ছেদ শিতধারেণ ভল্লেন কৃতহস্তবৎ ॥৯॥
অথান্যদ্ধনুরাদায় বেগবৎ পরবীরহা।
ভগদত্তং রণে ক্রুদ্ধং বিব্যাধ নিশিতৈঃ শরৈঃ ॥১০॥
সোঽতিবিদ্ধো মহেষ্বাসঃ স্বৃক্কণী পরিসংলিহন্।
শক্তিং কনকবৈদূর্য্যভূষিতামায়সীং দৃঢ়াম্ ॥১১॥
যমদণ্ডোপমাং ঘোরাং চিক্ষেপ পরমাহবে।
তামাপতন্তীং সহসা তস্য বাহুবলেরিতাম্ ॥১২॥
সাত্যকিঃ সমরে রাজন্! দ্বিধা চিচ্ছেদ সায়কৈঃ।
ততঃ পপাত সহসা মহোল্কেব হতপ্রভা ॥১৩॥ (বিশেষকম্)
শক্তিং বিনিহতাং দৃষ্ট্বা পুত্রস্তব বিশাংপতে!।
মহতা রথবংশেন বারয়ামাস মাধবম্ ॥১৪॥

ভারতকৌমুদী

বিহায়েতি। শৈনেয়ঃ সাত্যকিঃ। প্রাগ্‌জ্যোতিষায় তদধিপতয়ে ভগদত্তায় ॥৮॥

তস্যেতি। মাধবস্য সাত্যকেঃ। কৃতঃ শিক্ষিতো হস্তঃ অস্য কর্ম্মণোঽস্তীতি তদ্‌যথা তথা ॥৯॥

অথেতি। বেগবৎ দৃঢ়মিত্যর্থঃ, পরবীরহা সাত্যকিঃ ॥১০॥

স ইতি। আয়সীং লৌহময়ীম্। পরমাহবে মহাযুদ্ধে। পপাত শক্তিঃ ॥১১—১৩॥

তখন রথিশ্রেষ্ঠ সাত্যকি যুদ্ধে অলম্বুষকে পরিত্যাগ করিয়া ভগদত্তের প্রতি বহুতর বক্রপ্রান্ত বাণ নিক্ষেপ করিলেন ॥৮॥

পরে ভগদত্ত রাজা শিক্ষিতহস্ততার গুণে একটা সুতীক্ষ্ণ ভল্লদ্বারা সাত্যকির বিশাল ধনুখানাকে ছেদন করিয়া ফেলিলেন ॥৯॥

তদনন্তর বিপক্ষবীরহন্তা সাত্যকি অন্য একখানা দৃঢ় ধনু লইয়া তীক্ষ্ণ বাণ-সমূহদ্বারা ক্রুদ্ধ ভগদত্তকে বিদ্ধ করিলেন ॥১০॥

তখন মহাধনুর্দ্ধর ভগদত্ত অত্যন্তবিদ্ধ হইয়া ওষ্ঠপ্রান্ত লেহন করিতে থাকিয়া মহাযুদ্ধে স্বর্ণ ও বৈদূর্য্যমণিভূষিত, লৌহময়, দৃঢ় এবং যমদণ্ডের তুল্য ভয়ঙ্কর একটা শক্তি নিক্ষেপ করিলেন। রাজা! ভগদত্তের বাহুবলনিক্ষিপ্ত সেই শক্তিটা বেগে আসিতে লাগিলে, সাত্যকি বাণদ্বারা সেটাকে দুই খণ্ডে ছেদন করিয়া ফেলিলেন। তাহার পর বিশাল উল্কার ন্যায় সেটা নিষ্প্রভ হইয়া পতিত হইল ॥১১—১৩॥

(৯)···চিচ্ছেদ শতধারেণ···রা নি।

CENTRAL LIBRARY

তথা পরিবৃতং দৃষ্ট্বা বার্ষ্ণেয়ানাং মহারথম্।
দুর্য্যোধনো ভৃশং হৃষ্টো ভ্রাতৄন্ সর্বানুবাচ হ ॥১৫॥
তথা কুরুত কৌরব্যাঃ! যথা বঃ সাত্যকো যুধি।
ন জীবন্ প্রতিনির্যাতি মহতোঽস্মাদ্রথব্রজাৎ ॥১৬॥
অস্মিন্ হতে হতং মন্যে পাণ্ডবানাং মহদ্বলম্।
তথেতি চ বচস্তস্য পরিগৃহ্য মহারথাঃ ॥১৭॥
শৈনেয়ং যোধয়ামাসুর্ভীষ্মায়াভ্যুদ্যতং রণে।
অভিমন্যুং তদায়ান্তং ভীষ্মায়াভ্যুদ্যতং মৃধে ॥১৮॥
কাম্বোজরাজো বলবান্ বারয়ামাস ভারত!।
আর্জ্জুনিং নৃপতির্বিদ্ধা শরৈঃ সন্নতপর্বভিঃ ॥১৯॥
পুনরেব চতুঃষষ্ট্যা রাজন্ বিব্যাধ তং নৃপ!।
সুদক্ষিণস্তু সমরে পুনর্বিব্যাধ পঞ্চভিঃ ॥২০॥
সারথিঞ্চাস্য নবভিরিচ্ছন্ ভীষ্মস্য জীবিতম্।
তদ্‌যুদ্ধমাসীৎ সুমহত্তয়োস্তত্র সমাগমে ॥২১॥ (কুলকম্)

ভারতকৌমুদী

শক্তিমিতি। পুত্রো দুঃশাসনঃ। রথানাং বংশেন সমূহেন ॥১৪॥
তথেতি। বার্ষ্ণেয়ানাং বৃষ্ণিবংশীয়ানাং মধ্যে মহারথং সাত্যকিম্ ॥১৫॥
তথেতি। সাত্যকঃ সাত্যকিঃ। রথানাং ব্রজাৎ সমূহাৎ ॥১৬॥
অস্মিন্নিতি। হতং মন্যে, প্রধাননাশাৎ। শৈনেয়ং সাত্যকিম্। মৃধে যুদ্ধে। কাম্বোজরাজঃ সুদক্ষিণঃ। আর্জুনিমভিমন্যুম্। ইচ্ছন্ রক্ষিতুমিতি শেষঃ ॥১৭—২১॥

নরনাথ! আপনার পুত্র দুঃশাসন শক্তিটাকে প্রতিহত দেখিয়া বিশাল রথসমূহদ্বারা সাত্যকিকে পরিবেষ্টন করিলেন ॥১৪॥

তখন দুর্য্যোধন মহারথ সাত্যকিকে পরিবেষ্টিত দেখিয়া অত্যন্ত আনন্দিত হইয়া সকল ভ্রাতাকে বলিলেন—॥১৫॥

'কৌরবগণ! সাত্যকি যাহাতে তোমাদের এই বিশাল রথসমূহমধ্য হইতে জীবিত অবস্থায় নির্গত হইয়া না যায়, তোমরা তাহা কর ॥১৬॥

এইটা নিহত হইলে, পাণ্ডবগণের বিশাল সৈন্যই নিহত হইল বলিয়া আমি মনে করি'। 'তাহাই হইবে' এই কথা বলিয়া দুর্য্যোধনের বাক্য গ্রহণ করিয়া

(১৫)…ভৃশং ক্রুদ্ধঃ…বা নি। (১৮)…ভীষ্মস্যাভ্যুদ্যতং বধে…পি,…ভীষ্মস্যাভ্যুদ্যতং বধে—নি। (১৯)…বারয়ামাস সংযুগে…নৃপতে! বিদ্ধা…নি। (২০)…তং নৃপম্…বা।

যদাভ্যধাবদ্‌গাঙ্গেয়ং শিখণ্ডী শত্রুকর্ষণঃ।
বিরাটদ্রুপদৌ বৃদ্ধৌ বারয়ন্তৌ মহাচমূম্ ॥২২॥
ভীষ্মঞ্চ যুধি সংরব্ধাবাদ্রবন্তৌ মহারথৌ।
অশ্বত্থামা রণে ক্রুদ্ধঃ সমিয়াদ্রথসত্তমঃ ॥২৩॥ (যুগ্মকম্)
ততঃ প্রববৃতে যুদ্ধং তয়োস্তস্য চ ভারত!।
বিরাটো দশভির্ভল্লৈরাজঘান পরন্তপঃ।
যতমানং মহেষ্বাসং দ্রৌণিমাহবশোভিনম্ ॥২৪॥
দ্রুপদশ্চ ত্রিভির্বাণৈর্বিব্যাধ নিশিতৈস্তদা।
গুরুপুত্রং সমাসাদ্য প্রহরন্তৌ মহাবলৌ ॥২৫॥

ভারতকৌমুদী

যদেতি। গাঙ্গেয়ং ভীষ্মম্। সমিয়াৎ অগচ্ছদিত্যর্থঃ ॥২২—২৩॥

তত ইতি। যতমানং জেতুমিতি শেষঃ। আহবশোভিনং বীরশ্রিয়া। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৪॥

দ্রুপদ ইতি। বিরাটদ্রুপদৌ প্রহরন্তাবভবতামিতি শেষঃ ॥২৫॥

মহারথেরা ভীষ্মকে আক্রমণ করিবার জন্য উদ্যত সাত্যকির সহিত যুদ্ধ করিতে লাগিলেন। ভরতনন্দন! সেই সময়ে অভিমন্যু ভীষ্মকে আক্রমণ করিতে উদ্যত হইয়া আসিতে লাগিলে, বলবান্ কাম্বোজরাজ সুদক্ষিণ তাঁহাকে বারণ করিতে লাগিলেন। নরনাথ রাজা! কাম্বোজরাজ সুদক্ষিণ বহুতর নতপর্ব্ব বাণদ্বারা অভিমন্যুকে বিদ্ধ করিয়া পুনরায় চৌষট্টিটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন এবং তিনি ভীষ্মের জীবন রক্ষা করিবার ইচ্ছা করিয়া পুনরায় পাঁচটা বাণদ্বারা অভিমন্যুকে এবং নয়টা বাণদ্বারা তাঁহার সারথিকে বিদ্ধ করিলেন। তখন তাঁহাদের সেই সম্মেলনে অতিমহাযুদ্ধ হইতে লাগিল ॥১৭—২১॥

এদিকে শত্রুহন্তা শিখণ্ডী যখন ভীষ্মের দিকে ধাবিত হইলেন, সেই সময়ে বৃদ্ধ মহারথ বিরাট ও দ্রুপদ ক্রুদ্ধ হইয়া কৌরবগণের বিশাল সেনাকে বারণ করিতে থাকিয়া যুদ্ধে ভীষ্মের দিকে ধাবিত হইলেন। তখন রথিশ্রেষ্ঠ অশ্বত্থামা ক্রুদ্ধ হইয়া তাঁহাদের সম্মুখে গমন করিলেন ॥২২—২৩॥

ভরতনন্দন! তাহার পর বিরাট ও দ্রুপদের সহিত অশ্বত্থামার যুদ্ধ লাগিয়া গেল এবং মহাধনুর্দ্ধর ও যুদ্ধশোভী অশ্বত্থামা তাঁহাদিগকে জয় করিবার চেষ্টা করিতে থাকিলেন; সেই অবস্থায় শত্রুসন্তাপক বিরাট দশটা ভল্লদ্বারা অশ্বত্থামাকে আঘাত করিলেন ॥২৪॥

তখন দ্রুপদও নিকটবর্ত্তী হইয়া তিনটা তীক্ষ্ণ বাণদ্বারা অশ্বত্থামাকে বিদ্ধ

অশ্বত্থামা ততস্তৌ তু বিব্যাধ বহুভিঃ শরৈঃ।
বিরাটদ্রুপদৌ বীরৌ ভীষ্মং প্রতি সমুদ্যতৌ ॥২৬॥
তত্রাদ্ভুতমপশ্যাম বৃদ্ধয়োশ্চরিতং মহৎ।
যদ্দ্রৌণিসায়কান্ ঘোরান্ প্রত্যবারয়তাং যুধি ॥২৭॥
সহদেবং তথায়ান্তং কৃপঃ শারদ্বতোঽভ্যয়াৎ।
যথা নাগো বনে নাগং মত্তো মত্তমুপাদ্রবৎ ॥২৮॥
কৃপশ্চ সমরে শূরো মাদ্রীপুত্রং মহারথম্।
আজঘান শরৈস্তূর্ণং সপ্তত্যা রুক্মভূষণৈঃ ॥২৯॥
তস্য মাদ্রীসুতশ্চাপং দ্বিধা চিচ্ছেদ সায়কৈঃ।
অথৈনং ছিন্নধন্বানং বিব্যাধ নবভিঃ শরৈঃ ॥৩০॥

ভারতকৌমুদী

অশ্বেতি। সমুদ্যতৌ গন্তুমিতি শেষঃ ॥২৬॥
তত্রেতি। বৃদ্ধয়োর্বিরাটদ্রুপদয়োঃ। দ্রৌণিসায়কান্ অশ্বত্থামবাণান্ ॥২৭॥
সহেতি। শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ। নাগো হস্তী। উপাদ্রবৎ উপাদ্রবতি ॥২৮॥
কৃপ ইতি। মাদ্রীপুত্রং সহদেবম্। রুক্মভূষণৈঃ স্বর্ণখচিতৈঃ ॥২৯॥
তস্যেতি। এনং কৃপম্, ছিন্নং ধনুর্যস্য তম্ ॥৩০॥

করিলেন। এইভাবে মহাবল বিরাট ও দ্রুপদ অশ্বত্থামাকে প্রহার করিতে প্রবৃত্ত হইলেন ॥২৫॥

ক্রমে বীর বিরাট ও দ্রুপদ ভীষ্মের দিকে যাইতে উদ্যত হইলেন। তখন অশ্বত্থামা বহুতর বাণদ্বারা তাঁহাদিগকে বিদ্ধ করিলেন ॥২৬॥

তখন আমরা বৃদ্ধ বিরাট ও দ্রুপদের অত্যন্ত অদ্ভুত চরিত্র দেখিলাম, যে হেতু তাঁহারা যুদ্ধে অশ্বত্থামার ভয়ঙ্কর বাণগুলিকে নিবারণ করিতে লাগিলেন ॥২৭॥

ওদিকে সহদেব আসিতে লাগিলে, বনে মত্ত হস্তী যেমন অপর মত্ত হস্তীর দিকে ধাবিত হয়, সেইরূপ শরদ্বানের পুত্র কৃপ সহদেবের দিকে ধাবিত হইলেন ॥২৮॥

বীর কৃপাচার্য্য সত্তরটা স্বর্ণখচিত বাণদ্বারা সত্বরই যুদ্ধে মহারথ সহদেবকে আঘাত করিলেন ॥২৯॥

তখন সহদেব বাণদ্বারা কৃপাচার্য্যের ধনুখানাকে দুই খণ্ডে ছেদন করিলেন এবং সেই অবস্থায় নয়টা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৩০॥

সোঽন্যৎ কার্ম্মুকমাদায় সমরে ভারসাধনম্।
মাদ্রীপুত্রং সুসংহৃষ্টো দশভির্নিশিতৈঃ শরৈঃ ॥৩১॥
আজঘানোরসি ক্রুদ্ধ ইচ্ছন্ ভীষ্মস্য জীবিতম্।
তথৈব পাণ্ডবো রাজন্! শারদ্বতমমর্ষণম্ ॥৩২॥
আজঘানোরসি ক্রুদ্ধো ভীষ্মস্য বধকাঙ্ক্ষয়া।
তয়োর্যুদ্ধং সমভবদ্‌ঘোররূপং ভয়াবহম্ ॥৩৩॥ (বিশেষকম্)
নকুলস্তু রণে ক্রুদ্ধো বিকর্ণঃ শত্রুতাপনঃ।
বিব্যাধ সায়কৈঃ ষষ্ট্যা রক্ষন্ ভীষ্মং মহাবলম্ ॥৩৪॥
নকুলোঽপি ভৃশং বিদ্ধস্তব পুত্রেণ ধীমতা।
বিকর্ণং সপ্তসপ্তত্যা নির্বিভেদ শিলীমুখৈঃ ॥৩৫॥
তত্র তৌ নরশার্দ্দূলৌ ভীষ্মহেতোঃ পরন্তপৌ।
অন্যোন্যং জঘ্নতুর্বীরৌ গোষ্ঠে গোবৃষভাবিব ॥৩৬॥

ভারতকৌমুদী

স ইতি। ভারসাধনং শত্রুসংহাররূপদুষ্করকার্য্যসাধকম্। উরসি বক্ষসি। শারদ্বতং কৃপম্, অমর্ষণমসহিষ্ণুম্। ঘোররূপং বিশালভূতম্। অত্রার্থে প্রমাণমুক্তম্ ॥৩১—৩৩॥

নকুলমিতি। বিব্যাধ তাড়য়ামাস। রক্ষন্, শত্রুবারণেন ॥৩৪॥

নকুল ইতি। ধীমতা যুদ্ধকৌশলাভিজ্ঞেন বিকর্ণেন ॥৩৫॥

তত্রেতি। গোবৃষভৌ গোশ্রেষ্ঠৌ বলীবর্দ্দাবিব ॥৩৬॥

রাজা! তখন কৃপাচার্য্য হৃষ্ট ও ক্রুদ্ধ হইয়া ভীষ্মের জীবন রক্ষা করিবার ইচ্ছা করিয়া অন্য একখানা দৃঢ় ধনু লইয়া দশটা তীক্ষ্ণ বাণদ্বারা সহদেবের বক্ষস্থলে আঘাত করিলেন। আবার সহদেবও সেইরূপই ক্রুদ্ধ হইয়া ভীষ্মের বধ কামনা করিয়া অসহিষ্ণু কৃপাচার্য্যের বক্ষস্থলে আঘাত করিলেন। এইভাবে তাঁহাদের মহাভয়ানক যুদ্ধ হইতে লাগিল ॥৩১—৩৩॥

ওদিকে শত্রুসন্তাপক বিকর্ণ মহাবল ভীষ্মকে রক্ষা করিবার জন্য ক্রুদ্ধ হইয়া ষাটটা বাণদ্বারা যুদ্ধে নকুলকে বিদ্ধ করিলেন ॥৩৪॥

আপনার পুত্র যুদ্ধকৌশলাভিজ্ঞ বিকর্ণ অত্যন্ত বিদ্ধ করিলে, নকুলও সাতত্তরটা বাণদ্বারা বিকর্ণকে বিদীর্ণ করিলেন ॥৩৫॥

তখন এইভাবে নরশ্রেষ্ঠ, শত্রুসন্তাপক ও বীর নকুল এবং বিকর্ণ গোষ্ঠে দুইটা বৃষের ন্যায় পরস্পর আঘাত করিতে লাগিলেন ॥৩৬॥

(৩২) জঘানোরসি সংক্রুদ্ধঃ···পি।

ঘটোৎকচং রণে যান্তং নিঘ্নন্তং তব বাহিনীম্ ।
দুর্ম্মুখঃ সমরে প্রায়াদ্ভীষ্মহেতোঃ পরাক্রমী ॥৩৭॥
হৈড়িম্বস্তু রণে রাজন্ ! দুর্ম্মুখং শত্রুতাপনম্ ।
আজঘানোরসি ক্রুদ্ধঃ শরেণানতপর্বণা ॥৩৮॥
ভীমসেনসুতঞ্চাপি দুর্ম্মুখঃ সুমুখৈঃ শরৈঃ ।
ষষ্ট্যা বীরো নদন্ হৃষ্টো বিব্যাধ রণমূর্দ্ধনি ॥৩৯॥
ধৃষ্টদ্যুম্নং তথায়ান্তং ভীষ্মস্য বধকাঙ্ক্ষিণম্ ।
হার্দ্দিক্যো বারয়ামাস রথশ্রেষ্ঠং মহারথঃ ॥৪০॥
হার্দ্দিক্যঃ পার্ষতঞ্চাপি বিদ্ধা পঞ্চভিরায়সৈঃ ।
পুনঃ পঞ্চাশতা তূর্ণং তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ।
আজঘান মহাবাহুঃ পার্ষতং তং মহারথম্ ॥৪১॥

ভারতকৌমুদী

ঘটোৎকচমিতি। যান্তং ভীষ্মং প্রতি গচ্ছন্তম্। প্রায়াদভ্যধাবৎ ॥৩৭॥
হৈড়িম্ব ইতি। হৈড়িম্বো হিড়িম্বাপুত্রো ঘটোৎকচঃ। উরসি বক্ষসি ॥৩৮॥
ভীমেতি। ভীমসেনসুতং ঘটোৎকচম্। সুমুখৈঃ তীক্ষ্ণাগ্রৈঃ ॥৩৯॥
ধৃষ্টেতি। হার্দ্দিক্যো হৃদিকপুত্রঃ কৃতবর্ম্মা ॥৪০॥
হার্দ্দিক্য ইতি। পার্ষতং পৃষতপৌত্রং ধৃষ্টদ্যুম্নম্। আয়সৈর্লৌহময়ৈঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪১॥

অন্যদিকে ঘটোৎকচ আপনার সৈন্য বিনাশ করিতে করিতে ভীষ্মের দিকে যাইতেছিল ; এই সময়ে পরাক্রমশালী দুর্ম্মুখ ভীষ্মকে রক্ষা করিবার জন্য তাহার দিকে ধাবিত হইলেন ॥৩৭॥

রাজা ! তখন ঘটোৎকচ ক্রুদ্ধ হইয়া একটা নতপর্ব্ব বাণদ্বারা শত্রুতাপন দুর্ম্মুখের বক্ষস্থলে আঘাত করিল ॥৩৮॥

বীর দুর্ম্মুখও হৃষ্ট হইয়া গর্জন করতঃ ষাটটা তীক্ষ্ণ বাণদ্বারা সমরাঙ্গনে ঘটোৎকচকে বিদ্ধ করিলেন ॥৩৯॥

অপর দিকে রথিশ্রেষ্ঠ ধৃষ্টদ্যুম্ন ভীষ্মের বধাভিলাষী হইয়া আসিতে লাগিলে, মহারথ কৃতবর্ম্মা তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥৪০॥

মহাবাহু কৃতবর্ম্মা লৌহময় পাঁচটা বাণদ্বারা ধৃষ্টদ্যুম্নকে প্রথমে বিদ্ধ করিয়া পুনরায় পঞ্চাশটা বাণদ্বারা সত্বর সেই মহারথ ধৃষ্টদ্যুম্নকে আঘাত করিলেন এবং 'থাক থাক' এই কথা বলিলেন ॥৪১॥

তঞ্চৈব পার্ষতো রাজন্! হার্দ্দিক্যং নবভিঃ শরৈঃ।
বিব্যাধ নিশিতৈস্তীক্ষ্ণৈঃ কঙ্কপত্রৈরজিহ্মগৈঃ ॥৪২॥
তয়োঃ সমভবদ্‌যুদ্ধং ভীষ্মহেতোর্মহারণে।
অন্যোন্যাতিশয়ে যুক্তং যথা বৃত্রমহেন্দ্রয়োঃ ॥৪৩॥
ভীমসেনং তথায়ান্তং ভীষ্মং প্রতি মহারথম্।
ভূরিশ্রবাভ্যয়াত্তূর্ণং তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥৪৪॥
সৌমদত্তিরথো ভীমমাজঘান স্তনান্তরে।
নারাচেন সুতীক্ষ্ণেন রুক্মপুঙ্খেন সংযুগে ॥৪৫॥
উরস্থেন বভৌ তেন ভীমসেনঃ প্রতাপবান্।
স্কন্দশক্ত্যা যথা ক্রৌঞ্চঃ পুরা নৃপতিসত্তম! ॥৪৬॥
তৌ শরান্ সূর্য্যসঙ্কাশান্ কর্ম্মারপরিমার্জ্জিতান্।
অন্যোন্যস্য রণে ক্রুদ্ধৌ চিক্ষিপাতে নরর্ষভৌ ॥৪৭॥

ভারতকৌমুদী

তমিতি। কঙ্কস্য পক্ষিণঃ পত্রাণি পক্ষা যেষু তৈঃ, অজিহ্মগৈঃ সরলগামিভিঃ ॥৪২॥
তয়োরিতি। অন্যোন্যাতিশয়ে পরস্পরাতিক্রমে, যুক্তং প্রবৃত্তম্ ॥৪৩॥
ভীমেতি। ভূরিশ্রবাভ্যয়াদিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৪৪॥
সৌমেতি। সৌমদত্তির্ভূরিশ্রবাঃ। রুক্মপুঙ্খেন স্বর্ণখচিতাগ্রেণ ॥৪৫॥
উরস্থেনেতি। "শিট্যঘোষে বিসর্জনীয়স্য" ইতি বিসর্গলোপঃ। ক্রৌঞ্চঃ পর্ব্বতঃ ॥৪৬॥
তাবিতি। কর্ম্মারেণ শিল্পিনা পরিমার্জ্জিতান্ শিলাশাণিতান্ ॥৪৭॥

রাজা! তখন ধৃষ্টদ্যুম্ন শিলাশাণিত, তীক্ষ্ণ, কঙ্কপত্রযুক্ত ও সরলগামী নয়টা বাণদ্বারা কৃতবর্ম্মাকে বিদ্ধ করিলেন ॥৪২॥

পূর্ব্বে বৃত্রাসুর ও ইন্দ্রের যেমন যুদ্ধ হইয়াছিল, সেইরূপ ভীষ্মের জন্য বিশাল সমরাঙ্গনে পরস্পরাতিক্রমে প্রবৃত্ত ধৃষ্টদ্যুম্ন ও কৃতবর্ম্মার যুদ্ধ হইতে লাগিল ॥৪৩॥

ওদিকে মহারথ ভীমসেন ভীষ্মের দিকে আসিতেছিলেন, তখন ভূরিশ্রবা সত্বর তাঁহার প্রতি ধাবিত হইলেন এবং 'থাক থাক' এই কথা বলিলেন ॥৪৪॥

তাহার পর ভূরিশ্রবা তীক্ষ্ণ ও স্বর্ণপুঙ্খ একটা নারাচদ্বারা যুদ্ধে ভীমসেনের বক্ষস্থলে আঘাত করিলেন ॥৪৫॥

রাজশ্রেষ্ঠ! পূর্ব্বকালে ক্রৌঞ্চপর্ব্বত যেমন কার্ত্তিকের শক্তি (বাণবিশেষ) দ্বারা শোভা পাইয়াছিল, প্রতাপশালী ভীমসেনও সেইরূপ বক্ষস্থিত সেই নারাচদ্বারা শোভা পাইতে লাগিলেন ॥৪৬॥

(৪৭)···চিক্ষিপাতে মুহুর্মুহুঃ—পি।

CENTRAL LIBRARY

ভীমো ভীষ্মবধাকাঙ্ক্ষী সৌমদত্তিং মহারথম্ ।
তথা ভীষ্মজয়ে গৃধ্নুঃ সৌমদত্তিস্তু পাণ্ডবম্ ।
কৃতপ্রতিকৃতে যত্তৌ যোধয়ামাসতু রণে ॥৪৮॥
যুধিষ্ঠিরস্তু কৌরব্য ! মহত্যা সেনয়া বৃতম্ ।
ভীষ্মাভিমুখমায়ান্তং ভারদ্বাজো ন্যবারয়ৎ ॥৪৯॥
দ্রোণস্য রথনির্ঘোষং পর্জন্যনিনদোপমম্ ।
শ্রুত্বা প্রভদ্রকা রাজন্ ! সমকম্পন্ত মারিষ ! ॥৫০॥
সা সেনা মহতী রাজন্ ! পাণ্ডুপুত্রস্য সংযুগে ।
দ্রোণেন বারিতা যত্তা ন চচাল পদাৎ পদম্ ॥৫১॥
চেকিতানং রণে যত্তং ভীষ্মং প্রতি জনেশ্বর ! ।
চিত্রসেনস্তব সুতঃ ক্রুদ্ধরূপমবারয়ৎ ॥৫২॥

ভারতকৌমুদী

ভীম ইতি। গৃধ্নুঃ অভিলাষী। কৃতস্যাঘাতস্য প্রতিকৃতে প্রত্যাঘাতে, যত্তৌ সযত্নৌ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৮॥

যুধীতি। ভারদ্বাজো দ্রোণঃ ॥৪৯॥

দ্রোণস্যেতি। পর্জন্যনিনদোপমং মেঘগর্জনতুল্যম্। প্রভদ্রকাস্তদ্দেশীয়াঃ সৈন্যাঃ ॥৫০॥

সেতি। পাণ্ডুপুত্রস্য যুধিষ্ঠিরস্য। যত্তা চলনে যত্নবত্যপি ॥৫১॥

চেকিতানমিতি। যত্তং গন্তুং যত্নবন্তম্। ক্রুদ্ধরূপং ক্রোধেনোগ্রমূর্তিম্ ॥৫২॥

ক্রমে নরশ্রেষ্ঠ ভীমসেন ও ভূরিশ্রবা ক্রুদ্ধ হইয়া যুদ্ধে শিল্পিমার্জিত সূর্য্য-তুল্যউজ্জ্বল বাণ সকল পরস্পরের উপরে নিক্ষেপ করিতে লাগিলেন ॥৪৭॥

ভীমসেন ভীষ্মবধাকাঙ্ক্ষী হইয়া ভূরিশ্রবার সহিত এবং ভূরিশ্রবাও ভীষ্ম-বিজয়ে অভিলাষী হইয়া ভীমসেনের সহিত, এইভাবে তাঁহারা আঘাতের প্রত্যাঘাতে যত্নবান্ হইয়া সমরাঙ্গনে যুদ্ধ করিতে লাগিলেন ॥৪৮॥

কৌরবনন্দন ! ওদিকে যুধিষ্ঠির বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া ভীষ্মাভি-মুখে আসিতে লাগিলে, দ্রোণাচার্য্য তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৪৯॥

মাননীয় রাজা ! তখন মেঘগর্জনের তুল্য দ্রোণের রথধ্বনি শুনিয়া প্রভদ্রকেরা কাঁপিতে লাগিল ॥৫০॥

রাজা ! যুধিষ্ঠিরের সেই বিশাল সৈন্য সমরাঙ্গনে অগ্রসর হইবার জন্য যত্নবান্ হইয়াও দ্রোণকর্ত্তৃক নিবারিত হইতে থাকায় স্বস্থান হইতে একপদও অগ্রসর হইতে পারিল না ॥৫১॥

(৪৯) যুধিষ্ঠিরস্তু কৌন্তেয়ম্…বা রা নি। (৫২) চেকিতানং রণে ক্রুদ্ধম্…পি বা।

CENTRAL LIBRARY

ভীষ্মহেতোঃ পরাক্রান্তশ্চিত্রসেনো মহারথঃ।
চেকিতানং পরং শক্ত্যা যোধয়ামাস ভারত! ॥৫৩॥
তথৈব চেকিতানোঽপি চিত্রসেনমবারয়ৎ।
তদ্‌যুদ্ধমাসীৎ সুমহত্তয়োস্তত্র সমাগমে ॥৫৪॥
অর্জ্জুনো বার্য্যমাণোঽপি বহুশস্তত্র ভারত!।
বিমুখীকৃত্য পুত্রং তে সেনাং তব মমর্দ্দ হ ॥৫৫॥
দুঃশাসনোঽপি পরয়া শক্ত্যা পার্থমবারয়ৎ।
কথং ভীষ্মং ন নো হন্যাদিতি নিশ্চিত্য ভারত! ॥৫৬॥
সা বধ্যমানা সমরে তব পুত্রস্য বাহিনী।
লোড্যতে রথিভিঃ শ্রেষ্ঠৈস্তত্র তত্রৈব ভারত! ॥৫৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে দশমদিবসযুদ্ধে দ্বন্দ্বযুদ্ধে সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ভীষ্মেতি। শক্ত্যা সামর্থ্যানুসারেণ, পরমত্যন্তং যোধয়ামাস ॥৫৩॥
তথেতি। সমাগমে সম্মেলনে ॥৫৪॥
অর্জ্জুন ইতি। বার্য্যমাণোঽপি দুঃশাসনেন। পুত্রং দুঃশাসনম্, তথৈব প্রাগুক্তেঃ ॥৫৫॥
দুঃশাসন ইতি। পার্থমর্জ্জুনম্। নঃ অস্মাকং সকাশে ॥৫৬॥

নরনাথ! অন্যদিকে ক্রোধে উগ্রমূর্ত্তি চেকিতান ভীষ্মের দিকে যাইবার জন্য যত্নবান্ হইলে, আপনার পুত্র চিত্রসেন তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥৫২॥

ভরতনন্দন! পরাক্রমশালী মহারথ চিত্রসেন আপন শক্তি অনুসারে ভীষ্মের জন্য চেকিতানের সহিত গুরুতর যুদ্ধ করিতে লাগিলেন ॥৫৩॥

চেকিতানও সেইরূপই চিত্রসেনকে বারণ করিতে থাকিলেন। তখন তাঁহাদের সেই সম্মেলনে সেই যুদ্ধ অতিগুরুতরভাবে হইতে লাগিল ॥৫৪॥

ভরতনন্দন! এদিকে দুঃশাসন বার বার নিবারণ করিলেও অর্জ্জুন দুঃশাসনকে পরাঙ্মুখ করিয়া আপনার সৈন্য মর্দ্দন করিতে থাকিলেন ॥৫৫॥

ভরতনন্দন! 'আমাদের সমক্ষে কি ভাবে ভীষ্মকে বধ করিতে না পারে' এই বিষয় নিশ্চয় করিয়া দুঃশাসনও পরম শক্তি অনুসারে অর্জ্জুনকে বারণ করিতে লাগিলেন ॥৫৬॥

(৫৩)…পরাক্রান্তশ্চিত্রসেনঃ পরাক্রমী…বা রা নি। (৫৫) অর্জ্জুনো বার্য্যমাণস্তু…বা রা নি। * '…দ্বাদশোত্তরশততমোঽধ্যায়ঃ' বা, '…একাদশাধিকশততমোঽধ্যায়ঃ' রা নি।

CENTRAL LIBRARY

অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

অথ বীরো মহেষ্বাসো মত্তবারণবিক্রমঃ।
সমাদায় মহচ্চাপং মত্তবারণবারণম্ ॥১॥
বিধুন্বানো নরশ্রেষ্ঠো দ্রাবয়াণো বরূথিনীম্।
পৃতনাং পাণ্ডবেয়ানাং গাহমানো মহাবলঃ ॥২॥
নিমিত্তানি নিমিত্তজ্ঞঃ সর্বতো বীক্ষ্য বীর্য্যবান্।
প্রতপন্তমনীকানি দ্রোণঃ পুত্রমভাষত ॥৩॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

সেতি। পুত্রস্য প্রাধান্যাদ্দুর্য্যোধনস্য। রথিভিঃ শিখণ্ডিপ্রভৃতিভিঃ ॥৫৭॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

(::)

অথেতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ, মত্তস্য বারণস্য হস্তিনো বিক্রম ইব বিক্রমো যস্য সঃ। মত্তবারণস্যাপি বারণং বাণক্ষেপেণ নিবারণসমর্থম্। বিধুন্বানঃ সঞ্চালয়ন্, দ্রাবয়াণো গময়ন্, বরূথিনীং কৌরবসেনাম্। গাহমান আলোড়য়ন্। নিমিত্তানি দুর্লক্ষণানি, নিমিত্তজ্ঞো লক্ষণজ্ঞঃ। অনীকানি পাণ্ডবসৈন্যানি, পুত্রম্ অশ্বত্থামানম্ ॥১—৩॥

ভারতভাবদীপঃ

সাত্যকিমিতি ॥১—৫৬॥ লোড্যতে আকুলীক্রিয়তে ॥৫৭॥
ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ ॥১০৭॥

ভরতনন্দন! শ্রেষ্ঠ রথীরা সেই সেই স্থানে যুদ্ধে আপনার পুত্রের সৈন্য বধ করিতে থাকিয়া আলোড়ন করিতে থাকিলেন' ॥৫৭॥

সঞ্জয় বলিলেন—'তদনন্তর বীর, মহাধনুর্দ্ধর, মত্তহস্তীর ন্যায় বিক্রমশালী, নরশ্রেষ্ঠ, মহাবল, তেজস্বী ও সর্ব্বলক্ষণাভিজ্ঞ দ্রোণ মত্ত-হস্তি-নিবারণে সমর্থ বিশাল ধনু ধারণপূর্ব্বক সঞ্চালিত করিয়া এবং কৌরবসৈন্য সঞ্চালন ও পাণ্ডব-

(২)···নরশ্রেষ্ঠম্···পি। (৩)···প্রতপন্তমনীকাগ্রে···পি।

অয়ং স দিবসস্তাত! যত্র পার্থো মহাবলঃ।
জিঘাংসুঃ সমরে ভীষ্মং পরং যত্নং করিষ্যতি ॥৪॥
উৎপতন্তি হি মে বাণা ধনুর্বিস্ফুরতীব মে।
যোগমস্ত্রাণি নেচ্ছন্তি ক্রূরং মে বর্ত্ততে মনঃ ॥৫॥
দিক্ষ্বশান্তানি ঘোরাণি ব্যাহরন্তি মৃগদ্বিজাঃ।
নীচৈর্গৃধ্রা নিলীয়ন্তে ভারতানাং চমূং প্রতি ॥৬॥
নষ্টপ্রভ ইবাদিত্যঃ সর্বতো লোহিতা দিশঃ।
রসতে ব্যথতে ভূমিঃ কম্পতীব চ সর্বশঃ ॥৭॥
কঙ্কা গৃধ্রা বলাঃ শ্যেনা ব্যাহরন্তি মুহুর্মুহুঃ।
শিবাশ্চৈবাশিবা ঘোরা বেদয়ানা মহাভয়ম্ ॥৮॥

ভারতকৌমুদী

অয়মিতি। পার্থোঽর্জ্জুনঃ। জিঘাংসুঃ হন্তুমিচ্ছুঃ। পরং সাতিশয়ম্ ॥৪॥

উদিতি। উৎপতন্তি উড্ডয়ন্তে লক্ষ্যাদ্ভ্রশ্যন্তীত্যর্থঃ, বিস্ফুরতি বাণক্ষেপকালে স্খলতি। যোগং সন্ধানম্। ক্রূরমপ্রসন্নং বিষণ্ণমিত্যর্থঃ। এতৎ সর্বমেব দুর্লক্ষণমিতি ভাবঃ ॥৫॥

দিক্ষিতি। অশান্তানি নিষ্ঠুরাণি বচাংসি, ব্যাহরন্তি বদন্তি, মৃগদ্বিজাঃ পশুপক্ষিণঃ ॥৬॥

নষ্টেতি। রসতে অকারণং শব্দায়তে। ইবশব্দস্তু তিস্রষেব ক্রিয়াস্বন্বয়ঃ ॥৭॥

কঙ্কা ইতি। বলাঃ কাকাঃ, ব্যাহরন্তি রুবন্তি। অশিবা অমঙ্গলসূচিকাঃ ॥৮॥

সৈন্য আলোড়ন করিতে থাকিয়া, সকল দিকে দুর্লক্ষণ দেখিয়া, পাণ্ডবসৈন্য-সন্তাপকারী পুত্র অশ্বত্থামাকে বলিলেন—॥১—৩॥

'বৎস! এই সেই দিন, যে দিনে মহাবল অর্জুন যুদ্ধে ভীষ্মবধার্থী হইয়া সে বিষয়ে গুরুতর চেষ্টা করিবেন ॥৪॥

আমার বাণগুলি উড়িয়া যাইতেছে, ধনু যেন খুলিয়া পড়িতেছে, অস্ত্রগুলি যেন সন্ধান লইতে ইচ্ছা করে না এবং মন যেন অপ্রসন্ন হইয়াছে ॥৫॥

সকল দিকে পশু-পক্ষিগণ নিষ্ঠুর ও ভয়ঙ্কর রব করিতেছে এবং গৃধ্র সকল নীচের দিকে ভারতসৈন্যগণের প্রতি আসিয়া পড়িতেছে ॥৬॥

সূর্য্যের আলোক যেন নষ্ট হইয়া গিয়াছে, সকল দিক্ রক্তবর্ণ হইয়াছে এবং সমগ্র সমরভূমিই যেন শব্দ করিতেছে, ব্যথা পাইতেছে ও কাঁপিতেছে ॥৭॥

হাড়গিলা, শকুন, কাক ও শ্যেনপক্ষী এবং ভয়ঙ্কর অমঙ্গলসূচক শৃগাল ইহারা মহাভয়ের সূচনা করিতে থাকিয়া মুহুর্মুহু রব করিতেছে ॥৮॥

(৪) অয়ং হি দিবসঃ···বা রা নি। (৫)···ধনুঃ প্রস্ফুরতীব চ···বা রা নি। (৮) কঙ্কগৃধ্রা বলাকাশ্চ···বেদয়ন্ত্যো মহদ্ভয়ম্—বা রা নি।

পপাত মহতী চোল্কা মধ্যেনাদিত্যমণ্ডলাৎ।
সকবন্ধশ্চ পরিঘো ভানুমাবৃত্য তিষ্ঠতি ॥৯॥
পরিবেশস্তথা ঘোরশ্চন্দ্রভাস্করয়োরভূৎ।
বেদয়ানো ভয়ং ঘোরং রাজ্ঞাং দেহাবকর্ত্তনম্ ॥১০॥
দেবতায়তনস্থাশ্চ কৌরবেন্দ্রস্য দেবতাঃ।
কম্পন্তে চ হসন্তে চ নৃত্যন্তি চ রুদন্তি চ ॥১১॥
অপসব্যং গ্রহাশ্চক্রুরলক্ষ্মাণং দিবাকরম্।
অবাক্‌শিরাশ্চ ভগবানুদতিষ্ঠত চন্দ্রমাঃ ॥১২॥
বপূংষি চ নরেন্দ্রাণাং বিগতাভানি লক্ষয়ে।
ধার্ত্তরাষ্ট্রস্য সৈন্যেষু ন চ ভ্রাজন্তি দংশিতাঃ ॥১৩॥

ভারতকৌমুদী

পপাতেতি। পরিঘঃ অস্ত্রবিশেষঃ তদাকারং কিঞ্চিচ্ছিষ্টমিত্যর্থঃ ॥৯॥

পরীতি। পরিবেশঃ পরিধিঃ পরিতো মণ্ডলমিতি যাবৎ। দেহাবকর্ত্তনং দেহচ্ছেদ-সূচকম্ ॥১০॥

দেবতেতি। দেববিগ্রহাণাং কম্পনাদিকমমঙ্গলসূচকমিতি ভাবঃ ॥১১॥

অপেতি। অপসব্যং বামেনাবৃত্য। অলক্ষ্মাণং দুর্লক্ষণসূচকম্। অবাক্‌শিরা অধঃ—কোটিঃ ॥১২॥

বপূংষীতি। বিগতাভানি তিরোহিতদ্যুতীনি। দংশিতাঃ কৃতসন্নাহাঃ ॥১৩॥

ভারতভাবদীপঃ

অথেতি ॥১—৫॥ ঘোরাণি ভয়ঙ্করাণি, অশান্তানি অনুপরতানি ॥৬॥ রসতে শব্দায়তে, ব্যথতে বিভেতীব কম্পত ইব চ ॥৭—১১॥ অলক্ষ্মাণং প্রচণ্ডলক্ষণলক্ষিতম্, অবাক্‌শিরা

একটা বিশাল উল্কা সূর্য্যমণ্ডলের মধ্য দিয়া পড়িয়াছিল এবং একটা কবন্ধ-যুক্ত পরিঘচিহ্ন সূর্য্যকে আবৃত করিয়া রহিয়াছে ॥৯॥

ক্ষত্রিয়গণের দেহচ্ছেদসূচক মহাভয়ের সূচনা করিতে থাকিয়া এক একটা ভয়ঙ্কর পরিধি চন্দ্রমণ্ডল ও সূর্য্যমণ্ডলের বাহিরে হইয়াছিল ॥১০॥

কুরুরাজের দেবালয়স্থিত দেববিগ্রহ সকল কাঁপিতেছে, হাসিতেছে, নাচিতেছে এবং কাঁদিতেছে ॥১১॥

গ্রহগণ বামাবর্ত্তে যাইয়া সূর্য্যকে দুর্লক্ষণসূচক করিয়াছে এবং ভগবান্ চন্দ্র অধোমুখ হইয়া উঠিয়াছিলেন ॥১২॥

---

(১১)···নৃত্যন্তি প্ররুদন্তি চ—পি। (১২)···উপাতিষ্ঠত চন্দ্রমাঃ—বা রা নি।

সেনয়োরুভয়োশ্চাপি সমন্তাচ্ছ্রূয়তে মহান্।
পাঞ্চজন্যস্য নির্ঘোষো গাণ্ডীবস্য চ নিস্বনঃ ॥১৪॥
ধ্রুবমাস্থায় বীভৎসুরুত্তমাস্ত্রাণি সংযুগে।
অপাস্যান্যান্ রণে যোধানভ্যেষ্যতি পিতামহম্ ॥১৫॥
হৃষ্যন্তি রোমকূপানি সীদতীব চ মে মনঃ।
চিন্তয়িত্বা মহাবাহো! ভীষ্মার্জ্জুনসমাগমম্ ॥১৬॥
তঞ্চেহ নিকৃতিপ্রজ্ঞং পাঞ্চাল্যং পাপচেতসম্।
পুরস্কৃত্য রণে পার্থো ভীষ্মস্যায়োধনং গতঃ ॥১৭॥
অব্রবীচ্চ পুরা ভীষ্মো নাহং হন্যাং শিখণ্ডিনম্।
স্ত্রী হ্যেষা বিহিতা ধাত্রা দৈবাচ্চ স পুনঃ পুমান্ ॥১৮॥

ভারতকৌমুদী

সেনয়োরিতি। পাঞ্চজন্যস্য কৃষ্ণশঙ্খস্য। এতদুভয়মপি ভয়সূচকমিত্যাশয়ঃ ॥১৪॥
ধ্রুবমিতি। আস্থায় আশ্রিত্য, বীভৎসুরর্জ্জুনঃ। অপাস্য দূরীকৃত্য ॥১৫॥
হৃষ্যন্তীতি। সীদতীব অবসন্নং ভবতীব। ভীষ্মার্জ্জুনয়োঃ সমাগমং যুদ্ধে মেলনম্ ॥১৬॥
তমিতি। নিকৃতিপ্রজ্ঞং শাঠ্যাভিজ্ঞম্, পাঞ্চাল্যং শিখণ্ডিনম্। আয়োধনং যুদ্ধম্ ॥১৭॥
অব্রবীদিতি। দৈবান্মহাদেবানুগ্রহাৎ ॥১৮॥

রাজাদের দেহগুলিকে তেজোবিহীন দেখিতেছি এবং দুর্য্যোধনের সৈন্যদের মধ্যে যুদ্ধসজ্জায় সজ্জিত লোকেরাও শোভা পাইতেছে না ॥১৩॥

এবং উভয় সৈন্যেরই সকল দিকে বিশাল পাঞ্চজন্যধ্বনি ও গাণ্ডীবশব্দ শুনা যাইতেছে ॥১৪॥

নিশ্চয়ই অর্জ্জুন আজ যুদ্ধে উত্তম অস্ত্র সকল গ্রহণপূর্ব্বক অন্য যোদ্ধাদিগকে দূরীভূত করিয়া ভীষ্মের দিকে যাইবেন ॥১৫॥

মহাবাহু! সুতরাং যুদ্ধে ভীষ্ম ও অর্জ্জুনের সম্মেলনের বিষয় চিন্তা করিয়া আমার যেন রোমাঞ্চ জন্মিতেছে এবং মন যেন অবসন্ন হইতেছে ॥১৬॥

সেই শঠ ও পাপচিত্ত শিখণ্ডীটাকে অগ্রবর্ত্তী করিয়া অর্জ্জুন ভীষ্মের সহিত যুদ্ধ করিতে যাইতেছেন ॥১৭॥

এদিকে ভীষ্ম পূর্ব্বেই বলিয়া রাখিয়াছেন যে, 'আমি শিখণ্ডীকে বধ করিব না। কারণ, বিধাতা তাহাকে স্ত্রী করিয়া সৃষ্টি করিয়াছিলেন, পরে দেবতার অনুগ্রহে আবার সে পুরুষ হইয়াছে' ॥১৮॥

(১৪) শ্রূয়তেঽনিশম্…পি। (১৬)…সীদত্যেব চ মে মনঃ…পি।

CENTRAL LIBRARY

অমঙ্গল্যধ্বজশ্চৈব যাজ্ঞসেনির্মহাবলঃ।
ন চামঙ্গলিকে তস্মিন্ প্রহরেদাপগাসুতঃ ॥১৯॥
এতদ্ধি চিন্তয়ানস্য প্রজ্ঞা সীদতি মে ভৃশম্।
অভ্যুদ্যতো রণে পার্থঃ কুরুবৃদ্ধমুপাদ্রবৎ ॥২০॥
যুধিষ্ঠিরস্য চ ক্রোধো ভীষ্মশ্চার্জ্জুনসঙ্গতঃ।
মম চাস্ত্রসমারম্ভঃ প্রজানামশিবং ধ্রুবম্ ॥২১॥
মনস্বী বলবান্ শূরঃ কৃতাস্ত্রোঽলঘুবিক্রমঃ।
দূরপাতী দৃঢ়েষুশ্চ নিমিত্তজ্ঞশ্চ পাণ্ডবঃ ॥২২॥
অজেয়ঃ সমরে চাপি দেবৈরপি সবাসবৈঃ।
বলবান্ বুদ্ধিমাংশ্চৈব জিতক্লেশো যুধাং বরঃ ॥২৩॥
বিজয়ী চ রণে নিত্যং ভৈরবাস্ত্রশ্চ পাণ্ডবঃ।
তস্য মার্গং পরিহরন্ দ্রুতং গচ্ছ যতব্রত ! ॥২৪॥

ভারতকৌমুদী

অমঙ্গল্যেতি। যাজ্ঞসেনিঃ শিখণ্ডী। আপগা নদী গঙ্গা তস্যাঃ সুতো ভীষ্মঃ ॥১৯॥
এতদিতি। চিন্তয়ানস্যেতি মকারাগমাভাব আর্ষঃ। প্রজ্ঞা কর্ত্তব্যবুদ্ধিঃ ॥২০॥
যুধীতি। অস্ত্রাণাং সমারম্ভঃ ক্ষেপারম্ভঃ, প্রজানাং লোকানাম্, অশিবমমঙ্গলম্ ॥২১॥
মনস্বীতি। কৃতাস্ত্রঃ, শিক্ষিতসর্বাস্ত্রঃ, অলঘুবিক্রমো মহাবিক্রমঃ। দৃঢ়েষুর্দৃঢ়বাণঃ ॥২২॥
অজেয় ইতি। জিতক্লেশঃ ক্লেশসহিষ্ণুরিত্যর্থঃ, যুধ্যন্ত ইতি যুধো যোদ্ধারস্তেষাম্ ॥২৩॥
বিজয়ীতি। যতম্ আত্মরক্ষায়াং নিয়তং ব্রতং নিয়মো যস্য তৎসম্বোধনম্ ॥২৪॥

বিশেষতঃ মহাবল শিখণ্ডীর ধ্বজটা অমঙ্গলসূচক। সুতরাং ভীষ্ম অমাঙ্গলিক শিখণ্ডীকে প্রহার করিবেন না ॥১৯॥

এই সমস্ত বিষয় চিন্তা করায় আমার কর্ত্তব্যবুদ্ধি অত্যন্ত অবসন্ন হইয়া পড়িয়াছে। ওদিকে অর্জ্জুন যুদ্ধে উদ্যত হইয়া ভীষ্মের দিকে ধাবিত হইয়াছেন ॥২০॥

যুধিষ্ঠিরের ক্রোধ, ভীষ্ম ও অর্জ্জুনের যুদ্ধে সম্মেলন এবং আমার অস্ত্র-ক্ষেপারম্ভ, এগুলি নিশ্চয়ই লোকের অমঙ্গলজনক ॥২১॥

ওদিকে অর্জ্জুন প্রশস্তচিত্ত, বলবান্, বীর, সমস্ত অস্ত্রে সুশিক্ষিত, মহাবিক্রম-শালী, দূরে অস্ত্রক্ষেপে সমর্থ, দৃঢ়বাণসম্পন্ন ও সর্বলক্ষণাভিজ্ঞ ॥২২॥

অর্জুন তেজস্বী, বুদ্ধিমান্, কষ্টসহিষ্ণু ও যোদ্ধৃশ্রেষ্ঠ। সুতরাং ইন্দ্রের সহিত দেবতারাও তাঁহাকে যুদ্ধে জয় করিতে পারেন না ॥২৩॥

(২০) এতদ্বিচিন্তয়ানস্য…নি। (২৪)…গচ্ছ যতব্রতম্—পি।

পশ্যাদ্যৈতন্মহাঘোরে সংযুগে বৈশসং মহৎ।
হেমচিত্রাণি শূরাণাং মহান্তি চ শুভানি চ ॥২৫॥
কবচান্যবদীর্য্যন্তে শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
ছিদ্যন্তে চ ধ্বজাগ্রাণি তোমরাশ্চ ধনূংষি চ ॥২৬॥
প্রাসাশ্চ বিমলাস্তীক্ষ্ণাঃ শক্ত্যশ্চ কনকোজ্জ্বলাঃ।
বৈজয়ন্ত্যশ্চ নাগানাং সংক্রুদ্ধেন কিরীটিনা ॥২৭॥ (বিশেষকম্)
নায়ং সংরক্ষিতুং কালঃ প্রাণান্ পুত্রোপজীবিভিঃ।
যাহি স্বর্গং পুরস্কৃত্য যশসে বিজয়ায় চ ॥২৮॥
রথনাগহয়াবর্ত্তাং মহাঘোরাং সুদুর্গমাম্।
রথেন সংগ্রামনদীং তরত্যেষ কপিধ্বজঃ ॥২৯॥
ব্রহ্মণ্যতা দমো দানং তপশ্চ চরিতং মহৎ।
ইহৈব দৃশ্যতে পার্থে ভ্রাতা যস্য ধনঞ্জয়ঃ ॥৩০॥

ভারতকৌমুদী

পশ্যেতি। বৈশসং মারীম্। সন্নতপর্ব্বভির্বক্রোপান্তৈঃ। বৈজয়ন্ত্যঃ পতাকাঃ ॥২৫—২৭॥

বিবিচ্য পক্ষান্তরমাহ নেতি। হে পুত্র! অশ্বত্থামন্!। পুরস্কৃত্য প্রাধান্যেনোদ্দিশ্য ॥২৮॥

রথেতি। রথা নাগা হস্তিনঃ হয়া অশ্বাশ্চ আবর্ত্তা জলভ্রময়ো যস্যাস্তাম্ ॥২৯॥

বিশেষতঃ অর্জুন সর্ব্বদাই যুদ্ধে বিজয়ী হইয়া থাকেন এবং উঁহার অস্ত্রগুলিও ভয়ঙ্কর। অতএব পুত্র! তুমি উঁহার পথ পরিত্যাগ করিয়া সত্বর যাও ॥২৪॥

আজ মহাভয়ঙ্করযুদ্ধে মহামারী দর্শন কর। আজ অর্জুন অত্যন্তক্রুদ্ধ হইয়া অবনতপর্ব বাণসমূহদ্বারা যুদ্ধে বিপক্ষ বীরগণের স্বর্ণবিচিত্র, বিশাল ও সুন্দর কবচ সকল বিদীর্ণ করিবেন এবং ধ্বজাগ্র, তোমর, ধনু, নির্ম্মল প্রাস, তীক্ষ্ণ ও স্বর্ণোজ্জ্বল শক্তি এবং হস্তিগণের পতাকা ছেদন করিবেন ॥২৫—২৭॥

অতএব পুত্র! উপজীবীদিগের প্রাণ রক্ষা করিবার সময় এটা নহে। সুতরাং তুমি প্রধানতঃ স্বর্গ উদ্দেশ্য করিয়া যশ ও জয়লাভের জন্য গমন কর ॥২৮॥

হস্তী, অশ্ব ও রথ সকল যাহার আবর্ত্ত (ঘোলা), অতিভয়ঙ্কর ও অতিদুর্গম সেই সমরনদীটাকে অর্জুন এই রথারোহণে উত্তীর্ণ হইতেছেন ॥২৯॥

ব্রাহ্মণহিতৈষিতা, ইন্দ্রিয়দমন, দান ও সঞ্চিত মহাতপস্যা এগুলি যুধিষ্ঠিরেই

---

(২৫) পশ্যাদ্যৈতন্মহাঘোরম্…পি।

CENTRAL LIBRARY

ভীমসেনশ্চ বলবান্ মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ।
বাসুদেবশ্চ বার্ষ্ণেয়ো যস্য নাথো ব্যবস্থিতঃ ॥৩১॥
তস্যৈষ মন্যুপ্রভবো ধার্ত্তরাষ্ট্রস্য দুর্মতেঃ।
তপোদগ্ধশরীরস্য কোপো দহতি বাহিনীম্ ॥৩২॥ (বিশেষকম্)
এষ সংদৃশ্যতে পার্থো বাসুদেবব্যপাশ্রয়ঃ।
দারয়ন্ সর্বসৈন্যানি ধার্ত্তরাষ্ট্রস্য পশ্যতঃ ॥৩৩॥
এতদালোক্যতে সৈন্যং ক্ষোভ্যমাণং কিরীটিনা।
মহোর্ম্মিনদ্ধং সুমহত্তিমিনেব মহাজলম্ ॥৩৪॥
হাহাকিলকিলাশব্দাঃ শ্রূয়ন্তে চ চমূমুখে।
যাহি পাঞ্চালদায়াদমহং যাস্যে যুধিষ্ঠিরম্ ॥৩৫॥

ভারতকৌমুদী

ব্রহ্মণ্যতেতি। ব্রহ্মণ্যতা ব্রাহ্মণহিতৈষিতা, দম ইন্দ্রিয়দমনম্, চরিতং মহত্তপশ্চ। ইহ পার্থে যুধিষ্ঠির এব দৃশ্যতে। ভীমসেনাদয়শ্চ যস্য ভ্রাতর ইত্যনুবৃত্তিঃ। নাথো রক্ষকঃ। মন্যুপ্রভবো বনবাসাদিদৈন্যোৎপন্নঃ। যুধিষ্ঠিরস্যৈব তপসা দগ্ধং শরীরং যস্য তস্য ॥৩০—৩২॥

এষ ইতি। পার্থোঽর্জ্জুনঃ, বাসুদেবঃ কৃষ্ণো ব্যপাশ্রয় আশ্রয়ো যস্য সঃ ॥৩৩॥

এতদিতি। সুমহদিতি সৈন্যবিশেষণম্। মহোর্ম্মিভির্নদ্ধং সম্বদ্ধম্, তিমিনা বৃহন্মৎস্যেন ॥৩৪॥

হাহেতি। চমূমুখে কৌরবসেনাগ্রে। পাঞ্চালদায়াদং শিখণ্ডিনম্, যাহি হে পুত্র! ॥৩৫॥

ভারতভাবদীপঃ

অধোমুখকোটিদ্বয়ঃ ॥১২—১৪॥ আস্থায় আলম্ব্য ॥১৫—২০॥ অস্ত্রসমারম্ভঃ উষ্মমাত্রং ন তু পূর্ব্ববদস্ত্রাণামুপস্থিতিঃ ॥২১—২৭॥ হে পুত্র! উপজীবিভিরনুগতৈঃ ॥২৮—২৯॥ পার্থে যুধিষ্ঠিরে ॥৩০—৩১॥ তস্য ধর্ম্মস্য, মন্যুর্দৈন্যম্, ভারতীং সেনামিতি শেষঃ ॥৩২—৪১॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ ॥১০৮॥

দেখিতে পাওয়া যায়; আর ভীম, অর্জুন, নকুল ও সহদেব যাঁহার ভ্রাতা এবং বৃষ্ণিনন্দন কৃষ্ণ যাঁহার রক্ষক রহিয়াছেন, সেই যুধিষ্ঠিরের দৈন্যসম্ভূত ক্রোধই তাঁহার তপোদগ্ধদেহ দুর্ম্মতি দুর্য্যোধনের সৈন্য দগ্ধ করিতেছে ॥৩০—৩২॥

এই অর্জুন কৃষ্ণকে আশ্রয় করিয়া দুর্য্যোধনের সমক্ষেই তাঁহার সমস্ত সৈন্য বিদীর্ণ করিতেছেন দেখা যাইতেছে ॥৩৩॥

আর তিমিমৎস্য যেমন মহাতরঙ্গসঙ্কুল মহাজল আলোড়ন করে, সেইরূপ অর্জুন এই কৌরবসৈন্য আলোড়ন করিতেছেন দেখিতেছি ॥৩৪॥

(৩২)···তপোভাবিতদেহস্য···নি,· দহতি ভারতীম্—পি বা নি। (৩৩)···সর্বসৈন্যানি ধার্ত্তরাষ্ট্রাণি সর্ব্বশঃ—বা রা নি।

দুর্গমং হ্যন্তরং রাজ্ঞো ব্যূহস্যামিততেজসঃ।
সমুদ্রকুক্ষিপ্রতিমং সর্বতোঽতিরথৈঃ স্থিতৈঃ ॥৩৬॥
সাত্যকিশ্চাভিমন্যুশ্চ ধৃষ্টদ্যুম্নবৃকোদরৌ।
পর্য্যরক্ষন্ত রাজানং যমৌ চ মনুজেশ্বরম্ ॥৩৭॥
উপেন্দ্রসদৃশশ্যামো মহাশাল ইবোদ্গতঃ।
এষ গচ্ছত্যনীকাগ্রে দ্বিতীয় ইব ফাল্গুনঃ ॥৩৮॥
উত্তমাস্ত্রাণি চাধৎস্ব গৃহীত্বা চ মহদ্ধনুঃ।
পার্ষতং যাহি রাজানং যুধ্যস্ব চ বৃকোদরম্ ॥৩৯॥
কো হি নেচ্ছেৎ প্রিয়ং পুত্রং জীবন্তং শাশ্বতীঃ সমাঃ।
ক্ষত্রধর্ম্মন্তু সংপ্রেক্ষ্য ততস্ত্বাং নিযুনজ্ম্যহম্ ॥৪০॥

ভারতকৌমুদী

ত্বং কথং তং ন যাসীত্যাহ দুর্গমমিতি। অন্তরং ছিদ্রম্। রাজ্ঞো যুধিষ্ঠিরস্য ॥৩৬॥
সাত্যকিরিতি। রাজানং যুধিষ্ঠিরম্, যমৌ নকুলসহদেবৌ ॥৩৭॥
অভিমন্যুং বর্ণয়তি উপেন্দ্রেতি। উপেন্দ্রঃ কৃষ্ণঃ। উদ্গত উন্নতঃ। ফাল্গুনোঽর্জ্জুনঃ ॥৩৮॥
উপদিশতি উত্তমেতি। আধৎস্ব ধারয়। পার্ষতং ধৃষ্টদ্যুম্নম্ ॥৩৯॥
ক ইতি। শাশ্বতীঃ সমা বহূন্ বৎসরানিত্যর্থঃ। নিযুনজ্মি প্রেরয়ামি ॥৪০॥

এবং কৌরবসৈন্যের সম্মুখভাগে হাহা ও কিলকিলশব্দ শুনা যাইতেছে। অতএব বৎস অশ্বত্থামা! তুমি শিখণ্ডীর দিকে যাও, আর আমি যুধিষ্ঠিরের দিকে যাই ॥৩৫॥

কারণ, সকল দিকে অতিরথেরা রহিয়াছেন বলিয়া সমুদ্রের ভিতরের ন্যায় অমিততেজা যুধিষ্ঠিরের ব্যূহের ছিদ্র পাওয়া বড়ই দুষ্কর ॥৩৬॥

সাত্যকি, অভিমন্যু, ধৃষ্টদ্যুম্ন, ভীম, নকুল ও সহদেব ইহারা নরনাথ যুধিষ্ঠিরকে রক্ষা করিতেছেন ॥৩৭॥

কৃষ্ণের ন্যায় শ্যামবর্ণ এবং বিশাল শালবৃক্ষের ন্যায় উন্নত এই অভিমন্যু দ্বিতীয় অর্জুনের ন্যায় পাণ্ডবসৈন্যের অগ্রে অগ্রে যাইতেছেন ॥৩৮॥

বৎস অশ্বত্থামা! তুমি বিশাল ধনু ধারণ করিয়া উত্তমাস্ত্র সকল ধারণ কর এবং রাজপুত্র ধৃষ্টদ্যুম্নের দিকে যাও, আর ভীমের সহিতও যুদ্ধ কর ॥৩৯॥

(৩৭)…যমৌ চ মনুজেশ্বরৌ—পি। (৩৯) উত্তমাস্ত্রাণি চাদৎস্ব গৃহীত্বাক্ষন্…পি।

CENTRAL LIBRARY

এষ চাতিরণে ভীষ্মো দহতে বৈ মহাচমূম্।
যুদ্ধেষু সদৃশস্তাত! যমস্য বরুণস্য চ ॥৪১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে দশমদিবসযুদ্ধে দ্রোণাশ্বত্থামসংবাদে অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:০:——

নবাধিকশততমোঽধ্যায়ঃ।

——:*:——

সঞ্জয় উবাচ।

ভগদত্তঃ কৃপঃ শল্যঃ কৃতবর্ম্মা তথৈব চ।
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ সৈন্ধবশ্চ জয়দ্রথঃ ॥১॥
চিত্রসেনো বিকর্ণশ্চ তথা দুর্ম্মর্ষণো যুবা।
দশৈতে তাবকা যোধা ভীমসেনমযোধয়ন্ ॥২॥
মহত্যা সেনয়া যুক্তা নানাদেশসমুত্থয়া।
ভীষ্মস্য সমরে রাজন্! প্রার্থয়ানা মহদ্‌যশঃ ॥৩॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

এষ ইতি। মহাচমূং পাণ্ডবীয়াম্। দৃশ্যকাব্যবিষ্কম্ভক ইবায়মংশো নিবন্ধঃ কবিনা ॥৪১॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(::)——

ভগদত্ত ইতি। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ, সৈন্ধবঃ সিন্ধুরাজঃ। তাবকাস্ত্বৎপক্ষীয়াঃ। নানাদেশেষু সমুত্থা সমুৎপন্না তয়া। প্রার্থয়ানা ইতি মকারাগমাভাব আর্ষঃ ॥১—৩॥

বৎস! কোন্ ব্যক্তি প্রিয়পুত্রের দীর্ঘ জীবন কামনা না করে? তথাপি আমি ক্ষত্রিয়ধর্ম্মের দিকে লক্ষ্য করিয়াই তোমাকে নিযুক্ত করিতেছি ॥৪০॥

বৎস! যুদ্ধে যম ও বরুণের তুল্য এই ভীষ্ম মহাযুদ্ধে পাণ্ডবগণের বিশাল সৈন্য দগ্ধ করিতেছেন' ॥৪১॥

(৪১) এষ চাপি রণে ভীষ্মঃ…পি। * '…ত্রয়োদশোত্তরশততমোঽধ্যায়ঃ' বা, '…দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ' রা নি।

শল্যস্তু নবভির্বাণৈর্ভীমসেনমতাড়য়ৎ।
কৃতবর্ম্মা ত্রিভির্বাণৈঃ কৃপশ্চ নবভিঃ শরৈঃ ॥৪॥
চিত্রসেনো বিকর্ণশ্চ ভগদত্তশ্চ মারিষ!।
দশভির্দশভির্বাণৈর্ভীমসেনমতাড়য়ৎ ॥৫॥
সৈন্ধবশ্চ ত্রিভির্বাণৈর্ভীমসেনমতাড়য়ৎ।
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ পঞ্চভিঃ পঞ্চভিঃ শরৈঃ ॥৬॥
দুর্ম্মর্ষণস্তু বিংশত্যা পাণ্ডবং নিশিতৈঃ শরৈঃ।
স তান্ সর্বান্ মহারাজ! রাজমানান্ পৃথক্ পৃথক্ ॥৭॥
প্রবীরান্ সর্বলোকস্য ধার্ত্তরাষ্ট্রান্ মহারথান্।
জঘান সমরে বীরঃ পাণ্ডবঃ পরবীরহা ॥৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

শল্য ইতি। পরার্দ্ধেঽপি অতাড়য়দিতি সম্বধ্যতে ॥৪॥
চিত্রেতি। মারেষতি ন হিনস্তীতি মারিষঃ, নামুপধত্বাৎ কঃ। হে মারিষ! আর্য্য! ॥৫॥
সৈন্ধব ইতি। সৈন্ধবঃ সিন্ধুরাজো জয়দ্রথঃ। বিন্দানুবিন্দৌ অতাড়য়তাম্ ॥৬॥
দুর্ম্মর্ষণ ইতি। অতাড়য়দিত্যনুবৃত্তিঃ। স ভীমসেনঃ। জঘান আজঘান ॥৭—৮॥

সঞ্জয় বলিলেন—'রাজা! ভগদত্ত, কৃপ, শল্য, কৃতবর্ম্মা, অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ, সিন্ধুরাজ জয়দ্রথ, চিত্রসেন, বিকর্ণ এবং যুবা দুর্ম্মর্ষণ, আপনার পক্ষের এই দশ জন যোদ্ধা নানাদেশসমুৎপন্ন বিশাল সৈন্যের সহিত মিলিত হইয়া মহাযশ কামনা করিয়া ভীষ্মের যুদ্ধে ভীমসেনের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥১—৩॥

তখন শল্য নয়টা, কৃতবর্ম্মা তিনটা এবং কৃপ নয়টা বাণদ্বারা ভীমসেনকে তাড়ন করিলেন ॥৪॥

মাননীয় রাজা! আর চিত্রসেন, বিকর্ণ ও ভগদত্ত ইহাদের প্রত্যেকে দশ দশটা বাণদ্বারা ভীমকে আঘাত করিলেন ॥৫॥

ক্রমে জয়দ্রথ তিনটা এবং অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ প্রত্যেকে পাঁচ পাঁচটা বাণদ্বারা ভীমসেনকে তাড়ন করিলেন ॥৬॥

আর দুর্ম্মর্ষণ কুড়িটা তীক্ষ্ণ বাণদ্বারা ভীমকে আঘাত করিলেন। মহারাজ! তখন বীর ও বিপক্ষবীরহন্তা পাণ্ডুনন্দন ভীমসেন সমরাঙ্গনে বীরশোভায়

(৪)···ভীমসেনমযোধয়ৎ···পি। (৮)···ধার্ত্তরাষ্ট্রমহারথান্। বিব্যাধ নিশিতৈর্বাণৈর্ভীমসেনো মহাবলঃ—পি।

সপ্তভিঃ শল্যমাবিধ্যৎ কৃতবর্ম্মাণমষ্টভিঃ।
কৃপস্য সশরং চাপং মধ্যে চিচ্ছেদ ভারত! ॥৯॥
অথৈনং ছিন্নধন্বানং পুনর্বিব্যাধ সপ্তভিঃ।
বিন্দানুবিন্দৌ চ তথা ত্রিভিস্ত্রিভিরতাড়য়ৎ ॥১০॥
দুর্ম্মর্ষণঞ্চ বিংশত্যা চিত্রসেনঞ্চ পঞ্চভিঃ।
বিকর্ণং দশভির্বাণৈঃ পঞ্চভিশ্চ জয়দ্রথম্ ॥১১॥
বিদ্ধা ভীমোঽনদদ্ধৃষ্টঃ সৈন্ধবঞ্চ পুনস্ত্রিভিঃ।
অথান্যদ্ধনুরাদায় গৌতমো রথিনাং বরঃ ॥১২॥
ভীমং বিব্যাধ সংরব্ধো দশভির্নিশিতৈঃ শরৈঃ।
স বিদ্ধো দশভির্বাণৈস্তোত্রৈরিব মহাদ্বিপঃ ॥১৩॥
ততঃ ক্রুদ্ধো মহারাজ! ভীমসেনঃ প্রতাপবান্।
গৌতমং তাড়য়ামাস শরৈর্বহুভিরাহবে ॥১৪॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

সপ্তভিরিতি। সপ্তভিরষ্টভিশ্চ শরৈর্ভীম ইতি শেষঃ ॥৯॥
অথেতি। এনং কৃপম্। ত্রিভিস্ত্রিভিঃ প্রত্যেকমতাড়য়দ্ভীমঃ ॥১০॥
দুর্ম্মর্ষণমিতি। বিংশত্যা বাণৈঃ। সৈন্ধবং জয়দ্রথম্। গৌতমঃ কৃপঃ। সংরব্ধঃ ক্রুদ্ধঃ। তোত্রৈরঙ্কুশৈঃ, মহাদ্বিপো বিশালহস্তী। গৌতমং কৃপম্। আহবে যুদ্ধে ॥১১—১৪॥

শোভিত, সমস্ত লোকমধ্যে প্রধান বীর বলিয়া বিখ্যাত এবং দুর্য্যোধনপক্ষের মহারথগণকে পৃথক্ পৃথক্ ভাবে আঘাত করিলেন ॥৭—৮॥

ভরতনন্দন! ক্রমে ভীমসেন সাতটা বাণদ্বারা শল্যকে এবং আটটা বাণদ্বারা কৃতবর্ম্মাকে বিদ্ধ করিলেন, আর কৃপাচার্য্যের বাণযুক্ত ধনুখানার মধ্যস্থান ছেদন করিয়া ফেলিলেন ॥৯॥

কৃপাচার্য্যের ধনু ছিন্ন হইলে পুনরায় সাতটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন এবং তিন তিনটা বাণদ্বারা বিন্দ ও অনুবিন্দের প্রত্যেককে তাড়ন করিলেন ॥১০॥

পরে ভীমসেন কুড়িটাদ্বারা দুর্ম্মর্ষণকে, পাঁচটাদ্বারা চিত্রসেনকে, দশটাদ্বারা বিকর্ণকে এবং পাঁচটাদ্বারা জয়দ্রথকে বিদ্ধ করিয়া হৃষ্টচিত্তে গর্জন করিয়া উঠিলেন; তৎপরে আবার তিনটাবাণদ্বারা জয়দ্রথকে তাড়ন করিলেন। তাহার পর রথিশ্রেষ্ঠ কৃপাচার্য্য ক্রুদ্ধ হইয়া অন্য ধনু লইয়া দশটা তীক্ষ্ণ বাণদ্বারা

(৯) শল্যং পঞ্চাশতা বিদ্ধা…পি।

সৈন্ধবস্য তথাশ্বাংশ্চ সারথিঞ্চ ত্রিভিঃ শরৈঃ।
প্রাহিণোন্মৃত্যুলোকায় কালান্তকসমদ্যুতিঃ ॥১৫॥
হতাশ্বাত্তু রথাত্তূর্ণমবপ্লুত্য মহারথঃ।
শরাংশ্চিক্ষেপ নিশিতান্ ভীমসেনরথং প্রতি ॥১৬॥
তস্য ভীমো ধনুর্মধ্যে দ্বাভ্যাং চিচ্ছেদ মারিষ!।
ভল্লাভ্যাং ভরতশ্রেষ্ঠ! সৈন্ধবস্য মহাত্মনঃ ॥১৭॥
স চ্ছিন্নধন্বা বিরথো হতাশ্বো হতসারথিঃ।
চিত্রসেনরথং রাজন্নারুরোহ ত্বরান্বিতঃ ॥১৮॥
অত্যদ্ভুতং রণে কর্ম্ম কৃতবাংস্তত্র পাণ্ডবঃ।
মহারথান্ শরৈর্বিদ্ধা বারয়িত্বা চ মারিষ! ॥১৯॥
বিরথং সৈন্ধবং চক্রে সর্বলোকস্য পশ্যতঃ।
তদা ন মমৃষে শল্যো ভীমসেনস্য বিক্রমম্ ॥২০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সৈন্ধবস্যেতি। সৈন্ধবস্য জয়দ্রথস্য। প্রাহিণোৎ প্রৈরয়ৎ ॥১৫॥
হতেতি। মহারথো জয়দ্রথঃ ॥১৬॥
তস্যেতি। সৈন্ধবস্য সিন্ধুরাজস্য জয়দ্রথস্য ॥১৭॥
স ইতি। হতাশ্বসারথিত্বাদেব বিরথ ইত্যাশয়ঃ ॥১৮॥
অত্যদ্ভুতমিতি। পাণ্ডবো ভীমঃ। তত্র হেতুমাহ মহেতি। ন মমৃষে ন সেহে ॥১৯—২০॥

ভীমসেনকে বিদ্ধ করিলেন। মহারাজ! তখন প্রতাপশালী ভীমসেন দশটা বাণে বিদ্ধ হইয়া, অঙ্কুশাহত মহাহস্তীর ন্যায় ক্রোধে জ্বলিতে থাকিয়া যুদ্ধে বহুতর বাণদ্বারা কৃপাচার্য্যকে তাড়ন করিলেন ॥১১—১৪॥

এবং প্রলয়কালীন যমের ন্যায় তেজস্বী ভীমসেন তিনটা বাণদ্বারা জয়দ্রথের অশ্বগুলিকে ও সারথিকে যমলোকে প্রেরণ করিলেন ॥১৫॥

অশ্ব ও সারথি নিহত হইলে, মহারথ জয়দ্রথ সত্বর রথ হইতে লাফাইয়া পড়িয়া ভীমের রথের উপরে বহুতর তীক্ষ্ণ বাণ নিক্ষেপ করিলেন ॥১৬॥

মাননীয় ভরতশ্রেষ্ঠ! তখন ভীমসেন দুইটা ভল্লদ্বারা মহাবল জয়দ্রথের ধনুখানার মধ্যস্থান ছেদন করিয়া ফেলিলেন ॥১৭॥

রাজা! সেই সময়ে অশ্ব ও সারথি নিহত হওয়ায় রথবিহীন ও ছিন্নকার্ম্মুক জয়দ্রথ সত্বর যাইয়া চিত্রসেনের রথে আরোহণ করিলেন ॥১৮॥

মাননীয় রাজা! ভীমসেন তখন যুদ্ধে অত্যন্ত অদ্ভুত কার্য্যই করিয়াছিলেন।

(১৬)…ভীমসেনস্য সংযুগে—বা রা নি।

স সন্ধায় শরাংস্তীক্ষ্ণান্ কর্ম্মারপরিমার্জ্জিতান্।
ভীমং বিব্যাধ সমরে তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥২১॥
কৃপশ্চ কৃতবর্ম্মা চ ভগদত্তশ্চ বীর্য্যবান্।
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ চিত্রসেনশ্চ সংযুগে ॥২২॥
দুর্ম্মর্ষণো বিকর্ণশ্চ সিন্ধুরাজশ্চ বীর্য্যবান্।
ভীমং তে বিব্যধুস্তূর্ণং শল্যহেতোররিন্দমাঃ ॥২৩॥ (যুগ্মকম্)
স চ তান্ প্রতিবিব্যাধ পঞ্চভিঃ পঞ্চভিঃ শরৈঃ।
শল্যং বিব্যাধ সপ্তত্যা পুনশ্চ দশভিঃ শরৈঃ ॥২৪॥
তং শল্যো নবভির্বিদ্ধা পুনর্বিব্যাধ পঞ্চভিঃ।
সারথিঞ্চাস্য ভল্লেন গাঢ়ং বিব্যাধ মর্ম্মণি ॥২৫॥

ভারতকৌমুদী

স ইতি। কর্ম্মারঃ শিল্পিবিশেষঃ, "কর্ম্মারো জাতিভেদে চ ত্বচিসারে চ পুংস্ত্যয়ম্" ইতি মেদিনী ॥২১॥

কৃপ ইতি। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ। শল্যহেতোঃ শল্যসাহায্যার্থম্ ॥২২—২৩॥

স ইতি। তান্ প্রত্যেকমিত্যর্থঃ ॥২৪॥

তমিতি। অস্য ভীমস্য। মর্ম্মণি হৃদয়ে ॥২৫॥

যে হেতু তিনি বাণসমূহদ্বারা মহারথগণকে তাড়নপূর্ব্বক বারণ করিয়া সমস্ত লোকের সমক্ষেই জয়দ্রথকে রথবিহীন করিয়া ফেলিয়াছিলেন। (সে যাহা হউক,) শল্য তখন ভীমসেনের বিক্রম সহ্য করিতে পারিলেন না ॥১৯—২০॥

তিনি, শিল্পিপরিমার্জ্জিত তীক্ষ্ণ বাণ সকল সন্ধান করিয়া যুদ্ধে ভীমকে বিদ্ধ করিলেন এবং 'থাক থাক' এই কথা বলিলেন ॥২১॥

ক্রমে কৃপ, কৃতবর্ম্মা, বলবান্ ভগদত্ত, অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ, চিত্রসেন, দুর্ম্মর্ষণ, বিকর্ণ ও বলবান্ জয়দ্রথ এই সকল শত্রুবিজয়ী বীরেরা শল্যের সাহায্য করিবার জন্য সত্বর ভীমকে বিদ্ধ করিতে লাগিলেন ॥২২—২৩॥

ভীমসেনও পাঁচ পাঁচটা বাণদ্বারা তাঁহাদের প্রত্যেককে বিদ্ধ করিলেন, আর সত্তরটা বাণদ্বারা শল্যকে তাড়ন করিলেন, আবারও দশটা বাণদ্বারা তাঁহাকে পীড়ন করিলেন ॥২৪॥

তখন শল্য নয়টা বাণদ্বারা ভীমকে বিদ্ধ করিয়া পুনরায় পাঁচটা বাণদ্বারা

(২৫) নবভির্ভিত্ত্বা···বা রা নি।

বিশোকং প্রেক্ষ্য নির্ভিন্নং ভীমসেনঃ প্রতাপবান্।
মদ্ররাজং ত্রিভির্বাণৈর্বাহ্বোরুরসি চার্পয়ৎ ॥২৬॥
তথেতরান্ মহেষ্বাসাংস্ত্রিভিস্ত্রিভিরজিহ্মগৈঃ।
তাড়য়ামাস সমরে সিংহবদ্বিননাদ চ ॥২৭॥
তে হি যত্তা মহেষ্বাসাঃ পাণ্ডবং যুদ্ধকোবিদম্।
ত্রিভিস্ত্রিভিরকুণ্ঠাগ্রৈর্ভৃশং মর্ম্মস্বতাড়য়ন্ ॥২৮॥
সোঽতিবিদ্ধো মহেষ্বাসো ভীমসেনো ন বিব্যথে।
পর্বতো বারিধারাভির্বর্ষমাণৈরিবাম্বুদৈঃ ॥২৯॥
স তু ক্রোধসমাবিষ্টো ভীমসেনো মহাবলঃ।
মদ্রেশ্বরং ত্রিভির্বাণৈর্ভৃশং বিদ্ধা মহাযশাঃ ॥৩০॥
কৃপঞ্চ নবভির্বাণৈর্ভৃশং বিদ্ধা সমন্ততঃ।
প্রাগ্জ্যোতিষং শতেনাজৌ রাজন্! বিব্যাধ সায়কৈঃ ॥৩১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

বিশোকমিতি। বিশোকং তদাখ্যং নিজসারথিম্। উরসি বক্ষসি, আর্পয়দপীড়য়ৎ ॥২৬॥
তথেতি। অজিহ্মগৈঃ সরলগামিভির্বাণৈঃ। তাড়য়ামাস ভীমসেন ইত্যনুবৃত্তিঃ ॥২৭॥
ত ইতি। যত্তা জয়ায় যত্নবন্তঃ। অকুণ্ঠাগ্রৈর্দৃঢ়মুখৈঃ, মর্ম্মসু বর্ম্মাভ্যন্তরেষু ॥২৮॥
স ইতি। বারিধারাভিরতিবিদ্ধ ইতি সম্বন্ধঃ ॥২৯॥
স ইতি। মদ্রেশ্বরং শল্যম্। সমন্ততো দেহস্য সর্বেষ্বংশেষু ॥৩০—৩১॥

তাঁহাকে তাড়ন করিলেন এবং একটা ভল্লদ্বারা ভীমের সারথির বক্ষস্থল দৃঢ় বিদ্ধ করিলেন ॥২৫॥

সারথি বিশোককে বিদীর্ণ দেখিয়া প্রতাপশালী ভীমসেন তিনটা বাণদ্বারা শল্যের বাহুযুগল ও বক্ষস্থল পীড়ন করিলেন ॥২৬॥

আর, তিন তিনটা বাণদ্বারা অপর মহাধনুর্দ্ধরগণের প্রত্যেককে তাড়ন করিলেন এবং সিংহের ন্যায় গর্জন করিয়া উঠিলেন ॥২৭॥

তখন সেই মহাধনুর্দ্ধরেরা যত্নবান্ হইয়া প্রত্যেকে তিন তিনটা দৃঢ়মুখ বাণ-দ্বারা যুদ্ধনিপুণ ভীমসেনের মর্ম্মস্থলে গুরুতর আঘাত করিলেন ॥২৮॥

তাহাতে অত্যন্তবিদ্ধ হইয়াও মহাধনুর্দ্ধর ভীমসেন—বর্ষাকারী মেঘের জলধারাদ্বারা অত্যন্তবিদ্ধ পর্ব্বতের ন্যায় ব্যথিত হইলেন না ॥২৯॥

রাজা! তখন মহাবল ও মহাযশা ভীমসেন ক্রোধাবিষ্ট হইয়া তিনটা

(৩০)…সমাবিষ্টঃ পাণ্ডবানাং মহারথঃ…বা রা নি। (৩১)…শতৈরাজৌ…বা রা নি।

ততস্তু সশরং চাপং সাত্বতস্য মহাত্মনঃ।
ক্ষুরপ্রেণ সুতীক্ষ্ণেন চিচ্ছেদ কৃতহস্তবৎ ॥৩২॥
তথান্যদ্ধনুরাদায় কৃতবর্ম্মা বৃকোদরম্।
আজঘান ভ্রুবোর্মধ্যে নারাচেন পরন্তপঃ ॥৩৩॥
ভীমস্তু সমরে বিদ্ধা শল্যং নবভিরায়সৈঃ।
ভগদত্তং ত্রিভিশ্চৈব কৃতবর্ম্মাণমষ্টভিঃ ॥৩৪॥
দ্বাভ্যাং দ্বাভ্যাঞ্চ বিব্যাধ গৌতমপ্রভৃতীন্ রথান্।
তেঽপি তং সমরে রাজন্! বিব্যধুর্নিশিতৈঃ শরৈঃ ॥৩৫॥ (যুগ্মকম্)
স তথা পীড্যমানোঽপি সর্বশস্ত্রৈর্মহারথৈঃ।
মত্বা তৃণেন তাংস্তুল্যান্ বিচচার গতব্যথঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

তত ইতি। সাত্বতস্য কৃতবর্ম্মণঃ। কৃতৌ শিক্ষিতৌ হস্তৌ অস্য কর্ম্মণঃ স্ত ইতি তৎ ॥৩২॥
তথেতি। নারাচেন বাণবিশেষেণ ॥৩৩॥
ভীম ইতি। আয়সৈর্লৌহময়ৈর্বাণৈঃ। গৌতমপ্রভৃতীন্ কৃপাদীন্ ॥৩৪—৩৫॥
স ইতি। স ভীমঃ। সর্ব্বশস্ত্রৈঃ করণৈঃ, মহারথৈঃ কর্ত্তৃভিঃ ॥৩৬॥

ভারতভাবদীপঃ

ভগদত্ত ইতি ॥১—২০॥ কর্ম্মারং শস্ত্রোল্লেখনযন্ত্রম্ ॥২১—৩১॥ সাত্বতস্য কৃতবর্ম্মণঃ ॥৩২—৩৫॥ মত্বা তৃণেন তাংস্তুল্যানিতি তুল্যশব্দোপাদানান্ন দ্বিতীয়াচতুর্থ্যৌ কিন্তু তুল্যার্থৈরতুলোপমাভ্যামিতি তৃতীয়া ॥৩৬—৫৩॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবাধিকশততমোঽধ্যায়ঃ ॥১০৯॥

বাণদ্বারা শল্যকে এবং নয়টা বাণদ্বারা সকল দিকে কৃপকে গুরুতর বিদ্ধ করিয়া একশত বাণদ্বারা ভগদত্তকে বিদ্ধ করিলেন ॥৩০—৩১॥

তাহার পর ভীমসেন হস্তনৈপুণ্যের গুণে একটা সুতীক্ষ্ণ ক্ষুরপ্রদ্বারা মহাত্মা কৃতবর্ম্মার বাণযুক্ত ধনুখানাকে ছেদন করিলেন ॥৩২॥

তখন শত্রুসন্তাপক কৃতবর্ম্মা অন্য একখানা ধনু লইয়া একটা নারাচদ্বারা ভীমসেনের ভ্রূযুগলের মধ্যস্থানে আঘাত করিলেন ॥৩৩॥

রাজা! সেই সময়ে ভীমসেন নয়টা লৌহময় বাণদ্বারা শল্যকে, তিনটা-দ্বারা ভগদত্তকে এবং আটটাদ্বারা কৃতবর্ম্মাকে তাড়ন করিয়া দুই দুইটাদ্বারা কৃপপ্রভৃতি রথীদিগকে বিদ্ধ করিলেন। তখন তাঁহারাও তীক্ষ্ণ বাণসমূহদ্বারা ভীমকে তাড়ন করিলেন ॥৩৪—৩৫॥

(৩৫) দ্বাভ্যাং দ্বাভ্যাস্তু···বা রা নি। (৩৬) স তদা···সর্বতস্তৈর্মহারথৈঃ···পি।

তে চাপি রথিনাং শ্রেষ্ঠা ভীমায় নিশিতান্ শরান্।
প্রেষয়ামাসুরব্যগ্রাঃ শতশোঽথ সহস্রশঃ ॥৩৭॥
তস্য শক্তিং মহাবেগাং ভগদত্তো মহারথঃ।
চিক্ষেপ সমরে বীরঃ স্বর্ণদণ্ডাং মহীপতে! ॥৩৮॥
তোমরং সৈন্ধবো রাজা পট্টিশঞ্চ মহাভুজঃ।
শতঘ্নীঞ্চ কৃপো রাজন্! শরং শল্যশ্চ বীর্য্যবান্ ॥৩৯॥
অথেতরে মহেষ্বাসাঃ পঞ্চ পঞ্চ শিলীমুখান্।
ভীমসেনং সমুদ্দিশ্য প্রেষয়ামাসুরোজসা ॥৪০॥ (যুগ্মকম্)
তোমরঞ্চ দ্বিধা চক্রে ক্ষুরপ্রেণানিলাত্মজঃ।
পট্টিশঞ্চ ত্রিভির্বাণৈশ্চিচ্ছেদ তিলকাণ্ডবৎ ॥৪১॥
স বিভেদ শতঘ্নীঞ্চ নবভিঃ কঙ্কপত্রিভিঃ।
মদ্ররাজপ্রযুক্তঞ্চ শরং ছিত্ত্বা মহারথঃ ॥৪২॥

ভারতকৌমুদী

ত ইতি। অব্যগ্রা অনাকুলা ধৈর্য্যসম্পন্না এবেত্যর্থঃ ॥৩৭॥
তস্যেতি। তস্য ভীমস্যোপরি ॥৩৮॥
তোমরমিতি। সৈন্ধবঃ সিন্ধুদেশীয়ঃ। শিলীমুখান্ বাণান্ ॥৩৯—৪০॥
তোমরমিতি। অনিলাত্মজো বায়ুপুত্রো ভীমঃ। তিলকাণ্ডবৎ তিলবৃক্ষমিব ॥৪১॥

মহারথেরা সর্ব্বপ্রকার অস্ত্রদ্বারা সেইভাবে পীড়ন করিতে থাকিলেও ভীমসেন তাঁহাদিগকে তৃণের তুল্য মনে করিয়া ব্যথাশূন্যভাবে বিচরণ করিতে থাকিলেন ॥৩৬॥

সেই রথিশ্রেষ্ঠেরাও ধীর-স্থির থাকিয়া ভীমের প্রতি শত শত ও সহস্র সহস্র তীক্ষ্ণ বাণ নিক্ষেপ করিতে লাগিলেন ॥৩৭॥

ক্রমে মহারথ ও বীর ভগদত্ত মহাবেগযুক্ত ও স্বর্ণদণ্ডসমন্বিত একটা শক্তি ভীমের উপরে নিক্ষেপ করিলেন ॥৩৮॥

রাজা! পরে মহাবাহু জয়দ্রথ একটা তোমর ও একটা পট্টিশ, কৃপ একটা শতঘ্নী, বলবান্ শল্য একটা বাণ এবং অন্য মহারথেরা প্রত্যেকে পাঁচ পাঁচটা বাণ বলপূর্ব্বক ভীমের প্রতি নিক্ষেপ করিলেন ॥৩৯—৪০॥

তখন ভীমসেন একটা ক্ষুরপ্রদ্বারা জয়দ্রথের তোমরটাকে দুই খণ্ড করিলেন এবং তিনটা বাণদ্বারা তাঁহার পট্টিশটাকে তিলবৃক্ষের ন্যায় কাটিয়া ফেলিলেন ॥৪১॥

(৩৮)…স্বর্ণদণ্ডাং মহামতে!—বা রা নি। (৩৯)…শল্যশ্চ সংযুগে—রা নি।

CENTRAL LIBRARY

শক্তিং চিচ্ছেদ সহসা ভগদত্তেরিতাং রণে।
তথেতরান্ শরান্ ঘোরান্ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥৪৩॥
ভীমসেনো রণশ্লাঘী ত্রিধৈকৈকং সমাচ্ছিনৎ।
তাংশ্চ সর্ব্বান্ মহেষ্বাসাংস্ত্রিভিস্ত্রিভিরতাড়য়ৎ ॥৪৪॥ (বিশেষকম্)
ততো ধনঞ্জয়স্তত্র বর্ত্তমানে মহারণে।
আজগাম রথেনাজৌ ভীমং দৃষ্ট্বা মহারথম্ ॥৪৫॥
নিঘ্নন্তং সমরে শত্রূন্ যোধয়ানঞ্চ সায়কৈঃ।
তৌ তু তত্র মহাত্মানৌ সমরে বীক্ষ্য পাণ্ডবৌ ॥৪৬॥
ন শশংসুর্জয়ং তত্র তাবকাঃ পুরুষর্ষভাঃ।
অথার্জ্জুনো রণে ভীমং যোধয়ন্তং মহারথান্ ॥৪৭॥
ভীষ্মস্য নিধনাকাঙ্ক্ষী পুরস্কৃত্য শিখণ্ডিনম্।
আসসাদ রণে বীরাংস্তাবকান্ দশ ভারত! ॥৪৮॥ (কলাপকম্)
যে স্ম ভীষ্মং রণে রাজন্! যোধয়ন্তো ব্যবস্থিতাঃ।
বীভৎসুস্তানথাবিধ্যদ্ভীমস্য প্রিয়কাম্যয়া ॥৪৯॥

ভারতকৌমুদী

স ইতি। কঙ্কপত্রিভির্বাণৈঃ। ভগদত্তেন ঈরিতাং ক্ষিপ্তাম্। ত্রিভিস্ত্রিভিঃ শরৈঃ ॥৪২ ৪৪॥
তত ইতি। আজৌ সমরাঙ্গনে। যোধয়ানং যোধয়মানম্। ন শশংসুর্নাশাবিষয়ং চক্রুঃ, জয়ং স্বকীয়ম্। আসসাদ প্রাপ। দশ প্রাগুক্তান্ ভগদত্তাদীন্ ॥৪৫—৪৮॥

এবং মহারথ ও সমরশ্লাঘাকারী ভীমসেন নয়টা বাণদ্বারা কৃপের শতঘ্নীটাকে বিদীর্ণ করিলেন; পরে শল্যনিক্ষিপ্ত বাণটাকে ছেদন করিয়া তৎক্ষণাৎ ভগদত্ত-নিক্ষিপ্ত শক্তিটাকেও ছেদন করিলেন; তদনন্তর নতপর্ব বাণসমূহদ্বারা ভয়ঙ্কর অপর বাণগুলির এক একটাকে দুই দুই খণ্ডে কাটিয়া ফেলিলেন; তাহার পর তিন তিনটা বাণদ্বারা সেই মহাধনুর্দ্ধরগণের প্রত্যেককে তাড়ন করিলেন ॥৪২—৪৪॥

সেইরূপ মহাযুদ্ধ চলিতে থাকিলে, অর্জ্জুন মহারথ ভীমসেনকে যুদ্ধে শত্রুসংহার করিতে এবং বাণদ্বারা যুদ্ধ করিতে দেখিয়া রথারোহণে সেখানে আগমন করিলেন। তখন আপনার পক্ষের পুরুষশ্রেষ্ঠেরা যুদ্ধে সেই দুই মহাত্মা পাণ্ডবকে দেখিয়া আর জয়ের আশা করিলেন না। ভরতনন্দন! তাহার পর অর্জ্জুন ভীমসেনকে মহারথগণের সহিত যুদ্ধ করিতে দেখিয়া, শিখণ্ডীকে অগ্রবর্ত্তী করিয়া ভীষ্মবধাকাঙ্ক্ষী হইয়া আপনার পক্ষের সেই দশ জন বীরের নিকট আগমন করিলেন ॥৪৫—৪৮॥

ততো দুর্য্যোধনো রাজা সুশর্ম্মাণমচোদয়ৎ।
অর্জ্জুনস্য বধার্থায় ভীমসেনস্য চোভয়োঃ ॥৫০॥
সুশর্ম্মন্! গচ্ছ শীঘ্রং ত্বং বলৌঘৈঃ পরিবারিতঃ।
জহি পাণ্ডুসুতাবেতৌ ধনঞ্জয়বৃকোদরৌ ॥৫১॥
তচ্ছ্রুত্বা বচনং তস্য ত্রৈগর্ত্তঃ প্রস্থলাধিপঃ।
অভিদ্রুত্য রণে ভীমমর্জ্জুনঞ্চৈব ধন্বিনৌ ॥৫২॥
রথৈরনেকসাহস্রৈঃ সমন্তাৎ পর্য্যবারয়ৎ।
ততঃ প্রববৃতে যুদ্ধমর্জ্জুনস্য পরৈঃ সহ ॥৫৩॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভীষ্মবধে দশমদিবসযুদ্ধে ভীমসেনপরাক্রমে
নবাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

য ইতি। স্বশব্দঃ পাদপূরণে। বীভৎসুরর্জ্জুনঃ ॥৪৯॥

তত ইতি। অচোদয়ৎ প্রৈরয়ৎ ॥৫০॥

সুশর্ম্মন্নিতি। বলৌঘৈঃ সৈন্যসমূহৈঃ, পরিবারিতঃ পরিবেষ্টিতঃ ॥৫১॥

তদিতি। ত্রৈগর্ত্তস্ত্রিগর্ত্তরাজঃ, প্রস্থলস্য তদাখ্যস্য নগরস্যাধিপঃ। অভিদ্রুত্য দ্রুতং গত্বা। পর্য্যবারয়ৎ পর্য্যবেষ্টত। পরৈর্বিপক্ষৈঃ সহ। ভীমস্য যুদ্ধং তু প্রাগেব প্রবৃত্তম্ ॥৫২—৫৩॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে নবাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

রাজা! যাঁহারা সমরাঙ্গনে ভীমের সহিত যুদ্ধ করিতেছিলেন, অর্জুন ভীমের সন্তোষের জন্য তাঁহাদিগকে বিদ্ধ করিতে লাগিলেন ॥৪৯॥

তাহার পর রাজা দুর্য্যোধন, ভীম ও অর্জুন দুই জনেরই বধের জন্য সুশর্ম্মাকে প্রেরণ করিলেন (বলিলেন—) ॥৫০॥

'ত্রিগর্ত্তরাজ! আপনি সৈন্যসমূহে পরিবেষ্টিত হইয়া সত্বর গমন করুন; যাইয়া ভীম ও অর্জুন এই দুইটা পাণ্ডবকে বধ করুন' ॥৫১॥

দুর্য্যোধনের সেই কথা শুনিয়া ত্রিগর্ত্তরাজ ও প্রস্থলনগরাধিপতি সুশর্ম্মা সত্বর যাইয়া অনেক সহস্র রথদ্বারা সমরাঙ্গনে সকল দিকে ধনুর্দ্ধর ভীম ও অর্জুনকে বেষ্টন করিলেন। তদনন্তর বিপক্ষগণের সহিত অর্জুনের যুদ্ধ লাগিয়া গেল' ॥৫২—৫৩॥

* '...চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ' বা, '...ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ' রা নি।

CENTRAL LIBRARY

দশাধিকশততমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

অর্জ্জুনস্তু রণে শল্যং যতমানং মহারথম্।
ছাদয়ামাস সমরে শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥১॥
সুশর্ম্মাণং কৃপঞ্চৈব ত্রিভিস্ত্রিভিরবিধ্যত।
প্রাগ্‌জ্যোতিষঞ্চ সমরে সৈন্ধবঞ্চ জয়দ্রথম্ ॥২॥
চিত্রসেনং বিকর্ণঞ্চ কৃতবর্ম্মাণমেব চ।
দুর্ম্মর্ষণঞ্চ রাজেন্দ্র! হ্যাবন্ত্যৌ চ মহারথৌ ॥৩॥
একৈকং ত্রিভিরানর্চ্ছৎ কঙ্কবর্হিণবাজিতৈঃ।
শরৈরতিরথো যুদ্ধে পীড়য়ন্ বাহিনীং তব ॥৪॥ (যুগ্মকম্)
জয়দ্রথো রণে পার্থং বিদ্ধা ভারত! সায়কৈঃ।
ভীমং বিব্যাধ তরসা চিত্রসেনরথে স্থিতঃ ॥৫॥

ভারতকৌমুদী

অর্জ্জুন ইতি। যতমানং জেতুং যত্নবন্তম্। সন্নতপর্ব্বভিঃ বক্রোপাত্তৈঃ ॥১॥
সুশর্ম্মাণমিতি। প্রাগ্‌জ্যোতিষং ভগদত্তম্, সৈন্ধবং সিন্ধুরাজম্ ॥২॥
চিত্রেতি। আবন্ত্যৌ অবন্তিদেশীয়ৌ বিন্দানুবিন্দৌ। আনর্চ্ছৎ অপীড়য়ৎ, কঙ্কানাং বর্হিণানাং ময়ূরাণাঞ্চ বাজাঃ পক্ষা এষু সঞ্জাতাস্তৈঃ। অতিরথোঽর্জ্জুনঃ ॥৩—৪॥
জয়দ্রথ ইতি। চিত্রসেনরথে স্থিতঃ স্বরথনাশে তদ্রথারোহণাৎ ॥৫॥

সঞ্জয় বলিলেন—'অর্জুন নতপর্ব্ব বাণসমূহদ্বারা যুদ্ধে যত্নবান্ ও মহারথ শল্যকে আবৃত করিয়া ফেলিলেন ॥১॥

এবং তিনি তিন তিনটা বাণদ্বারা সুশর্ম্মা, কৃপ, ভগদত্ত ও সিন্ধুরাজ জয়দ্রথকে বিদ্ধ করিলেন ॥২॥

আর রাজশ্রেষ্ঠ! অতিরথ অর্জুন আপনার সৈন্য পীড়ন করিতে থাকিয়া কঙ্ক ও ময়ূরপক্ষযুক্ত তিন তিনটা বাণদ্বারা চিত্রসেন, বিকর্ণ, কৃতবর্ম্মা, দুর্ম্মর্ষণ এবং অবন্তিদেশীয় মহারথ বিন্দ ও অনুবিন্দ ইহাদের এক এক জনকে পীড়ন করিলেন ॥৩—৪॥

ভরতনন্দন! ওদিকে চিত্রসেনের রথে স্থিত জয়দ্রথ বাণসমূহদ্বারা যুদ্ধে অর্জুনকে বিদ্ধ করিয়া বলপূর্ব্বক ভীমকেও বিদ্ধ করিলেন ॥৫॥

CENTRAL LIBRARY

শল্যশ্চ সমরে জিষ্ণুং কৃপশ্চ রথিনাং বরঃ।
বিব্যধাতে মহারাজ! বহুধা মর্ম্মভেদিভিঃ ॥৬॥
চিত্রসেনাদয়শ্চৈব পুত্রাস্তব বিশাংপতে!।
পঞ্চভিঃ পঞ্চভিস্তূর্ণং সংযুগে নিশিতৈঃ শরৈঃ।
আজঘ্নুরর্জ্জুনং সংখ্যে ভীমসেনঞ্চ মারিষ! ॥৭॥
তৌ তত্র রথিনাং শ্রেষ্ঠৌ কৌন্তেয়ৌ ভরতর্ষভ!।
অপীড়য়েতাং সমরে ত্রিগর্ত্তানাং মহদ্বলম্ ॥৮॥
সুশর্ম্মাপি রণে পার্থং বিদ্ধা নবভিরায়সৈঃ।
ননাদ বলবন্নাদং ত্রাসয়ানো মহদ্বলম্ ॥৯॥
অন্যে চ বহবঃ শূরা ভীমসেনধনঞ্জয়ৌ।
বিব্যধুর্নিশিতৈর্বাণৈ রুক্মপুঙ্খৈরজিহ্মগৈঃ ॥১০॥

ভারতকৌমুদী

শল্য ইতি। জিষ্ণুমর্জ্জুনম্। মর্ম্মভেদিভিঃ শরৈঃ ॥৬॥
চিত্রেতি। সংযুগে যুদ্ধে, নিশিতৈঃ শিলাশাণিতৈঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥
তাবিতি। কৌন্তেয়ৌ ভীমার্জ্জুনৌ। বলং সৈন্যম্ ॥৮॥
সুশর্ম্মেতি। আয়সৈর্লৌহময়ৈর্বাণৈঃ। ননাদ চকার, বলবদ্বিশালম্ ॥৯॥
অন্য ইতি। রুক্মপুঙ্খৈঃ স্বর্ণখচিতপ্রান্তৈঃ, অজিহ্মগৈঃ সরলগামিভিঃ ॥১০॥

মহারাজ! রথিশ্রেষ্ঠ শল্য ও কৃপ মর্ম্মভেদী বাণসমূহদ্বারা বহুপ্রকারে যুদ্ধে অর্জ্জুনকে তাড়ন করিলেন ॥৬॥

মাননীয় নরনাথ! চিত্রসেনপ্রভৃতি আপনার পুত্রেরাও প্রত্যেকে সত্বর পাঁচ পাঁচটা নিশিত বাণদ্বারা যুদ্ধে ভীম ও অর্জ্জুনকে আঘাত করিলেন ॥৭॥

ভরতশ্রেষ্ঠ! আবার রথিশ্রেষ্ঠ ভীম এবং অর্জ্জুনও যুদ্ধে ত্রিগর্ত্তদেশীয়-দিগের বিশাল সৈন্য পীড়ন করিতে লাগিলেন ॥৮॥

তখন সুশর্ম্মাও নয়টা লৌহময় বাণদ্বারা যুদ্ধে অর্জ্জুনকে বিদ্ধ করিয়া বিশাল পাণ্ডবসৈন্যের ত্রাস জন্মাইতে থাকিয়া গুরুতর সিংহনাদ করিলেন ॥৯॥

অন্য বহুতর বীরেরাও তীক্ষ্ণ, স্বর্ণখচিতপুঙ্খ ও সরলগামী বাণদ্বারা ভীম ও অর্জ্জুনকে তাড়ন করিতে থাকিলেন ॥১০॥

---

(৮)…ভরতর্ষভৌ…বা রা নি। (৯)…পার্থং শরৈর্নবভিরাশুগৈঃ…বা রা নি। (১০) অন্যে চ রথিনঃ শূরাঃ…বা রা নি।

তেষাঞ্চ রথিনাং মধ্যে কৌন্তেয়ৌ ভরতর্ষভৌ।
ক্রীড়মানৌ রথোদারৌ চিত্ররূপৌ ব্যদৃশ্যতাম্।
আমিষেপ্সূ গবাং মধ্যে সিংহাবিব মদোৎকটৌ ॥১১॥
ছিত্ত্বা ধনূংষি শূরাণাং শরাংশ্চ বহুধা রণে।
পাতয়ামাসতুর্বীরৌ শিরাংসি শতশো নৃণাম্ ॥১২॥
রথাশ্চ বহবো ভগ্না হয়াশ্চ শতশো হতাঃ।
গজাশ্চ সগজারোহাঃ পেতুরুর্ব্যাং মহাহবে ॥১৩॥
রথিনঃ সাদিনশ্চৈব তত্র তত্র নিসূদিতাঃ।
দৃশ্যন্তে বহবো রাজন্! বেপমানাঃ সমন্ততঃ ॥১৪॥
হতৈর্গজপদাত্যোঘৈর্বাজিভিশ্চ নিসূদিতৈঃ।
রথৈশ্চ বহুধা ভগ্নৈঃ সমাস্তীর্য্যত মেদিনী ॥১৫॥

ভারতকৌমুদী

তেষামিতি। রথোদারৌ মহারথৌ। আমিষেপ্সূ মাংসাভিলাষিণৌ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

ছিত্ত্বেতি। বীরৌ ভীমার্জ্জুনৌ। নৃণাং সৈন্যভূতানাম্ ॥১২॥

রথা ইতি। হয়া অশ্বাঃ। গজানামারোহৈরারোহিভিঃ সহেতি তে ॥১৩॥

রথিন ইতি। সাদিনো গজাশ্বারোহিণঃ। নিসূদিতাস্তাড়িতাঃ ॥১৪॥

হতৈরিতি। সমাস্তীর্য্যত ব্যাপ্যত, মেদিনী সমরভূমিঃ ॥১৫॥

সেই সময়ে সেই রথিগণের মধ্যে ভরতবংশশ্রেষ্ঠ, নৃত্যকারী, মহারথ ও বিচিত্রমূর্ত্তি ভীম ও অর্জ্জুনকে, গোসমূহমধ্যে মাংসাভিলাষী মদমত্ত দুইটা সিংহের ন্যায় দেখা যাইতে লাগিল ॥১১॥

ক্রমে ভীম ও অর্জুন যুদ্ধে বীরগণের ধনু ও বাণ সকল ছেদন করিয়া শত শত সৈন্যের মস্তক ছেদন করিতে লাগিলেন ॥১২॥

সেই মহাযুদ্ধে বহুতর রথ ভগ্ন, শত শত অশ্ব নিহত এবং আরোহীদের সহিত অসংখ্য হস্তী বিনাশিত হইয়া ভূতলে পতিত হইতে থাকিল ॥১৩॥

রাজা! তখন দেখা গেল—বহুতর রথী, গজারোহী ও অশ্বারোহী সেই সেই স্থানে তাড়িত হইয়া কাঁপিতেছে ॥১৪॥

ক্রমে নিহত হস্তী ও পদাতিসমূহে, নিপাতিত অশ্বগণে এবং বহুপ্রকারে ভগ্ন রথরাশিতে সমরভূমি ব্যাপ্ত হইয়া উঠিল ॥১৫॥

(১৪)···চেষ্টমানাঃ সমন্ততঃ—পি।

ছত্রৈশ্চ বহুধা ছিন্নৈর্ধ্বজৈশ্চ বিনিপাতিতৈঃ।
অঙ্কুশৈরপবিদ্ধৈশ্চ পরিস্তোমৈশ্চ ভারত! ॥১৬॥
কেয়ূরৈরঙ্গদৈর্হারৈ রাঙ্কবৈর্মৃদিতৈস্তথা।
উষ্ণীষৈর্ঋষ্টিভিশ্চৈব চামরব্যজনৈরপি ॥১৭॥
তনুত্রৈরপবিদ্ধৈশ্চ বাহুভিশ্চন্দনোক্ষিতৈঃ।
ঊরুভিশ্চ নরেন্দ্রাণাং সমাস্তীর্য্যত মেদিনী ॥১৮॥ (বিশেষকম্)
তত্রাদ্ভুতমপশ্যাম রণে পার্থস্য বিক্রমম্।
শরৈঃ সংবার্য্য তান্ বীরানাজঘান বলং তব ॥১৯॥
পুত্রস্তু তব তং দৃষ্ট্বা ভীমার্জ্জুনপরাক্রমম্।
গাঙ্গেয়স্য রথাভ্যাসমুপজগ্মে মহাবলঃ ॥২০॥
কৃপশ্চ কৃতবর্ম্মা চ সৈন্ধবশ্চ জয়দ্রথঃ।
বিন্দানুবিন্দাবাবন্ত্যৌ নাজহুঃ সংযুগং তদা ॥২১॥

ভারতকৌমুদী

ছত্রৈরিতি। অপবিদ্ধৈর্বিদ্ধা পাতিতৈঃ, পরিস্তোমৈরাস্তরণৈঃ। রাঙ্কবৈরঙ্কুমৃগচর্ম্মভিঃ। ঋষ্টিভিরস্ত্রবিশেষৈঃ। তনুত্রৈর্বর্ম্মভিঃ। চন্দনোক্ষিতৈশ্চন্দনলিপ্তৈঃ ॥১৬—১৮॥

তত্রেতি। পার্থস্যার্জ্জুনস্য, তথৈব প্রসিদ্ধেঃ। উক্তার্থে হেতুমাহ শরৈরিতি ॥১৯॥

পুত্র ইতি। পুত্রো দুর্য্যোধনঃ পরত্র রাজেত্যভিধানাৎ। উপজগ্মে তৎসাহায্যার্থম্ ॥২০॥

কৃপ ইতি। নাজহুঃ পীড়াতিরেকেঽপি ন ত্যক্তবন্তঃ, ভীষ্মরক্ষণাবশ্যকত্বাৎ ॥২১॥

ভরতনন্দন! বহুপ্রকারে ছিন্ন ছত্র, নিপাতিত ধ্বজ, নিক্ষিপ্ত অঙ্কুশ ও আস্তরণ, বিমর্দ্দিত কেয়ূর, অঙ্গদ, হার ও মৃগচর্ম্ম, নিপতিত উষ্ণীষ, ঋষ্টি, চামর, ব্যজন, বর্ম্ম, চন্দনলিপ্ত বাহু এবং রাজগণের ঊরু এইগুলিদ্বারাও সমরভূমি ব্যাপ্ত হইয়া পড়িল ॥১৬—১৮॥

মহারাজ! তখন আমরা যুদ্ধে অর্জুনের অদ্ভুত বিক্রম দেখিলাম; যে হেতু তিনি বাণদ্বারা ভগদত্তপ্রভৃতি সেই বীরগণকে বারণ করিয়াও আপনার সৈন্যগণকে আঘাত করিতে থাকিলেন ॥১৯॥

এদিকে আপনার পুত্র মহাবল দুর্য্যোধন ভীম ও অর্জুনের সেই পরাক্রম দেখিয়া ভীষ্মের রথের নিকটে চলিয়া গেলেন ॥২০॥

আর কৃপ, কৃতবর্ম্মা, সিন্ধুরাজ জয়দ্রথ এবং অবন্তিদেশীয় বিন্দ ও অনুবিন্দ ইঁহারা তখনও যুদ্ধ ত্যাগ করিলেন না ॥২১॥

(১৮) তত্র তত্রাপবিদ্ধৈশ্চ বা রা নি। (১৯)…যজ্জঘান মহাবলঃ—রা নি,…স জঘান মহাবলঃ—বা।

ততো ভীমো মহাবাহুঃ ফাল্গুনশ্চ মহারথঃ।
কৌরবাণাং চমূং ঘোরাং ভৃশং দুদ্রুবতু রণে ॥২২॥
ততো বর্হিণবাজানামযুতান্যর্বুদানি চ।
ধনঞ্জয়রথে তূর্ণং পাতয়ন্তি স্ম ভূমিপাঃ ॥২৩॥
ততস্তান্ শরজালেন সন্নিবার্য্য মহারথান্।
পার্থঃ সমন্তাৎ সমরে প্রেষয়ামাস মৃত্যবে ॥২৪॥
শল্যস্তু সমরে জিষ্ণুং ক্রীড়ন্নিব মহারথঃ।
আজঘানোরসি ক্রুদ্ধো ভল্লৈঃ সন্নতপর্বভিঃ ॥২৫॥
তস্য পার্থো ধনুশ্ছিত্ত্বা হস্তাবাপঞ্চ পঞ্চভিঃ।
অথৈনং সায়কৈস্তীক্ষ্ণৈর্ভৃশং বিব্যাধ মর্ম্মণি ॥২৬॥
অথান্যদ্ধনুরাদায় সমরে ভারসাধনম্।
মদ্রেশ্বরো রণে জিষ্ণুং তাড়য়ামাস রোষিতঃ ॥২৭॥

ভারতকৌমুদী

তত ইতি। ফাল্গুনোঽর্জ্জুনঃ। দুদ্রুবতুঃ আচক্রমতুঃ ॥২২॥
তত ইতি। বর্হিণানাং ময়ূরাণাং বাজাঃ পক্ষা যেষু তেষাং বাণানাম্ ॥২৩॥
তত ইতি। তান্ বর্হিণবাজান্ বাণান্। পার্থোঽর্জ্জুনঃ ॥২৪॥
শল্য ইতি। জিষ্ণুমর্জ্জুনম্। উরসি বক্ষসি। সন্নতপর্বভির্বক্রোপান্তৈঃ ॥২৫॥
তস্যেতি। হস্তাবাপঃ জ্যাঘাতবারণার্থকং হস্তস্য চর্ম্মাবরণম্ ॥২৬॥

তাহার পর মহাবাহু ভীমসেন এবং মহারথ অর্জুন যুদ্ধে কৌরবগণের ভীষণ সেনাকে গুরুতরভাবে আক্রমণ করিলেন ॥২২॥

তদনন্তর কৌরবপক্ষের রাজারা অর্জুনের রথের উপরে সত্বর সত্বর বহুতর বাণ নিক্ষেপ করিলেন ॥২৩॥

তখন অর্জুন আপন শরজালদ্বারা সেই বাণগুলিকে বারণ করিয়া যুদ্ধে সকল দিকে মহারথগণকে যমালয়ে প্রেরণ করিতে লাগিলেন ॥২৪॥

এই সময়ে মহারথ শল্য ক্রুদ্ধ হইয়া যেন খেলা করিতে থাকিয়া যুদ্ধে বহুতর নতপর্ব ভল্লদ্বারা অর্জুনের বক্ষস্থলে আঘাত করিলেন ॥২৫॥

তখন অর্জুন পাঁচটা বাণদ্বারা শল্যের ধনু ও হস্তাবাপ ছেদন করিয়া বহুতর তীক্ষ্ণ বাণদ্বারা তাঁহার মর্ম্মদেশে গুরুতর তাড়ন করিলেন ॥২৬॥

মহারাজ! তাহার পর মদ্ররাজ শল্য ক্রুদ্ধ হইয়া অন্য ধনু লইয়া তিনটা

(২২) ততো ভীমো মহেষ্বাসঃ···বা রা নি।

ত্রিভিঃ শরৈর্মহারাজ! বাসুদেবঞ্চ পঞ্চভিঃ।
ভীমসেনঞ্চ নবভির্বাহ্বোরুরসি চার্পয়ৎ ॥২৮॥ (যুগ্মকম্)
ততো দ্রোণো মহারাজ! মাগধশ্চ মহারথঃ।
দুর্য্যোধনসমাদিষ্টৌ তং দেশমুপজগ্মতুঃ ॥২৯॥
যত্র পার্থো মহারাজ! ভীমসেনশ্চ পাণ্ডবঃ।
কৌরব্যস্য মহাসেনাং জঘ্নতুঃ সুমহারথৌ ॥৩০॥
জয়ৎসেনস্তু সমরে ভীমং ভীমায়ুধং যুধি।
বিব্যাধ নিশিতৈর্বাণৈরষ্টভির্ভরতর্ষভ! ॥৩১॥
তং ভীমো দশভির্বিদ্ধা পুনর্বিব্যাধ পঞ্চভিঃ।
সারথিঞ্চাস্য ভল্লেন রথনীড়াদপাতয়ৎ ॥৩২॥
উদ্‌ভ্রান্তৈস্তুরগৈঃ সোঽথ দ্রবমাণৈঃ সমন্ততঃ।
মাগধোঽপসৃতো রাজা সর্বসৈন্যস্য পশ্যতঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

অথেতি। ভারসাধনং প্রধানলক্ষ্যভেদাত্মকদুষ্করকার্য্যসাধকম্। ত্রিভিঃ শরৈর্জিষ্ণুং তাড়য়ামাসেতি সম্বন্ধঃ। উরসি বক্ষসি, আর্পয়ৎ অপীড়য়ৎ ॥২৭—২৮॥

তত ইতি। মাগধো মগধরাজো জয়ৎসেনঃ ॥২৯॥

যত্রেতি। পার্থোঽর্জ্জুনঃ। কৌরব্যস্য দুর্য্যোধনস্য ॥৩০॥

জয়দিতি। ভীমায়ুধং ভীষণাস্ত্রম্। নিশিতৈঃ শিলাশাণিতৈঃ ॥৩১॥

তমিতি। রথনীড়াৎ রথরূপকুলায়াৎ। এতেন সারথেঃ পক্ষিরূপত্বং ধ্বনিতম্ ॥৩২॥

বাণদ্বারা অর্জুনকে এবং পাঁচটা বাণদ্বারা কৃষ্ণকে তাড়ন করিলেন; আর নয়টা বাণদ্বারা ভীমসেনের বাহুযুগলে ও বক্ষস্থলে পীড়ন করিলেন ॥২৭—২৮॥

মহারাজ! তাহার পর মহারথ দ্রোণ ও মগধরাজ জয়ৎসেন ইঁহারা দুর্য্যোধনের আদেশক্রমে সেই স্থানে গমন করিলেন ॥২৯॥

মহারাজ! অতিমহারথ ভীম ও অর্জুন যে স্থানে থাকিয়া দুর্য্যোধনের বিশাল সৈন্য সংহার করিতেছিলেন ॥৩০॥

ভরতশ্রেষ্ঠ! তখন মগধরাজ জয়ৎসেন আটটা তীক্ষ্ণ বাণদ্বারা যুদ্ধে ভয়ঙ্করাস্ত্রধারী ভীমসেনকে বিদ্ধ করিলেন ॥৩১॥

পরে ভীমসেন দশটা বাণদ্বারা জয়ৎসেনকে তাড়ন করিয়া পুনরায় পাঁচটা বাণদ্বারা তাঁহাকে তাড়ন করিলেন এবং একটা ভল্লদ্বারা তাঁহার সারথিকে রথরূপ নীড় (বাসা) হইতে নিপাতিত করিলেন ॥৩২॥

CENTRAL LIBRARY

দ্রোণশ্চ বিবরং লব্ধ্বা ভীমসেনমথায়সৈঃ।
বিব্যাধ বাণৈর্নিশিতৈঃ পঞ্চষষ্ট্যা শিলীমুখৈঃ ॥৩৪॥
তং ভীমঃ সমরশ্লাঘী গুরুং পিতৃসমং রণে।
বিব্যাধ নবভির্ভল্লৈস্তথা ষষ্ট্যা চ ভারত! ॥৩৫॥
অর্জ্জুনস্তু সুশর্ম্মাণং বিদ্ধা বহুভিরায়সৈঃ।
ব্যধমত্তস্য তৎ সৈন্যং মহাভ্রাণি যথানিলঃ ॥৩৬॥
ততো ভীষ্মশ্চ রাজা চ কৌশল্যশ্চ বৃহদ্বলঃ।
সমবর্ত্তন্ত সংক্রুদ্ধা ভীমসেনধনঞ্জয়ৌ ॥৩৭॥

ভারতকৌমুদী

উদ্ভ্রান্তৈরিতি। উদ্ভ্রান্তৈর্ঘূর্ণিতৈঃ। দ্রবমাণৈঃ পরং চরদ্ভিঃ ॥৩৩॥

দ্রোণ ইতি। বিবরং তদবসরাত্মকচ্ছিদ্রম্। আয়সৈর্লৌহময়ৈঃ। শিলী মৃত্তিকাস্থঃ প্রাণিবিশেষঃ তস্যা ইব মুখং যেষাং তৈঃ শিলীমুখৈঃ সূক্ষ্মাগ্রৈঃ, "শিলী গণ্ডূপদী" ইত্যমরঃ ॥৩৪॥

তমিতি। গুরুং দ্রোণম্। ষষ্ট্যা চ ভল্লৈঃ ॥৩৫॥

অর্জ্জুন ইতি। আয়সৈর্লৌহময়ৈর্ব্বাণৈঃ। ব্যধমদ্বানাশয়ৎ। মহাভ্রাণি বিশালমেঘান্ ॥৩৬॥

তত ইতি। রাজা দুর্য্যোধনঃ, কৌশল্যঃ কোশলদেশাধিপতিঃ। সমবর্ত্তন্ত অভ্যবর্ত্তন্ত ॥৩৭॥

ভারতভাবদীপঃ

অর্জ্জুন ইতি ॥১—২৩॥ বর্হিণবাজানাং ময়ূরপক্ষবতাং বাণানাম্ ॥২৪—২৯॥ মাগধো জয়ৎসেনঃ ॥৩০—৩২॥ অপসৃতঃ পলায়িতঃ ॥৩৩—৪৬॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১০॥

তদনন্তর মগধরাজের ঘোড়াগুলি প্রথমে সকল দিকে ঘুরিল, পরে ছুটিয়া চলিল; তাহাতেই তিনি সকল সৈন্যের সমক্ষে অপসৃত হইলেন ॥৩৩॥

দ্রোণাচার্য্য সেই অবসর পাইয়া শিলাশাণিত, সূক্ষ্মমুখ ও লৌহময় পঁয়ষট্টিটা বাণদ্বারা ভীমসেনকে তাড়ন করিলেন ॥৩৪॥

ভরতনন্দন! তখন সমরশ্লাঘী ভীমসেন প্রথমে নয়টা ভল্লদ্বারা এবং পরে আবার ষাটটা ভল্লদ্বারা পিতৃতুল্য গুরু দ্রোণকে যুদ্ধে বিদ্ধ করিলেন ॥৩৫॥

বায়ু যেমন মহামেঘ সকল বিনষ্ট করে, সেইরূপ অর্জুন বহুতর লৌহময় বাণদ্বারা সুশর্ম্মাকে বিদ্ধ করিয়া তাঁহার সৈন্য বিনাশ করিতে লাগিলেন ॥৩৬॥

তাহার পর ভীষ্ম, রাজা দুর্য্যোধন এবং কোশলাধিপতি বৃহদ্বল ইহারা ক্রুদ্ধ হইয়া ভীম ও অর্জুনের অভিমুখবর্ত্তী হইলেন ॥৩৭॥

---

(৩৪)···বিবরং দৃষ্ট্বা···বা রা নি। (৩৫)···বিব্যাধ পঞ্চভির্ভল্লৈঃ···বা রা নি।

তথৈব পাণ্ডবাঃ শূরা ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ।
অভ্যদ্রবন্ রণে ভীষ্মং ব্যাদিতাস্যমিবান্তকম্ ॥৩৮॥
শিখণ্ডী তু সমাসাদ্য ভরতানাং পিতামহম্।
অভ্যদ্রবত সংহৃষ্টো ভয়ং ত্যক্ত্বা মহারথাৎ ॥৩৯॥
যুধিষ্ঠিরমুখাঃ পার্থাঃ পুরস্কৃত্য শিখণ্ডিনম্।
অযোধয়ন্ রণে ভীষ্মং সহিতাঃ সর্বসৃঞ্জয়ৈঃ ॥৪০॥
তথৈব তাবকাঃ সর্বে পুরস্কৃত্য যতব্রতম্।
শিখণ্ডিপ্রমুখান্ পার্থান্ যোধয়ন্তি স্ম সংযুগে ॥৪১॥
ততঃ প্রববৃতে যুদ্ধং কৌরবাণাং ভয়াবহম্।
তত্র পাণ্ডুসুতৈঃ সার্দ্ধং ভীষ্মস্য বিজয়ং প্রতি ॥৪২॥
তাবকানাং রণে ভীষ্মো গ্লহ আসীদ্বিশাংপতে!।
তত্র হি দ্যূতমাসক্তং বিজয়ায়েতরায় বা ॥৪৩॥

ভারতকৌমুদী

তথেতি। পার্ষতঃ পৃষতপৌত্রঃ। ব্যাদিতাস্যং বিবৃতমুখম্ ॥৩৮॥
শিখণ্ডীতি। ভরতানাং যুধিষ্ঠিরাদীনাম্। মহারথাৎ ভীষ্মাৎ ॥৩৯॥
যুধীতি। যুধিষ্ঠিরমুখা যুধিষ্ঠিরাদয়ঃ, পার্থাঃ পাণ্ডবাঃ ॥৪০॥
তথেতি। তাবকাস্ত্বৎপক্ষীয়া যোদ্ধারঃ। যতব্রতং ব্রহ্মচর্য্যব্রতং ভীষ্মম্ ॥৪১॥
তত ইতি। ভীষ্মস্য বিজয়ং প্রতি ভীষ্মকর্ত্তৃকজয়লাভোদ্দেশে ॥৪২॥
তাবকানামিতি। গ্লহঃ পণঃ, "গ্লহোঽক্ষেষু" ইতি নিপাতঃ, "পণোঽক্ষেষু গ্লহঃ" ইত্যমরঃ। আসক্তং যুদ্ধরূপেণ প্রবৃত্তম্, ইতরায় পরাজয়ায় ॥৪৩॥

সেইরূপই বীর অপর পাণ্ডবেরা এবং পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন ইঁহারা বিবৃতবদন যমের ন্যায় ভীষ্মের দিকে ধাবিত হইলেন ॥৩৮॥

শিখণ্ডী মহারথ ভীষ্মকে দেখিয়া তাঁহা হইতে ভয় ত্যাগ করিয়া হৃষ্টচিত্তে তাঁহার দিকে ধাবিত হইলেন ॥৩৯॥

ক্রমে যুধিষ্ঠিরপ্রভৃতি পাণ্ডবেরা সকল সৃঞ্জয়ের সহিত মিলিত হইয়া শিখণ্ডীকে অগ্রবর্ত্তী করিয়া ভীষ্মের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥৪০॥

সেইরূপই আপনার পক্ষের যোদ্ধারা সকলে ভীষ্মকে সম্মুখবর্ত্তী করিয়া শিখণ্ডিপ্রভৃতি পাণ্ডবপক্ষের সহিত যুদ্ধারম্ভ করিলেন ॥৪১॥

তাহারপর ভীষ্মের জয়লাভ উদ্দেশ্য করিয়া পাণ্ডবগণের সহিত কৌরবগণের ভয়াবহ যুদ্ধ লাগিয়া গেল ॥৪২॥

(৩৮)…ধৃষ্টদ্যুম্নশ্চ ভারত!…পি। (৪৩) তাবকানাং জয়ে ভীষ্মঃ…বা রা নি।

ধৃষ্টদ্যুম্নস্তু রাজেন্দ্র ! সর্বসৈন্যান্যচোদয়ৎ ।
অভিদ্রবত গাঙ্গেয়ং মা ভৈষ্ট রথসত্তমাঃ ! ॥৪৪॥
সেনাপতিবচঃ শ্রুত্বা পাণ্ডবানাং বরূথিনী ।
ভীষ্মং সমভ্যয়াত্তূর্ণং প্রাণাংস্ত্যক্ত্বা মহাহবে ॥৪৫॥
ভীষ্মোঽপি রথিনাং শ্রেষ্ঠঃ প্রতিজগ্রাহ তাং চমূম্ ।
আপতন্তীং মহারাজ ! বেলামিব মহোদধিঃ ॥৪৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি
ভীষ্মবধে দশমদিবসযুদ্ধে ভীমার্জ্জুনপরাক্রমে
দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——০*০——

ভারতকৌমুদী

ধৃষ্টেতি। অচোদয়ৎ প্রৈরয়ৎ। অভিদ্রবত অভিধাবত, গাঙ্গেয়ং ভীষ্মম্ ॥৪৪॥
সেনেতি। বরূথিনী সেনা। প্রাণান্ প্রাণস্থিত্যাশাম্, মহাহবে মহাযুদ্ধে ॥৪৫॥
ভীষ্ম ইতি। বেলাং জলপূরম্, "অবধ্যুবিকৃতৌ বেলা কালমর্য্যাদয়োরপি", ইত্যমরঃ ॥৪৬॥
ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং
ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(::)——

নরনাথ ! আপনার যোদ্ধাদের পক্ষে যুদ্ধে ভীষ্ম ছিলেন পণস্বরূপ। কারণ, তখন জয় বা পরাজয়ের জন্য (যুদ্ধরূপ) একটা দ্যূতক্রীড়া প্রবৃত্ত হইয়াছিল ॥৪৩॥

রাজশ্রেষ্ঠ ! এই সময়ে ধৃষ্টদ্যুম্ন সমস্ত পাণ্ডবসৈন্যকে বলিলেন—'রথিশ্রেষ্ঠগণ ! আপনারা ভীষ্মের দিকে ধাবিত হউন, ভয় করিবেন না' ॥৪৪॥

সেনাপতি ধৃষ্টদ্যুম্নের কথা শুনিয়া পাণ্ডবসৈন্য প্রাণের আশা ত্যাগ করিয়া মহাযুদ্ধে সত্বর ভীষ্মের দিকে ধাবিত হইল ॥৪৫॥

মহারাজ ! সেই পাণ্ডবসৈন্য আসিতে লাগিলে, মহাসমুদ্র যেমন জলপূর (বাণ) গ্রহণ করে, সেইরূপ রথিশ্রেষ্ঠ ভীষ্ম সেই সৈন্য গ্রহণ করিলেন' ॥৪৬॥

——:০:——

(৪৪)…অভাদ্রবত গাঙ্গেয়ম্ …বা রা নি। * '…পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ' বা, 'চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ' রা নি।

CENTRAL LIBRARY

একাদশাধিকশততমোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।

কথং শান্তনবো ভীষ্মো দশমেঽহনি সঞ্জয়!।
অযুধ্যত মহাবীর্য্যঃ পাণ্ডবৈঃ সহ সৃঞ্জয়ৈঃ ॥১॥
কুরবশ্চ কথং যুদ্ধে পাণ্ডবান্ প্রত্যবারয়ন্।
আচক্ষ্ব মে মহাযুদ্ধং ভীষ্মস্যাহবশোভিনঃ ॥২॥

সঞ্জয় উবাচ।

কুরবঃ পাণ্ডবৈঃ সার্দ্ধং যদযুধ্যন্ত ভারত!।
যথা চ তদভূদ্‌যুদ্ধং তত্তে বক্ষ্যামি সাম্প্রতম্ ॥৩॥
গমিতাঃ পরলোকায় পরমাস্ত্রৈঃ কিরীটিনা।
অহন্যহনি সংরব্ধাস্তাবকানাং রথব্রজাঃ ॥৪॥
যথাপ্রতিজ্ঞং কৌরব্যঃ স চাপি সমিতিঞ্জয়ঃ।
পার্থানামকরোদ্ভীষ্মঃ সততং সমিতি ক্ষয়ম্ ॥৫॥

ভারতকৌমুদী

সঞ্জয়েন স্বয়মুচ্যমানেঽপ্যাগ্রহাতিরেকাৎ পৃচ্ছতি কথমিতি। কথং কীদৃশম্ ॥১॥
কুরব ইতি। আহবশোভিনো বীরশ্রিয়া যুদ্ধে শোভাবতঃ ॥২॥
কুরব ইতি। যৎ যাদৃশম্। যথা রৌদ্রং কোমলং বা ॥৩॥
গমিতা ইতি। কিরীটিনা অর্জ্জুনেন। সংরব্ধাঃ সোৎসাহাঃ, রথানাং ব্রজাঃ সমূহাঃ ॥৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! মহাবীর শান্তনুনন্দন ভীষ্ম সেই দশম দিনে পাণ্ডব ও সৃঞ্জয়গণের সহিত কিরূপ যুদ্ধ করিয়াছিলেন? ॥১॥

কৌরবেরাই বা যুদ্ধে কি ভাবে পাণ্ডবগণকে বারণ করিয়াছিলেন? তুমি আমার নিকটে যুদ্ধশোভী ভীষ্মের মহাযুদ্ধের বিবরণ বল' ॥২॥

সঞ্জয় কহিলেন—'ভরতনন্দন! কৌরবেরা পাণ্ডবদের সহিত যেভাবে যুদ্ধ করিয়াছিলেন এবং সে যুদ্ধ যেরূপ হইয়াছিল, তাহা আমি এখন আপনার নিকট বলিব ॥৩॥

অর্জ্জুন উত্তম উত্তম অস্ত্রদ্বারা আপনার পক্ষের উৎসাহী রথীদিগকে প্রত্যহ পরলোকে প্রেরণ করিতেন ॥৪॥

(২)…মহদ্‌যুদ্ধম্…পি। (৩)…তত্তু বক্ষ্যামি…রা নি। (৪)…অহন্যহনি সংপ্রাপ্তে তাবকানাং মহারথাঃ—রা নি।

কুরুভিঃ সহিতং ভীষ্মং যুধ্যমানং পরন্তপ ! ।
অর্জ্জুনঞ্চ সপাঞ্চাল্যং দৃষ্ট্বা সংশয়িতা জনাঃ ॥৬॥
দশমেঽহনি তস্মিংস্তু ভীষ্মার্জ্জুনসমাগমে ।
অবর্ত্তত মহারৌদ্রঃ সততং সমিতি ক্ষয়ঃ ॥৭॥
তস্মিন্নযুতশো রাজন্ ! ভূয়শশ্চ পরন্তপঃ ।
ভীষ্মঃ শান্তনবো যোধান্ জঘান পরমাস্ত্রবিৎ ॥৮॥
যেষামজ্ঞাতকল্পানি নামগোত্রাণি পার্থিব ! ।
তে হতাস্তত্র ভীষ্মেণ শূরাঃ সর্বেঽনিবর্ত্তিনঃ ॥৯॥
দশাহানি তথা তপ্ত্বা ভীষ্মঃ পাণ্ডববাহিনীম্ ।
নিরবিদ্যত ধর্ম্মাত্মা জীবিতে স পরন্তপঃ ॥১০॥

ভারতকৌমুদী

যথেতি। যথাপ্রতিজ্ঞম্ 'প্রত্যহং দশ সহস্রাণি হন্তব্যানি' ইতি প্রতিজ্ঞানুসারেণ। সমিতিং যুদ্ধং জিতবানিতি সমিতিঞ্জয়ঃ। সমিতি যুদ্ধে, "সমিত্যাজিসমিদ্‌যুধঃ" ইত্যমরঃ ॥৫॥

কুরুভিরিতি। সপাঞ্চাল্যং পাঞ্চালগণসহিতম্, সংশয়িতাঃ কতরস্য জয় ইতি সংদিগ্ধাঃ ॥৬॥

দশম ইতি। মহারৌদ্রঃ অতিভীষণঃ, সমিতি যুদ্ধে, ক্ষয়ো দ্বয়োরেব পক্ষয়োঃ ॥৭॥

তস্মিন্নিতি। ভূয়শ ইত্যপি বীপ্সায়াং শস্‌প্রত্যয়ঃ, মূলসলোপশ্চার্ষঃ ॥৮॥

যেষামিতি। অজ্ঞাতকল্পানি প্রায়েণাজ্ঞাতানি। অনিবর্ত্তিনো যুদ্ধাদপলায়িনঃ ॥৯॥

দশেতি। নিরবিদ্যত গ্লানিং প্রাপ্নোৎ, "তত্ত্বজ্ঞানাপদীর্ষ্যাদের্নির্বেদঃ স্বাবমাননা" ইতি সাহিত্যদর্পণাৎ ॥১০॥

আবার যুদ্ধবিজয়ী কৌরবনন্দন ভীষ্মও নিজের প্রতিজ্ঞা অনুসারে প্রত্যহ যুদ্ধে পাণ্ডবপক্ষের ক্ষয় করিতেছিলেন ॥৫॥

পরন্তপ রাজা ! কৌরবগণের সহিত মিলিত ভীষ্মকে এবং পাঞ্চালগণের সহিত সমবেত অর্জ্জুনকে যুধ্যমান দেখিয়া সমস্ত লোকই জয়বিষয়ে সন্দিগ্ধ হইয়াছিল ॥৬॥

দশমদিবসে ভীষ্ম ও অর্জ্জুনের সেই সম্মেলনে যুদ্ধে সর্ব্বদাই উভয় পক্ষের অতিভয়ানক ক্ষয় হইতেছিল ॥৭॥

রাজা ! পরমাস্ত্রবিৎ ও শত্রুসন্তাপকারী শান্তনুনন্দন ভীষ্ম সেই যুদ্ধে অযুত অযুত ও ভূরি ভূরি যোদ্ধাকে বধ করিলেন ॥৮॥

নরনাথ ! যাহাদের নাম ও গোত্র প্রায় অজ্ঞাত ছিল, সেই সকল অপলায়ী বীরগণকে ভীষ্ম যুদ্ধে বিনাশ করিলেন ॥৯॥

(৬) কুরুভিঃ সহিতে ভীষ্মে যুধ্যমানে পরন্তপে। অর্জ্জুনেন চ পাঞ্চাল্যে সংশয়ো বিজয়েঽভবৎ—পি।

স ক্ষিপ্রং বধমন্বিচ্ছন্নাত্মনোঽভিমুখো রণে।
ন হন্যাং মানবশ্রেষ্ঠান্ সংগ্রামেঽভিমুখানিতি ॥১১॥
চিন্তয়িত্বা মহাবাহুঃ পিতা দেবব্রতস্তব।
অভ্যাসস্থং মহারাজ! পাণ্ডবং বাক্যমব্রবীৎ ॥১২॥ (যুগ্মকম্)
যুধিষ্ঠির! মহাপ্রাজ্ঞ! সর্ব্বশাস্ত্রবিশারদ!।
শৃণুষ্ব বচনং তাত! ধর্ম্ম্যং স্বর্গ্যঞ্চ জল্পতঃ ॥১৩॥
নির্বিণ্ণোঽস্মি ভৃশং তাত! দেহেনানেন ভারত!।
ম্বতশ্চ মে গতঃ কালঃ স্ববহূন্ প্রাণিনো রণে ॥১৪॥
তস্মাৎ পার্থং পুরোধায় পাঞ্চালান্ সৃঞ্জয়াংস্তথা।
মদ্বধে ক্রিয়তাং যত্নো মম চেদিচ্ছসি প্রিয়ম্ ॥১৫॥

ভারতকৌমুদী

স ইতি। অন্বিচ্ছন্ অভিলষন্। অভ্যাসস্থং নিকটস্থম্, পাণ্ডবং যুধিষ্ঠিরম্ ॥১১—১২॥
যুধীতি। ধর্ম্ম্যং ধর্ম্মজনকম্, স্বর্গ্যং স্বর্গজনকঞ্চ, জল্পতো ব্রুবতঃ ॥১৩॥
নিরিতি। নির্বিণ্ণো গ্লানিং প্রাপ্তঃ। ম্বতো বিনাশয়তঃ ॥১৪॥
তস্মাদিতি। পার্থমর্জ্জুনম্, পুরোধায় অগ্রবর্ত্তীকৃত্য ॥১৫॥

ধর্ম্মাত্মা অথ চ শত্রুসন্তাপকারী ভীষ্ম দশ দিন যাবৎ সেইভাবে পাণ্ডবসেনার সন্তাপ জন্মাইয়া নিজের জীবনের প্রতি বিরক্ত হইলেন ॥১০॥

এবং তিনি সম্মুখযুদ্ধে সত্বর নিজের বধ কামনা করিয়া চিন্তা করিলেন—'আমি আর যুদ্ধে সম্মুখাগত শ্রেষ্ঠ মানবগণকে বধ করিব না'। মহারাজ! আপনার জ্যেষ্ঠতাত মহাবাহু ভীষ্ম এইরূপ চিন্তা করিয়া নিকটবর্ত্তী যুধিষ্ঠিরকে এই কথা বলিলেন—॥১১—১২॥

'মহাপ্রাজ্ঞ! সর্ব্বশাস্ত্রবিশারদ! বৎস! যুধিষ্ঠির! আমি ধর্ম্ম ও স্বর্গ-জনক বাক্য বলিতেছি, তুমি শ্রবণ কর ॥১৩॥

বৎস ভরতনন্দন! আমার এই দেহের উপরে আমি অত্যন্ত বিরক্ত হইয়াছি। কারণ, যুদ্ধে অতিবহু প্রাণী বধ করিতে করিতে আমার কাল অতীত হইয়াছে ॥১৪॥

অতএব তুমি যদি আমার প্রিয় কার্য্য করিবার ইচ্ছা কর, তবে অর্জুন, পাঞ্চালগণ ও সৃঞ্জয়গণকে অগ্রবর্ত্তী করিয়া আমার বধে যত্ন কর' ॥১৫॥

(১১)…অভিমুখে রণে…পি,…অভিমুখং রণে…বা নি। (১২) ইতঃ পরম্ 'ভীষ্ম উবাচ' নি। (১৫) ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ' নি।

তস্য তন্মতমাজ্ঞায় পাণ্ডবঃ সত্যদর্শনঃ।
ভীষ্মং প্রতি যযৌ রাজা সংগ্রামে সহ সৃঞ্জয়ৈঃ ॥১৬॥
ধৃষ্টদ্যুম্নস্ততো রাজন্! পাণ্ডবশ্চ যুধিষ্ঠিরঃ।
শ্রুত্বা ভীষ্মস্য তাং বাচং চোদয়ামাসতুর্বলম্ ॥১৭॥
অভিদ্রবত যুধ্যধ্বং ভীষ্মং জয়ত সংযুগে।
রক্ষিতাঃ সত্যসন্ধেন জিষ্ণুনা রিপুজিষ্ণুনা ॥১৮॥
অয়ঞ্চাপি মহেষ্বাসঃ পার্ষতো বাহিনীপতিঃ।
ভীমসেনশ্চ সমরে পালয়িষ্যতি বো ধ্রুবম্ ॥১৯॥
মা বো ভীষ্মাদ্ভয়ং কিঞ্চিদদ্যাস্তু যুধি সৃঞ্জয়াঃ!।
ধ্রুবং ভীষ্মং বিজেষ্যামঃ পুরস্কৃত্য শিখণ্ডিনম্ ॥২০॥
তে তথা সময়ং কৃত্বা দশমেঽহনি পাণ্ডবাঃ।
ব্রহ্মলোকপরা ভূত্বা সংজগ্মুঃ ক্রোধমূর্চ্ছিতাঃ ॥২১॥

ভারতকৌমুদী

তস্যেতি। পাণ্ডবো যুধিষ্ঠিরঃ। সত্যদর্শনত্বাদেব ভীষ্মমতজ্ঞানেন তং প্রতি যানম্ ॥১৬॥
ধৃষ্টেতি। চোদয়ামাসতুঃ প্রেরয়ামাসতুঃ, বলং স্বসৈন্যম্ ॥১৭॥
অভীতি। অভিদ্রবত অভিধাবত। জিষ্ণুনা অর্জ্জুনেন ॥১৮॥
অয়মিতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ, পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ। বো যুষ্মান্ ॥১৯॥
মেতি। বো যুষ্মাকম্। ধ্রুবং নিশ্চিতমেব ॥২০॥
ত ইতি। সময়ং সিদ্ধান্তম্। ব্রহ্মলোকপরাঃ সম্মুখযুদ্ধমৃত্যুনা ব্রহ্মলোকার্থিনঃ ॥২১॥

ভীষ্মের সেইরূপ মত জানিয়া সত্যদর্শী রাজা যুধিষ্ঠির সৃঞ্জয়গণের সহিত সমরাঙ্গনে ভীষ্মের দিকে গমন করিতে লাগিলেন ॥১৬॥

রাজা! এবং ভীষ্মের সেই কথা শুনিয়া ধৃষ্টদ্যুম্ন ও যুধিষ্ঠির আপন সৈন্যগণকে বলিলেন—॥১৭॥

'সৈন্যগণ! সত্যপ্রতিজ্ঞ ও শত্রুবিজয়ী অর্জুন তোমাদিগকে রক্ষা করিবেন। সুতরাং তোমরা ধাবিত হও, যুদ্ধ কর এবং যুদ্ধে ভীষ্মকে জয় কর ॥১৮॥

এই মহাধনুর্দ্ধর সেনাপতি ধৃষ্টদ্যুম্ন এবং ভীমসেনও যুদ্ধে নিশ্চয়ই তোমাদিগকে রক্ষা করিবেন ॥১৯॥

সৃঞ্জয়গণ! আজ যেন যুদ্ধে ভীষ্ম হইতে তোমাদের কোন ভয় হয় না। আজ আমরা শিখণ্ডীকে অগ্রবর্ত্তী করিয়া নিশ্চয়ই ভীষ্মকে জয় করিব' ॥২০॥

(১৭)···তা বাচঃ···পি। (১৮) অভিদ্রবধ্বম্··· বা রা নি। (২০)··· কিঞ্চিদদ্যস্তু··· বা রা নি।

শিখণ্ডিনং পুরস্কৃত্য পাণ্ডবঞ্চ ধনঞ্জয়ম্।
ভীষ্মস্য পাতনে যত্নং পরমং তে সমাস্থিতাঃ ॥২২॥
ততস্তব সুতাদিষ্টা নানাজনপদেশ্বরাঃ।
দ্রোণেন সহপুত্রেণ সহসেনা মহাবলাঃ ॥২৩॥
দুঃশাসনশ্চ বলবান্ সহ সর্ব্বৈঃ সহোদরৈঃ।
ভীষ্মং সমরমধ্যস্থং পালয়াঞ্চক্রিরে তদা ॥২৪॥ (যুগ্মকম্)
ততস্তু তাবকাঃ শূরাঃ পুরস্কৃত্য যতব্রতম্।
শিখণ্ডিপ্রমুখান্ পার্থান্ যোধয়ন্তি স্ম সংযুগে ॥২৫॥
চেদিভিস্তু সপাঞ্চালৈঃ সহিতো বানরধ্বজঃ।
যযৌ শান্তনবং ভীষ্মং পুরস্কৃত্য শিখণ্ডিনম্ ॥২৬॥

ভারতকৌমুদী

শিখণ্ডিনমিতি। তে পাণ্ডবাঃ, সমাস্থিতা আশ্রিতবন্তঃ ॥২২॥

তত ইতি। সুতেন দুর্য্যোধনেনাদিষ্টাঃ। পুত্রেণাশ্বত্থাম্না সহেতি সহপুত্রস্তেন সহ, সেনয়া সহেতি সহসেনাঃ। পালয়াঞ্চক্রিরে ররক্ষুঃ ॥২৩—২৪॥

তত ইতি। তাবকাস্ত্বৎপক্ষীয়াঃ। পুরস্কৃত্য অগ্রবর্ত্তীকৃত্য, যতব্রতং ভীষ্মম্ ॥২৫॥

চেদিভিরিতি। চেদিভিঃ চেদিদেশীয়যোদ্ধৃভিঃ। বানরধ্বজোঽর্জ্জুনঃ ॥২৬॥

ভারতভাবদীপঃ

কথমিতি ॥১—৯॥ নিরবিদ্যত নির্ব্বেদং জগাম ॥১০—১৩॥ নির্ব্বিণ্ণো বিরক্তঃ ॥১৪—২০॥ ব্রহ্মলোকপরাঃ বৃহত্ত্বান্মহান্তং লোকং প্রতি যতমানাঃ ॥২১—৪৩॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১১॥

দশম দিনে পাণ্ডবেরা সেইরূপ সিদ্ধান্ত করিয়া ব্রহ্মলোকপ্রার্থী ও ক্রোধে অধীর হইয়া গমন করিতে লাগিলেন ॥২১॥

তাঁহারা শিখণ্ডীকে ও অর্জ্জুনকে অগ্রবর্ত্তী করিয়া ভীষ্মকে নিপাতিত করিবার জন্য পরম যত্ন অবলম্বন করিলেন ॥২২॥

মহারাজ! তাহার পর আপনার পুত্রের আদেশক্রমে মহাবলশালী নানাদেশীয় রাজারা দ্রোণ, অশ্বত্থামা ও সৈন্যগণের সহিত মিলিত হইয়া এবং বলবান্ দুঃশাসন সকল সহোদরের সহিত সমবেত হইয়া তৎকালে সমরমধ্যবর্ত্তী ভীষ্মকে রক্ষা করিতে লাগিলেন ॥২৩—২৪॥

তদনন্তর আপনার পক্ষের বীরেরা ভীষ্মকে অগ্রবর্ত্তী করিয়া সমরাঙ্গনে শিখণ্ডিপ্রভৃতি পাণ্ডবপক্ষের সহিত যুদ্ধ করিতে থাকিলেন ॥২৫॥

(২৫)···পুরস্কৃত্য মহাব্রতম্···বা রা নি।

CENTRAL LIBRARY

দ্রোণপুত্রং শিনের্নপ্তা ধৃষ্টকেতুস্তু পৌরবম্ ।
অভিমন্যুঃ সহামাত্যং দুর্য্যোধনমযোধয়ৎ ॥২৭॥
বিরাটস্তু সহানীকঃ সহসেনং জয়দ্রথম্ ।
বৃদ্ধক্ষত্রস্য দায়াদমাসসাদ পরন্তপ ! ॥২৮॥
মদ্ররাজং মহেষ্বাসং সহসৈন্যং যুধিষ্ঠিরঃ ।
ভীমসেনোঽভিগুপ্তস্তু নাগানীকমুপাদ্রবৎ ॥২৯॥
অপ্রধৃষ্যমনাবার্য্যং সর্বশস্ত্রভৃতাং বরম্ ।
দ্রোণং প্রতি যযৌ যত্তঃ পাঞ্চাল্যঃ সহ সোদরৈঃ ॥৩০॥
কর্ণিকারধ্বজঞ্চৈব সিংহকেতুররিন্দমঃ ।
প্রত্যুজ্জগাম সৌভদ্রং রাজপুত্রো বৃহদ্বলঃ ॥৩১॥
শিখণ্ডিনঞ্চ পুত্রাস্তে পাণ্ডবঞ্চ ধনঞ্জয়ম্ ।
রাজভিঃ সমরে সার্দ্ধমভিপেতুর্জিঘাংসবঃ ॥৩২॥

ভারতকৌমুদী

দ্রোণেতি। শিনের্নপ্তা পৌত্রঃ সাত্যকিঃ। অমাত্যৈঃ সহেতি সহামাত্যস্তম্ ॥২৭॥
বিরাট ইতি। সহানীকঃ সসৈন্যঃ। বৃদ্ধক্ষত্রস্য তদাখ্যস্য রাজ্ঞঃ, দায়াদং পুত্রম্ ॥২৮॥
মদ্রেতি। অভিগুপ্তঃ সৈন্যৈঃ সর্বতো রক্ষিতঃ, নাগানীকং হস্তিসৈন্যম্ ॥২৯॥
অপ্রেতি। যত্তো জয়ায় যত্নবান্, পাঞ্চাল্যো ধৃষ্টদ্যুম্নঃ ॥৩০॥
কর্ণীতি। কর্ণিকারধ্বজং কর্ণিকারপুষ্পচিহ্নযুক্তধ্বজম্। সৌভদ্রমভিমন্যুম্ ॥৩১॥

ওদিকে অর্জুন চেদি ও পাঞ্চালগণের সহিত মিলিত হইয়া শিখণ্ডীকে সম্মুখবর্ত্তী করিয়া শান্তনুনন্দন ভীষ্মের দিকে ধাবিত হইলেন ॥২৬॥

সাত্যকি অশ্বত্থামার সহিত, ধৃষ্টকেতু পুরুরাজের সহিত এবং অভিমন্যু অমাত্যসমন্বিত দুর্য্যোধনের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥২৭॥

পরন্তপ রাজা ! বিরাটরাজা সৈন্যগণের সহিত মিলিত হইয়া বৃদ্ধক্ষত্রের পুত্র সৈন্যসমন্বিত জয়দ্রথের দিকে চলিলেন ॥২৮॥

যুধিষ্ঠির, মহাধনুর্দ্ধর ও সৈন্যবেষ্টিত শল্যের দিকে এবং সুরক্ষিত ভীমসেন হস্তিসৈন্যের প্রতি ধাবিত হইলেন ॥২৯॥

ধৃষ্টদ্যুম্ন সহোদরগণের সহিত মিলিত এবং জয়ে যত্নবান্ হইয়া দুর্দ্ধর্ষ, অনিবার্য্য ও সর্বশস্ত্রধারিশ্রেষ্ঠ দ্রোণাচার্য্যের দিকে গমন করিলেন ॥৩০॥

সিংহধ্বজ ও শত্রুদমনকারী রাজপুত্র বৃহদ্বল, কর্ণিকারধ্বজ অভিমন্যুর দিকে চলিলেন ॥৩১॥

(৩১)···অরিন্দম ! পি। (৩২)···রাজভিঃ সমরে পার্থম্···বা রা নি।

তস্মিন্নতিমহাভীমে সেনয়োর্বৈ পরাক্রমে।
সম্প্রধাবৎস্বনীকেষু মেদিনী সমকম্পত ॥৩৩॥
তান্যনীকান্যনীকেষু সমসজ্জন্ত ভারত!।
তাবকানাং পরেষাঞ্চ দৃষ্ট্বা শান্তনবং রণে ॥৩৪॥
ততস্তেষাং প্রযততামন্যোন্যমভিধাবতাম্।
প্রাদুরাসীন্মহান্ শব্দো দিক্ষু সর্ব্বাসু ভারত! ॥৩৫॥
শঙ্খদুন্দুভিনির্ঘোষো বারণানাঞ্চ বৃংহিতম্।
সিংহনাদশ্চ সৈন্যানাং দারুণঃ সমপদ্যত ॥৩৬॥
সা চ সর্ব্বনরেন্দ্রাণাং চন্দ্রার্কসদৃশী প্রভা।
হারাঙ্গদকিরীটেষু নিষ্প্রভা সমপদ্যত ॥৩৭॥

ভারতকৌমুদী

শিখণ্ডিনমিতি। রাজভিঃ কৌরবপক্ষীয়ৈঃ। জিঘাংসবো হন্তুমিচ্ছবঃ ॥৩২॥
তস্মিন্নিতি। অনীকেষু উভয়সৈন্যেষু, মেদিনী সমরভূমিঃ ॥৩৩॥
তানীতি। সমসজ্জন্ত সম্মিলিতান্যভবন্। শান্তনবং ভীষ্মম্ ॥৩৪॥
তত ইতি। প্রযততাং জেতুং প্রযত্নবতাম্ ॥৩৫॥
শঙ্খেতি। বারণানাং হস্তিনাম্, বৃংহিতং গর্জ্জিতম্ ॥৩৬॥

আর রাজগণের সহিত সম্মিলিত আপনার পুত্রেরা বধার্থী হইয়া শিখণ্ডী ও অর্জ্জুনের প্রতি ধাবিত হইলেন ॥৩২॥

উভয়পক্ষের সৈন্যেরা ধাবিত হইলে, সেই মহাভয়ঙ্কর পরাক্রমপ্রকাশের সময়ে সমরভূমি কাঁপিতে লাগিল ॥৩৩॥

ভরতনন্দন! যুদ্ধে ভীষ্মকে দেখিয়া আপনার পক্ষের ও পরপক্ষের যোদ্ধাদের সৈন্যেরা পরস্পর সংযুক্ত হইল ॥৩৪॥

ভরতনন্দন! তাহার পর সেই উভয় সৈন্য জয়ে যত্নবান্ হইয়া পরস্পর ধাবিত হইলে, সকল দিকে বিশাল কোলাহল হইতে লাগিল ॥৩৫॥

শঙ্খ ও দুন্দুভির ধ্বনি, হস্তিগণের গর্জ্জন এবং সৈন্যগণের দারুণ সিংহনাদ চলিতে থাকিল ॥৩৬॥

ক্রমে রাজাদের হার, অঙ্গদ ও কিরীটের চন্দ্রসূর্য্যতুল্য প্রভা ধূলির আবরণে মলিন হইয়া গেল ॥৩৭॥

(৩৪)…সমযুধ্যন্ত ভারত!…নি। (৩৬) শঙ্খদুন্দুভিঘোষৈশ্চ বারণানাঞ্চ বৃংহিতৈঃ। সিংহনাদৈশ্চ সৈন্যানাম্…বা, শঙ্খদুন্দুভিঘোষশ্চ বারণানাঞ্চ বৃংহিতৈঃ…রা নি।

রজোমেঘাশ্চ সংজগ্মুঃ শস্ত্রবিদ্যুদ্ভিরাবৃতাঃ।
ধনুষাঞ্চাপি নির্ঘোষো দারুণঃ সমপদ্যত ॥৩৮॥
বাণশঙ্খপ্রণাদাশ্চ ভেরীণাঞ্চ মহাস্বনাঃ।
রথঘোষাশ্চ সংজজ্ঞুঃ সেনয়োরুভয়োরপি ॥৩৯॥
প্রাসশক্ত্যৃষ্টিসংঘৈশ্চ বাণৌঘৈশ্চ সমাকুলম্।
নিষ্প্রকাশমিবাকাশং সেনয়োঃ সমপদ্যত ॥৪০॥
অন্যোন্যং রথিনঃ পেতুর্বাজিনশ্চ মহাহবে।
কুঞ্জরান্ কুঞ্জরো জঘ্নুঃ পদাতীংশ্চ পদাতয়ঃ ॥৪১॥
তদাসীৎ সুমহদ্‌যুদ্ধং কুরূণাং পাণ্ডবৈঃ সহ।
ভীষ্মহেতোনরব্যাঘ্র! শ্যেনয়োরামিষে যথা ॥৪২॥

ভারতকৌমুদী

সেতি। হারাঙ্গদকিরীটেষু স্থিতেতি শেষঃ, নিষ্প্রভা ধূল্যাবরণান্মলিনা ॥৩৭॥
রজ ইতি। রজাংসি ধূলয় এব মেঘাঃ। ধনুষাঞ্চাপি নির্ঘোষো গর্জনরূপঃ ॥৩৮॥
বাণেতি। সংজজ্ঞুঃ উৎপেদিরে ॥৩৯॥
প্রাসেতি। সেনয়োরাকাশমুপরিবর্ত্তীত্যর্থঃ ॥৪০॥
অন্যোন্যমিতি। পেতুঃ অভিদধাবুঃ, বাজিনঃ অশ্বাঃ ॥৪১॥
তদেতি। শ্যেনয়োঃ পক্ষিণোঃ, আমিষে মাংসনিমিত্তে ॥৪২॥

অস্ত্ররূপ বিদ্যুতে আবৃত ধূলিরূপ মেঘ সকল চলিতে লাগিল এবং (গর্জনরূপ) ধনুষ্টঙ্কার হইতে থাকিল ॥৩৮॥

উভয় সৈন্যেরই বাণ ও শঙ্খের ধ্বনি, ভেরীর মহাশব্দ এবং রথের গম্ভীর নিনাদ হইতে লাগিল ॥৩৯॥

দুই সৈন্যেরই উপরের আকাশটা প্রাস, শক্তি, ঋষ্টি ও বাণসমূহে ব্যাপ্ত হইয়া যেন অপ্রকাশ হইয়া পড়িল ॥৪০॥

সেই মহাযুদ্ধে রথীরা ও অশ্বারোহীরা পরস্পর অভিমুখে ধাবিত হইল এবং হস্তিসমূহ হস্তিসমূহকে আর পদাতিগণ পদাতিগণকে বধ করিতে লাগিল ॥৪১॥

নরশ্রেষ্ঠ! তখন মাংসের জন্য দুইটা শ্যেনপক্ষীর ন্যায় ভীষ্মের জন্য পাণ্ডবগণের সহিত কৌরবগণের অতিমহাযুদ্ধ হইতে থাকিল ॥৪২॥

---

(৩৮) রজোমেঘাঃ সুসংজজ্ঞুঃ…বা, রজোমেঘাশ্চ সংজজ্ঞুঃ…রা নি। (৩৯)…রথঘোষশ্চ সংজজ্ঞে…বা রা নি। (৪১)…পদাতাংশ্চ পদাতয়ঃ—বা,…পাদাতাংশ্চ পদাতয়ঃ—রা নি। (৪২) যত্রাসীৎ…বা, তত্রাসীৎ…রা নি।

তেষাং সমাগমো ঘোরো বভূব যুধি ভারত!।
অন্যোন্যস্য বধার্থায় জিগীষূণাং মহাহবে ॥৪৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে দশমদিবসযুদ্ধে ভীষ্মোপদেশে একাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ।

——:*:——

সঞ্জয় উবাচ।

অভিমন্যুর্মহারাজ! তব পুত্রমযোধয়ৎ।
মহত্যা সেনয়া যুক্তং ভীষ্মহেতোঃ পরাক্রমী ॥১॥
দুর্য্যোধনো রণে কার্ষ্ণিং নবভির্নতপর্ব্বভিঃ।
আজঘানোরসি ক্রুদ্ধঃ পুনশ্চৈনং ত্রিভিঃ শরৈঃ ॥২॥

ভারতকৌমুদী

তেষামিতি। সমাগমো যুদ্ধে সম্মেলনম্। জিগীষূণাং জেতুমিচ্ছূনাম্ ॥৪৩॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে একাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(::)——

অভীতি। পুত্রং দুর্য্যোধনম্, পরত্র তথোক্তেঃ ॥১॥

দুর্য্যোধন ইতি। কৃষ্ণস্যার্জুনস্যাপত্যমিতি কার্ষ্ণিরভিমন্যুস্তম্। উরসি বক্ষসি ॥২॥

ভরতনন্দন! তখন মহাযুদ্ধে জয়াভিলাষী সেই উভয়পক্ষের পরস্পর বধের জন্য যুদ্ধে ভয়ঙ্কর সম্মেলন হইল' ॥৪৩॥

——:০:——

সঞ্জয় বলিলেন—'মহারাজ! পরাক্রমশালী অভিমন্যু ভীষ্মের জন্য বিশাল-সৈন্যসমন্বিত দুর্য্যোধনের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥১॥

তখন দুর্য্যোধন ক্রুদ্ধ হইয়া যুদ্ধে নতপর্ব্ব নয়টা বাণদ্বারা অভিমন্যুর বক্ষস্থলে আঘাত করিলেন এবং তিনটা বাণদ্বারা পুনরায় তাঁহাকে তাড়ন করিলেন ॥২॥

(৪৩) তয়োঃ সমাগমঃ…নি। * '…ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ' বা, '…পঞ্চদশাধিক-শততমোঽধ্যায়ঃ' রা নি।

CENTRAL LIBRARY

তস্য শক্তিং রণে কার্ষ্ণির্মৃত্যোর্ঘোরাং স্বসামিব।
প্রেষয়ামাস সংক্রুদ্ধো দুর্য্যোধনরথং প্রতি ॥৩॥
তামাপতন্তীং সহসা ঘোররূপাং বিশাংপতে!।
দ্বিধা চিচ্ছেদ তে পুত্রঃ ক্ষুরপ্রেণ মহারথঃ ॥৪॥
তাং শক্তিং পতিতাং দৃষ্ট্বা কার্ষ্ণিঃ পরমকোপনঃ।
দুর্য্যোধনং ত্রিভির্বাণৈর্বাহ্বোরুরসি চার্পয়ৎ ॥৫॥
পুনশ্চৈনং শরৈর্ঘোরৈরাজঘান স্তনান্তরে।
দশভির্ভরতশ্রেষ্ঠ! দুর্য্যোধনমমর্ষণম্ ॥৬॥
তদ্‌যুদ্ধমভবদ্‌ঘোরং চিত্ররূপঞ্চ ভারত!।
ঈক্ষিতৃপ্রীতিজননং সর্বপার্থিবপূজিতম্ ॥৭॥
ভীষ্মস্য নিধনার্থায় পার্থস্য বিজয়ায় চ।
যুযুধাতে রণে বীরৌ সৌভদ্রকুরুপুঙ্গবৌ ॥৮॥

ভারতকৌমুদী

তস্যেতি। স্বসাং স্বসারং ভগিনীমিতি যাবৎ ॥৩॥
তামিতি। আপতন্তীমাগচ্ছন্তীম্। ক্ষুরপ্রেণ তদাখ্যেন বাণেন ॥৪॥
তামিতি। আর্পয়ৎ অপীড়য়ৎ, ধাতূনামনেকার্থত্বাৎ ॥৫॥
পুনরিতি। স্তনয়োরন্তরে মধ্যে বক্ষসীত্যর্থঃ। অমর্ষণং কোপনম্ ॥৬॥
তদিতি। ঈক্ষিতারো দ্রষ্টারো জনাস্তেষাং প্রীতিজননম্ ॥৭॥
ভীষ্মস্যেতি। সৌভদ্রপক্ষে ভীষ্মস্য নিধনমেবার্থঃ প্রয়োজনং তস্মৈ তৎসাধনায়, তথা

পরে অভিমন্যু অত্যন্তক্রুদ্ধ হইয়া যমের ভগিনীর ন্যায় ভয়ঙ্কর একটা শক্তি দুর্য্যোধনের রথের দিকে তাঁহার উপরে নিক্ষেপ করিলেন ॥৩॥

নরনাথ! ভয়ঙ্করাকৃতি সেই শক্তিটা বেগে আসিতে লাগিলে, মহারথ দুর্য্যোধন একটা ক্ষুরপ্রদ্বারা সেটাকে দুই খণ্ডে ছেদন করিলেন ॥৪॥

সেই শক্তিটাকে নিপতিত দেখিয়া অভিমন্যু অত্যন্তক্রুদ্ধ হইয়া তিনটা বাণ-দ্বারা দুর্য্যোধনের বক্ষস্থলে ও বাহুযুগলে আঘাত করিলেন ॥৫॥

ভরতশ্রেষ্ঠ! এবং পুনরায় দশটা ভয়ঙ্কর বাণদ্বারা ক্রুদ্ধ দুর্য্যোধনের বক্ষস্থলে আঘাত করিলেন ॥৬॥

ভরতনন্দন! এইভাবে সেই যুদ্ধ ভয়ঙ্কর, বিচিত্র, দ্রষ্টাদের প্রীতিজনক এবং সকল ক্ষত্রিয়ের প্রশংসিতরূপে হইতে লাগিল ॥৭॥

(৩)…মৃত্যোর্জিহ্বামিবায়সীম্…নি। (৭)…ইন্দ্রিয়প্রীতিজননম্…বা রা।

সাত্যকিং রভসং যুদ্ধে দ্রৌণির্ব্রাহ্মণপুঙ্গবঃ।
আজঘানোরসি ক্রুদ্ধো নারাচেন পরন্তপঃ ॥৯॥
শৈনেয়োঽপি গুরোঃ পুত্রং সর্বমর্ম্মসু ভারত!।
অতাড়য়দমেয়াত্মা নবভিঃ কঙ্কপত্রিভিঃ ॥১০॥
অশ্বত্থামা তু সমরে সাত্যকিং নবভিঃ শরৈঃ।
ত্রিংশতা চ পুনস্তূর্ণং বাহ্বোরুরসি চার্পয়ৎ ॥১১॥
সোঽতিবিদ্ধো মহেষ্বাসো দ্রোণপুত্রেণ সাত্যকিঃ।
দ্রোণপুত্রং ত্রিভির্বাণৈরাজঘান মহাযশাঃ ॥১২॥
পৌরবো ধৃষ্টকেতুঞ্চ শরৈরাচ্ছাদ্য সংযুগে।
বহুধা দারয়াঞ্চক্রে মহেষ্বাসং মহারথঃ ॥১৩॥

ভারতকৌমুদী

পার্থস্যার্জ্জুনস্য বিজয়ায় বিশিষ্টজয়সাধনায় চ। কুরুপুঙ্গবপক্ষে তু ভীষ্মস্য নিধনস্য অর্থো নিবৃত্তিস্তস্মৈ, তথা পার্থস্য জয়বিরুদ্ধঃ পরাজয়স্তস্মৈ চ। কুরুপুঙ্গবো দুর্য্যোধনঃ ॥৮॥

সাত্যকিমিতি। রভসং সোৎসাহম্, দ্রৌণিরশ্বত্থামা। উরসি বক্ষসি ॥৯॥

শৈনেয় ইতি। শৈনেয়ঃ শিনেঃ পৌত্রঃ সাত্যকিঃ। অমেয়াত্মা অজ্ঞেয়শক্তিঃ ॥১০॥

অশ্বেতি। উরসি বক্ষসি, আর্পয়ৎ অপীড়য়ৎ ॥১১॥

স ইতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ ॥১২॥

পৌরব ইতি। দারয়াঞ্চক্রে বিভেদ ॥১৩॥

অভিমন্যু সমরাঙ্গনে ভীষ্মের নিধনসাধন ও অর্জ্জুনের জয়লাভের জন্য যুদ্ধ করিতে লাগিলেন; আর দুর্য্যোধন ভীষ্মের নিধননিবৃত্তি ও অর্জ্জুনের পরাজয়ের জন্য যুদ্ধ করিতে থাকিলেন ॥৮॥

ওদিকে ব্রাহ্মণশ্রেষ্ঠ ও শত্রুসন্তাপী অশ্বত্থামা ক্রুদ্ধ হইয়া একটা নারাচদ্বারা যুদ্ধোৎসাহী সাত্যকির বক্ষস্থলে আঘাত করিলেন ॥৯॥

ভরতনন্দন! অজ্ঞেয়শক্তি সাত্যকিও নয়টা বাণদ্বারা অশ্বত্থামার সমস্ত বক্ষস্থলে তাড়ন করিলেন ॥১০॥

তখন অশ্বত্থামা নয়টা বাণদ্বারা সাত্যকিকে পীড়ন করিয়া পুনরায় সত্বর ত্রিশটা বাণদ্বারা তাঁহার বাহুযুগলে ও বক্ষস্থলে পীড়ন করিলেন ॥১১॥

সেইভাবে অশ্বত্থামা অত্যন্তবিদ্ধ করিলে, মহাধনুর্দ্ধর ও মহাযশা সাত্যকি তিনটা বাণদ্বারা অশ্বত্থামাকে আঘাত করিলেন ॥১২॥

(৯)…নারাচেন পরন্তপ!—পি। (১০)…নবভিঃ কঙ্কবাজিতৈঃ—পি বা রা।

CENTRAL LIBRARY

তথৈব পৌরবং যুদ্ধে ধৃষ্টকেতুর্মহারথঃ।
ত্রিংশতা নিশিতৈর্বাণৈর্বিব্যাধাশু মহাভুজঃ ॥১৪॥
পৌরবস্তু ধনুশ্ছিত্ত্বা ধৃষ্টকেতোর্মহারথঃ।
ননাদ বলবন্নাদং বিব্যাধ চ শিতৈঃ শরৈঃ ॥১৫॥
সোঽন্যৎ কার্ম্মুকমাদায় পৌরবং নিশিতৈঃ শরৈঃ।
আজঘান মহারাজ! ত্রিসপ্তত্যা শিলামুখৈঃ ॥১৬॥
তৌ তু তত্র মহেষ্বাসৌ মহামাত্রৌ মহারথৌ।
মহতা শরবর্ষেণ পরস্পরমবিধ্যতাম্ ॥১৭॥
অন্যোন্যস্য ধনুশ্ছিত্ত্বা হয়ান্ হত্বা চ ভারত!।
বিরথাবসিযুদ্ধায় সমীয়তুরমর্ষণৌ ॥১৮॥
আর্ষভে চর্ম্মণী চিত্রে শতচন্দ্রপুরস্কৃতে।
তারকাশতচিত্রে চ নিস্ত্রিংশৌ সুমহাপ্রভৌ ॥১৯॥

ভারতকৌমুদী

তথেতি। নিশিতৈঃ শিলাশাণিতৈঃ। আশু শীঘ্রম্ ॥১৪॥
পৌরব ইতি। ননাদ চকার, বলবৎ মহান্তম্ ॥১৫॥
স ইতি। স ধৃষ্টকেতুঃ। শিলাঃ প্রাণিবিশেষস্যেব মুখানি যেষাং তৈঃ ॥১৬॥
তাবিতি। মহামাত্রৌ বিশালপ্রমাণৌ দীর্ঘদেহাবিতি যাবৎ ॥১৭॥
অন্যোন্যস্যেতি। হয়ান্ অশ্বান্। সমীয়তুঃ সম্মিলিতৌ বভূবতুঃ ॥১৮॥

অন্যদিকে মহারথ পুরুরাজ সমরাঙ্গনে বহুতর বাণদ্বারা মহাধনুর্দ্ধর ধৃষ্টকেতুকে আবৃত করিয়া বহুপ্রকারে বিদীর্ণ করিলেন ॥১৩॥

মহারথ ও মহাবাহু ধৃষ্টকেতুও সেইরূপই শিলাশাণিত ত্রিশটা বাণদ্বারা যুদ্ধে সত্বর পুরুরাজকে বিদ্ধ করিলেন ॥১৪॥

মহারথ পুরুরাজ ধৃষ্টকেতুর ধনু ছেদন করিয়া বহুতর তীক্ষ্ণ বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন এবং বিশাল সিংহনাদ করিয়া উঠিলেন ॥১৫॥

মহারাজ! তখন ধৃষ্টকেতু অন্য ধনু লইয়া ত্রিসপ্ততিসংখ্যক শিলাশাণিত তীক্ষ্ণমুখবাণদ্বারা পুরুরাজকে আঘাত করিলেন ॥১৬॥

ক্রমে সেই মহাধনুর্দ্ধর, বিশালদেহ ও মহারথ দুই জন বিশাল শরবর্ষণদ্বারা পরস্পর বিদ্ধ করিতে লাগিলেন ॥১৭॥

ভরতনন্দন! পরে সেই ক্রুদ্ধ বীর দুই জন পরস্পরের ধনু ছেদন ও অশ্ব বিনাশ করিয়া রথবিহীন হইয়া অসিযুদ্ধ করিবার জন্য মিলিত হইলেন ॥১৮॥

(১৪)…বিব্যাধ স মহাভুজঃ—পি। (১৭)…পরস্পরমবর্ষতাম্—নি।

প্রগৃহ্য বিমলৌ রাজন্! তাবন্যোন্যমভিদ্রুতৌ।
বাসিতাসঙ্গমে যত্তৌ সিংহাবিব মহাবনে ॥২০॥ (যুগ্মকম্)
মণ্ডলানি বিচিত্রাণি গতপ্রত্যাগতানি চ।
চেরতুর্দর্শয়ন্তৌ চ প্রার্থয়ন্তৌ পরস্পরম্ ॥২১॥
পৌরবো ধৃষ্টকেতুস্তু শঙ্খদেশে মহাসিনা।
তাড়য়ামাস সংক্রুদ্ধস্তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥২২॥
চেদিরাজোঽপি সমরে পৌরবং পুরুষর্ষভম্।
আজঘান শিতাগ্রেণ জত্রুদেশে মহাসিনা ॥২৩॥
তাবন্যোন্যং মহারাজ! সমাসাদ্য মহাহবে।
অন্যোন্যবেগাভিহতৌ নিপেততুররিন্দমৌ ॥২৪॥
ততঃ স্বরথমারোপ্য পৌরবং তনয়স্তব।
জয়ৎসেনো রথেনাজাবপোবাহ রণাজিরাৎ ॥২৫॥

ভারতকৌমুদী

আর্ষভে ইতি। আর্ষভে বৃষসম্বন্ধিনী। শতচন্দ্রৈর্বহুচন্দ্রাকৃতিরৌপ্যচিহ্নৈঃ পুরস্কৃতে শোভিতে। নিস্ত্রিংশৌ কৃপাণৌ। বাসিতা সিংহী তস্যাঃ সঙ্গমে, যত্তৌ যত্নবন্তৌ ॥১৯—২০॥

মণ্ডলানীতি। মণ্ডলানি গোলাকারভ্রমণানি। প্রার্থয়ন্তৌ বধমিতি শেষঃ ॥২১॥

পৌরব ইতি। শঙ্খদেশে ললাটে, "শঙ্খো নিধৌ ললাটাস্থি কম্বৌ ন স্ত্রী" ইত্যমরঃ ॥২২॥

চেদীতি। চেদিরাজো ধৃষ্টকেতুরপি। জত্রুদেশে স্কন্ধসন্ধৌ ॥২৩॥

তাবিতি। সমাসাদ্য প্রাপ্য, মহাহবে মহাযুদ্ধে ॥২৪॥

রাজা! ক্রমে তাঁহারা শতচন্দ্র ও শততারকাচিহ্নে চিহ্নিত দুইখানা বৃষচর্ম্ম (ঢাল) এবং উজ্জ্বল ও নির্ম্মল দুই খানা তরবারি ধারণ করিয়া—মহাবনে সিংহী-সঙ্গমে যত্নবান্ দুইটা সিংহের ন্যায় পরস্পরের প্রতি ধাবিত হইলেন ॥১৯—২০॥

পরে তাঁহারা বিচিত্র মণ্ডল, গমন ও প্রত্যাগমন দেখাইতে থাকিয়া এবং পরস্পরের বধ কামনা করিয়া বিচরণ করিতে লাগিলেন ॥২১॥

পুরুরাজ অত্যন্তক্রুদ্ধ হইয়া বিশাল তরবারিদ্বারা ধৃষ্টকেতুর ললাটদেশে আঘাত করিলেন এবং 'থাক থাক' এই কথা বলিলেন ॥২২॥

তখন ধৃষ্টকেতুও সুতীক্ষ্ণ মহাতরবারিদ্বারা যুদ্ধে পুরুষশ্রেষ্ঠ পুরুরাজের স্কন্ধদেশে আঘাত করিলেন ॥২৩॥

মহারাজ! ক্রমে শত্রুদমনকারী পুরুরাজ ও চেদিরাজ মহাযুদ্ধে পরস্পর প্রাপ্ত হইয়া পরস্পরের বেগে ভূতলে নিপতিত হইলেন ॥২৪॥

---

(২২)···জঙ্ঘাদেশে···মহাসিনা···পি।

ধৃষ্টকেতুঞ্চ সমরে মাদ্রীপুত্রঃ প্রতাপবান্।
অপোবাহ মহারাজ! সহদেবঃ পরাক্রমী ॥২৬॥
চিত্রসেনঃ সুশর্ম্মাণং বিদ্ধা বহুভিরায়সৈঃ।
পুনর্বিব্যাধ তং ষষ্ট্যা পুনশ্চ নবভিঃ শরৈঃ ॥২৭॥
সুশর্ম্মা তু রণে ক্রুদ্ধস্তব পুত্রং বিশাংপতে!।
দশভির্দশভিশ্চৈব বিব্যাধ নিশিতৈঃ শরৈঃ ॥২৮॥
চিত্রসেনশ্চ তং রাজন্! ত্রিংশতা নতপর্ব্বভিঃ।
আজঘান রণে ক্রুদ্ধঃ স চ তং প্রত্যবিধ্যত।
ভীষ্মস্য সমরে রাজন্! যশো মানঞ্চ বর্দ্ধয়ন্ ॥২৯॥
সৌভদ্রো রাজপুত্রস্তু বৃহদ্বলমযোধয়ৎ।
পার্থহেতোঃ পরাক্রান্তো ভীষ্মস্য নিধনং প্রতি ॥৩০॥

ভারতকৌমুদী

তত ইতি। আজৌ যুদ্ধে, অপোবাহ অপসারয়ামাস, রণাজিরাৎ রণাঙ্গনাৎ ॥২৫॥
ধৃষ্টেতি। প্রতাপপরাক্রময়োরভাবে সমরে তাদৃশাপসারণং ন স্যাদিতি ভাবঃ ॥২৬॥
চিত্রেতি। চিত্রসেনো ধার্ত্তরাষ্ট্রঃ, সুশর্ম্মাণং পাণ্ডবপক্ষীয়ং বৃদ্ধক্ষেমিপুত্রম্ ॥২৭॥
সুশর্ম্মেতি। তব পুত্রং চিত্রসেনম্ ॥২৮॥
চিত্রেতি। নতপর্ব্বভিঃ শরৈঃ। স সুশর্ম্মা। বর্দ্ধয়ন্ চিত্রসেনঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৯॥

রাজা! তাহার পর আপনার পুত্র জয়ৎসেন পুরুরাজকে আপন রথে তুলিয়া লইয়া সেই রথেই সমরাঙ্গন হইতে অপসৃত হইলেন ॥২৫॥

মহারাজ! ওদিকে প্রতাপ ও পরাক্রমশালী মাদ্রীপুত্র সহদেব ধৃষ্টকেতুকেও সরাইয়া লইয়া গেলেন ॥২৬॥

অন্যদিকে আপনার পুত্র চিত্রসেন বহুতর লৌহময় বাণদ্বারা পাণ্ডবপক্ষীয় বৃদ্ধক্ষেমিপুত্র সুশর্ম্মাকে বিদ্ধ করিয়া পুনরায় ষাটটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন এবং আবারও নয়টা বাণদ্বারা তাড়ন করিলেন ॥২৭॥

নরনাথ! তখন সুশর্ম্মাও ক্রুদ্ধ হইয়া দশ দশটা তীক্ষ্ণ বাণদ্বারা আপনার পুত্র চিত্রসেনকে বিদ্ধ করিলেন ॥২৮॥

রাজা! চিত্রসেন ক্রুদ্ধ হইয়া যুদ্ধে ভীষ্মের যশ ও গৌরব বৃদ্ধি করিবার জন্য ত্রিশটা নতপর্ব বাণদ্বারা সুশর্ম্মাকে আঘাত করিলেন; তখন সুশর্ম্মাও তাঁহাকে প্রতিবিদ্ধ করিলেন ॥২৯॥

(২৬)…অপোবাহ রণে ক্রুদ্ধঃ…বা রা নি।

আর্জ্জুনিং কোশলেন্দ্রস্তু বিদ্ধা পঞ্চভিরায়সৈঃ।
পুনর্বিব্যাধ বিংশত্যা শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥৩১॥
সৌভদ্রঃ কোশলেন্দ্রস্তু বিব্যাধাষ্টভিরায়সৈঃ।
নাকম্পয়ত সংগ্রামে বিব্যাধ চ পুনঃ শরৈঃ ॥৩২॥
কৌশল্যস্য ধনুশ্চাপি পুনশ্চিচ্ছেদ ফাল্গুনিঃ।
আজঘান শরৈশ্চাপি ত্রিংশতা কঙ্কপত্রিভিঃ ॥৩৩॥
সোঽন্যৎ কার্ম্মুকমাদায় রাজপুত্রো বৃহদ্বলঃ।
ফাল্গুনিং সমরে ক্রুদ্ধো বিব্যাধ বহুভিঃ শরৈঃ ॥৩৪॥
তয়োর্যুদ্ধং সমভবদ্ভীষ্মহেতোঃ পরন্তপ!।
সংরব্ধয়োর্মহারাজ! সমরে চিত্রযোধিনোঃ।
যথা দেবাসুরে যুদ্ধে বলিবাসবয়োরভূৎ ॥৩৫॥

ভারতকৌমুদী

সৌভদ্র ইতি। অযোধয়ৎ দুর্য্যোধনজয়াৎ পরম্। পার্থহেতোরর্জ্জুনজয়ার্থম্ ॥৩০॥
আর্জ্জুনিমিতি। অর্জ্জুনস্যাপত্যমিত্যার্জ্জুনিরভিমন্যুস্তম্। এবং ফাল্গুনিরপি ॥৩১॥
সৌভদ্র ইতি। আয়সৈর্লৌহময়ৈঃ শরৈঃ। নাকম্পয়ত কোশলেন্দ্রম্ ॥৩২॥
কৌশল্যস্যেতি। কৌশল্যস্য বৃহদ্বলস্য। ফাল্গুনিরভিমন্যুঃ ॥৩৩॥
স ইতি। বিব্যাধ তাড়য়ামাস ॥৩৪॥

ওদিকে পরাক্রমশালী অভিমন্যু অর্জ্জুনের জয়লাভ এবং ভীষ্মবধের জন্য রাজপুত্র বৃহদ্বলের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥৩০॥

তখন বৃহদ্বল পাঁচটা লৌহময় বাণদ্বারা অভিমন্যুকে বিদ্ধ করিয়া পুনরায় নতপর্ব্ব কুড়িটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৩১॥

পরে অভিমন্যু আটটা লৌহময় বাণদ্বারা বৃহদ্বলকে তাড়ন করিলেন; কিন্তু তাহাতে তাঁহাকে বিচলিত করিতে পারিলেন না। সুতরাং আবারও বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৩২॥

এবং অভিমন্যু পুনরায় বৃহদ্বলের ধনু ছেদন করিলেন এবং ত্রিশটা কঙ্কপক্ষ-যুক্ত বাণদ্বারা তাঁহাকে আঘাত করিলেন ॥৩৩॥

তখন রাজপুত্র বৃহদ্বল ক্রুদ্ধ হইয়া অন্য ধনু লইয়া বহুতর বাণদ্বারা অভি-মন্যুকে তাড়ন করিলেন ॥৩৪॥

পরন্তপ মহারাজ! পূর্ব্বকালে দেবাসুরযুদ্ধে ইন্দ্র ও বলির যেরূপ যুদ্ধ হইয়াছিল, সেইরূপ ক্রুদ্ধ ও বিচিত্রযোধী অভিমন্যু ও বৃহদ্বলের এইভাবে ভীষ্মের জন্য যুদ্ধ হইতে লাগিল ॥৩৫॥

CENTRAL LIBRARY

ভীমসেনো গজানীকং যোধয়ন্ বহ্বশোভত।
যথা শক্রো বজ্রপাণির্দারয়ন্ পর্বতোত্তমান্ ॥৩৬॥
তে বধ্যমানা ভীমেন মাতঙ্গা গিরিসন্নিভাঃ।
নিপেতুরুর্ব্যাং সহিতা নাদয়ন্তো বসুন্ধরাম্ ॥৩৭॥
গিরিমাত্রা হি তে নাগা ভিন্নাঞ্জনচয়োপমাঃ।
বিরেজুর্বসুধাং প্রাপ্য বিকীর্ণা ইব পর্বতাঃ ॥৩৮॥
যুধিষ্ঠিরো মহেষ্বাসো মদ্ররাজানমাহবে।
মহত্যা সেনয়া যুক্তং পীড়য়ামাস সঙ্গতম্ ॥৩৯॥
মদ্রেশ্বরশ্চ সমরে ধর্ম্মপুত্রং মহারথম্।
পীড়য়ামাস সংরব্ধো ভীষ্মহেতোঃ পরাক্রমী ॥৪০॥
বিরাটং সৈন্ধবো রাজা বিদ্ধা সন্নতপর্বভিঃ।
নবভিঃ সায়কৈস্তীক্ষ্ণৈস্ত্রিংশতা পুনরার্পয়ৎ ॥৪১॥

ভারতকৌমুদী

তয়োরিতি। সংরব্ধয়োঃ ক্রুদ্ধয়োঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৩৫॥
ভীমেতি। গজানীকং হস্তিসৈন্যম্। বজ্রপাণিরিত্যনেন ভীমস্য বাণপাণিতা সূচিতা ॥৩৬॥
ত ইতি। গিরিসন্নিভাঃ পর্বতপ্রমাণাঃ। উর্ব্যাং ভূতলে, সহিতা মিলিতা অনেকে ॥৩৭॥
গিরীতি। গিরিমাত্রাঃ পর্ব্বতপ্রমাণাঃ, ভিন্নাঞ্জনচয়োপমাঃ স্রুতকজ্জলপুঞ্জতুল্যাঃ ॥৩৮॥
যুধীতি। মদ্ররাজানমিত্যার্ষত্বাদদন্তত্বাভাবঃ। সঙ্গতং সমরাঙ্গনে মিলিতম্ ॥৩৯॥
মদ্রেশ্বর ইতি। সংরব্ধঃ ক্রুদ্ধঃ, ভীষ্মহেতোর্ভীষ্মরক্ষার্থম্ ॥৪০॥

বজ্রপাণি ইন্দ্র যেমন শ্রেষ্ঠ পর্ব্বতগুলিকে বিদারণ করিতে থাকিয়া বিশেষ শোভা পাইতেন, ভীমসেনও তেমন বিপক্ষ হস্তিসৈন্যের সহিত যুদ্ধ করিতে থাকিয়া বিশেষ শোভা পাইতে লাগিলেন ॥৩৬॥

ভীমসেন বধ করিতে লাগিলে, পর্ব্বতপ্রমাণ সেই হস্তী সকল সমরভূমি নিনাদিত করিয়া ভূতলে নিপতিত হইতে লাগিল ॥৩৭॥

প্রমাণে পর্বতসদৃশ এবং বর্ণে গলিত-কজ্জল-পুঞ্জ-তুল্য সেই হস্তীগুলি ভূতলে পতিত হইয়া বিক্ষিপ্ত পর্বতসমূহের ন্যায় প্রকাশ পাইতে থাকিল ॥৩৮॥

ওদিকে মহাধনুর্দ্ধর যুধিষ্ঠির যুদ্ধে সমাগত বিশালসৈন্যসমন্বিত মদ্ররাজ শল্যকে পীড়ন করিতে লাগিলেন ॥৩৯॥

তখন পরাক্রমশালী শল্যও ক্রুদ্ধ হইয়া ভীষ্মকে রক্ষা করিবার জন্য মহারথ যুধিষ্ঠিরকে তাড়ন করিতে থাকিলেন ॥৪০॥

(৩৮)· ·বসুধাং প্রাপ্তাঃ ··বা রা নি। (৩৯)···সেনয়া গুপ্তম্···রা নি,···সেনয়া গুপ্তঃ বা।

বিরাটশ্চ মহারাজ! সৈন্ধবং বাহিনীপতিঃ।
ত্রিংশদ্ভির্নিশিতৈর্বাণৈরাজঘান স্তনান্তরে ॥৪২॥
চিত্রকার্ম্মুকনিস্ত্রিংশৌ চিত্রবর্ম্মায়ুধধ্বজৌ।
রেজতুশ্চিত্ররূপৌ তৌ সংগ্রামে মৎস্যসৈন্ধবৌ ॥৪৩॥
দ্রোণঃ পাঞ্চালপুত্রেণ সমাগম্য মহারণে।
মহাসমুদয়ং চক্রে শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥৪৪॥
ততো দ্রোণো মহারাজ! পার্ষতস্য মহদ্ধনুঃ।
ছিত্ত্বা পঞ্চাশতেষূণাং পার্ষতং সমবিধ্যত ॥৪৫॥
সোঽন্যৎ কার্ম্মুকমাদায় পার্ষতঃ পরবীরহা।
দ্রোণস্য মিষতো যুদ্ধে প্রেষয়ামাস সায়কান্ ॥৪৬॥

ভারতকৌমুদী

বিরাটমিতি। সৈন্ধবঃ সিন্ধুদেশীয়ঃ, রাজা জয়দ্রথঃ। আর্পয়ৎ অপীড়য়ৎ ॥৪১॥

বিরাট ইতি। "বিংশত্যাদ্যাঃ সদৈকত্বে" ইতি নিয়মেঽপি ত্রিংশদ্ভিরিত্যার্ষত্বাদ্বহুবচনম্ ॥৪২॥

চিত্রেতি। নিস্ত্রিংশঃ কৃপাণঃ। মৎস্যসৈন্ধবৌ বিরাটজয়দ্রথৌ ॥৪৩॥

দ্রোণ ইতি। সমুদয়ো যুদ্ধম্,"স্মৃতঃ সমুদয়ো বৃন্দে সংযুগে সমুপক্রমে" ইতি বিশ্বঃ ॥৪৪॥

তত ইতি। পার্ষতস্য ধৃষ্টদ্যুম্নস্য। ইষূণাং বাণানাম্ ॥৪৫॥

স ইতি। দ্রোণস্য উপরি, মিষতঃ পশ্যতঃ ॥৪৬॥

অন্যদিকে সিন্ধুরাজ জয়দ্রথ নতপর্ব ও তীক্ষ্ণ নয়টা বাণদ্বারা বিরাটরাজাকে বিদ্ধ করিয়া পুনরায় ত্রিশটা বাণদ্বারা তাঁহাকে তাড়ন করিলেন ॥৪১॥

মহারাজ! তখন সেনাপতি বিরাটও ত্রিশটা তীক্ষ্ণ বাণদ্বারা জয়দ্রথের বক্ষস্থলে আঘাত করিলেন ॥৪২॥

বিচিত্র ধনু ও তরবারিধারী, বিচিত্র বর্ম্ম, অস্ত্র ও ধ্বজসমন্বিত এবং বিচিত্ররূপসম্পন্ন সেই বিরাট ও জয়দ্রথ সমরস্থলে শোভা পাইতে লাগিলেন ॥৪৩॥

এদিকে দ্রোণাচার্য্য মহাযুদ্ধে ধৃষ্টদ্যুম্নের সহিত মিলিত হইয়া নতপর্ব্ব বাণসমূহদ্বারা মহাযুদ্ধ করিতে থাকিলেন ॥৪৪॥

মহারাজ! ক্রমে দ্রোণ ধৃষ্টদ্যুম্নের বিশাল ধনু ছেদন করিয়া পঞ্চাশটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৪৫॥

তখন বিপক্ষবীরহন্তা ধৃষ্টদ্যুম্ন অন্য ধনু লইয়া দ্রোণের প্রত্যক্ষেই তাঁহার উপরে বহুতর বাণ নিক্ষেপ করিলেন ॥৪৬॥

(৪৫)···ছিত্ত্বা পঞ্চাশতেষূংশ্চ পার্ষতং প্রতি সৃষ্টবান্—নি।

CENTRAL LIBRARY

তান্ শরান্ শরবর্ষেণ চিচ্ছেদ স মহারথঃ।
দ্রোণো দ্রুপদপুত্রায় প্রাহিণোৎ পঞ্চ সায়কান্ ॥৪৭॥
ততঃ ক্রুদ্ধো মহারাজ! পার্ষতঃ পরবীরহা।
দ্রোণায় চিক্ষেপ গদাং যমদণ্ডোপমাং রণে ॥৪৮॥
তামাপতন্তীং সহসা হেমপট্টবিভূষিতাম্।
শরৈঃ পঞ্চাশতা দ্রোণো বারয়ামাস সংযুগে ॥৪৯॥
সা চ্ছিন্না বহুধা রাজন্! দ্রোণচাপচ্যুতৈঃ শরৈঃ।
চূর্ণীকৃতা বিশীর্য্যন্তী পপাত বসুধাতলে ॥৫০॥
গদাং বিনিহতাং দৃষ্ট্বা পার্ষতঃ শত্রুতাপনঃ।
দ্রোণায় শক্তিং চিক্ষেপ সর্বপারশবীং শুভাম্ ॥৫১॥
তাং দ্রোণো নবভির্বাণৈশ্চিচ্ছেদ যুধি ভারত!।
পার্ষতঞ্চ মহেষ্বাসং পীড়য়ামাস সংযুগে ॥৫২॥

ভারতকৌমুদী

তানিতি। দ্রুপদপুত্রায় ধৃষ্টদ্যুম্নায়, প্রাহিণোৎ প্রৈরয়ৎ ॥৪৭॥
তত ইতি। পরবীরহা বিপক্ষবীরহন্তা ॥৪৮॥
তামিতি। আপতন্তীমাগচ্ছন্তীম্, হেম্নঃ স্বর্ণস্য পট্টেন বিভূষিতাম্ ॥৪৯॥
সেতি। চূর্ণীকৃতা খণ্ডখণ্ডীকৃতা, বিশীর্য্যন্তী বিশীর্য্যমাণা বিনষ্টস্বরূপা ॥৫০॥
গদামিতি। সর্বপারশবীং সর্বেষ্ববয়বেষু লৌহময়ীম্, শুভাং ক্ষেপ্তুঃ শুভকরীম্ ॥৫১॥
তামিতি। চিচ্ছেদ পরাবর্ত্তনেন ব্যর্থীচকার ॥৫২॥

পরে মহারথ দ্রোণ বাণবর্ষণদ্বারা সেই বাণগুলিকে ছেদন করিলেন এবং ধৃষ্টদ্যুম্নের দিকে পাঁচটা বাণ ক্ষেপ করিলেন ॥৪৭॥

মহারাজ! তাহার পর বিপক্ষবীরহন্তা ধৃষ্টদ্যুম্ন ক্রুদ্ধ হইয়া দ্রোণের প্রতি একটা যমদণ্ডের তুল্য গদা নিক্ষেপ করিলেন ॥৪৮॥

স্বর্ণপট্টভূষিত সেই গদাটা আসিতে লাগিলে, দ্রোণ তৎক্ষণাৎ পঞ্চাশটা বাণদ্বারা সেটাকে বারণ করিলেন ॥৪৯॥

রাজা! সেই গদাটা দ্রোণের কার্ম্মুকনির্গত বাণে বহুভাবে ছিন্ন, খণ্ডখণ্ডীকৃত ও বিনষ্ট হইয়া ভূতলে পতিত হইল ॥৫০॥

তখন গদাটাকে প্রতিহত দেখিয়া শত্রুতাপন ধৃষ্টদ্যুম্ন দ্রোণের প্রতি একটা লৌহময়ী শক্তি নিক্ষেপ করিলেন ॥৫১॥

(৪৭) তান্ শরান্ শরঘাতেন···বা রা নি।

এবমেতন্মহাযুদ্ধং দ্রোণপার্ষতয়োরভূৎ।
ভীষ্মং প্রতি মহারাজ! ঘোররূপং ভয়ানকম্ ॥৫৩॥
অর্জ্জুনঃ প্রাপ্য গাঙ্গেয়ং পীড়য়ন্ নিশিতৈঃ শরৈঃ।
অভ্যদ্রবত সংযত্তো বনে মত্তমিব দ্বিপম্ ॥৫৪॥
প্রত্যুদ্যযৌ চ তং রাজা ভগদত্তঃ প্রতাপবান্।
ত্রিধা ভিন্নেন নাগেন মদান্ধেন মহাবলঃ ॥৫৫॥
তমাপতন্তং সহসা মহেন্দ্রগজসন্নিভম্।
পরং যত্নং সমাস্থায় বীভৎসুঃ প্রত্যপদ্যত ॥৫৬॥
ততো গজগতো রাজা ভগদত্তঃ প্রতাপবান্।
অর্জ্জুনং শরবর্ষেণ বারয়ামাস সংযুগে ॥৫৭॥

ভারতকৌমুদী

এবমিতি। ভীষ্মং প্রতি ভীষ্মবিষয়ে ভীষ্মস্য রক্ষণায় বধায় চেত্যর্থঃ ॥৫৩॥
অর্জ্জুন ইতি। গাঙ্গেয়ং ভীষ্মম্। অভ্যদ্রবত অভ্যধাবৎ, সংযত্তো মহাযত্নশীলঃ ॥৫৪॥
প্রতীতি। ত্রিধা ভিন্নেন মুখনাসিকাদ্বয়য়োর্মদস্রাবিণা, নাগেন হস্তিনা ॥৫৫॥
তমিতি। সমাস্থায় আশ্রিত্য, বীভৎসুরর্জ্জুনঃ, প্রত্যপদ্যত প্রাপ্নোৎ ॥৫৬॥
তত ইতি। গজগতো নিজমহাহস্ত্যারূঢ়ঃ ॥৫৭॥

ভরতনন্দন! তৎক্ষণাৎ দ্রোণ নয়টা বাণদ্বারা যুদ্ধে সেই শক্তিটাকে ছেদন করিলেন এবং মহাধনুর্দ্ধর ধৃষ্টদ্যুম্নকেও পীড়ন করিলেন ॥৫২॥

মহারাজ! এইভাবে ভীষ্মের জন্য দ্রোণ ও ধৃষ্টদ্যুম্নের অতিভয়ঙ্কর মহাযুদ্ধ হইতে লাগিল ॥৫৩॥

ক্রমে অর্জ্জুন ভীষ্মকে দেখিয়া যত্নবান্ হইয়া তীক্ষ্ণ বাণদ্বারা পীড়ন করিতে থাকিয়া—বনে মত্তহস্তী যেমন অপর মত্তহস্তীর প্রতি ধাবিত হয়, সেইরূপ ভীষ্মের প্রতি ধাবিত হইলেন ॥৫৪॥

তখন প্রতাপশালী ও মহাবল ভগদত্তরাজা তিন স্থান হইতে মদস্রাবী ও মদান্ধ হস্তীতে আরোহণ করিয়া অর্জ্জুনের প্রত্যুদ্গমন করিলেন ॥৫৫॥

ইন্দ্রহস্তীর তুল্য সেই হস্তীটা বেগে আসিতে লাগিলে, অর্জুন বিশেষ যত্ন অবলম্বন করিয়া সেটাকে গ্রহণ করিলেন ॥৫৬॥

তাহার পর প্রতাপশালী গজারূঢ় রাজা ভগদত্ত বাণবর্ষণদ্বারা যুদ্ধে অর্জুনকে বারণ করিতে লাগিলেন ॥৫৭॥

(৫৩)···এবমেতন্মহদ্যুদ্ধম্···পি।

CENTRAL LIBRARY

অর্জ্জুনস্তু ততো নাগমায়ান্তং রজতোপমৈঃ।
বিমলৈরায়সৈস্তীক্ষ্ণৈরবিধ্যত মহারণে ॥৫৮॥
শিখণ্ডিনঞ্চ কৌন্তেয়ো যাহি যাহীত্যচোদয়ৎ।
ভীষ্মং প্রতি মহারাজ! জহ্যেনমিতি চাব্রবীৎ ॥৫৯॥
প্রাগ্‌জ্যোতিষস্ততো হিত্বা পাণ্ডবং পাণ্ডুপূর্ব্বজ!।
প্রযযৌ ত্বরিতো রাজন্! দ্রুপদস্য রথং প্রতি ॥৬০॥
ততোঽর্জ্জুনো মহারাজ! ভীষ্মমভ্যদ্রবদ্‌দ্রুতম্।
শিখণ্ডিনং পুরস্কৃত্য ততো যুদ্ধমবর্ত্তত ॥৬১॥
ততস্তে তাবকাঃ শূরাঃ পাণ্ডবং রভসং যুধি।
সমভ্যধাবন্ ক্রোশন্তস্তদদ্ভুতমিবাভবৎ ॥৬২॥
নানাবিধান্যনীকানি পুত্রাণাং তে জনাধিপ!।
অর্জ্জুনো ব্যধমৎ কালে দিবীবাভ্রাণি মারুতঃ ॥৬৩॥

ভারতকৌমুদী

অর্জ্জুন ইতি। নাগং ভগদত্তহস্তিনম্। আয়সৈর্লৌহময়ৈঃ শরৈঃ ॥৫৮॥
শিখণ্ডিনমিতি। কৌন্তেয়ঃ অর্জ্জুনঃ। অচোদয়ৎ প্রৈরয়ৎ ॥৫৯॥
প্রাগিতি। হিত্বা দ্রুপদস্য সাটোপাগমনাৎ ত্যক্ত্বা, পাণ্ডবমর্জ্জুনম্ ॥৬০॥
তত ইতি। অভ্যদ্রবৎ অভ্যধাবৎ। পুরস্কৃত্য অগ্রবর্ত্তীকৃত্য ॥৬১॥
তত ইতি। পাণ্ডবমর্জ্জুনম্, রভসং বেগবন্তম্। ক্রোশন্তো মারয়েত্যুচ্চৈর্বদন্তঃ ॥৬২॥

তৎপরে ভগদত্তের সেই হাতীটা আসিতে লাগিলে, অর্জুন রৌপ্যের ন্যায় নির্ম্মল ও তীক্ষ্ণ লৌহময় বাণসমূহদ্বারা সেটাকে তাড়ন করিতে থাকিলেন ॥৫৮॥

মহারাজ! ক্রমে অর্জুন শিখণ্ডীকে 'ভীষ্মের দিকে যান যান' এইরূপে প্রেরণ করিতে লাগিলেন এবং 'ইহাকে বধ করুন' এই কথা বলিলেন ॥৫৯॥

পাণ্ডুপূর্ব্বজ রাজা! তদনন্তর ভগদত্ত অর্জুনকে পরিত্যাগ করিয়া ত্বরান্বিত হইয়া দ্রুপদরাজার রথের দিকে গমন করিলেন ॥৬০॥

মহারাজ! তাহার পর অর্জুন শিখণ্ডীকে অগ্রবর্ত্তী করিয়া ভীষ্মের দিকে সত্বর যাইতে লাগিলেন; তৎপরে যুদ্ধ লাগিয়া গেল ॥৬১॥

তদনন্তর আপনার পক্ষের সেই বীরেরা মার মার-শব্দে বেগবান্ অর্জুনের দিকে ধাবিত হইলেন। সেটা যেন আশ্চর্য্য বলিয়া বোধ হইল ॥৬২॥

নরনাথ! তখন বর্ষাকালে বায়ু যেমন আকাশে মেঘসমূহকে অপসারিত করে, সেইরূপ অর্জুন আপনার পুত্রগণের নানাবিধ সৈন্যগণকে অপসারিত করিলেন ॥৬৩॥

শিখণ্ডী তু সমাসাদ্য ভরতানাং পিতামহম্।
ইষুভিস্তূর্ণমব্যগ্রো বহুভিঃ স সমাচিনোৎ ॥৬৪॥
রথাগ্ন্যগারশ্চাপার্চ্চিরসিশক্তিগদেন্ধনঃ।
শরসংঘমহাজ্বালঃ ক্ষত্রিয়ান্ সমরেঽদহৎ ॥৬৫॥
যথাগ্নিঃ সুমহানিদ্ধঃ কক্ষে চরতি সানিলঃ।
তথা জজ্বাল ভীষ্মোঽপি দিব্যান্যস্ত্রাণ্যুদীরয়ন্ ॥৬৬॥
সোমকাংশ্চ রণে ভীষ্মো জঘ্নে পার্থপদানুগান্।
ন্যবারয়ত তৎ সৈন্যং পাণ্ডবস্য মহারথঃ ॥৬৭॥
সুবর্ণপুঙ্খৈরিষুভিঃ শিতৈঃ সন্নতপর্ব্বভিঃ।
নাদয়ন্ স দিশো ভীষ্মঃ প্রদিশশ্চ মহাহবে ॥৬৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নানেতি। ব্যধমৎ অপাসারয়ৎ, কালে বর্ষাসু, দিবি গগনে, অভ্রাণি মেঘান্ ॥৬৩॥

শিখণ্ডীতি। অব্যগ্রঃ অর্জ্জুনেন রক্ষণাদনাকুলঃ। সমাচিনোৎ ব্যাপ্নোৎ ॥৬৪॥

রথেতি। রথ এব অগ্ন্যগারঃ অগ্নিগৃহং যস্য সঃ, চাপো ধনুরেব অর্চ্চিঃ শিখা যস্য সঃ, পরেষাম্ অসিশক্তিগদা এব ইন্ধনানি কাষ্ঠানি যস্য সঃ, স্বকীয়ঃ শরসংঘ এব মহাজ্বালা যস্য স তাদৃশশ্চার্জ্জুনঃ, সমরে, তৃণরূপান্ ক্ষত্রিয়ানদহদিত্যেকদেশবিবর্ত্তিরূপকমলঙ্কারঃ ॥৬৫॥

যথেতি। ইদ্ধঃ প্রজ্বলিতঃ, কক্ষে তৃণরাশৌ, সানিলঃ বায়ুসহিতঃ ॥৬৬॥

সোমকানিতি। পার্থপদানুগান্ অর্জ্জুনানুচরান্। প্রদিশো বিদিশঃ ॥৬৭—৬৮॥

ক্রমে শিখণ্ডী ভীষ্মের নিকটে উপস্থিত হইয়া ধীর-স্থির থাকিয়া বহুতর বাণদ্বারা সত্বর ভীষ্মকে আবৃত করিলেন ॥৬৪॥

রথ যাঁহার অগ্নিগৃহ, ধনু যাঁহার শিখা, বিপক্ষের তরবারি, শক্তি ও গদা যাঁহার কাষ্ঠ এবং নিজের শরসমূহ যাঁহার মহাপ্রজ্বলন, সেই অর্জ্জুনরূপ অগ্নি যুদ্ধে ক্ষত্রিয়রূপ তৃণসমূহ দগ্ধ করিতে লাগিলেন ॥৬৫॥

আবার প্রদীপ্ত বিশাল অগ্নি যেমন বায়ুর সহিত মিলিত হইয়া তৃণসমূহমধ্যে জ্বলিতে থাকে, সেইরূপ ভীষ্মও দিব্য অস্ত্র সকল নিক্ষেপ করতঃ জ্বলিতে থাকিলেন ॥৬৬॥

ক্রমে মহারথ ভীষ্ম মহাযুদ্ধে দিক্ ও বিদিক্ নিনাদিত করিতে থাকিয়া স্বর্ণপুঙ্খ, তীক্ষ্ণ ও নতপর্ব্ব বাণসমূহদ্বারা অর্জ্জুনের অনুচর সোমকদিগকে বধ করিতে লাগিলেন এবং অর্জ্জুনের সেই সৈন্যদিগকে নিবারণ করিলেন ॥৬৭—৬৮॥

(৬৮)··· প্রদিশশ্চ মহাবলঃ—পি।

CENTRAL LIBRARY

পাতয়ন্ রথিনো রাজন্ ! হয়াংশ্চ সহ সাদিভিঃ।
মুণ্ডতালবনানীব চকার স রথব্রজান্ ॥৬৯॥
নির্মনুষ্যান্ রথান্ রাজন্ ! গজানশ্বাংশ্চ সংযুগে।
চকার সমরে ভীষ্মঃ সর্বশস্ত্রভৃতাং বরঃ ॥৭০॥
তস্য জ্যাতলনির্ঘোষং বিস্ফূর্জিতমিবাশনেঃ।
নিশম্য সর্বতো রাজন্ ! সমকম্পন্ত সৈনিকাঃ ॥৭১॥
অমোঘা ন্যপতন্ বাণাঃ পিতুস্তে মনুজেশ্বর ! ।
নাসজ্জন্ত শরীরেষু ভীষ্মচাপচ্যুতাঃ শরাঃ ॥৭২॥
নির্মনুষ্যান্ রথান্ রাজন্ ! সুযুক্তান্ জবনৈর্হয়ৈঃ।
বাতায়মানানদ্রাক্ষং হ্রিয়মাণান্ বিশাংপতে ! ॥৭৩॥
চেদিকাশিকরূষাণাং সহস্রাণি চতুর্দশ।
মহারথাঃ সমাখ্যাতাঃ কুলপুত্রাস্তনুত্যজঃ ॥৭৪॥

ভারতকৌমুদী

পাতয়ন্নিতি। মুণ্ডানি তালানি ফলানীব তেষাং বনানি। রথানাং ব্রজান্ সমূহান্ ॥৬৯॥
নিরিতি। নির্মনুষ্যান্ রথিসারথ্যাদিসর্বমনুষ্যহননেনেত্যাশয়ঃ ॥৭০॥
তস্যেতি। জ্যাতলয়োর্ধনুর্গুণহস্তাবাপয়োর্নির্ঘোষম্, বিস্ফূর্জিতং বিশালধ্বনিম্ ॥৭১॥
অমোঘা ইতি। অমোঘা অব্যর্থাঃ। নাসজ্জন্ত লগিত্বা নাতিষ্ঠন্ত ॥৭২॥
নিরিতি। জবনৈর্বেগবদ্ভিঃ। বাতায়মানান্ বাতবদ্দ্রুতং গচ্ছতঃ ॥৭৩॥

রাজা ! তিনি রথীদিগকে ও আরোহীদের সহিত অশ্বগুলিকে নিপাত করিতে থাকিয়া তালবন হইতে তালফলের ন্যায় রথ হইতে রথীদের মস্তক সকল নিপাতিত করিতে থাকিলেন ॥৬৯॥

রাজা ! সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ ভীষ্ম যুদ্ধে ক্রমে হস্তী, অশ্ব ও রথগুলিকে একেবারে মনুষ্যবিহীন করিতে লাগিলেন ॥৭০॥

রাজা ! সকল দিকের সৈন্যেরাই বজ্রপাতধ্বনির ন্যায় ভীষ্মের ধনুর গুণ ও হস্তাবাপের ধ্বনি শুনিয়া কম্পিত হইতে লাগিল ॥৭১॥

নরনাথ ! আপনার জ্যেষ্ঠতাত ভীষ্মের বাণ সকল অব্যর্থভাবে বিপক্ষসৈন্যের উপরে পতিত হইতে থাকিল এবং ভীষ্মের কার্ম্মুকনির্গত বাণগুলি কাহারও শরীরে লাগিয়া থাকিল না, (কিন্তু তাহা ভেদ করিয়া যাইতে লাগিল) ॥৭২॥

নরনাথ রাজা ! বেগশালি-ঘোটকচালিত মনুষ্যবিহীন রথগুলিকে বায়ুর ন্যায় দ্রুত গমন করিতে দেখিলাম ॥৭৩॥

(৬৯)…হয়াংশ্চ হয়সাদিভিঃ…পি। (৭৩)…হ্রিয়মাণান্ বিশাংপতে !—নি।

অপরাবর্ত্তিনঃ শূরাঃ সুবর্ণবিকৃতধ্বজাঃ।
সংগ্রামে ভীষ্মমাসাদ্য সবাজিরথকুঞ্জরাঃ ॥৭৫॥
জগ্মুস্তে পরলোকায় ব্যাদিতাস্যমিবান্তকম্।
ন তত্রাসীদ্রণে রাজন্! সোমকানাং মহারথঃ ॥৭৬॥
যঃ সংপ্রাপ্য রণে ভীষ্মং জীবিতে স্ম মনো দধে।
তাংশ্চ সর্বান্ রণে যোধান্ প্রেতরাজপুরং প্রতি ॥৭৭॥
নীতানমন্যন্ত জনা দৃষ্ট্বা ভীষ্মস্য বিক্রমম্।
ন কশ্চিদেনং সমরে প্রত্যুদ্যাতি মহারথঃ ॥৭৮॥
ঋতে পাণ্ডুসুতং বীরং শ্বেতাশ্বং কৃষ্ণসারথিম্।
শিখণ্ডিনঞ্চ সমরে পাঞ্চাল্যমমিতৌজসম্ ॥৭৯॥ (কুলকম্)
শিখণ্ডী তু রণে ভীষ্মমাসাদ্য পুরুষর্ষভম্।
দশভির্নিশিতৈর্বাণৈরাজঘান স্তনান্তরে ॥৮০॥

ভারতকৌমুদী

চেদীতি। কুলপুত্রাঃ সদ্বংশজাতাঃ, তনুত্যজো দেহত্যাগোদ্যতাঃ। সুবর্ণবিকৃতধ্বজাঃ স্বর্ণশোভিতকেতবঃ। ব্যাদিতাস্যং প্রকটিতবদনম্। জীবিতে নিজজীবনে, স্মশব্দঃ পাদপূরণে। প্রেতরাজপুরং যমালয়ম্। প্রত্যুদ্যাতি প্রতিগন্তুং শক্নোতি স্ম। ঋতে বিনা। শ্বেতাশ্বমর্জ্জুনম্ ॥৭৪—৭৯॥

সদ্বংশজাত, দেহত্যাগে উদ্যত, অপ্রত্যাবর্ত্তী, বীর, স্বর্ণশোভিতধ্বজ এবং মহারথ বলিয়া বিখ্যাত চেদি, কাশী ও করূষদেশীয় চতুর্দ্দশসহস্র যোদ্ধা হস্তী, অশ্ব ও রথের সহিত সমরাঙ্গনে বিবৃতবদন-যমতুল্য ভীষ্মের নিকটে উপস্থিত হইয়া পরলোকে গমন করিলেন। আর রাজা! সেই যুদ্ধে সোমকদিগের মধ্যে এমন কোন মহারথ ছিলেন না, যিনি যুদ্ধে ভীষ্মের নিকটে উপস্থিত হইয়া জীবনের আশা করিতে পারিতেছিলেন। ক্রমে তত্রত্য লোকেরা ভীষ্মের পরাক্রম দেখিয়া এইরূপ মনে করিতে লাগিল যে, ভীষ্ম সেই সমস্ত যোদ্ধাকেই যমালয়ে প্রেরণ করিলেন। এবং কৃষ্ণসারথি পাণ্ডুনন্দন বীর অর্জ্জুন ও অমিততেজা পাঞ্চালরাজপুত্র শিখণ্ডী ব্যতীত অন্য কোন মহারথই যুদ্ধে ভীষ্মের সম্মুখে গমন করিতে সমর্থ হইলেন না ॥৭৪—৭৯॥

(৭৮)···ভীষ্মস্য চেষ্টিতম্···পি। (৭৯) ইতঃ পরম্'···সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' বা, '···ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' রা নি। (৮০)···দশভির্নিশিতৈর্ভল্লৈঃ···বা রা নি।

CENTRAL LIBRARY

শিখণ্ডিনন্তু গাঙ্গেয়ঃ ক্রোধদীপ্তেন চক্ষুষা।
সংপ্রৈক্ষত কটাক্ষেণ নির্দহন্নিব ভারত ! ॥৮১॥
স্ত্রীত্বং তস্য স্মরন্ রাজন্ ! সর্বলোকস্য পশ্যতঃ।
নাজঘান রণে ভীষ্মঃ স চ তন্নাববুদ্ধবান্ ॥৮২॥
অর্জ্জুনস্তু মহারাজ ! শিখণ্ডিনমভাষত।
অভিত্বরস্বাস্য বধে শিখণ্ডিন্ ! রথসত্তম ! ॥৮৩॥
কিং তে বিবক্ষয়া বীর ! জহি ভীষ্মং মহারথম্।
ন হ্যন্যমনুপশ্যামি কঞ্চিদ্‌যৌধিষ্ঠিরে বলে ॥৮৪॥
যঃ শক্তঃ সমরে ভীষ্মং প্রতিযোদ্ধুমিহাহবে।
ঋতে ত্বাং পুরুষব্যাঘ্র ! সত্যমেতদ্‌ব্রবীমি তে ॥৮৫॥

ভারতকৌমুদী

শিখণ্ডীতি। স্তনয়োরন্তরে মধ্যে বক্ষসি ॥৮০॥
শিখণ্ডিনমিতি। গাঙ্গেয়ো ভীষ্মঃ। সংপ্রৈক্ষত অপশ্যৎ ॥৮১॥
স্ত্রীত্বমিতি। স্ত্রীত্বং ভূতপূর্ব্বম্। স শিখণ্ডী, তৎ স্ত্রীত্বেন বর্জনম্ ॥৮২॥
অর্জ্জুন ইতি। অভিত্বরস্ব সর্ব্বতো ভাবেন ত্বরাং কুরু ॥৮৩॥
কিমিতি। বিবক্ষয়া বিষয়বিশেষকথনেচ্ছয়া। অন্যং ত্বাং বিনা, কঞ্চিদ্ভীষ্মহন্তারম্ ॥৮৪॥

শিখণ্ডী যুদ্ধে পুরুষশ্রেষ্ঠ ভীষ্মকে পাইয়া দশটা সুতীক্ষ্ণ বাণদ্বারা তাঁহার বক্ষস্থলে আঘাত করিলেন ॥৮০॥

ভরতনন্দন ! তখন ভীষ্ম ক্রোধজ্বলিত নেত্রে কটাক্ষদ্বারা দগ্ধ করতই যেন শিখণ্ডীর প্রতি দৃষ্টিপাত করিলেন ॥৮১॥

কিন্তু রাজা ! ভীষ্ম শিখণ্ডীর ভূতপূর্ব স্ত্রীত্ব স্মরণ করিয়া সমস্ত লোকের সমক্ষে তাঁহাকে আঘাত করিলেন না। কিন্তু শিখণ্ডী তাহা বুঝিতে পারিলেন না ॥৮২॥

মহারাজ ! তাহার পর অর্জুন শিখণ্ডীকে বলিলেন—'রথিশ্রেষ্ঠ শিখণ্ডী ! আপনি সর্বতোভাবে ভীষ্মবধে ত্বরা করুন ॥৮৩॥

বীর ! আপনার কোন বিষয় বলিবার প্রয়োজন নাই, আপনি মহারথ ভীষ্মকে বধ করুন। কারণ, ধর্ম্মরাজের সৈন্যমধ্যে আপনি ভিন্ন অন্য কাহাকেও আমি ভীষ্মহন্তা বলিয়া দেখিতেছি না ॥৮৪॥

(৮৩)…অভিদ্রবস্ব ত্বরিতং জহি চৈনং পিতামহম্—পি বা রা। (৮৫)…ভীষ্মং যোধয়েত পিতামহম্…নি।

এবমুক্তস্তু পার্থেন শিখণ্ডী ভরতর্ষভ ! ।
শরৈর্নানাবিধৈস্তূর্ণং পিতামহমবাকিরৎ ॥৮৬॥
অচিন্তয়িত্বা তান্ বাণান্ পিতা দেবব্রতস্তব ।
অর্জ্জুনং সমরে ক্রুদ্ধং বারয়ামাস সায়কৈঃ ॥৮৭॥
তথৈব চ চমূং সর্বাং পাণ্ডবানাং মহারথঃ ।
সংপ্রৈষীৎ স শরৈস্তীক্ষ্ণৈঃ পরলোকায় মারিষ ! ॥৮৮॥
তথৈব পাণ্ডবা রাজন্ ! সৈন্যেন মহতা বৃতাঃ ।
ভীষ্মং সংছাদয়ামাসুর্মেঘা ইব দিবাকরম্ ॥৮৯॥
স সমন্তাৎ পরিবৃতো ভারতো ভরতর্ষভ ! ।
নির্দদাহ রণে শূরান্ বনে বহ্নিরিব জ্বলন্ ॥৯০॥

ভারতকৌমুদী

য ইতি। আহূয়তে অস্মিন্নিত্যাহব আহ্বানযুক্তঃ সমরস্তস্মিন্নিত্যপুনরুক্তিঃ ॥৮৫॥
এবমিতি। পার্থেনার্জ্জুনেন। অবাকিরৎ আহতবান্ ॥৮৬॥
অচিন্তয়িত্বেতি। অচিন্তয়িত্বা শিখণ্ডিনো দুর্ব্বলতয়া অদৃঢ়াঘাতাদিত্যাশয়ঃ ॥৮৭॥
তথেতি। সর্ব্বাং চমূং সর্ববিধচমূস্থিতান্ কিয়তঃ কিয়তঃ সৈন্যান্ ॥৮৮॥
তথেতি। সংছাদয়ামাসুঃ শরৈরিতি শেষঃ ॥৮৯॥
স ইতি। সমন্তাৎ সর্বাসু দিক্ষু, ভারতো ভীষ্মঃ ॥৯০॥

পুরুষশ্রেষ্ঠ ! আপনি ভিন্ন যিনি সমরাঙ্গনে ভীষ্মের সহিত যুদ্ধ করিতে সমর্থ হন। ইহা আমি আপনার নিকট সত্য বলিতেছি' ॥৮৫॥

ভরতশ্রেষ্ঠ ! অর্জ্জুন এইরূপ বলিলে, শিখণ্ডী সত্বর নানাবিধ বাণদ্বারা ভীষ্মকে আঘাত করিতে লাগিলেন ॥৮৬॥

কিন্তু আপনার জ্যেষ্ঠতাত ভীষ্ম সেই বাণগুলিকে অগ্রাহ্য করিয়া বাণদ্বারা যুদ্ধে ক্রুদ্ধ অর্জ্জুনকে বারণ করিতে থাকিলেন ॥৮৭॥

মাননীয় রাজা ! সেইরূপই মহারথ ভীষ্ম তীক্ষ্ণ বাণসমূহদ্বারা সর্ববিধ পাণ্ডবসেনার কিছু কিছু সৈন্যকে পরলোকে প্রেরণ করিলেন ॥৮৮॥

রাজা ! সেইরূপ পাণ্ডবেরাও বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া—মেঘ যেমন সূর্য্যকে আবৃত করে, তেমন বাণদ্বারা ভীষ্মকে আবৃত করিয়া ফেলিলেন ॥৮৯॥

ভরতশ্রেষ্ঠ ! তখন ভীষ্ম সকল দিকে বেষ্টিত হইয়াও বনে বহ্নির ন্যায় জ্বলিতে থাকিয়া যুদ্ধে বীরগণকে দগ্ধ করিতে লাগিলেন ॥৯০॥

(৮৬)…পিতামহমুপাদ্রবৎ—নি। (৮৮)…অপ্রৈষীৎ…বা রা নি। (৯০)…ভীষ্মো হি ভরতর্ষভ !…নি।

তত্রাদ্ভুতমপশ্যাম তব পুত্রস্য পৌরুষম্ ।
অযোধয়চ্চ যৎ পার্থং জুগোপ চ পিতামহম্ ॥৯১॥
কর্ম্মণা তেন সমরে তব পুত্রস্য ধন্বিনঃ ।
দুঃশাসনস্য তুতুষুঃ সর্বে লোকা মহাত্মনঃ ॥৯২॥
যদেকঃ সমরে পার্থান্ সানুগান্ সমযোধয়ৎ ।
ন চৈনং পাণ্ডবা যুদ্ধে বারয়ামাসুরুল্বণম্ ॥৯৩॥
দুঃশাসনেন সমরে রথিনো বিরথীকৃতাঃ ।
সাদিনশ্চ মহেষ্বাসা হস্তিনশ্চ মহাবলাঃ ॥৯৪॥
বিনির্ভিন্নাঃ শরৈস্তীক্ষ্ণৈর্নিপেতুর্বসুধাতলে ।
শরাতুরাস্তথৈবান্যে দন্তিনো বিদ্রুতা দিশঃ ॥৯৫॥

ভারতকৌমুদী

তত্রেতি। পুত্রস্য দুঃশাসনস্য পরত্র তথোক্তেঃ। পার্থমর্জুনম্, জুগোপ ররক্ষ ॥৯১॥
কর্ম্মণেতি। ধন্বিনঃ প্রশস্তধনুর্দ্ধরস্য। দুঃশাসনস্যোপরি ॥৯২॥
যদিতি। সানুগান্ অনুচরসহিতান্। উল্বণম্ উন্মত্তম্ ॥৯৩॥
দুঃশাসনেনেতি। সাদিনঃ অশ্বারোহিণঃ, মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ ॥৯৪॥
বিনিরিতি। শরাতুরা দন্তিনঃ। বিদ্রুতাঃ পলায়িতাঃ ॥৯৫॥

রাজা! তখন আমরা আপনার পুত্র দুঃশাসনের অদ্ভুত পুরুষকার দেখিলাম, যে হেতু তিনি অর্জুনের সহিত যুদ্ধও করিতে লাগিলেন এবং ভীষ্মকে রক্ষাও করিতে থাকিলেন ॥৯১॥

যুদ্ধে সেই কার্য্যদ্বারা আপনার পুত্র মহাধনুর্দ্ধর ও মহাত্মা দুঃশাসনের উপরে সমস্ত লোকই সন্তুষ্ট হইল ॥৯২॥

যে হেতু তিনি একাকী অনুচরবর্গের সহিত পাণ্ডবগণের সঙ্গে যুদ্ধ করিতে লাগিলেন। কিন্তু পাণ্ডবেরা যুদ্ধে উন্মত্তপ্রায় দুঃশাসনকে বারণ করিতে পারিলেন না ॥৯৩॥

দুঃশাসন যুদ্ধে রথীদিগকে বিরথ করিলেন এবং অশ্বারোহী, মহাধনুর্দ্ধর পদাতি ও মহাবল হস্তীগুলিকে বিমুখ করিলেন ॥৯৪॥

দুঃশাসনের তীক্ষ্ণ বাণে বিদীর্ণ হইয়া অনেক হস্তী ভূতলে পতিত হইতে লাগিল এবং অন্য হস্তীগুলি তাঁহার বাণে পীড়িত হইয়া নানাদিকে পলায়ন করিতে থাকিল ॥৯৫॥

(৯৩)···সার্জুনান্ সমযোধয়ৎ···পি।

যথাগ্নিরিন্ধনং প্রাপ্য জ্বলেদ্দীপ্তার্চ্চিরুল্বণম্।
তথা জজ্বাল পুত্রস্তে পাণ্ডুসেনাং বিনির্দ্দহন্ ॥৯৬॥
তং ভারতমহামাত্রং পাণ্ডবানাং মহারথঃ।
জেতুং নোৎসহতে কশ্চিন্নাভ্যুদ্‌যাতুং কথঞ্চন।
ঋতে মহেন্দ্রতনয়াচ্ছ্বেতাশ্বাৎ কৃষ্ণসারথেঃ ॥৯৭॥
স হি তং সমরে রাজন্! নির্জ্জিত্য বিজয়োঽর্জ্জুনঃ।
ভীষ্মমেবাভিদুদ্রাব সর্বসৈন্যস্য পশ্যতঃ ॥৯৮॥
বিজিতস্তব পুত্রোঽপি ভীষ্মবাহুব্যপাশ্রয়ঃ।
পুনঃ পুনঃ সমাশ্বস্য প্রাযুধ্যত মদোৎকটঃ।
অর্জ্জুনস্তু রণে রাজন্! যোধয়ন্ স ব্যরাজত ॥৯৯॥

ভারতকৌমুদী

যথেতি। ইন্ধনং কাষ্ঠম্। উল্বণং সাতিশয়ং যথা স্যাত্তথা ॥৯৬॥

তমিতি। ভারতেষু ভরতবংশীয়যোদ্ধৃষু মহামাত্রং প্রধানম্, "মহামাত্রঃ প্রধানে স্যাদারোহকসম্বন্ধয়োঃ" ইতি হেমচন্দ্রঃ। নোৎসহতে ন শক্নোতি স্ম। শ্বেতাশ্বাদর্জ্জুনাৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৯৭॥

স ইতি। হি যস্মাৎ। বিজয়ঃ সর্বদা বিজয়শীলঃ। অভিদুদ্রাব অভিদধাব ॥৯৮॥

বিজিত ইতি। ভীষ্মস্য বাহু এব ব্যপাশ্রয়ৌ অবলম্বনে যস্য সঃ। মদোৎকটো যুদ্ধমদমত্তঃ। ব্যরাজত বীরশ্রিয়া অশোভত। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৯৯॥

রাজা! অগ্নি যেমন কাষ্ঠ প্রাপ্ত হইয়া উজ্জ্বল শিখা ধারণ করিয়া অত্যন্ত জ্বলিতে থাকে, আপনার পুত্রও তেমন পাণ্ডবসৈন্য দগ্ধ করিতে থাকিয়া জ্বলিতে থাকিলেন ॥৯৬॥

একমাত্র ইন্দ্রপুত্র ও কৃষ্ণসারথি অর্জ্জুন ভিন্ন অন্য পাণ্ডবপক্ষীয় কোন মহারথই ভরতবংশমধ্যে প্রধান যোদ্ধা দুঃশাসনকে জয় করিতে পারিলেন না, কিংবা কোন প্রকারে তাঁহার সম্মুখে যাইতে সমর্থ হইলেন না ॥৯৭॥

রাজা! সর্বত্র বিজয়শীল অর্জ্জুন যুদ্ধে দুঃশাসনকে জয় করিয়া সমস্ত সৈন্যের সমক্ষে ভীষ্মের দিকেই ধাবিত হইলেন ॥৯৮॥

রাজা! আপনার পুত্র দুঃশাসনও বিজিত হইয়া ভীষ্মের বাহু অবলম্বন করিয়া বার বার আশ্বস্ত হইয়া মদমত্ত অবস্থায় যুদ্ধ করিতে লাগিলেন। আবার অর্জ্জুনও যুদ্ধ করিতে থাকিয়া বীরশোভায় শোভা পাইতে থাকিলেন ॥৯৯॥

(৯৯)···যোধয়ন্ সংব্যরাজত—রা নি।

শিখণ্ডী তু রণে রাজন্ ! বিব্যাধৈব পিতামহম্ ।
শরৈরশনিসঙ্কাশৈস্তথা সর্পবিষোপমৈঃ ॥১০০॥
ন চ তে স্ম রুজাং চক্রুঃ পিতুস্তব জনেশ্বর ! ।
স্ময়মানস্তু গাঙ্গেয়স্তান্ বাণান্ জগৃহে তদা ॥১০১॥
উষ্ণার্ত্তো হি নরো যদ্বজ্জলধারাঃ প্রতীচ্ছতি ।
তথা জগ্রাহ গাঙ্গেয়ঃ শরধারাঃ শিখণ্ডিনঃ ॥১০২॥
তং ক্ষত্রিয়া মহারাজ ! দদৃশুর্ঘোরমাহবে ।
ভীষ্মং দহন্তং সৈন্যানি পাণ্ডবানাং মহাত্মনাম্ ॥১০৩॥
ততোঽব্রবীত্তব সুতঃ সর্বসৈন্যানি মারিষ ! ।
অভিদ্রবত সংগ্রামে ফাল্গুনং সর্বতো রণে ॥১০৪॥
ভীষ্মো বঃ সমরে সর্বান্ পালয়িষ্যতি ধর্ম্মবিৎ ।
তদ্ভয়ং সুমহত্ত্যক্ত্বা পাণ্ডবান্ প্রতিযুধ্যত ॥১০৫॥

ভারতকৌমুদী

শিখণ্ডীতি। অশনিসঙ্কাশৈর্ব্বজ্রতুল্যৈঃ, সর্পবিষোপমৈঃ সর্পবিষাক্তশরসদৃশৈঃ ॥১০০॥
সারথিং বিশিখৈশ্চাস্য দশভিঃ সমকম্পয়ৎ ॥৫১॥

ভারতকৌমুদী

এবমিতি। অন্যৈর্ভীমাদিভিরপি। বধ্যমান আহন্যমানঃ ॥৪৭॥

তৈরিতি। মুক্তান্ নিক্ষিপ্তান্। সমং যুগপৎ, সন্নতপর্ব্বভিরীষদ্বক্রোপান্তৈঃ ॥৪৮॥

শিখণ্ডীতি। এবম্ভূতানামন্যেষামপি শ্লোকানাং পূর্ব্বমুক্তত্বেঽপি প্রসঙ্গভেদাদ্ভেদ ইতি ন দোষঃ, উত্তররামচরিতাদাবপি "অকিঞ্চিদপি কুর্ব্বাণঃ" ইত্যাদিশ্লোকস্য দ্বিরুক্তিবৎ ॥৪৯॥

তত ইতি। ভীষ্মমেব, ন পুনরন্যম্, তদ্দিনে তস্যৈব বধ্যতয়া লক্ষ্যত্বাৎ ॥৫০॥

অথেতি। পূর্ব্বং ধ্বজচ্ছেদেঽপি আরোপিতমন্যং ধ্বজমিত্যর্থঃ ॥৫১॥

এইভাবে অন্য সহস্র সহস্র যোদ্ধাও গুরুতরভাবে ভীষ্মকে আঘাত করিতে লাগিলেন। তখন ভীষ্মও শরদ্বারা সত্বর সত্বর তাঁহাদিগকে বিদ্ধ করিতে থাকিলেন ॥৪৭॥

এবং যথার্থপরাক্রমশালী ভীষ্ম নতপর্ব বাণসমূহদ্বারা একদা তাঁহাদের নিক্ষিপ্ত বাণ সকলও বারণ করিতে লাগিলেন ॥৪৮॥

ওদিকে মহারথ শিখণ্ডী যুদ্ধে যে সকল বাণ নিক্ষেপ করিতে লাগিলেন, স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত সেই বাণগুলি পড়িয়া ভীষ্মের পীড়া জন্মাইতে লাগিল না ॥৪৯॥

তদনন্তর অত্যন্তক্রুদ্ধ অর্জ্জুন শিখণ্ডীকে অগ্রবর্ত্তী করিয়া ভীষ্মের অভিমুখেই রহিলেন এবং তাঁহার ধনুখানাকে আবার কাটিয়া ফেলিলেন ॥৫০॥

তাহার পর তিনি নয়টা বাণদ্বারা ভীষ্মকে বিদ্ধ করিয়া একটা বাণদ্বারা

(৪৭)···বিধ্যমানঃ সহস্রশঃ···বা রা নি। (৪৮) তৈর্বিমুক্তান্···পি। (৫১) তথৈনম্··· একেন চিচ্ছিদে···বা, অথৈনম্···একেন চিচ্ছিদে···রা নি।

CENTRAL LIBRARY

সোঽন্যৎ কার্ম্মুকমাদায় গাঙ্গেয়ো বলবত্তরম্ ।
তদপ্যস্য শিতৈর্বাণৈস্ত্রিধা ত্রিভিরপাতয়ৎ ॥৫২॥
নিমেষার্দ্ধেন কৌন্তেয় আত্তমাত্তং মহারণে ।
এবমস্য ধনূংষ্যাজৌ চিচ্ছেদ সুবহূন্যুত ॥৫৩॥
ততঃ শান্তনবো ভীষ্মো বীভৎসুং নাত্যবর্ত্তত ।
অথৈনং পঞ্চবিংশত্যা ক্ষুদ্রকাণাং সমার্পয়ৎ ॥৫৪॥
সোঽতিবিদ্ধো মহেষ্বাসো দুঃশাসনমভাষত ।
এষ পার্থো রণে ক্রুদ্ধঃ পাণ্ডবানাং মহারথঃ ॥৫৫॥
শরৈরনেকসাহস্রৈর্মামেবাভ্যহনদ্রণে ।
ন চৈষ সমরে শক্যো জেতুং বজ্রভৃতা অপি ॥৫৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। বলবত্তরং সুদৃঢ়ম্। অপাতয়দর্জ্জুন এব ছিত্ত্বেতি শেষঃ ॥৫২॥
নিমেষেতি। কৌন্তেয়োঽর্জ্জুনঃ, আত্তমাত্তং ভীষ্মেণ গৃহীতং গৃহীতম্ ॥৫৩॥
তত ইতি। নাত্যবর্ত্তত অতিক্রমিতুং জেতুং নাশক্নোদিত্যর্থঃ ॥৫৪॥
স ইতি। পার্থোঽর্জ্জুনঃ। অভ্যহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ ॥৫৫—৫৬॥

পুনরায় তাঁহার ধ্বজটাকে ছেদন করিলেন এবং দশটা বাণদ্বারা উহার সারথিকে বিদ্ধ করিয়া বিচলিত করিলেন ॥৫১॥

তখন ভীষ্ম অন্য সুদৃঢ় ধনু লইয়া যুদ্ধ করিবার উপক্রম করিলে, অর্জ্জুন সুতীক্ষ্ণ তিনটা বাণদ্বারা সে ধনুখানাকেও তিন খণ্ডে কাটিয়া ফেলিলেন ॥৫২॥

ভীষ্ম মহাযুদ্ধে যেমন যেমন ধনু গ্রহণ করিতে লাগিলেন, অর্জ্জুন তেমন তেমন সে ধনু কাটিতে থাকিলেন। এইভাবে অর্জ্জুন ভীষ্মের বহুতর ধনু ছেদন করিলেন ॥৫৩॥

তখন শান্তনুনন্দন ভীষ্ম অর্জ্জুনকে আর অতিক্রম (জয়) করিতে পারিলেন না। তৎপরে অর্জ্জুন পঁচিশটা ক্ষুদ্রকবাণদ্বারা ভীষ্মকে পীড়ন করিলেন ॥৫৪॥

তখন মহাধনুর্দ্ধর ভীষ্ম অত্যন্তবিদ্ধ হইয়া দুঃশাসনকে বলিলেন—'পাণ্ডব-পক্ষের মহারথ এই অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া বহুসহস্র বাণদ্বারা যুদ্ধে আমাকেই তাড়ন করিতেছেন; কিন্তু স্বয়ং ইন্দ্রও যুদ্ধে উঁহাকে জয় করিতে সমর্থ হন না ॥৫৫—৫৬॥

(৫২)···শিতৈর্ভল্লৈঃ···ত্রিভিরঘাতয়ৎ—বা রা নি। (৫৩)···সুবহূন্যথ—রা নি। (৫৪)···বীভৎসুং নাত্যবর্ত্তত···পি বা। (৫৬)···অভ্যপতদ্রণে—নি।

ন চাপি সহিতা বীরা দেবদানবরাক্ষসাঃ।
মাঞ্চাপি শক্তা নির্জ্জেতুং কিমু মর্ত্ত্যা মহারণে ॥৫৭॥
এবং তয়োঃ সংবদতোঃ ফাল্গুনো নিশিতৈঃ শরৈঃ।
শিখণ্ডিনং পুরস্কৃত্য ভীষ্মং বিব্যাধ সংযুগে ॥৫৮॥
ততো দুঃশাসনং ভূয়ঃ স্ময়মান ইবাব্রবীৎ।
অতিবিদ্ধঃ শিতৈর্বাণৈর্ভৃশং গাণ্ডীবধন্বনা ॥৫৯॥
বজ্রাশনিসমস্পর্শা অর্জ্জুনেন শরা যুধি।
মুক্তাঃ সর্ব্বেঽব্যবচ্ছিন্না নেমে বাণাঃ শিখণ্ডিনঃ ॥৬০॥
নিকৃন্তমানা মর্ম্মাণি দৃঢ়াবরণভেদিনঃ।
মুষলা ইব মে ঘ্নন্তি নেমে বাণাঃ শিখণ্ডিনঃ ॥৬১॥

ভারতকৌমুদী

নেতি। সহিতা মিলিতাঃ। মর্ত্ত্যা মানবাঃ ॥৫৭॥

এবমিতি। তয়োর্ভীষ্মদুঃশাসনয়োঃ, ফাল্গুনোঽর্জ্জুনঃ ॥৫৮॥

তত ইতি। ভূয়ঃ পুনঃ, স্ময়মান ঈষদ্ধসন্। শিতৈঃ শিলাশাণিতৈঃ ॥৫৯॥

বজ্রেতি। বজ্রঃ কুলিশম্ অশনির্বিদ্যুচ্চ তয়োঃ সমঃ স্পর্শো যেষাং তে। অব্যবচ্ছিন্না অবিশ্লিষ্টাঃ। ইমে বাণাঃ শিখণ্ডিনো ন, তস্য দুর্ব্বলতয়া ঈদৃশদৃঢ়প্রহারাসম্ভবাৎ। এবং সর্ব্বত্র। দুঃশাসনস্তু বিপক্ষনিবারণব্যাপৃততয়া নোত্তরমদাদিতি বোধ্যম্ ॥৬০॥

নিকৃন্তেতি। নিকৃন্তমানাশ্ছিন্দন্তঃ, দৃঢ়াবরণভেদিনো দৃঢ়বর্ম্মবিদারিণঃ ॥৬১॥

বীর দেব, দানব এবং রাক্ষসেরা মিলিত হইয়াও অর্জ্জুনকে বা আমাকে মহাযুদ্ধে জয় করিতে পারেন না; তাহাতে মানুষের কথা আর কি বলিব' ॥৫৭॥

ভীষ্ম ও দুঃশাসনের নিকট এইরূপ বলিতেছিলেন; এমন সময়ে অর্জ্জুন শিখণ্ডীকে অগ্রবর্ত্তী করিয়া তীক্ষ্ণবাণসমূহদ্বারা যুদ্ধে ভীষ্মকে বিদ্ধ করিতে লাগিলেন ॥৫৮॥

তখন অর্জ্জুনকর্ত্তৃক তীক্ষ্ণবাণসমূহদ্বারা অত্যন্তবিদ্ধ হইয়া ভীষ্ম ঈষৎ হাস্য করিতে করিতেই যেন পুনরায় দুঃশাসনকে বলিলেন—॥৫৯॥

'বজ্র ও বিদ্যুতের সমানস্পর্শ এবং পরস্পর সংলগ্ন এই সকল বাণ অর্জ্জুনই নিক্ষেপ করিতেছেন; কিন্তু এ সকল বাণ শিখণ্ডীর নহে ॥৬০॥

আমার মর্ম্মচ্ছেদনকারী ও দৃঢ়বর্ম্মভেদী এই সকল বাণ মুষলের ন্যায় আঘাত করিতেছে; সুতরাং এ বাণগুলি শিখণ্ডীর নহে ॥৬১॥

(৫৭)···কিমু মর্ত্ত্যা মহারথাঃ—বা রা নি। (৫৯) ততো দুঃশাসনং ভীষ্মঃ···অর্দ্দিতো নিশিতৈর্বাণৈঃ···নি।

CENTRAL LIBRARY

বজ্রদণ্ডসমস্পর্শা বজ্রবেগদুরাসদাঃ।
মম প্রাণানারুজন্তি নেমে বাণাঃ শিখণ্ডিনঃ ॥৬২॥
নাশয়ন্তীব মে প্রাণান্ যমদূতা ইবাগতাঃ।
গদাপরিঘসংস্পর্শা নেমে বাণাঃ শিখণ্ডিনঃ ॥৬৩॥
ভুজগা ইব সংক্রুদ্ধা লেলিহানা বিষোল্বণাঃ।
সমাবিশন্তি মর্ম্মাণি নেমে বাণাঃ শিখণ্ডিনঃ ॥৬৪॥
অর্জ্জুনস্য ইমে বাণা নেমে বাণাঃ শিখণ্ডিনঃ।
কৃন্তন্তি মম গাত্রাণি মাঘমাসে গবা ইব ॥৬৫॥
সর্বে হ্যপি ন মে দুঃখং কুর্য্যুরন্যে নরাধিপাঃ।
বীরং গাণ্ডীবধন্বানমৃতে জিষ্ণুং কপিধ্বজম্ ॥৬৬॥

ভারতকৌমুদী

বজ্রেতি। আরুজন্তি পীড়য়ন্তি ॥৬২॥

নাশয়ন্তীতি। গদাপরিঘয়োরিব সংস্পর্শো যেষাং তে ॥৬৩॥

ভুজগা ইতি। ভুজগা ইব বাণাঃ, লেলিহানা রসনাং বহিষ্কৃত্য পুনঃ পুনর্বায়ুমাস্বদমানাঃ ॥৬৪॥

অর্জ্জুনস্যেতি। কৃন্তন্তি ছিন্দন্তি পীড়য়ন্তি চ। মাঘমাসে প্রবলশীতে, গবাঃ শীতলানি জলানি, "গৌরুদকে দৃশি—" ইত্যাদি হেমচন্দ্রঃ। গাব এব গবাঃ, গবাঙ্কাদিবদকারবর্ণাগমে রূপম্ ॥৬৫॥

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১—৯॥ মর্ম্মাবরণং বর্ম্ম দেহচর্ম্ম বা ॥১০—২৫॥ আত্তমাত্তং গৃহীতং গৃহীতম্ ॥২৬—৩৬॥ ব্যবসিতং নিশ্চিতম্ ॥৩৭॥ নিধনে সমাপ্তৌ ॥৩৮—৩৯॥ মুনিতেজসা ব্যাসপ্রভাবেণ ॥৪০—৫৯॥ অব্যবচ্ছিন্নাঃ সন্ততাঃ ॥৬০—৬৪॥ "মাঘমা কর্কটী প্রোক্তা তদপত্যঙ্ক

বজ্রদণ্ডসমানস্পর্শ ও বজ্রবেগের ন্যায় দুর্দ্ধর্ষ এই বাণ সকল আমার প্রাণপর্য্যন্ত পীড়ন করিতেছে। অতএব এ বাণ সকল শিখণ্ডীর নহে ॥৬২॥

গদা ও পরিঘের ন্যায় দৃঢ়স্পর্শ ও যমদূতের ন্যায় আগত এই বাণগুলি যেন আমার প্রাণ বিনাশ করিতেছে। সুতরাং এ বাণগুলি শিখণ্ডীর নহে ॥৬৩॥

অত্যন্তক্রুদ্ধ, বার বার জিহ্বাবহিষ্কারী ও বিষমত্ত সর্পের ন্যায় এই বাণ সকল আমার মর্ম্মে আসিয়া প্রবেশ করিতেছে। সুতরাং এ বাণগুলি শিখণ্ডীর নহে ॥৬৪॥

এ বাণগুলি অর্জুনের, কিন্তু শিখণ্ডীর নহে। কারণ, মাঘমাসে (প্রবল শীতে) অত্যন্ত শীতল জল যেমন গাত্র পীড়ন করে, সেইরূপ এই বাণগুলি আমার গাত্র পীড়ন করিতেছে ॥৬৫॥

(৬৩)···যমদূতা ইবাহিতাঃ··পি বা। (৬৫)···মাঘমাং সেগবা ইব—বা রা নি।

ইতি ব্রুবন্ শান্তনবো দিধক্ষুরিব পাণ্ডবম্।
শক্তিং ভীষ্মঃ স পার্থায় ততশ্চিক্ষেপ ভারত! ॥৬৭॥
তামস্য বিশিখৈশ্ছিত্ত্বা ত্রিধা ত্রিভিরপাতয়ৎ।
পশ্যতাং কুরুবীরাণাং সর্বেষাং তত্র ভারত! ॥৬৮॥
চর্ম্মাথাদত্ত গাঙ্গেয়ো জাতরূপপরিষ্কৃতম্।
খড়্গং চান্যতরং প্রেপ্সুর্মৃত্যোরর্থে জয়ায় বা ॥৬৯॥
তস্য তচ্ছতধা চর্ম্ম ব্যধমৎ সায়কৈস্তথা।
রথাদনবরূঢ়স্য তদদ্ভুতমিবাভবৎ ॥৭০॥

ভারতকৌমুদী

সর্ব্ব ইতি। দুঃখং প্রহারেণ পীড়াম্। ঋতে বিনা, জিষ্ণুমর্জ্জুনম্ ॥৬৬॥

ইতীতি। দিধক্ষুর্দগ্ধুমিচ্ছুঃ, পাণ্ডবমর্জ্জুনম্। পার্থায় অর্জ্জুনং প্রতি ॥৬৭॥

তামিতি। বিশিখৈর্বাণৈঃ। অপাতয়দর্জ্জুন ইতি শেষঃ ॥৬৮॥

চর্ম্মেতি। অথ গাঙ্গেয়ো ভীষ্মঃ, মৃত্যোরর্থে জয়ায় বা, অনয়োরন্যতরং প্রেপ্সুঃ প্রাপ্তুমিচ্ছুঃ সন্, চর্ম্ম, জাতরূপপরিষ্কৃতং স্বর্ণশোভিতং খড়্গঞ্চ, আদত্ত অগৃহ্ণাৎ ॥৬৯॥

তস্যেতি। ব্যধমৎ ব্যনাশয়দচ্ছিনৎ। অনবরূঢ়স্য অনবতীর্ণস্যৈব ভীষ্মস্য ॥৭০॥

ভারতভাবদীপঃ

সেগবা।" যথা মাঘমাং কর্কটীং মাতরং সেগবাস্তদপত্যানি কৃন্তন্তি উদরস্থান্যপত্যানি পৃষ্ঠং বিদার্য্য বহির্নির্গচ্ছন্তি তদ্বদিত্যর্থঃ। তেন প্রাণাপহারিবেদনাজনকত্বং বাণানাং নেদং শিখণ্ডিবাণেষু সম্ভবতি তেষাং মদঙ্গে পুষ্পতুল্যত্বাৎ ॥৬৫—৬৮॥ অগ্রে তেষাং মৃত্যোরিতি চতুর্থ্যর্থে

গাণ্ডীবধনুর্দ্ধারী ও কপিধ্বজ একমাত্র বীর অর্জুন ব্যতীত অন্য রাজারা সকলেও আমার এরূপ পীড়া জন্মাইতে পারেন না' ॥৬৬॥

ভরতনন্দন! শান্তনুনন্দন ভীষ্ম এইরূপ বলিয়া তৎপরে অর্জুনকে যেন দগ্ধ করিবার ইচ্ছা করিয়া তাঁহার প্রতি একটা শক্তি নিক্ষেপ করিলেন ॥৬৭॥

ভরতনন্দন! তখন অর্জুন সমস্ত কুরুবীরগণের সমক্ষে তিনটা বাণদ্বারা ভীষ্মের সেই শক্তিটাকে তিন খণ্ডে ছেদন করিয়া ফেলিলেন ॥৬৮॥

তাহার পর ভীষ্ম—হয় মৃত্যু, না হয় জয় ইহার একটার প্রার্থী হইয়া চর্ম্ম (ঢাল) ও স্বর্ণখচিত তরবারি ধারণ করিলেন ॥৬৯॥

(এবং রথ হইতে নামিবার উপক্রম করিলেন,) কিন্তু তিনি না নামিতেই অর্জুন বহুতর বাণদ্বারা তাঁহার সে চর্ম্মখানাকে শত খণ্ডে ছেদন করিয়া ফেলিলেন; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৭০॥

(৬৭)···দিধক্ষুরিব পাণ্ডবান্···নি। (৬৯)···অন্যতরপ্রেপ্সুর্মৃত্যোরগ্রে জয়ায় বা—বা রা নি।

CENTRAL LIBRARY

ততো যুধিষ্ঠিরো রাজা স্বান্যনীকান্যচোদয়ৎ।
অভিদ্রবত গাঙ্গেয়ং মা বোঽস্তু ভয়মণ্বপি ॥৭১॥
অথ তে তোমরৈঃ প্রাসৈর্বাণৌঘৈশ্চ সমন্ততঃ।
পট্টিশৈশ্চ সুনিস্ত্রিংশৈর্নারাচৈশ্চ তথা শিতৈঃ ॥৭২॥
বৎসদন্তৈশ্চ ভল্লৈশ্চ তমেকমভিবিব্যধুঃ।
সিংহনাদস্ততো ঘোরঃ পাণ্ডবানামভূত্তদা ॥৭৩॥ (যুগ্মকম্)
তথৈব তব পুত্রাশ্চ নেদুর্ভীষ্মজয়ৈষিণঃ।
তমেকমভ্যরক্ষন্ত সিংহনাদাংশ্চ চক্রিরে ॥৭৪॥
তত্রাসীত্তুমুলং যুদ্ধং তাবকানাং পরৈঃ সহ।
দশমেঽহনি রাজেন্দ্র! ভীষ্মার্জ্জুনসমাগমে ॥৭৫॥
আসীদ্গাঙ্গ ইবাবর্ত্তো মুহূর্ত্তমুদধেরিব।
সৈন্যানাং যুধ্যমানানাং নিঘ্নতামিতরেতরম্ ॥৭৬॥

ভারতকৌমুদী

তত ইতি। অচোদয়ৎ প্রৈরয়ৎ। অভিদ্রবত সর্ব্বত এব ধাবত। অণু অল্পমপি ॥৭১॥
অথেতি। শিতৈস্তীক্ষ্ণীকৃতৈঃ। অভিবিব্যধুঃ সর্ব্বতস্তাড়য়ামাসুঃ ॥৭২—৭৩॥
তথেতি। নেদুঃ কোলাহলং চক্রুঃ। তং ভীষ্মম্ ॥৭৪॥
তত্রেতি। তাবকানাং ত্বৎপক্ষীয়যোধানাম্ ॥৭৫॥

তাহার পর রাজা যুধিষ্ঠির এই কথা বলিয়া আপন সৈন্যগণকে প্রেরণ করিলেন যে, 'সৈন্যগণ! তোমরা সকল দিক্ হইতে ভীষ্মের প্রতি ধাবিত হও; তোমাদের যেন অল্প ভয়ও হয় না' ॥৭১॥

তদনন্তর সেই সৈন্যেরা সকল দিক্ হইতে তোমর, প্রাস, বাণসমূহ, পট্টিশ, বিশাল তরবারি, তীক্ষ্ণ নারাচ, বৎসদন্ত ও ভল্লদ্বারা এক ভীষ্মকেই আঘাত করিতে লাগিল। তৎপরে তখন পাণ্ডবপক্ষে ভীষণ সিংহনাদ হইতে থাকিল ॥৭২—৭৩॥

রাজা! সেইরূপই আপনার পুত্রেরাও ভীষ্মের জয়াভিলাষী হইয়া কোলাহল করিতে লাগিলেন, একমাত্র ভীষ্মকেই রক্ষা করিতে থাকিলেন এবং সিংহনাদও করিতে লাগিলেন ॥৭৪॥

রাজশ্রেষ্ঠ! দশম দিনে সেই ভীষ্ম ও অর্জুনের সম্মেলনের সময়ে বিপক্ষগণের সহিত আপনার পক্ষীয় যোদ্ধাদের তুমুল যুদ্ধ হইতে লাগিল ॥৭৫॥

(৭১)…স্বান্যনীকানি যোজয়ন্। অভ্যদ্রবত…বা। (৭৩)…তমেকমভিযুযুধুঃ…বা রা নি।

অসৌম্যরূপা পৃথিবী শোণিতাক্তাভবত্তদা।
সমঞ্চ বিষমঞ্চৈব ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥৭৭॥
যোধানামযুতং হত্বা তস্মিন্ স দশমেঽহনি।
অতিষ্ঠদাহবে ভীষ্মো ভিদ্যমানেষু মর্ম্মসু ॥৭৮॥
ততঃ সেনামুখে তস্মিন্ স্থিতঃ পার্থো ধনুর্দ্ধরঃ।
মধ্যেন কুরুসৈনানাং দ্রাবয়ামাস বাহিনীম্ ॥৭৯॥
তত্রাদ্ভুতমপশ্যাম পাণ্ডবানাং পরাক্রমম্।
দ্রাবয়ামাসুরিষুভিঃ সর্বান্ ভীষ্মপদানুগান্ ॥৮০॥
বয়ং শ্বেতহয়াদ্ভীতাঃ কুন্তীপুত্রাদ্ধনঞ্জয়াৎ।
পীড্যমানাঃ শিতৈঃ শস্ত্রৈঃ প্রাদ্রবাম রণে তদা ॥৮১॥

ভারতকৌমুদী

আসীদিতি। গঙ্গায়া অয়মিতি গাঙ্গঃ, আবর্ত্তো জলভ্রমিঃ ॥৭৬॥

অসৌম্যেতি। অসৌম্যরূপা ভীষণাকৃতিঃ পৃথিবী রণভূমিঃ। সমং বিষমঞ্চ উন্নতাবনতো দেশঃ ন প্রাজ্ঞায়ত রক্তপ্রবাহেণ সমানীকরণাৎ ॥৭৭॥

যোধানামিতি। অতিষ্ঠদেব নাপাসরদিত্যাশয়ঃ ॥৭৮॥

তত ইতি। দ্রাবয়ামাস মর্দ্দয়ামাস, বাহিনীং কৌরবসেনাম্ ॥৭৯॥

তত্রেতি। ভীষ্মস্য পদানুগান্ অনুচরান্। এতদেবাদ্ভুতমিতি ভাবঃ ॥৮০॥

বয়মিতি। শ্বেতা হয়া অশ্বা যস্য তস্মাৎ। প্রাদ্রবাম অপাসরাম ॥৮১॥

উভয়পক্ষের সৈন্যেরা যুদ্ধে প্রবৃত্ত হইয়া পরস্পর আঘাত করিতে থাকিলে, মুহূর্ত্তকাল গঙ্গার ও সমুদ্রের আবর্ত্তের (ঘোলার) ন্যায় তাহাদের অবস্থা হইল ॥৭৬॥

তখন সমরভূমি রক্তাক্ত হইয়া ভীষণাকৃতি হইল এবং সমান ও অসমান স্থানের কোন ভেদ জানা গেল না ॥৭৭॥

বিপক্ষেরা মর্ম্ম বিদারণ করিতে থাকিলেও ভীষ্ম সেই দশম দিনে বিপক্ষের দশ সহস্র যোদ্ধাকে বিনাশ করিয়া যুদ্ধে অবস্থানই করিতে লাগিলেন ॥৭৮॥

তাহার পর ধনুর্দ্ধর অর্জুন সেই পাণ্ডবসৈন্যের সম্মুখে থাকিয়া কৌরবসৈন্য-মধ্যে ভিন্ন ভিন্ন বাহিনীকে পীড়ন করিতে থাকিলেন ॥৭৯॥

তখন আমরা পাণ্ডবগণের অদ্ভুত পরাক্রম দেখিলাম। যে হেতু তাঁহারা বাণদ্বারা ভীষ্মের অনুচরগণকে গুরুতর পীড়ন করিলেন ॥৮০॥

(৮০) শ্লোকঃ পি বা রা নাস্তি।

পাণ্ডবৈঃ পঞ্চভিঃ সার্দ্ধং সাত্যকেন চ ধন্বিনা।
ধৃষ্টদ্যুম্নমুখৈঃ সর্বৈঃ পাঞ্চালৈশ্চ সমন্ততঃ ॥৮২॥
ভিদ্যমানাঃ শরৈস্তীক্ষ্ণৈঃ সর্বে কাঙ্ক্ষিপুরোগমৈঃ।
দ্রোণদ্রৌণিকৃপৈঃ সার্দ্ধং সর্বে শল্যশলাদয়ঃ ॥৮৩॥
তাবকাঃ সমরে রাজন্! জহুর্ভীষ্মং মহামৃধে।
সৌবীরাঃ কিতবাঃ প্রাচ্যাঃ প্রতীচ্যোদীচ্যমালবাঃ ॥৮৪॥
অভীষাহাঃ শূরসেনাঃ শিবয়োঽথ বসাতয়ঃ।
শাল্বাশ্রয়াস্ত্রিগর্ত্তাশ্চ অম্বষ্ঠাঃ কেকয়ৈঃ সহ ॥৮৫॥
দ্বাদশৈতে জনপদাঃ শরার্ত্তা ব্রণপীড়িতাঃ।
সংগ্রামে প্রজহুর্ভীষ্মং যুধ্যমানাঃ কিরীটিনা ॥৮৬॥ (কুলকম্)
ততস্তমেকং বহবঃ পরিবার্য্য সমন্ততঃ।
পরিকাল্য কুরূন্ সর্বান্ শরবর্ষৈরবাকিরন্ ॥৮৭॥

ভারতকৌমুদী

পাণ্ডবৈরিতি। সাত্যকেন সাত্যকিনা। কাঙ্ক্ষিরভিমন্যুঃ পুরোগমঃ অগ্রগামী যেষাং তৈঃ। জহুঃ তত্যজুঃ। সৌবীরাদয়ো দেশবাচিনঃ শব্দাস্তদ্দেশীয়সৈন্যেষু বর্ত্তন্তে। শাল্বাশ্রয়াঃ শাল্বরাজাধীনা ইতি দ্বাদশসংখ্যোপপত্তিঃ। যুধ্যমানাঃ প্রহ্রিয়মাণাঃ ।৮২—৮৬॥

তত ইতি। তং ভীষ্মম্। পরিকাল্য বিজিত্য, কুরূন্ দুঃশাসনাদীনপি ।৮৭॥

সেই সময়ে আমরা তীক্ষ্ণ অস্ত্রসমূহদ্বারা পীড়িত হইতে থাকিয়া এবং কুন্তীনন্দন শ্বেতাশ্ব অর্জুন হইতে ভীত হইয়া অপসৃত হইলাম ॥৮১॥

রাজা! ক্রমে ধনুর্দ্ধর সাত্যকি ও ধৃষ্টদ্যুম্নপ্রভৃতি পাঞ্চালগণের সহিত পাণ্ডবেরা পাঁচ জন অভিমন্যুকে অগ্রবর্ত্তী করিয়া সকল দিক্ হইতে তীক্ষ্ণ বাণদ্বারা বিদারণ করিতে লাগিলে দ্রোণ, অশ্বত্থামা ও কৃপের সহিত শল্য ও শলপ্রভৃতি আপনার পক্ষের যোদ্ধারা সকলে মহাযুদ্ধমধ্যে ভীষ্মকে পরিত্যাগ করিলেন। তাহার পর আবার সৌবীর, কিতব, মালব, অভীষাহ, শূরসেন, শিবি, বসাতি, শাল্বরাজাধীন ত্রিগর্ত্ত ও অম্বষ্ঠদেশীয় সৈন্যেরা এবং পূর্বদেশীয়, পশ্চিমদেশীয় ও উত্তরদেশীয় সৈন্যেরা (এই দ্বাদশদেশবাসী যোদ্ধারা) কেকয়গণের সহিত মিলিত হইয়া অর্জুনের শরপ্রহারে পীড়িত ও ক্ষতবিক্ষত দেহে যুদ্ধমধ্যে ভীষ্মকে পরিত্যাগ করিল ॥৮২—৮৬॥

(৮২) ইতঃ প্রভৃতি শ্লোকত্রয়ঞ্চ···পি বা রা ন বর্ত্ততে। (৮৬) সর্ব্ব এতে মহাত্মানঃ শরার্ত্তব্রণপীড়িতাঃ। সংগ্রামে প্রজহুর্ভীষ্মং যুধ্যমানং কিরীটিনা—পি, সর্ব্ব এতে মহাত্মানঃ শরার্ত্তা ব্রণপীড়িতাঃ। সংগ্রামে ন জহুর্ভীষ্মং যুধ্যমানং কিরীটিনা—বা রা।

নিপাতয়ত গৃহ্ণীত বিধ্যধ্বমবকৃন্তত।
ইত্যাসীত্তুমুলঃ শব্দো রাজন্! ভীষ্মরথং প্রতি ॥৮৮॥
নিহত্য সমরে রাজন্! শতশোঽথ সহস্রশঃ।
ন তস্যাসীদনির্ভিন্নং গাত্রে দ্ব্যঙ্গুলমন্তরম্ ॥৮৯॥
এবম্ভূতস্তব পিতা শরৈর্বিশকলীকৃতঃ।
শিতাগ্রৈঃ ফাল্গুনেনাজৌ প্রাক্‌শিরাঃ প্রাপতদ্রথাৎ ॥৯০॥
কিঞ্চিচ্ছেষে দিনকরে পুত্রাণাং তব পশ্যতাম্।
হাহেতি দিবি দেবানাং পার্থিবানাঞ্চ সর্বশঃ ॥৯১॥
পতমানে রথাদ্ভীষ্মে বভূব সুমহাস্বনঃ।
সংপতন্তমভিপ্রেক্ষ্য মহাত্মানং পিতামহম্ ॥৯২॥
সহ ভীষ্মেণ সর্বেষাং প্রাপতন্ হৃদয়ানি নঃ।
স পপাত মহাবাহুর্বসুধামনুনাদয়ন্ ॥৯৩॥

ভারতকৌমুদী

নিপাতয়তেতি। অবকৃন্তত ছিন্ত ॥৮৮॥

নিহত্যেতি। বিপক্ষান্ নিহত্য স্থিতস্যেতি শেষঃ। তস্য ভীষ্মস্য। অন্তরমবকাশঃ ॥৮৯॥

এবমিতি। পিতা পিতৃপর্য্যায়ো ভীষ্মঃ, বিশকলীকৃতঃ ক্ষতবিক্ষতীকৃত ইত্যর্থঃ। ফাল্গুনেনার্জ্জুনেন। শেষে অস্তাবশিষ্টে। সর্ব্বশঃ সর্ব্বেষাম্। হাহেতি সুমহাস্বন ইতি সম্বন্ধঃ। পিতামহং ভীষ্মম্। প্রাপতন্ শোকেনাবসন্নাস্তভবন্। উৎসৃষ্ট উত্তোলিতত্যক্তঃ,

তাহার পর বহুতর পাণ্ডবযোদ্ধা সমস্ত কৌরবকে জয় করিয়া সকল দিকে বেষ্টনপূর্ব্বক বাণবর্ষণদ্বারা এক ভীষ্মকে আঘাত করিতে লাগিলেন ॥৮৭॥

রাজা! ক্রমে ভীষ্মের রথের প্রতি 'নিপাতিত কর, ধারণ কর, বিদ্ধ কর, এবং ছেদন কর' এইরূপ তুমুল শব্দ হইতে লাগিল ॥৮৮॥

রাজা! ভীষ্ম শত শত ও সহস্র সহস্র বিপক্ষকে সংহার করিয়া সমরাঙ্গনে অবস্থান করিতেছিলেন বটে; তবে তাঁহার শরীরে দুই আঙ্গুল স্থানও অবিদীর্ণ ছিল না ॥৮৯॥

মহারাজ! এইভাবে সূর্য্যমণ্ডলের কিছু অবশিষ্ট থাকিতে, আপনার পুত্রদের সমক্ষে, অর্জ্জুনের সুতীক্ষ্ণ বাণে ক্ষতবিক্ষতদেহ আপনার জ্যেষ্ঠতাত ভীষ্ম পূর্ব্বশিরা হইয়া রথ হইতে সমরভূমিতে নিপতিত হইলেন। ভীষ্ম রথ হইতে পতিত হইতে লাগিলে, আকাশে দেবগণের এবং ভূতলে সকল রাজার মুখ হইতে 'হাহা' ইত্যাকার বিশাল শব্দ নির্গত হইতে লাগিল; আর মহাত্মা

(৮৮)···যুধ্যধ্বমবকৃন্তত···বা রা নি। (৯১)···পার্থিবানাঞ্চ ভারত!—বা রা নি।

ইন্দ্রধ্বজ ইবোৎসৃষ্টঃ কেতুঃ সর্বধনুষ্মতাম্ ।
ধরণীং ন স পস্পর্শ শরসংঘৈঃ সমাবৃতঃ ॥৯৪॥ (কুলকম্)
শরতল্পে মহেষ্বাসং শয়ানং পুরুষর্ষভম্ ।
রথাৎ প্রপতিতঞ্চৈনং দিব্যো ভাবঃ সমাবিশৎ ॥৯৫॥
অভ্যবর্ষচ্চ পর্জন্যঃ প্রাকম্পত চ মেদিনী ।
পতন্ স দদৃশে চাপি দক্ষিণেন দিবাকরম্ ॥৯৬॥
সংজ্ঞাঞ্চোপালভদ্বীরঃ কালং সঞ্চিন্ত্য ভারত ! ।
অন্তরীক্ষে চ শুশ্রাব দিব্যা বাচঃ সমন্ততঃ ॥৯৭॥
কথং মহাত্মা গাঙ্গেয়ঃ সর্বশস্ত্রভৃতাং বরঃ ।
কালং কর্ত্তা নরব্যাঘ্রঃ সংপ্রাপ্তে দক্ষিণায়নে ॥৯৮॥

ভারতকৌমুদী

কেতুর্ধ্বজ ইবোন্নতঃ। ধরণীং ন পস্পর্শ, শরসংঘৈঃ সমাবরণেন কিঞ্চিদূর্দ্ধে স্থাপনাদিতি ভাবঃ ॥৯০—৯৪॥

শরেতি। শরা এব তল্পং শয্যা তস্মিন্, মহেষ্বাসং মহাধনুর্দ্ধরম্। দিব্যঃ স্বর্গীয়ঃ, ভাবঃ অবস্থা, সমাবিশৎ বসুদেবতারূপত্বেনাবালম্বত। ততশ্চ সত্যসঙ্কল্পতয়া যাতনাসহত্বমাসীৎ ॥৯৫॥

অভ্যবর্ষদিতি। পর্জন্যো মেঘশ্চাভ্যবর্ষৎ তদ্বেদনাপনোদনার্থম্। দক্ষিণেন দিগ্বিভাগেনাবস্থিতমিতি শেষঃ। অতএব তস্য দক্ষিণায়নজ্ঞানমপ্যভবদিতি ভাবঃ ॥৯৬॥

তৎফলমাহ সংজ্ঞামিতি। কালং দক্ষিণায়নম্। সংজ্ঞাম্ অস্মিন্ দক্ষিণায়নে ন মর্ত্তব্যমিতি সম্যগ্জ্ঞানঞ্চ, উপালভৎ প্রাপ্নোৎ। দিব্যাঃ স্বর্গীয়াঃ ॥৯৭॥

ভীষ্মকে নিপতিত হইতে দেখিয়া আমাদের সকলের হৃদয়ও নিপতিত হইল। মহাবাহু ও সর্ব্বধনুর্দ্ধরশ্রেষ্ঠ ভীষ্ম উত্তোলিত ইন্দ্রধ্বজের ন্যায় সমরভূমি শব্দিত করিয়া পতিত হইলেন ; কিন্তু বাণসমূহে আবৃত থাকায় ভূতল স্পর্শ করিলেন না ॥৯০—৯৪॥

মহাধনুর্দ্ধর ও পুরুষশ্রেষ্ঠ ভীষ্ম রথ হইতে পতিত হইয়া শরশয্যায় শয়ন করিলে, তাঁহার স্বর্গীয় ভাব উপস্থিত হইল ॥৯৫॥

তখন মেঘ বর্ষণ করিতে লাগিল, ভূমিকম্প হইতে থাকিল এবং তিনিও পতিত হইবার সময়ে সূর্য্যকে দক্ষিণদিকে থাকিতে দেখিলেন ॥৯৬॥

ভরতনন্দন ! মহাবীর ভীষ্ম ক্রমে 'এটা দক্ষিণায়ন কাল' এইরূপ ভাবিয়া 'এ সময়ে মরা উচিত নহে' এইরূপ সম্যক্ জ্ঞান লাভ করিলেন এবং এই সময়ে তিনি আকাশে সকল দিকে স্বর্গীয় বাক্য শুনিতে পাইলেন—॥৯৭॥

(৯৪)…শরসংঘৈঃ সমাচিতঃ—পি। (৯৮)…কালকর্ত্তা নরব্যাঘ্রঃ…রা নি।

CENTRAL LIBRARY

স্থিতোঽস্মীতি চ গাঙ্গেয়স্তচ্ছ্রুত্বা বাক্যমব্রবীৎ।
ধারয়িষ্যাম্যহং প্রাণান্ পতিতোঽপি মহীতলে ॥৯৯॥
উত্তরায়ণমন্বিচ্ছন্ ভীষ্মঃ কুরুপিতামহঃ।
তস্য তন্মতমাজ্ঞায় গঙ্গা হিমবতঃ সুতা ॥১০০॥
মহর্ষীন্ হংসরূপেণ প্রেষয়ামাস তত্র বৈ।
তেঽথ সম্পাতিনো হংসাস্ত্বরিতা মানসৌকসঃ ॥১০১॥
আজগ্মুঃ সহিতা দ্রষ্টুং ভীষ্মং কুরুপিতামহম্।
যত্র শেতে নরশ্রেষ্ঠঃ শরতল্পে পিতামহঃ ॥১০২॥ (কলাপকম্)
তে তু ভীষ্মং সমাসাদ্য ঋষয়ো হংসরূপিণঃ।
অপশ্যন্ শরতল্পস্থং ভীষ্মং কুরুকুলোদ্বহম্ ॥১০৩॥

ভারতকৌমুদী

অথ কাস্তা দিব্যা বাচ ইত্যাহ কথমিতি। মহাত্মা মহাধার্ম্মিকত্বাৎ। কালং পরলোক-প্রয়াণসময়ম্, কথং কর্ত্তা করিষ্যতি, অপি তু কথমপি নেত্যর্থঃ। সংপ্রাপ্তে স্থিতে ॥৯৮॥

স্থিত ইতি। গাঙ্গেয়ঃ কুরুপিতামহশ্চ ভীষ্মঃ, তৎ দিব্যং বচনং শ্রুত্বা, 'স্থিতোঽস্মি' ইতি, 'অহং মহীতলে পতিতোঽপি উত্তরায়ণম্ অন্বিচ্ছন্ প্রতীক্ষমাণঃ সন্ প্রাণান্ ধারয়িষ্যামি' ইতি চ বাক্যমব্রবীৎ। সম্পাতিন আকাশাদবতারিণঃ সন্তঃ। মানসং সর এব ওক আশ্রয়ো যেষাং তে। দ্রষ্টুম্ আদরণায়। শরতল্পে শরশয্যায়াম্ ॥৯৯—১০২॥

তত ইতি। সন্ধেবৈকল্পিকতয়া পূর্বার্দ্ধে ন সন্ধিঃ ॥১০৩॥

'মহাত্মা, সকল অস্ত্রধারিশ্রেষ্ঠ ও মনুষ্যপ্রধান ভীষ্ম দক্ষিণায়ন থাকিতে এটাকে কি করিয়া মরণের সময় করিবেন' ॥৯৮॥

গঙ্গানন্দন ও কুরুপিতামহ ভীষ্ম সেই স্বর্গীয় বাক্য শুনিয়া এই কথা বলিলেন যে, 'আমি রহিয়াছি এবং ভূতলে পতিত হইয়া থাকিলেও উত্তরায়ণের প্রতীক্ষা করিতে থাকিয়া প্রাণ ধারণ করিব'। ভীষ্মের সেই মত জানিয়া হিমালয়তনয়া গঙ্গা মহর্ষিগণকে হংসরূপে সেস্থানে পাঠাইয়া দিলেন। তাহার পর নরশ্রেষ্ঠ ভীষ্ম যেস্থানে শরশয্যায় শয়ন করিয়া রহিয়াছিলেন, হংসরূপী ও মানসসরোবর-বাসী সেই মহর্ষিরা সম্মিলিতভাবে আকাশ হইতে পতিত হইয়া ভীষ্মের সহিত সাক্ষাৎ করিবার জন্য সত্বর সেই স্থানে আগমন করিলেন ॥৯৯—১০২॥

ক্রমে হংসরূপী সেই মহর্ষিরা ভীষ্মের নিকটে যাইয়া শরশয্যাস্থিত কুরুকুল-ধুরন্ধর ভীষ্মকে দর্শন করিলেন ॥১০৩॥

(৯৯)···ধারয়ামাস চ প্রাণান্···পি বা। (১০০)···অন্বিচ্ছন্ সুগতিপ্রতি—কাঙ্ক্ষয়া··· নি। (১০১)··ততস্তং প্রতি তে হংসাস্ত্বরিতাঃ···নি,···ততঃ সম্পাতিনো হংসাঃ···বা রা।

CENTRAL LIBRARY

তে তং দৃষ্ট্বা মহাত্মানং কৃত্বা চাপি প্রদক্ষিণম্।
গাঙ্গেয়ং ভরতশ্রেষ্ঠং দক্ষিণেন চ ভাস্করম্ ॥১০৪॥
ইতরেতরমামন্ত্র্য প্রাহুস্তত্র মনীষিণঃ।
ভীষ্মঃ কথং মহাত্মা সন্ সংস্থাতা দক্ষিণায়নে ॥১০৫॥ (যুগ্মকম্)
ইত্যুক্ত্বা প্রস্থিতা হংসা দক্ষিণামভিতো দিশম্।
সংপ্রেক্ষ্য বৈ মহাবুদ্ধিশ্চিন্তয়িত্বা চ ভারত! ॥১০৬॥
তানব্রবীচ্ছান্তনবো নাহং গন্তা কথঞ্চন।
দক্ষিণাবর্ত্ত আদিত্য এতন্মে মনসি স্থিতম্ ॥১০৭॥ (যুগ্মকম্)
গমিষ্যামি স্বকং স্থানমাসীদ্যন্মে পুরাতনম্।
উদগাবৃত্ত আদিত্যে হংসাঃ! সত্যং ব্রবীমি বঃ ॥১০৮॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রদক্ষিণঞ্চ কৃত্বা, ভীষ্মস্য বসুদেবতাবতাররূপত্বাদিত্যাশয়ঃ। দক্ষিণেন দিগ্বিভাগেনাবস্থিতমিতি শেষঃ। ইতরেতরং পরস্পরম্। মনীষিণো জ্ঞানিন ঋষয়ঃ। সংস্থাতা মরিষ্যতি, "পরাসুপ্রাপ্তপঞ্চত্বপরেতপ্রেতসংস্থিতাঃ" ইত্যমরঃ, অপি তু কথমপি নেত্যাশ্বাসঃ, "অগ্নির্জ্যোতিরহঃ শুক্লঃ ষণ্মাসা উত্তরায়ণম্। অত্র প্রয়াতা গচ্ছন্তি ব্রহ্ম ব্রহ্মবিদো জনাঃ॥" ইতি গীতাস্মৃতেরিত্যাশয়ঃ ॥১০৪—১০৫॥

ইতীতি। অভিতঃ প্রতি। "তসোভয়াভিপরিসর্বৈঃ" ইতি দ্বিতীয়া। গন্তা গমিষ্যামি। দক্ষিণস্যাং দিশি বর্ত্তত ইতি দক্ষিণাবর্ত্তস্তস্মিন্ সূর্য্যস্য দক্ষিণায়ন ইত্যর্থঃ ॥১০৬—১০৭॥

গমিষ্যামীতি। স্বকং বসুদেবতাসম্বন্ধি। উদগাবৃত্তে উত্তরায়ণগতে ॥১০৮॥

জ্ঞানী ও হংসরূপী সেই মহর্ষিরা মহাত্মা ও ভরতশ্রেষ্ঠ ভীষ্মকে দেখিয়া ও প্রদক্ষিণ করিয়া এবং সূর্য্য দক্ষিণদিকে রহিয়াছেন জানিয়া পরস্পর আমন্ত্রণপূর্ব্বক বলিলেন—'ভীষ্ম মহাত্মা হইয়া কেন দক্ষিণায়নে পরলোকে প্রস্থান করিবেন' ॥১০৪—১০৫॥

ভরতনন্দন! এই কথা বলিয়া সেই হংসরূপী মহর্ষিরা দক্ষিণদিকে প্রস্থান করিবার উপক্রম করিলেন। তখন মহাবুদ্ধি ভীষ্ম তাঁহাদের দিকে দৃষ্টিপাত করিয়া এবং একটু ভাবিয়া তাঁহাদিগকে বলিলেন—'সূর্য্য দক্ষিণায়নে থাকিতে আমি কোন প্রকারেই পরলোকে গমন করিব না; ইহাই আমার মনে রহিয়াছে ॥১০৬—১০৭॥

হংসগণ! পূর্ব্বে আমার যে স্থান ছিল, সূর্য্য উত্তরায়ণে গমন করিলে

(১০৮)···উদগায়ন আদিত্যে···রা নি।

CENTRAL LIBRARY

ধারয়িষ্যাম্যহং প্রাণানুত্তরায়ণকাঙ্ক্ষয়া।
প্রাণানাঞ্চ সমুৎসর্গ ঐশ্বর্য্যং নিয়তং মম ॥১০৯॥
তস্মাৎ প্রাণান্ ধারয়িষ্যে মুমূর্ষুরুদগায়নে।
যশ্চ দত্তো বরো মহ্যং পিত্রা তেন মহাত্মনা ॥১১০॥
ছন্দতস্তে ভবেন্মৃত্যুরিতি তৎ সত্যমস্তু মে।
ধারয়িষ্যে ততঃ প্রাণানুৎসর্গে নিয়তে সতি ॥১১১॥ (যুগ্মকম্)
ইত্যুক্ত্বা তাংস্তদা হংসান্ স শেতে শরতল্পগঃ।
এবং কুরূণাং পতিতে শৃঙ্গে ভীষ্মে মহৌজসি ॥১১২॥

ভারতকৌমুদী

ধারয়িষ্যামীতি। সমুৎসর্গে পরিত্যাগে, ঐশ্বর্য্যং প্রভুত্বম্, নিয়তং ধ্রুবম্ ॥১০৯॥

তস্মাদিতি। উদগায়নে উত্তরায়ণে, মুমূর্ষুঃ মর্ত্তুমিচ্ছুঃ সন্। নদীদৃশমৈশ্বর্য্যং তে কুত ইত্যাহ য ইতি। তেন শান্তনুনা। ছন্দত ইচ্ছাতঃ। উৎসর্গে তেষাং প্রাণানামেব পরিত্যাগে, নিয়তে প্রহারাতিরেকাদিচ্ছাতশ্চ নিশ্চিতে। এষ ব্যাপারস্তু পরেষামপ্রত্যক্ষ এবাসীৎ কামরূপিব্যাপারত্বাদিত্যন্যেম্ ॥১১০—১১১॥

ভারতভাবদীপঃ

ষষ্ঠী, মৃত্যবে ইত্যর্থঃ ॥৬৯—৯৬॥ কালং মৃত্যুম্ ॥৯৭—১০৩॥ দক্ষিণেন দক্ষিণমার্গস্থং ভাস্করঞ্চ দৃষ্ট্বেত্যন্বয়ঃ ॥১০৪॥ সংস্থাতা মরিষ্যতি ॥১০৫—১০৮॥ ঐশ্বর্য্যেণ স্বসামর্থ্যেন ভূতঃ প্রাপ্তঃ স্বচ্ছন্দমৃত্যুত্বাৎ ॥১০৯—১২৫॥

ইতি ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৪॥

পরই আমি সেই স্বস্থানে গমন করিব; ইহা আপনাদিগকে সত্য বলিতেছি ॥১০৮॥

আমি উত্তরায়ণের প্রতীক্ষা করিয়া প্রাণ ধারণ করিয়া থাকিব। কেন না, প্রাণপরিত্যাগের বিষয়ে আমার নিশ্চিত স্বাধীনতা রহিয়াছে ॥১০৯॥

অতএব আমি উত্তরায়ণে মরিবার ইচ্ছা করিয়াই প্রাণ ধারণ করিয়া রহিব। আমার পিতা সেই মহাত্মা শান্তনু আমাকে বর দিয়াছিলেন যে, 'তোমার মৃত্যু তোমার ইচ্ছানুবর্ত্তী হইবে'। আমার প্রতি পিতার সেই বরদান সত্য হউক। সুতরাং আমার প্রাণত্যাগ নিশ্চিত হইলেও সেই উত্তরায়ণপর্য্যন্ত আমি প্রাণ ধারণ করিব' ॥১১০—১১১॥

সেই হংসরূপী মহর্ষিগণকে এই কথা বলিয়া ভীষ্ম তখন শরশয্যায় শয়ন

(১০৯)…ঐশ্বর্য্যভূতঃ প্রাণানামুৎসর্গো হি মতো মম…পি,…ঐশ্বর্য্যভূতঃ প্রাণানামুৎসর্গো হি যতো মম…বা রা। (১১১) ছন্দতো মৃত্যুরিত্যেবং তস্য চাস্তু বচস্তথা—পি বা রা।

CENTRAL LIBRARY

পাণ্ডবাঃ সৃঞ্জয়াশ্চৈব সিংহনাদং প্রচক্রিরে।
তস্মিন্ হতে মহাসত্ত্বে ভরতানাং পিতামহে ॥১১৩॥
ন কিঞ্চিৎ প্রত্যপদ্যন্ত পুত্রাস্তে ভরতর্ষভ!।
সম্মোহশ্চৈব তুমুলঃ কুরূণামভবত্তদা ॥১১৪॥ (বিশেষকম্)
কৃপদুর্য্যোধনমুখা নিশ্বস্য রুরুদুস্ততঃ।
বিষাদাচ্চ চিরং কালমতিষ্ঠন্ বিগতেন্দ্রিয়াঃ ॥১১৫॥
দধ্যুশ্চৈব মহারাজ! ন যুদ্ধে দধিরে মনঃ।
উরুগ্রাহগৃহীতাশ্চ নাভ্যবর্ত্তন্ত পাণ্ডবান্ ॥১১৬॥
অবধ্যে শান্তনোঃ পুত্রে হতে ভীষ্মে মহৌজসি।
দুঃখার্ত্তাস্তে ততো রাজন্! কুরূণাং পতয়োঽভবন্ ॥১১৭॥

ভারতকৌমুদী

ইতীতি। কুরূণাং পর্ব্বতরূপাণাম্, শৃঙ্গে শৃঙ্গরূপে, সর্বোচ্চরূপত্বাদিত্যাশয়ঃ। মহাসত্ত্বে মহাবলে। প্রত্যপদ্যন্ত কর্ত্তব্যমবাধারয়ন্। তুমুলো মহান্ ॥১১১—১১৪॥

কৃপেতি। বিগতেন্দ্রিয়া ইব ॥১১২॥

দধ্যুরিতি। দধ্যুশ্চিন্তয়ামাসুঃ। দধিরে স্থাপয়ামাসুঃ। উরুগ্রাহেণ উরুস্তম্ভেন গৃহীতা আক্রান্তাঃ ॥১১৬॥

অবধ্য ইতি। অবধ্যো মহাবীরত্বাদিত্যাশয়ঃ ॥১১৭॥

করিয়া রহিলেন। মহাতেজা ও পর্ব্বতস্বরূপ কুরুবংশের শৃঙ্গস্বরূপ ভীষ্ম এই ভাবে পতিত হইলে, পাণ্ডবগণ ও সৃঞ্জয়গণ সিংহনাদ করিতে লাগিলেন। ভরতশ্রেষ্ঠ! সেই মহাবল ভীষ্ম নিহত হইলে, আপনার পুত্রেরা কোন কর্ত্তব্য স্থির করিতে পারিলেন না এবং সেই সময়ে কৌরবগণের গুরুতর মোহ উপস্থিত হইল ॥১১২—১১৪॥

কৃপ ও দুর্য্যোধনপ্রভৃতি ত নিশ্বাস ত্যাগ করিয়া রোদনই করিতে লাগিলেন; আর তাঁহারা বিষাদবশতঃ দীর্ঘকাল ইন্দ্রিয়শূন্য হইয়াই যেন রহিলেন ॥১১৫॥

মহারাজ! তাঁহারা চিন্তা করিতে লাগিলেন; কিন্তু যুদ্ধে আর মনোনিবেশ করিতে পারিলেন না, বিশেষতঃ উরুস্তম্ভাক্রান্ত হইয়াই যেন আর পাণ্ডবগণের অভিমুখবর্ত্তী হইতেও পারিলেন না ॥১১৬॥

রাজা! মহাতেজা ও অবধ্য শান্তনুনন্দন ভীষ্ম নিহত হইলে, তখন সেই কৌরবশ্রেষ্ঠেরা দুঃখে পীড়িত হইয়াই পড়িলেন ॥১১৭॥

(১১৬)·· নাভ্যধাবন্ত পাণ্ডবান্···বা রা নি। (১১৭) পূর্ব্বার্দ্ধঃ পি বা রা নাস্তি।

অভাবঃ সহসা রাজন্! কুরুরাজস্য তর্কিতঃ।
হতপ্রবীরাস্তু বয়ং নিকৃত্তাশ্চ শিতৈঃ শরৈঃ ॥১১৮॥
কর্ত্তব্যং নাভিজানীমো নির্জ্জিতাঃ সব্যসাচিনা।
পাণ্ডবাশ্চ জয়ং লব্ধ্বা পরত্র চ পরাং গতিম্ ॥১১৯॥
সর্ব্বে দধ্মুর্মহাশঙ্খান্ শূরাঃ পরিঘবাহবঃ।
সোমকাশ্চ সপাঞ্চালাঃ প্রাহৃষ্যন্ত জনেশ্বর! ॥১২০॥ (বিশেষকম্)
ততস্তূর্য্যসহস্রেষু নিনদৎসু মহাবলঃ।
আস্ফোটয়ামাস ভৃশং ভীমসেনো ননাদ চ ॥১২১॥
সেনয়োরুভয়োশ্চাপি গাঙ্গেয়ে নিহতে বিভৌ।
সংন্যস্য বীরাঃ শস্ত্রাণি প্রাধ্যায়ন্ত সমন্ততঃ ॥১২২॥
প্রাক্রোশন্ প্রারুদংশ্চান্যে জগ্মুর্মোহং তথাঽপরে।
ক্ষত্রঞ্চান্যেঽভ্যনিন্দন্ত ভীষ্মঞ্চান্যেঽভ্যপূজয়ন্ ॥১২৩॥

ভারতকৌমুদী

অভাব ইতি। অভাবো ধ্বংসঃ প্রধানাশ্রয়ধ্বংসাৎ। কুরুরাজস্য দুর্য্যোধনস্য। হতঃ প্রবীরঃ প্রধানবীরো যেষাং তে, নিকৃত্তাশ্ছিন্নাঃ ক্ষতবিক্ষতাঃ। পরত্র কালে চ, পরামুত্তমাং গতিং জয়ং লব্ধ্বা সম্ভাব্য ॥১১৮—১২০॥

তত ইতি। আস্ফোটয়ামাস বাহুতাড়নশব্দং চকার। ননাদ মুখেন জগর্জ্জ চ ॥১২১॥

সেনয়োরিতি। বিভৌ বলপ্রভাববতি। সংন্যস্য ত্যক্ত্বা। প্রাধ্যায়ন্ত প্রাচিন্তয়ন্ ॥১২২॥

প্রেতি। প্রাক্রোশন্ বন্ধুনাহ্বয়ন্। অভ্যনিন্দন্ত নৃশংসব্যবহারাৎ ॥১২৩॥

এবং সত্বরই দুর্য্যোধনের ধ্বংস হইবে বলিয়া মনে করিতে লাগিলেন; আর প্রধান বীর নিহত, তীক্ষ্ণ বাণে দেহ ক্ষতবিক্ষত এবং অর্জ্জুনকর্ত্তৃক নির্জ্জিত হওয়ায় আমরা কর্ত্তব্য স্থির করিতে পারিলাম না। নরনাথ! ওদিকে বীর ও পরিঘতুল্যবাহু পাণ্ডবেরা সকলে সে দিনে জয়লাভ করিয়া এবং পরবর্ত্তী সময়েও সম্পূর্ণ জয়লাভ হইবে ভাবিয়া বিশাল শঙ্খধ্বনি করিতে লাগিলেন; আর সোমক এবং পাঞ্চালগণও অত্যন্ত আনন্দিত হইল ॥১১৮—১২০॥

তাহার পর সহস্র সহস্র তূর্য্যধ্বনি হইতে লাগিলে, মহাবল ভীমসেন বাহ্বাস্ফোটন ও গুরুতর সিংহনাদ করিতে লাগিলেন ॥১২১॥

প্রভাবশালী ভীষ্ম নিহত হইলে, উভয়সৈন্যেরই সকল দিকের বীরেরা অস্ত্র পরিত্যাগ করিয়া বিশেষ চিন্তামগ্ন হইলেন ॥১২২॥

তখন কতকগুলি লোক বন্ধুগণকে ডাকিতে লাগিল, অন্য অনেকে কাঁদিতে

---

(১২১)…ভীমসেনো ননর্দ্দ চ—পি।

ঋষয়ঃ পিতরশ্চৈব প্রশশংসুর্মহাব্রতম্ ।
ভরতানাঞ্চ যে পূর্ব্বে তে চৈনং প্রশশংসিরে ॥১২৪॥
মহোপনিষদঞ্চৈব যোগমাস্থায় বীর্য্যবান্ ।
জপন্ শান্তনবো ধীমান্ কালাকাঙ্ক্ষী স্থিতোঽভবৎ ॥১২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে দশমদিবসযুদ্ধে ভীষ্মনিপাতে চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ ।

ধৃতরাষ্ট্র উবাচ ।
কথমাসংস্তদা যোধা হীনা ভীষ্মেণ সঞ্জয় ! ।
বলিনা দেবকল্পেন গুর্বর্থে ব্রহ্মচারিণা ॥১॥

ভারতকৌমুদী

ঋষয় ইতি। মহাব্রতং চিরব্রহ্মচারিণং ভীষ্মম্। পূর্ব্বে প্রতীপাদয়ঃ পূর্ব্বপুরুষাঃ ॥১২৪॥

মহেতি। বীর্য্যবান্ ধীমাংশ্চ শান্তনবো ভীষ্মঃ, যোগং মহোপনিষদর্থধ্যানম্, আস্থায় আশ্রিত্য, মহোপনিষদং পুরুষসূক্তং গায়ত্রীং বা জপন্, কালাকাঙ্ক্ষী উত্তরায়ণকালপ্রতীক্ষী সন্, স্থিতোঽভবৎ প্রাণান্ ধারয়ন্নেবাতিষ্ঠৎ ইচ্ছামৃত্যুত্বাৎ ॥১২৫॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং ভীষ্মপর্ব্বণি ভীষ্মবধে চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

থাকিল, অপর লোকেরা মোহপ্রাপ্ত হইল, অন্য বহুতর লোক ক্ষত্রিয়জাতির নিন্দা করিতে লাগিল এবং অন্য অনেকে ভীষ্মের গৌরব করিতে থাকিল ॥১২৩॥

ঋষিরা ও পিতৃলোকেরা ভীষ্মের প্রশংসা করিতে লাগিলেন এবং যাঁহারা তদানীন্তন ভরতবংশীয়গণের পিতৃপুরুষ ছিলেন, তাঁহারাও ভীষ্মের প্রশংসা করিতে থাকিলেন ॥১২৪॥

এদিকে বলবান্ ও বুদ্ধিমান্ ভীষ্ম যোগাবলম্বন করিয়া মহোপনিষদ্ (পুরুষসূক্ত বা গায়ত্রী) জপ করিতে থাকিয়া উত্তরায়ণের প্রতীক্ষা করিয়া রহিলেন' ॥১২৫॥

* '...বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা, '... ঊনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' রা নি।
(১)...কৌমারব্রহ্মচারিণা—নি।

তদৈব নিহতান্ মন্যে কুরূনন্যাংশ্চ পাণ্ডবৈঃ।
ন প্রাহরদ্যদা ভীষ্মো ঘৃণিত্বাদ্দ্রুপদাত্মজম্ ॥২॥
ততো দুঃখতরং মন্যে কিমন্যৎ প্রভবিষ্যতি।
অদ্যাহং পিতরং শ্রুত্বা নিহতং স্ম সুদুর্মতিঃ ॥৩॥
অশ্মসারময়ং নূনং হৃদয়ং মম সঞ্জয়!।
শ্রুত্বা বিনিহতং ভীষ্মং শতধা যন্ন দীর্য্যতে ॥৪॥
যদন্যন্নিহতেনাজৌ ভীষ্মেণ জয়মিচ্ছতা।
চেষ্টিতং কুরুসিংহেন তন্মে কথয় সুব্রত!।
পুনঃ পুনর্ন মৃষ্যামি হতং দেবব্রতং রণে ॥৫॥

ভারতকৌমুদী

কথমিতি। কথং কীদৃশাঃ। গুরবে শান্তনোঃ সত্যবতীপরিণয়ার্থে ॥১॥

তদেতি। ঘৃণিত্বাৎ ভূতপূর্ব্বস্ত্রীত্বেন ঘৃণাকারিত্বাৎ, দ্রুপদাত্মজং শিখণ্ডিনম্ ॥২॥

তত ইতি। সুদুর্ম্মতিরহমদ্য পিতরং ভীষ্মং নিহতং শ্রুত্বা যদ্দুঃখং মন্যে অনুভবামি, ততোঽন্যৎ দুঃখতরং কিং প্রভবিষ্যতি, অপি তু কিমপি নেত্যর্থঃ। স্মশব্দঃ পাদপূরণে ॥৩॥

অশ্মেতি। অশ্মসারময়ং প্রস্তরস্থিরাংশঘটিতম্। দীর্য্যতে হৃদয়মিত্যনুবৃত্তিঃ ॥৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! বলবান্, দেবতুল্য এবং পিতার নিমিত্ত চিরব্রহ্মচারী ভীষ্ম পরিত্যাগ করিয়া গেলে, আমার পক্ষের যোদ্ধারা তখন কিরূপ হইয়া পড়িয়াছিলেন ॥১॥

ভীষ্ম ঘৃণা করিয়া যখন শিখণ্ডীর উপরে প্রহার করিলেন না (শুনিলাম), তখনই আমি মনে করিয়াছি যে, পাণ্ডবেরা অন্য কৌরবগণকে বিনাশ করিয়াছে ॥২॥

হায়! অতিদুর্মতি আমি আজ জ্যেষ্ঠতাতকে নিহত শুনিয়া যে দুঃখ অনুভব করিতেছি, তাহা অপেক্ষা অধিক দুঃখ আর কি হইতে পারে? ॥৩॥

সঞ্জয়! আমার হৃদয় নিশ্চয়ই পাষাণসারদ্বারা নির্ম্মিত। যে হেতু ভীষ্মকে নিহত শুনিয়াও শতধা বিদীর্ণ হইতেছে না ॥৪॥

(সে যাহা হউক,) সুব্রত সঞ্জয়! জয়াভিলাষী কৌরবশ্রেষ্ঠ ভীষ্ম যুদ্ধে নিহত হইয়া অন্য যাহা করিয়াছিলেন, তাহা আমার নিকট বল। দেখ, ভীষ্ম যে যুদ্ধে নিহত হইয়াছেন, ইহা আমি কোন প্রকারেই সহ্য করিতে পারিতেছি না ॥৫॥

(৩)···অদ্যৈব নিহতং শ্রুত্বা পিতরং মম দুর্মতেঃ—নি। (৫) যদন্য নিহতেনাজৌ···পি, যদত্র নিহতেনাজৌ···বা।

ন হতো জামদগ্ন্যেন দিব্যৈরস্ত্রৈশ্চ যঃ পুরা।
স হতো দ্রৌপদেয়েন পাঞ্চাল্যেন শিখণ্ডিনা ॥৬॥

সঞ্জয় উবাচ।

সায়াহ্নে ন্যপতদ্ভূমৌ ধার্ত্তরাষ্ট্রান্ বিষাদয়ন্।
পাঞ্চালান্ হর্ষয়ংশ্চৈব ভীষ্মঃ কুরুপিতামহঃ।
স শেতে শরতল্পস্থো মেদিনীমস্পৃশংস্তদা ॥৭॥
ভীষ্মে রথাৎ প্রপতিতে প্রচ্যুতে ধরণীতলে।
হাহেতি তুমুলঃ শব্দো ভূতানাং সমপদ্যত ॥৮॥
সীমাবৃক্ষে নিপতিতে কুরূণাং সমিতিঞ্জয়ে।
সেনয়োরুভয়ো রাজন্! ক্ষত্রিয়ান্ ভয়মাবিশৎ ॥৯॥

ভারতকৌমুদী

যদিতি। অন্যৎ যৎ চেষ্টিতং কৃতম্। ন মৃষ্যামি ন সহে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫॥

নেতি। পুরা অম্বার্থকযুদ্ধকালে। দ্রৌপদেয়েন দ্রুপদপুত্রেণ। আশ্চর্য্যমেতদিত্যাশয়ঃ ॥৬॥

সায়াহ্ন ইতি। অত্র ধার্ত্তরাষ্ট্রপদং পাঞ্চালপদঞ্চ পক্ষদ্বয়োপলক্ষণম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

ভীষ্ম ইতি। রথাৎ প্রচ্যুতে ধরণীতলে প্রপতিতে চ সতি। ভূতানাং সর্ব্বেষামেব জনানাম্, সমপদ্যত সমজায়ত ॥৮॥

সীমেতি। সীমাবৃক্ষে তৎস্বরূপে। সীমাবৃক্ষো যথা ভূস্বামিদ্বয়স্য বিবাদং নিবর্ত্তয়তি, ভীষ্মোঽপি তদ্বৎ কুরুপাণ্ডবয়োর্বিবাদং নিবর্ত্তয়িতুং চেষ্টতে স্মেতি ভাবঃ। কৌরবপক্ষে পরাজয়াশঙ্কয়া ভয়াবেশঃ, পাণ্ডবপক্ষে তু সন্ধিসম্ভাবনাঽভাবাৎ সর্ব্বনাশাশঙ্কয়া ভয়োপস্থিতিরিত্যাশয়ঃ ॥৯॥

হায়! পূর্ব্বে পরশুরাম দিব্য অস্ত্রদ্বারাও যাঁহাকে বধ করিতে পারেন নাই, আজ পাঞ্চালদেশীয় দ্রুপদের পুত্র শিখণ্ডী তাঁহাকে বধ করিল!' ॥৬॥

সঞ্জয় বলিলেন—'কুরুপিতামহ ভীষ্ম সায়াহ্নে কৌরবপক্ষকে বিষণ্ণ এবং পাণ্ডবপক্ষকে আনন্দিত করিয়া ভূতলে নিপতিত হইলেন। পরে তিনি ভূতলস্পর্শ না করিয়া শরশয্যায় থাকিয়া শয়ন করিয়া রহিলেন ॥৭॥

ভীষ্ম রথ হইতে বিচ্যুত হইয়া ভূতলে পতিত হইলে, তত্রত্য লোকদিগের 'হাহা' ইত্যাকার তুমুল শব্দ হইতে লাগিল ॥৮॥

---

(৬)…দিব্যৈরস্ত্রৈরয়ং পুরা…পি বা। (৭) সায়াহ্নে নিহতো ভূমৌ…পি বা,… পাঞ্চালানাং দদৌ হর্ষম্…বা রা,…অশেত শরতল্পস্থঃ…পি। (৮) ভীষ্মো রথাৎ প্রপতিতঃ সংচ্ছিন্নো বহুভিঃ শরৈঃ—নি।

ভীষ্মং শান্তনবং দৃষ্ট্বা বিশীর্ণকবচধ্বজম্।
কুরবঃ পর্য্যবর্ত্তন্ত পাণ্ডবাশ্চ বিশাংপতে! ॥১০॥
খং তমঃসংবৃতমভূদাসীদ্ভানুর্গতপ্রভঃ।
ররাস পৃথিবী চৈব ভীষ্মে শান্তনবে হতে ॥১১॥
অয়ং ব্রহ্মবিদাং শ্রেষ্ঠো গতির্ব্রহ্মবিদাং সদা।
ইত্যভাষন্ত ভূতানি শয়ানং পুরুষর্ষভম্ ॥১২॥
অয়ং পিতরমাজ্ঞায় কামার্ত্তং শান্তনুং পুরা।
ঊর্দ্ধরেতসমাত্মানং চকার পুরুষর্ষভঃ ॥১৩॥

ভারতকৌমুদী

ভীষ্মমিতি। কুরবঃ পাণ্ডবাশ্চ পর্য্যবর্ত্তন্ত তদানীং যুদ্ধাৎ ন্যবর্ত্তন্ত শোকাতিরেকাৎ ॥১০॥
খমিতি। খমাকাশম্, তমঃসংবৃতম্ অন্ধকারাবৃতম্। ররাস শব্দং চকার ॥১১॥
অয়মিতি। ব্রহ্মবিদাং বেদজ্ঞানাম্। ভূতানি তত্রত্যা লোকাঃ ॥১২॥
অয়মিতি। আত্মানমূর্দ্ধরেতসং চকার, চিরব্রহ্মচর্য্যাবলম্বনাৎ ॥১৩॥

ভারতভাবদীপঃ

কথমিতি ॥১—৯॥ সীমাবৃক্ষে ইতি। নন্থ কৌরবাণাং তাবদ্ভীষ্মে সেনাপতৌ পতিতে ভয়মুচিতং প্রধানবিনাশে জয়াশাবিচ্ছেদাৎ, পাণ্ডবানান্তু কথং ভয়মগ্রে তেষাং হর্ষস্য কথনাৎ? উচ্যতে—পাণ্ডবানামপি মহদ্ভয়মুপপন্নত এব সন্ধিবাঞ্ছাবিচ্ছেদাৎ; অয়ং ভাবঃ—উভয়োঃ সীমাস্থানীয়ো ভীষ্মো জীবন্নস্মাকং সন্ধিং করিষ্যতি, তেন চ পুত্রসুহৃদ্বিনাশধনব্যয়-প্রত্যবায়া ন ভবিষ্যন্তি, হতে ত্বেতস্মিন্ সুতরাং সন্ধ্যাশাবিচ্ছেদ এব জাত ইতি পুত্র-সুহৃদ্বিনাশাদিপ্রযুক্তং ভয়ং যুজ্যত ইতি তস্মাদ্যুক্তমুক্তং সেনয়োরুভয়োরিতি। হর্ষকথনং

রাজা! কুরুবংশের সীমাবৃক্ষস্বরূপ ও যুদ্ধবিজয়ী ভীষ্ম নিপতিত হইলে, উভয় সৈন্যের ক্ষত্রিয়গণেরই ভয় উপস্থিত হইল ॥৯॥

নরনাথ! শান্তনুনন্দন ভীষ্মকে বিশীর্ণকবচ ও ছিন্নধ্বজ দেখিয়া কৌরবেরা ও পাণ্ডবেরা যুদ্ধ হইতে নিবৃত্তি পাইলেন ॥১০॥

শান্তনুনন্দন ভীষ্ম নিপতিত হইলে, আকাশ অন্ধকারাবৃত হইল, সূর্য্যের আলোক চলিয়া গেল এবং ভূতলে শব্দ হইতে থাকিল ॥১১॥

আর শরশয্যায় শয়িত পুরুষশ্রেষ্ঠ ভীষ্মকে লক্ষ্য করিয়া সকল লোক বলিতে লাগিল—'ইনি বেদবিদ্গণের শ্রেষ্ঠ ও সর্ব্বদা বেদবিদ্গণের গতি ছিলেন' ॥১২॥

'এই পুরুষশ্রেষ্ঠ পূর্ব্বে পিতা শান্তনুকে কামার্ত্ত জানিয়া আপনাকে চির-কালের জন্য ঊর্দ্ধরেতা করিয়াছিলেন' ॥১৩॥

(১৩)…পুরুষর্ষভম্—পি।

ইতি স্ম শরতল্পস্থং ভরতানাং পিতামহম্ ।
ঋষয়স্ত্বভ্যভাষন্ত সহিতাঃ সিদ্ধচারণৈঃ ॥১৪॥
হতে শান্তনবে ভীষ্মে ভরতানাং পিতামহে ।
ন কিঞ্চিৎ প্রত্যপদ্যন্ত পুত্রাস্তব হি মারিষ ! ॥১৫॥
বিবর্ণবদনাশ্চাসন্ হতশ্রীকাশ্চ ভারত ! ।
অতিষ্ঠন্ ব্রীড়িতাশ্চৈব হ্রিয়া যুক্তা হ্যধোমুখাঃ ॥১৬॥
পাণ্ডবাশ্চ জয়ং লব্ধ্বা সংগ্রামশিরসি স্থিতাঃ ।
সর্বে দধ্মুর্মহাশঙ্খান্ হেমজালবিভূষিতান্ ॥১৭॥
হর্ষাত্তূর্য্যসহস্রেষু বাদ্যমানেষু চানঘ ! ।
অপশ্যাম মহারাজ ! ভীমসেনং মহাবলম্ ॥১৮॥
নিক্রীড়মানং কৌন্তেয়ং হর্ষেণ মহতা যুতম্ ।
নিহত্য তরসা শত্রুং মহাবলসমন্বিতম্ ॥১৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ইতীতি। ইতি পরবাক্যম্। স্মশব্দঃ পাদপূরণে। তুশব্দশ্চার্থে। ঋষয়শ্চাকাশস্থাঃ ॥১৪॥
হত ইতি। অস্য পূর্ব্বমুক্তত্বেঽপি প্রসঙ্গভেদাদ্ভেদঃ। প্রত্যপদ্যন্ত কর্ত্তব্যমবাধারয়ন্ ॥১৫॥
বিবর্ণেতি। ব্রীড়িতাঃ সমানসম্পর্কস্য ভীষ্মস্য যুদ্ধে নিয়োগাৎ, হ্রিয়া যুক্তাশ্চ পরাজয়াৎ ॥১৬॥
পাণ্ডবা ইতি। সংগ্রামশিরসি প্রকাশ এব সমরাঙ্গনে ॥১৭॥
হর্ষাদিতি। বাদ্যমানেষু পাণ্ডবপক্ষে। তরসা বলেন, শত্রুং তৎপক্ষগতম্ ॥১৮—১৯॥

সিদ্ধ ও চারণগণের সহিত আকাশবর্ত্তী ঋষিরাও শরশয্যাস্থিত ভীষ্মকে লক্ষ্য করিয়া এইরূপ বলিতে লাগিলেন ॥১৪॥

মাননীয় রাজা ! তদানীন্তন যুধিষ্ঠিরাদি ভরতবংশীয়গণের পিতামহ ও শান্তনুনন্দন ভীষ্ম নিহত হইলে, আপনার পুত্রেরা কোন কর্ত্তব্য স্থির করিতে পারিলেন না ॥১৫॥

ভরতনন্দন ! তাঁহারা বিবর্ণবদন, মলিনকান্তি, লজ্জিত ও অধোমুখ হইয়া রহিলেন ॥১৬॥

ওদিকে পাণ্ডবেরা সকলে জয়লাভ করিয়া সমরাঙ্গনে থাকিয়া স্বর্ণভূষিত বিশাল শঙ্খধ্বনি করিতে লাগিলেন ॥১৭॥

নিষ্পাপ মহারাজ ! আনন্দবশতঃ পাণ্ডবপক্ষে সহস্র সহস্র তূর্য্য বাজাইতে লাগিলে, আমরা দেখিলাম—মহাবল কুন্তীনন্দন ভীমসেন মহাবলসমন্বিত

(১৬) বিষণ্ণবদনাঃ···বা রা নি। (১৮) ভৃশং তূর্য্যনিনাদেষু···পি।

সম্মোহশ্চাপি তুমুলঃ কুরূণামভবত্ততঃ।
কর্ণদুর্য্যোধনৌ চাপি নিশ্বসেতাং মুহুর্মুহুঃ ॥২০॥
তথা নিপতিতে ভীষ্মে কৌরবাণাং পিতামহে।
হাহাভূতমভূৎ সর্বং নির্মর্য্যাদমবর্ত্তত ॥২১॥
দৃষ্ট্বা চ পতিতং ভীষ্মং পুত্রো দুঃশাসনস্তব।
উত্তমং জবমাস্থায় দ্রোণান্তিকমুপাদ্রবৎ ॥২২॥
ভ্রাত্রা প্রস্থাপিতো বীরঃ স্বেনানীকেন দংশিতঃ।
প্রযযৌ পুরুষব্যাঘ্রং স্বসৈন্যং স বিষাদয়ন্ ॥২৩॥
তমায়ান্তমভিপ্রেক্ষ্য কুরবঃ পর্য্যবারয়ন্।
দুঃশাসনং মহারাজ! কিময়ং বক্ষ্যতীতি চ ॥২৪॥

ভারতকৌমুদী

সম্মোহ ইতি। তুমুলো মহান্। নিশ্বসেতাং শ্বসিতাম্। আর্ষোঽয়ং প্রয়োগঃ ॥২০॥

তথেতি। হাহাভূতং হাহাশব্দকারি। নির্মর্য্যাদং বিশৃঙ্খলম্ ॥২১॥

দৃষ্ট্বেতি। জবং বেগম্, আস্থায় অবলম্ব্য, উপাদ্রবৎ দ্রুতমগচ্ছৎ ॥২২॥

ভ্রাত্রেতি। ভ্রাত্রা দুর্য্যোধনেন। দংশিতঃ সন্নদ্ধঃ। বিষাদয়ন্ প্রয়াণেনৈব। অত্র বীরান্তরমপহায় দ্রোণান্তিক এব দুর্য্যোধনেন দুঃশাসনস্য প্রস্থাপনাদ্ভীষ্মাৎ পরং দ্রোণস্যৈবাশ্রয়ণীয়তাসূচনেন ভীষ্মপর্ব্বানন্তরং দ্রোণপর্বারম্ভঃ সূচিতঃ ॥২৩॥

তমিতি। কুরবো দ্রোণান্তিকস্থাঃ কুরুসৈন্যাঃ, পর্য্যবারয়ন্ পর্য্যবেষ্টয়ন্ ॥২৪॥

শত্রুপক্ষীয় ভীষ্মকে বলপূর্বক নিপাতিত করিয়া মহানন্দে নৃত্য করিতেছেন ॥১৮—১৯॥

আর কৌরবপক্ষে গুরুতর মোহ উপস্থিত হইল এবং কর্ণ ও দুর্য্যোধন মুহুর্মুহু নিশ্বাস ত্যাগ করিতে লাগিলেন ॥২০॥

কুরুপিতামহ ভীষ্ম নিপতিত হইলে, সমস্ত লোকই হাহাকার করিতে লাগিল এবং বিশৃঙ্খল হইয়া পড়িল ॥২১॥

ভীষ্মকে নিপতিত দেখিয়া আপনার পুত্র দুঃশাসন অত্যন্ত বেগ অবলম্বন করিয়া দ্রোণের নিকটে দ্রুত চলিয়া গেলেন ॥২২॥

দুর্য্যোধনের আদেশক্রমে যুদ্ধসজ্জায় সজ্জিত, বীর ও পুরুষশ্রেষ্ঠ দুঃশাসন নিজের সম্পূর্ণ সৈন্যকে বিষণ্ণ করিয়া স্বকীয় কিয়ৎ সৈন্যের সহিত গিয়াছিলেন ॥২৩॥

(১৯) আক্রীড়মানম্…পি, চিক্রীড়মানম্…বা, বিক্রীড়মানম্…রা। (২২)… দ্রোণানীকমুপাদ্রবৎ—বা রা নি। (২৩)…স্বসৈন্যমভিহর্ষয়ন্—নি,… স্বসৈন্যঞ্চ বিষাদয়ন্—বা।

ততো দ্রোণায় নিহতং ভীষ্মমাচষ্ট কৌরবঃ।
দ্রোণস্তদপ্রিয়ং শ্রুত্বা মুমোহ ভরতর্ষভ ! ॥২৫॥
স সংজ্ঞামুপলভ্যাথ ভারদ্বাজঃ প্রতাপবান্।
নিবারয়ামাস তদা স্বান্যনীকানি মারিষ ! ॥২৬॥
বিনিবৃত্তান্ কুরূন্ দৃষ্ট্বা পাণ্ডবাপি স্বসৈনিকান্।
দূতৈঃ শীঘ্রাশ্বসংযুক্তৈঃ সমন্তাৎ প্রত্যবারয়ন্ ॥২৭॥
নিবৃত্তেষু চ সৈন্যেষু পারম্পর্য্যেণ সর্বশঃ।
বিমুক্তকবচাশ্চান্যে ভীষ্মমীয়ুর্নরাধিপাঃ ॥২৮॥
ব্যুপরম্য ততো যুদ্ধাদ্‌যোধাঃ শতসহস্রশঃ।
উপতস্থুর্মহাত্মানং প্রজাপতিমিবামরাঃ ॥২৯॥

ভারতকৌমুদী

তত ইতি। আচষ্ট অব্রবীৎ, কৌরবো দুঃশাসনঃ ॥২৫॥
স ইতি। সংজ্ঞাং চৈতন্যম্। ভারদ্বাজো দ্রোণঃ। নিবারয়ামাস যুদ্ধাৎ ॥২৬॥
বীতি। পাণ্ডবাপীতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। শীঘ্রাশ্বসংযুক্তৈঃ বেগবদশ্বারূঢ়ৈঃ ॥২৭॥
নিবৃত্তেষ্বিতি। পারম্পর্য্যেণ ক্রমেণ। ঈয়ুঃ আজগ্মুঃ ॥২৮॥
ব্যুপেতি। ব্যুপরম্য নিবৃত্য। মহাত্মানং ভীষ্মম্ ॥২৯॥

মহারাজ! দুঃশাসন আসিতেছেন দেখিয়া 'উনি কি বলিবেন' ইহা ভাবিয়া দ্রোণের নিকটবর্ত্তী কৌরবসৈন্যেরা তাঁহাকে পরিবেষ্টন করিল ॥২৪॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর দুঃশাসন দ্রোণের নিকটে ভীষ্মের নিধনবৃত্তান্ত বলিলেন। তখন দ্রোণ সেই অপ্রিয়সংবাদ শুনিয়া মূর্চ্ছিত হইয়া পড়িলেন ॥২৫॥

মাননীয় রাজা! তদনন্তর প্রতাপশালী দ্রোণ চৈতন্য লাভ করিয়া তখনই আপন সৈন্যগণকে যুদ্ধ হইতে নিবৃত্ত করিলেন ॥২৬॥

কৌরবসৈন্যদিগকে নিবৃত্ত দেখিয়া পাণ্ডবেরাও দ্রুতগামি-ঘোটকারূঢ় দূতগণদ্বারা সকল দিকের নিজ সৈন্যদিগকে যুদ্ধ হইতে নিবারণ করিলেন ॥২৭॥

সমস্ত সৈন্য যুদ্ধ হইতে নিবৃত্ত হইলে, অন্যান্য রাজারা কবচ পরিত্যাগ করিয়া ক্রমশঃ ভীষ্মের নিকটে উপস্থিত হইতে লাগিলেন ॥২৮॥

তাহার পর দেবতারা যেমন ব্রহ্মার নিকটে উপস্থিত হন, সেইরূপ শত শত

(২৫)···দ্রোণস্তত্রাপ্রিয়ং শ্রুত্বা···বা রা,···দ্রোণস্তদাঽপ্রিয়ং শ্রুত্বা···নি। (২৬) স সংজ্ঞামুপলভ্যাশু ···বা রা নি। (২৭)···রথৈঃ শীঘ্রাশ্বসংযুক্তৈঃ···নি। (২৮)···নির্মুক্তকবচাঃ সর্ব্বে···বা রা নি।

তে তু ভীষ্মং সমাসাদ্য শয়ানং পুরুষর্ষভম্।
অভিবাদ্য ব্যতিষ্ঠন্ত পাণ্ডবাঃ কুরুভিঃ সহ ॥৩০॥
অথ পাণ্ডূন্ কুরূংশ্চৈব প্রণিপত্যাগ্রতঃ স্থিতান্।
অভ্যভাষত ধর্ম্মাত্মা ভীষ্মঃ শান্তনবস্তদা ॥৩১॥
স্বাগতং বো মহাভাগাঃ! স্বাগতং বো মহারথাঃ!।
তুষ্যামি দর্শনাচ্চাহং যুষ্মাকমমরোপমাঃ! ॥৩২॥
অভিনন্দ্য স তানেবং শিরসা লম্বতাব্রবীৎ।
শিরো মে লম্বতেঽত্যর্থমুপধানং প্রদীয়তাম্ ॥৩৩॥
ততো নৃপাঃ সমাজহ্রুস্তূনূনি চ মৃদূনি চ।
উপধানানি মুখ্যানি তানি নৈচ্ছৎ পিতামহঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

ত ইতি। সমাসাদ্য প্রাপ্য, পুরুষর্ষভং শৌর্য্যাদিনানাগুণবত্ত্বাৎ ॥৩০॥
অথেতি। পাণ্ডূন্ পাণ্ডবান্ ॥৩১॥
স্বেতি। স্বাগতং সুখেনাগমনং কিমু ইতি কাকুঃ। এবমন্যত্র ॥৩২॥
অভীতি। লম্বতা আধারাভাবাৎ অধঃশ্লথীভূতেন। উপধানং স্থাপনাধারঃ ॥৩৩॥

ও সহস্র সহস্র যোদ্ধা যুদ্ধ হইতে নিবৃত্ত হইয়া মহাত্মা ভীষ্মের নিকটে উপস্থিত হইতে লাগিল ॥২৯॥

সেই পাণ্ডবেরা কৌরবগণের সহিত যাইয়া শরশয্যায় শয়িত পুরুষশ্রেষ্ঠ ভীষ্মকে অভিবাদন করিয়া অবস্থান করিতে লাগিলেন ॥৩০॥

পাণ্ডবেরা ও কৌরবেরা অভিবাদন করিয়া সম্মুখে রহিলে, ধর্ম্মাত্মা শান্তনু-নন্দন ভীষ্ম তাঁহাদিগকে বলিলেন—॥৩১॥

'মহাভাগগণ! আপনাদের শুভাগমন ত? মহারথগণ! আপনাদেরও শুভাগমন ত? দেবতুল্যগণ! আপনাদের দর্শনে আমি সন্তুষ্ট হইয়াছি' ॥৩২॥

ভীষ্ম এইরূপে তাঁহাদিগকে অভিনন্দিত করিয়া নিজের মাথাটা ঝুলিতেছিল বলিয়া বলিলেন—'আমার মাথাটা বড় ঝুলিতেছে, একটা বালিস দিন' ॥৩৩॥

তাহার পর রাজারা আপন আপন শিবির হইতে সূক্ষ্মবস্ত্রপ্রভৃতিনির্ম্মিত ও কোমল উত্তম উত্তম উপধান (বালিস) লইয়া আসিলেন; কিন্তু ভীষ্ম সেগুলি লইতে ইচ্ছা করিলেন না ॥৩৪॥

(৩০)···অভিবাদ্যাবতিষ্ঠন্ত···বা রা নি। (৩১) শ্লোকাৎ পরং 'ভীষ্ম উবাচ' পি। (৩৩) পূর্ব্বার্দ্ধাৎ পরং 'পরপার্শ্বে তব সুতান্ স্থিতানুদ্বীক্ষ্য ভারত!' ইতি পাদদ্বয়মধিকং পি নি।

অথাব্রবীন্নরব্যাঘ্রঃ প্রহসন্নিব তান্ নৃপান্।
নৈতানি বীরশয্যাসু যুক্তরূপাণি পার্থিবাঃ! ॥৩৫॥
ততো বীক্ষ্য নরশ্রেষ্ঠমভ্যভাষত পাণ্ডবম্।
ধনঞ্জয়ং মহাবাহুং সর্বলোকমহারথম্ ॥৩৬॥
ধনঞ্জয়! মহাবাহো! শিরো মে তাত! লম্বতে।
দীয়তামুপধানং বৈ যদ্‌যুক্তমিহ মন্যসে ॥৩৭॥

সঞ্জয় উবাচ।

সমারোপ্য মহচ্চাপমভিবাদ্য পিতামহম্।
নেত্রাভ্যামশ্রুপূর্ণাভ্যামিদং বচনমব্রবীৎ ॥৩৮॥
আজ্ঞাপয় কুরুশ্রেষ্ঠ! সর্বশস্ত্রভৃতাং বর!।
প্রেষ্যোঽহং তব দুর্দ্ধর্ষ! ক্রিয়তাং কিং পিতামহ! ॥৩৯॥

ভারতকৌমুদী

তত ইতি। সমাজহ্রুঃ স্বস্বশিবিরাদানিন্যুঃ, তন্নি সূক্ষ্মাণি সূক্ষ্মবস্ত্রকৃতানি ॥৩৪॥
অথেতি। নরব্যাঘ্রো ভীষ্মঃ। এতানি তূলাদিনির্ম্মিতান্যুপধানানি ॥৩৫॥
তত ইতি। অভ্যভাষত ভীষ্মঃ ॥৩৬॥
ধনঞ্জয়েতি। যুক্তমুচিতম্, ইহ বীরশয্যায়াম্ ॥৩৭॥
সমারোপ্যেতি। ভীষ্মেণার্জ্জুনং প্রত্যেব পূর্বমুক্তত্বাদর্জ্জুন এবাব্রবীৎ ॥৩৮॥
আজ্ঞাপয়েতি। প্রেষ্যো দাসঃ। ক্রিয়তাং ময়েতি শেষঃ ॥৩৯॥

ভারতভাবদীপঃ

স্বাপাততো জ্ঞেয়ম্ ॥১০॥ পর্য্যবর্ত্তন্ত পরিবৃতবন্তঃ ॥১১—১৬॥ ব্রীড়িতাঃ ব্রীড়াবন্তঃ, ব্রীড়াচাঞ্চল্যতঃ হ্রীশ্চাকার্য্যকরণাৎ ॥১৭—২৮॥ পারম্পর্য্যেণ ক্রমেণ ॥২৯—৩৩॥ উপধানম্

তদনন্তর ভীষ্ম হাস্য করতই যেন সেই রাজগণকে বলিলেন—'রাজগণ! এগুলি বীরশয্যায় উপযুক্ত নহে' ॥৩৫॥

তৎপরে তিনি—নরশ্রেষ্ঠ, মহাবাহু ও সমগ্র জগতের মহারথ পাণ্ডুনন্দন অর্জ্জুনের প্রতি দৃষ্টিপাত করিয়া বলিলেন—॥৩৬॥

'মহাবাহু বৎস ধনঞ্জয়! আমার মাথাটা ঝুলিতেছে। সুতরাং তুমি এই বীরশয্যায় যে উপধানকে উপযুক্ত মনে কর, তাহা দাও' ॥৩৭॥

সঞ্জয় বলিলেন—'তখন অর্জ্জুন ভীষ্মকে অভিবাদন করিয়া বিশাল ধনুতে গুণারোপণপূর্ব্বক অশ্রুপূর্ণ নয়নে এই কথা বলিলেন—॥৩৮॥

(৩৭) শ্লোকাৎ পরম্ 'একবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা।

তমব্রবীচ্ছান্তনবঃ শিরো মে তাত! লম্বতে।
দীয়তামুপধানং মে যদ্‌যুক্তমিহ মন্যসে ॥৪০॥
উপধানং কুরুশ্রেষ্ঠ! উপধেহি মমার্জ্জুন!।
বীরশয্যানুরূপং বৈ শীঘ্রং বীর! প্রয়চ্ছ মে ॥৪১॥
ত্বং হি পার্থ! সমর্থো বৈ শ্রেষ্ঠঃ সর্ব্বধনুষ্মতাম্।
ক্ষত্রধর্ম্মস্য বেত্তা চ বুদ্ধিসত্ত্বগুণান্বিতঃ ॥৪২॥
ফাল্গুনোঽপি তথেত্যুক্ত্বা ব্যবসায়মরোচয়ৎ।
গৃহ্যানুমন্ত্র্য গাণ্ডীবং শরান্ সন্নতপর্ব্বণঃ ॥৪৩॥
অনুমান্য মহাত্মানং ভারতানাং পিতামহম্।
ত্রিভিস্তীক্ষ্ণৈর্মহাবেগৈরন্বগৃহ্ণাচ্ছিরঃ শরৈঃ ॥৪৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তমিতি। লম্বতে উপধানাভাবাৎ ॥৪০॥

উপধানমিতি। উপধেহি মম মস্তকাদধঃ স্থাপয় ॥৪১॥

ত্বমিতি। বুদ্ধ্যা সত্ত্বেন বলেন গুণৈশ্চ শৌর্য্যাদিভিরন্বিতঃ ॥৪২॥

ফাল্গুন ইতি। ফাল্গুনোঽর্জ্জুনঃ। ব্যবসায়মধ্যবসায়ম্ অনুতাপধানরূপমাহসমিত্যর্থঃ। গৃহ্য গৃহীত্বা। অনুমান্য নমস্কারেণ সম্মান্য। অন্বগৃহ্ণাৎ উপধানীকরণেনানুগৃহীতবান্ ॥৪৩-৪৪॥

'কৌরবশ্রেষ্ঠ! সর্ব্বশস্ত্রধারিপ্রধান! দুর্দ্ধর্ষ! পিতামহ! আমি আপনার দাস। অতএব আদেশ করুন, আমি কি করিব' ॥৩৯॥

তখন ভীষ্ম তাঁহাকে বলিলেন—'বৎস! আমার মাথাটা ঝুলিতেছে। সুতরাং তুমি এই বীরশয্যায় যেরূপ উপধানকে উপযুক্ত মনে কর, তাহা দাও ॥৪০॥

কুরুশ্রেষ্ঠ অর্জ্জুন! তুমি আমার মস্তকের নিম্নে বীরশয্যার অনুরূপ উপধান স্থাপন কর; বীর! শীঘ্র আমাকে বালিস দাও ॥৪১॥

পৃথানন্দন! তুমি সর্ব্বধনুর্দ্ধরশ্রেষ্ঠ; সুতরাং তুমিই এ বিষয়ে সমর্থ, বিশেষতঃ তুমি ক্ষত্রিয়ধর্ম্ম জান এবং বুদ্ধি, বল ও নানাগুণসম্পন্ন' ॥৪২॥

'তাহাই হউক' এই কথা বলিয়া অর্জ্জুনও সাহস করিবার ইচ্ছা করিলেন। ক্রমে তিনি গাণ্ডীবধনু ও নতপর্ব তিনটা বাণ গ্রহণপূর্ব্বক অভিমন্ত্রিত করিয়া

(৪০) দ্বিতীয়ার্দ্ধং পি বা রা নাস্তি। (৪১)···ফাল্গুনেহোপপাদয়। শয়নস্যানুরূপং বৈ শীঘ্রমস্য প্রয়চ্ছ মে—পি,···ফাল্গুনোপদধস্ব মে··· বা রা। (৪৪)···ভরতানাং মহারথম্···উদ-গৃহ্ণাচ্ছিরঃ শরৈঃ—নি।

অভিপ্রায়ে তু বিদিতে ধর্ম্মাত্মা সব্যসাচিনা।
অতুষ্যদ্ভরতশ্রেষ্ঠো ভীষ্মো ধর্ম্মার্থতত্ত্ববিৎ ॥৪৫॥
উপধানেন দত্তেন প্রত্যনন্দদ্ধনঞ্জয়ম্।
প্রাহ সর্বান্ সমুদ্বীক্ষ্য ভরতান্ ভারতং প্রতি ॥৪৬॥
কুন্তীপুত্র! যুধাং শ্রেষ্ঠ! সুহৃদাং প্রীতিবর্দ্ধন!।
শয়নস্যানুরূপং মে পাণ্ডবোপহিতং ত্বয়া ॥৪৭॥
যদ্যন্যথা প্রপদ্যেথাঃ শপেয়ং ত্বামহং পুরা।
এবমেব মহাবাহো! ধর্ম্মেষু পরিতিষ্ঠতা ॥৪৮॥
স্বপ্তব্যং ক্ষত্রিয়েণাজৌ শরতল্পগতেন বৈ।
এবমুক্ত্বা তু বীভৎসুং সর্বাংস্তানব্রবীদ্বচঃ ॥৪৯॥
রাজ্ঞশ্চ রাজপুত্রাংশ্চ সর্বাংস্তানভিসংস্থিতান্।
প্রপশ্যতোপধানং মে পাণ্ডবেনাভিসংহিতম্ ॥৫০॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

অভীতি। অভিপ্রায়ে ভীষ্মস্যৈব। সব্যসাচিনা অর্জ্জুনেন ॥৪৫॥
উপেতি। ধনঞ্জয়ং প্রতি অনন্দৎ আনন্দিতোঽভবৎ। ভারতমর্জ্জুনং প্রতি ॥৪৬॥
কুন্তীতি। শয়নস্য শয্যায়াঃ। উপহিতম্ উপধানং দত্তম্ ॥৪৭॥
যদীতি। প্রপদ্যেথা বুধ্যেথাঃ। স্বপ্তব্যং শয়িতব্যম্। শরতল্পগতেন শরশয্যাপতিতেন।

ভারতভাবদীপঃ

উপবর্হম্ ॥৩৩—৩৬॥ ইহ বীরশয্যায়াম্ ॥৩৭—৪২॥ ব্যবসায়মুচিতোদ্যোগম্ ॥৪৩॥ অন্যগৃহ্ণাৎ অবতষ্টম্ভে ॥৪৪—৪৬॥ উপহিতম্ উপধানীয়ং দত্তম্ ॥৪৭—৪৯॥ পাণ্ডবানভি-

এবং মহাত্মা ভীষ্মের প্রতি সম্মান দেখাইয়া তীক্ষ্ণ ও মহাবেগশালী সেই তিনটা বাণদ্বারা ভীষ্মের মাথাটাকে তুলিয়া দিলেন ॥৪৩—৪৪॥

অর্জ্জুন ভীষ্মের অভিপ্রায় বুঝিলে, ধর্ম্মাত্মা, ভরতবংশশ্রেষ্ঠ ও ধর্ম্মার্থতত্ত্ববিৎ ভীষ্ম সন্তুষ্ট হইলেন ॥৪৫॥

এবং উপধান দান করায় তিনি অর্জ্জুনের প্রতি আনন্দিত হইলেন। তৎপরে ভীষ্ম সমস্ত ভরতবংশীয়গণের প্রতি দৃষ্টিপাত করিয়া অর্জুনকে বলিলেন—॥৪৬॥

'কুন্তীপুত্র! যোদ্ধৃশ্রেষ্ঠ! বন্ধুজনের প্রীতিবর্দ্ধক! পাণ্ডব! তুমি আমার শয্যার অনুরূপ উপধানই (বালিসই) দিয়াছ ॥৪৭॥

তুমি যদি অন্যরূপ বুঝিতে, তবে পূর্বেই আমি তোমাকে অভিসম্পাত

(৪৭) কুন্তীপুত্রং যুধাং শ্রেষ্ঠং সুহৃদাং প্রীতিবর্দ্ধনম্…বা রা নি। (৫০)…পশ্যন্নুপধানং মে পাণ্ডবেনাভিসন্ধিতম্—বা রা নি।

শেষ্যেঽহমস্যাং শয্যায়াং যাবদাবর্ত্তনং রবেঃ।
যে তদা মাং গমিষ্যন্তি তে চ দ্রক্ষ্যন্তি মাং নৃপাঃ ॥৫১॥
দিশং বৈশ্রবণাক্রান্তাং যদা গন্তা দিবাকরঃ।
অর্চ্চিষ্মান্ প্রতপল্লোঁকান্ রথেনোত্তমতেজসা ॥৫২॥
বিমোক্ষ্যেঽহং তদা প্রাণান্ সুহৃদঃ স্বপ্রিয়ানিব।
পরিখা খন্যতামত্র মমাবসদনে নৃপাঃ! ॥৫৩॥ (যুগ্মকম্)
উপাসিষ্যে বিবস্বন্তমেবং শরশতাচিতঃ।
উপারমধ্বং সংগ্রামাদ্বৈরমুৎসৃজ্য পার্থিবাঃ! ॥৫৪॥

ভারতকৌমুদী

বীভৎসুমর্জ্জুনম্। অভিসংস্থিতান্ সমন্তাদবস্থিতান্। পাণ্ডবেনার্জ্জুনেন, অভিসংহিতং দত্তম্ ॥৪৮—৫০॥

শেষ্য ইতি। শেষ্যে শয়িষ্যে। আবর্ত্তনম্ উত্তরস্যাং দিশ্যাগমনম্ ॥৫১॥

দিশমিতি। বৈশ্রবণাক্রান্তাং কুবেরাধিষ্ঠিতাম্ উত্তরামিতি যাবৎ, গন্তা গমিষ্যতি। অর্চ্চিষ্মান্ ক্রমেণ তীব্রতাপঃ। অবসদনে অস্মিন্নবস্থিতিস্থানে। কুক্কুরাদিনিবারণার্থমিতি ভাবঃ ॥৫২—৫৩॥

উপেতি। শরশতেন আচিতো ব্যাপ্তদেহঃ। উপারমধ্বং বিরমত ॥৫৪॥

করিতাম। মহাবাহু! ধার্ম্মিক ক্ষত্রিয় যুদ্ধে শরশয্যায় পতিত হইয়া এই ভাবেই শয়ন করিয়া থাকেন'। তিনি অর্জ্জুনকে এইরূপ বলিয়া সকল দিকে অবস্থিত সেই সকল রাজা ও রাজপুত্রকে এই কথা বলিলেন—'রাজগণ! অর্জ্জুন আমাকে যে উপধান দান করিয়াছেন, তাহা আপনারা দর্শন করুন ॥৪৮—৫০॥

রাজগণ! সূর্য্য উত্তরদিকে আসিতে আরম্ভ করা পর্য্যন্ত আমি এই শয্যাতেই শয়ন করিয়া থাকিব। তখন যে রাজারা আমার নিকট আসিবেন, তাঁহারা আমাকে এইরূপই দেখিতে পাইবেন ॥৫১॥

সূর্য্য ক্রমিক তীব্রসন্তাপকারী হইয়া সমস্ত লোক সন্তপ্ত করিতে থাকিয়া যখন উজ্জ্বল রথে উত্তরদিকে যাইতে আরম্ভ করিবেন, তখন আমি আপন প্রিয় বন্ধুর ন্যায় প্রাণকে ত্যাগ করিব। সুতরাং রাজগণ! আপনারা আমার এই স্থানে পরিখা খনন করিয়া দিন ॥৫২—৫৩॥

(৫১) শয়েয়মস্যাম্…যে তদা ধারয়িষ্যন্তি তে চ প্রেক্ষ্যন্তি মাং নৃপাঃ—নি,…তে চ প্রেক্ষ্যন্তি মাং নৃপাঃ—রা। (৫২)…নূনং সপ্তাশ্বযুক্তেন রথেনোত্তমতেজসা—বা রা নি। (৫৩)…সুহৃদঃ সুপ্রিয়ানিব…বা রা, রক্ষ্যেঽহং বৈ মম প্রাণান্ সুহৃদঃ সুপ্রিয়ানিব…নি।

CENTRAL LIBRARY

সঞ্জয় উবাচ।

উপাতিষ্ঠন্নথো বৈদ্যাঃ শল্যোদ্ধরণকোবিদাঃ।
সর্বোপকরণৈর্যুক্তাঃ কুশলৈঃ সাধুশিক্ষিতাঃ ॥৫৫॥
তান্ দৃষ্ট্বা জাহ্নবীপুত্রঃ প্রোবাচ তনয়ং তব।
দত্তদেয়া বিসৃজ্যন্তাং পূজয়িত্বা চিকিৎসকাঃ ॥৫৬॥
এবং গতে নহীদানীং বৈদ্যৈঃ কার্য্যমিহাস্তি মে।
ক্ষত্রধর্ম্মে প্রশস্তাং হি প্রাপ্তোঽস্মি পরমাং গতিম্ ॥৫৭॥
নৈষ ধর্ম্মো মহীপালাঃ! শরতল্পগতস্য মে।
এভিরেব শরৈশ্চাহং দগ্ধব্যোঽগ্নৌ নরাধিপাঃ! ॥৫৮॥
তচ্ছ্রুত্বা বচনং তস্য পুত্রো দুর্য্যোধনস্তব।
বৈদ্যান্ বিসর্জয়ামাস পূজয়িত্বা যথার্হতঃ ॥৫৯॥

ভারতকৌমুদী

উপেতি। শল্যোদ্ধরণে বাণাদ্যুত্তোলনে কোবিদা নিপুণাঃ ॥৫৫॥
তানিতি। জাহ্নবীপুত্রো ভীষ্মঃ, তনয়ং দুর্য্যোধনম্। দত্তং দেয়ং ধনং যেভ্যস্তে ॥৫৬॥
